
1607.10

1807 0



बिबियरगारतभन्नी (भवी

(প্রারম্ভ পত্র)

শীসতীশচন্দ্র খিতের ঘশোহর-খুলনা ইতিহাসের ক্ষ

যশোহর-খুল্নার ইতিহাস



'বালালীতে বালালার ইতিহাস বে যাহাই লিপুক না কেন,

—সে মাতৃপদে পূপাঞ্জলি। বে দরিজ, সে সোনারূপা জুটাইতে
পারিল না বলিরা কি বনকুল দিয়া মাতৃপদে অঞ্জলি দিবে না ?''

—বঙ্কিমচন্দ্ৰ ৷

শীসতীশচন্দ্র মিত্র বি, এ,

প্রণীত।

১ম খণ্ড-(ক) প্রাকৃতিক।

(४) खेंजिशिक्त । 188

[প্রাচীন যুগ হইতে পাঠান রাষ্ট্রের নৈষ পর্যান্ত।]

5. NOW 1920.

প্রকাশক-

ठळवर्जी ठाठाकि এस काः

>৫, কলেজ কোদার.

কলিকাতা।

2053

কলিকাতা,

৩৪ নং মেছুরাবাজার খ্রীট,—মেট্কাফ্ প্রিন্টিং ওরার্কস্ হইতে শ্রীপূর্ণচন্দ্র চক্রবর্তী বারা মুক্তিত। যিনি বিজ্ঞান-চর্চায় ও পাণ্ডিত্য-গৌরবে সমগ্র সভ্যজগতে

বশোভূষিত হইয়াছেন;

যিনি বিদ্যোৎসাহিতায় ও দান-শোণ্ডিকতায় বঙ্গদেশে

দিতীয় দয়ার সাগর বিভাসাগর

বলিয়া বরণীয় হইয়াছেন ;

যাঁহার বালস্থলভ সরল প্রকৃতি, বীরোচিত মনস্বিতা দরিদ্রতুল্য সামাম্ম জীবিকা এবং ঋষিতুল্য উচ্চ চিন্তা ভারতের প্রাচীন উচ্চ স্বাদর্শের জীবন্ত দুক্টাস্তম্বল হইয়াছে,

সেই চিরকুমার, তাণদত্রত, বঞ্জাতিকুলতিলক
যশোহর-পুল্নার অক্কুত্রিম বন্ধু ও পুল্নার অধিবাসাঁ

শ্রীযুক্ত প্রফুলচন্দ্র রায় D. Sc. Ph. D, C. I. E, F. C. S.
মহোদয়ের শ্রীকরকমলে,

তাঁহারই যত্নে, অর্থে, চেষ্টায় ও উৎসাহে কল্পিড, সংগৃহীত ও রচিড

যশোহর-খুল্নার ইতিহাস সাদরে ভক্তিভরে উৎসর্গ করিলাম।

দীন গ্রন্থকার।

ভূমিকা।

-- 0: *: 0---

আজ বহুবৎসরের ক্রনা ও সাধনার কতক ফল প্রকাশিত হইল। টিক বিশ বৎসর পূর্বে আমি এক সমরে সাহিত্য-সমাট্ বিদ্যুদ্রের সর্বব্ধাতীয় পৃত্তকগুলি বিশেষ ভাবে অধ্যয়ন করি। কিন্তু তরধ্যে বঙ্গদর্শনের বাঙ্গালার ইতিহাস সম্বন্ধীয় প্রবন্ধগুলি যে ভাবে আমার মর্ম্মন্থল ভেদ করিয়াছিল, তেমন আর কিছুই নহে। ঐ জাতীয় একটি প্রবন্ধের এক স্থানে আছে:—"বাঙ্গালার ইতিহাস চাই, নহিলে বাঙ্গালার ভরদা নাই। কে লিখিবে ? ভূমি লিখিবে, আমি লিখিব, সকলেই লিখিবে। যে বাঙ্গালী, তাহাকেই লিখিতে হইবে। মা যদি মরিয়া যান, তবে মা'র গল্প করিতে আনন্দ! আর এই আমাদের সর্বাধ সাধারণের মা জন্মভূমি বাঙ্গালা দেশ, ইহার গল্প করিতে কি আমাদের স্বান্ধন নাই? আইস, আমরা সকলে মিলিয়া বাঙ্গালার ইতিহাসের অনুসন্ধান করি।" সেই উদ্দীপনায় যে ভাবে আমার হাদয়তন্ত্রী বাজিয়াছিল, ভাষায় তাহা প্রকাশ করিতে পারি না। আমি প্রতিজ্ঞা করিলাম, আমার যদি কিছু শক্তি থাকে, তাহা বাঙ্গালার ইতিহাস-সঙ্কলনের সাধনায় ব্যয়িত করিব। কিন্তু আমাকে উৎসাহ দিবার বা সাহায্য করিবার কাহাকেও পূর্বিজয়া পাইলাম না।

কিছুদিন নানাস্থানে ঘূরিতে লাগিলাম; ক্রমে বন্ধদেশ ও ভারবর্ধের স্থল-পাঠ্য ইতিহাদ প্রকাশ করিলাম। ভৃথি সাধিত হইল না। অবশেষে দৌলভপুর কলেজের গুরুতর কার্যো যোগদান করিয়া, তাহার সর্বালীণ উন্নতির চেষ্টার, এবং ইতিহাদের অধ্যয়ন ও অধ্যাপনাম জীবন উৎসর্গ করিলাম। অদেশীর মহাম্মগণের ধারাবাহিক জীবন-চরিত লিখিব সংক্র করিয়া তাহার একখানি প্রক প্রকাশ করিলাম; কিছু জন্ত কেছ দে প্রস্তাবে আমার্র সহযোগী হইলেন না। তথন আমি বুলোহর-খুল্নার কিছু কিছু প্রতিহাদিক ভখা নালাভাবে সংগ্রহ করিতে লাগিলাম। প্রকাপাদিতা ও সীতারামের জীবনী লিথিব বলিরা কিছু উপাদান সংগ্রহ করিয়ছিলাম বটে, কিন্তু মাসিক পত্রে হই একটি প্রবন্ধ বাতীত অন্তভাবে তাহার সন্থাবহার হইল না। এমন সমরে আমার কতকগুলি শোকাবেগময়ী এবং ধর্মতন্ত্রবিষয়িণী রচনা ''উচ্ছ্বাদ'' নামে প্রকাশ করিলাম। গাহার জন্মলাভে আমার ধূল্না জেলা পবিত্র হইয়াছে, গাহার বিজ্ঞান-সেবায় পাশচাতামগুল মুগ্ধ হইয়াছে, গাহার আদর্শ জীবন ও জীবনবাপী সাধনা দেশে বিদেশে কীর্ত্তিমন্তিত হইয়াছে, সেই অনামধন্ত অদেশপ্রেমিক প্রফুল্লচন্ত্র (Dr. P. C. Ray) আমার দারিদ্রাপীড়িত জীবনের বিলীয়মান মনোরথ ও তছন্দিই চেষ্টার কথা জানিতেন। আমি তাঁহাকে একথানি "উচ্ছ্বাদ'' উপহার দিয়াছিলাম। উহারই উত্তরে এক অন্তত ধরণে আমাকে উদ্বোধিত করিবার জন্তু তিনি আর কিছুমাত্র না লিথিয়া এই কয়েক পংক্তিমাত্র লিথিয়া পাঠান:—

And the goddess Saraswati appeared in a dream and said. "my child! Why dost thou waste thy energies on such things as আবেগ বা উচ্ছাদ? Enough of it. For 2000 years the Hindus have been dreaming idle dreams and indulging in উচ্ছ । I have endowed thee with noble gifts. Do not take thyself today dreams. Thee I have chosen for a better work. Devote thyself assiduously to the noble task of writing a "History of Jessore-Khulna". That will make thy name remembered by the latest posterity. Awake, arise !" বাণীপুৰের এই আখাসবাণী কি ভাবে আমার হতাশ জীবনকে আশ্বন্ত করিয়াছিল তাহা বঝাইতে পারি না। ১৯১০ খুষ্টাব্দের ১৮ই সেপ্টেম্বর তারিখে এই পত্র পাই: আমার চিরসম্পোষিত আশার অন্তুরোলাম দেখিয়া, আমি সেই দত্তে বন্ধগরিকর ছইলাম। পত্রের উত্তর না দিয়া কলিকাতায় গিয়া মহাত্মার সহিত দেখা করিলাম, তিনি আমাকে অর্থ সাহায্যের প্রতিশ্রুতিদারা কার্য্যে অবতীর্ণ করাইলেন। ক্রমে এ কার্যোর জন্ম তাঁহার ভাণ্ডার উন্মুক্ত রাথিয়া, অর্থের ভাবনা হইতে স্বামাকে সম্পূর্ণ মুক্ত করিয়া, আমাকে প্রজিনিয়ত উৎসাহিত করিয়াছেন। তাঁহার সে আগ্রতের অমুরূপ সামর্থ্য বা স্থযোগ আমার নাই. আমি তাঁহার অ্যাচিত দানের

প্রকৃত সন্মাবহার করিতে পারিমাছি বলিয়া মনে হয় না। বদি কিছু করিয়া থাকি, তাহা তাঁহারই সাহিত্যাস্ত্রাগের ফল ; যাহা কিছু ভ্রম-প্রমাদ বা অসম্পূর্ণতা রহিয়া গিরাছে, তজ্জপ্র একমাত্র আমিই দায়ী এবং অপরাধী।

মহামতি বিভারিজ (H. Beveridge B. C. S.) তাঁহার "বরিশালের ইতিহাসের ভূমিকার লিথিরা গিরাছেন:—"My idea always has been that the proper person to write the history of a district is one who is a native of it, who has lived all his life in it and who has abundance of leisure to collect information. It is only a Bengali who can treat satisfactorily of the productions of his country, or of its social condition—its castes, leading families, peculiarities of language, customs etc." ইহাই আমার একমাত্র ভর্মা এবং সাহসের কথা। আমি খুল্নার অধিবাসী এবং এ জীবনের অধিকাংশ কাল সেথানেই কাটাইয়াছি। গত ১৭ বৎসর কাল অন্ন বিস্তর ভাবে ইহার ইতিহাসের জন্ম উপকরণ সংগ্রহ করিয়াছি। গত পাঁচ বৎসরকাল এজন্ম প্রাণাস্ত পরিশ্রম করিয়াছি। ফল কি হইয়াছে, তাহা ক্রমে ক্রমে পাঠকগণই বিবেচনা করিবেন।

আমাদের দেশে প্রায় সকলেই দুরে বসিয়া ইতিহাস নিথেন। যিনি
প্রতাপাদিতাসম্বন্ধীয় বাবতীর বিবরণসম্বলিত প্রকাশ্ত পুস্তক প্রকাশ করিরাছেন,
তিনিও প্রতাপাদিতার লালাক্ষেত্রে পদার্পণ করেন নাই। প্রতাপাদিতা সম্বন্ধে
নভেল নাটকের ত কথাই নাই; উহার সবগুলিই কলিকাতার দারবদ্ধ ত্রিতল
গৃহে বসিয়া লেখা হইরাছে। চাকুষ প্রমাণের মত প্রমাণ নাই; কোন দেশের
ইতিহাস রচনার প্রথম স্তরে এই প্রমাণ সংগৃহীত হইলে, পরে তাহার উপর ভিত্তি
রাখিয়া ঐতিহাসিক সমালোচনা চলিতে পারে; কিছু আমাদের দেশে দেখিতে
পাই, গবেষণা মূলতবি রাখিয়া সমালোচনাটাই অত্যে চলে। আমি এই রীতির
অত্যসরণ করি নাই। যশোহর-পূল্না সম্বন্ধে যাহা কিছু লিখিত বিবরণী আছে,
তাহা চকুর সম্মুখে উন্নৃক্ত রাখিয়া কার্যা করিয়াছি বটে, কিছু কিছু লিখিবার পূর্বেধ্বি নিজে না দেখিয়া বা কতিপর স্থল অন্ত দারা এই কার্য্যের জন্ত না দেখাইয়া, কিছু
লিখি নাই। আমার দৃষ্ট-প্রমাণগুলি পূর্ব্বর্কী লেখকদিপের বিবরণীর সাহিত্ত

মিলাইরা, তৎপরে আমার যাহা অনুমান হইরাছে, অসংলাচে প্রকাশ করিরাছি। বলবত্তর প্রমাণ হারা কেহ আমার ভ্রম প্রদর্শন করিলে তাহা অবন্তমন্তকে গ্রহণ করিব এবং তজ্জন্ত ক্বতজ্ঞতাস্তত্তে আবদ্ধ থাকিব।

নিজে দেখিয়া প্রমাণ সংগ্রহ করিবার জন্ম আমাকে যে কিরূপ কট বীকার করিতে হইয়াছে, তাহা বলিবার নহে। কোন প্রকার শারীরিক রেশ, পথের কট, প্রাণের ভর, অর্থের অভাব, কার্য্যের অস্থবিধা আমাকে বিচলিত করিতে পারে নাই। হুর্গম স্থল্বরবনে শ্রমণ করিয়াছি, যেখানে প্রতিপলকে বা প্রতিপদবিক্ষেপে ব্যাথের ভর, সেখানেও আমি নির্ভয়ে সঙ্গিগণসহ ঐতিহাসিক চিচ্ছের সন্ধানে অগ্রসর হইয়াছি, গ্রামে গ্রামে ঘূরিয়া তথ্য সংগ্রহ করিয়াছি, নানাস্থানে বনে জঙ্গলে তর তর করিয়াছি, পদব্রজে দূর পথ অতিক্রম করিয়া স্ট্রিরক্ষা করিয়াছি, অনাহারে অনিজায় যে কত দিন গিয়াছে, বলিতে পারি না। কিন্তু যতই করি না কেন, আমার চেষ্টা বা যত্ন যে পর্যাপ্ত হইয়াছে, তাহা কথনও বোধ করিতে পারি নাই।

স্থানীয় লোকের নিকট কাজের সাহায্য অতি কমই পাওয়া যায়। কারণ গ্রামবাসীয়া ঐতিহাসিক তথ্যায়সন্ধানে এতই অনভ্যন্ত, স্থানীয় প্রস্কৃতবে এতই অনভিজ্ঞ, যে অনেক সময়ে দূর হইতে গিয়া তাহাদের গ্রামের কথা নৃতন করিয়া তাহাদিগকে শুনাইতে বা দেখাইতে হইয়াছে। অনেক স্থলে তাহাদের অনভিজ্ঞতার ফলে প্রতিবন্ধক যে উপস্থিত না হইয়াছে, তাহা নহে। কথনও আমাকে ভিটেক্টিভ সন্দেহ করিয়া লোকে দূরে সরিয়া গিয়াছে; কথন আমাকে ফিতা ধরিয়া কোন স্থান মাপ করিতে দেখিলে, সাধারণ জমির থাজনা রুদ্ধি হইবে আশ্রুমা করিয়াছে; কথনও বা ইন্কমট্যায়ের ভয়ে স্থানীয় প্রকৃত অবস্থা গোপন করিয়াছে। অনেক যয়ে আমার উদ্দেশ্ত বুঝাইয়া দিলেও লোকে বুঝিতে পারে নাই, এই জন্ত কিরপে লোকে পয়সা ধরচ করিয়া বাগে ঘাঁড়ে করিয়া দেশে দেশে ঘুরিয়া বেড়ায়। এইজন্ত কোন স্থানে যাইবার সময় একজন স্থানীয় শিক্ষিত বা স্থয়শিকাভিমানী লোকের অয়সক্ষান করিয়াছি। যাহা হউক, সর্ব্বের অবস্থা নহে। যে থানে শিক্ষিক্ত ভদ্রলোকের বাস, সেখানে ঐতিহাসিক তত্তে যতেই বিনি অজ্ঞ হউন না কেন, ওাঁহাদের নিকট হইতে সাহায়্যের অভাব দেখিলেও প্রাণের অভাব দেখি নাই। লোকে প্রাণপ্রিয়া যয় করিয়া, মাতিথেরতার

চরমসীমা দেখাইরা, অবশেষে আশীর্কাদ করিয়া আমাকে অপরিমিত ভাবে উৎসাহিত করিয়াছেন। সেইজন্ম আশা হয়, যশোহর-খূল্নাবাসী যে উৎসাহ আমাকে দিয়াছেন, আমার পৃত্তক প্রকাশে বিলম্ব দেখিয়া যে উদ্বেগের পরিচর দিয়াছেন, আমার এই পরিশ্রমের ফল সেইরূপ আগ্রহে ও উৎসাহে পাঠ করিয়া আমাকে কৃতার্থ করিবেন। এই পৃত্তক প্রকাশের সম্পূর্ণ বায় শ্রীমৃক্ত ডাক্তার রায় বহন করিলেও ইহার জন্ম আম্বন্ধিক ভ্রমণ ও অন্তান্ম বাগারে আমার মত দরিদ্র-শিক্ষকতা বাবসায়ীর স্বল্বন্তির বাহা কিছু অবশেষ, সমস্তই নিঃশেষ হইয়াছে।

ভগবানের ক্পায় আমাকে পৃত্তক-প্রকাশের জন্ম অর্থাভাব ভোগ করিতে হয় নাই; স্থতরাং পয়সার থাতিরে বা পরের অনর্থক মনস্কাষ্টর প্রত্যাশায় আমাকে কিছু লিখিতে হয় নাই। আমি বাহা কিছু লিখিয়াছি, কর্ত্তব্য বৃদ্ধিতে ঐতিহাসিক ময়াদা রক্ষা করিবার জন্মই লিখিয়াছি। বোধ হয় সাহস করিয়া বালতে পারি কোন প্রকার স্বার্থ, স্বজাতিপ্রীতি, ভয় বা অস্কা আমাকে কর্ত্তব্যক্তিই করিতে পারে নাই এবং কোন জাতি বা ব্যক্তিবিশেষের অয়ৌক্তিক নিন্দা লারা এ পৃত্তক কলন্ধিত হয় নাই। নিশ্চরই আমি পদে পদে প্রমপ্রশাদে পতিত হইতে পারি, কিন্তু তাহা সমন্তই অজ্ঞানক্তত, কোন উদ্দেশ্যমূলক নহে। উপযুক্ত কারণ নির্দেশপূর্বক কেহ আমার শ্রম নিরসন করিলে পরবর্ত্তী সংস্করণে উহা সংশোধন করিয়া ক্রতজ্ঞতা জানাইব।

আমি এই পুস্তক রচনা আরম্ভ করিলে, প্রথমেই একটা কথা উঠিরাছিল, আমি ঘণোহর-খুল্নার বিবরণী একত্র করিরা লিথিতেছি কেন ? ঘণোহরের ইতিহাসের ভার অন্তের উপর দিয়া আমি খুল্নার ইতিহাস পৃথক্ ভাবে লিখিবার চেষ্টা করি না কেন ? আমি প্রভাবে সম্মত হইতে পারি নাই; কারণ যশোহর ও খুল্না পৃথক্ করা যায় না। আজ্ ত্রিশ বৎসর কাল ইংরাজ গবর্গমেন্ট খুল্নাকে নৃতন জেলা করিলেও, খুল্না রীতিনীতি, সমাজবদ্ধন ও প্রস্কতম্বে ঘণোহরই আছে; ঘণোহর বাদ দিলে খুল্না ভিত্তিশৃত্য হয়, খুল্না বাদ দিলে ঘণোহর প্রাচীনগৌরবশৃত্য হয়। তৈরব-কপোতাক্ষ, য়ম্না-ইচ্ছামতী, মধুমতী-বলেখর প্রভৃতি নদ-নদীর ঘেমন প্রথমাংশ বশোহরে প্রবাহিত হইরা, তাহানের শেষাংশ খুল্নার মধ্যে আসিয়া প্রকাশ্ত ও বলবান্ হইরাছে, প্রতিহাসিক ঘটনার মোতও তেমনি ঘণোহর হইতে খুল্নার মধ্যে আসিয়া কারণরিক্ষাক্ষর করিবা

গৌরবান্থিত হইয়াছে। থাঁজাহান যশোহর হইতে আসিয়া খুল্নায় আত্ম-প্রতিষ্ঠা করিয়াছেন, যশোরাধিপতি প্রতাপের রাজধানী খুল্নার সম্পতি হইয়াছে। এই ছই জেলার বে পৃথক্ পৃথক্ সরকারী বিবরণী প্রকাশিত হইয়াছে, তাহাতে অধিকাংশ হুলেই এককথা ছইবার লিখিত হইয়াছে। স্বতরাং উভয় জেলা পৃথক্ করিলে ঐতিহাসিক-স্ত্র ছিল হইয়া যায়।

আমি প্রস্তাবিত যশোহর-খুল্নার ইতিহাসকে চারি অংশে বিভক্ত করিয়াছি, (১) প্রাক্ততিক—ইহাতে ভৌগলিক বিবরণী থাকিবে। (২) ঐতিহাসিক—ইহাতে ধারাবাহিক ইতিবৃত্ত থাকিবে। (৩) বৈষদ্ধিক—ইহাতে ধাবতীয় বিবরণী ও হিসাব পত্র (statistics) থাকিবে এবং (৪) আভিধানিক (gaz etteer)—ইহাতে (ক) প্রধান প্রধান স্থানের ইতিহাস, (২) প্রধান প্রধান বংশের বিবরণ, ও (গ) প্রধান প্রধান কৃতী পুরুষের জীবনবৃত্ত থাকিবে। অনেকেই ষেত্রপ থপ্তবিবরণী বা statistics দিয়া প্রাদেশিক ইতিহাসের প্রথম খণ্ড প্রকাশিত করিয়াছেন, আমি তাহা করি নাই।

অন্ত যশোহর খূল্নার ইতিহাসের প্রথম থণ্ড প্রকাশিত হইল। ইহাতে প্রাকৃতিক অংশ সম্পূর্ণ এবং ঐতিহাসিক অংশের অর্দ্ধেক আছে। আমি ঐতিহাসিক অংশকে চারিভাগে বিভক্ত করিয়াছি। (১) হিন্দু বৌদ্ধর্গ, (২) পাঠন রাজত্ব, (৩) মোগল আমল ও (৪) ইংরাজ শাসন। তন্মধ্যে বর্ত্তমান থণ্ডে প্রাচীন যুগ হইতে পাঠান রাজত্বের শেষ পর্যান্ত ইতিহাস আছে। দ্বিতীয় থণ্ডে প্রাচীন যুগ হইকে পাঠান রাজত্বের শেষ পর্যান্ত ইতিহাস আছে। দ্বিতীয় থণ্ডে মাগল ও ইংরাজ আমলের ইতিহাস থাকিবে এবং তৃতীয় থণ্ডে থণ্ড-বিবরণী ও আভিধানিক অংশ গ্রহণ করা যাইবে। এই তিন থণ্ডে সম্পূর্ণ পৃত্তক শেষ হইবে। দ্বিতীয় থণ্ড সঙ্গে সঙ্গেই রম্মন্ত হইতেছে। উহাতে প্রথমেই বারভূঞার আবির্ভারের কথা দিয়া পরে প্রতাপাদিত্যের দীর্ঘ কাহিনী আরক্ষ হইবে। পরে যথাস্থানে দীতারামের ইতিহাস, চাঁচড়া, নলভাঙ্গা প্রভৃতি রাজবংশ এবং নড়াইল, সাতক্ষীরা প্রভৃতি জমিদারবংশের বিবরণ থাকিবে। বলা বাহল্য, আমাকে প্রতাপাদিত্যের বিবরণ সংগ্রহজন্তই অধিকতর চেষ্টা এবং স্থন্মরবনে হুংসাহিক অনুসন্ধান করিতে হইয়াছে।

বর্তমান থণ্ডে স্বামি প্রথমেই প্রাক্ততিক বিষরণী দিয়ছি বটে, কিন্তু উহাতে নদ-নদী, খাল-বিল প্রভৃতিব্র ভৌগোলিক বিষয়ের ধারাবাহিক নীরদ ভালিকা পুত্তকের কলেবর বৃদ্ধি করি নাই। সরকারী রিপোর্ট হইতে ভাষান্তরিত করিয়।
সেরূপ তালিকা দেওয়া কঠিন নহে। কিন্তু সেরূপ নীরস ও স্থলীর্ঘ তালিকা
দেখিলে পাঠকেরা বিরক্তির সহিত পত্রোস্তোলন করিয়া চলিয়া যান। আমি ঐ
সকল বিষয়ের অনাবশুক সংখ্যাবৃদ্ধির দিকে নজর না দিয়া, নীরস জ্বিনিসকে
সরস করিবার চেষ্টা করিয়াছি; তজ্জ্ঞ কি পছা অবলম্বন করিয়াছি এবং তাহাতে
কিছুমাত্র সফলকাম হইয়াছে কি না, তাহা পাঠকগণই বিচার করিতে পারেন।

এই প্রাকৃতিক অংশের মধ্যে স্থন্দরবনের এক বিবরণী দিয়াছি। উহাতেও বৈজ্ঞানিক গ্রন্থ খুলিয়া জীবজন্ত বা বৃক্ষণতার বিবরণী দেই নাই। আমি যাহা নিজে দেখিয়া শুনিয়া শিথিয়া বুঝিয়াছি, তাহারই কতক আভাদ বৈজ্ঞানিক তত্ত্বের সহিত সম্বন্ধ রাথিয়া লিপিবন্ধ করিয়াছি। বৃক্ষলতা প্রভৃতির বেলায় উহা ছারা মান্নবের কতটক প্রয়োজন সিদ্ধি হয়, সেই দিকেই দৃষ্টি রাথিয়াছি। স্থন্দর বনের প্রাচীন মন্ত্র্যাবাদের চিহ্নগুলি অধিকাংশই নিজে দেখিয়া লিথিয়াছি; যেখানে অন্তের সাহায্য লইয়াছি, সেখানে যাঁহার কথা নিজের কথার মত বিশ্বাস করিতে পারি, এমন লোকেরই সাহায্য লইয়াছি। ঐ অংশের বিবরণী সংগ্রহ জ্ঞু আমি রায় সাহেব শ্রীযুক্ত নলিনীকান্ত রায় চৌধুরী মহাশন্তের নিকট অপরি-শোধা খণজালে জড়িত। ইনি ডাব্দার প্রফল্লচন্দ্রের অগ্রন্ধ—তেমনি বিস্তোৎসাহী, তেমনি অনুসন্ধিংস্থ এবং তেমনি উদারহাদর। স্থন্দরবনে শিকার ও ভ্রমণ জন্ত তাঁহার অধিকাংশ জীবন কাটিয়াছে: স্থন্দর্বন তাঁহার নথদর্পণস্বরূপ। তাঁহার দাহাত্য না পাইলে আমি স্থন্দরবনে বাইতে পারিতাম না, বোধ হয় কেহই পারেন না। ডাক্তার প্রফুলচন্দ্রের অর্থ ও উৎসাহ যে কার্য্যের প্রাথমিক বল, রায় সাহেব নশিনী বাবুর কার্যাক্ষেত্রে সাহায্য, ঐকাস্তিক শ্লেহ ও সহাত্মভূতি, এবং বছবৎসরের অভিজ্ঞতা সেই কার্যোর প্রধান সহায়ক হইরাছে। তাঁহার নিকট আমার ক্রতজ্ঞতা ভাষার বিষয়ীভূত হইতে পারে না ; আমি তাঁহাকে প্রণাম করিয়া পুস্তক প্রকাশিত করিতেছি।

ঐতিহাসিক বিবরণী দিতে গিয়া আমি ইতন্ততঃ বিক্লিপ্ত অসম্বন্ধ প্রবাদ-মালা-কেই ইতিহাস বলিয়া বাগাত করি নাই। সুর্বতেই কালপর্বায় ও সমগ্র বলেতিহাসের উপরস্থতীক্ষদৃষ্টি রাধিয়াছি। এই উভরের সামঞ্চত রাধিয়া বলোহন থুণ,নার ইতিহাসের কথা বলিতে গিয়া, আমাকে স্বর্কতিই বলেভিহাসের রটনা পরশার ও ধারাবাহিক উল্লেখ করিতে হইরাছে। এমন কি, স্থানে স্থানে দিল্লীর কথাও চক্ষুর অন্তরালে রাখিতে পারি নাই। দেশের ইতিহাসের সহিত যশোহর-থূল্নার যে একটু আখ টু সম্পর্ক আছে,পারিপার্থিক ঘটনার সহিত মিল রাধিবার জন্ম, আমাকে সেই সম্পর্কে স্থানে স্থানে দেশের কথাও বলিতে হইরাছে। পাঠকগণ ইহাতে বিরক্ত হইবেন কিনা জ্ঞানি না, তবে আমার বিশ্বাস এই যে,বঙ্গের অঙ্গ হইতে ছিন্ন করিলে যশোহর-থূল্নার মত স্থানের বিচ্ছিন্ন কাহিনীর মূল্য অতি কম, আর ঐতিহাসিকতা হর্মোধা হইলে, প্রবাদকাহিনী বৃদ্ধসৈনিকের গল্পথায় পর্যাবসিত হয়। বাঁহারা জেলার ইতিহাস লিখিতেছেন, বাঙ্গালার ইতিহাসই তাঁহাদের মুখ্য উদ্দেশ্য। "বাঙ্গালার ইতিহাস চাই; নইলে বাঙ্গালী কথনও মানুষ হইবে না।" এ লক্ষ্য হইতে ল্রন্ট হইলে চলিবে না। স্থতরাং বাঙ্গালাকে বাদ দিয়া কোন জেলারই অধিবাসী বাঙ্গালীর ইতিহাস লেখা বায় না।

আমি অনেক জিনিস যশোহর-থূল্নায় টানিয়া লইয়াছি। টানিয়া লইবার কি কারণ বা অধিকার আছে, আমার অহমানের কি ভিত্তি আছে, তাহা অবশু সঙ্গেল সঙ্গেই সংযোজিত করিয়াছি। কোন কোন স্থানে একটা লোভনীয় প্রত্নকীর্ত্তিনারা যশোহরকে যশোভ্যিত করিবার জন্ম হয়ত সাধারণ দৃষ্টিতে যশোহরের সীমা বর্জিত করিয়া দিয়াছি। কিন্তু বর্ত্তমান যশোহর জেলা ও প্রাচীন যশোর রাজ্য উভয়ের সীমার একটা বিশেষ আভাস দিয়া থাকিলে আমি হয়ত ক্ষমার্হ হইব। সম্পত্তি বৃদ্ধি করিতে হইলে কিছু টানিয়া লওয়ার একটা রীতি আছে; আমি হয়ত সেই ভাবে টানিয়া লইয়াছি। বিভিন্ন জেলার ঐতিহাসিকগণ এই ভাবে টানিয়া লইবার জন্ম জাল পাতিলে মোটের উপর যে নৃতন তথ্য উঠিবে, উহা বাঙ্গালার ইতিহাস-লেথক বিনা গগুগোলে স্বছন্দে ভোগ করিবেন। আমি যাহা টানিয়া লইয়াছি, সঙ্গত আপতি উত্থাপন করিয়া, প্রত্নতন্ত্রবিদের নিকট স্বত্বের মোকদ্বমা করিয়া, অন্ধ্র কেহ তাহা স্বছন্দে নিজের করিয়া লইতে পারেন। আমি তজ্জ্ঞ বিন্দুমাত্রও হৃংথিত হইব না। যদি কোন সম্পত্তিকে লাভের সম্পত্তি বিলিয়া প্রমাণ করিতে পারিয়া থাকি, তবে তাহা যে কেহ ভোগ করেন, তাহাতেই বাঙ্গালার লাভ।

নৃতন ঘর বাঁধিবার মত নৃতন ঐতিহাসিক পুত্তক প্রকাশ করিবার জন্য

বচলোকের নিকট হইতে সাহায্য গ্রহণের প্রয়েজন হয়। যশোহর-থুল্নার ইতিহাসের জন্য আমি যে কতজনের নিকট সাহায্য পাইয়াছি এবং কতজনের নিকট আমি যে অল্পবিস্তর ঋণী তাহা বলিবার নহে। সকলের ঋণ উপযক্ত ভাবে এখানে স্বীকার করিবার স্থান নাই। আশা করি তজ্জনা কেহ ক্ষর না হট্যা আমাকে ক্ষমা করিবেন। আমি দকলের নিকট ক্লুভজ্ঞতা জ্ঞাপন করিতেছি। তন্মধ্যে কয়েকজন মহাঝার নিকট আমি অপরিমিত ভাবে ঋণী। ভারতীয় প্রত্নতত্ত্বর একমাত্র আশ্রয়স্থলস্বরূপ মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহোদয়ের নিকট আমি সময়ে সময়ে উপদেশ পাইয়াছি : রামচক্র থানের পুত্র ভবনানন্দের সংবাদ আমি তাঁহারই নিকট জানিতে পারি। সাহিত্যর্থী ত্মদ্বর শ্রীযুক্ত দীনেশচন্দ্র দেন ও বিশ্বকোষ-সম্পাদক প্রাচ্যবিত্যামহার্ণব শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বস্থ উপদেশ ও পুস্তকাদির সাহায্য দ্বারা আমাকে চিরক্লতজ্ঞতা-পাশে আবন্ধ করিয়া রাথিয়াছেন। প্রস্নতত্ত্বিশারদ শ্রীযুক্ত রাধালদাস বন্দ্যোপাধ্যায় এম, এ এবং আর্যাবর্ত্ত-সম্পাদক ও বছ গ্রন্থ লেখক প্রীযুক্ত হেমেক্সপ্রসাদ বোষ বি, এ—এই ত্বই জনের নিকট হইতে আমি যে কত ভাবে উপক্লত ও উৎসাহিত হইয়াছি, তাহা বলিবার নহে। ইহারা উভয়েই য়শোহরের অধিবাসী এবং যশোহরবাসীর গৌরবস্থল। আমি ইঁহাদের ঋণ হইতে মুক্ত হইতে চাহি না। মহারাজ বদস্তরায়ের বংশধর স্থলেথক রাজা বতীক্রমোহন রায়, বনগ্রাম স্থূলের হেড, মাষ্টার স্থাণ্ডিত শ্রীবৃক্ত চারুচন্দ্র মুখোণাধ্যার বি, এ এবং ৮বশোরেশ্বরীর সেবক কৃতবিশু শ্রীযুক্ত শ্রীশচক্র চট্টোপাধ্যাম— ইঁহারা তিন জনে আমাকে কনিষ্ঠ প্রাতার মত স্নেহ করিয়া অক্লুত্রিমভাবে তথ্যসংগ্রহে সাহায্য করিয়া চিরক্লভক্ষতাপাশে আবদ্ধ করিয়া রাখিরাছেন। অমৃতবাজার পত্রিকার শ্রীযুক্ত পীযূষকান্তি বোষ, সুহারর শ্রীযুক্ত শৈলেশনার্থ মুখোপাধ্যায় বি, এ, শ্রীযুক্ত যহনাথ চক্রবর্তী বি, এল, শ্রীযুক্ত জ্ঞানেজনাথ দত্ত চৌধুরী বি, এল, মঘিরার বিখ্যাত রাজবংশীয় শ্রীবৃক্ত বাবু হেমচক্র রায় চৌধুরী, জয়निয়া निरांशी श्रीयुक्त बाखरमाहन मृत्थाशाधात, श्रीयुक्त हाक्तक দত ওভারসিয়ার, তালা নিবাসী শ্রীযুক্ত রাষকুমার বস্তু, মৌভোগ নিবারী খ্রীযুক্ত উপেক্রনাথ বহু, সেধহাটি নিবাসী খ্রীযুক্ত অবিনাশচক্র চট্টোগাধার প্রভৃতি বন্ধুবর্গের নিকট হইতে আমি বে সকল সাহায্য সাইরাছি, তাল

চিরবাধিত রহিব। থুল্নার পূর্ব্বতন মাজিট্টেট বিখ্যাত লেথক শ্রীযুক্ত ব্রাডণী-বার্ট মহোদয় আমাকে কোন কোন ভাবে উৎসাহ দিয়া স্থলারবনের বিবরণী সংগ্রহের সহায়ক হইয়াছিলেন, আমি তাঁহার নিকট ক্লভজ্ঞতা জ্ঞাপন করিতেছি। কলিকাতা যাহ্রঘরের প্রত্নতত্ত্ববিভাগীয় ভারপ্রাপ্ত স্থপারিণ্টেণ্ডেণ্ট মহাশর আমাকে থালিফাতাবাদের মুদ্রা ও একটি বৃদ্ধ মূর্ত্তির ফটো লইতে অনুমতি দিয়া বিশেষভাবে ধন্তবাদার্ছ হইয়াছেন। শিবানন্দকাটি নিবাদী বন্ধুবর শ্রীযুক্ত স্বরেক্সনাথ বন্দ্যোপাধ্যার তৎকৃত ৮ যশোরেশ্বরীর বর্ণচিত্রের ছবি লইতে দিয়া আমাকে অমুগৃহীত করিয়াছেন। বিখ্যাত শিল্পী শ্রীযুক্ত কে, ভি, সেন মহোদর আমার সমস্ত ছবি ও কয়েকথানি মানচিত্র প্রস্তুত করিরা দিরাছেন ; আমি তাঁহাকে ধন্তবাদ দিতেছি। মদীয় প্রিয়তম ছাত্র পল্লীচিত্র সম্পাদক গ্রীমান্ শরচ্চক্র মিত্র নানাস্থানে আমার সঙ্গে গিন্না পুরাকীন্তির ফটো তুলিন্না দিন্না আমাকে বিশেষভাবে উপক্ত করিয়াছেন। রাড়ুলী প্রীযুক্ত ধামিনীকান্ত রায় চৌধুরী মহাশন্ন দর্পের ইতিহাসসম্পর্কীয় প্রামাণিক বিবরণ সংগ্রহে দাহায্য করিয়া, নানাস্থানে আমার সহচররূপে পুরাকীর্ভির সংবাদ দিয়া আমাকে যথেষ্ট সাহায্য করিয়াছেন। শ্রীমান্ স্থরেন্দ্রনাথ দে স্থলরবন ভ্রমণ কালে আমার স্বীবন রক্ষা করিয়াছেন। আমি পুত্তকের ভিতর তাঁহার কথা বিশেষভাবে পৃথক্ভাবে নানাস্থানে ঘুরিয়া তথ্য সংগ্রহে সাহায্য করিয়াছেন। আমার চির-বন্ধু এীযুক্ত অক্ষরকুমার রার চৌধুরী মহাশর বছস্থানে দূর-হর্গম পথে আমার সহচর হইরা, বহু কারক্লেশের অংশীদার হইরা, নানা ভাবে তথ্য সংগ্রহ করিরা, স্ফ্রীপত্রাদি প্রস্তুত করিয়া দিয়া যে ভাবে আমায় সাহায্য করিয়াছেন ভাষায় তাহার পর্যাপ্ত আভাদ দিতে পারি না। তাঁহার ঋণ অপরিশোধ্য। ইহা বাতীত আমার কত প্রিয়তম ছাত্রের নিকট বে আমি ঋণী আছি, তাহা বলিতে পারি না। স্থানাভাবে তাহাদের নামের আলিকা দিতে না পারিয়া আমি কুন হইতেচি।

পরিলেবে বক্তবা এই দশমাসব্যাপী মুদ্রাযন্ত্রের নানা বন্ত্রণার পর পুত্তকথানি বাহির হইল। মুফ্রলে বসিরা প্রফ দেখিরা কলিকাভার প্রেস হইতে পুত্তক বাহির করা কি কঠিন ব্যাপার, তাহা ভূক্তভোগী ব্যতীত অন্ত কেহ বৃষিবেন না। আমি প্রাণাস্ত চেষ্টা করিরাও অসংখ্য শ্রম প্রমাদ হইতে পৃস্তকথানিকে রক্ষা করিতে পারি নাই। পাঠকগণ তজ্জ্ঞ্জ আমাকে ক্ষমা করিবেন। যদি ভগবানের ক্রপায় এ পৃস্তকের কথনও দ্বিতীয় সংস্করণ হয়, তথন ইহাকে নিভূলি করিবার চেষ্টা করিব।

> দৌলতপুর কলেজ, দৌলতপুর, খুল্না। ২৪ শে ভাক্ত ১৩২১

শ্রীসতীশচন্দ্র মিত্র।

সূচীপত্র। প্রথম অংশ—প্রাকৃতিক।

প্রথম পরিচ্ছেদ—উপক্রমণিকা। যুক্ত জেলা, দীমা, অবস্থান, পরিমাণ,
লোক সংখা, আর, উপবিভাগ; নামের উৎপত্তি; যশোহর; খুল্না ১৮
দ্বিতীয় পরিচ্ছেদ –বাহ্মিক প্রকৃতি ও বিভাগ। গঙ্গার বিশেষৎ,
পলিমাটী, ব'দীপ ; যশোহর-থূল্নার প্রাকৃতিক বিভাগ, প্রকৃতি, নদীমাতৃক
দেশ, খনিত খাল; নদ-নদীর কার্য্য ১>৪
তৃতীয় পরিচেছদ নদী-দংস্থান। গৌরী বা গড়ই, মধুমতী, মাধা-
ভাঙ্গা, কুমার, নবগন্ধা, চিত্রা, ব্যাঙ্, ফটকী, কালীগন্ধা, ভৈরব, পশর,
রপদা, দড়াটানা; কপোতাক্ষ, বেতনা, হরিহর, ভদ্র; খোলপেটুয়া, আড়
পাজানিয়া, শিবসা, মার্জাল, ঢাকি, মেনস, কয়রা ; ইচ্ছামতী, য়মুনা, কদম-
जनी, मानक ; प्रारह्वथानि, कांकिमिन्नानी, कांनिन्नी ১৫—२8
চতুর্থ পরিচেছদ—ব'দ্বীপের প্রকৃতি। বিল, বাঁওড়, গোগ, ঝিল,
ডহর, দিয়াড়া, থাল। যমুনা ও ভৈরবের সংস্কার। উহার উপকার ও গবর্ণমেন্টের লাভ
পঞ্চন পরিচেছন—অন্যান্য প্রাকৃতিক বিশেষত্ব। মৃত্তিকা, গৃহ,
বায়, জল, জীবদ্ধন্ত, বৃক্ষলতা, তরকারী, চাউল, ডাইল, মদল্যা ৩২—৪০
ষষ্ঠ পরিচেছদ — স্থন্দরবন। অবস্থান, পরিমাণ, নামের উৎপত্তি;
প্রাচীনত্ব, প্রাক্ততিক সৌন্দর্যা; বাদা; আবাদ ৪১—৪৬
সপ্তম পরিচ্ছেদ —স্থন্দরবনের উত্থান ও পতন। ৰঙ্গণের প্রন্ধো-
জনীয়তা, স্বাভাবিক কারণে উধান ও পতন; বিপ্লব, বাটিকা, থূৰ্নার ও শিয়াল-
দহের পুকুর ; অবনমনের প্রমাণ ; অতলম্পর্শ, বরিশাল "গান্" ; ঝটিকাবর্ত্ত,
জনপাবন, জনস্তম্ভ, ভূমিকপা; মগ ও ক্ষিরিন্সিদিগ্রের অভ্যাচার ৪৭—৬১

অ্টম পরিচেছদ—ফুন্দরবনে মানুষ্যাবাস। ফ্রন্থবনের সীমা পরি-বর্ত্তন, অতলম্পর্শ, স্থন্দরবনে বস্তি সম্বন্ধীয় মতামত: বৈদেশিক মতের প্রতিবাদ: বস্তিচিহ্ন: জটার দেউল, বিরিঞ্চিমন্দির, ভরতগড়, হাড়ভাঙ্গা, হাড়োয়া, বাক্ড়া, বাঙ্গালপাড়া, ধুমঘাট, তেরকাটি, হরিথালি, প্রতাপনগর, কমলপুর, বিছট, বেদকাশী, সেথেরটেক, কালীর থাল, অভগ্ন মন্দির, আলকী, বাঙ্গড়ার মোহানা, স্থপতি, ফুলজুরী, মাণিকথালি, চাঁদের আড়া, नन्त्रांगां. कत्रमञ्ज्ती, नाउँ। । अञापकार्षि, आमापि, इएका, माँ इरारि, স্থানর বনের পঞ্চ সহর, কুইপিটাভাজ, নলদী, প্যাকাকুলি, ড্যাপারা, টিপুরিয়া নবম পরিচেছদ -- স্তুন্দরবনের বৃক্ষলত। বৃক্ষলতার বিশেষত্ব, প্রকৃতি: স্থন্দরী, পশুর, বাইন, ধোন্দল, কেওড়া, গরাণ, গেঁয়ো, গর্জন, হৈন্তাল, বলা, ওড়া,কাকড়া প্রভৃতি, গোলগাছ, গিলেশতা ও বেত ৮৬--৯৩ াবানর: অন্তান্ত জন্তু; দর্প:, দর্পের শ্রেণীবিভাগ: কুন্ডীর:, মংস্ত:; একাদশ পরিচ্ছেদ — স্তন্দরবনে শিকার ও ভ্রমণ। শিকারের বিশে-বত। আমাদের ভ্রমণের জন্ত নৌকা, সঙ্গী, উদ্দেশ্য। পথের কন্ট: গল্প-কাহিনী : বিভিন্ন প্রকারের শিকার ; স্থন্দর বনের ভাষা ... ১০৫ —১১৩ দ্বাদশ পরিচেছদ — জঙ্গলা ভাষা। কতকগুলি জঙ্গলা ভাষার শব। নিবক্ষর ভ্রমণকারীর কবিতা 220---228

দ্বিতীয় সংশ—ঐতিহাদিক।

(১) हिन्दू (वीक यूग।

প্রথম পরিচেছদ—উপবঙ্গে দ্বীপমালা। বঙ্গের প্রাচীনন্ত; গঙ্গার উৎপত্তি ও গতি; গঙ্গার শাধা, মোহানা; গঙ্গার দ্বীপ নির্মাণকার্য; বক্ষীপ; উপবঙ্গ; নবদীপ রাজ্যের দ্বীপমালা; অগ্রদীপ, নবদীপ, মধাদীপ;

চক্ৰৰীপ ; এঁড়ু ৰীপ ; প্ৰবালদ্বীপ ; কুশদ্বীপ ; বৃদ্ধদ্বীপ ; স্বৰ্যাদ্বীপ ; জয়দ্বীপ
চন্দ্ৰদ্বীপ ; অফান্ত দ্বীপ ১২৩—১৪
দ্বিতীয় পরিচ্ছেদ—দ্বীপের প্রকৃতি। থানের নাম; নামের উৎপত্তি
মৎস্তের নামে গ্রামের নাম; নদীপথে সভ্যতা; নদীমাভৃক দেশে:
প্রকৃতি ১৪১—১৪৪
তৃতীয় পরিচেছদ—আদি হিন্দুযুগ। বৈদিক যুগ। রামায়ণীযুগ
মহাভারতীয় যুগ। কপিল, কপিলমুনি; যশোরেশ্বরী মৃর্ট্টির ভীষণতা
আমাদিগ্রাম; পরীমালা; পাণিঘাট; ব্রহ্মাগুগিরি ১৪৮—১৬৮
চতুর্থ পরিচেছদ—জৈনবৌদ্ধ যুগ। অনার্যানিবাদ; গঙ্গারিডি, গঙ্গ
রেজিয়া; দিগঙ্গা; বাঙ্গালীর ঔপনিবেশিকতা; সমতট; বৌদ্ধবর্ম
জৈনধর্ম ; অশোক কর্ত্ত বৌদ্ধর্ম প্রচার ; যশোহর-খুগ্ নার
तोक्षसर्य ः >७৮—>१०
পঞ্চম পরিচ্ছেদ—গুপু সাআজ্য। সমতট; বিক্রমাদিতা; শশাক
নালনা; বিষ্ণুমূর্ত্তি; বৌদ্ধমত বিপর্যায়; ছিন্দুতান্ত্রিকতা; শৈবমত
যশোহর খুল্নায় প্রাচীন শিবমূর্ত্তি; শিবের গীত; মহল্মদপুরে
গুপ্ত-মূক্রা ১৭ ৫— ১৮১
ষষ্ঠ পরিচেছদ—সমতটে চীনপর্য্যটক। ইউন্নান চোনাং; সমতট
সমতটের রাজধানী; ফাগুসন, ওয়াটার্স ও কাণিংহামের মত। বার
বাজার; হৃন্দর অবস্থান, প্রাচীন ইষ্টকগৃহ, ইষ্টকস্তৃপ, প্রস্তর; বৌদ্ধ
সংঘারামে মুসলমানের অত্যাচার ; তদন্তপুরী ; বার আউলিয়া।
সেঙ্গচি ১৮১— ১৮৮
পপ্তম পরিচ্ছেদ—মাৎস্তক্তায়। গৌড়রাজ্যে অরাজকতা; গোগাল;
দেবপাল; থগুরাজ্য; দেনবংশ; মহীপাল; দক্ষিণবঙ্গে নৌরুদ্ধে বীরুদ্ধ;
দেশময় অরাজকতা; যাদব রায়; ভরত রাজা; পাতা <i>লভে</i> দী
রাজা ··· ১৯৮-১৯৪
অফীম পরিচেছদ—বৌদ্ধ সংঘারাম কোথায় ছিল 📍 বাররাষ্ট্রার,

মৃড়লী; কপিলমুনি, আগ্রা, ভরতভাষনা, গৌরীঘোনা, মঠবাড়ী, হাতিয়াগড়, বালাগুা,মদ্জিদকুড়, বিভানন্দকাটি,বাগেরহাট,শিববাড়ীর বৃদ্ধমূর্ত্তিঠিত— ২১৩ নবম পরিচেছদ — দেনরাজত্ব। বিজয়দেন, ভামলবদা, বল্লালদেন, হর্যামাঝি, হর্যাজীপ, হরিদেন, দেনহাটি, বিষ্ণুমৃত্তি, গণেশপূজা, চগু-ভৈরবের মন্দির, গলাদেবী, বাগ্ড়ী, দেথহাটি, বিজয়তলা, গণেশমৃত্তি, ভূবনেশ্বরীমৃত্তি, দেনহটি, শাঁথনাট ... ২১৪—২৩০ দশম পরিচেছদ — দেনরাজত্বের শেষ। নবদীপে গঙ্গাবাস; পাঠান বিজয়; কেশবদেন; বাগ্ড়ীরাজ্য ... ২৩৩—২৩৯ একাদশ পরিচেছদ — আভিজাত্য। বল্লালী কুলপ্রথা; ব্রাহ্মণ বৈছ কায়ন্থের কোলীভা; নবশায়ক; স্কর্ববিশিক্, বোগী, কৈবর্ত্ত ২৩৯—২৫২

পাঠান রাজত্ব।

প্রথম পরিচেছদ—তামস যুক্তা। পাঠান আমলের প্রথমে দেশে অত্যাচার; বৌদ্ধ; ধর্মপুজক; দেশের অবস্থা; ক্ষুদ্রাজ্য; স্বাধীন পাঠান শাসন ... ২৫৫—২৬০
ছিতীয় পরিচেছদ—বসতি ও সমাজ। প্রাকৃতিক বিপ্লব; নৃতন বসতি; শ্রোত্রের ও সপ্তশতী রাহ্মণ, মৌলিক কারস্থ, নবশারক; বৈষ্ণ; মৌলিক কারস্থের প্রতিপত্তি; তৈরবকূলে বসতি; কপোতাক্ষকূলে বসতি ... ২৬০—২৭০
তৃতীয় পরিচেছদ—দমুজমর্দনিদেব। দমুজমর্দনের মৃদ্রা, ৮রাধেশচন্দ্র শেঠ কর্ত্ক আবিষ্ণত মৃদ্রা, দমুজমর্দনি কে দু মৃদ্রার প্রমাণ; নগেন্দ্র বাবুর মত; দেববংশ পুঁথি; চন্দ্রদ্বীপ; মাধবপাশা ২৭০—২৮১
চতুর্থ পরিচেছদ—শাজাহান আলী। সাহজালাল; বাবা আদম; প্রীহট্রের সাহজালাল; আউলিয়াগণ; থাজাজাহান; শর্কীশাসক; থাজাজাহান ও খাঁজালী অভিন্ন ব্যক্তি ... ২৮২—২৮৯
পঞ্চম পরিচেছদ—খাঁজাহানের কার্য্যকাহিনী। বারবাজার;

মুভলী কস্বা: গরিব সাহ, বেরাম সাহ; বুড়া থাঁ; বিছানক্ষকাটি; আরদনগর: লপ্তরবেড়; মদ্জিদকুড়; আমাদি; বেদকাশী ২৮৯ –২৯৮ ষষ্ঠ পরিচেছদ-পয়ঃ গ্রাম কসবা। খাঁজাহানের দৈন্ত; পুছরিণী খনন: সাহাবাটীর দীঘি; পর্ত্তাম কস্বা; দক্ষিণ ডিহি; রায় চৌধুরী বংশ: পীরালীর উৎপত্তি: নীলকান্তের কারিকা: প্রীরআলিমতের প্রচার ; ঠাকুর বংশ ; মুস্তৌফি বংশ সংযাম পরিচেছদ—খালিফাতাবাদ। বাভড়ী, ভভরাঢ়া, বারাকপুর, त्रनशिं : (वाडामीवि, याँ ध्वयक : महत्र्वान : व्यावामवाँगे : त्रांगादिवि. রূপাবিবি: কোত্যালী: চট্টগ্রামের প্রস্তর: দিদার খাঁ: দরি খাঁ: কাটানি মদ্জিদ, বুড়া থাঁ, এক্তিয়ার থাঁ অন্টম পরিচেছদ—খাঁজাহানের শেষজীবন। তাঁহার জীবনের তিনটি প্রকৃতি ; জলদানপুণা ; সঞ্চিত অর্থ ; রাস্তা নির্ম্মাণ ; ঠাকুর দীঘি : সমাধি মন্দির; লিপিমালা; পীর্মালির সমাধি; বাবুর্চিখানা; জেন্দাপীর। বাগেরহাট নাম ... 929-98. নবম পরিচেছদ—ভূদেনসাহ। "ভূদেন সাহের আমল"। ভূদেনের পূর্ব পরিচয়। রামচন্দ্র খাঁ: কাজিডাঙ্গা: চাঁদপুর: স্বাধীন বল্পের টাকশালসমূহ; থালিফাতাবাদের মুদ্রা; একআনা চাঁদপাড়া; সুবুদ্ধি-বায় দশম পরিচেছ্দ-রূপ-সনাতন। চৈত্রখর্ম্ম ; ধর্মবিপ্লব ; রূপ-সনাতনের পূর্ব্ধ পুরুষের পরিচয়। গঙ্গাতীরে বাস; ফতেহাবাদে বাস; প্রেমভাগ: রাজকার্য্য : সংসার ত্যাগ ; প্রেমভাগে কীর্দ্তিচিহ্ন একাদশ পরিভেদ-হরিদাস। বুঢ়নে জন ; ভাটকলাগাছি : পিতা-মতি।; যবনকুলে জন্ম। বেনাপোলে জপ-যজ্ঞ; রামচন্দ্র খাঁ; হীরা: হীরার উদ্ধার। হরিদাসপুর ; সপ্তগ্রাম, শাস্তিপুর, ফুলিয়া, কাঞ্জির বিচার। চৈতন্তের সহিত মিলন ; পুরীতে মৃত্যু ...

ঘাদশ পরিচেছদ — রামচন্দ্র থা। কাগলপুকুরিয়ার ভগ্ন রাজবাটী:

অস্তান্ত কীর্ত্তি ; নিত্যানন্দের আগমন ; মুসলমানদৈন্তের আক্রমণ ; রামচন্দ্রের
পরিণাম; তাঁহার পুত্রবয়; ভ্বনানন্দ ও কৃষ্ণানন্দ ৩৭০ ৩৭৬
ত্রয়োদশ পরিচেছদ – গাজীর আবির্ভাব। গাঁচণীর; বদর;
আউলিয়া ও গাজী ; গাজীকালু ও চম্পাবতী পুঁথি ; ছাপাই নগর, সোণার-
পুর ৩৭৬৩৮৩
চতুর্দ্দশ পরিচেছদ—মুকুটরায়। রাষমুক্ট পণ্ডিত; মুকুটরায় জমিদার;
রাজা রায় মুকুট; রাজা মুকুটরায় (ব্রাহ্মণনগর)। দক্ষিণরায়; নবাবের
সহিত যুদ্ধ; মুকুটরায়ের পরিণাম। কামদেব বা ঠাকুরবর ৩৮৩—৩৯৪
পঞ্চদশ পরিচ্ছেদ—দক্ষিণরায় ও গাজীর কথার শেষ। দক্ষিণ
রামের পতন; বনবিবি ও সা জাঙ্গুলী পুঁথি; দক্ষিণরামের পূজা; গাজীর
সমাধি। ঠাকুরবর ; পীর গোরাচাঁদ। হাড়োয়া। অভাভ
গান্ধী ৩৯৪—৩৯৯
ষোড়শ পরিচেছদ⊶পাঠান আমলে দেশের অবস্থা। মহম্মদাবাদ।
পাঠান ও মোগল। স্থাপতা; ধর্ম ; যোগী জাতি ; দেউল পূজা ; সমাজ ;
দেবীবরের মেলবন্ধন; গন্ধবণিক্জাতি। শিক্ষা। শিল্প; সাংসারিক জীবন;
খাত্য; পরিচছদ; আনাের বাবহার ৪০০—৪১৮
পরিশিষ্ট ৪১৯—৪২৫




চিত্রসূচী।

 যশেরেশ্বীর দেবী 		প্রারম্ভপত্র	গঙ্গামৃত্তি	•••	२२8
লহনা-খুলনার পুল	•••	৮পৃঃ	ভূবনেশ্বরী মূর্ত্তি	•••	२२३
ञ्चलतदस्यत्र मनीत्र पृणा		83	মহেন্দ্রদেবের মূজা	(পাণ্ডুনগর)	२१৫
স্থন্দরবনের চড়া		84	দমুজমদিনের মূদ্রা	(পাণ্ডু নগর) ঐ
থুল্নার পুকুর	•••	0.0	দম্জ্মদনের মূদ্রা	(চক্ৰদ্বীপ)	ঐ
শিয়ালদহের পুকুর	•••	62	কাত্যায়নীর মন্দি	র (মাধ্বপাশা)২৮১
কালী থালাস খাঁ দীৰি	•••	90	বারবাঞ্চারের মস্	केम	२२०
কামার বাড়ীর পুকুর	•••	90	মস্জিদকুড়ের মস্	জিদ	
স্থন্দর বনের শিবমন্দির	•••	99	9	१ शान	२३६
স্থন্দরবনের অভগ্ন মন্দির	•••	96	ć.	ণ ফটো	२२४
স্থন্দরবনের শূলো	• • •	चिच	বুড়া খাঁ ফতেখাঁর	সমাধি	२३५
স্থন্ববনের ব্যাঘ		26	কালাচাঁদের প্রাচী		৩১০
স্থন্দরবনের ডোরা হরিণ	•••	৯৭		। न नान्तप्र योग मन्दित	
আমাদের স্থলরবন ভ্রমণ		300		राल यालात	075
আমাদির পরিমালা দেবী		>७>	ষাটগুম্বজ (প্ল্যান)		0)
পাণিঘাটের অষ্টাদশভূজা	•••	১৬৬		₫ …	৩২
আগ্রার স্থ্	•••	>29	খাঁজাহানের সমা	यथान्स त्र	೨೨୯
ভরত ভায়নার স্তৃপ	•••	ददद	নসরৎসাহের মুজা (ঞালি	ফাতাবাদ)	989
শিববাড়ীর বৃদ্ধসৃত্তি		₹•৮	মামুদসাহের:মুদ্রা		
যাত্বরের বৃদ্ধসূত্তি	•••	522,	হরিদাসের তুলসী	A \$9	૭৬
চতুৰ্জ বাহ্নদেব মৃত্তি	• • •	२२२	রামচন্দ্র থানের ভ	গ বাটী	৩৭

মানচিত্তের সূচী।

ষশোহর-খুল্নার মানচিত্র	***	•••	১ পৃঃ
যশোহর-খুল্নার প্রাচীন ও বর্ত্তমান	I		
সীমানির্দেশ করিবার মানচিত্র	***	•••	5¢
রেণেলের প্রাচীন ম্যাপ		4**	৬১
থালিফাতাবাদের মানচিত্র	•••	•••	౨ు.
স্প্রের ম্যাপ			৪ ১ ৯



যশোহর-খুল্নার ইতিহাস

প্রথম অংশ—প্রাকৃতিক

প্রথম পরিচ্ছেদ—উপক্রমণিকা।

যুক্ত-(জল। — বঙ্গদেশে প্রেসিডেন্সী বিভাগের পূর্বাংশই যশোহর-খূল্না জেলা। যশোহর অতি প্রাচীন রাজা। অতি অরদিন হইল (১৮৮২) খূল্না ইহা হইতে বিচাত হইয়াছে। পৃথক হইলেও ইহাদের প্রাচীন ইতিবৃত্ত পৃথক করা যায় না; পৃথক হইলেও ইহাদের সামাজিক ও অন্ত প্রকৃতি প্রায় একই আছে। স্থতরাং এই ছইটি জেলা যুক্তরূপেই বিচার করা উচিত। এই যুক্তজেলা বঙ্গদেশের মধাভাগে অবস্থিত। যশোহরের দক্ষিণে খুল্না; উভয় জেলা একত্ত উত্তর-দক্ষিণে দীর্ঘ এবং সমুদ্র প্রয়ন্ত বিস্তৃত।

দীমা—এই যুক্ত-জেলার পূর্ব্বে বাধরগঞ্জ ও ফরিদপুর জেলা, উত্তরে নদীয়া জেলা, পশ্চিমে নদীয়া ও চবিদশ পরগণা জেলা, এবং দক্ষিণে ই৪ পরগণা ও বসোপসাগর। পূর্ব্বদক্ষিণ কোণ হইতে আরম্ভ করিলে, যথাক্রমে মধুমতী, গোরী (গোরাই), কুমার, ইচ্ছামতী, যমুনা ও কালিন্দী নদী এবং বঙ্গোপসাগর—এই প্রাকৃতিক পরিধা দারা ইহা চতুর্দিকে বেটিত; কেবলমাত্র পশ্চিমোন্তর কোণে তিন চারি স্থলে ইহার কোনও প্রাকৃতিক সীমা নাই। সেধানে নদীয়া এবং চবিবশ পরগণাই ইহার সীমা। মধুমতীর তীরস্থ মাণিকদহ হইতে সিজিপাশা, রাজঘাট, গৌরীঘোনা, সাগরদাঁড়ি ও ত্রিমোহিনী দিয়া চাঁছ্ডিয়া পর্যান্ধ বিস্তৃত ফাঁকাবীকা রেখা উভয় জেলাকে পূথক্ করিতেছে।

অবস্থান— এই যুক্তজেলা উত্তর নিরক্ষ ডিগ্রী ২১°০৮ কলা হইতে ডিগ্রী ২৩°৪৭ কলার মধ্যে এবং পূর্ব্ব জাঘিমা ডিগ্রী ৮৮°৪০ কলা হইতে ডিগ্রী ৮৯° ৫৮ কলার মধ্যে অবস্থিত। উভয় জেলার প্রধান নগরী মনোহর ও বুল্না একট ভৈরব নদের দক্ষিণ পারে প্রতিষ্ঠিত। যশোহর নগরী উত্তর নিরক্ষ ডিগ্রী ২০° ১০ কলা এবং পূর্বাদামা ডিগ্রী ৮৯°১০ কলার সন্ধিন্তলে এবং খূল্না সহর উত্তর নিরক্ষ ডিগ্রী ২২°৪৯ কলা এবং পূর্বাদামা ডিগ্রী ৮৯°৩৪ কলার সন্ধিতে অবস্থিত রহিয়াছে।

পরিমাণ — উভয় জেলার পরিমাণ ফল ৭,৬৯০ বর্গ মাইল। তন্মধো স্থানরর ২,৬৮৮ বর্গমাইল অর্থাৎ প্রায় এক-তৃতীয়ংশ। স্থানররন সমস্তই থূল্নার অন্তর্ভূত। স্থানররন বাদ দিলে থূল্নার পরিমাণ ২,০৭৭ বর্গমাইল অর্থাৎ থূল্নার নয় আনা অংশ স্থানরন এবং সাত আনা অংশমাত্র বসতি। যশোহরের পরিমাণ ফল ২,৯২৫ বর্গমাইল অর্থাৎ খূল্নার বসতি অংশের প্রায় দেড় গুল। খূল্না উত্তর দক্ষিণে দীর্ঘ এবং যশোহর পূর্ব্ব-পশ্চিমে দীর্ঘ। যশোহর ত্রিভূজাক্ষৃতি এবং খূল্না মোটামুটি একটি আয়ত ক্ষেত্র।

লোক সংখ্যা — গত ১৯১১ খৃষ্ঠাকের আদম-স্থারি বা লোক গণনা অনুসারে উভয় জেলার মোট লোক সংখা। ১১,২৫,০৩০ জন; তন্মধ্যে মশোহরে ১৭,৫৮,২৬৪ এবং খুল্নার ১০,৬৬,৭৬৬ জন। ১৮৮১ খৃঃ অকের পর খুল্না প্রথম পৃথক্ জেলা হওয়ার সমর হইতে গত জিশ বংসরে খুল্নার জন সংখা। ২,৮৬,৮১৮ বাড়িয়াছে এবং ঐ সময় মধ্যে বশোহরে ১,৮১,১১১ জন লোক কমিয়াছে। ভৈরব প্রভৃতি ৮ নদনদী মরিয়া যাওয়া এবং মালেরিয়ার প্রাতৃত্তিবই ইহার প্রধান কারণ। বশোহরে প্রতি বর্গমাইলে ৬০১ জন লোক বাস করে এবং খুল্নায় স্কলরবন বাদ দিয়া বসতি অংশে ৬৫৮ জন লোক বাস করে। স্কলরবন সহিত খুল্নায় হিদাব করিলে, উহার প্রতি বর্গমাইলে মাত্র ২৮৭ জন লোক।

আয় — উভর জেলার গবর্ণমেন্টের আর প্রার ৩৩ লক্ষ টাকা। তন্মধ্যে

যশোহরে প্রার ১৮ লক্ষ এবং খুল্নার ১৫ লক্ষের কিছু উপর। স্থানরবন ক্রমশঃ

মাবাদ হওয়ার জন্ম খুল্নার আয় বংসর বংসর বৃদ্ধি পাইতেছে। যথন প্রথম
জ্বলা হইয়াছিল, তথন খুল্নার আয় মাত্র ৬ লক্ষ টাকা ছিল।

সব্তিভিসন্ বা উপবিভাগ—

यশোহর বদর, (২) মাগুরা, (৩) ঝিনাইদহ, (৪) নড়াইল ও (৫) বনগ্রাম।

^{* &}quot;Jessore like Nadia is a land of moribund rivers and obstructed drainage and declining population." Census Report, 1911.

ইহার মধ্যে সদর সব্ভিভিসনে বশোহর, মণিরামপুর, কেশবপুর, ঝিকারগাছা ও বাঘেরপাড়া এই ৫টি থানায় মোট ১১০১ থানি গ্রাম; মাগুরা সব্ভিভিসনে মাগুরা, সালিথা ও মহম্মদপুর থানায় মোট ৫৮৭ থানি গ্রাম; ঝিনাইদহে শোলকুপা, কালীগঞ্জ, ঝিনাইদহ ও কোট চাঁদপুর থানায় ৮০৪ থানিগ্রাম; নড়াইলের মধো কালিয়া, নড়াইল ও লোহাগড়া থানায় ৫৪১ থানি গ্রাম এবং বনগ্রাম উপবিভাগে বনগ্রাম, মহেশপুর, সারস: ও গাইঘাটা এই চারিটি থানায় ৬৯৫ থানি গ্রাম। বশোহর জেলার মোট গ্রামসংথা। ০৭৫৮।

খুল্না জেলায় তিনটিমাত্র সব্ডিভিসন্ (১) খুল্না সদর, (২) বাগেরহাট ও সাতক্ষীর। ইহাদের মধ্যে খুল্না সদরে খুল্না, বটিয়াঘাটা, ভুমুরিয়া ও পাইক-গাছা থানার মোট ১২৯ থানি গ্রাম; বাগেরহাট উপবিভাগে বাগেরহাট, মোলা-হাট, রামপাল ও মোরেলগঞ্জ থানায় ১০৪৫ থানি গ্রাম এবং সাতক্ষীরার মধ্যে সাতক্ষীরা, আশাভনি,কলারোয়া, কালীগঞ্জ ও মাগুরা* নামক পাচটি থানার মোট ১৪৬৭ থানি গ্রাম। খুল্নার গ্রাম সমষ্টি ৩৪৪১; উভয় ভেলায় ৮টি উপবিভাগে ২২টি থানার মোট—৭১৯৯ থানি গ্রাম। গড়ে ২২৫ থানি গ্রাম লইয়া এক একটি থানা, প্রতি গ্রাম ৪৩৩ ভন এবং প্রতি থানার প্রায় লক্ষ লোকের বাস।

এই উপবিভাগগুলির মধো যশোহর, থুল্না ও বাগেরহাট সহর ভৈরব নদের উপর; মাগুরা ও ঝিনাইদহ নবগঙ্গার উপর; নড়াইল চিত্রানদীর উপর ও বনগ্রাম ইচ্ছামতীর উপর অবস্থিত। সাতক্ষীরা কোন নদীর উপর সংস্থিত নহে। পূর্ববন্ধ গ্রেণিটোর রেলওয়ের সেন্ট্রাল বা মধাবিভাগে বনগ্রাম, যশোহর ও খুল্না তিনটি প্রধান টেশন; থুল্না হইতে প্রীমারে নড়াইল, মাগুরা ও সাতক্ষীরায় যাওয়া যায়; নৃতন যশোহর-ঝিনেদহ লাইট রেলওয়ের প্রান্ত তেশন ঝিনাইদহ। খুল্নার অন্তর্গত আলাইপুরে আচারবাকী ও ভৈরবের সঙ্গম হল হইতে বাগেরহাট পর্যান্ত ১৫৷১৬ মাইল পথে যাতারাকাকী ও ভৈরবের সঙ্গম হল হইতে বাগেরহাট পর্যান্ত কঠে এ পথে নৌকা যায় কিন্তু ভাঁটার সময় ইাটিয়া যাওয়া ভিন্ন উপার নাই। খুল্না হইতে বাগেরহাট পর্যান্ত রেলওয়ে খুল্বার প্রস্তাবনা চলিতেছে।



যশোহর ও পুল্না উভর জেলার পৃথক্ :কালীগঞ্জ ও মাতর। আনহে । পুল্নার কালীন
পঞ্জ বিক্লাবেশে, উহার সলিকটে প্রভাপানিত্যের রাজধানী ছিল। বশোহরের কালীবিঞ্জিয়
ভাগে, ইহার সলিকটে নলভাকা রাজবাটা।

নামের উৎপত্তি।— যশোহর নামের উৎপত্তি লইয়া অনেক কথা আছে; এখন যে সহরকে যশোহর বলে, তাহা হইতে প্রাচীন যশোহর নগরী বহুদ্রে অবস্থিত। প্রাচীন সেই প্রকৃত যশোহর এখন খুল্নার মধ্যে। সে যশোর এক প্রাচীন স্থান এবং সেস্থান যে রাজ্যের মধ্যে সংস্থিত, তাহারও নাম যশোর। ইহার নাম যশোর হইল কেন, তাহা নিশ্চিতরূপে বলা যার না। আরবী জসর বা যশোর শব্দে সেতু বুঝার। যশোর জলবহুল দেশ বলিয়া এই অর্থে তাহার নামোৎপত্তি হইরাছে, ইহাই স্থপ্রসিদ্ধ কানিংহাম সাহেবের ধারণা। * কিন্তু মুসলমান অধিকারের পূর্ব্ধ হইতে যশোর নামের উল্লেখ দেখা যার। যশোর একটি পীঠস্থান; পীঠস্থানের তালিকার যশোরের নাম আছে। † অস্তান্ত প্রাচীন সংস্কৃত গ্রন্থে যেখানে যশোর রাজ্যের প্রস্ক আছে, সেখানে 'যশোর' নামই দৃষ্ট হয়; "যশোহর" নাম নাই।‡ প্রতাপাদিত্য এই যশোর রাজ্যের রাজা ইইরাছিলেন। বর্ত্তমান খুল্না জেলার দক্ষিণাংশে অবস্থিত কালীগঞ্জ হইতে ১২ মাইল দক্ষিণে স্থলরক অঞ্চলে তাঁহার রাজ্ধানী ছিল। সেরাজ্বানীর নামও যশোর। বু এই রাজধানীর অন্তর্গত ঈশ্বরীপুর নামক স্থানে এখন যশোরেখনী দেবীর পীঠমন্দির ও মৃত্তি আছে। গ প্রতাপাদিত্যের পিতা

-কবিরামকৃত "দিবিজয়প্রকাশ" পু"খি।

"বলে!রদেশবিবরে যমুনেচছাপ্রসক্ষম ধুমবট্টপত্তনে চ ভবিষ্তিত ন সংশরঃ ॥"

—ভবিষ্যপুরাণ

^{* &}quot;The name of Jasar, the bridge, shows the nature of the Country which is completely intersected by deep water course." Cunningham's Ancient Geography p. 502.

^{† &#}x27;'যশেরে পাণিপল্লঞ্চ দেবতা যগোরেশরী।

চণ্ডশ্চ ভৈরবো বত্র তত্র সিদ্ধিমবাপ্পুরাৎ ॥"

– তত্তচডামণি

 [&]quot;উপবজে যশোর দিদেশাঃ কাননদংযুতাঃ জ্ঞাতব্য। নৃপশার্ক বছলাফ্ নদীযুচ ॥"

[্]প ঘশোরেশরীকে মানসিংহ লইরা যান বলিরা যে প্রবাদ আছে, তাহা মিখ্যা কথা। যথা-হানে তাহার প্রমাণ দেওরা যাইবে।

বিক্রমাদিতোর রাজস্ব কালে প্রথম 'যশোহর' নাম হয়। যশোরে বনস্থলী আবাদ করিয়া তথায় নগরী স্থাপনাকালে প্রতাপাদিতোর খুল্লতাত স্ক্কবি বসস্তরায় যশোরকে যশোহর করিয়াছিলেন, ইহাই বিশ্বাসযোগ্য এবং এইরূপ প্রবাদও প্রচলিত রহিয়াছে।

বঙ্গের শেষ পাঠান নৃপতি দায়ুদ্দাহ মোগল কর্ত্ব পরাজিত হইয়া পলায়ন করিবার সময় রাজধানী গৌড় ও তাগুার অধিকাংশ রাজকীয় ধনরত্ন বিক্রমানিতার হস্তে সমর্পণ করেন। কেহ কেহ এইরূপ অন্থমান করেন যে নবপ্রতিষ্ঠিত যশোরনগরী এইরূপে গৌড়ের যশঃ হরণ করে বলিয়াই উহার নাম হইয়াছিল—যশোহর। * আবার কেহ বলেন যে গৌড়ের সহিত তুলনা না করিয়াই কোন বাক্তি এ রাজ্য "অতাধিক যশস্বী"—এই অর্থে "যশোহর" নাম দিয়াছিলেন। † কিন্তু যশোহর নাম নৃতন দেওয়া হয় নাই। পূর্বের ইহার একটা নাম ছিল এবং সে নাম যশোর। রামরাম বস্থার মতে "দক্ষিণ দেশে বশহর নামে এক স্থান" ছিল। যাহা হউক, এই নাম যশোর বা বিশোহর' যাহাই থাকুক, উহাতে বিশেষ অর্থ হইত না। এজন্থ বিক্রমাদিতাের রাজত্বকালে উহাকে বিশুদ্ধ ও অর্থসঙ্গত করিবার জন্মই উহার 'যশোহর' এইরূপ নামকরণ হইয়া থাকিবে। তথন হইতে পণ্ডিত ও কুলাচার্যাগণের উক্তিতে যশোহর নাম দেখা যায়।‡ তবুও তদবধি যশোহ ও যশোহর শব্দ একই অর্থে বাবসত হইয়া আসিতেছে।

প্রতাপের পতনেরপর বিজয়ী মানসিংহ বসস্তরায়ের পুত্র কচুরায় বা রাষবকে 'বশোরজিং' উপাধি দেন। অলদিনে তাঁহার রংশীয়গণের রাজত্ব ফুরাইলে, যশোর রাজ্যশাসনের জন্ম একজন ফোজদার নিযুক্ত হন। উহাকে যশোরের ফোজদার বিলিত। তিনি স্বাস্থ্যহানির ভয়ে স্থলরবন অঞ্চল ত্যাগ করিয়া, কপোতাক-কৃলে তিনোহিনীতে বাস করেন। এই সময়ে চাঁচড়ার রাজা মনোহর রায় যথন ক্রমে

হরিশ্চ ল তর্বালয়ার-কৃত "রাজা প্রতাপাদিতা চরিত।"

West-land's Report of Jessore, p. 23.

[্]ব পণ্ডিত-রচিত কবিতার :—

"বংশাহরপুরী কাশী দীর্ষিকা মনিকর্দিকা।"

ঘটক কারিকার—"দেনাপ্তিরূপ। না বংশাহরপুরক্ষকা।"

অন্তত্ত্ব—''রাজবিন্নবেন গৌডাৎ বংশাহরং সুমাগতঃ।"

নানাস্ত্রে যশোর রাজ্যের অধিকাংশ প্রপণার জমিদার হইলেন, তথন নবাব সায়েস্তা থার আমলে যশোরের ফৌজদারের পদ উঠিয়া পেল। তবুও চাঁচড়ার রাজবার্টার সন্নিকটে বলিয়া মুড়লীতে যশোরের একটি ফৌজদারী কাছারী রহিল। কিন্তু মনোহর রায়ই তথন যশোরের প্রকৃত রাজা ছিলেন।

ইংরাজেরা রাজাধিকার করিয় যথন দেওয়ানী বিভাগ মূশিদাবাদ হইতে কলিকাতার আনিলেন. তথন যশোহর রাজ্যেরও একজন রাজস্বদংগ্রাহক বা কালেক্টরকে এই মূড়লীতে পাঠাইয় দিলেন (১৭৭২)। কিন্তু ছই বংসর পরে এ বাবস্থা উঠিয় গেলেও, ১৭৮১ অকে শান্তিরক্ষার জন্ত পূর্বকালীয় ফৌজ্লারের মত একজন শাসক বা মাজিষ্ট্রেট নিযুক্ত হইয় আসিলেন। তথন যে আফিস-আদালত হইল, তাহাকে লোকে মূড়লীর কাছারীও বলিত, যশোরের কাছারীও বিলিত। ১৭৮৯ খৃঃ জকে এই সকল কাছারী পার্শবর্তী কস্বা বা সাহেবগঞ্জে স্থানাত্ররিত হইল, তথন হইতে এই সাকল কাছারী পার্শবর্তী কস্বা বা সাহেবগঞ্জে স্থানিত্রিত হইল, তথন হইতে এই সানের নাম হইল—যশোর Jes ore ।

বউন্সান যথোহর সহরের নামের ইহাই উৎপত্তি। একলে লোকে সাধারণ কথায় ইহাকে যথোর বলে, এবং বাঙ্গালা ভাষায় বিশুদ্ধ করিয়া যশোহর লেখা হয়। 'বশোর' প্রাচীন কথা; 'বশোহর' বিশুদ্ধ বা অর্থসঙ্গত হুইলেও আধুনিক কথা। আমরা এ পুস্তকে অনেকস্থানে বিশেষ কোন পার্থকা না ধরিয়া উভয় নামই বাবহার করিব। প্রাচীন রাজ্যের প্রসঙ্গ হুইলে তাহাকে সাধারণতঃ যশোরই বলিব, বশোহর বলিব না; আধুনিক জেলাকে যশোর বা যশোহর বলিব এবং আধুনিক সহরকে সাধারণতঃ যশোহরই বলিব, যশোহর বলিব না।

খুল্না।—যশেহরের মত খুল্না নামের উৎপত্তি সম্বন্ধে বিশেষ কোন বিশাসযোগ্য কারণ পাওয়া যায় না। প্রবাদ কতই আছে বটে, কিন্তু কোন প্রবাদেরই বিশেষ তিত্তি আছে বলিয়া মনে হয় না। তব্ও প্রবাদগুলির ছই একটি আলোচনা করা উচিত। পূর্ব্বকালে এখানে স্থান্তর্বনের ভীষণ জঙ্গল ছিল। ইংরাজ আমলেও খুল্নাকে নয়াবাদ বা নৃতন আবাদ বলিত; অবচ উত্তর পারে "সেনের বাজার" প্রাচীন স্থান। সেই পূর্ব্বকালেও লোকে কাঠ কাটিতে স্থান্তর্বনে যাইত; তথন এদেশের বাবহারোপ্যোগী যাহা কিছু কাঠ স্থান্তর্বন ইইতেই আসিত। পশ্চিমদেশে বা বিদেশে বাণিজ্যার্থ যাইতে হইকে, স্থান্তর্বনের মধা দিয়া যাইতে হইতে। নয়াবাদেই বসতির শেষ এবং বনেছ

মারস্ত। দিবাশেষে নৌকার বহর নয়াবাদের নিমে মাসিয়া রাতিবাস করিত, রাতিতে কেছ নৌকা খুলিতে সাহসী হইত না। লোকে বলে যে, রাতিতে কোন ছঃসাহসিক মাঝি নৌকা খুলিতে গেলে জললের মধ্য হইতে বন-দেবতা তাছাকে বারণ করিয়া বলিতেন "খু'লো না, খু'লো না।" বেস্থান হইত এই "খু'লো না" শব্দ হইত বা কোন একবার হইয়াছিল, তাহারই নাম হইয়া গেল—খুল্না। হয়ত খুল্না শব্দের অক্তর-বিস্তাস হইতে কয়না-কৌশলেই এইরপ বুবেপত্তি বাহির হইয়াছে।

"ক্বিক্ষণ" কৃত চণ্ডীকাবা ইইতে জানি যে পূর্ব্বে বর্দ্ধনান জেলায় অজয় নদের তটে—উজানি (উজ্জিয়িনী) নামে নগর ছিল। এই ছানে এক সাধু বা সওলাগর বাস করিতেন; তাহার নাম ধনপতি। তিনি গুধু নামে ধনপতি নহেন; বঙ্গ ভরিয়া বাণিজ্য করিয়, তিনি প্রকৃত কাজেও ধনপতি হইয়াছিলেন। ধনপতির ছই স্ত্রী লহনা ও খুলুনা। যেমন সর্ব্বে হয়, ছই স্ত্রীর মধ্যে বিবাদ ও প্রকৃতির পার্থকা যথেষ্ট ছিল; জ্যেষ্ঠা লহনা ক্র্রা ও হিংসাপরায়ণা, কনিষ্ঠা খুলুনা সাধ্বী ভক্তিমতী আদর্শ স্ত্রী। একদা ধনপতির অমুপস্থিতি কালে লহনা তাহার সতা খুলুনাকে যৎপরোনান্তি কন্ত দিয়াছিল। উহাতে খুলুনার চরিত্র পরীক্ষিত হইল এবং স্বামী ফিরিয়া আসিলে, অচিরে তাহার স্থাবের দিনও ফিরিল। খুলুনা তথন স্থামি-হন্দয়ের বোল আনা অধিকার করিয়া আদরিলী হইয়া বসিল। প্রবাদ প্রচিত আছে যে এই খুলুনা নাম হইতেই 'খুলুনা' নামের উৎপত্তি হইয়াছে।

পূর্ব্বে বণিক্গণের বাণিজাতরী সর্ব্বদেশে ফিরিত। তাহারা খদেশী পণ্যে প্রকাণ্ড প্রকাণ্ড "ডিঙ্গা" সাজাইয়া দেশে বিদেশে সমৃদ্রপারে বছস্থানে বাণিজ্য করিতে যাইত এবং বিদেশের অর্থে দেশের ধনর্দ্ধি করিত। এক সময়ে এই বণিক্দিগের মধ্যে সর্ব্বাপেক্ষা প্রধান ও প্রতিপত্তিশালী ছিলেন, চাঁদ বা চক্সধর সওদাগর। ধনপতি পিতৃশাদ্ধকালে তাঁহারই চরণে প্রথম অর্ঘা দিয়াছিলেন। চাঁদ সওদাগরের বাণিজাতরী না যাইত, এমন স্থান নাই। বঙ্গের দক্ষিণকুলে প্রধান প্রধান সমস্ত বন্দর বা বাজারের সহিত তাঁহার কারবার চলিত। সেই সকল স্থানে নানাভাবে তাঁহার কীর্ভিচিক্ থাকিয়া যায়। উহারই পরিচয়ে আজ্ব বছজেলার লোকে রাড়ীর কাছে চাঁদ সওদাগরের বসতিস্থান ছিল বিদয়া দাবি

^{* &}quot;স্বার অধিক বটে চাদ মহাতেজা," তাই ধনপতি "মাণে জল দিল চাদ্বেশের চরণে"
কবিক্তা চন্ত্রী, ইতিয়ান প্রেস সংস্করণ, ১৮০ পৃষ্ঠা।

করিতেছেন। * ধনপতিও এই একই প্রকার সওদাগর, 'চাদবেণের' মত তাঁহারও বিস্তৃত কারবার ছিল। দক্ষিণদেশে যেথানে বসতিব শেষ ও বনের আরম্ভ, সেইরূপ অনেক স্থানে ইহাদের কীর্তি-চিহ্ন দেখিতে পাওয়া যায়। খুল্না জেলায় কপিলমুনি এক অতি পুরাতন স্থান। সেখানে প্রাচীন কাল হইতে মুনির আশ্রম ও কপিলেখরী দেবীর মন্দির ছিল। ধনপতি সেখানে বাণিজ্যার্থ আসিয়া উহার দক্ষিণে লহনা-খুল্লনার নাম প্রতিষ্ঠা করিয়া যান। এখনও কপিলমুনি হইতে দক্ষিণ মুথে কাটিপাড়া যাইবার পথে বর্ত্তমাম ডিষ্টাক্ট বোর্ডের রাস্তান্ধ এক স্থানে 'লহনা খুল্লনার' পুল ও বিল আছে।

সন্তবতঃ ধনপতি সওদাগর কপিলেখরী নামের অন্তকরণে নয়াবাদের প্রান্তে ভৈরবকূলে তাঁহার প্রিয়তম। স্থার নামে খুল্লনেখরী নামে চণ্ডীদেবীর এক মন্দির প্রতিষ্ঠা করেন। খুল্লনা দারাই প্রথম বণিক্ সমাজে চণ্ডীদেবীর মাহাক্মা ব্যাখ্যাত হইয়াছিল। এই খুল্লনেখরী হইতেই খুল্না নামের উৎপত্তি হইয়াছে বোধ হয়।


কোম্পানীর আমলে রেণী নামক † এক দৈনিক ঘটনাচক্রে বর্ত্তমান খুল্নার পূর্ব্ব পারে তালিমপুর গ্রামে আসিয়া খুলনেশ্বরীর মন্দিরের সন্নিকটে নদীতীরে বসতি স্থাপন করেন ‡ এবং নীল, চিনি প্রভৃতি দ্রব্যের বিস্তৃত বাণিজ্য খুলেন। যথাস্থানে ইহার পৃথক্ বিবরণ প্রদত্ত হইবে। ক্রমে নিকটবর্ত্তী প্রবল জমিদার শিবনাথ ঘোষের সহিত তাঁহার ভীষণ বিবাদ হয়, শান্তিরক্ষার জন্ম কোম্পানি কর্ত্তক তথন রেণী ও শিবনাথের বাড়ীর মধ্যস্থানে "নয়াবাদের থানা" স্থাপিত হয়।

অচিরে যথন ঐ বিবাদ রীতিমত যুদ্ধ বিদ্যোহে পরিণত হয়, তথন খুল্না নামে এইস্থানে একটি সব্ভিভিসন্ স্থাপিত হয় (১৮৪২ খৃঃ) বঙ্গদেশের মধ্যে খুল্নাই প্রথম সব্ভিভিসন্; তদবধি এই নাম চলিয়া আসিতেছে। পূর্ব্ধে রূপসা একটি ক্ষুদ্র থাল ছিল; উহা এক্ষণে প্রকাণ্ড নদীর আকার ধারণ করিয়া নয়াবাদ ও প্রাচীন খুল্নাকে বর্ত্তমান খুল্না সহর হইতে পৃথক্ করিয়া ফেলিয়াছে।

শ্রীযুক্ত রায়সাহেব দীনেশচল সেন প্রণীত 'বঙ্গভাষা ও সাহিং]" ১৭৪ পৃষ্ঠা।

⁺ William Henry Sneyd Raincy of the 3rd Buffs.

[‡] বর্তমান পুল্না সহরের পূর্বণারে তা লমপুরে রেণীসাহেবের নূতন বাড়ীর উত্তর পূর্বে **কোণে** নদীকুলে আমরা বিথ্যাত থুল্নেখরীর মন্দির দেগিয়াছি। উহ। আজ ৩-০২**দর ছইল নদীগর্ভ ইই-**রাছে। একণে থুল্নেখরী কালিকা আরও কিছু পূর্বেদিকে গ্রামের কোণে পূর্বব**্পু**জিভ **ইই**তে**ছেন।**



नश्ना-थ्रह्मनात्र भून।

৮ পৃঃ ।

শ্রীসতীশচন্দ্র মিত্রের যশোহর-ধুলনা ইতিহাদের **জন্ত**

Printed by K. V. Seyne & Bros.

দ্বিতীয় পরিচ্ছেদ—বাছিক প্রকৃতি ও বিভাগ।

সাগরাভিমুখিনী গঙ্গা যেস্থান হইতে বামে পদ্মা ও দক্ষিণে ভাগীরথী নামক চুই প্রধান শাথায় বিভক্ত হইয়াছে, সেই সন্ধিন্তান হইতে সমুদ্রকুল পর্য্যন্ত এই উভয় শাখার অন্তর্মন্ত্রী ভূভাগ একটি ত্রিভুজাকৃতি ধারণ করিয়াছে। পৃথিবীর মধ্যে গঙ্গার একটা বিশেষত্ব আছে; হিমালয়ের মত বছবিস্তৃত, উচ্চতম, চিরত্যারারত পর্বতমালার সহিত গঙ্গারমত এমন ঘনিষ্ঠ সম্বন্ধ অন্ত কোন নদীব নাই। হিমালয়ের গাত্রধোত জলরাশি শত শত নিঝ রিণীপথে গঙ্গার দেহপুষ্টি করে এবং অপরিমিত পর্বতিরেণু লইয়া তাহাকে উপহার দেয়। পৃথিবীর মধ্যে এমন অধিক পর্বাতরেণুও অন্ত কোন নদী বহন করে না; এবং এমন ভূমিগঠনের ক্ষমতাও অন্ত নদীর নাই। এই রেণু-সমষ্টি জলসংযোগে পলিমাটী হয়; গঙ্গা ও তাহার শাথাসমূহ সেই পলিমাটী বহন করিয়া স্রোতের পথে চুই পার্শ্বে রাখিয়া রাথিয়া ভূমি রদ্ধি করিতে করিতে চলিয়া যায়। সেই পলি দিয়াই গঙ্গা স্বীয় বাহুদ্বরের মধ্যবর্ত্তী ত্রিকোণ ভূভাগ গঠন করিয়াছে। উহাকে আমরা ইংরাজীর অনুকরণে ব'দ্বীপ বলি; এই ব'দ্বীপকে গঙ্গোপদ্বীপ বলাই সঙ্গত। পদ্মার বাম ভাগে ঢাকা জেলার দক্ষিণাংশ, মেঘনা ও ব্রহ্মপুত্রের মোহানাস্থিত প্রদেশ এবং ভাগীরথীর পশ্চিমকূলে মেদিনীপুরের দক্ষিণভাগ এই একই প্রকার পলি দ্বারা গঠিত। এই সমগ্র ভূভাগের প্রাক্কৃতিক <mark>অবস্থা ও প্রকৃতি একই প্রকার ধরা</mark> যাইতে পারে।

উক্ত ব'ৰীপ যে কেবলমাত্ৰ পদ্মা ও ভাগীরথী বেষ্টিত, তাহা নহে। উহার মধ্যভাগেও অনেকগুলি নদী উক্ত উভর শাখা হইতে আসিরা দক্ষিণাভিমুখে সমুদ্রে পড়িয়াছে এবং তাহারা এই গঙ্গোপৰীপকে পূর্ব্বপশ্চিমে কতকগুলি ভাগে বিভক্ত করিয়াছে। পূর্ব্বদিকে গৌরী-মধুমতী, মধ্যস্থানে মাথাভাঙ্গা-কপোতাক্ষ, পশ্চিম দিকে যমুনা-ইচ্ছামতী উক্ত পদ্মা বা ভাগীরথী হইতে নির্গত হইমা সমুদ্র পর্যান্ত প্রবাহিত হইতেছে।* একণে মধুমতীর পূর্ব্বর্ত্তী অংশ ঢাকা বিভাগের অন্তর্গত এবং গৌরী-মধুমতী ও ভাগীরথীর মধ্যবর্ত্তী অংশকে প্রেদিডেন্সী বিভাগের মধ্যে আবার যে অংশ প্রধানতঃ

^{*} গৌরীকে সাধারণত: গোরাই, গড়াই বা গড়ই বলে।

যমুনা-ইচ্ছামতী ও মধুমতীর মধ্যবর্তী তাহাই আমাদের আলোচ্য যশোহর-খুল্না।

এই যুক্ত জেলাকে নদীর প্রবাহ দারা উত্তর দক্ষিণে দীর্ঘ ভাবে তিনটি বিভাগ করা যায়। পূর্কাসীমা মধুমতী, তাহা হইতে কুমার-নবগঙ্গা-চিত্রা প্রভৃতি নদীশ্রেণী পর্যান্ত একভাগ, উক্ত নদীশ্রেণী হইতে কপোতাক্ষ পর্যান্ত দিতীয় ভাগ, এবং কপোতাক্ষ হইতে যমুনা-ইচ্ছামতী পর্যান্ত তৃতীয় ভাগ। প্রধানতঃ এই চারিটি নদীমালা দারা উভয় জেলার জল-নিঃসরণ কার্য্য সম্পন্ন হয়। এই তিন-টির প্রত্যেকভাগে উত্তর হইতে আরম্ভ করিয়া দক্ষিণ দিকে ক্রমশঃ নিম হইয়া গিয়াছে, এবং ক্রমশঃ লোক সংখ্যা কমিয়াছে।

আবার পূর্ব্ধ পশ্চিমে দীর্ঘভাবেও এই ভূভাগকে তিন অংশে বিভক্ত করা যায়। যশোহরের উত্তর সীমা হইতে প্রধানতঃ ভৈরব নদ পর্যান্ত উত্তর ভাগ; চবিবশ পরগণা জেলার বস্করহাট হইতে খুল্নার বাগেরহাট পর্যান্ত একটি কালনিক রেখা টানিলে, ভৈরব নদ হইতে সেই রেখা পর্যান্ত মধ্যভাগ এবং সেই রেখা হইতে সমুদ্রকৃল পর্যান্ত দক্ষিণ ভাগ। ইহার মধ্যে উত্তর ভাগ প্রান্ত সবই যশোহর জেলার মধ্যে পড়িয়াছে; মধ্যভাগ যশোহর ও খুল্না উভয় জেলার মধ্যে প্রায় ভূলাংশে বিভক্ত হইয়াছে; এবং দক্ষিণ ভাগ অর্থাৎ স্কুলরবনাংশ সমস্তই খুল্না জেলার অন্তর্ভুক্ত।

এই তিন ভাগের প্রস্কৃতি সম্পূর্ণ ভিন্ন। উত্তরভাগে জমি অত্যন্তইচ্চ, লোকসংখ্যা অধিক, উন্থান যথেষ্ট, আম কাঁঠাল থেজুর তাল প্রভৃতি ফলরক্ষপুর বেশী এবং তাহাতে উপযুক্ত ও উৎক্রপ্ত ফল দেয়; কিন্তু এ অংশে শহ্যক্ষেত্র, বা মংস্তপূর্ণ বিল ঝিল অধিক নাই; শহ্যক্ষেত্র যাহা আছে, তাহাতে ধান্ত অপেক্ষা নানাবিধ কলাই ও সরিষা, ধনিয়া প্রভৃতি রবিশশ্র অধিক জন্মে। মধ্যভাগে জমি অপেক্ষাকৃত নিম্ন ও লোকসংখ্যা অপেক্ষাকৃত কম, উন্থানভাগ অধিক নহে; তাল, থেজুর, স্থপারি, নারিকেল বেশ জন্মে বটে, কিন্তু আম কাঁঠাল ভাল ফলে না। বিশেষতঃ আমে পোকা ও অমাধিক্য জন্ম উহা এক প্রকার অথাত্য। এ অঞ্চলে ধান্তক্ষেত্র অধিক, এবং যেখানে জমি বারমাস জলপ্লাবিত না থাকে, সেখানে স্কামাসে প্রচুর ধান্ত হয়। কিন্তু কলাই প্রভৃতি ফ্লল এ অঞ্চলে একপ্রকার হয় যা বিদিলেও অত্যুক্তি হয় না। এদিকে যেমন বিল ও জলা জমি বেশী, তেমনি

মংস্থাদিও প্রচুর পরিমাণে জন্মে। দক্ষিণভাগে জমি অত্যন্ত নিয়, বৎসরের অধিকাংশ সময় জলময়ই থাকে; লোকসংখ্যা অতি সামান্ত, প্রবল নদীর ছই কুলে বাতীত অন্তন্ত প্রায় লোক বাস করিতে পারে না এবং সেরপ লোকের বসতিও বড় অধিক দূর পর্যান্ত বিস্তৃত হয় নাই। এ ভাগের অধিকাংশ ভীষণ জঙ্গলে আবৃত। এই জঙ্গলকে স্থান্তর্বন বলে। স্থান্তর বনের রক্ষের প্রকৃতি অন্তন্থান হইতে সম্পূর্ণ পূথক্। এ অঞ্চলে লোকালয়ের পরিচয় দিতে নারিকেল জাতীয় ছই চারিটী রক্ষ বাতীত অন্ত উভান-রক্ষ জন্মে না বলিলেও চলে। যাহা আছে, সকলই শক্ত এবং আলানি কাঠের গাছ। তবে বেখানে স্থান একটু পলির বলে উচ্চ হয়, সেথানে মহয়ে বল ও কৌশলে খাপদসত্বল স্থানে আয়রক্ষা করিয়া 'বাদা' বা জঙ্গল কাটিয়া 'আবাদ' বা শক্তক্ষেত্র প্রস্তুত করিতেছে। এবং সেই বহুর্গের পতিত নবাবিষ্কৃত অকর্ষিত ক্ষেত্রে বীজমুষ্টি নিক্ষেপ করিলে, শক্তের স্থাণ হাতে করিয়া বাদ করে।

উত্তরভাগে নদী মরিতেছে, জমি 'জলগণ্ড' বা বন্ধজলে দৃষিত এবং দেশ 'অজন্মা' হইতেছে। নানাবিধ রোগে ও মহামারীতে স্থায়িভাবে বসতি করিয়াছে, অধিবাসিগণ প্রাণের ভয়ে দ্রে সহরে পলায়ন করিতেছে, ফলে লোক সংখ্যা কমিতেছে। বহুদিন হইতে যশোহর জেলার এই লোকক্ষয় দেখিয়া সকলেই শঙ্কাকুল হইয়াছেন। মধ্যভাগে পৃর্বাংশের কিছু উন্নতি ও পশ্চিমাংশের কতকটা অবংপতন অলক্ষিত না থাকিলেও, মোটের উপর বিশেষ কিছু হ্লাসর্দ্ধি দেখা বায় না। দক্ষিণভাগে জমি 'উঠিতেছে'; শশুক্ষেত্র বিস্তার লাভ করিতেছে, উত্তর দিক্ হইতে আক্রান্ত হইয়া স্থন্দর্বন যেন ক্রমশঃ দক্ষিণে সরিয়া যাইতেছে। নৃতন রোগপীড়া নাই, হিংস্রের উৎপাত দিন দিন কমিতেছে; শশুক্র লোভে বসতির আয়তন ও লোক সংখ্যা প্রবল বেগে বাড়িয়া চলিতেছে।

সকল দেশের একটা প্রকৃতি এই দেখা যায়, ষেস্থানে বছদিন লোকের বাস ছিল, মানব-সমৃদ্ধি থেখানে বছদিন লীলা করিয়াছে, সেস্থান কালে দৃষিত হয়, জঙ্গলাকীণ হইয়া বসতির অযোগ্য হয়, মাগুষ কতক ধ্বংস প্রাপ্ত হয় এবং অবশিষ্ট চলিয়া যায়। সমৃদ্ধ পল্লী বা সহর খাপদ-সঙ্গুল হইয়া পড়ে। প্রাকৃতি-দেবী বড় পরিবর্ত্তনপ্রিয়। আলোচ্য যুক্ত জেলায় ইহা বেশ দেখা যায়। উত্তরভাগে ষেধানে রাজপাট, প্রাচীন সহর বা সভ্যতার স্থান ছিল, হঠাৎ কোন দৈব ছর্ষোগ বা মহামারী উপস্থিত হইয়া, প্রায়ই ভীষণ জঙ্গলে আর্ত হইয়ছে এবং বাছ ও বস্তুশুকরের বাসভূমি হইয়ছে, আর দক্ষিণভাগে বেখানে জঙ্গল ছিল, মামুষ গিয়া দেখানে বন কাটিয়া, আবাদ করিয়া, বাসাবাটী প্রস্তুত করিতেছে। নদীগুলিও গতি পরিবর্তন করিয়া এইরূপ নৃত্ন নৃত্ন স্থানকে প্রতিপত্তি দান করিতেছে। মহম্মদপুর, সেধহাটি, বেনাপোল, অভয়নগর, পয়গ্রাম কস্বা বা হাবেলী-বাগেরহাট প্রভৃতি প্রাচীন স্থানের বর্তমান অবস্থা দেখিলে ভীত ও বিশ্বিত হইতে হয়, আবার নড়াইল, কালিয়া, খুল্না, সেনহাটি, বনগ্রাম, মোরেলগঞ্জ প্রভৃতি স্থানের উদ্ধত অবস্থা দেখিলে আনন্দের উদ্ধ হয়।

গঙ্গার সমস্ত উপদ্বীপ বিভাগই নদী-মাতৃক দেশ। বিশেষতঃ যশোহর ও খুল্না। এ অঞ্চলে নদীই দব। নদীই দেশকে বাসোপযোগী করিয়া সভ্যতা আনিয়াছে, বাণিজ্য বিস্তার করিয়। মন্থ্যাবাসকে সমৃদ্ধ করিয়াছে, উন্থান ও শস্ত-ক্ষেত্রের হরিৎ ছটায় সমুদ্ধ পল্লীর সৌন্দর্য্য বৃদ্ধি করিয়াছে। দেহে যেমন শিরা ও ধমনী. এ দেশে তেমন নদনদী। শিরা বিকল হইলে যেমন দেহ-যন্ত্র আচল হয় নদীর গতি রুদ্ধ বা পরিবর্ত্তিত হইলেও দেশে নানা বিক্লতি উপস্থিত হয়। তবে প্রতেদ এই দেহের শিরা সহজে বিকল হয় না; কিন্তু এদেশের নদনদী অবিরত পরিবর্ত্তনশীল। যে কোন নদী পর্যাবেক্ষণ করিলে ইহা বুঝা যায়। নদী যেখানে স্থান বা গতি পরিবর্ত্তন করিয়াছে, তাহার চিহ্ন সেখানে নানাভাবে বর্ত্তমান আছে। খাতের পর থাত, এমন ভাবে ক্রমান্তরে ৬।৭টি থাতও কোন স্থানে দৃষ্ট হইবে। আজ নদী একস্থানে বহিতেছে, লোকেরা উভন্ন কূলে বসতি করিয়াছে; আবার নদী সরিয়া গেল, থাত রহিয়া গেল কিন্তু বসতি গেল না ; নূতন স্থানে নদীর কুলে আর এক সারি বসতি হইল। এইরূপে একসারি বসতি, তৎপরে একটি থাত. তাহাতে বর্গাকালে জল হয়, বর্গাস্তে ধান্ত হয়; দে থাতের পর পুনরায় বস্তি. পুনরার থাত। পাড়ায় পাড়ায় এইরূপ থাত সকল উচ্চ নীচ জ্বমিতে পরিণত হইয়া রহিয়াছে।
যমুনা, ভৈরব, কপোতাক্ষ ও নবগঙ্গা এমন যে কত গতি পরি-বর্ত্তন করিয়াছে, তাহার ইম্বন্তা নাই। ইহার জন্ম ঐতিহাদিককে মহান্দ্রমে পতিত হইতে হয়। বেখানে একদিন যোজন-বিস্তৃত নদী-প্রবাহ পণা-বীথিকার মালা পরিয়া দেশকে ঐশ্বর্যা-মণ্ডিত করিয়াছিল, আজ হয়ত সেধানে এক ক্ষীণ বন্ধ জলের খাল মান্তুনের যাতায়াতের পথ বন্ধ করিয়া, অতীতের শ্বৃতি মৃছিয়া ফেলিয়া দে দেশের লোককে কুপম পুক করিয়া রাথিয়াছে। যেখানে তুই তিনটি সমৃদ্ধ গণ্ডগ্রাম পাশাপাশি থাকিয়া কোন রাজা বা শক্তিশালী পুরুষের প্রাচীন আবাদের মহিমান্ধিত হইয়াছিল, আজ এক বিপুল নদী-স্রোত উহাদের মধ্য দিয়া প্রবাহিত হইয়া, সে সকল গ্রামকে এমনভাবে পৃথক্ করিয়া দিয়াছে যে, তথাকার কোন পূর্ব্ব তির করিবার উপায় নাই। অনেক স্থানের প্রাচীন কাহিনী উদ্যাদিন করিতে গিয়া এইরূপ অবস্থা আলোচনা করিতে হইবে।

নদীসমূহ আপনারা যেমন কালের গতিতে বাঁক ফিরিয়া নানা পরিবর্তন আনিরাছে, মান্থবের ক্লিম হস্তক্ষেপও তেমনি অনেক স্থানে অচিস্তিতপূর্ব্ব পরিবর্তন সংসাধিত করিয়াছে। অনেকস্থলে এবিষয়ে মান্থবের বুদ্ধির অপরিপক্ষতা পরীক্ষিত হইরাছে। হয়ত একস্থানে কেহ দেখিলেন, একটি নদী অনেকদ্র ঘূরিয়া আসিয়াছে, কিন্তু কোনস্থানে তাহার ছই অংশ এমন নিকটবর্ত্তী হইয়া পড়িয়াছে, বে ঐ স্থানে সামান্ত দূর পর্যান্ত একটা থাল কাটিয়া দিলে, মান্থবের বাতায়াতের পথ স্থাম ও সংক্ষিপ্ত হয়। অমনি রাজা বা জমিদার তাহাই করিলেন। কিন্তু অল্পনিন মধ্যে এক বিস্তৃত অঞ্চল যেন নদীশৃন্ত হইয়া পড়িল, অথবা বিপরীত দিক্ হইতে স্রোত আসিয়া প্রকৃত নদীকে অচিরে ভরাট করিয়া দিয়া দেশের এক বিষম অনর্থ সাধন করিল। বাগের হাটের নিকটে থাল কাটিয়া এইরূপে ভৈরবের ছর্দ্দশা হইয়াছে। দক্ষিণভাগে কোন কোন স্থানে এইরূপে খাল কাটিয়া পথ সোজা করিতে গিয়া দেশে লোণাজল প্রবেশ করিবার পথ করিয়া দেওয়া হইয়াছে, তাহাতে শস্তু ও পানীয়ের ক্ষতি হওয়াতে, "থাল কাটিয়া লোণাজল চুকান" কথাটা দেশের লোকের একটা অব্যক্ত অমৃতাপকে ভাষাস্তরিত করিয়াছে।


গঙ্গোপদ্বীপে নদ নদীর কার্য্য ছইটি; প্রথমতঃ জলনিঃসরণ ও ছিতীয়তঃ জমির উচ্চতা এবং উর্ব্বরতা বৃদ্ধি করা। বিপরীত জলস্রোতে নদীর বেগ শ্লপ ইইলে, স্থির জলে পলি পড়িয়া ভূমি নির্মাণ কার্য্যটা অত্যস্ত সম্বরতার সহিত সম্পন্ন করে। অনেক নদী এইভাবে পার্যবর্তী স্থানের জমির উচ্চতা ক্রমে ক্রমে বৃদ্ধি করিতে করিতে আপনার থাতই পলি সঞ্চয় দারা এত উচ্চ করিয়া কেলে, যে সংশেষে নদীকে নিজের আনীত পলির বোঝায় নিজেই মজিয়া গিয়া আত্মদাতী

হইতে হয়; তথন প্রথম উদ্দেশ্য বা জল নিজাশন কাগ্য বন্ধ হওয়াতে, নদী দেশের মধ্যে অনিষ্ঠকারক হইয়া পড়ে। অনেক নদী এইরূপে মজিয়া মরিয়া গিয়া "মরাগাঙ্গ" নামে খাত রাখিয়া গিয়াছে। গঙ্গা নামটি বঙ্গদেশে লোকের নিকট এতই মধুর যে তাহারা গঙ্গা বলিতে প্রধানতঃ ভাগারখীকে বুঝিলেও সকল নদীকেই গঙ্গা বা "গাঙ্গ" বলে। আর নদী বেখানে নার্ণকারা হইয়া পড়ে, সেখানে তাহার নাম হয় কালিন্দী বা কালীগঙ্গা। এমন কত শত কালীগঙ্গা যে যশোহর খুল্নার যেখানে সেখানে আছে, এবং প্রাচীন নদ নদীর বিস্তৃতির স্মৃতি জাগাইয়া দিতেছে, তাহা বলিবার নহে।

ভূমি নির্মাণ করাই গঙ্গা বা তাহার শাখা সমূহের প্রধান কার্যা। দে কার্যাের ক্ষেত্র ও মাঝে মাঝে পরিবর্তিত হয়। কোন এক সময় স্থানবিশেষে কতকগুলি নদী মিলিয়া এই জমি নির্মাণ-কার্যা আরম্ভ করে। তথন কতকগুলি নদী প্রবলবেগে সেই দিকে বহে। বামে দক্ষিণে পলি রাথিয়া দেশের প্রকৃতি পরিবর্ত্তন করিতে করিতে, নদীগুলি সরিয়া সরিয়া কর্মক্ষেত্র বাছিয়া লয়। এইরূপে একস্থানের কার্যা প্রায় সমাপ্ত হইলে সেদিকে নদী মজিয়া যায়, স্রোতের জল পায়না। অন্তদিকে পূনরায় কার্যাারম্ভ হয়। এই তাবে দেখিলে যেন দেখা যায় যে যশোহর জেলার পশ্চিমাংশে ও খুল্নার উত্তরাংশে এই পলিসঞ্চয় কার্যা শেষ হইয়াছে। এখন যশোহরের পূর্ব্বপ্রাপ্তে এবং খুল্নার দক্ষিণ ও পূর্ব্ব সীমাণ্যান্ত প্রবল বেগে কার্যা চলিতেছে। এয়ুগে মধুমতী ও নবগঙ্গা সর্বাপেকা কার্যাকারিনী। মধুমতী খুল্নার পূর্ব্ব দক্ষিণ কোণে স্থান্য বন আবাদ করিতেছে। *

এই সকল অবস্থার একটা ধারণা করিতে হইলে এই নদী-মাতৃক দেশের প্রধান সম্পত্তি নদীসমূহের গতিবিধির বিষয় জানা প্রয়োজনীয়। এজন্ত উহার একটি সংক্ষিপ্ত বিবরণী প্রদত্ত হইতেছে।

^{*} Thus the whole river system has been changed; the many rivers that used to flow from north-west to south-east have now their heads closed and the Modhumati sends its waters across their paths, changing the cross streams into principal streams and determining a general south-westward flow of the river currents.



তৃতীয় পরিচেছদ—নদী-সংস্থান।

যশোহর খুনুনার সমতল ভূমি ক্রমে দক্ষিণদিকে নিম। স্থতরাং জলের গতি मक्रावा मिक्स पित्र । नहीं खिलात मर्पा अधिकाः महे पिक्स पारिनी । य प्रहे চারিটি নদী পর্ব্ধ-পশ্চিমে প্রবাহিত আছে, তাহারা বহুধা বিভক্ত হইয়া শুধু দক্ষিণমথী শাথাসমূহের দেহপুষ্টি করে। পূর্ব্বদিক হইতে আরম্ভ করিলে দেখা যায়, কৃষ্টিয়ার সন্নিকটে গৌরী, গোরাই বা গড়ই নদী পদ্মা হইতে বাহির হুইয়া নদীয়া জেলা দিয়া যশোহরে প্রবেশ করিয়া কুমার নদের সহিত মিশে এবং পরে কমারের শাথা বারাসিয়া দিয়া দক্ষিণ মুখে প্রবাহিত হয়। কিন্তু কালে গৌরীর জলপ্রবাহ এত বৃদ্ধিপ্রাপ্ত হয় যে বারাসিয়া হইতে এলেংথালি নামে একটি পুথক শাখা বাহির হইয়া যায়। পূর্কে বারাদিয়ার নিমে মধুমতী নাম ছিল, এখন এই এলেংথালিও বিস্তারলাভ করিয়া মধুমতীর অন্তর্ভুক্ত হইয়াছে। অনেক দূরে আসিয়া যেথানে মাণিকদহের সন্নিকটে মধুমতী ডানদিকে আঠারবাকী শাথা প্রদারিত করিয়াছে, দেখান হইতে ইহা খুল্না জেলার পূর্ব্বদীমা ধরিয়াছে। ক্রমে বাইতে বাইতে ইহার বিস্তার ও বলর্দ্ধির সঙ্গে মধুমতী নাম পরিবর্ত্তিত হইয়া বলেশ্বর হইয়াছে। কচুয়ার সন্নিকটে ভৈরব আসিয়া এই বলেশ্বরে মিশি-য়াছে। বলেশ্বর ক্রমে বিষথালি, পানগুচি, কচা, ভোলা, পাঁকাসিয়া **প্রভৃতি** বহনদীর জলম্রোত লইয়া হরিণঘাটার বিখ্যাত মোহানায় সমুদ্রের আকারে বঙ্গোপসাগরে আত্মোৎসর্গ করিয়াছে।

গৌরী পূর্ব্বে অত্যন্ত প্রবল ছিল। এমন কি ৬০।৭০ বংসর পূর্ব্বে পদ্মার জলোচ্ছ্ াস ইহাকেই প্রধান পথ করিবে বলিয়া আশস্কাও হইয়াছিল। কিন্তু হঠাৎ পদ্মার গতি-পরিবর্ত্তন জন্ত সে আশক্ষা দূর হইয়াছে। অধিকন্ত গৌরী এক্ষণে হীনবীর্ঘ্য হইয়া পড়িয়াছে। যাহা বাকীছিল, কুষ্টিয়ার নিকট রেলওয়ে লাইনের সেতৃ নির্দ্মাণ হওয়াতে, তাহাও হইয়াছে। এক্ষণে গৌরী স্থানে স্থানে মজিয়া আসিতেছে; বৎসরের কতক সময়ে বড় বড় নৌকা চলাচলেরও সম্প্রবিধা উপস্থিত হয়। তবুও গৌরী মধুমতীই যশোহর খুল্নার মধ্যে এক্ষণে ক্রির্বাপেকা প্রবল নদী।

গৌরীর পশ্চিমদিকে মাথাভাঙ্গা নামক শাথা পদ্মা হইতে বাহির হইয়াছে।
নদীয়ার অন্তর্গত আলমডাঙ্গা রেলপ্তরে টেশনের কাছে, এই মাথাভাঙ্গা হইতেই
কুমার নদ প্রবাহিত হইয়া যশোহরে প্রবেশ করিয়াছে। প্রায় ৮০
বৎসর পূর্বের মাথাভাঙ্গার মূলস্রোত হর্বল হওয়াতে কুমারের প্রতাপ থব্ব করিবার
জন্ত উহার মূথে বাধদিয়া বা অন্তোপারে স্রোতের গতি ফিরাইবার চেষ্টা হইয়াছিল।
কিন্তু নদী আপন পথ লয়, পরের বাধা মানে না। স্থতরাং চেষ্টা সফল হয় নাই।
বহুদিন পর্যান্ত কুমার বৎসর ভরিয়া স্থপেয় সলিলপূর্ণ থাকিয়া সর্ববিধ তর্বায় গমনপথ হইত। কিন্তু এখন আর ইহার সে অবস্থা নাই।

কুমারের পর মাথাভাঙ্গা হইতে আর একটি শাথা বাহির হইয়াছিল, তাহার নাম নবগঙ্গা। কিন্তু দেই মুথের কাছে, চুরাডাঙ্গার পূর্ব্বদিকে এক বিলের মধ্যে পড়িয়া কালে মূল মাথাভাঙ্গার সহিত উহার সংযোগ নষ্ট হইয়া যায়। স্থতরাং তথা হইতে নদী মজিয়া জলজবক্ষে পরিপূর্ণ হইয়া রুদ্ধগতি হইয়াছে। মাগুরা নগরের উত্তরাংশে মুচিখালি নামক একটি খালের দ্বারা নবগঙ্গার সহিত কুমারের মিলন হইয়ছিল। কুমার এই সংযোগের ফলে নবগন্ধাকে পুনর্জীবিত করিয়াছে। কুমার পূর্ব্বমুখে গৌরীতে মিশিয়া গিয়াছে এবং অপর পার হইতে বাহির হইয়া চন্দ্রনা নামক পদ্মার অন্ত শাখার সহিত ইহার সংযোগ হইয়াছে ৷ কুমার পুনরায় আত্ম প্রকাশ করিয়া ফরিদপুর জেলায় বহুদুর পর্যান্ত বিস্তৃত আছে। নবগঙ্গা কুমারের জলে সঞ্জীবিত হইয়া স্বচ্ছসলিলে উভয়কুলে সোণা ফলাইয়া, যশোহর জেলার উত্তরাংশের যথেষ্ট শ্রীবৃদ্ধি সাধন করিয়াছে। মাগুরা, বিনোদপুর, সত্রাজিৎপুর, নহাটা, সিপ্নিয়া, নলদী, রায়গ্রাম, লক্ষ্মীপাশা, লোহাগড়া প্রভৃতি বিখ্যাত স্থানগুলি নবগঙ্গার ক্রীড়াভূমির ফল। মাগুরা হইতে ৩।৪ মাস কাল এবং বিনোদপুর হইতে লোহাগড়া পর্যান্ত বারমাস সমভাবে নবগন্ধায় নৌকার যাতায়াত চলে। ইহার "স্থধাসম স্বাহ্ননীর" স্বাস্থ্যের পক্ষে পরম উপাদেয়। ইহার তীরভূমিতে অপরিমিত শশু ফলে। থাম্ম দ্রব্যের হুর্গতি দর্ব্বত্ত হুইলেও এখনও নবগঙ্গার পার্শ্ববর্ত্তী স্থানের লোকে মংস্থ হুগ্নের তেমন অভাব অমুভব করে না। লোহাগড়া হইতে নবগঙ্গা সোজা কালনার নিকট মধুমতীতে মিশিয়াছিল, কিছ সে অংশ একণে মজিয়া গিয়াছে, কারণ বাণকাণা নামক একটি শাখা এই স্থান হইতে নবগঙ্গার জল লইয়া কালিয়ার পার্শ্ববর্তী কালীগঙ্গায় মিশাইতেছে i এবং কালীগন্ধা গাজির হাটের নিকট আতাই নদীতে আত্মসমর্পণ করিরাছে। আতাই গিন্না থুল্নার নিকট ভৈরবে পড়িন্নাছে।

নবগঙ্গা যেথানে মাথাভাঙ্গা হইতে জন্মলাভ করিয়াছিল, তাহারই ২০৩ মাইলের মধ্যে, জন্মরামপুর রেলওন্নে ষ্টেশনের উত্তরে চিত্রা নামক আর একশাথা বাহির হয়। ভাগা উভয়েরই এক। নবগলার মত চিত্রাও মাথাভালার জল-স্রোতে বঞ্চিত হইয়া, সাঁকাবাঁক। ভাবে পর্ব্ব-দক্ষিণমুখে প্রবাহিত হইয়াছে। অন্তদিকে ঝিনাইদহের উত্তর পশ্চিম কোণে মথুরাপুরের সন্নিকটে ব্যাঙ্ নামক এইটি ক্ষুদ্র স্রোত নবগঙ্গা হইতে বাহির হইয়া নলডাঞ্চার পার্শ্ব দিয়া কিছুদুরে আসিয়া ফটকী * বা যত্নথালি নাম ধারণপ্রস্কৃক চিত্রার সহিত মিশিয়াছে। ঘোড়া-থালি + নামক একটি থনিতথাল নলদীর নিম্নে নবগঙ্গাকে নড়াইলের উত্তরস্থিত চিত্রা ও ফটকীর সন্মিলিত প্রবাহেরসহিত মিশাইয়া দিয়াছে। এতদূরে আসিয়া চিত্রা নবগঙ্গার স্রোতঃ-সলিলে দঞ্জীবনী শক্তি লাভ করিয়াছে এবং বিস্তীর্ণ নদীরূপে নড়াইলের পার্শ্বদিয়া চলিয়া গিয়াছে। কিছুদূরে আফরার থালয়ারা চিত্রার সহিত ভৈরবের সংযোগ হইয়াছে এবং মূল চিত্রা গিয়া গান্ধীরহাটের সন্নিকটে আতাই নদীতে মিশিয়াছে। এইক্লপে চিত্রা ও কালীগঙ্গার দারা নবগঙ্গার জলভার বহন করিয়া এই প্রাচীন মাল্যার্থাল বা আতাই নদী কতকজল মুজদ্থালি নামক সোজাপথে ভৈরবকে দিয়াছে এবং অবশিষ্ট জলভার লইয়া গিয়া নিজে সোলপরের নিকট ভৈরবে বিলীন হইয়াছে। এক্ষণে দেখা যাউক এই যে কত নদী আসিয়া যে ভৈরবে মিশিতেছে, সে ভৈরবের গতি বা অবস্থা কি।

ভৈরবই এতদঞ্চলের সর্ব্বপ্রধান স্থানীর্ঘ নদ। "সিন্ধু-ভৈরব-শোণ" একত্রযোগে নদ-পর্য্যায়ে পড়িয়া ইহার মাহাত্ম্ম কীর্ত্তন করিতেছে। ইহা একটা তীর্থনদ। কত নদীর নামে অন্য নদীর নাম আছে, কিন্তু ভৈরবের নামে অন্য কোন নদ ভারতবর্ষে নাই। এক সমরে ইহা নামের অন্তর্মপ ভরন্ধর মৃত্তিতে বিরাজ করিত। উপদীপে বড় নদীগুলি প্রায়ই মোটামুটি দক্ষিণমুখী। ভৈরব তাহা নহে। স্থভরাং

⁺ ণ্টকীকে কেহ কেই কটকী (Westland) কেই নটকী (Deare) করিয়াছের। See westland's Report, P. II.

[†] এই থালের সন্ধিকটে পূর্বের এক বণিক পরিবার বাস করিছে। তাহাবের ব্রবাণিজ্যতারী ছিল। তাহারা বহু অর্থ ব্যৱে এক রাজিতে এই থাল কাটিয়া বের, এরণ প্রবাদ সাহে।

যাইতে যাইতে বছনদীর সহিত ইহার সন্মিলন হইয়াছে। ভৈরব নানাস্থানে নানা নদীর সহিত আগ্নাছতি দিতে দিতে, নিজে সন্ধৃচিত হইয়া গিয়াছে। স্থতরাং ভৈরবের আর সেদিন নাই।

মালদহের মধ্য দিরং আসিয়৷ শ্রুতকীর্ত্তি মহানদ যেথানে প্রায় পড়িরাছে, তাহারই অপর পারে যেন সেই নদই ভৈরব নাম ধারণপূর্ব্বক বাহির হইরাছে। অনেক দ্র আসিয়৷ ইহা পয়ার অনা একটি দক্ষিণবাহিনী শাথা জলঙ্গীর সহিত মিশিয়াছে। যুক্তপ্রবাহ হইতে মুক্ত হইয়৷ ভৈরব পুনরায় মেহেরপুরের পশ্চিম-দিয়৷ বর্ত্তমান জয়রামপুর রেলওয়ে ঔশনের পশ্চিমে পয়ার আর একটি শাথা মাথাভাঙ্গার সহিত মিশিয়াছে। বর্ত্তমান দশন৷ রেলওয়ে ঔশনের পশ্চিম দক্ষিণ কোণ হইতে একটি প্রকাণ্ড বৃত্তাকার বাকে এই যুক্তপ্রবাহ ঘুরিয়াছিল। ঐ বাকের দক্ষিণ-পূর্ব্ব কোণ হইতে ভৈরব মাথাভাঙ্গা হইতে বিচুতে হইয়া যশোহরে প্রবেশ করিয়াছে। ইহা ক্রমে কোটিচাদপুর পর্যান্ত পূর্ব্বমূথে আসিয়া পরে দক্ষিণমূখী হইয়াছে। ৫০৭ মাইল আসিয়৷ চৌগাছার উত্তরে তাহিরপুর নামক স্থানে ভৈরব দক্ষিণদিকে কপোতাক্ষ শাথা তাগা করিয়া, নিজে পূর্ব্বদিকে প্রবাহিত হইয়াছে। এইস্থান হইতে উভয়নদী অগ্রসর হইতে হইতে ক্রমশঃ প্রবল আকার ধারণ করিয়াছে। যশোহর গুল্নার আর্যাসভাত৷ এই তুই নদী পথে প্রবাহিত হইয়া উভয়ের ক্লে ক্লে সমুদ্ধ ও জানালোক দীপ্ত-পল্লীর স্টে করিয়াছে।

ভৈরব ক্রমাধ্যে বামে দক্ষিণে বারবাজার, মুড়লী কস্বা (বর্ত্তমান যশোহর), বস্তুন্দিয়া, সেথহাটা (জগয়াথপুর), আলিনগর (নওয়াপাড়া), পয়প্রাম (কস্বা), ফুলতলা, দৌলতপুর, সেনহাটা, খুল্না, সেনেরবাজার, আলাইপুর (চাঁদপুর), ফিকিরহাট, পাণিবাট, বাগেরহাট (থলিফাতাবাদ) ও কচুয়া প্রভৃতি প্রসিদ্ধন্তান রাথিয়া বলেখরে মিশিয়াছে । এদিকে কপোতাক্ষ বামে দক্ষিণে গুয়াতলী, চৌগাছা, গঙ্গানন্দপুর বোধথানা, লাউজানি (ব্রাহ্মণনগর) ত্রিমোহিনী, সাগর্কাড়ি, কুমিরা, তালা, কপিলমুনি, রাড়লি কাটপাড়া, চাঁদথালি, বড়দল, আমাদি প্রভৃতি প্রসিদ্ধ স্থানের উন্তবসাধন করিয়া স্থানর বনের মধ্যে থোলপেটুয়ার সহিত মিশিয়াছে । এই সঙ্গমস্থানেই বর্ত্তমান কপোতাক্ষ ফরেষ্ট ষ্টেশন । তথা হইতে মুক্তনদী বিশাল বিস্তার লাভ করিয়া আড়পাঙ্গাসিয়া নামে মালঞ্চ মোহানায় বক্ষোপসাগরে পড়িয়াছে ।

পূর্ব্বেই বলা হইয়াছে যে অনেক সময় আপাততঃ প্রয়োজনীয় একটা স্কুবিধার জনা কোন সহাদয় কর্ত্তপক্ষ একটা খাল কাটিয়া বিষম অনর্থের উৎপত্তি করিয়া-ছেন। ভৈরবের ভাগ্যে এভাবে নান। বিপত্তি হইয়াছে। পদার ২০০ টি প্রধান শাথার সহিত ভৈরবের সংযোগ বলিয়া, ইহাতে যথেষ্ট পার্ব্বতা স্লোত প্রবেশ করিবার স্থবিধা ছিল। কিন্তু ভৈরব তাহাতে বঞ্চিত হইগাছে। সরকারী রিপোর্টে দেখা যায়, যেখানে ভৈরব হইতে কপোতাক্ষ বাহির হইয়াছিল, ১৭৯৪খঃ অবে ঐস্থানে চর পড়িতেছিল। যশোহরের কালেক্টারের চেষ্টার ফলে বাধদারা কপোতাক্ষ-স্রোত বন্ধ করিয়া যশোহর প্রভৃতি সহরের জনা ভৈরবকে অব্যাহত রাধিবার চেষ্টা হয়। কিন্তু হর্দান্ত স্রোতে সে চেষ্টা মানিল না। তাহিরপুরের নিকট বাধটা বাদ দিয়া মূলস্রোত পুনরায় দক্ষিণমুখে কপোতাকে প্রবাহিত হইতে লাগিল। ফলে ভৈরব তুর্বল হইয়া পড়িল। দর্শনা ষ্টেশনের কাছে ভৈরব-মাথাভাঙ্গার চক্রাক্তি বাঁকের কথা বলা হইয়াছে। ২০।২৫ বৎসর পরে নদীয়ার কালেক্টর সেক্স পীয়র সাহেব * একটি ক্ষুদ্র থাল কটিয়া ঐ বাকে মাথাভাঙ্গার পথ সোজা করিয়া দেন। বাঁকের দক্ষিণপূর্ব্ব কোণ হইতে ভৈরব বাহির হইয়াছিল। দোজা পথ পাইয়া সমস্ত জল মাথাভাঙ্গায় চলিতে লাগিল, বাঁধ মজিয়া ভৈরবের সম্বন্ধ একপ্রকার রহিত করিয়া দিল। পদ্মার জল এপথে বড় একটা আসিত না; যাহা আসিত, তাহাও প্রায় সব টুকু কপোতাক্ষ টানিয়া লইত। ফলে ভৈরব অচিরে মরিয়া গেল: বস্থানিকার নিমে যেখানে আফরার খালের দ্বারা চিত্রার জল ভৈরবে আসিয়া পড়িতেছিল, সেই পর্যান্ত ভৈরবে নৌকার চলাচলও বন্ধ হইয়া গেল। আফরার থালের মুথ হইতে আলাইপুর পর্যান্ত ভৈরব বেশ বিস্তৃত রহিল। এথনও সেইরূপ আছে। কারণ মুজদথালি, আতাই, আঠারবাঁকী দিয়া পার্বতা স্রোত উহার পুষ্টি দাধন করিতেছিল। এবং এই জলোচ্ছাদ ণইয়া ভৈরব ভীষণ বিক্রমে আলাইপুর হইতে যাত্রাপুর পর্যান্ত প্রবাহিত ছিল।

পশর একস্থলর বনের নদী। উহার সহিতকোন দিকে পার্ব্বতা জলের সংযোগ ছিল না; ইহাতে সমুদ্রের জোরার ভাটা খেলিত মাত্র। পশরতখন খুলনার পূর্ব্বদিকৈ বিল পর্যান্ত বিকৃত ছিল। উহার সহিত ভৈরবের কোন সম্বন্ধ ছিল না। বিশ পাবলা হইতে শোশান ঘাটের খাল' নামক ক্ষুদ্র নদী খুলনার দক্ষিথে সৈরার গাঙ্কে

[·] Westland's Report P. 5.

মিশিরাছিল। এবং এই মৈরারগান্ধ কাঁচিপাতা নামক প্রবল শাথা দিরা খুরিরা পশরে পড়িয়াছিল। শ্রীরামপুরের ঘােষ বংশের পূর্বপুরুষ রামনারায়ণ ঘােষ * স্থানমে "নারায়ণ থালির" থাল কাটিয়া কাঁচিপাতার সহিত পশরের সােজা সংযােগ করিয়া দেন । সেই সংযােগস্থান হইতে ভৈরব নদ মাত্র ৩ মাইল দ্রবর্ত্তী ছিল। রূপসাহা † নামক এক ব্যক্তি একটা ক্ষুদ্র পয়ঃপ্রণালী কাটিয়া ভৈরবের সহিত কাঁচিপাতার সংযােগ সাধন করে। সেই ক্ষুদ্র থাল অচিরে ভীষণমূর্ত্তি পরিপ্রহ করিল। ভৈরবের জল পথ পাইয়া ভীষণবেগে প্রবাহিত হইয়া ক্ষুদ্রথালকে প্রবল নদী করিয়া দিল। উহাই এথনকার রূপসা নদী। একে দক্ষিণ দিকের সােজাপথ, তাহাতে পশরের মত বিস্তৃত সমুদ্রগামী নদী। আঠার-বাকী ও ভেরবের জল আলাইপুর পার না হইয়া অধিকাংশই রূপসা পথে ছুটিল। জােরারের জল রূপসা হইতে উঠিয়া পূর্ব্ব পশ্চিমে উভয়মুথে ভেরবে ও কতক আঠার-বাকীতে প্রবেশ করিতে লাগিল। স্থতরাং আলাইপুর পার হইয়া সে মুথে অধিক জল যাইত না। সেদিকে ভৈরব তেমন বেগবান্ রহিল না। তথন ভিরব সে অঞ্চলে বিস্তীর্ণ নদী ছিল। এখন যাহাকে আলাইপুরের থাল বলে, তাহা প্রাচীন ভিরবের স্ক্ষরেথ। যাত্র।

যাত্রাপ্রের কাছে ভৈরবে উত্তরাবর্ত্তে একটি বৃত্তাকার বাঁক ছিল। উহার প্রাচীন থাত এখনও বর্ত্তমান। ইংরেজ আমলের প্রারম্ভে ঐস্থানে অল্লন্তর থাল কাটিয়া পথের সংক্ষেপ করা হয়। পুনরায় বাগেরহাটের সন্ধিকটে দড়াটানার থাল কাটিয়া দক্ষিণদিকে আর একটি সংযোগ সাধিত হয়। এইরূপে বাগেরহাটের দক্ষিণদিকে জ্যোররে জল আসিয়া কতক আলাইপুরের দিকে, কতক কচুয়ার দিকে বাইতে লাগিল। একদিকে কচুয়া হইতে মধুমতীর জ্যোয়ার ও অনাদিকে আলাইপুর দিয়া রূপসার জ্যোয়ার ভৈরবে প্রবেশ করিয়া ত্ইদিকে নদীকে দোটানা

শ্রীরামপুরের ঘোষ বংশে রামনারায়ণের পর ৬।৭ পুরুষ ইইয়াছে। সম্ভবতঃ ১৭৩০ বৃঃ
ক্রেক্সের নিকটবর্ত্তী সময়ে নারায়ণথালি থনিত হয়।

[†] রূপটাল নাহা নামক একজর সোঁলুক ব শীর বণিক্ পুলনার কাছে নেমকের কারবার করিত। দে দক্ষিণ দেশীর লবণের ভার কাঁচিপাতা মোহানা হইচ্চে সোজা পথে ভৈরবের. তীরে আনিবার জন্ম একটি কুম থাল থনন করিয়। দেয়। উহা প্রথমে এত কুম ছিল বে লাক ব্রিক্সাপার হওরা বাইত। নড়াইলের উত্তরে ধোনদা নামক স্থানে রূপটাদের বাস ছিল।

করিয়৷ ফেলিল। ফলে কচুয়৷ হইতে আলাইপুর পর্যান্ত ভৈরবের সমন্তটাই মিজিয়৷
আসিতেছে। গবর্ণমেন্ট হইতে ছইবার অপরিমিত অর্থবারে এই নদী কাটাইবার
ব্যবস্থা করায়ও বিশেষ ফল হয় নাই। প্রকৃত রোগ না সারিলে সাময়িক উপশান্তিতে কাজ হয় না। যশোহর খুল্নার সর্ব্ধ প্রধান নদী ভৈরব এই ভাবে নানা
স্থানে ভরাট হইয়া গিয়া ছইজেলার কত যে অপকার করিতেছে, তাহা বলিবার
নহে। কপোতাক্ষে শৈবাল জমিয়৷ জলজ উদ্ভিদাদির জন্য শীর্ণকায় হইলেও তাহাতে
এখনও নৌকাদি চলে, ঝিকারগাছা হইতে দক্ষিণ দিকে স্থীমারও যাতায়াত
করিতেছে; কিন্তু ভৈরবের মাত্র বস্থানিরা হইতে আলাইপুর পর্যান্ত ৩০মাইল পথে
রীতিসত নৌকা পথ আছে।

কপোতাক্ষের মত বেতনা (বেগবতী বা বেত্রবতী) তৈরবের একটি শাখা।
ইহা যশোহরের অন্তর্গত মহেশপুরের সন্নিকটে তৈরব হইতে বাহির হইরা,
বর্ত্রমান রেলপ্টেশন নাভারণ (বাদবপুর), উলসী, সামটা, বাঘআঁ চড়া প্রভৃতি
স্থানের পার্শদিয়া খুল্নার সীমায় প্রবেশ করিয়াছে এবং "বুধহাটার গাঙ্গ" বলিয়া
পরিচিত হইতে হইতে নিমে আসিয়া খোলপেটুয়া হইয়াছে। থোলপেটুয়া নানাদিক্ হইতে গালঘেদিয়া প্রভৃতি অসংখা ছোট বড় শাখার সহিত যুক্ত হইয়া
বিশাল বিস্তার লাভ করিয়াছে এবং ১৬ মাইল এই ভাবে গিয়া কপোতাক্ষে
মিশিয়াছে। তথা হইতে স্থিলিত প্রবাহের নাম আড়পাঙ্গাদিয়া।

কপোতাক হইতে হরিহর ও ভদ্র নামক আর ছইটি শাখা পূর্ব্য দিলি মুথে
প্রবাহিত ছিল। এক সমরে হরিহরের কুলে লাউজানি, মণিরামপুর ও কেশবপুর
প্রভৃতি প্রসিদ্ধ স্থান শোভা পাইত। হরিহর গিরা ভদ্রে মিশিরাছিল, কিন্তু ভদ্রের
আশ্রেরে মৃত্যুর হাতে নিস্তার পার নাই। কারণ ভদ্রনদ নামে ভদ্র হইলেও তথন
কাজে বড় অভদ্র ও তরঙ্গসন্থল ছিল। মঙ্গলবারের মত ভদ্রনদও নামে এক,
কাজে অন্য ব্যাইয়া দিত। প্রাচীন কালে এই ভদ্রই ছিল বশোর রাজ্যের
উত্তর সীমা। ভদ্রের সহিত কপোতাক্ষের সঙ্গম স্থানে বিমোহিনী ও মীর্জ্ঞানগরে
মোগল ফোজদারের রাজধানী ছিল, সেধান হইতে ভদ্র কেশবপুর ব্যুরিরা মারী
হনা, ভরতভারনা প্রভৃতি স্থানের শোভা বর্জন করিয়া এক বিত্তীর্ণ স্কর্মের
বছ সামাজিক কারন্থ ব্রান্ধণের বসতি করাইরাছিল। আভ্নেত্র ভূমুরিরা বাছিল
প্রদেশকে কাণা করিয়া নিজে এক প্রকার মন্তিরা সিরাছে। বিক্ ভূমুরিয়া হাছিল

ভদ্র স্থানরবনের নদী— এখনও পূর্ক্রং অভদ্র । নানা শাথা বিতার করিয়া অবশেষে ভদ্র শিবসা ও পশরে মিশিয়া গিয়াছে । শিবসাও একটি রীতিমত স্থানর বনের বড় নদী । ইহাও পশরের মত সমুদ্র পর্যান্ত গিয়াছে । সমুদ্রে পড়িবার পূর্কে ইহার নাম হইয়াছে মজ্জাল । উপর হইতে ঢাকি, ভদ্র, মেনস ও কয়রা প্রভৃতি অনেকগুলি ছোট বড় নদী শিবসার পুষ্টিসাধন করিয়াছে । ঢাকি ইহাকে পশরের সহিত মিশাইয়াছে, এবং মেনস ও কয়রা ইহাকে কপোতাক্ষের সহিত সংযুক্ত করিয়া দিয়াছে ।

এতকণ আমরা ভৈরব কপোতাক ছাড়িয়া পশ্চিম দক্ষিণ দিকে অগ্রসর হইতে পারি। ভৈরব কপোতাক যেমন দেশ জুড়িয়া বহুনদীর সহিত সম্বন্ধ পাতাইরাছে, এ দিকে ইচ্ছামতী-যমুনাও তেমনি বহু বিস্তৃত প্রতিপত্তি প্রতিষ্ঠিত করিরাছে। মাথাভাঙ্গা ভৈরব ছাড়িয়া দক্ষিণ দিকে আসিয়া কৃষ্ণগঞ্জের কাছে চুণীনাম ধারণ করিয়াছিল। সেইস্থান হইতে উহার একটা শাথা বাহির হইয়া পূর্ব্বমুখে আসিয়াছে, তাহার নাম ইচ্ছামতী। ইচ্ছামতী এখনও মরে নাই, সে এখনও প্রার জল লইয়া স্বচ্ছ-সলিলে গভীরধাতে প্রবাহিত হইতেছে। ইচ্ছামতী বর্ত্তমান বনগ্রাম রেলষ্টেশনের পূর্ব্বদিক্ দিয়া আসিয়া, গোবরভাঙ্গার দক্ষিণে টিপি নামক স্থানে যমুনার সহিত মিশিয়াছে।

এ বমুনা সেই বমুনা। যে বমুনার তটে ইন্ত্রপুরীতুলা রাজপাট বসাইয়া কুরু-পাওবে ইন্ত্রপ্র হতিনাপুরে রাজস্র যজ্ঞ সুসম্পন্ন করিয়াছিল, যে কালিন্দীতটে বংশীবটে প্রীক্লকের প্রেমধর্মের অপূর্ব্ব লীলাভিনর হইয়াছিল, যে বমুনার তীরে দিল্লী-আগ্রায়, মথুরা-প্রয়ায়ে, হিন্দু-মুসলমান, বৌদ্ধ-খুষ্টান, মোগল-ইংরাজ, শত শত রাজরাজেশ্বর সমগ্র ভারতের রাজদণ্ড পরিচালনা করিতেন, এবং এখনও করিতেছেন, এ সেই একই বমুনা। সেই তমালকদম্বপরিশোভিত, কোকিল-কুজন-মুথরিত, নির্মাল সলিলে প্রবাহিত তিলালিনী স্থন্দর বমুনা।" সকলেই জানেন বমুনাও সরস্বতী বিভিন্ন পথে আসিয়া প্রয়াগ বা এলাহাবাদের নিম্নে গঙ্গার সহিত মিনিয়া গিয়া বিল্পা হইয়াছে। এইজন্ত প্রয়ালের নাম যুক্তাত্রিবেণী। স্বয়্রত্রনিণী গঙ্গা সেই যুক্তপ্রবাহে বলদ্প্র হইয়া বঙ্গভূমিতে ভাগীর্থী নাম্বে সপ্রথাম পর্যাম্ব আসিয়াছে। সেথানে আসিয়া সরস্বতী দক্ষিণে ও য়মুনা বামে বিমুক্ত হইয়া

প্রতিরাছে। * এজন্ম সপ্তগ্রামের নিকট সেই সঙ্গমস্থলের নাম মুক্তব্রিবেণী। এট ত্রিবেণী হইতে যমুনা কিছুদুর পর্যান্ত চবিবশ পরগণা ও নদীয়া এবং তৎপরে চবিবশ পরগণা ও ঘশোহরের সীমা নির্দেশ করিয়া, পূর্ব্ব দক্ষিণ দিকে প্রবাহিত হইয়াছে। যমুনা যেথানে ভাগীরথী হইতে প্রথম উঠিয়াছে. তথাকার সেই তুরবস্থ প্রাচীন থাত সাধারণের নিকট বাঘের থাল বলিয়া পরিচিত হইয়াছে। যমুনা ক্রমে চৌবেড়িয়া, জলেশ্বর, ইচ্ছাপুর ও গোবরডাঙ্গা ঘুরিয়া, দক্ষিণ দিকে পদ্মা নামক শাখা বিস্তার করিয়া, অবশেষে চারঘাটের কাছে টিপির মোহানায় ইচ্ছামতীর সহিত মিলিত হইয়াছে ৷ যমুনার যেন একটা স্বভাব এই যে, সে অধিক দূর পর্যান্ত একক অগ্রসর হইতে পারে না; একবার বেমন গঙ্গায় ডবিয়াছিল, এবার তেমনি ইচ্ছামতীতে আত্মসমর্পণ করিয়া নিজের নাম বিলুপ্ত করিয়া দিল। ইচ্ছামতী সোজা দক্ষিণ দিকে চলিল। বস্তরহাট (বসিরহাট), টাকী, খ্রীপুর, দেবহট্ট, বসস্তপুর ও কালীগঞ্জ দিয়া একেবারে ইচ্ছামতী ৬ যশোরেশ্বরীর পীঠমন্দিরের সন্নিকটে যশোর নগরের পাদদেশে পৌছিল। দেখানে আবার যমুনা পুথক হইল, দে ডানদিকে আসিয়া দক্ষিণ মুখে সমূদ্রে পড়িয়াছে, এবং ইচ্ছামতীও বামভাগ্নে গিয়া কদমতলী, মালঞ্চ প্রভৃতি নাম পরিবর্ত্তনপূর্বক সাগরে মিশিয়াছে। এই "যমুনেচ্ছা-প্রসঙ্গমে" প্রতাপাদিতোর ইতিহাসপ্রদিদ্ধ যশোহর ও ধুমঘাটের রাজধানী ছিল। যথা-স্তানে তাহার বিস্তত বর্ণনা দেওয়া হইবে।

বসন্তপুর হইতে এই বমুনা একদিন যে এমর্যা, প্রতিভা ও রণরক্ষ দেখিরাছিল, আজ তাহার চিহ্নগুলিও বিল্পুপ্রার। যে যোজনবিস্তীর্ণ নদী প্রতাপের যশোরত্র্নের সমীপে অসংথ্য নৌবাহিনীর মান্তলসজ্জার কণ্টকিত দেখা যাইত, আজ সে অভিশপ্ত নদী একগাছি শীর্ণকার থালের মত বদ্ধজলপূর্ণ রহিয়াছে। কালের বিপর্যায়ে যমুনার অনেক বিপর্যায় হইয়াছে এবং তজ্জন্ত খুল্নার দক্ষিণাংশবাসী লোকসমূহের অবস্থান্তর ঘটিয়াছে। বসন্তপুরের উত্তরাংশে যমুনা-ইচ্ছামতী হইতে কালিক্ষী

> প্রছায়নগরাদ্যামো সরস্ত্যান্তবোদ্ভরে ভঙ্গান্ধিলে প্রয়াগন্ত গলাভো বর্না গভা

নামক একটি কুদ্র শাথা দক্ষিণ দিকে গিয়াছিল। প্রতাপাদিত্যের সময় উহা সাধারণ থালের মত ছিল, বিশেষ প্রবল নদী ছিল না। ইংরাজ আমলে ১৮১৬ খঃ অবেদ ইহা হইতে একটি থাল, কাটিয়া বড় কলাগাছিয়া নদীর সহিত মিশাইরা দেওয়া হয়। ইহাকে সাহেবথালি বলে। ইচ্ছামতার ভাটার জল অনেক পরিমাণে এই পথে সরিষা যাইতে লাগিল, তাহাতে কালিন্দী ক্রমে বড হইয়া উঠিল। ইহার পূর্ব্বে গুডলাাড সাহেব যথন চব্বিশ প্রগণার কালেক্টর. তথন কালীগঞ্জ হইতে একটি থাল কাটিয়া যমুনাকে বাঁশতলী নদী দিয়া খোল পেট্যার সহিত মিশাইয়া দেওয়া হয়; ইহাকে কাঁকশিয়ালীর থাল (বা Goodlad creek) বলে। প্রবাদেশীয় নদীসমূহ এই থাল দিয়া কালিন্দীপথে সহজে কলিকাতায় আসিতে পারিত। সেই জলপথকে আরও সংক্ষিপ্ত করিবার জন্ম ১৮৩০ খুঃ অন্ধে হাসনাবাদের থাল থনিত হয়। এই তিনটি থালের জন্ম বসন্তপুর ও ঈশ্বরীপুরের মধ্যে যমনা-ইচ্ছামতীর ছর্দশা আরম্ভ হয়। এমন সময় ১২৭৪ সালের ১৬ই কার্ত্তিক (১৮৬৭ ১লা নভেম্বর) তারিখে এতদঞ্চলে এক ভীষণ ঝড হয়। উহাতে স্থন্দর বনে এক রাত্রিতে ১২ ফুট পর্যান্ত জল বাড়িয়া ছিল। তাহার পর দিনই দেখা গেল, যমুনার স্রোতের ভীষণ পরিবর্তন হইয়াছে। বালি জমিয়া যমুনার গতি অনেক পরিমাণে মন্দীভূত হওয়ায়, কালিন্দীর জোয়ার যমুনায় প্রবেশ করিয়া উহাকে দোটানা করিয়া দিল। ইহাতে অল্লদিন মধ্যে যমুনা ভরাট হইরা এক প্রকার শুদ্ধ হইরাছে। যমুনার এই আকস্মিক পরিবর্ত্তন ও ভীষণ অবস্থা বছ প্রাচীন তথ্য বিলুপ্ত করিয়া দিয়াছে।

এতক্ষণে আমরা দেখিতে পাইলাম যে প্রকৃত স্থন্দরবনের নদীগুলির কথা ছাড়িরা দিলে, কেবলমাত্র গোরী-মধুমতী, নবগঙ্গা-চিত্রা, এবং ইচ্ছামতী-কালিন্দী গঙ্গার পার্বতা শ্রোত বহন করিতেছে। এই তিনটি মাত্র নদীশ্রোত মিষ্টক্ষল আনিয়া দেশের শোভা সমৃদ্ধি ও উর্ব্বরতা বৃদ্ধি করিতেছে এবং ইহারাই চিরাম্থ্যত প্রথায় গঙ্গার ভূমিগঠন কার্য্যের সহায়তা করিতেছে। কোন প্রকারে ইহাদের গতিক্ষক হইলে, দেশের যে কি গতি হইবে, তাহা নির্ণয় করা ত্বঃসাধ্য।

চতুর্থ পরিচ্ছেদ—

ব'দীপের প্রকৃতি—বিল, বাঁওড়, খাল, দিয়াড়া।

গান্ধেয় ব'ৰীপের প্রধান প্রকৃতি এই, উহা জলকে স্থল করে, স্থলকে উন্নত ও উर्वात कतिया ठानिया याय । व्यवस्य नमी नामा शास्क ना : शास्क स्करन मिगस्ड-বিস্তৃত অসীম সাগর। তাহাতে গঙ্গা প্রভৃতি নদীশ্রোত পড়ে, পলি সঞ্চিত হয়, অবশেষে জল ছাড়িয়া ভূমি উত্থিত হয়। মাঝে মঝে নদী নালা থাকিয়া যায়। कि कृपिन मर्सा नहीं दिन डेक, दर्नाकीर्ग वा मक्साकीर्ग इस, ज्थन नहीं थाएनत বিস্তৃতি কমিতে থাকে। ক্রমে জলধারাসমূহ নানাভাবে গতি পরিবর্তন করে, मर्रा हुड़ा वा हुत दाथिया यात्र : छेटाटक नियांडा, निया, नट, मानिया वा धीन वटन । শেষে এই নৰোখিত দ্বীপ ও প্ৰাচীন ভূখণ্ডের মধ্যবৰ্ত্তী জ্বলখাত বেগহীন হইমা মজিয়া মরিয়া যায়; এবং থাত ভরাট হইয়া জমিভুক্ত হয়, দ্বীপ শুধু নামে মাত্র থাকে। ব'দ্বীপের কার্য্য আরও দূরে সরিয়া চলিতে থাকে। কিছুদিন পর্য্যস্ত বিল, ঝিল, বাঁওড় প্রভৃতি নামে নিয় ভূমিতে জল সঞ্চিত থাকে। আবাদ হইতে লাগিলে কালে তাহাও থাকে না। এইরূপে গন্ধার মোহানা ক্রমশঃ দক্ষিণ পূর্ব-দিকে সরিতেছে। বঙ্গের আয়তন বাডিতেছে, বঙ্গোপসাগরের আয়তন কমিতেছে। থরবেগে কাজ চলিলে, এতদিন বঙ্গুমি আরও অগ্রসর হইত। কিছ তাহা বোধ হয় বিধাতার অভিপ্রেত নহে। সাগরবেলান্ত বনভাগ মধ্যে মধ্যে বসিয়া গিয়া কার্য্যে কিছু বিলম্ব করিয়া দিতেছে। গলা, ব্রহ্মপুত্র ও মেঘনার মোহানার নিকট প্রায় ৪০০ফুট পলি ও বালি জমিয়াছে, কিন্তু তবুও উহা পার্মবর্ত্তী সিম্ববারি হইতে কয়েক ইঞ্চির অধিক উচ্চও নছে।

পার্বত্যতরদিশী আর্থাবর্তের সমতলে পড়িরা ক্রমণঃ মন্দর্গতি হইরাছে ৷ ইহার ১৬০০ মাইল দীর্ঘ গতিপথের মধ্যে শেষ ৩৩০ মাইল গদা নিম্নতে প্রবেশ

^{* &}quot;Four hundred feet of delta deposit now covers this island built up by the three rivers of Bengal and yet its surface is often but a few inches above the sea." Imperial Gazetteer of India, Vol. I, p. 25.

করিয়াছে। সেথানে ইহার গতি মৃত্ বলিয়া সমুদ্রে পড়িবার পুর্বে গলা পলির বোঝা নামাইরা যার।
উহা হইতে জমি উড়্ত হইলে মধ্যবর্তী জলভাগ পার্বতা স্রোতের সংযোগ সাধন করিবার জন্ত নদী হইয়াছিল। সে সব আঁকাবীকা নদীপথে পলি বাহিত হয়। উহাছারা ভীরভূমি ক্রমশঃ উচ্চ হইতে থাকে। নদীহইতে দূরবর্তী আংশ সে ভাবে উচ্চ হয় না; নদীতীর উচ্চ ও তাহার পরবর্তী স্থান নিয় থাকে। বৃষ্টির জলধারা ভূমিপৃষ্ঠ ধৌত করিয়া নদীতে প্রবাহিত হওয়াই সক্ষত ও স্থাভাবিক। কিন্তু তাহা হয় না, কারণ বোধ হয় তাহা হইলে নিয়ভূমি উচ্চ হইবার আর উপায় থাকে না। বৃষ্টিজল সেই নিয়ভূমিতে সঞ্চিত হইতে থাকে। ইহাতে ভূমিভাগ ধূইয়া লইয়া গেলেও সেথানে মথেপ্ট জল জমে। এই জল নদীতে আনিবার জন্ত স্থাভাবিক বা কৃত্রিম প্রণালীর প্রয়োজন হয়। ইহাই থাল বা নালা। যেথানে স্থাভাবিক থাল থাকে না, সেথানে মহুয়্যে থাল কাটিয়া জল নিঃসরণের ব্যবস্থা করে। যেথানে মহুয়্য-হন্ত তত সবল নহে, সেথানে মধ্যভাগে জল জমিয়া জলাভূমি হয়। উহার নাম বিল। এক নদীর উচ্চ পাহাড় হইতে অন্ত নদীর উচ্চ পাহাড় পর্যান্ত এই সব বিল বিন্তৃত থাকে। যেথানে ছই নদীর দূরত্ব অধিক, সেথানে বিলও খুব প্রকাও।

পলি ছারা জমি জমাইয়। উচ্চ করিতে পারিলেই নদীর কর্ত্তন্য শেষ হয়; তথন নদী ক্রমশং শীর্ণকায় হইয়া গত হয় বা গতি পরিবর্ত্তন করিয়া অন্ত ছানেকার্য্য করিতে থাকে। যেথানে নদী মরিয়া যায়, বা সরিয়া যায়, উভয় ছানেই থাত থাকে। সে থাতে জল জমে। এইয়পে জলপূর্ণ প্রাচীন থাতকে বানোড় বা বাঁওড় বলে; কোন কোন ছানের লোক ইহাকে "গোগ" বা "ঘোগ" বলে। তথু বিল বাঁওড় নহে, নিয় জলাভূমিকে অনেক ছানে "ঝিল," "দোহা" প্রভৃতি নামেও আখ্যাত করে। এইয়প বিল, ঝিল, খাল, বাঁওড় গাঙ্গেয় উপদীপের অবশুস্তাবী পরিণাম। যশোহর-খূল্না জেলায় এই বিল বাঁওড়েয় অভাব নাই। বেখানে নদী আছে, তাহায়ই পার্ম্বে বিল, বাঁওড় বা গোগ্ আছে। আর এনদীমাতৃক দেশে নদী নাই এমন স্থান নাই। যশোহর জেলায় ময়া নদীই হউক, আর খূল্নার বেগবতী নদীসমূহই হউক, নদী সর্ব্যত্ত আছে। সঙ্গে সঙ্গে প্রামে

[&]quot;When the Ganges reaches its delta in Lower Bengal, the fall of the river is so slight, that the current seldom sufficient to enable it to carry its burden, deposs its sit." Ibid.

প্রামে পল্লীতে পল্লীতে বিল বাঁওড়ের অপূর্ব্ব সমাবেশ রহিরাছে। বিল বেখানে উচ্চ হইয়া শশুক্ষেত্রের উপযোগী হয়, তথন তাহা প্রাস্তরে পরিণত হয়। প্রাস্তরকে এদেশীয় লোকে "ডহর" বা ডর বলে।

যশোহর-খুলনায় কোন হ্রদ নাই। অনেক স্থানে এই বিল, ঝিল ও বাওড়গুলি হ্রদের মত বারমাদ জলপূর্ণ থাকে। নদী হইতে বিল বাঁওড় পর্যান্ত বিল্পত স্থানে বাস করাই এদেশের সাধারণ বসতির পদ্ধতি। লোকের অবস্থার সঙ্গে এই বসতির স্থান ভেদেরও একটা রীতি আছে। পাড়াগাঁরে সে রীতি অধিকাংশ ন্থলে এখনও প্রায় একভাবে পরিলক্ষিত হইয়া আসিতেছে। এ অঞ্চলে নদীর পাহাডগুলিই সর্ব্বাপেক্ষা উচ্চ। যে নদী যত প্রবল, যাহার মাটা যত প্রশাসর, তাহার পাহাড তত অধিক উচ্চ। মধুমতীর মত উচ্চ পাহাড় কোন নদীর নাই। মনে করা যাউক, উত্তরে ও দক্ষিণে চুইটি নদী আছে। উভয়ই পূর্ব্ব পশ্চিমে বিস্তত। উত্তরবর্ত্তী নদীর দক্ষিণ পাহাড অত্যন্ত উচ্চ, উহা হইতে ক্রমশঃ দক্ষিণ দিক নিম্ন হইয়া গিয়া একটি বিল হইয়াছে। বিলের ভিতর কতকটা এবং অব্য-হিত উপরে কিছদর পর্যান্ত বর্ষার পরেও বেশ জল পায়, এজন্য সেথানে বেশ ভাল আমন বা হৈমস্তিক ধান্ত হয়। তাহারই উপর উত্তরদিকে, ওধু বর্ষাকালে যেখানে জল পায়,সেখানে আউস ধান এবং কার্ডিক অগ্রহায়ণ মাসে কলাই সরিষা প্রভৃতি রবিশস্ত জন্মে, তরকারীর ক্ষেত হয়, গরুতে ঘাদ থায়। ইহার উপরই কৃষকদিকের বাড়ী। কুষকেরা বাড়ীর ধারে চাষ করে, গরু চরায়। নিকটে বিল, উহা দামদল শৈবালাদিতে সমাকীর্ণ। তবুও তাহা গভীর হইলে ক্লয়কেরা তাহারই জল থায়; সেথানে প্রচুর পরিমাণে মৎস্থ ধরে; গরুর জ্বন্ত ঘাদ কাটে। তালের ডোঙ্গার দেখানকার যাতায়াত চলে। এই সকল নিমশ্রেণীর লোকের ঘরে ধান থাকে, জমিতে কলাই হয়, সরিষা বা তিল ভাঙ্গাইয়া তৈল করে, বিল হইতে প্রচুর মাছ ধরিয়া খার, ছাটের দিন বস্ত্রলবণাদির জন্ম কিছু ধান্ত বা তর-কারী মাথায় করিয়া হাটে যায় এবং মাছের গল্প, ভূতের গল্প ও জমির গল্প ছারা বে উদর পূর্ণ ছিল, তাহা খালাস করিয়া আসে। আর তাহাদের পশ্চাতে বড় নদীর কুলে সভ্য শিক্ষিত, ধনী, বিষয়ী, উচ্চশ্ৰেণীর লোক উন্থানশোভিত বাটীতে সামান কোঠার বা ভাল ঘরে বাস করে, নৌকার পালকীতে সুরবর্জী স্থানের বহিত সমুদ্ বাথে, পোষ্টাফিনে বাদয়া থবরের কাগজ পড়িরা চীন ভরছের ভাগাপনা করে

আর সর্বাদা বাজার বা ডাজারের সহিত সম্বন্ধ রাথিয়া যাহা আর করে,তাহাই থরচ করিরা ঝণগ্রস্ত হয়। নদীকুলে নিত্যন্তন মুক্ত সভ্যতার স্রোত, আর বন্ধ বিলের পার্থে সেই অনাড়ম্বর অপরিবর্ত্তনীয় প্রাচীন পদ্ধতি। নদীতে ও বিল বাঁওড়ে এইটুকু প্রভেদ। তবে দেশের যেমন গতি, তাহাতে সকল নদীই বাঁওড় হইবে; তথন আর কিছুর জন্ম না হউক, অন্তত্তঃ প্রাণের জন্মও হয়ত সেই প্রাচীন পদ্ধতি অবলম্বনীয় হইবে।

ত এইরপে বিলের এ পারেও বেমন, ও পারেও তেমনি। বিলের পরে শশুক্রের, ক্ষেতের পাশে ক্রমকের বসতি, তাহার পরে বাগান, ধনীর বসতি ও সর্বশেষে নদী। হয়ত নদীর অপর পার হইতে আরম্ভ করিয়া পুনরায় এইভাবে লোকের বাস। বেথানে নদী হইতে বিল বছদ্রে সরিয়া পিয়াছে, সেথানেও ২০ মাইলের অধিক দ্রে যায় নাই। নদীতে পারাপারের স্থবিধা থাকে, স্থতরাং এপারের সহিত ওপারের সম্বন্ধ যায় না। কিন্তু বিল যদি থুব বড় হয়, তাহা হইলে এপারে ওপারে সম্বন্ধ পর্যান্ত থাকে না, চলাচলের পথ থাকে না। প্রয়োজন হইলে বছদ্র ঘ্রিয়া নদীপথে আসিয়া বিলের উভয় পারে সম্বন্ধ স্থাপন করিতেহয়।

যশোহর-পূল্নার প্রার প্রত্যেক হুইটি করিরা বড় নদীর মধ্যে বিল দেখা যায়।
তবে স্থান বছদিনের পুরাতন হইলে, বিলের অস্তিত্ব লোপ পার। বিল ক্রমশঃ
শক্তক্ষেত্র হয়, শক্তক্ষেত বসতিস্থান হয়। পুরাতন যশোহরে বিলের সংখ্যা খুব
কম। যশোহরের লোকেরা যে পর্যাপ্ত মংশু পার না এবং তজ্জ্ঞ খুল্নার
মুধাপেক্ষী হয়, তাহার কারণ এই। খুল্নায় বিল অত্যস্ত অধিক; এজ্ঞ যশোহয় অপেক্ষা খুল্নায় অধিবাসীর সংখ্যা কম। খুল্নায় অর্জেক প্রায় স্থল্বর বন।
তাহার কথা এখানে ধরিব না। স্থলর বনের প্রকৃতি সম্পূর্ণ বিভিন্ন। তাহা
পথক্ ভাবেই আলোচিত হইবে। কিন্তু সে স্থলর বন ছাড়িয়া দিলেও খুল্নার
উত্তরার্জিও অসংখ্য বিলে পরিপূর্ণ। আবার যশোহরের বিলগুলি ছোট, অবং
ক্রমশঃ সংকীণ হইয়া আসিতেছে। কিন্তু খুল্নার বিলগুলি যত দক্ষিণে অগ্রসর
হওয়া যাইবে, ততই বিভূত, ততই প্রকাণ্ড। অবশেষে সমস্ত স্থলরবনই এক্টি
প্রকাণ্ড বছবিভূত বিল। পূর্বেই বলা হইয়াছে যে হই নদীর মার্থানে প্রাম্ন
মালার পশ্চাতে সর্ব্বেই বিল আছে। দুইান্তক্রমে মাত্র উহার করেকটি প্রধান্ধ
বিলের নামোরেও করা হাইতেছে।

প্রথমতঃ গোরাই মধুমতী ও নবগঙ্গার মধ্য মাগুরার উত্তর যোগিনী বিল এবং নলদীর পূর্বের ইচ্ছামতী বিল। নবগঙ্গা ও চিত্রার মধ্যে কালিয়ার উত্তর আগরহাটি বিল, চিত্রা ও ভৈরবের মধ্যে যশোহরের উত্তরে জলেশ্বর বিল। বড় বড় বিল সমস্তই খুল্নার মধ্যে। মধুমতী ও ভৈরবের মধ্যে পূর্বাদিকে গজালিয়া নরনিয়া, কাতলি; আতাই, ভৈরুব ও আঠার বাঁকীর মধ্যে বিল কোলা ও বাম্থালি; ভৈরব ও ভদ্রের মধ্যে বিল পাবলা ও ডাকাভিয়ার বিল বিশেষ বিখ্যাত। ভদ্রের দক্ষিণে বে সমস্ত বিল তাহা স্থন্দরবনের অন্তর্ভুক্ত। ইহাদের মধ্যে সাতক্ষীরার পশ্চিমে দাঁতভাঙ্গা বিল ও দক্ষিণে বয়রার বিল সর্ব্বাপেক্ষা বৃহৎ।

প্রার সকল নদীর পার্শেই বাঁওড় আছে। কারণ সকল নদীই কোন না কোন কালে পথ পরিবর্ত্তন করিয়া থাত রাথিয়া গিয়াছে। কোন নদী মরিয়াছে, কোন নদী এখনও সজীব আছে। সকলেরই থাতের চিহ্ন আছে। তন্মধ্যে যে থাত ভরাট হইয়া এখনও শস্তক্ষেত্রে পরিণত হয় নাই, যাহাতে এখনও জল থাকে, তাহাকে বাঁওড় বলে। নদীর গভীরতা সর্ক্ত্রে সমান থাকে না। ছই দিক্ মরিয়া গোলে মধ্যবর্ত্তী এক গভীর স্থানে প্রচুর জল থাকে। সে বাঁওড়ে মংস্থ জন্মে, সময় সময় নোকা চলাচল করে। অনেক বাঁওড়ের জল অতি স্থল্মর, উহা পার্খবর্ত্তী লোকে পানীয়রূপে বাবহার করে। যশোহরে অধিকাংশ নদী মরিয়া অসংখা বাঁওড়ের স্টে করিয়াছে, খুল্নার বাঁওড় তত অধিক নহে। বাঁওড় ও বিল একই কথা। যে বাঁওড়ে যথেষ্ট জল থাকে, কতকটা পরিষ্কৃত, থাকে ভাহাই সাধারণতঃ বিল নানে কথিত হয়।

কোটটাদপুর হইতে বশোহর পর্যান্ত ভৈরব নদ, নগভাসার নিকট বেঙ্নদী, বেনাপোলের পার্থে নাওভাসা নদী এক প্রকার বাঁওড়েই পরিপত হইরাছে। চৌগাছার দক্ষিণে বেড়গোবিশ্বপুরের চারিধারে, চৌবেড়িয়ার চতুর্দিকে বমুনাঃ থাতে, ঝিকারগাছার দক্ষিণে ঝাপাগ্রামের তিন দিকে, তাহিরপুর ও বারবাজারের মধ্যে ভৈরবের উত্তরে প্রকাও প্রকাও বাঁওড় রহিয়াছে। পুন্নাজেলার দেন হাটি গ্রামের উত্তর পশ্চিম কোণে ভাগটি থাতে, বস্থানিয়ার দক্ষিণ পারে জনমার প্রবের মাঝে, ফকিরহাটের পূর্বের আদ্বণ রাঙ্গিনার নির্দির, নরান্টীক্র কর্মপূর্ব বাঁওড় দেখা বাইবেন।

নদী মরিয়া এইরূপে নানাস্থানে ঝিল বা বাঁওড় হওয়ায় দেশের স্বাস্থ্য নষ্ট হইতেছে, বাণিজ্য বন্ধ হইয়াছে এবং জমির উর্বারতা শক্তি বর্দ্ধিত বা নবীভূত ইইতেছে না। ভৈরব, কপোতাক্ষ ও যমুনা মরিয়া যাওয়ায় যশোহর জেলা উৎসন্ন বাইতে বদিয়াছে। ১৮৮১ অব্দ হুইতে ইহার লোকদংখ্যা প্রতিবংদর ক্মিতেছে। ১৯১১ অব্দের লোকগণনার বিবরণী হইতে দেখা গিয়াছে যে যশোহর জেলায় গত ত্রিশ বৎসরে মোট প্রায় ৫৫০০০ হাজার লোক কমিয়াছে. অর্থাৎ শতকরা ৩ জনেরও অধিক লোক কমিতেছে। অমুসন্ধানে দেখা যাইতেছে যে, যশোহরের সকল উপবিভাগে লোকসংখ্যা কমিয়াছে, কেবল নড়াইলে কমে নাই, বরং বাড়িতেছে। এবং এই একমাত্র নড়াইলে চিত্রার মত বেগবতী মিষ্টসলিলা নদী আছে. অস্তু সব উপবিভাগেই অধিকাংশ স্থলে নদী মরিয়া গিয়াছে। ঝিনাইদহে যেথানে সব নদীগুলিই শুদ্ধপ্রায়, সেই স্থানেই সর্ব্বাপেক্ষা অধিক লোক মরিয়াছে। এই মৃত্যুর কারণ ম্যালেরিয়া এবং ম্যালে-রিয়ার প্রধান উৎপত্তিস্থল মৃতনদীগুলির বদ্ধজলপূর্ণ জন্মলাকীর্ণ ও পুতিগন্ধময় প্রাচীন খাত। স্থতরাং লোকক্ষয় নিবারণ করিতে হইলে, নদীগুলির পুনরুদ্ধার একাস্ত প্রয়োজনীয়। কোথায়ও থাত কাটিয়া, কোথায়ও গতি ফিরাইয়া কোন কোন নদীকে প্রবহমান করিতে হইবে। কিন্তু নদীর গতি আপনি না ফিরিলে ফিরান কঠিন। তবে মানুষের বৈজ্ঞানিক চেষ্টায় যে কতক না হয়, তাহা নহে। তাহা না হইলে পশ্চিমাঞ্চলে বা উড়িয়ায় নদীর মুখে কপাট এবং আনিকট (anicut) বা বাঁধের ব্যবস্থা করিয়া গুন্ধনদী জলপূর্ণ করত ষ্টীমার চালান বা বিস্তীর্ণ ভূভাগে ক্ষেত্রের জন্ম জল সঞ্চারের উপায় হইত না। এই জন্ম বশোহরবাসী প্রজাবন সহানয় এবং শক্তিসমৃদ্ধিসম্পন্ন গবর্ণমেন্টের নিকট কিছু প্রার্থনা করে।

সকলেই ভাবিতেছে নদীসংস্কার বাতীত এ বিপদ্ হইতে উদ্ধারের অন্ত উপায় নাই। যম্নার সংস্কার বা ভৈরবের পুনক্ষার জন্ত উভন্ন নদীর শোচনীয় অবস্থার বিষয় কয়েকবার রীতিমত ভাবে গবর্ণমেন্টের গোচরীভূত করা হইয়াছে। খুল্নার জনসাধারণ-সভাও গবর্ণমেন্ট বাহাত্বের নিকট এ বিষয়ে একটি ' প্রস্তাবনা করিয়াছিলেন। গবর্ণমেন্ট এক্ষণে সাড়ার সন্ধিকটে পদ্মার উপর বিরাট্ লোহসেত্ নির্মাণ করিয়া উহার উপর দিয়া পুর্কবন্ধ রেলগুরে চালাইবার ক্রন্স বচকোটী মুদ্রা বার করিতেছেন। এজন্ম পদ্মার বেগ কমাইয়া সেতকে প্রদত্ত করিবার জন্ম উভয় পারে বারমাইল করিয়া তীরভাগ প্রকাণ্ড প্রকাণ্ড প্রস্তর্থণ্ড দারা ঢাকিয়া দেওয়া হইতেছে। কিন্তু তাহাতেও কীর্ভিনাশা পদ্মার বেগ কমিবে কিনা বলা যায় না। তবে এক প্রকারে বোধ হয় এ বেগ কমান যাইতে পারে। যেথানে সেতৃনির্শ্বিত হইতেছে, তাহার অনেক উপরে পশ্চিম-দিকে পদ্মা হইতে মাথাভাঙ্গা, জলঙ্গী ও ভৈরব বাহির হইয়াছে। এই সব নদীর মোহানাই অল্ল বিস্তর মজিয়া গিয়াছে, ভৈরব একবারেই মজিয়াছে: কারণ ইহার মোহানা হইতে পদ্মাই অনেক দুরে সরিয়া গিয়াছে। সেই মোহানার নিকট কিছদর পর্যান্ত ক্ষুদ্র একটি থাত থনন করিয়া দিলে ভৈরব পুনরায় ভীম বিক্রমে বহিতে পারে। ভৈরব বহিলে, কপোতাক্ষও বেগবানু হইবে। তথন ঘশোহর-বাসী ভগ্ন স্বাস্থ্য ও রোগাপহৃত মস্তিক ফিরাইয়া পাইবে, দেশের গতি ফিরিবে, আবার যশোহর পরের যশঃ হরণ করিয়া আত্মপ্রতিষ্ঠা করিবে। ভৈরৰ কপোতাক্ষ উদ্ধার প্রাপ্ত হইলে আর একটি ফল হইবে। এই চুই নদী দিয়া মিষ্টজল স্থন্দরবনে যায় না বলিয়া বৃক্ষাদির অবস্থা থারাপ হইয়াছে। লবণাক্ত জলের সহিত মিইজল না মিশিলে স্থন্দরবনে স্থন্রী, পশুর প্রভৃতি ভাল বৃক্ষ জয়ে না। মধুমতী দিয়া মিষ্টজল যায়, এজন্ম হরিণঘাটা অঞ্চলে উৎকৃষ্ট স্থন্দরীগাছ জন্মে। সেখান হইতে যত পশ্চিম দিকে যাওয়। যায়, জল ততই নিরবচ্ছিন্ন লবণাক্ত. এজন্ত বৃক্ষের অবস্থা থারাপ: চব্বিশ প্রগণার দক্ষিণ পূর্বাংশে শুধু গ্রাণবনই **रहे** टिल्फ. जीन कार्छ रहा ना ।*

স্থলরবনে উৎকৃষ্ট কাঠ উৎপন্ন হইলে, তদ্বারা গঝানেণ্টের প্রভৃত লাভ হইবে; হয় ত বছকাল পরে বায়িত অর্থের পুনরুদ্ধারও ইইতে পারে। না হইলেও অসংখ্য প্রজার জীবন রক্ষার মত রাজার মহৎ কার্য্য আর থাকিতে পারে না।

Owing to its saline character this tract (Sunderbons situated in the 24 Pargannahs District) does not produce a large quantity of the best timber and fuel trees." Khulna Gazetteer, p. 87 See. also p. 82.

পঞ্চম পরিছেদ-অত্যান্য প্রাকৃতিক বিশেষত্ব।

মুত্তিক। - যশোর-খুলনায় কোন পর্বত বা পাহাড় নাই। রাচ বা পশ্চিমাঞ্চলের মত এথানকার মাটী রক্তাভ বা কন্ধরময় নহে। গন্ধার গৈরিকবর্ণ পলিমাটী অল্লাধিক বালুকামিশ্রিত হইলে যে ঈষৎ পাটলবর্ণ হয়, এ অঞ্চলের মাটীর তাহাই সাধারণ রঙ্। যতদূর পর্যান্ত মিষ্টজল যায়, বা পূর্কে যাইত, তত্ত্ব এই মাটীর রঙ্ আছে এবং তত্ত্ব পর্যান্ত পরিমাণে বালুকা দেখা যায়, নদীর তলে, কলে বা চরে খেতবর্ণ বালুকা—উহার জন্ম জল পরিষ্কৃত এবং निष्ठीत कर्फम शांक ना। किन्छ पिक्स नवनान्त नतीत कृत्न जीवन कर्फम. তাহাতে পা দিলে কর্দমে মাত্র্য ডুবিয়া যায় এবং সে গাত্রলিপ্ত কর্দম সহজে ধৌত হইতে চাহে না। ফুলবুবনে বৃক্ষাদি পচিয়া অনেক স্থানে ঘোর ক্রঞ্চবর্ণ মাটী হয়, তাহাই জোয়ারে বাহিত হইয়া উত্তরদিকে পার্বত্য পলিকে ক্লফাভ করিয়া দেয়। এ দেশের মাটী উন্থান বা শস্তের পক্ষে ভাল, কিন্তু উহা প্রাচী-রাদি নির্মাণে ভাল নহে। এজন্ম মৃত্তিকার প্রাচীরবাষ্টত গৃহের সংখ্যা খুব কম। পশ্চিমাঞ্চলে ইষ্টক গৃহ ব্যতীত সব গৃহই যেমন মৃত্তিকার প্রাচীর-বিশিষ্ট, এদেশে তাহা নহে। যাহা অল্পসংখ্যক আছে, তাহা উত্তমভাবে লেপিয়া জলবৃষ্টি হইতে রক্ষা করিতে হয়। দক্ষিণভাগে মাটা অত্যন্ত লবণাক্ত, তদ্বারা প্রাচীর গাঁথিলে অচিরে থসিয়া পড়ে। ইষ্টক প্রভৃতিরও ভাল রঙ্ খুলে না এবং তেমন শক্ত হয় না। পূর্বের যথন ভৈরব প্রভৃতি নদ নদী দিয়া পার্বত্য মিষ্টজল নামিত, তথন মাটা এত লোণা ছিল না; ইট, প্রাচীরও ভাল হইত। পাঠান আমলের বা পঞ্চদশ শতাব্দের যে ইট দেখা যায়, তাহা মোগল আমলের বা যোড়শ ও সপ্তদশ শতান্দের ইট অপেক্ষা অনেক ভাল।

গৃহ— দৈশিক অবস্থান অনুসারে মান্ত্রের গৃহনির্মাণের উপাদানও পৃথক্
হইরা থাকে। মাটার প্রকৃতির সহিত ইহার ঘনিষ্ঠ সম্বন্ধ। ইইক বা মৃত্মর
প্রাচীরের গৃহ বোধ হয় এ দেশের লোকের অবস্থার অনুরূপ নহে।
যশোহর-পুল্নায় বিশেষতঃ খুল্নার দক্ষিণাংশে যেমন স্বল্পব্যের, গৃহনির্মাণ করা
বায়, এমন বোধ হয় কুআপি হয় না। যশোহরে ও খুল্নার উত্তর ভারে

যথেষ্ট উলুখড় পাওয়া যায়, আর খুল্নায় স্থলস্বনে পাওয়া যায়, প্রচুর পরিমাণে গোলপাতা। স্বতরাং ঘরের ছাউনী প্রায় থড় বা গোলপাতা ছায়া হয়। গোলপাতা দত্তা বলিয়া সাধারণের তাছাই ব্যবস্থা। এ অঞ্চলে বাশের অভাব নাই, এবং সে বাশও ভাল এবং শক্ত। কাঁটাল, সোণালি ও তালগাছে খুঁটি হয়, তাহা ছাড়া স্থলবন হইতে স্থলরী, পশূর, আমুর বা গরাণ প্রভৃতি খুঁটির জন্ম আমদানী হয়। পুর্বেষ যত হইত, এখন তত আসে না বটে, কিন্তু তবুও কিছু কিছু আসে; লোকে প্রসার বলে শাল সেওণের দিকে অধিক দৃষ্টি না দিলে আরও আসিত। বাশের কাঁচনী বা ছিঁটে এবং নলের দড়মার বেড়া ভাল, অভাবে য়য় পরচে হোগলাপাতার ব্যবহার হয়। দক্ষিণদেশীয় বিলের মধ্যে নল এবং লবণাক্ত নদীর ধারে. হোগলা অত্যধিক পরিমাণে জন্মে। এই সকল সাধারণের ব্যবহারেপ্যোগী ঘর ভাচাদের শরীরের পক্ষে অস্বাস্থ্যকর নহে।

বায়ু — এ দেশে শীতকাল ভিন্ন সময়ে দক্ষিণদিক্ ইইতে বাভাস বহে।
শীতকালে উত্তরের বাতাস আসে, উহা অতাস্ত ঠাণ্ডা। ঝড় উত্তর ও পশ্চিমদিক্
ইটতে অধিক হয়, এজন্ত বাড়ী প্রস্তুত করিবার সময় ঐ হুই দিকে আড়ালের
বাবস্থা আছে। এ দেশে বায়ুকোণ বা উত্তর-পশ্চিম কোণ বায়ুকোণ্ট বটে,
এবং পশ্চিমাঞ্চলের মত পশ্চিমদিক্ ইইতে মিগ্ধ বাতাস আসে না। বাড়ী প্রস্তুত
করিবার বিষয়ে একটা সাধারণ উপদেশ আছে:—

দক্ষিণে ফাক্, উত্তরে বাগ পূবে হাঁস, পশ্চিমে বাঁশ।

অর্থাৎ দক্ষিণদিকে ফাক বা খোলাস্থান রাখিতে হইবে, উপ্তরে ফল বৃক্ষের উদ্ধান হইবে, পূর্ব্বদিকে পূকুর হইবে এবং তাহাতে হাঁস চরিবে, পশ্চিমে বাশঝাড়ে প্রাচীরের কাজ করিবে। এ প্রণালীতে দক্ষিণদারী বাড়ী করিতে হয়, এ দিকে দক্ষিণে থোলা না থাকিলে বাতাস পাওয়াই যায় না। পূর্ব্বদিকে পূকুর থাকিলে, সে দিকেও অনেকটা খোলা থাকিল এবং প্রাতঃস্থেয়ের প্লিম্ম কিরণ-মালা পাওয়া গোল এবং পূকুরও অন্ধর এবং বাহিরের কাজে লাগিল এবং পশ্চিমপারে ঘাটে বিস্যা হিন্দুদিকের পূর্ব্বমুথ হইয়া সন্ধ্যাহিক করা চলিল। উত্তর্মিকে ধনবিশ্বত বাগানে শীত বায়ু এবং ঝড় হইতে রক্ষা করিল। এই দেশ-প্রচলিত সাধারণ ক্ণাটা এ অঞ্চলের বায়ু চলাচলের প্রকৃতি বুঝাইয়া দেয়। এ দেশের হাওয়া ক্ষাক্র

লবণাক্ত এবং জনীয় বাষ্পপূর্ণ। তজ্জন্ত দেশের সমস্ত জিনিষ্ট ষেন বারমাস কেমন সিক্ত থাকে, শুক্র বা থটুথটে ভাবের একপ্রকার অভাব বলিলেই হয়। এথানে রৌদ্রে কাপড় শুকাইতে বিলম্ব হয়, গ্রীম্মকালে মান্ত্রের গায়ে অত্যন্ত ঘর্ম হয়, এবং ঘামাচি, থোস পাঁচড়া ও দাদ্ প্রভৃতি চর্মারোগ কিছু বেশী। লোণা হাওয়ায় মান্ত্রের শরীর শ্লেমপ্রধান হয়, তজ্জন্ত মান্ত্র্যকে অলস করিয়া ফেলে। এ দেশে শীতকালে লোকে বেশী খায়, বেশী হজম করে এবং অধিক কাজ করে, কারণ তখন লোণা হাওয়া থাকে না। গ্রীম্মকালে তেমন খাইতে পারে না, কাজ করিতে পারে না, শুধু দিবানিজাই সার হয়। লোণা হাওয়ার ক্রিয়া কমাইবার জন্ত লোকে মানের পুর্বের গায়ে প্রচুর পরিমাণে তৈল মর্দ্দন করে। *

জল—লোণা হাওয়া যেমন খারাপ, লোণা জলও তেমনি। ইহা পানীয়ের জন্ম ব্যবহৃত হয় না বটে, কিন্তু স্নানে দোষ নাই: বরং লোণা জলে স্নান কবিলে শরীর ভাল থাকে। এই জন্মই স্বাস্থ্যের জন্ম সমুদ্রমানের ব্যবস্থা হইয়া থাকে। লোণাজলে চর্ম্মরোগ একট বাড়ে বটে, কিন্তু অন্ত রোগ খুব কম হয়। যশোহরে বদ্ধজলে ম্যালেরিয়া বাসা করিয়াছে বটে, কিন্তু এখনও সে দক্ষিণাঞ্চলে যাইতে অনেকটা ভয় পায়। লোণা জল হাওয়ায় মামুষের শরীরের রঙ্ক তামবর্ণ করিয়া দেয়, গঙ্গার তটবর্ত্তী সে কমকান্তি এই স্থন্দরবনের রাজ্যে নাই। লোণা হাওয়ার মত লোণা জল সর্বত্ত যায় নাই: উত্তরে ভৈরব পর্যান্ত লোণা জল গিয়াছে, তাহার উত্তরে নদীর জল মিষ্ট। চিত্রা, নবগঙ্গা, কমার বা গোরাই নদীর জল অতীব উপাদেয়। ভৈরবের দক্ষিণে নদীপথে ঘাইতে হইলে যেমন পানীয় জল সঙ্গে লইতে হয়, উত্তরদিকে তেমনি ওধু জ্ঞানট মানুষকে তথ্যি দেয়। নবগঙ্গা প্রভৃতি নদীর তলে ও চডায় বালকা অধিক, এজন্ত জল স্ফটিকবৎ দেখায়। কপোতাক্ষের জল এখনও উত্তরাংশে কপোত-চক্ষুর মত নির্মাল। একপ্রকার ক্ষ্ণগতি হইলেও যমুনা এখনও উত্তরাংশে নির্মালসলিলা। দক্ষিণদেশীয় নদীমাত্রে শুধু কর্দ্দম, জল ঘোলা, নদীর কুলে কোথায়ও বালুকা নাই, এজন্ত সে অঞ্চলে মান করিয়াও তৃপ্তি নাই।

^{*} তেলমদ্দনের বিশেষত্ব বিষয়ে Elphinstone বলেন :--

[&]quot;They (the Bengalese) have the practice, unknown in Hindusthan, of rubbing their limb with oil after bathing, which gives their skin a sleek and glossy appearance and protects them from the effect of their damp climate." History of India, p 187

পূর্ব্বেদিক পঞ্চলে লোণাজল জালাইয়া প্রচুর পরিমাণে লবণ প্রস্তুত করিত। সদ্দীপ প্রভৃতি দ্বীপ হইতে শত শত জাহাজ লবণ বোঝাই করিয়া বিদেশে যাইত। এখন দেশীয় লোকের ব্যবসায় নাই, এমন কি নিজেদের ব্যবহারোপ-যোগী লবণটুকুও প্রস্তুত করিতে পারে না। গবর্ণমেন্ট লবণের একচেটিয়া ব্যবসায় হাতে লইয়াছেন। এখন লোকে পরের লবণই খায়, তব্ও তাহার মর্য্যাদা রক্ষা করে।

জাব জন্ম-জীব-জন্ত বা বৃক্ষণতা সম্বন্ধে স্থন্দরবন সম্পূর্ণ বিভিন্ন। এজন্য তাহার বিশেষ বিবরণ পথক ভাবে প্রদত্ত হইল। এম্বলে উত্তর ভাগের কথাই আমাদের আলোচ্য। যশোর-খুলনার লোকালয়ে গো, ছাগ, কুকুর ও বিডাল গৃহপালিত পশু। মেষ ও মহিষ যশোরের উত্তর ও পশ্চিম ভাগে আছে বটে, কিন্তু ইহারা খুলনার পূর্ব্ব দক্ষিণে দীর্ঘজীবী হয় না। এমন কি যশোর অঞ্চল হইতে খুলনার কৃষকগণ বর্ষার প্রাক্কালে হালে চ্যিবার জন্ম বলদ কিনিয়া লইয়া যায়: কিন্তু লবণাক্ত ও কর্দমময় দেশে, অনভান্ত খাল্পের জন্ম উহারা প্রায়ই বর্ষান্তে মরিয়া যায়। অনেকে এরূপ ঠকিবে জানিয়াও গরু কিনে, কারণ তাহা না হইলে জমি পতিত থাকে। স্থন্তর্বনের আবাদের জন্ম এইভাবে অনেক গো-হত্যা হয়। ভৈরবের দক্ষিণে বলদ বা গাভী উভয়ই থারাপ। যশোরের গাভীতে হগ্ধ অধিক হয়, তাহাদের শরীর ভাল ও দীর্ঘজীবী হয়। সঙ্গতিসম্পন্ন ও উত্তোগি-লোকে এক্ষণে বৈদেশিক গাভী ও বলদ আনিয়া পুষিতে আরম্ভ করিয়াছেন। সাধারণতঃ এক্ষণে আর গরু পুষিবার আদর নাই। গোষ্ঠ নাই। বলদের দোষে গরুকুল নির্ম্মূল হইতে বসিয়াছে। পূর্ব্বে শ্রাদ্ধের বুষোৎ-সর্গের পর যাঁড় ছাড়িয়া দিত, উহারা অত্যাচার করিলেও লোকে কিছু বলিত না, কারণ তাহারা একভাবে দেশের উপকার করিত; লোকে দধি চগ্ধ ঘতের লোভে সে উপকার বৃঝিত।

বনে জদলে শিয়াল, থাটাস, বনবিড়াল, গ'লো এবং মাঝে মাঝে কেঁলো ও নেকড়ে বাব দেখা যায়। পুরাতন জদলাকীর্ণ স্থানে বস্তু শৃকরের অত্যস্ত প্রাহর্তাব। থরগদ ও সজারু অলক্ষিত ভাবে ফদলের ক্ষৃতি করে। রাঢ় বা পশ্চিম বঙ্গের মত হলুমান্ বা স্কুলরবনের মত বানরের উৎপাত এ অঞ্চলে নাই। যশোরের ছই এক স্থান বাতীত এ প্রাদেশের সর্ব্বিত কাঠবিড়ালীর হাতে নিস্তার পাইয়াছে!

খলনার দীমার মধ্যে প্রত্যেক প্রবহমান নদীতেই কুমীরের অভ্যাচার আছে। এজন্ত স্নানের জন্ত নদীতে লোকে ঘাট ঘিরিয়া লয়। বশোরের সীমায় ক্মীর বার নাই। খাঞ্জালীর দীঘিতে কয়েকস্থানে পোবা কুমীর আছে. তাহারা মানুষ খার না। মধুমতীতে "ভেঁসাল" নামে একজাতীয় কুমীর আছে, উহারাও মামুষকে খাছগণ্ডী-ভুক্ত করে নাই। ছই একটি নদীতে হাঙ্গর বা কামট দেখা যায়: উহারা পাঙ্গাদ মাছের মত, কিন্তু প্রকাণ্ড এবং খণ হাত পর্যান্ত দীর্ঘ হয়, উহাদের তিনপাটি স্তীক্ষাতে জলের ভিতর কখন্ মান্বের হাত পা কাটিয়া লয়, তাহা বুঝা যায় না। তবে ভাগাক্রমে ছই একটি প্রবল নদীতে বাজীত এ উৎপাত নাই। শুশুক গভীর নদীমাত্রেই আছে। নানাবিধ কচ্ছপ নদীতে ও থালে দেখা যায়। উহাদের মধ্যে যাহার। মড়া থায় এবং আকারে প্রকাণ্ড:ভাহাদিগকে "ঢালীয়ান" বলে। সম্ভবতঃ ইহাদের গাত্রাবরণে ঢাল প্রস্তুত হইত, তজ্জ্য এরপ নাম। এক সময়ে এই সকল কচ্ছপের খোলা বহু পরিমাণে বিদেশে রপ্তানি হইত। সে ব্যবসায় অনেকদিন উঠিয়া গিয়াছে: কারণ বিদেশে যাওয়ার নাবিক যে মুসলমানগণ, কচ্ছপ স্পাশ করাও তাহাদের ধর্মবিরুদ্ধ। নদীতে আর যে একপ্রকার ছোট কচ্ছপ বা কাটাছর এবং বিলে ও পুন্ধরিণীতে ''স্কৃদ্ধি" কচ্চপ জন্মে, তাহা এদেশীয় অনেক উচ্চশ্রেণীর হিন্দৃতেও তৃষ্টির সহিত খায়।

দক্ষিণাংশ হইতে চিংড়ি, ভেট্কী, পাশিয়া, ভাঙ্গান প্রভৃতি মংস্থ ও কাঁকড়া প্রভৃত পরিমাণে খুল্না জেলায় আমদানী হয়। আজ কালবড় বড় কারথানা হইতে শুক্না চিংড়ি-মাছ ভারে ভারে বিদেশে যাইতেছে। মধুমতী, রূপসা ও ভৈরবে যথেই ইলিশ মাছ পড়ে; মধুমতীর ইলিশ অপরিমিত পাওয়া যায় বটে, কিছ ধুল্নার ইলিশের মত স্থাত নহে। যশোর খুল্নার নদীতে উত্তরভাগে রোহিত (কুই), কাত্লা, মুগেল, বাউস, চিতল, দিলিলা ও আইড় প্রভৃতি উৎকুই বড় মংস্থ এবং বিল ও বাঙড়ে কই, মাগুর, সিঙি, শইল, বাইন, পুটি, থলিসা, ফলই, পাব্দা, রয়না, টেংরা প্রভৃতি বছবিধ মংস্থ পাওয়া যায়। এদেশের থাজোপকরণের প্রধান মংস্থ, এবং মংগ্রের মধ্যে "যশুরে কই" বছ বিদেশেও পরিচিত ছিল। তেলিহাটি পরগণা পূর্বের বন্ধারে ছিল, এখন করিন্ধপুরের অন্তর্ভুক্ত হইরাছে। সেধানে ব্যতীত তেমন বড় কই এখন আর যশোরে পাওয়া যায় না, বাহা কিছু পাওয়া যায়, তাহাও অত্যর। এখন "বঙ্বের কই" নাই,

''কণ্ড'রে বই" আছে। ডিম ছাড়িলে কইমাছ শীর্ণকায় হইয়া মন্তকসর্বস্থিকে। তাহারই সহিত তুলনায় এখন ম্যালেরিয়া-প্রশীড়িত ফশোরবাসীই বিদেশে ''কণ্ড'রে বই" বলিয়া উপহসিত হয়। কিন্তু এই মন্তকসর্বস্থ রুগ্ন ফশোরবাসীর মন্তক যে আছে, তাহাতে সন্দেহ নাই।

যশোর খুল্নার পক্ষীর সংখ্যা অল্ল নহে। হাড়গিলে, শক্নি, গৃধিনী, নানা জাতীয় চিল, বাজ, বক, ও পেচক, মাংসাশী পক্ষী। দাড়কাক এবং যশোরের উত্তরাঞ্চল বাসী পাতি কাক, উভয়েই সর্বজ্জ। পেচা ও ভূতুম্ (হতাম পেঁচা) অমঙ্গলজনক ও নিশাচর। উত্তরভাগে বাছড় স্থানে স্থানে লাথে লাথে একত্র বাস করে এবং রাত্রিকালে দেশের ফলরুক্লের উপর রাজত্ব করে। কোকিলের কূত্রব, পাপিয়ার "চোকগেল" বুলি, তা'ড়োর "ইইকুটুন" ধ্বনি, দম্মেল বা খ্যামার শীস, চাতকের "ফাটকজল" ও "বউকণা কও" পাথীর চীৎকার কানন ও প্রান্তর মুথরিত করে। মানুষে শালিক ও টিয়া পুষিয়া থাকে; ময়না বা লাকমোহন এ দেশের পাথী নহে। হাঁস, পায়রা ও কুকুট গৃহপালিত পক্ষী। খুঘু, চড়ুই, বাবুই, টুনি, ঝুটকুলি প্রভৃতি জঙ্গলে থাকে। যশোরের উত্তরভাগে বিল বাওড়ে কা'ন, সরাইল, পানি কুমড়ী ও গয়াল প্রভৃতি ঝাঁকে ঝাঁকে থাকে এবং লোকে উহাদিগকে মারিয়া থায় ও বিক্রয়ার্থ খুল্না অঞ্চলে থানে। ডাছক ও মাছরাঙ্গা স্বর্ধত্ব জলের থাকে ।

বৃক্ষ-লতা— ফলের বৃক্ষের মধ্যে পূর্বভাগে স্থপারি, নারিকেল, মধ্যভাগে তাল ও থেজুর, উত্তরাংশে আম ও কাঁটাল ভাল হয়। বাগেরহাট অঞ্চলের স্থপারি ও যশোর নলডাঙ্গার আম বিখ্যাত। লিচু, জামরুল বেন্দীদিন আসে নাই, তবে লিচু আমের সহিত মিত্রতা করিয়া যশোরে ভাল হয়। আগে ছিল বরই (বদরী বা টেপা কুল) এবং গ'য়ে আম (গয়ার আম বা পেয়ারা), এখন তাহারাও আছে, তবে ভাল কুল ও পেয়ারার কলম আসিয়া তাহাদের পশার মাটী করিতেছে। গোলাপ ও কালো জাম, বেল, তেঁতুল, চালিতা ও নামাবিধ লেবু সর্বাত্র কলে। ম্যালেরিয়া-প্রশীড়িত যশোরে তেঁতুলের আদর কিছু অধিক। হুগলীর মত এখানকার লোকেও তেঁতুল কিছু ভালবাদে এবং ভাবে ইহা আছের পক্ষে উপকারক। যেখানে জল বায়ু উজ্জাই অপকায়ক, সেধানে তেঁতুলের আনির দেখিয়া এক কৰি লিখিয়াছেন ঃ—

"জীবনং জীবনং হস্তি প্রাণান্ হস্তি সমীরণঃ। যশোহরে কিমাশ্চর্যাং প্রাণদা যমদূতিকা।"

যমদৃতিকা শব্দের এক অর্থ, তেঁতুল।

পূর্ব্বে কলা কয়েকপ্রকার মাত্র ছিল, যথা জিন বা ঠ'টে (লম্বীর), দয়া কলা (বীচিযুক্ত), চাঁপা এবং সবরী (মর্ত্তবান), এখন চিনিচাঁপা, কাব্লী, রামকেলি, কানাইবাঁশীর চাষ হইতেছে। ২০ রকম কাচকলা পূর্ব্বেও ছিল, এখনও আছে। কতকগুলি বিদেশী ফল এদেশে আসিয়াছে, যথা মর্ত্তবান কলা (মার্তাবান দ্বীপ), বাতাপি লেবু (ব্যাটাভিয়া সহর), পেঁপে (পাপুয়া দ্বীপ), কলম্বো লেবু (কলম্বো সহর), তন্মধ্যে ডাক্তাবের প্রশংসা পত্র পাইয়া পেঁপের কিছু পশার হইয়াছে। মূল্যের লোভে লোকে যত্ন করিয়া ইহা লাগাইতেছে। দেশে লোণা আসিয়া আতা ও ডালিম উঠিয়া যাইতেছে, কিন্তু লোণা দেশে নোনা মন্দ হয় না। আনারস পূর্ব্বে আমাদের দেশীয় ফল ছিল না কিন্তু ইহা অতি মূথরোচক। দৌলতপুরের আনারস বিথাতে। ইহা ব্যতীত কেফল ডউয়া ও নানাজাতীয় আমড়া অয়ের জন্ম ব্যবহৃত হয়।

রান্তায় অখথ, বাই, বাদাম, কদম্ব, অর্জুন, শিরীষ, আম, জাম, কাঁটাল ও (যশোরে) বাব্লা ছায়াদান করে। ঝাউ ও ক্লফচ্ড দেবমন্দির, বিভালয় বা বারোয়ারী স্থানে প্রহয়রপ। তাল, সোণালি ও কাঁটাল গাছে খুঁটি এবং আম, জাম, কাঁটাল, পুইয়া, শিরীষ, শিমূল প্রভৃতি বৃক্ষে তক্তা হয়। রয়না, মাটাম, জিওল, ছাতেনী (সপ্তপর্ণী), সাড়া, জিয়াপতি প্রভৃতি অভাভ বৃক্ষ অসংখ্য। বাশের বাস যে কোথায় নাই, তাহা বলা য়ায় না। ভালুকা, জাবা ও তল্লা এই তিনপ্রকার বাশ এদেশে পাওয়া য়ায়। বাশের মত বেতও সর্ক্রে। বেতসকুঞ্জ কাহাকে বলে দেখি নাই, তবে বেতের ঝোপে হিংপ্রের নিবাস ইহা সকলে জানে এবং বেতসীর্ত্তি বা অফুকরণ প্রবৃত্তিটা বাঙ্গালীর স্বভাবগত হইয়া পভিতেছে।

তরকারীর মধ্যে শিম, বেগুণ, কলা, মূলা, আলু, কচু, লাউ, কুমড়া, ঝিলা, পটোল প্রধান। ভৈরবের দক্ষিণে ডুম্রিয়া প্রভৃতি স্থানের বেগুণ, ফকিরহাটের নিকটবর্ত্তী বাগ্দিয়া প্রভৃতি স্থানের মূলা, যশোহর সহরের নিকটে ভাল গুল ও কচু, উত্তরাংশে বোরোধান্তের ভূমির আইলের উপর প্রচর পরিমাণে কুমড়া এবং গাজীরহাটের পটোল ও উচ্ছে বিখাত। মেটে আলু পূর্বে খ্ব বেশী হইত; এখনও হয়, লোকে বড় একটা থায় না। অনেকে অন্থা বিলাতী জিনিবের মত আমড়া, বিলাতী আলু (গোল আলু) পছল করিতেছে। মিট কুমড়াও একপ্রকার এখনও বিলাতী বলিয়া পরিচিত হয়। কুমড়া বা কুমাও বলিতে চাল-কুমড়া ব্রাইত, উত্তর দিকে ইহাই ভূমির উপর হইরা গেমি-কুমড়া নাম ধারণ করিরাছে। ইহা ব্যতীত নানা জাতীর ডাটা, পালংশাক, কাক্রোল, পানিকচু, শাক-আলু (মিঠে বা মৌ-আলু) সর্ব্বে যথেষ্ট পাওয়া যায়। তালা প্রভৃতি স্থানের লক্ষাও ভূম্রিয়ার পালংশাক বিখাত। নানাবিধ কপি, শালগমও গোল আলুর চামও এদেশে অনেকস্থানে হইতেছে। চই পূর্ববিঙ্গের একটা বিশেষত্ব। অনেকে এই গাছ মদলাার কথা জানেন না। ইহাতে গোলমরিচের মত ঝাল, স্থল্ব গন্ধ এবং ইহা শ্লেয়া কাশির ঔষধ। ইহা বরিশালে খ্ব অধিক, তিয়িয়ে খুল্নার পাওয়া যায়, যশোরে তেমন নাই।

এ প্রদেশের প্রধান থাত চাউল। ময়দা যাহা বাবছত হয়, সকলই বিদেশ হইতে আসে। যশোহর অপৈক্ষা খুল্নার ধান্ত ভাল হয়। যত দক্ষিণে ও পূর্বে যাওয়া যাইবে, ধানের চাষ ততই স্থন্দর। অর্থাৎ যে অঞ্চলে নদীসমূহ উপদ্বীপের স্বাভাবিক গঠনকার্য্যে লিপ্ত, ধান্ত সেইদিকে ভাল হয়। বরিশাল জেলা বঙ্গে চাউলের জন্ম প্রসিদ্ধ। ইহাকে বঙ্গের শস্তভাণ্ডার বলিয়া থাকে। খুল্নার বাগেরহাট মহকুমার অধিকাংশ এই শস্ত-ভাণ্ডারের অন্তর্গত। এক খুল্না জেলার বিভিন্ন নামে সহস্র প্রকার ধান্ত জন্মে। স্থানান্তরে উহার একটি সাধ্যমত তালিকা প্রদত্ত হটবে। বরিশালে ও বাগেরহাটে একপ্রকার সরু পাতলা ধান জন্মে; উহা হইতে স্থন্দর ভাবে দিদ্ধ চাউল প্রস্তুত করিবার উৎকৃষ্ট প্রণালী তদ্বেশীয় লোকে জানে। এই সিদ্ধ চাউল "বালাম" নামক একপ্রকার তদ্বেশীয় নৌকায় বোঝাই হইয়া দেশে দেশে বিক্রমার্থ যাইত, তজ্জ্ব্য ঐ চাউলের নামই বালাম চাউল হইয়াছে। খুল্নার দক্ষিণে ভাটিরাজ্যে অর্থাৎ স্থলরবন বিভাগে নানাবিধ উৎকৃষ্ট ধান্ত উৎপন্ন হয়। তাহা হইতে যে এক প্রকার সাদা মোটা আতপ চাউল প্রস্তত হইয়া খুল্না যশোরে বিক্রীত হয়, উহাকে লোকে "ভাটি-গাল'' চাউল বলে। এই সিদ্ধ বালাম ও আতপ ভাটিয়াল চাউলই যশোর খুল্নার উৎকৃষ্ট খাছ। যশোরে নবগঙ্গা ও মধুমতীর কুলে মটর, থেসারী, ছোলা, মৃগ, মহর প্রভৃতি কলাই এবং ধ'নে, সরিষা, রাঁধুনী, কালজিরা, গুয়ানারি প্রভৃতি বংগ্রু উৎপন্ন হইরা সর্ব্বরে হাট-বাজারে যায়। ফুলারে ও থুল্নায় ধান্ত ও কলাইয়ের বিনিময় হইত। এখন ফুলারবাসী পাট বা কোন্তা বেচিয়া অর্থের লোভে উদরান্ত্রের চাষ অনেকটা বন্ধ করিয়াছে, কাজেই ধন আসিলেও সে ধনে পেট ভরিতেছে না এবং দেশের ছভিক্ষ ছাড়াইতেছে না। ভাগাক্রমে খুল্নার লোকে পাটের ব্যবসায় এখনও তেমন বুঝে নাই। ভগবানের আশাক্রিদে এই ব্যবসায়-বৃদ্ধি দেশ হইতে লুপ্ত হউক।

मामी कक्टक कुम्मत्रवास्त्र पुन्धा।

यर्छ পরিচেছদ।—স্থনদর্বন।

বঙ্গদেশের দক্ষিণ-সীমায় অবস্থিত সমুদ্র-কূলবর্ত্তী জঙ্গলাকীর্ণ ভূভাগকে স্থন্দর-বন বলে। নিম্নবঙ্গে যেথানে গঙ্গা বহুশাথা বিস্তার করিয়া, দাগরে আত্মবিদর্জন করিয়াছেন, প্রাচীন সমতটের দক্ষিণাংশে অবস্থিত সেই লবণাক্ত পরলময় অসংখ্য-বৃক্ষগুল্ম-সমাচ্ছাদিত শ্বাপদ-সঙ্কুল চরভাগ স্থন্দরবন বলিয়া পরিকীর্ত্তিত হয়। ইহা পশ্চিমে ভাগীর্থীর মোহানা হইতে পূর্ব্বে মেঘনার মোহানা পর্যান্ত বিস্তৃত। কেহ কেহ মেঘনার মোহানার ও পূর্ব্বে অর্থাৎ নোয়াথালি, চট্টগ্রাম প্রভৃতি জেলার এবং হাতিয়া, সন্দীপ প্রভৃতি দ্বীপের দক্ষিণভাগে অবস্থিত বনভাগকেও স্থলরবনের অন্তর্গত মনে করেন। প্রকৃত পক্ষে গঙ্গা ও মেঘনার অন্তর্গতী ভূভাগই স্থলরবন। ইহা বর্ত্তমানকালে চবিবশ-পরগণা, খুলুনা এবং বাথরগঞ্জ এই তিনটি জেলার অন্তর্গত এবং এই তিনটি জেলার যে অংশ চিরস্তায়ী বন্দো-বস্তের স্বত্বাধীন, তাহার দক্ষিণ ভাগে অবস্থিত। পূর্ব্বপশ্চিমে স্থলরবনের দৈর্ঘ্য ১৬০ মাইল, এবং উত্তর দক্ষিণে ইহার প্রস্তু পশ্চিমদিকে ৭০ মাইল হইতে পূর্ব্বদিকে ৩০ মাইলের অধিক হইবে না। গড়ে বিস্তৃতি ৫০ মাইল ধরিলে, স্বন্ধরবনের পরিমাণফল ৮০০০ বর্গমাইল হয়। তন্মধ্যে থুল্না জেলার মধ্যে ২৬৮৮ বর্গমাইল; তাহারও ৫০০ বর্গমাইল জলভাগ। পশ্চিমে ভাগীরথী ररेए कालिनी ननी পर्यास ठिवम প्रताना, कालिनी रुरेए मधुम्छी ननी পর্যান্ত খুল্না জেলা এবং মধুমতী হইতে মেঘনার মোহানা পর্যান্ত বরিশাল জেলার অন্তর্গত।

স্থলরবনের নামের উৎপত্তি সম্বন্ধে বহু মত আছে। স্থলর বনে স্থলরী (Heritiera minor) নামক এক প্রকার রক্ষ বহু পরিমাণে দেখা যায়। ইহার কাঠ দেখিতে পরিষ্কার লাল বর্ণ, তক্তরত স্থলর। এই নিমিত্ত ইহাকে স্থলরী বা স্থলর বৃক্ষ বলে। এই বৃক্ষের আধিক্য বশতঃই বনভাগের নাম স্থলরীবন বা স্থলরবন হইরাছে। নামের উৎপত্তি সম্বন্ধে ইহাই সাধারণ

এবং প্রবল মত। কেহ বলেন, এরপ নামকরণ হওয়া উচিত নহে, কারণ এই বনে অনেকন্তলে স্থলরী গাছ নাই, অথচ সর্বব্যেই ইহাকে স্থলরবন তাহাদের মতে সম্ভবতঃ ইহা সমুদ্রবন শব্দের অপভ্রংশ ; সাধারণ লোকে সমুদ্র বলিতে সমুন্দুর বলিয়া থাকে। * বাধরগঞ্জের ইতিহাস-লেথক মহাপণ্ডিত বিভারিজ সাহেব অনুমান করেন যে ঐ জেলার স্বন্ধা নদী হইতে স্থন্দরবন নামের উৎপত্তি হইয়াছে। বাধরগঞ্জে স্থগদ্ধা নামে একটি প্রবল ननी हिन। এই ननीत कृत्न এकि পीर्रमान আছে: मञीएमर हिन्न रहेतन এইস্থানে ৮ মায়ের নাদিকা পতিত হয়: তদমুদারে স্থান ও নদীর নাম স্থগন্ধা হইয়াছিল। স্থগন্ধাকেই সাধারণ লোকে স্থন্ধা বলে। বাথরগঞ্জের একাংশ পূর্বের স্কন্ধার কুল বলিয়া উল্লিখিত হইত। বাথরগঞ্জের সভ্যতা ও প্রতিভা এই স্তন্ধার কূলেই প্রথম বিভাসিত হইয়াছিল। এই কুলবর্ত্তী বনভাগ স্কনারবন বা স্থন্দরবনে পরিণত হইয়াছে। † কিন্তু এরূপ ধরিলে, অন্তান্ত জেলার অন্তর্গত বনভাগ যে স্কন্ধার বন বলিয়া কীর্ত্তিত হইবে, ইহা সম্ভবপর নহে। অপর পক্ষে ফুল্বরী বুক্ষ অলাধিক পরিমাণে প্রায় সকল বনেই আছে; এবং উহাই স্থন্ত বনের প্রধান, স্থায়ী ও মল্যবান কার্চ। ইহার গাছে খুব সার হয়: কার্চ অত্যন্ত শক্ত ও ভারী: গাছগুলিতে অধিক ডাল হয় না বলিয়া, ইহাতে লম্বা কাঠ পাওয়া যায়; গৃহের সরঞ্জাম, নৌকার উপাদান প্রভৃতিরূপে এই কার্চে অসংখ্য রকম প্রয়োজন সিদ্ধি করে। এজন্ত ফুলুরী কার্চ স্থল্যর বনের কাঠের রাজা এবং তাহারই নামানুদারে স্থল্যবন নাম হওয়া সঙ্গত ও স্বাভাবিক।

কেহ কেহ এরপ অনুমান করিতেও কুণ্ঠিত হন নাই যে, পূর্ব্বে বাধরগঞ্চ অঞ্চল চন্দ্রদ্বীপরাজ্যের অন্তর্গত ছিল; চন্দ্রদ্বীপের বনভাগকে চন্দ্রদ্বীপবন বলিত। সেই চন্দ্রবন হইতেই স্থন্দরবন হইয়াছে। আবার কেহ বা চণ্ডভণ্ড নামে এক বস্তু জাতির সহিতও এই নামের সম্বন্ধ স্থাপন করিতে চেষ্টা

^{*} Revenue History of Sunderbans, F. E. Pargiter, B. A., I. C. S. (1885) and Calcutta Review, Sunderbans vol. 89 p. 280 (1889).

t The District of Bakarganj, its History and statistics by H. Beveridge, B. C. S. p. 24 (note) and pp. 70-71.

করিয়াছেন। **এই জাতির কথা বাথরগঞ্জের ইদিলপুরে প্রাপ্ত তাত্রশাসনে** উল্লিথিত হইয়াছে।

যাহা হউক, স্থন্দর্বন নামটি অপেক্ষাকৃত আধুনিক। পূর্ব্বে এই প্রদেশকে ভাটি প্রদেশ বলিত। নদীমাতৃক বঙ্গের ভাটা দক্ষিণদিকে প্রবাহিত হয় বলিয়। সম্দ্রকূলবর্ত্তী দক্ষিণ প্রদেশকে ভাটিদেশ বলিত এবং এক সময়ে এই সকল প্রদেশীয় বারজন রাজার প্রাধান্ত জন্ত বাঙ্গালা দেশেরই নাম হইয়াছিল
—"বারভাটি বাঙ্গালা"।* মুসলমান ঐতিহাসিকেরা ভাটিনামেই এই দেশের বর্ণনা করিয়াছেন।†

কিন্তু নাম যাহাই থাকুক, স্থান্দরবন চিরকাল আছে। হয়তঃ ইহা পূর্বে যেথানে ছিল, এখন সেখানে নাই, কিন্তু ইহা আছে চিরকাল। গলা বহু শাখা প্রশাখার বিভক্ত হইয়া যেথানে সমুদ্রে পতিত হইয়াছিলেন, সেই স্থানেই বেলাভূমির উপরিভাগ জল্পলাকীণ হইয়া স্থানরবনে পরিণত হয়। ভগীরথ আনীতা গলা পূর্বকালে যেথানে সমুদ্রে পতিত হন, সেস্থান হইতে বর্তমান গলাসলম বহুশত মাইল দক্ষিণে অবস্থিত। গলা হিমালয় শীর্ষ হইতে অত্যধিক পরিমাণে গৈরিক মৃত্তিকা বহন করিয়া সাগরে লইয়া যান। এই গিরিমাটী এবং পার্মবর্তী প্রদেশের ভয় বা ক্ষরিত ভূমিভাগ পলিমাটীরূপে মোহানার সন্নিকটে সঞ্চিত হইয়া, ক্রমশঃ ভূভাগের স্থাই করে এবং প্রথমতঃ দ্বীপাকারে ও পরে জল্পলাকীণ হইয়া নিবিড় বনে পরিণত হইয়া যায়। গলানীতা পলিমাটী ও স্থমিই জলের সহিত সমুদ্রের লবণাক্ত জলের সংযোগে কতকগুলি বিশেষ বিশেষ বৃক্ষ গুলের সমুত্তব করে। উহাই স্থান্দরবনের বিশেষত্ব। এইরূপে গলার মাহানা যত দক্ষিণদিকে সরিতেছে, সঙ্গে সন্ধ্যুত হইয়াতি। পূর্বের সমতটের আকার ক্ষুত্ত ছিল; ক্রমে দক্ষিণবর্তী তটন্যমূত্ত হইয়াছে। পূর্বের সমতটের আকার ক্ষুত্ত ছিল; ক্রমে দক্ষিণবর্তী তটন

[&]quot;'Always included under the local description of Bhatty with all the neighbouring low lands overflowed by the tides."—Grant's Analysis of the finances of Bengal.

^{: &}quot;Esan Afghan carried his conquests towards the east into a country called Bhatty which is reckoned a part of this Soobah (Bengal)." Gladwin's Ayeen Akbari Part I. p. 298.

ভাগ বর্দ্ধিত হইতেছে এবং সঙ্গে সঙ্গে স্থন্দরবন সরিয়া ধাইতেছে। ভূতস্ববিৎ পণ্ডিতগণ ইহার বিশেষ পরীক্ষা করিয়াছেন। তাঁহারা সমতটের ভূগর্ভ থনন করিয়া নানা তত্ত্বের আবিষ্কার করিয়াছেন। লক্ষ্ণৌ সহরের সন্নিকটে ভূগুর্ভ ধনন করিবার সময় স্থল্পরবনের বুক্ষাবশেষ পাওয়া গিয়াছে। গঙ্গার মোহানার সঙ্গে স্থন্দর বনও যে ক্রমে দক্ষিণ সমুদ্রের দিকে অগ্রসর হইতেছে, ইহা তাহার একটি প্রমাণ। ভাগীরথী ও পদ্মার মধাবর্ত্তী প্রদেশের যে কোন স্থানে জলাশয়াদি খনন করিবার সময় দেখা যায়, মত্তিকার স্তরবিভাগ প্রায় একট প্রকার রহিয়াছে।

। খুলনা সহরের পশ্চিম পার্ষে এবং কলিকাতা শিমালদহের নিকট পুষরিণী থননকালে উভয় পুষরিণীতে মৃত্তিকা স্তরের একই প্রকার অবস্থা দেখা গিয়াছে। উভয়স্থলে মৃত্তিকানিয়ে যে অসংখ্য গাছের গুঁডি পাওয়া যায়, তাহা স্কুনরী বুক্ষ বলিয়া প্রমাণিত হইয়াছে। †স্কুতরাং সমতটের সর্ব্বত্র যে স্থন্দর বন ছিল, তাহা স্পষ্ট বঝা যাইতেছে। আর কোন একস্থলে ভাগীরথীর উভয় পারের মৃত্তিকা থনন করিলে, পশ্চিম পারের বা রাঢ়ের মৃত্তিকার প্রকৃতি সমতটের মৃত্তিকার প্রকৃতি হইতে সম্পূর্ণ বিভিন্ন বলিয়া বোধ হয়। স্থতরাং সমতটের মৃত্তিকা যে ক্রমে পলি সংযোগে গঠিত হইতে হইতে দক্ষিণ মুখে অগ্রদর হইতেছে, সে বিষয়ে সন্দেহ নাই। ‡


স্থানরবন বাত্তবিকই অতি স্থানরবন। এ বনে ফল বৃক্ষ নাই; ছুই একটি ফলবান বৃক্ষ দেখিতে পাওয়া যায় বটে, কিন্তু তাহাতে মন্থুবোর কোন ফল নাই, কারণ উহার ফল অধিকাংশই মন্থুবোর অভক্ষা। এ বনে মিগ্লছায় বহুবিস্তুত অশ্বথাদি বিটপী নাই; স্থানরবনের বৃক্ষগুলি প্রারই দীর্ঘ ইইয়া উঠে, অধিক শাখা প্রশাখা হয় না। এ বনে পুপোতান নাই; ফুল ফুটে বটে, কিন্তু মন্থুনোতানের মত সমন্থ্রদিত স্থরতি পুপতক এখানে ফুপ্রাণ্য। আবার মাহা

^{*} J. R. A. S. No. XXXIV of 1864, Mr. H. F. Blanford.

^{+ &}quot;The trees in question were pronounced by Dr. Anderson (Superintendent of the Botanical Gardens) to be Sundri"—Gastrell's Statistical Reports of Jessore, Faridpur and Bakerganj p. 27.

^{† &}quot;The whole of the country including Sunderbans proper lying between the Hughly on the west and the Meghna on the east is only the delta caused by the deposition of the debris carried down by the rivers Ganges and Brahmıputra and their tributaries"—Dr. Thomas Oldham, quoted in the Khulna Gazetteer P. 4.





স্থন্দরবনের চড়া। (মালঞ্চ ও আড়াইবাঁকীর মোহানা)

[৪৫ গৃ:

বীসতীশগ্ল মিতের যশোহর-খুলন। ইতিহাসের ব্রন্থ

Printed by K. V. Seyne & Bros,

কিছ আছে, তাহাও মহুয়ের উপভোগের বিষয় নহে। কারণ বন এতই নিবিড. এতই কণ্টকাকীৰ্ণ, এতই কৰ্দমাক্ত এবং সৰ্ব্বোপরি সর্ব্বত এরূপ ছন্দান্ত হিংস্ৰ খাপদসম্ভল যে এ বনে মাল্লয়ের বিহার করিবার সাধ্য নাই। তবুও স্থন্দরবন বডই স্থন্দর। এ স্থানে বন-প্রকৃতির বহা শোভা যিনি নিজ চক্ষতে না দেখিয়াছেন, তিনি তাহা অন্তভব করিতে পারিবেন না। বঙ্গদেশই নদীমাতৃক, স্তুলরবন ততোধিক। কোনও ক্ষীণকায় নদীস্রোত যতই দক্ষিণ দিকে দম্দ্রাভিমুখে অগ্রদর হইয়াছে, ততই বিস্তৃত, ততই প্রশস্ত, ততই তরঙ্গ-বিক্লুব ভইয়া অবশেষে দাগরোপমকায়ে দাগরে আত্মদমর্পণ করিয়াছে। যাইতে ঘাইতে প্রত্যেক নদী পথের পার্ষে কত শাখা প্রশাখা, খাল নালা বিস্তার করিতে ক্রিতে গিয়াছে, তাহার সংখ্যা ক্রিবার উপায় নাই। নদী সমূহের পার্ষে কোথায়ও বলার ঝোপ এবং বস্ত স্থন্দরী ও হেস্তাল প্রভৃতি ক্ষুদ্র গাছ সমূহ স্রোতের উপর ঝকিয়া পড়িয়া, তীর ভূমি অন্ধকার করিয়া রাথিয়াছে; কোথাও সুন্দরী, পশুর, গর্জন বা আমূর প্রভৃতি বৃক্ষের দীর্ঘ শিকড়সমূহ বছ বিস্তত হইয়া প্রবল প্রবাহ হইতে বৃক্ষগুলিকে রক্ষা করিতে গিয়া—ভগ্নতীরের সহিত জ্ঞাজড়ি করিতেছে। কোথায়ও বা নদী হইতে থাল উঠিয়া আঁকা বাঁকা ভাবে বনের ভিতর চলিয়া গিয়াছে, উহার ছই পার্যে গোলগাছের সারিগুলি স্কুড়ন্ত্র প্রথের প্রাচীরের ন্থার দাঁড়াইয়া থাকিয়া, এক অতি অম্ভুত অথচ মনোরম বন্তশোভা বিস্তার করিয়াছে। এইরূপে নানা শোভা দেখিতে দেখিতে. নদীর শ্রোতে কোন ত্রিমোহানা বা বাকের মুথে পৌছিলে দেখা যায়—দে এক অপূর্ব্ব দৃশ্য-- ছই পার্শ্বে বিস্তৃত চড়া - চড়ার উপর হরিম্বর্ণ কেওড়া বুক্ষের শ্রেণী এবং তাহার অন্তরালে বনস্থলী। কোথাও সে চওড়া চরের উপরে কেওডাতলায় স্থন্দর ছায়ায় হরিণ চরিতেছে, কোণায়ও বা রক্ষের ডালে বানর নাচিতেছে এবং ডাল পাতা ভাঙ্গিয়া ফেলিয়া হরিণ ডাকিতেছে। ভাগ্যবশে এইরপ চডার সল্লিকটে পৌছিবার স্থযোগ ঘটিলে, তাহার সৌন্দর্য্য অহুভব করা অতি সংজ, কিন্তু ভাষায় তাহার বর্ণনা করিতে কেহই পারে না। এইরূপে কোন মোহানায় কোনদিন নদীর স্থির-তরঙ্গে কেন্দ্র স্থলে দাঁড়াইয়া চতুর্দ্দিকে দৃষ্টিপাত করিলে দেখিতে পাওয়া যায়, কোন দিকে অকুল জলরাশি ধুমাকারে ধৃ ধৃ করিতেছে, কোনদিকে নব নির্দ্মিত বেলা ভূমির উপরিস্থিত চরে উচ্চ েকেওড়া বৃক্ষ সমূহের ঘনপত্রে কে যেন হরিদ্ধ ঢালিয়া দিয়াছে, কোনদিকে বা নদীর উচ্চ পাহাড় ভাঙ্গিয়া পড়িয়া স্থানর বনের বৃক্ষ সমূহের শিকড়রাশির প্রাচ্য্য প্রদর্শন করিছেছে আর তাহার নিকট দিয়া 'রূপার স্তার মত' থালগুলি সবৃজ্ব বনস্থলীর মধ্যে বিজ্ञম ভাবে প্রবেশ করিয়াছে। এ দৃশ্য যিনি হৃদয় ও চক্ষ্ লইয়া দর্শন করিয়াছেন, তিনি কথনও ভাবহীন কর্কশ ভাষায় বলিতে পারেন না যে স্থান্দরনের দৃশ্যে কোন সৌন্দর্য নাই। + তবে একই প্রকার পদার্থ বছবার ও বহুক্ষণ দেখিলে সকলেই বিরক্ত হয়। এজ্য বৈদেশিক অমণকারী স্থান্দরবনের মধ্যে অমণ করিতে করিতে একই প্রকার নদী নালা, একই রক্ষম বনস্থলী, চর ও নদীতীর দেখিতে দেখিতে ক্লান্ত হইয়া পড়েন এবং যতদিন না উত্তরদিথলী সেই যতদ্র নয়ন যায় ততদ্র বিস্তৃত, কথনও শ্রামায়ান, কথনও স্থাবির্দ্ধ ক্লেত্র সমূহ দেখিতে না পান, ততদিন তাহাদের নয়নে ও মনে তৃপ্তি আসে না। † স্থান্তর বনের বাদা বা বনভূমি যেমন নির্বিচ্ছিল্ল জঙ্গলাকীণ তাহার পার্মবির্তী আবাদ বা ধান্ত ভূমি সেইরূপ পরিষ্কৃত ও শস্থান্তরণে আরত হইয়া নয়নানন্দ বর্জন করে।

^{* &}quot;The scenery in the Sunderbans possesses no beauty. The view even from a short distance is a wide stretch of low forest with an outline almost even and rarely broken by a tree rising above dull expanse",—
F. E. Pargiter. "The Sunderbans", Calcutta Review vol. 89 p. 281.

হয়তঃ বেথক কে:নও দিন হস্পরবনের পশ্চিমাংশে কোন ক্ষুদ্র নদীর মধ্যে দ্রতগামী প্রীমার হইতে গ্রাণ্যন দেখিয়া, একটি বদ্ধমূল শুদ্ধভাববশে নির্দায় সমালোচকের মত সমস্ত হস্পরবনের উপর লেগনী চালন। করিগছেন। প্রকৃতপক্ষে হস্পরবনকে সৌন্দর্য্যক্তিত বলিলে নিস্প্রিক্স্করি প্রকৃতির প্রতি কশাঘাত করা হয়।

^{† &#}x27;Most travellers in passing through this labyrinth of interminable forest, mud and water, become exceedingly wearied with the monotonous appearance of the banks and creeks and are only too glad when they escape into the open and cultivated northern parts of the delta where all the breadth of the land is one vast sheet of rice cultivation." Calcutta Review, march 1859.

দপ্তম পরিচেছদ—ফুন্দরবনের উত্থান ও পত্ন।

স্থলরবন চিরকালই সমতটবা গাঙ্গোপদীপের বর্মম্বরপ। শতমুখী গঙ্গা

ভূমিগঠন করিতে করিতে উপদ্বীপ সীমা যতই দক্ষিণদিকে সরাইয়া লইতেছেন. মুন্দরবনও তত দক্ষিণে সরিয়া যাইতেছে। কতই পরিবর্তন হইতেছে, কিন্তু युम्द्रवरान्द्र मारे प्रभावका कार्याद्र शतिवर्छन रह मारे। प्रामुद्र छलवार् এবং ক্ষেত্রের উর্বরতার উপর বনভাগের বিশেষ আধিপত্য আছে। জলই বনের প্রাণ; এজন্ম বনভাগ স্বভাবতঃ সর্ববিই মৃত্তিকার নিয়ে বর্ধার জল সঞ্জ করিকা রাথে এবং বনবৃক্ষসমূহ সেই সঞ্চিত জল হইতে উৎপন্ন রসাংশ পত্রসনৃহের ভিতর দিয়া বায়ুতে সঞ্চারিত করিয়া দেয়। ইহাদারা আনকাশের বার্-শৈতা রক্ষিত হয়। বসস্তাগমে বনভূমিতে যে পত্রপ্রাচুর্যা দেখা যার, তদ্বারা পরবর্ত্তী প্রীম্মের কঠোরতা—কমাইয়া দিয়া থাকে। এবং দেখা গিরাছে গেখানে গাছের পাতা সরস থাকে, সেখানে গ্রীত্মের গরম কট্টদায়ক হয় না। ^{যেথানে} জঙ্গল নাই, সেধানে অভিবৃষ্টিতে ভীষণ অনিষ্ট উৎপাদন করে। বৃক্ষ**ী**ন উলম্বপ্রদেশ ভাসিয়া যায়; সেথানুকার মৃত্তিকা যথেষ্ট জলগ্রহণ করিতে পারে না; অথচ সে জল-প্রবাহ দূরবর্তী স্থানে গিয়া প্লাবনের স্ট করে। মৃতিকামধ্যে জলাংশ এবং বায়ুস্তবে জলীয় বাষ্প কমিয়া যাওয়ায় আবশুকীয় শ্সাদির সমধিক ক্ষতি হয়। এজন্ত পাশ্চাত্য সভ্যদেশে অতিবৃষ্টির অনিষ্ট নিবারণ জন্ম ক্রত্রিম চেষ্টায় জঙ্গল প্রস্তুত করা হইয়া থাকে। দক্ষিণ বঙ্গে কিন্তু জঙ্গলের আধিক্যে স্বভাবতঃ সে অনিষ্টের সম্ভাবনা নাই। এইরূপে সভাবের জল নিক্ষাশন ব্যবস্থার মধ্যে জঙ্গলের অস্তিত্ব বিশেষভাবে উল্লেখ ধোগ্য। জঙ্গলে যেরূপ নিজ দেহের শৈত্য হইতে বায়ুস্তরের জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি করিতে করিতে মেঘেরও অঙ্গপৃষ্টি করিয়া থাকে, মেদ প্রস্তুত হইয়া সঞ্চালিত হইলে, জন্মলে আবার ভাহাকে নিজের—দিকে আকর্ষণ করিয়া, मृत्त राहेवांत्र পথে অस्ततांत्र हम । वरक्रत मिक्किंग मांगतक्रम यक्ति विवास **अस्त**ा না থাকিত, তাহা হইলে বলোপদাগরের মেঘদমূহ উত্তর মূখে দূরে চলিরা গিরা, হিমালরের উপত্যকায় বারিবর্ষণ করিত; তথন দক্ষিণ বন্ধ বালুকা প্রান্তরে পরিণত হইয়া একপ্রকার মান্তবের বাদের অযোগ্য হইয়া পড়িত। এথন যেমন ভাটিরাজ্যের উত্তর হইতে দক্ষিণদিকে অগ্রসর হইতে লাগিলে, প্রথমে পদ্মার প্রবল প্রবাহ, পরে নদীমাতৃক উচ্চদেশে মান্তবের বদতি, তাহার পরে মান্তবের থাত্যের জন্ম নিম্নতল উর্ব্বরক্ষেত্রে ধান্তের প্রাচুর্যা এবং দর্বনেষে হর্ভেন্ম প্রাকারের মত স্থলরবনের এই নিবিভূজ্পল শ্রেণী—এমন দৃশ্য আর দেখা যাইত না।

জঙ্গলের জন্ম আরও অনেক বিপদ হইতে দেশ রক্ষা হইতেছে। সমুদ্রের জলোচ্ছ্বাদ একান্ত প্রবল হইলেও সম্পূর্ণভাবে দেশ ভাদাইতে পারে না; সমুদ্রের ঝটিকাবর্ত্ত বা বায়্প্রবাহ বসতি স্থান সমূহ উৎথাত করিতে পারে না। পুরী-প্রভৃতি স্থানে সমুদ্রের বায়্প্রবাহ বা বালুকাময় আবর্ত্ত হইতে সহর রক্ষা করিবার জন্ম কর্তৃপক্ষকে অসংখা ঝাউগাছ দিয়া সমুদ্রোপকূল ঢাকিয়া রাখিতে হইয়াছে। অনেক সভাদেশে আজকাল এইরূপ ক্রিম বাবস্থায় জঙ্গল প্রস্তুত করিবার প্রথা প্রবৃত্তিত হইয়াছে। এক সময়ে সমন্ত স্থালরবনের জঙ্গল নির্মূল করিয়া সমন্ত স্থান আবাদ করিবার কল্পনা চলিতেছিল; অনেক বিষয় ভাবিয়া পরে সে প্রস্তাবনা স্থগিত করা হইয়াছিল। যথাস্থানে তাহার আলোচনা করা যাইবে। জঙ্গল রক্ষা করিবার অমুক্লে যে সমন্ত কারণ আছে, উপরোক্ত কয়েকটি কথাও তাহার অস্তর্ভুক্ত।

সুন্দরবন আবাদ করিবার কল্পনা করিলেই যে তাহা কার্যো পরিণত করা যায়, তাহা নহে। এ জঙ্গলের জমি নিজে না উঠিলে তাহাকে উঠান যায় না। যে স্থানে জমি নিয় থাকে, সেথানে তাহার প্রকৃতিই এইরূপ যে শত চেষ্টা করিরাও তাহার জঙ্গল ধ্বংস করা যায় না। জঙ্গল কাটিলে আবার হয়, জঙ্গলের বীজ মাটীর সঙ্গে মিশিয়া থাকে, জলপ্রবাহ ও পলির সঞ্চয় তাহার সাহায্য করে। ক্রমে যথন আপনা হইতে জমি উন্নত হইতে থাকে, আমনি জঙ্গল আপনি কমিয়া আসে; তথন মাহুবের হস্তকোশলের সাহায্য পাইলে, আবাদের উপযোগী ক্ষেত প্রস্তুত হইতে পারে। তথন আবার তাহাতে ধার্যাদি হয়, বংসরে বংসরে স্লায়াদে প্রচুর শস্ত জন্মায়। ক্রমে জমি আরও উচ্চ হয়, তথন ধার্যোৎপাদনের উর্ব্বরতা লুপ্ত হইতে থাকে। উচ্চ জমি পাইয়া মায়ুক্রে গৃহাদি নির্মাণ করিয়া বসতি করে। বসতির পার্থে ফলের বাগান প্রস্তুত্ত

হয। তথন স্থলর বনের স্থতি লুগু হয়। কেবল মাত্র পুছরিণী ও কৃপ থনন করিবার সময়ে, মৃত্তিকার নিমে কোথায়ও জোব মাটী, কোথায়ও স্থলরী প্রভৃতি বৃক্ষের গুঁড়ি, কথন কথন বৃহৎ পাটুলি প্রভৃতি নৌকার ভগ্নাবশেষ প্রাচীন কালের পরিচয় প্রদান করে।

এইরূপে ভাটিরাজ্যের জমি ক্রমে দক্ষিণ দিকে নিয় হইতে হইতে, সমুদ্রের সহিত সমতল হইরাছে। বথন সমুদ্রে প্লাবন উঠে, তথন তাহাতে নিয় প্রদেশ প্রতিপক্ষে কয়েকদিন জলে ডুবিরা থাকে। পক্ষে পক্ষে এইরূপে ডুবে এবং সমস্ত জঙ্গলের ভূমি পৃষ্ঠ কর্দমাক্ত হইয়া পড়ে। এই অবস্থাই আবার স্থলরী প্রভৃতি বস্তর্কের জীবন ধারণ পক্ষে বিশেষভাবে সহায়তা করে। সাধারণতঃ স্থলয়বনের এই অবস্থা চলিতেছে।

কিন্তু সময় সময় এক একটি বিপ্লব উপস্থিত হইয়া, ঘোর পরিবর্তন ঘটাইয়া থাকে। কথনও কথনও ভীষণ ঝটিকা উঠিয়া, বহুবৃক্ষ উন্মূলিত করিয়া দেয়া এবং সঙ্গে জন্মল এরপ হুর্ভেছ ও ভয়সঙ্গুল হয় যে লোকের পক্ষে আবাদ করা বা কান্ত সংগ্রহ করা উভয়ই অসম্ভব হইয়া পড়ে। এই সকল ঝটকার সময় নদীর গতি হুই একস্থলে এমন বিপর্যান্ত করিয়া দেয় যে, কোন প্রকাশ কনী বালুকা-মণ্ডিত হইয়া প্রবাহশৃত্য হয় এবং নিকটবর্ত্তী অন্ত একটি ক্ষুত্র থাল সামান্ত পরংপ্রণালী হইতে প্রবল নদীতে পরিণত হয়। কোনস্থান বিদিয়া গিয়া জলমম হয় এবং অন্ত কোন স্থান কারণবিশেষে ক্রভবেগে উন্নত হইবার স্থ্যোগ পায়।

ঝটিকা ব্যতীত অন্ত কারণেও যে স্থল্ববনের জনি বিদিয়া যায়, তাহা জানা গিয়াছে। হঠাৎ কোন স্থল্ববনের অঞ্চল বিশেষ এমন ভাবে ডুবিয়া যায় য়, ঐ প্রদেশে যে সমত্ত লোকের বসতি ছিল বা অট্টালিকাদি নির্মিত হইয়াছিল, তাহা সমত্তই অধোগত বা জলময় হইয়া লোকের বাসের অযোগ্য হইয়া পড়ে। তথন মধিবাসীরা ঘরবাড়ী ও মন্যাের সভ্যতা চিক্ ফেলিয়া রাথিয়া, প্রাণ লইয়া স্থানাত্তরে য়য়। নিয় জমিতে জলল বৃক্ষসমূহ পূর্ণক্তিতে বাড়িয়া উঠে; ইইকগৃহ থাকিলে, তাহা জললাবৃত হইয়া অমাবতা পূর্ণিমার জলপ্রাবন কালে ব্যাদ্রের আশ্রয়ন্থান রূপে বিরিগত হয়; এবং ভবিয়তে কোন অনুসন্ধিৎস্থ শ্রমণকারীর বিশ্বয় উৎপাদন করে।

चन्त्रवरानत এक्रभ व्यक्त विखन्न छेथान भठन यथन छथन इंदेश शास्त्र । किस

বচ বৎসরের ইতিহাসের পর্যালোচনা দ্বারা সপ্রমাণ হইয়াছে যে স্থন্দর্বনে খুলনার পুকুর ২৷৩ বার ভীষণ দো-আদলা মাটী। অবন্মন (Subsi-৪-8 বালকা। dence) হইয়া-৭'---৪" কৰ্দমাক বালি किल। * স্থানে ক্রমে নিয়ে কল্পরময় শক্ত কৰ্দমে পরিণত প্রস্করিণী স্থানে হইয়াছে। খনন কালে দেখা ১৮' জোব মাটী ও कर्मग्रा গিয়াছে যে ৩০ কট নিয়তল পর্যান্ত গেলেও স্থন্দর-24' বনের চিহ্ন পাওয়া যায় । বৰ্তমান বালুকামিশ্রিত কৰ্দম। খুলনা সহবের পশ্চিমধারে এবং কলিকাতা শিয়াল-৩৯′ দহে পুঞ্চরিণী খনন-কালে নিম্নন্থ ভূ-বালুকা। পঞ্জরের যেরূপ অবস্থা হইয়াছিল

তাহার ছইটি প্রতি-

^{&#}x27;That a general subsidence has operated over the whole extent of the Sundorbans, if not of the delta entire, is, I think, quite clear from the result of examination of cuttings or sections made in various

ফুতি প্রদন্ত হইল।* খুল্নার পুকুর হইতে দেখা বাইতেছে বে, ৪´-৪´´ ইঞি শিয়ালদহের পুকুর

দো-আসলামাটীর পরিষ্কত নিয়ে ওঁফুট বালুকা বালুকা প্ৰে ৯-২" বালি দো-আসলা সংযক্ত মাটী ও পরে মানি প্রিকার কর্দ্ম। ভাগার নিয়ে জোব মাটী বাহির হয়. আটাল মাটী উচাব মধ্যে অর্থাৎ জোবের মধ্যে ১৮ ফটের নিম্নে ১১´ বুক্ষের গুঁড়ি প্রথম স্থন্দরীগাছের বালি মিশ্রিত ওঁডি দেখা যায় আটাল মাটীর এবং ২৫ ফট পর্যাস্ত মধ্যে বুক্ষের ৩১´ গুঁডি এইরূপ অসংখ্য . বুক্ষের সহিত গুঁডি বর্ত্তমান ছিল। সম্বলিত নীলবৰ্ক দ্বম দৌলতপুর কলেজ-প্রাঙ্গণে 3206 গুষ্টাবেদ আমাদের তত্বাবধানে খুলনা-কাল অঙ্গারাক্ত ডিষ্টি,ক্ট বোর্ড দ্বারা বালুকা বে বড় পুন্ধরিণী

parts where tanks were being excavated." Gastrell's Statistical Report of the Districts of Jessore, Faridour and Backergani, p. 29.

* J. A. S. B. No. XXXIII of 1864. Gastrell's Report, Appendix IV.

ধনিত হয়, তাহাতে ৯ ফুটের নিমে সামান্ত জোবমাটী, পরে একটু বালি এবং ক্রমে ২১ ফুট পর্যান্ত পরিকার আটালমাটী। তাহার নিমে পুনরায় ২।০ ফুট জোবমাটী এবং সঙ্গে সঙ্গে ২৬ ফুট পর্যান্ত সমস্ত তলভাগটি অসংখ্য স্থান্দরী প্রভৃতি গাছের প্রকাণ্ড প্রকাণ্ড গুঁড়িয়ারা সম্পূর্ণরূপে সমাচ্ছয় ছিল। এই শুড়িগুলির নিমে কিছুদ্র পর্যান্ত হু'ধে মাটী (ঝেতাভ অভ্যন্ত আটাল মাটী) পাওয়া যায়। ২৯ ফুটের পর পুনরায় জোবমাটী ও বৃক্ষাবশেষ দেখা গিয়াছিল। এ পুকুরে ৯ ফুট হইতে ৪০ ফুট পর্যান্ত কোন বালিন্তর দেখা যায় নাই। কলিকাতা শিয়ালদহের নিকট থনিত পুক্রিণীর ৩০ ফুট নিমে অসংখ্য গুঁড়ি পাওয়া যায়। * এই সকল পরীক্ষা হইতে সমস্ত দক্ষিণ অঞ্চলের একটা সাধারণ মৃত্তিকার অবস্থা জানা যায়, এবং সর্ব্ধত্র যে একটা সাধারণ নিমজ্জন হইয়ছিল, তাহা প্রমাণিত হয়।

মাতলা নামক স্থানে একটি পোর্ট বা বন্দর খুলিবার পর যথন সেথানে একটি পুদ্বিণী থনন করা হয়, তথন দেখা গিয়াছিল যে ৮।১০ ফুট মাটার নিয়ে একটু সংকীণ স্থানে ৪০টি স্থানারীর্ক্ষ সোজা দণ্ডায়মান রহিয়াছে; খুল্না বা শিয়ালদহে যেমন বৃক্ষগুলির গুঁড়িমাত্র পাওয়া গিয়াছিল, মাতলায় কিন্তু বৃক্ষগুলি প্রায় সম্পূর্ণ দণ্ডায়মান ছিল। নিমজ্জন ব্যতীত আর কোন কারণে এরূপ হইতে পারে না। কি কারণে বা কতবার এইরূপ অবনমন হইয়াছিল, তাহা নির্ণয় করা জ্ঃসাধা। খুল্না ও শিয়ালদহে ভগ্ন বৃক্ষের গুঁড়ি ও উপরে লোব মাটি দেখিয়া বোধ হয় যে ভূমির নিমজ্জনের সঙ্গে সঙ্গে একটি প্রবল ঝটিকা বা জলোচ্ছাদ ছিল এবং মাতলার অবস্থায় বোধ হয় শুর্ই নিমজ্জন হইয়াছিল, তথন কোন ঝটিকা বা আবর্ত উঠে নাই। স্থতরাং বিভিন্ন সময়ে যে বিভিন্ন কারণে জমি বিস্রা গিয়াছে, তাহা সহজে অস্থুমান করা যাইতে পারে।

কি কারণে এইরূপ অবনমন হইয়াছে, তদ্বির আনেক মতভেদ আছে। কেহ কেহ বলেন বঙ্গোপসাগরের মালগু মোহানা ও রায়মঙ্গল হইতে দক্ষিণ দিকে একস্থানে অতলম্পর্শ (Swatch of No Ground) আছে, উহা ২১°

[•] The part of chief interest in the Sealdah section is the occurrence of tree stumps in situ at the depth of 3oft, and the evidence afforded thereby of a general depression of the delta "—H. F. Blanford A. R. S. M., F. G. S. in J. A. S. B. No. XXXIII.

চ্টাতে ২১°—২২' অক্ষরেথার মধাবর্ত্তী। এইস্থানের চারিদিকে জলের গভীরতা ৫০।৬০ ফট, কিন্তু অতলম্পর্শের গভীরতা হঠাৎ একেবারে ১৭৭১৮ শত ফুট हहेरव। ∗ कार्श्वनन मारहव वरलन एव वरक्षांशमांगरवत शूर्व्स शन्तिमनिक हहेराज বিপরীতমধী স্রোতের সংঘাত জন্ম ঐ স্থানে আবর্তের সৃষ্টি করিয়াছে, স্থতরাং ত্রধার কোন প্রকার মাটী পড়িয়া জমিতে পারে না। † ঘূর্ণিত মৃত্তিকা কতক ফুকুরুরনের দক্ষিণোপকুলে বিক্ষিপ্ত হইয়া চর বুদ্ধি করে, কতক সাগরের মধ্যে দুরবর্ত্তী স্থানে গিয়া দ্বীপ গঠন করিতেছে। বঙ্গোপদাগরে পড়িবার কালে সকল নদীরই গতি এই অতলম্পর্শের দিকে প্রবর্তিত দেখিতে পাওয়া যায়, এজন্ত স্থানারবনের দক্ষিণে নদীমুখে যে দকল চর পড়িয়াছে, তাহাদের দকলের অগ্রভাগই-অতলম্পর্ণাভিমুথে রহিয়াছে। পূর্ম্বদিক্ত চরের মুথ পশ্চিম দিকে এবং পশ্চিমদিক্স্ক চরের মুথ পূর্ব্বাভিমুথে আছে। স্থন্দরবনের ভূপঞ্জরের নিমদেশ হইতে 🕆 কর্দ্দমবং মত্ত্রিকা অবিরত অল্লে অল্লে ধুইয়া ধুইয়া প্রোতের গতি অনুসারে এই অতলম্পর্শের গহ্বরে পড়িতেছে: এইরূপে বছদিন পর্যাস্ত নিমন্ত মৃত্তিকা স্বিয়া যাওয়ায় স্থন্ধরবনের উপরিস্থিত জঙ্গলাকীর্ণ ভূভাগের অতিরিক্ত গুরুভার বিস্তীর্ অঞ্চলের জমিকে একস্থানে বসাইয়া দেয় : জমি নিম্ন হইয়া গেলে তংক্ষণাং জলপ্লাবনে সে দেশ ডুবিয়া যায়, এবং সেই জলের সহিত মিশ্রিত পুলি ক্রুমে স্থির হুইয়া নিমে পুডিতে থাকে ও জুমির উচ্চতা সম্পাদন করে। অতলম্পর্শের জন্ম এইভাবে স্থন্দরবনের উত্থান পতন হয়। ও স্থতরাং এই অতলম্পূর্ণ ই সুন্দর্বনের অবনমন ও তজ্জ্য উহার সাময়িক ধ্বংসের প্রথম ও প্রধান কারণ। গ

^{* &}quot;In the sea outside the middle of the delta there is a singularly deep area known and marked on the charts as the "Swatch of No Ground," in which soundings which are from 5 to to fathous all round, change almost suddenly to 200 and even to 300 fathoms."—R. D. Oldham's "Manual of Geology"

[†] Mr. J. Fergusson in his paper on the delta of the Ganges published in the Quarterly Journal of the Geographical society for 1863, see also "Khulna Gasetteer" p. 199.

Calcutta Review, the Gangetic delta 1859.

[§] रक्ननर्मन २म्र छोत ১२४० "अखन्यमा" धरका । २३६ पृ:।

The present desolate condition of the Sunderbans may be due to a subsidence of the land and that this may have been contemporaneous with formation of the submarine hollow known as the "Swatch of No Ground"—Beveridge's "History of Bakarganj" p. 169.

এই অতলম্পর্ণ যেমন এইরূপ ধ্বংসনামা বা অবন্মনের কারণ, তেমনি ইহাকে আরও একটি অদ্ভূত ঘটনার মূল বলা হইয়া থাকে। এতদঞ্চলে সমস্ত স্থানে আঘাঢ় শ্রাবণ মাসে সময়ে সময়ে দক্ষিণ বা দক্ষিণপূর্ব্ব কোণ হইতে কামানের শব্দের মত এক প্রকার গুরুগম্ভীর শব্দ শুনা যায়। খুলনা ঘশোহর বা চবিবশ প্রগণায় এই শব্দ বরিশালের দক্ষিণাংশ হইতে আসিতেছে বলিয়া বোধ হয়: এ জন্ম সাহেবেরা ইহাকে "Barisal guns" বা বরিশালের কামান বলিয়া থাকেন। বরিশালের নিয়শ্রেণীর লোকে বলে ইহার নাম "গাইবী আওয়াজ" বা দৈব শব্দ। এ সম্বন্ধে বহু প্রবাদ প্রচলিত আছে। হিন্দুরা বলে লঙ্কাদীপে রাবণের বিশাল তোরণদার খোলা বা বদ্ধ করিবার সময়ে এইরূপ শব্দ হয়: মুসলমানেরা বলে তাহাদের ইমান আসি-তেছেন, তাঁহারই যুদ্ধোভ্যমের জন্ম কামানের শব্দ শ্রুত হয়। কারণ প্রদর্শন করিতে গিয়া কেহ বলেন, ইহা বিবাহাদি সমারোহের জন্ম বন্দকের শব্দ কেহ ভাবেন ইহা সমুদ্রের তরঙ্গাভিঘাত শব্দ, * কেহ মনে করেন ইহা সেইরূপ তরঙ্গাভিঘাতে জলনিক্ষিপ্ত ভূমিখণ্ডের পতন শব্দ। কিন্তু ইহার কোন কারণই বিশ্বাস করা চলে না; কারণ, শকটি মাত্র বর্ষাকালে শুনা যায়, এবং উহা এতদুরবর্ত্তী স্থান হইতে আদে যে, দাধারণ পরিজ্ঞাত কোন শব্দ ততঃ দরে ধার না। বৈজ্ঞানিক তত্ত্বদর্শীদের মধ্যে কেহ অফুমান করেন যে বঙ্গোপসাগরের অতলম্পর্শ হইতেই এই শব্দ সমুখিত হয়। + বর্ধাকালে যথন নদীসমূহের জলবাছলো সমুদ্রে স্রোভোবেগ রৃদ্ধি করে, তথন উক্ত অতলম্পর্শ স্থানে জ্বলপতন শব্দ হইতে এই ভীষণ নিনাদ উথিত হয়। যথন এতদঞ্চলের অনেক স্থান হইতে আষাঢ় শ্রাবণ মাসে এবং বিশেষতঃ কোন একটি প্রবল বৃষ্টির পর এই শব্দ অতি স্পষ্টভাবে শুনা যায়, তথন বর্ষা বা জ্বলপ্রবাহের সহিত ইহার কোন সম্বন্ধ আছে, এরূপ স্বচ্ছন্দে বলা যাইতে পারে। তবে একটি কথা আছে, শব্দটি খুল্না জেলার দক্ষিণ-পূর্বে এবং বরিশালের ঠিক দক্ষিণে গুনা যায়; তাহা হইলে বরিশালের দক্ষিণাংশে বল্লোপসাগ্রের মধ্যে উহার স্থান হওয়া উচিত, কিন্ত অতলম্পর্শের স্থানটি রীষ্থ্রমন্তলের মোহানার

^{*} Opinion of Mr. Pellew, Superintendent of Survey at Barisal. see J. A. S. B. vol. 36, p. 118 &c.

⁺ Beveridge, History of Bakarganj, p. 14.

সন্নিকটে অর্থাৎ খুলুনা চব্বিশ প্রগণার দক্ষিণে অবস্থিত। সেথান হইতে শক আসিলে থুলনার দক্ষিণে ও বরিশালের পশ্চিম দক্ষিণ কোণে শব্দ শুনা শ্রীযক্ত বিভারিজ সাহেব বরিশালের দক্ষিণস্থিত কুকরি মুকরি দ্বীপে ভ্রমণসময়ে তথাকার বিশ্বস্ত মগজাতীয় অধিবাদিগণের নিকট অবগত হন যে, তাহারা দক্ষিণ, পশ্চিম এবং উত্তর এই তিন দিক হইতে শব্দ শুনিতে পায়। * দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিম দিকের কারণ বুঝিতে পারি, কিন্তু উত্তর দিক হুইতে কিরুপে শব্দ আসিতে পারে, তাহা স্থির করা ছঃদাধ্য। বাবু গৌরদাদ বুদাক বলিতেছেন যে সমুদ্রের দিক হইতে শব্দ আসিলে, খুলুনা বরিশালে যতই দক্ষিণ দিকে অগ্রাসর হওয়া যাইবে, শব্দ তত্তই উচ্চতর হওয়া স্বাভাবিক: কিন্তু প্রকৃত ঘটনা তাহা নহে। তিনি মোরেলগঞ্জের পথে টাইগার পয়েণ্ট (Tiger point) পর্যান্ত গিয়াছিলেন, কিন্তু শব্দ উচ্চতর হয় নাই। † কেহ কেহ বলেন এই ভীষণ শব্দ গভীর সমুদ্রে তরঙ্গাভিঘাত জক্ত হইরা থাকে। যথন প্রচণ্ড বেগে প্রধাবিত তরঙ্গে তরঙ্গে আঘাত লাগে, তথন জলোচ্ছাস প্রথমে উর্দ্ধমুখী হইরা উঠে, পরে হঠাৎ গা ছাড়িয়া দিয়া ভীমবেগে নিম্নে পতিত হয়। ঐ পতন সময়ে একটা ভীষণ শব্দ হইয়া থাকে, তাহাই "বরিশাল গান"। এই শক্ষাট সাগরের মধ্যে নানা সময়ে নানাস্থানে হয়, এজন্ত কথনও পূর্ব্ব-দক্ষিণ, কখনও দক্ষিণ এবং কখনও বা দক্ষিণ পশ্চিম কোণে শুনা যায়। কিন্তু তরঙ্গ-সম্ভত শব্দ হইলে প্রত্যেক। সমুদ্রকূলে এ শব্দ শুনা যাইত। কিন্তু বঙ্গোপসাগরের নিকটবর্ত্তী অংশ ব্যতীত অন্ত অংশে এ শব্দ শুনা যায় না। স্বতরাং "বরিশাল গানের" প্রাক্ষত কারণ নির্ণয় করা কঠিন। বছ গবেষণার পর মহামতি বিভারিজ স্থির করিয়াছেন যে, ইহা বায়ুমণ্ডলের কোন বৈহাতিক ব্যাপার হইতে সম্ভত া 🛨 কেহ কেহ অমুমান করেন, আরাকাণের উপকৃলে ভুগর্ভে একটি আগ্রেয় গিরির শ্রেণী আছে। চট্টগ্রামের অন্তর্গত চন্দ্রনাথ প্রভৃতি স্থানে তাহার প্রত্যক্ষ পরিচয় পাওয়া যায়। ইহার অগ্ন্যান্যমের সহিত "বরিশাল গানের"

^{*} Beveridge's Bakargunj pp. 167-8.

[†] Babu Gourdas Basak's "Antiquities of Bagerhat", J. A. S. B. 1867-8.

^{‡ &}quot;The conclusion which I come to is that the sounds are atmospheric and in some way connected with electricity" Beveridge's Bakargunj p. 168,

শব্দোৎপত্তির সম্বন্ধ থাকা বিচিত্র নহে। কিন্তু ইহা একটি অনুমান মাত্র। এখনও এ বিষয়ে কোন সিদ্ধাস্ত হয় নাই।*

যাহা হউক, "বরিশাল গান" বা অতলম্পর্শ এই উভয়ের ভিতর কার্য্যকারণসম্পর্ক আছে কিনা, অথবা উভয় ঘটনারই পৃথক্ পৃথক্ মূলকারণ কি কি, তাহা
এখনও দ্বির হয় নাই। এদিকে বৈজ্ঞানিক বা ভৃতত্ত্বিৎ পণ্ডিতবর্গের সাগ্রহ
দৃষ্টি আকর্ষণ করা যাইতে পারে। তবে উভয়ই যে সত্য ঘটনা তাহাতে সন্দেহমাত্র নাই এবং এই অতলম্পর্শের সহিত যে স্থানরবানের অবনমনের একটা
সম্বন্ধ আছে, তাহা নিঃসংশয়ররপে বলিতে পারি। স্থতরাং দেখা গেল, এই
অতলম্পর্শ স্থানরবানের অবনমনের প্রধান কারণ। স্থানরবানের নিয়ন্থিত
মৃত্তিকার কর্দম-প্রকৃতি অবনমনের দ্বিতীয় কারণ এবং ভূমিকম্প প্রভৃতি দৈব
উৎপাত তাহার তৃতীয় কারণ। অবনমনের আরও কারণ থাকিতে পারে;
কিন্তু যে কারণেই হউক, বহুবার স্থানর বনে এইরপ অল্পবিস্তর অবনমন হইয়াছে
এবং তদ্ধারা যে স্থানরবানের অবস্থার অত্যন্ত অবনতি ইইয়াছে, তৎপক্ষে
সন্দেহ নাই। স্থতরাং এই অবনমনকেই আমরা স্থানরবান ধ্বংসের প্রথম
কারণ ধরিতে পারি।

স্থানরবন ধ্বংদের দ্বিতীয় কারণ ঝটিকাবর্ত্ত ও জলপ্লাবন। অতি প্রাচীনকালে কি হইয়াছে, তাহা জানিবার উপায় নাই। তবে গত চারি পাচ শত বৎদরের মধ্যে ক্ষেকবার ঝটিকা ও জলপ্লাবনাদিতে স্থানরবনের যে অসংখ্য প্রাণিহত্যা ও অত্যন্ত অনিষ্ঠ সাধন করিয়াছে, তাহার প্রমাণ আছে। বাদসাহ আকবরের রাজত্বের ২৯শ বর্ষে অর্থাৎ ১৫৮৫ খৃষ্টাব্দে এক দিন অপরাত্নে সমূদ্রের জল বৃদ্ধি পায়; উহাতে অল্প সময়ের মধ্যে এমন জলপ্লাবন হয় যে সমস্ত বাক্লা সরকার বা চন্দ্রনীপ জলমগ্য হইয়া যায়। ক্রমাগত ৫ ঘণ্টা ভয়ানক ঝড়বৃষ্টি ও বন্ধ্রপাত হইয়াছিল; সমূদ্র উত্তালতরঙ্গ তুলিয়া রাজ্য গ্রাস করিয়াছিল। ঘরবাড়ী, নৌকা জাহাজ সমস্ত ভাঙ্গিয়া চুরিয়া যায় এবং প্রায় ঘ্ই লক্ষ লোক

^{* &}quot;The "Barisal Guns" prove that there is some volcanic action going on below the land or the Bay"—G. D. Bysack's letter to the Englishman 17-6-1897.

[&]quot;Whether this volcanic action contributes in any thing to cause the sounds popularly known as the "Barisal Guns" has yet to be established"—H. J. Rainey.

মৃত্যুমুথে পতিত হয়। শ এতদ্বারা খূল্নার দক্ষিণস্থিত স্থান্দরবনেরও যথেষ্ট ক্ষতি
সাধিত হয়। উহার জন্তই মহারাজ প্রতাপাদিতা স্বীয় রাজধানীর দক্ষিণে বমুনা
ও আড়পাঙ্গাদিয়ার নদীদ্বরের মধ্যবর্তী অংশে এবং উত্তরে কালীগঞ্জ হইতে
পূর্ব্বমুথে কপোতাক্ষ পর্যান্ত ও পশ্চিমমুথে ভাগীরথী তীরে রামগড় পর্যান্ত
মৃত্তিকার বাঁধ নির্মাণ করিয়া রাজ্য রক্ষার ব্যবস্থা করিয়াছিলেন। ঐ সকল
বাঁধের অনেকাংশ এখনও বর্ত্তমান থাকিয়া দর্শকের বিশ্বর উৎপাদন করিতেছে।

পরবর্ত্তী ভীষণ ঝটিকা ১৬৮৮ খৃষ্টাব্দে হয়। উহাতে সাগরদ্বীপে ৬০ হাজারেরও অধিক লোক মারা গিয়াছিল। প্রতাপাদিত্যের যুগ পর্যান্ত সাগরদ্বীপের উন্নতির সময় ছিল। প্রতাপকে সাগরদ্বীপের শেষ নৃপতি বলিয়া থাকে। প্রতাপের পতনের অব্যবহিত পরে স্থান্দরনের একটি অবনমন হয়, তজ্জন্ত আয়দিন মধ্যে উহার অবস্থা নিতান্ত খারাপ হইয়া পড়ে। তথন হইতে একশত বংসর পর্যান্ত সাগরদ্বীপের কিছু সোষ্ঠিব ছিল, এই ঝটিকাই তাহার সর্ব্বনাশ সাধন করিয়াছিল।

১৭০৭ খৃষ্টান্দে এক প্রকাণ্ড সাইক্রোন বা ঝটিকাবর্ত্ত স্থন্দরবনের উপর দিয়া প্রবাহিত হয়। উহাতে বৃক্ষাদি ও মহুষাজীবনের ভীষণ ক্ষতি করিয়াছিল। স্থানরবন বা সমিহিত প্রদেশে যাহারা অধিবাসী ছিল, তাহারা সকলে স্থান গাগ করিয়া উত্তরমুথে পলায়ন করিতেছিল। ১৭৩৭ খৃষ্টান্দে ভূমিকম্পের সঙ্গে সারে এক ভয়ানক ঝড় হয়। তদ্বারা ইংরাজদিগের কলিকাতা বা হুগলী-ছিত কারথানা সমূহের বিশেষ ক্ষতি হয়। এই ঝড়ের পর স্থান্দরবন সম্পূর্ণরূপে মহুযোর আবাসশৃত্ত হইয়া পড়ে। ইহাতে ত্রিশ হাজার লোক মরে এবং গঙ্গার জল ৪০ ফুট উঠিয়াছিল।

১৮৬২ খৃষ্টান্দে ১৪ মে (১২৬৯ সালের হয়া জ্যেষ্ঠ) যশোর-খুল্না ও স্থানরবনে প্রবল ঝড় হয়, উহাতেও কম ক্ষতি করে নাই, ইহার নাম বিধ্যাত "হৈয়াঠ ঝড়"। ১৮৬৪ খৃষ্টান্দের হই অক্টোবর একটি বড় ও তৎসহ প্রবল জলোচছার হইয়া কলিকাতা ও নিকটবর্ত্তী জেলা সমূহের

^{*} Ain-i Akbari Book III. Gladwin's Edition p. 304.

⁺ Imperial Gazetteer Vol XII p. 110.

[‡] Gentleman's Magazine of 1838-39; Proceedings of the Asiatic S iciety of Bengal for December, 1868. আনেক এ বিবরণী অভি রক্তিত বলিয়া ননেক হলেন। see H. B. H's. letter to the Englishman 2-7-1897.

ভীষণ ক্ষতি করিয়াছিল। ইহাতে বহুসংখ্যক বড় জাহাজ, লক্ষ লক্ষ নৌকা ও অগণিত মনুষাজীবন নষ্ট হয়। । ১৮৬৭ খৃষ্টান্দের ১লা নভেম্বর (১২৭৪ সালের ১৬ই কার্ত্তিক) আর একটি বিখাত ঝড়ে সাগরদ্বীপ হইতে পাবনা পর্যান্ত সমস্ত দেশের সর্বানাশ সাধন করিয়া যায়। থোলপেটুয়া ও কপোতাক্ষ নদীতে তীরের উপর ৪ হাত জল হইয়াছিল: আরও দক্ষিণে স্থন্দরবনের মধ্যে ৯ হইতে ১২ ফুট পর্যান্ত জল হয়। ইহাদারা যমুনা নদী কালীগঞ্জের দক্ষিণে একেবারে মরিয়া যায়। তাহা না হইলে প্রাচীন যশোর রাজধানীর আজ এ ছর্দশা হইত না। এই "কান্তিকে ঝড়ে" স্থন্দরবনের যে ক্ষতি হইয়াছিল, তাহা বছ বৎসরে পুরণ হয় নাই। ইহার ছই বৎসর পরে ১৮৭৬ খুষ্টাব্দের ৩১শে অক্টবর ফুলরবনের পূর্ব্বাঞ্চল অর্থাৎ সন্দ্বীপ, হাতিয়া দ্বীপ হইতে আরম্ভ করিয়া বরিশাল পর্যান্ত এক ভন্নগর ঝাঁটকা ও সামুদ্রিক প্লাবন প্রবাহিত হয়। ইহাতে দৌলতগাঁ উপবিভাগের সর্বাপেক্ষা অধিক ক্ষতি করিয়াছিল। উচ্চ বৃক্ষাগ্র পর্যাপ্ত জন উঠিয়া গহাদি ও জীবজন্ত ভাসাইয়া লইয়া গিয়াছিল। বাথরগঞ্জ ও নোমাথালি অঞ্চলেই দশলক্ষ লোক গৃহশূন্ত হয় ও তুই লক্ষেব্ৰ অধিক লোক মৃত্যুমুখে পতিত হয় বলিয়া জানা গিয়াছিল। কিন্তু প্রকৃত মৃত্যুসংখ্যা অগণিত। এই সময় হইতেই স্থন্দরবনের পূর্বভাগ বৃক্ষশৃন্ত হইয়া পড়ে।

স্থলবন ও খূল্না প্রভৃতি জেলা বঙ্গসাগরের নিকট থাকিয়া সর্ব্বদাই ঝড়ের অত্যাচার সহ্য করে। সে সকল ক্ষুদ্র ক্ষুদ্র ঝটিকাবর্ত্তের হিসাব দেওয়া যায় না। গত বিংশাধিক বৎসরের মধ্যে সর্ব্বাপেক্ষা ভীষণ ঝড় হইয়াছিল ১৯০৯ খৃষ্টান্দের ১৭ই অক্টোবর (বা ১৩১৬ সালের ৩০শে আধিন)। এ ঝড় খুল্না অঞ্চলেই সর্ব্বাপেক্ষা অধিক হইয়াছিল। এতদ্বারা দেশের এবং বিশেষতঃ স্থান্দরবনের যে ছর্দশা হইয়াছিল, তাহা স্বচক্ষে দর্শন করিয়াছি। ইহার পরে স্থান্দরবনের প্রোচীন বা বড় রক্ষ প্রায়্ব সমস্তই বিনম্ভ হইয়াছিল, বলা যাইতে পারে। ভয়রক্ষের গুড়িও শাধাপ্রশাধায় স্থান্দরবনের নিবিড় বন এথনও সম্পূর্ণ ছর্গম হইয়া রহিয়াছে।

এইরপে বারংবার ঝটিকা, জলস্তম্ভ, প্রবল প্লাবন প্রভৃতি আকস্মিক উৎপাতে স্থলরবনের ধ্বংস সাধন করিয়া তাহাকে মহুয্যাবাদের পক্ষে অযোগ্য করিয়া

^{*} Bengal under Lieutenant-Governors, vol I- pp. 298-302.

তলিয়াছে। কিন্তু শুধু ইহাই নহে, ভূমিকম্পকেও তাহার ধ্বংসের অন্ততম বা ততীয় কারণ ধরা যাইতে পারে। ১৭৩৭ খুষ্টাব্দের ভূমিকম্পের কথা পূর্ব্বে উল্লেখিত হইয়াছে। ১৭৬২ খুষ্টাব্দে ২রা এপ্রিল তারিখে একটি ভূমিকম্প আবাকাণ হইতে চট্টগ্রাম ও ঢাকা দিয়া কলিকাতা পর্যান্ত বিশ্বত হইয়াছিল। ইচা দ্বারাও স্থন্দরবনের অনেক পরিবর্ত্তন ঘটে। ইহাতে স্থন্দরবন এক প্রকার ডবিয়া গিয়াছিল, কলিকাতার সন্নিকটে গঙ্গার জ্বলও ৬ ফুট উচ্চ হইয়া উঠে।* ১৮১০ ও ১৮২৯ খুষ্টাব্দে গঙ্গোপদ্বীপে ছুইটি ভূমিকম্প হইয়াছিল বটে, কিন্তু তাহা তত গুরুতর নহে। ১৮৪২ খুষ্টাব্দের ১১ই নভেম্বর যে ভূমিকম্প হয়, তাহাই অত্যন্ত গুরুত্ব, উহা দ্বারা গঙ্গোপদ্বীপ হইতে আফগানিস্তান পর্যান্ত সমস্ত উত্তর ভারত আলোডিত হইয়াছিল। ২৪পরগণা বা যশোহরের মধ্যে কোন স্থানে এই ভকম্পন প্রথম আরম্ভ হয়। বরিশাল প্রভৃতি স্থানে ভীষণ শব্দের সহিত জমি উচ্চ হইয়া উঠে। ইহা দ্বারা স্থন্দরবনেও অশেষ ক্ষতি ও পরিবর্ত্তন সাধিত হয়। কিন্তু সর্ব্বাপেক্ষা ভীষণ ভূমিকম্প হইয়াছিল ১৮৯৭ খুষ্টাব্দের ১২ই জুন তারিথে। ইহাতে আদাম হইতে দাহাবাদ ও দিকিম হইতে পুরী অর্থাৎ সমস্ত বঙ্গ বিলোড়িত হয়। ইহা দ্বারা রাজ্যাহী বিভাগ, কুচবেহার ও ঢাকা ময়মনসিংহে স্ক্রাপেক্ষা অধিক ক্ষতি হইলেও পদ্মার দক্ষিণে গাঙ্গের উপদ্বীপেও নিতান্ত কম ফতি হয় **নাই** ।‡

স্থলরবন ধ্বংসের চতুর্থ বা শেষ কারণ মগ ও ফিরিঙ্গিদিগের
ও অমান্থবিক
অত্যাচার। সময় সময় প্রদেশ বিশেষের অবনমনে, বঙ্গদাগরোপকুলের চিরসহচর

^{*} Report of the Rev. William Hirst M. A., F. R. S. sent to the Royal Society, 1762,

[†] Opinion of Lieutenant Baird Smith. See "Friend of India" 17-11-1842.

[†] The Earthquake in Bengal and Assam", 1897; Bengal under Lieutenant Governors vol. II. p. 1001.

[্] দিবিল (Feringi, Firingi, Feringee বা Feringhee) শব্দ করাসী আছে (Frank) কথা হইতে উৎপন্ন। আবৰ ও পার্যাসকদিবের সহিত ধর্মরাজা পালেটাইন লইয়া সংঘর্ষের (crusade) সময় সমন্ত ইয়োরোপীর প্টানগণ আছে নামে অভিহিত ২ইতেন। ঐ সময়ে সকলের বোধসম্ম যে এক নৃতন ভাষার হাই ২য়, তাহার নাম Lingua Franca বা আক ভাষা। এই আছে কথা পারস্কি ও আবিবাহেরা ক্ষেম্প (Ferang, Per. Frang

ঝটিকা, প্লাবন ও ভূমিকম্পে স্থন্দরবন ধ্বংসের যাহা বাকী ছিল, এই আরাকান-বাদী মগ ও পাশ্চাত্য দেশ হইতে আগত ফিরিঙ্গি জাতীয় জলদস্থাগণের দৌরায়্যে তাহা শেষ করিয়া দিয়াছিল। এই ফিরিঙ্গি জলদস্থাদিগকে হারমাদও বলিত।†
ইহারা গঙ্গাদাগর-সমীপবর্ত্তী প্রদেশকে উৎসন্ন করিয়া—"ফিরিঙ্গির দেশ" করিয়া
লইয়াছিল এবং মগেরাও স্থন্দরবনের অনেক স্থান লোক শৃশু করিয়া পার্যবর্ত্তী


Ar. Firanji) উচ্চারণ করিত। উচারই অপত্রংশে ফিরিঙ্গি হইয়াছে। পাশ্চাতা দেশকে ফিরক দেশ ও তদ্দেশবাদীকে ফিরলি (পুং) এবং ফির ক্রণী (স্ত্রী) বলা হইত [শব্দক ক্রক্রমে २४-89: ७ वाहम्पाः । ४००० पः " कि वक् " मक तम्य । ইहारमञ्ज स्वानी छ রোগ বিশেষক ফিওজবাধি ও এক প্রকার রোটকাকে ফিরজ কটি বা পাঁটকটি বলে। ইংরাজী কোন কোন অভিধানে (Webster's, Annandale's, Slang Dictionary) হিন্দু গ ইয়োরোপবাদি-গণকে ফিবিজি বলে এই ন্ধপ ব্যাখ্যাত হইয়াছে, কোন কোন অভিধানে (Chambers' &c.) ইংরাজদিগকেই ফিবিজি বলে এইরূপ উক্ত হইবাছে। কিন্তু ইংরাজ প্রভৃতি কোন উচ্চবংশীয জাতি এদেশীল্লিগের ছারা ফিবিজি নামে অভিহিত হইতে অপুমানিত বোধ করেন: তাহার যথেষ্ট কারণও আছে। পর্ট গীলেরাই প্রথম পশ্চিম ভারতে উপনিবেশ স্থাপন করে। দেখান হইতে পট্ৰীক বা মঞ্চাতীয় তুৰ্বনৃত্তাণ কোন অপরাধ করিয়া শান্তির ভয়ে পলাংনপূৰ্বক বঙ্গবেশে চট্টপ্রাম অঞ্জে আসিত, কেহবা দশ্যবৃত্তি উদ্দেশ্য করিয়াই এদেশে আসিত। এই সকল প্লাম্ভিক বাৰলচাত পটুণীজ প্ৰভৃতি জাতীয়প্ৰ এদেশে ফি গিলি নামে প্রিচিত হইত। "Franguis (I mean these fugitive portugals and other straggling christians that had put themselves in the service of the king (of Arracan)"-Berinier's Travels. चाइन हे जाकव्दिए ও छात्रठहान्यत " बह्मायक्राल" किदिनि বলিতে পট্নীঞ্জদিগকেই বুঝায়। একণে ইলোরোপীরদিগের সংশ্রবে উৎপত্ন বর্ণক্ষরকে ফিরিজ বলে! ('The mixed descendants of Europeans"-See Dr. Rajendra Lal Mitra's Indo-Aryans, Vol. II, p. 203 Note)

† The word Harmad is evidently Armad, a corruption of armads.

Armad is used in the sence of fleet in 'Kalimat-i-taiyabat-

Prof. J. N. Sarkar. Anecdotes of Aurangzeb, p. 202. J. A. S. B. June, 1907, p. 425.

'ফিরিজির দেশ খান বাহে কর্ণধারে, রাত্রিতে বাহিলা যায়, হারমদের ডরে।"



দেশে এক ভীষণ অরাজকতার স্থাষ্ট করিয়া "মণের মুল্লুক" করিয়া লইয়াছিল। স্থানান্তরে এই অত্যাচারকাহিনী বিশ্বদভাবে বণিত হইবে। স্থল্ববনের অনেক স্থানে পূর্ব্বে লোকের বসতি ছিল। এখন আর সে বসতি নাই বটে কিন্তু বসতি-চিন্তের অভাব নাই।

---:0:---

অন্টম পরিচ্ছেদ—হুন্দরবনে মনুষ্যাবাদ।

আমরা দেখিয়াছি, স্থন্দরবন পূর্বেণ্ড ছিল, এখনও আছে। তবে ইহার সীমা পরিবর্তিত হইতেছে। ইহার উত্তর ও দক্ষিণ সীমা ক্রমশঃ দক্ষিণে স্রিয়া বাইতেছে। শ্রীযুক্ত ব্লকমান সাহেব টোডরমল্লের রাজস্ব-তালিকা হইতে দেখাইয়াছেন যে গত ৩।৪ শত বৎসরের মধ্যে স্কন্দরবনের উত্তর দীমার পরিবর্ত্তন হয় নাই। । কারণ রাজস্বের পরিমাণ একরূপই ছিল। কিন্তু ১৫৮২ খৃঃ অন্দে এই রাজস্ব হিসাব প্রস্তুত হইবার পর, প্রতাপাদিত্যের চুর্ক্তন্ন প্রতিভা বৃদ্ধিত হয়, এবং নব নব রাজ্যাংশ তাঁহার করায়ত্ত হইয়া পড়ে। যেথানে জঙ্গল কাটিয়া বিক্রমাদিত্যের যশোর রাজধানী প্রতিষ্ঠিত হয়, প্রতাপাদিত্য তাহার বছদূর দক্ষিণে গিয়া ধুমঘাট পত্তনে নৃতন রাজধানী স্থাপন করেন। তজ্জ্ঞ উত্তরে বসস্তপুর হইতে দক্ষিণে ধূমঘাট পৰ্য্যন্ত ২২৷২৩ মাইল দীৰ্ঘ এবং আড়পাঙ্গাদিয়া হইতে যমুনা পর্যান্ত ১৫।১৬ মাইল প্রশন্ত বিস্তৃত প্রদেশ সম্পূর্ণ জনাকীর্ণ হইয়া গিয়াছিল। পূর্মদিকে চকণ্রী প্রভৃতি দ্বীপ নৌবাহিনীর আড্ডা হওয়ায় লোকালয়ে পরিণত হইয়াছিল। বেদকাশীতে তথন লোকের বসতি থাকায় প্রতাপাদিতোর রাজত্বকালে দেখানে বদন্তরায় কর্ত্তক মন্দিরাদি প্রতিষ্ঠিত হইয়াছিল। স্থুতরাং টোডরমল্লের হিসাব প্রস্তুত হওয়ার পর স্থন্দরবনের উত্তর দীমা যে অনেক দুর দক্ষিণে সরিয়া গিয়াছিল, তাহাতে সন্দেহ নাই।

আবার প্রতাপাদিত্যের পতনের পর হঠাৎ জমি নিম্ন হইয়া জলপ্লাবনে প্রতাপের রাজধানী প্রভৃতি জঙ্গলাকীর্ণ হইয়া পড়িতে থাকে; ক্রমে ক্রমে অধি-বাদীরা দরিয়া সরিয়া উত্তরদিকে বাইতেছিল; এমন কি হঠাৎ দৈশিক অবস্থা

[•] H. Blochmann, Geography and History of Bengal, J. A. S. B 1873, p. 231.

পরিবর্তনে তাহাদিগকে টোডরমল্লের সময়ের স্থন্দরবনের উত্তর সীমা হইতে আরও উত্তরদিকে যাইতে হইয়াছিল। এতৎসঙ্গে আরও একটি কথা বিবেচা। রাজস্বের পরিমাণ ঠিক থাকিলেই, দেশের পরিমাণ ঠিক থাকে না। বিক্রমাদিত্য যে রাজ্যের জন্ম নির্দিষ্ঠ পরিমাণ রাজস্ব দিবেন স্থির হইয়াছিল, তাঁহার রাজ্য বৃদ্ধি হইলেও সে রাজ্যের পরিমাণ রাজ্য দিবেন স্থির হইয়াছিল, তাঁহার রাজ্য বৃদ্ধি হইলেও সে রাজ্যের পরিমাণ রৃদ্ধি পায় নাই। প্রতাপাদিত্যের সময় রাজ্য বন্ধ হইয়াছিল, কিন্তু রাজ্যের সীমা নানা দিকে বিস্তৃত হইয়াছিল। স্থতরাং দেখা যাইতেছে, স্থন্দরবনের উত্তর সীমা অনবরত উত্তরে দক্ষিণ সিরতেছে। বর্তমান সময়ে আবার দেখিতেছি, উক্ত উত্তর সীমার গতি দক্ষিণ দিকেই চলিয়াছে, অর্থাৎ জমি ক্রমশং জন্ধলশৃত্য ও শত্যোপযোগী হওয়ায় আবাদের সঙ্গেদ সঙ্গে গোকের বসতিও দক্ষিণদিকে বিস্তৃত হইয়া পড়িতেছে। স্থন্দরবনের উত্থান, পতন বা সীমা পরিবর্তন মানুযের কোন ইচ্ছার অধীন নহে।

পূর্ব্বে বলা ইইয়াছে যে ভাগীরথীর মুথে ভূমি-গঠন কার্য্য বছ প্রাচীন যুগ
ইইতে চলিয়া আদিতেছিল। স্থতরাং স্থলনবনের সেই পশ্চিমাংশ পূর্ব্বাংশ
অপেক্ষা অনেক দক্ষিণদিকে অগ্রবর্ত্তী ছিল। সাগরন্ধীপ অতি পূরাতন স্থান।
এখন পূর্বাংশে ভূমিসঞ্চয়কার্য্য চলিতেছে। পশ্চিমাংশের দক্ষিণ সীমা গত
কয়েকশত বৎসরের মধ্যে অধিক দূর অগ্রসর ইইয়াছে বলিয়া বোধ হয় না।
হয়ত তাহার একটি প্রধান কারণ এই যে, ঐ দিকে দক্ষিণোপকৃল হইতে অতলস্পর্শ অধিক দূরবর্ত্তী নহে। পূর্ব্বদিকে কিন্তু এই দক্ষিণ সীমা অনেক অগ্রবর্ত্তী
ইইয়াছে। সঙ্গে সমুদ্রকূলবর্ত্তী অনেক প্রাচীন স্থান ভিতরে পড়িয়া
গিয়াছে। এক্ষণে পূর্ব্বে ও পশ্চিমে উভয়াংশে স্থল্বরবনের দক্ষিণ সীমা প্রায়
একই রেথায় আদিয়া পৌছিয়াছে। এ রেথা সম্ভবতঃ অতলস্পর্শের জন্ম আর্বার
ইইতে পারিতেছে না।

এই অতলম্পর্শ বর্ত্তমান থাকিলে স্থন্দরবনের দক্ষিণ দীমা স্থির থাকিতে পারে বটে, কিন্তু অতলম্পশের প্রকোপে দেশে পুনরায় অবনমন সন্থাবিত হইতে পারে। তাহা হইলে উত্তর দীমা আবার উত্তরদিকে দরিবে, এবং অনেক স্থান হইতে মমুখ্যাবাস আবার উঠিবে। কিন্তু যদি কোন আক্মিক কারণে অতল্পশিই পলিরাশিতে পুরিয়া উঠে বা সরিয়া যায়, তাহা হইলে স্থন্দরবনও দক্ষিণ দিকে অগ্রসর হইতে পারে এবং সঙ্গে সঙ্গে উত্তর দিক্ হইতে লোকের বস্তি

আরও ক্রতবেগে দক্ষিণবর্তী হইয়া স্থলরবনকে সন্ধীর্ণ করিয়া দিতে পারে। তথন এই গলোপদীপের এক অপূর্ব্ব গৌরবের দিন আসিবে। হয়ত আবার সমুদ্রকূলে প্রসিদ্ধ নগরী ও বাণিজ্য বন্দর প্রতিষ্ঠিত হইবে।

অতলম্পর্শের বয়য় চারি পাঁচশত বৎসরের অধিক বলিয়া বোধ হয় না।
এই সময় মধ্যে স্থন্দরবন সমুদ্রদিকে অধিক দ্র অগ্রসর হয় নাই। পূর্ব্ধে স্থন্দরবন
ক্রমশঃ দক্ষিণদিকে বিভৃত হইয়াছিল; চর যত দক্ষিণদিকে রহিয়াছে, বনও
তত সরিয়া গিয়াছে এবং উত্তরাংশে ক্রমশঃ উন্নত হইয়াছে। এই উয়ত ভূতাগে
শস্তের ক্ষেত্র ও লোকের বসতি স্থাপিত হইয়াছে। এইরূপে স্থন্দরবনের
অগ্রবভিতার সম্পে সম্পে লোকের বসতিও তত সরিয়া গিয়াছে। আজ যেখানে
বসতি, পূর্ব্ধে তথায় স্থন্দরবন ছিল; আজ যেখানে স্থন্দরবন, ক্রমে সেধানে
বসতি হইবারই সম্ভাবনা। স্থন্দরবন একস্থানেও কোন দিন থাকে নাই,
স্থান্বর অবস্থাও চিরদিন একরূপ ছিল না। যশোহর-খূল্নার নিমন্থিত
ভূপঞ্জরের অবস্থা হইতে আমরা পূর্ব্ধে ইহা প্রতিপন্ন করিয়াছি। স্থতরাং
স্থন্দরবনে যে পূর্ব্ধে বসতি ছিল না, এরূপ কল্পনা করা সমীচীন নহে।

স্থান্দরবনে মন্থ্যের বসতি ছিল কি না, তৎসম্বন্ধে থটি মত আছে। প্রথম মত, দেশীয়দিগের মত। তদম্পারে স্থান্দরবনে পূর্ব্বে বসতি ছিল, স্থান্দর নগরীসমূহ ছিল; বছকারণে ঐ সকল নস্ত হইয়াছে। আমরা এই মতের পরিপোষক এবং তাহার অনেকগুলি কারণের বিষয় পূর্ব্বাধ্যায়ে আলোচিত হইয়াছে। দ্বিতীয় মত, বৈদেশিক মত। তদম্পারে স্থান্দরন কথনও স্থান্দর বাসভূমি ছিল না। কথনও কথনও হুঃসাহসিক লোকে ইহার আবাদ করিতে বা বসতি পত্তন করিতে অনর্থক চেষ্টা করিয়াছে, কিন্তু কথনও ইহার ভাল অবস্থা ছিল না। বিভারিজ, ব্রক্ষমান প্রভৃতি প্রসিদ্ধ পণ্ডিতবর্গ এই মতাবল্মী। বিভারিজ সাহেব এ বিষয়ে দীর্ঘ আলোচনা করিয়াছেন। ভিনি শ্বীয় মতের

^{*&}quot; I do not believe that the gloomy Sundarbans or the seaface of Jessore and Bakarganj were ever well-peopled or the sites of cities." History of Bakarganj, pp. 179-80.

t" Were the Sunderbans inhabited in ancient times?"—an article by Mr. Beveridge criginally published in **J.** A. S. B. vol. XLV, 1876 and afterwards incorporated in his History of Bakargani, pp. 169-180

পরিপোষণ জন্ম যে সকল কারণ উত্থাপিত করিয়াছেন, আমরা প্রথমতঃ সেই গুলির সমালোচনা করিয়া পরে আমাদের মত স্থাপন জন্ম বিবিধ চাকুষ প্রমাণ উপস্থাপিত করিতেছি।

প্রথমতঃ মুন্দরবনের পূর্বাংশে বাধরগঞ্জ ও নোয়াথালি জেলার মধ্যে সন্দীপ ও আরও কয়েকটি দ্বীপ আছে। এই সকল দ্বীপে প্রাচীনকালে বহুপরিমাণ লবণ উৎপন্ন হইত। ডু জারিকের বিবরণীতে দেখা বার এই দ্বীপ সমগ্র বঙ্গে লবণ সরবরাহ করিতে পারিত। লবণের উৎপাদন জন্ম বথেষ্ট কাঠের প্রয়োজন। মুক্তরাং সন্দীপে যথেষ্ট জন্মল ছিল।

সন্দীপে জন্দল থাকিতে পারে। জনাকীর্ণ সন্দীপে এখনও স্থানে স্থানে জন্দল আছে। কিন্তু তদ্ধারা সপ্রমাণ হয় না যে সন্দীপে বসতি নাই। বসতি না থাকিলেই বা লবণ প্রস্তুত করিত কে ? তু জারিকই বলিতেছেন যে সন্দীপে যে লবণ প্রস্তুত হইত তাহা বঙ্গে বাগুও ইয়া পড়িত, এবং পটু গীজ আধিপতোর সময়েও তথা হইতে ছইশতের অধিক জাহাজ লবণ বোঝাই হইয়া বিদেশে প্রেরিত হইত। যাহারা উৎকৃষ্ট লবণ প্রস্তুত করিয়া স্বকীয় জাহাজে বিদেশে প্রেরণ করিত, তাহারা অসভ্য নহে। সন্দীপ বা স্বর্ণদীপ অতি প্রাচীন স্থান। প্রবাদ এই, বন্ধের্যর আদিশ্রের নবম পুত্র বিশ্বন্তরশ্ব চক্রনাথ তীর্থ হইতে প্রত্যাগমনকালে এখানে বারাহী দেবীর মন্দির নির্মাণ করেন। তাঁহারই অধন্তন বংশধর লক্ষণ মাণিক্য নোরাথালীর অন্তর্গত ভুলুয়ায় রাজ্যস্থাপন করিয়া বারভুঞার অন্ততম হইয়াছিলেন। সন্দীপের অধিকার লইয়া মগ, পটুণীজ ও ভুঞারাজগণের সহিত বহু যুগ ধরিয়া সংঘর্ষ চলিয়াছিল। সন্দীপের ফ্রাণ্ডারে করিয়াছি। সন্দীপের সাগরবেলা অন্ততঃ ১৫।১৬ বার বিখ্যাত জলমুদ্ধ সমূহের ক্রীড়াক্ষেক্র হইয়ার রক্তর্প্রিত ইইয়াছে। সে দীর্ঘ কাহিনী এখানে বক্তব্য নহে। †

^{• &}quot;Histoire Des Indes Orientales" by Sep. Peirre Du Jarric, 1610. এই পুত্তকের ৩২তম অধ্যায়ে সন্দীপের বিবরণ আছে। উহার অনুবাদের জন্ত শ্রীয়ুক্ত নিধিলনাথ রাবের "প্রতাপাদিত্তা", ৪৪৯ পৃঠা এইবা।

[†] এই বৃহত বৃহ্নাথ সরকার এম্. এ প্রণীত "শেণাছীপের বিবয়ণ"—"নবনূহ" প্রিকা,
মা', ১৩১২ ।

১৫৬৯ পৃষ্টান্দে সীজর ফ্রেডারিক নামক এক জন ভিনীদীয় ভ্রমণকারী ভীষণ ঝাটকায় দল্বীপের কূলে নিক্ষিপ্ত হন। তাঁহার বর্ণনা হইতে জানা যায় যে সন্দ্বীপ পৃথিবীর মধ্যে একটি সাতিশয় উর্বর স্থান। ইহা শস্তক্ষেত্রে পূর্ণ এবং ঘনসন্নিবেশে লোকাকীর্ণ। এথান হইতে প্রতি বৎসর হুই শত জাহাজ লবণ বোঝাই হইয়া বিদেশে যায়। এতদ্দেশে জাহাজ নির্মাণের উপাদান এত অধিক যে তুর্ক স্থলতান আলেকজেন্দ্রিয়া অপেক্ষা এথান হইতে জাহাজ নির্মাণ করিয়া লওয়া স্থলত মনে করিয়াছিলেন।* যে স্থানের এইরূপ প্রতিপত্তি স্ন্দ্র ইউরোপেও ব্যাপ্ত হইয়াছিল, তাহা যে স্থলরবনের অসভ্য জাতির আবাস স্থান, এরূপ বলা যায় না।

দ্বিতীয়তঃ, মিশনরী র্যালফ্ ফিচ্ (Ralph Fitch) যথন ১৫৮৬ খুষ্টাব্দে বাক্লা পরিদর্শন করেন, তথন এ দেশকে উৎক্কপ্ত ও সমৃদ্ধ দেখিয়াছিলেন। কিন্তু বিভারিজ সাহেব তাঁহার কথা বিধাস করেন নাই; কারণ তিনি পূর্ব্ববর্তী বংসরে বরিশালে যে ঝটিকা ও প্লাবন হইয়াছিল, তাহার বর্ণনা দিতে ভ্লিয়াছিলেন।

১৫৮৫ খৃষ্ঠান্দে বাক্লা অঞ্চলে ভীষণ ঝাটকা হইয়াছিল, এবং ২।১ বৎসরে তাহার চিহ্ন বিলুপ্ত হয় নাই, ইহা সত্য। কিন্তু ভ্রান্তি বশতঃ তাহার প্রসঙ্গ উলিখিত হয় নাই বলিয়াই বৃদ্ধ ধর্মপ্রচারকের বর্ণনার অপ্রত্যয় করা সঙ্গত হয় নাই। কিন্তু এয়লে অবিশ্বাস করিলেও মিশনরী যেখানে এ দেশের লোক প্রায় উলঙ্গ এবং তাহারা কেবলমাত্র কটাতে সামান্ত একটু কাপড় পরিধান করে, এইরূপ বর্ণনা করিয়াছেন, সেখানে কিন্তু মিশনরীর কথার সম্পূর্ণ বিশ্বাস করিয়া, মহামতি বিভারিজ এদেশীয় লোককে অসভ্য প্রতিপন্ন করিয়াছেন। শীভপ্রধান পাশ্চাত্য দেশীয় লোকে আমাদের মত গ্রীয়প্রধান দেশের লোকের বন্ধ-বাবহার দেখিয়া, এখনও এদেশীয় লোককে উলঙ্গ বলিয়া থাকেন। প্রত্যেকেই নিজের অবস্থাকে আদর্শ করিয়া লয়। কিন্তু সব দেশে সব আদর্শ থাটে না। আমরা লাপল্যাপ্তের লোকের চর্ম্মনাল দেখিয়া বেরূপ বিশ্বিত হই, তাহারাও আমাদের দেশের বস্তারতা দেখিয়া সমভাবে বিশ্বিত হয়। আবার বিভারিজ বাক্লাকে

^{*} Noakhali District Gazetteer.

স্থান্দরবনের অন্তর্ভুক্ত ধরেন নাই। কিন্তু ইতিহাসে দেখা যায় দমুজমর্দন নবোথিত সমুদ্রকূলসঞ্জাত দ্বীপে রাজ্য সংস্থাপন করিয়াছিলেন * এবং সে রাজ্য সভ্যতামণ্ডিত ছিল। স্থতরাং স্থান্দরবনের পূর্ব্বাংশ যে এক সময়ে সভ্যতাম্পর্দ্ধী জ্বাতির ক্রীড়া ক্ষেত্র ছিল, তাহাতে সন্দেহ নাই।

তৃতীয়তঃ, বাধরগঞ্জের অন্তর্গত ইদিলপুরের তাম-শাসনে এক "চণ্ডভণ্ড" নামক অসভ্য জাতির উল্লেখ দেখা যায়।। উহাতে এতদঞ্চলে যে সভ্যতা ছিল, এমন প্রমাণ হয় না। এ কথার উত্তরে ইহা বলা যাইতে পারে যে বিস্তৃত্ত স্থান্দরবনের কোন কোণে অসভ্য জাতির বাস থাকিলেই এরপ ধারণা করা উচিত নহে যে, এতদঞ্চলে কোন সভ্যজাতির বাস ছিল না। ইদিলপুরে যথন অসভ্যজাতির বসতি ছিল, তথনই যে কপোতাক্ষ-কূলে, বিস্তীর্ণ যশোহর রাজ্যে, সমৃদ্ধ অবস্থার বিকাশ থাকিতে পারে না, এমন নহে। বাবু প্রতাপচক্র ঘোষ এই চণ্ডভণ্ডজাতিকে লবণ প্রস্তুতকারী মোলঙ্গীদিগের সহিত তুলনা করিয়াছেন। সমৃদ্রকূলে লবণ হয়, উহা প্রস্তুত করিবার ভার অপেক্ষাক্ষত অসভ্য প্রমজীবীর উপর থাকা অসম্ভব নহে। তদ্বারা প্রমাণিত হয় না যে নিকটে সভ্যতর জাতি ছিল না।

চতুর্থতঃ, ১৫৯৯ ও ১৬০০ খৃষ্টাব্দে জেস্থইট মিশনরীগণ বাক্লা হইতে প্রতাপাদিত্যের রাজ্যে যাইবার পথের যে বর্ণনা করিয়া গিয়াছেন, তাহাতে উহা জঙ্গলাকীর্ণ স্থলরবনের পথ বলিয়াই মনে হয়। স্থতরাং এ প্রদেশ জঙ্গলাকীর্ণ ছিল এবং তথায় কোন লোকের বসতি ছিল না। এ কথারও উত্তরে বলা যাইতে পারে যে স্থলরবনের সব স্থানে একই সময়ে সমৃদ্ধ পল্লী বা বিস্তৃত বসতি কোনকালে ছিল না; থাকিতেও পারে না এবং সে কথা লইয়া কেহ বাদাম্বাদও করে না। কিন্তু তাই বলিয়া স্থলরবনে লোকের বসতি ছিল না, এরপ একটা সাধারণ মন্তব্য প্রকাশ করা সঙ্গত নহে। মিশনরী সাহেবেরা কোন্

^{*&}quot;পৌড়দেশং পরিতাল্য জগান সমূত্রকুলং তম্বাব্য নবোবিতঃ সমূত্রকুলসঞ্জাতং মাপনেকং স্বিত তং নানার্কোপশোভিতম্ ॥" বচুভট্কত অপ্রকাশিত "দেব বংশ" পুঁধি।

[†] J. A. S. B, (1868).

পথে আদিয়াছিলেন, তাহা জানা যায় নাই। সম্ভবতঃ তাঁহারা একেবারে বাহিরের নদীপথে আদিতে পারেন। দে পথে তথনও বসতি স্থাপিত হয় নাই। যে পথে তথন সাধারণতঃ পূর্ব্ববঙ্গের নৌকা আদিত, সে পথে আদিলে মিশনরী-গণ পথে আর কোনও স্থান না দেখুন, খলিফাতাবাদ, পাণিঘাট, চকঞী, কুড়ল-তলা প্রভৃতি স্থান দেখিয়া আদিতে পারিতেন।

স্থন্দরবনে চিরদিন বসতি হইতে পারে নাই। এক সময় হয়ত স্থন্দরবন উঠিয়াছে, হুই তিন শত বৎদর পর্য্যস্ত উহার আবাদ ও বসতি স্থাপন কার্য্য চলিয়াছে; পরে হঠাৎ পুনরায় উহা ৰদিয়া গিয়াছে, আবার জঙ্গল জন্মিয়াছে। এই অবস্থার পরিবর্ত্তন হইতে আবার অনেক দিন লাগিয়াছে। কেহ অনুমান করিতে পারেন যে, মিশনরীগণ এইরূপ কোন পতনের যুগে আসিয়াছিলেন। কিন্তু তাহা বিশ্বাস হয় না ; কারণ তাঁহাদের আগমনের অব্যবহিত পূর্ব্বে সমস্ত দক্ষিণ বনে যেখানে সেখানে নদীর মোহানায় প্রতাপাদিত্যের কীর্ত্তিহর্ম্মা-সমূহ প্রভিষ্ঠিত হইয়াছিল। সাগরদ্বীপে, ধুমঘাটে, বেদকাশী বা চকশ্রীতে এবং আরও কত স্থানে প্রতাপাদিত্যের যে তুর্গ ছিল, তাহার বিশেষ বিবরণ পরে প্রদত্ত হইবে। সে দকল ছুর্গ ব্যতীত অন্ত নানাবিধ কীর্তিচিহ্নও স্থন্দরবনের নানা স্থানে নানা ভাবে বর্ত্তমান রহিয়াছে। কোথায়ও ভগ্ন অট্টালিকা, প্রাচীরের ভগাবশেষ, ইষ্টকন্তপ, পুকুর বা রাস্তার অংশবিশেষ, পুকুরের বাঁধা ঘাট, পরিচিত গ্রাম্য বৃক্ষ, মাটীর চিপি বা ভিট্টা, মন্ত্রাব্যবহৃত মুশ্ময় পাত্রাদি বা তাহার ভগ্নাংশ প্রভৃতি নানা স্থানে ভীষণ অরণ্যানীর মধ্যে দর্শকমাত্রকে চমকিত করে। ইষ্টক গৃহ পাইলে ব্যাঘে আশ্রম লয়, পুকুরের পার্শ্বে শুকর থাকে, উচ্চ ভিটার উপর গাব বা জাম গাছের ছায়ায় হরিণে বিশ্রাম লাভ করে ও তাহাদের লোভে ব্যাঘ্র আদে এবং ইষ্টকন্ত পে বনের কাল দর্পে বাদা করে। স্বতরাং দাধারণতঃ জলমগ্ন অরণ্যভাগ অপেক্ষা উচ্চ কীর্ত্তিস্থান সমূহ অধিকতর বিপজ্জনক।

স্থানর বাদত স্থান দেখা এক জীবনের কাজ নহে। বিশেষতঃ দক্ষিণাংশে এমন অনেক স্থান আছে, যাহা মান্ত্রের অগম্য এবং বনবিভাগীর শাসনের বহিভূতি। সে সবস্থানে জমি এত নিম্ন, বন এত নিবিড় এবং পার্শ্ববর্তী নদী সমূহ এত বছবিভূত ও তরঙ্গ-সঙ্কুল বে, সে সকল স্থানের পৃথও অঞ্চানিত

বলিয়া শিকারীরাও সে দিকে যায় না। সমুদ্রের দিক্ হইতে এ সব স্থান নিকটবর্ত্তী বলা যায়, কিন্তু সে দিক্ হইতে ষ্টামার লইয়া নয়ন চরিতার্থ করিবার অভিলাষে এই বনে অমণ করিবার প্রবৃত্তি বা স্থযোগ অতি অয় লোকেরই হইতে পারে। সাধারণতঃ সেংগানে শিকারী যায় না, কাঠুরিয়া যায় না, স্থতরাং সে প্রদেশের সংবাদ সংগ্রহ করা অভীব কঠিন। স্থশারবনের এই অজানিত প্রদেশ পার হইতে পারিলে সমুদ্রের কূলে যাওয়া যায়; তথন সেই তরঙ্গাহত বেলা-ভূমির অপূর্ব্ধ দৃশ্রে মানবমাত্রের চিত্ত পুলকিত করে এবং সঙ্গে সঙ্গে নানা স্থানে বিভিন্ন দেশীয় মংস্থা-ব্যবসায়িগণের অসংখ্য আবাদ-শ্রেণী দেখিয়া বিশ্বিত হইতে হয়।

পরের মুখের কথা শুনিয়া কোনও স্থানেরই বিশেষ বিবরণ দেওয়া যায় না. বিশেষতঃ স্থলন্ত্রবনের। সেথানে যাহারা সর্বাদা যাতায়াত করে, তাহারা নিরক্ষর কাঠরিয়া। তাহারা কোন স্থানই চক্ষু লইয়া দেখে না। যাহা দেখে, তাহাও এত অতিরঞ্জিত করিয়া, অসম্ভব কথায় ও অপদেবতার গল্পে পূর্ণ করিয়া বলে যে তাছাদের কথা বিশ্বাস করা অতীব কঠিন। স্থান্যবন এক মন্ত্র-তন্ত্রময় রাজ্য: कार्ष्टापुरुवा, वनापुरुवा, वनविवि ध एए पत्र तारकाश्वती ; शाक्षी कालुत कथा. চম্পাবতীর কথা, পাঁচপীরের কথা, এমন কত উপকথায় যে এ অঞ্চলের ইতি-কথা বিষমভাবে বিজড়িত, তাহা বলিবার নহে। সহিফুতা রক্ষা করিয়া এ সম্বন্ধে নানা অবাস্তর ও অবাস্তব কথায় অবিরত "হুঁ" দিতে না পারিলে সত্য মিথ্যা কোন গল্পই শুনিতে পারা যায় না। সংযত শ্রোতাকে বহু কথা শুনিয়া অবশেষে তুষরাশির মধ্য হইতে তণ্ডুলকণা সংগ্রাহের মত, বহুকন্তে কিছু কিছু সার সংগ্রহ করিতে হয়। অনেকস্থলে আমাদিগকেও তাহাই করিতে হইয়াছে। তবে সেভাবে যে তথ্য পাইয়াছি স্বচক্ষে পরীক্ষা না করিয়া তাহা লিপিবদ্ধ করি নাই। আমরা যে সকল তথ্য প্রকাশ করিব, তাহার অধিকাংশই স্বচক্ষে দেখিবার ফল, অবশিষ্ট বিশেষ সতর্কতার সহিত বিশ্বস্ত শিক্ষিত লোকের নিকট হইতে সংগৃহীত। প্রকাশিত বিবরণী পর্য্যাপ্ত নহে সত্য, কিন্তু তাহার সত্যতা সম্বন্ধে সন্দেহ করিবার কোন কারণ নাই।

পূর্ব্বে বলিয়াছি আমাদের বিশ্বাস এই যে স্থন্দরবনে দীর্ঘকালব্যাপী বুস্তিছিল। সে বসতির চিহ্ন এথনও আছে। স্থন্দরবনের এক গৌরবের বিন ছিন্দু,

তাহার নিদর্শন এখনও বিলুপ্ত হয় নাই। তবে সমগ্রবনে বা তাহার প্রান্তভাগে কোথায় কোন কীর্ত্তি আছে, তাহা সমস্ত বিবৃত করা একপ্রকার হুঃসাধ্য। যতদুর সম্ভব, আমরা পশ্চিমদিক হইতে আরম্ভ করিয়া কতকগুলি কীর্ভিচিচ্ছের সংবাদ প্রদান করিতেছি। সাগরদ্বীপে ২।১টি প্রাচীন মন্দির বর্ত্তমান আছে। উত্তরে হাতিয়াগড় অতি পুরাতন স্থান। বৌদ্ধযুগে হাতিয়াগড়ে একটি প্রসিদ্ধ বৌদ্ধ বিহার ছিল। সমতটে - চীনদেশীয় ভ্রমণকারী যে সকল বিহার দেখিয়া-ছিলেন, সম্ভবতঃ ইহা তাহাদের অন্ততম। এথানকার অমুলিঙ্গ শিব ইহার প্রাচীনত্বের পরিচয় দিতেছে। ধনপতি সদাগর "হাতে ঘরে" অম্বলিঙ্গ ও নীল-মাণবের পূজা করিয়াছিলেন। * হাতিয়াগড়ের পূর্বে মণিনদী, পশ্চিমে (২৬ নং লাটে) রায়দীঘি ও কম্বণদীঘি নামে ছুইটি উত্তর-দক্ষিণে দীর্ঘ প্রকাণ্ড জলাশয় এখনও বর্ত্তমান আছে। † উহাদের পূর্ব্ব পার্যে (১১৬ নং লাটে) প্রাসিদ্ধ জটার দেউল। ইহা একটি উত্তঙ্গ মন্দির; ৫০।৬০ হাত উচ্চ হইবে, বহুদূরে নদী হইতে দেখা যায়। ইহা কোন সময়ে কাহার ছারা নির্মিত হইয়াছিল, জানা যায় না। ইহা প্রতাপাদিত্যের আমলের কোন জয়ত্তন্ত কিনা, তদ্বিয়ে সন্দেহ হয়। ইহা হইতে পূর্ব্বোত্তর কোণে কিছু দূরে পরাণ-বস্তুর থাল। এই থাল মাতলানদী হইতে বিদ্যা নদীতে মিশিয়াছে। এই থালের দক্ষিণে ১২৭নং লাট। তন্মধ্যে থালের ধারে "বিরিঞ্চির মন্দির" নামে এক বৃহৎ ইপ্টকন্ত্রপ আছে। থালের উত্তরপারে ১২৮নং লাটের মধ্যে একটি স্থানকে "ভারতগড়" বলে। সেই গড় বা তুর্গ পরিধাবেষ্টিত ছিল, স্থানে স্থানে তাহার ইষ্টকপ্রাচীরের ভগাবশেষ আছে। খাল হইতে ৭া৮ শত হস্ত দূরে একটি প্রক্ষাণ্ড ইইকস্তুপ এখনও ভরত-রাজার মন্দির বলিয়া কথিত হয়। পুরাকালে স্থন্দরবনপ্রদেশে ভরত নামে একজন বিখ্যাত রাজা ছিলেন, নানাস্থানে তাঁহার পরিচয় পাওয়া যায়। খুলুনা জেলার দৌলতপুর হইতে ১২৷১৩ মাইল দক্ষিণে ভদ্রনদের কূলে যে প্রকাণ্ড ইষ্টকস্তৃপ এখনও 'ভরতরাজার দেউল' বলিয়া কথিত হয়, যে স্থানের নাম এখনও

^{*} क्विक्क्ष हार्थो, २०२ पु: (अलाहांबान मरण्डान)।

[‡] স্পারখন জারিপ করিছা ইংরাজ আসংল যে মাাপ প্রস্তুত করা হয়, তাহাতে উহাকে বিভিন্ন অংশে বিভক্ত করিয়া, এক একটি অংশে এক একটি নম্বর পেওচা হইরাছে। এই অংশকে Lot বা লাট বলে। প্রশারখনের মাাপে এই লাট নম্বর আছে।

ভরতভায়না, এবং নিকটবর্ত্তী গোরীঘোনা গ্রামে একটি ইপ্টকময় স্থানকে এখনও যে ভরতরাজার বাটী বলিয়া গল্প আছে, সে ভরতরাজার সহিত এই ভরতরাজার কোন সম্বন্ধ ছিল কিনা, তাহা কে বলিবে ?

মাতলা বা ক্যানিং সহর হইতে:দক্ষিণদিকে গিয়া মাতলানদীর পূর্বাংশে ১২৯ নং লাটে, হাড়ভাঙ্গা আবাদে ২০।২২ বিঘা পরিমিত এক প্রকাণ্ড দীঘি আছে। উহার পূর্বাদিকে ১৩০নং লাটে একটা ছোট পোস্তবাধা * পুকুর আছে, উহাকে "গলায় দড়িয়ার" পুকুর বলে। ১৮৫০ খৃষ্টাব্দের পূর্বের রেভারেও লং সাহেব মাতলার অনতি দূরে টার্ডা (Tarda) নামক একটি বড় পটু গীজ বন্দর দেখিয়াছিলেন। কলিকাতার পূর্বের উহাই তাহাদের প্রধান বন্দর ছিল। এখন উহার কোন ভ্যাবশেষ নাই। †

মাতলা হইতে দোজা উত্তরে গেলে বালাগু। পরগণায় প্রাচীন বালাগু। নগরের একটু উত্তরে হাড়োয়া নামক স্থানে পীর গোরাচাঁদ বা গোরাই গাজির সমাধি-মিন্দির দেখিতে পাওয়া বায়। হাড়োয়ার বাৎসরিক মেলা বিখ্যাত। বালাগু। অতি পুরাতন স্থান। এখানে বঙ্গের পঞ্চবিতাগের অন্ততম বাগ্ড়ী বা বাল-বঙ্গভীর ‡ প্রধান নগরী ছিল বলিয়া বোধ হয়।

কালীগঞ্জের সন্নিকটবর্ত্তী গড় মুকুন্দপুরের অপর পারে অর্থাৎ কালিন্দী নদীর পশ্চিম পারে, ১০১নং লাটে বাঁক্ড়া নামক স্থানে মৃত্তিকার নিম্নে শিবলিঙ্গ ও মন্দিরের ভগাবশেষ পাওয়া গিয়াছে। ইহার উত্তরে যশোহরের প্রথম জজ্মাজিট্রেট হেঙ্কেল সাহেব স্বীয় নামে হেঙ্কেলগঞ্জ (হিঙ্কুলগঞ্জ) নাম দিয়া, স্থানরবন আবাদের জন্ত একটি প্রধান নগর স্থাপন করেন। তাহার উত্তরাংশে বাঙ্গালপাড়া নামক স্থানে যে এক সময়ে বহুলোকের বাস ছিল, তাহার প্রক্রন্ত পরিচ্য

যে পুকুরের খাতের চতুঃপার্থ ইইকপ্রাচীর স্বাহা স্বয়ক্ষিত, তাহাকে পোত্রবাধা পুকুর
বলে।

[†] Proceedings of the Asiatic Society of Bengal for December, 1868. † Introduction to Sandhyakara Nandi's Ramcarita by M. M. Hara Prasad Sastri M. A. Memoir of the Asiatic Society, vol, III. No 1, p. 14.

রহিয়াছে। বাঁক্ড়ার পূর্ব্বপারে ডামরেলীর বিখ্যাত নবরত্ব মন্দির দণ্ডায়মান আছে এবং পার্যে হাদশ শিবমন্দিরের ভগ্নাবশেষ আছে। *

যমুনা ও ইচ্ছামতীর মধ্যস্থলে ১৬৫ নং লাটে ধ্মণটি। ইহাতে ১০।১৫
মাইল ব্যাপিয়া সর্ব্যক্ত নানাবিধ কীর্ত্তিকলাপের চিহ্ন আছে। ইহার উত্তর প্রাস্থে
বশোর নগর, হর্গ ও ৮ ধশোরেশ্বরীর মন্দির এবং দক্ষিণ প্রাস্থে ধ্মণাট হর্গ ছিল।
মধ্যবর্ত্তী সমস্ত ভূভাগে এক বিপুল নগরীর ভগ্নাবশেষ বিদ্যমান রহিয়াছে।
এই রাজধানীর উপনগর পূর্ব্যদিকে বর্ত্তমান তেরকাঠির জঙ্গল পর্যান্ত
বিস্তুত ছিল।


খোলপেট্য়া ও কদমতলীর মধ্যবর্ত্তী ১৬৯ নং লাটে তেরকাঠি বা তেজকাঠি মতি ভীষণ জঙ্গল। উহার পূর্বদীমাবর্তী খোলপেট্য়া ও চ্ণার গাঙ্গ হইতে তেরকাঠির থাল, নৈহাটির থাল, নৈহাটির দোয়ানিয়া, † মোড়লথালি, ও পোদ্থালি প্রভৃতি কতকগুলি থাল ইহার মধ্যে প্রবেশ করিয়াছে। এইসব ধাল দিয়া ভিতরে প্রবেশ করিলে যে বহু বসতিচিহ্ন দুষ্টিগোচর হয়, তাহা আমরা স্বচক্ষে প্রতাক্ষ করিয়াছি। সম্ভবতঃ তিওর ও পোদ জাতীয় নিমশ্রেণীর লোকেরা প্রথমতঃ এস্থান আবাদ করিয়া বসতি করিয়াছিল, তাহা হইতে তেরকাঠি বা তিওর কাঠি এবং পোদথালি প্রভৃতি নাম হইয়াছে। জঙ্গলের ভিতর বহু সংখ্যক উচ্চ ভিটা, মুৎপাত্রের ভগ্নাংশ, এবং বটগাছ, পিত্তরাজ (রয়না) গাছ, मांगाहेन शाह, माड़ा, वनत्नवू, क्रुत्मकाम, वामकूम, माँछे वा व्यामवाना, नांउन (আশ সেওড়া), পিঠানী, ছালানী (পেত্নীচিড়ে), নিম, কুঁচ, দয়ারগুড়া ণতা, খড়বন, স্থানে স্থানে পরিষ্ণার দূর্ববাবন, ছই একটি বকুল ₊এবং লক্ষ লক্ষ গাবগাছ দেখা যায়। এ বন দর্বজই খুব উচ্চ, জোয়ারের জল উঠিতে পারে না, মুন্দরী বৃক্ষ কম, কিন্তু জঙ্গল বড় নিবিড়ও অত্যন্ত ছর্গম। ছই একথানি ইষ্টকথণ্ড নানাম্বানে দেখা যায়, এবং ২৷১ স্থানে ক্ষুদ্র ইষ্টকস্তুপণ্ড দেখিতে াওয়া গিয়াছিল। পোদখালির পশ্চিমে দীবি ও দালান আছে। পশ্চিম দিক্

^{*} ভাষরেলীর মন্দির এবং কালীগঞ্জ হইতে ধুম্বাট তুর্গ পর্যান্ত প্রতাপাদিত্যের বে অসংখ্য নীর্তিচিক্ত এখনও বর্তমান আছে, তাহার বিশেষ বিবরণ প্রতাপাদিত্য প্রসঙ্গে জ্ঞাইবা। া বে থালের তুইদিক হইতে জোরার ভাট। হর, তাহাকে দোরানিয়া খাল বলে।

হইতে রাস্তার পরিকার চিহ্ন পাওয়া যায় এবং সেদিকে একটি গুম্বজ্ঞত্যালা মন্জিদের ভগাবশেষ আছে।

ইচ্ছামতী বা ক্ষমতলী দক্ষিণে গিয়া আড়াই বাকীর মোহানা পার হইয়া. মালঞ্চ নাম ধারণ করিয়াছে। মালঞ্চ ও আড়পাঙ্গাদিয়া নদীর মাঝে হরিথালি নামক একটি স্থদীর্ঘ থাল উভয়কে সংযুক্ত করিয়াছে। এই হরিথালির দক্ষিণ-তীরে এক স্থানে ১৭৯ নং লাটে নদীর গায়ে ভগ্ন বাটীর প্রাচীর আছে। সম্ভবতঃ তথায় লবণের কার্থানা ছিল। হরিথালি হইতে দক্ষিণ দিকে একটি পাশ্থালির পার্ষে একটু দরে এক প্রকাণ্ড ভগ্ন বাটীর প্রাচীরাদি দণ্ডায়মান রহিয়াছে। ৪া৫ বংসর পূর্ব্বে গুরুচরণ দাস নামক এক সন্ন্যাসী এই ভগ্ন বাটীতে আসিয়া আশ্রয় লইয়া সাধন ভজন করিতেন। ইনি পূর্ন্বে কিছুদিন তেরকাটির জন্মলে ছিলেন। সেখানে একটি থালের কূলে যেস্থানে তিনি রুক্ষতলে আশ্রম নির্দেশ করিয়াছিলেন, তাহাও আমরা দেখিয়াছি। তিনি অনেকদিন বাাঘ্রসম্ভুল হরিখালির জঙ্গলে ছিলেন, এবং জানি না কি কৌশলে বা সাধনবলে ব্যাঘ্রের করাল গ্রাস হইতে আত্ম-রক্ষা করিয়াছিলেন। কিন্তু তুর্ভাগাক্রমে শেষ রক্ষা করিতে পারেন নাই। আমরা হরিথালির জঙ্গলে যাইবার কিছুদিন পূর্ব্বে তাহাকে এক ভীষণ ব্যান্থের উদরসাৎ ছইতে হইয়াছিল। মালঞ্চ নদী যেখানে সমুদ্রে পড়িয়াছে, তাহার পশ্চিম ধারে রায় মঙ্গল মোহানার সন্নিকটে ১৮৭ নং লাটে ইপ্টকগ্রের ভগ্নাবশেষ আছে। মালঞ্চের পূর্ব্ব পার্বে টিপ্নের মাদিয়া (দ্বীপ.)। তাহার পূর্ব্বে সেজি-थानि नमी। এই সেজিথানির পূর্বভীরে ১৮৮ নং নাটে কাশীয়াডাঙ্গা নামক স্থানে বড় জামগাছ ও পুঞ্জীকৃত ইপ্টক পড়িয়া রহিয়াছে।

মালঞ্চ হইতে আড়াইবাঁকী নামক এক স্থবৃহৎ দোমানিয়। আড়পাঙ্গাসিয়ায়
মিলিয়াছে। এই আড়াইবাঁকীর উত্তরাংশে প্রতাপাদিত্যের ধূমদাট হুর্গ ছিল।
তাহারই সন্নিকটে ১৭৩ নং লাটে নৌসেনাপতির বাস-গৃহাদি ছিল। উহার
বিল্পু ভগ্নচিহ্ন এথনও বিদ্যমান। আড়পাঙ্গাসিয়া দিয়া উত্তর দিকে আসিলে
ধোলপেটুয়া ও কপোতাক্ষের সঙ্গম স্থলে পতিত হওয়া যায়। এই থোল-পেটুয়া ও কপোতাক্ষের মধাবর্তী স্থানে প্রতাপনগর ও গড় কমলপুর।
কমলপুরে প্রতাপাদিত্যের একটি প্রধান হুর্গ ছিল। উহার উত্তরে এথনও এক
প্রকাণ্ড মৃত্তিকার গড় আছে, তাহার পার্শ্বে থোলপেটুয়া নদীর ধারে একটি




ण्कानी-थानाम थाँ मीघ उमकानी।

পুরাতন পুষরিণী। এ পুষরিণীর জল অতি মিষ্ট। এখন স্থানর বনের কোন কোন স্থানে শাসনকেন্দ্র (coupe) স্থাপন করিয়া, দেখানে আফিস ও কর্মানির গণের বাসস্থান স্থির করিতে গিয়া, পানীয় জলের জন্ম পুষরিণী খনন করিবার চেষ্টা করা হয়। কিন্তু কোথাও পুষরিণীতে ভাল জল হয় না। অথচ উপরোক্ত পুষরিণীতে উৎক্রষ্ট জল পাওয়া যাইতেছে; বছদ্র হইতে লোক আসিয়া এ পুকুর হইতে জল লয়। গ্রীয়কালে লোকে নোকায় করিয়া জল লইয়া যায়। এইয়পে চাঁদথালির হেক্ষেল পুষরিণী, বেদকাশীর দীঘি, আমাদির কালিকা দীঘি প্রভৃতি প্রাচীন জলাশয়গুলির জল স্থমিষ্ট। ইহা হইতে ছইটি অম্থান হয়; সম্ভবতঃ (১) মৃন্দর বনের মৃত্তিকারই সাধারণ অবস্থার পরিবর্ত্তন হয়াছে, (২) অথবা তথন লোকে পরীক্ষা করিয়া স্থান দেখিয়া পুষরিণী খনন করিত। এই দিতীয় অয়্থান ঠিক নহে; কারণ বছস্থানে লোকের বসতি চিহ্ন পাওয়া যাইতেছে; পানীয় জলের ব্যবস্থানা হইলে বসতি হয় না; প্রাকৃত পক্ষে যেথানে লোকের বসতিছিল, দে থানেই পুকরিণীয় অন্তিত্বের প্রমাণ আছে, মৃত্রাং স্থান্ববনের সাধারণ অবস্থা-বৈপরীতা ব্যতীত আর কিছু বলা যায় না।

প্রতাপ নগর হইতে উত্তরে ভালুকা প্রগণার মধ্যে বিছট নামক গ্রাম। এথানে খোলপেটুয়া নদীর উপরই একটি প্রকাণ্ড ডক (dock) বা জাহাজনির্মানে বহিয়াছে। এই জাহাজ ঘাটা কোন্কালে কাহার ধারা খনিত হইয়াছিল, তাহা জানিবার উপায় নাই। হইপার্ম্মে হইটি ১০।১২ হাত উচ্চ প্রবিস্থৃত মাটার চিপি এবং মধ্যস্থলে নদীর সহিত সম্মিলিত খাত রহিয়াছে। মাটার চিপি হুইটির দৈর্ম্মা এখনও প্রায় ১২৫০ ফুট আছে। এই ডকের ভিতর উত্তর পশ্চিমপ্রায় হইতে একটি ৩০ হাত প্রশন্ত রান্তা প্রায় একমাইল প্রবর্ত্তী "বাণিয়াপুকুর" নামক একটি ৯ বিঘা জলাশয়মুক্ত দীঘির কুল পর্যান্ত গিয়াছে। সম্ভবতঃ এখানে বণিক্ বা সওদাগর জাতীয় বাবসায়িগণের নিবাদ ছিল এবং ডকে তাহাদের জাহাজ নির্মাণ হইত। পুকুরের সিয়তটে কয়েক স্থানে ইউকের চিহ্ন পাওয়া যায়। ডকের ভিতর হইতে যে খাল বাহির হইয়া গিয়াছে, সম্ভবতঃ তাহার মধ্যে এককালে নানাজাতীয় তরণী সজ্জীভূত থাকিত। এই থালের নাম কুমারথালি। পার্ম্বে ডকের উত্তরপূর্ব্ব পাহাড়ের নিম্নে বহুদ্র পর্যান্ত রাশীক্বত চাড়া বা মুৎপাত্রের জ্যাংশদার। কুস্তকারদিগের বাড়ীয় পরিচয় আছে। এই

বিছট অতি পুরাতন স্থান; ইহারই সন্নিকটে বাস্থদেবপুরে দমুজমর্দিনের মুদা পাইরাছিলান। প্রতাপনগর হইতে পূর্বাদিকে কপোতাক্ষ পার হইলে বর্ত্তমান ২১২ নং লাটের ভিতর গাদি গুমা ও দমদমা ছিল। প্রতাপাদিত্যের কপোতাক্ষ তুর্গের প্রদক্ষে উহার বিষয় আলোচনা করা যাইবে।

উক্ত দমদমা প্রভৃতি স্থান হইতে দক্ষিণ মুথে গিয়া কাশীথাল পার হইলে. বর্ত্তমান ২১১ নং লাটে পড়িতে হয়: ঐস্থানে কপোতাক্ষের পূর্ব্বপারে স্থবিদিত বেদকানী আবাদ। ইহা অতি পুরাতন স্থান। এথানে একটি স্থবিস্থত দীঘি আছে; দীঘিট পূর্ব্ব পশ্চিমে দীর্ঘ; দৈর্ঘ্য ৭০০ হাত এবং প্রস্থ ৪০০ হাতের অধিক হইবে। দীঘির দক্ষিণ পশ্চিম কোণে একটি ইটে গাথা মঞ্চে ৮কালীর স্থান আছে এবং তাহার পার্ণে খালাদ খাঁ পীরের আস্তানা। এজন্ত জলাশয়টির নাম হইয়াছে — "কালী-থালাস খাঁ" দীঘি। সম্ভবতঃ পাঠান আমলে থালাদ থা নামক জনৈক মুদলমান সাধু বা পীর এথানে আসিয়া ধর্মপ্রচার করেন এবং দীঘি তিনি থনন করেন। মোগল আমলে বা প্রতাপাদিত্যের সময়ে এথানে কালীমন্দির প্রতিষ্ঠিত হইয়া থাকিবে। দীঘিটার জল খুব ভাল; ইহার উপরে এমন দামদল জন্মিয়াছে যে. শীতকালে মানুষে স্বচ্ছন্দে উহার উপর দিয়া চলিয়া বেড়াইতে পারে। দীঘির উত্তরপূর্ব্ব কোণে কিছদরে একটি প্রকাণ্ড বাটীর ভগাবশেষ রহিয়াছে। এখনও উহার বেষ্টন-প্রাচীরের কতকাংশ এবং ৭০৮০ বিঘা জমি বেষ্টন করিয়া এক গড়খাই বর্ত্তমান আছে। ইহা থালাস থাঁর হুর্গ কিংবা প্রতাপাদিত্যের হুর্গ তাহা স্থির করিবার উপায় নাই। তবে পাঠান আমলে মদজিদের যেরূপ প্রাচ্য্য দেখা যায়, ফুর্মের তেমন নিদর্শন নাই। তবে প্রতাপাদিত্যের সময় নিশ্চয়ই এম্বানে সমৃদ্ধ পল্লী ছিল; নতুবা মহারাজ বসস্তরায় এথানে উৎকলেশ্বর শিবলিঞ্চ প্রতিষ্ঠা করিতেন না। রাজধানী যশোহরপুরীকে কাশী বলা হইত: সে রাজধানীর বিস্তৃতি উপনগর সমেত পূর্ব্বদিকে কপোতাক্ষ পর্যাস্ত ধরা ঘাইতে পারে: বারাণদীর অপর পারস্থ বেদকাশীর অনুকরণ কপোতাক্ষের অপর পারস্থ স্থানকে বেদকাশী বলা হইয়াছিল। বসম্ভরায়ের যে কবিপ্রতিভা ঘশোরকে যশোহর করিয়াছিল, তাহাই বেদকাশী নামের ও উৎপত্তির কারণ। এই বেদ-কানীতেও শিবমন্দির হইয়াছিল, তাহাতে শিলালিপি ছিল। সে মন্দির এক্ষণে



নাই, আছে কেবল তাহার ৬।৭টি স্থন্দর প্রস্তরস্তম্ভ। উহা দেখিবার জিনিস, খূল্না জেলার একটি পরম গৌরবের জিনিস কিন্তু সে স্তম্সূহ কোন্ যুগে কোথা হইতে কে আনিয়াছিল, তাহা জানিবার উপায় নাই।

বেদকাশীর পূর্ব্বদক্ষিণ কোণে যেখানে শিবসা নদীর দ্বিধাবিভক্ত প্রবাহন্বয় একত্র মিলিত হইয়া মৰ্জ্জাল নাম ধারণপূর্ব্বক সমুদ্রমুখী হইয়াছে, সেই ত্রিমোহানার পূর্বাধারে প্রায় আধ্মাইল পরিমিত স্থানে শিবদা নদীর কুল দিয়া থাতের মধ্যে অসংখ্য ইষ্টক দেখিতে পাওয়া যায়। হয়ত কোন নদীকূলবর্তী প্রাচীন অট্রালিকা ভাঙ্গিয়া পড়িয়া স্রোভোবেগে ইষ্টকরাশি বিক্ষিপ্ত হইয়া পড়িয়াছে, অথবা তীর হইতে দূরে এককালে যে সমস্ত বসতিস্থান ছিল, তথাকার ভগ অট্যালিকাসমূহের ইট কেহ নৌকায় বোঝাই করিয়া লইয়া যাইবার সময় নদী-তীরে ইট ফেলিয়া গিয়াছে। সে ইটগুলি খুব ভাল; বছদিন ধরিয়া লোণা জল বা বাতাদে তাহার ধ্বংস সাধন করিতে পারে নাই। বাস্তবিকই এইস্থানে উপরে বহুদূর ধরিয়া নানা বসতি চিহ্ন আছে। তন্মধ্যে একটি বাড়ী বেশ জাঁকজমক-শালী ছিল বলিয়া বোধ হয়। উহাকে কাঠুরিয়াগণ "কামার বাড়ী" বলে, কারণ কোনকালে নাকি সেথানে কামার্যদিগের লোহা পিটান একটি 'নোহাই' পাওয়া গিয়াছিল। কিন্তু ইহা প্রবাদ মাত্র: দ্বিতল একটি বাড়ীর ভগ্নাবশেষ দেখিলে তাহা কোন বিশেষ প্রতিপত্তিশালী ধনীর বাড়ী বলিয়া মনে হয়। একটি বিস্থত দিতল গৃহের অত্যুক্ত ইষ্টকস্তৃপের দহিত দংলগ্নভাবে স্থানে স্থানে মৃত্তিকার চিপি ও অন্ত ইষ্টকন্তৃপ বাটীর অন্তান্ত গৃহাদির পরিচয় দেয়। এই সকল স্কৃপ এক্ষণে প্রকাণ্ড বিষধর দর্পগণের আবাসস্থান হইয়াছে। বাড়ীর পার্ষেই একটি পোস্তবাঁধা পুকুর; উহারও চতুঃপার্শ্ব এক সময়ে ইষ্টকপ্রাচীরে বেষ্টিত ছিল। এখনও স্থানে স্থানে দে প্রাচীরের অংশবিশেষ দণ্ডাব্নমান আছে। বিস্তৃত বাড়ীর এক ধারে নদী ও তিন ধারে গড়খাই ছিল; ঐ গড়খাই একদিকে পুকুরে আসিয়া মিশিয়াছে বলিয়া, নদীর মংস্ত আসিয়া পুকুরে রাশীকৃত হইয়াছে।

এইস্থান ত্যাগ করিয়া দক্ষিণপশ্চিম মূথে একটু অগ্রসর হইলেই বানে সেথের খাল। উহার কূলে গোল গাছ খুব ভাল হয়; তজ্জ্ম্ম বহু নৌকা গোল কাটিতে এই থালের মধ্যে আসে। মর্জ্জাল নদী হইতে একটি থাল পূর্বমূথে জন্মলে প্রবেশ করিরাছে, উহার নাম কালীর থাল। এই সেধের থাল ও কালীর.

খালের মধ্যবর্ত্তী অপেক্ষাক্বত উচ্চভূমিবিশিষ্ট নিবিড় জঙ্গলকে সেথের টেক বলে। উহা ২৩৩ নং লাটের অন্তর্গত। এথানে স্কুলরী গাছ যথেষ্ট, হরিণের সংখ্যা অত্যন্ত অধিক এবং ব্যাদ্রাদি হিংস্র জন্তর আমদানীও বেশী। স্থতরাং আমাদিগকে এক-প্রকার প্রাণ হাতে করিয়া এ বনে ভ্রমণ করিতে হইয়াছিল। দেপের থালের মধ্যে প্রবেশ করিয়া ডানদিকে চতুর্থ পাশথালির পার্শ্বে এক স্থলে ইপ্টক-গৃহের ভগ্নাবশেষ ও কল্পেকটি গাবগাছ দেখা যায়। তথা হইতে উঠিয়া বনের মধ্যে প্রায় একমাইল গেলে, একটি ছুর্গ দেখিতে পাওয়া যায়। সাধারণতঃ বাওয়ালীরা ইহাকে "বড বাড়ী" বলে। সম্ভবতঃ ইহাই মহারাজ প্রতাপাদিত্যের শিবসা দুর্গ। দুর্গের অনেকস্থানে উচ্চ প্রাচীর এখনও বর্তমান। অন্তত্র ইহার বিশেষ বিবরণ দেওয়া যাইবে। এই ছুর্গের উত্তর পূর্ব্ব বা ঈশানকোণে একটি শিব-মন্দিরের ভগাবশেষ আছে। দেখান হইতে দক্ষিণপূর্ব মূথে অগ্রসর হইলে, যেখানে সেধানে পুকুর ও পরে ২।৩টি ইষ্টকবাড়ী ও অসংখ্য বসতিভিট্টা পাওয়া যায়। বাডীগুলির মাটীর ঢিপি শত শত গাবগাছে ঢাকা রহিয়াছে। তাহা হুইতে বাহির হুইলে, একট অপেকাকত খোলা জায়গায় একটি স্থন্দর মন্দির দৃষ্টপথবর্ত্তী হয়। স্থন্দরবনের ভীষণ অরণ্যানীর মধ্যে বিবিধ কারুকার্য্য-থচিত এবং অভগ্ন অবস্থায় দণ্ডায়মান এমন মন্দির আর দেখি নাই।

ইহার থিলানগুলি গোল নহে, পরস্ত মুসলমান-স্থাপত্যাহ্গত থিলানের মত ব্রিকোণ। হিন্দুরাও ব্রিকোণ থিলান ব্যবহার করিতেন, তাহার প্রমাণ পাওয়া গিয়াছে। * মন্দিরের অন্যান্য প্রকৃতি দেখিলে ইহা যে মোগল আমলে কোন হিন্দুকর্ত্তক নির্মিত হইয়াছিল, তাহা অফুমান করা সহজ হয়। যদিও মন্দিরের গুষজ ছাদ আছে, কিন্তু চূড়া নাই, কারণ শীর্ষদেশ জঙ্গলসমাকীণ হইয়াছে, তব্ও ইহা মুসলমানের মস্জিদ নহে, ইহা স্থির। মন্দিরের দক্ষিণ ও পন্চিমদিকে দরজা আছে, পূর্বের ও উত্তরে কোন দরজা নাই। মুসলমানের কোন মস্জিদে পন্চিমদিকে কোন থোলা বার থাকে না, এবং উহা সাধারণতঃ পূর্বেরী হইয়া থাকে। মন্দিরের দক্ষিণিদিকে জঙ্গল খুব নিক্টবর্ত্তী

^{*} Havell's Indian Architicture pp. 52-56. "The Bengali buildero being brick layers rather than stone:masors had learnt to use the radiating arch whenever useful for constructive purposes long before the Mahomedans came there"



হইয়া আদিয়াছে, কিন্তু পশ্চিম ও উত্তর দিকে এখনও প্রশন্ত পরিক্বত জমি আছে, এবং তাহা বেশ উচ্চ। মন্দিরে কোন দেববিগ্রহ নাই; তবুও অন্ত্রমান করা যায় যে প্রতাপাদিতা তাঁহার হুর্গের সিয়কটে এই কালিকা দেবীর মন্দির নির্মাণ করেন। তজ্ঞপ্ত মন্দিরের নিকট দিয়া প্রবাহিত থালাট "কালীর থাল" নামে অভিহিত হইয়াছে। সরকারী ম্যাপেও এখন কালীর থাল নাম বিলুপ্ত হয় নাই! যশোরেশ্বরীর মন্দিরের মত ইহারও পশ্চিম দিকে সদর বলিয়া বোধ হয়। আমাদের সঙ্গে যে এক বাবু গাঁ বাওয়ালী ছিল, সে ২৫।৩০ বৎসর স্থান্দররেন আসিতেছে; সে বলিল ১২।১৪ বৎসর পূর্বের কোন একদল বিশিষ্ট ভদ্র লোক স্বপ্রাদিত্তি হইয়া আসিয়া, মহাসমারোহে এই মন্দিরে ৺কালী পুজা দিয়া গিয়াছিলেন। বাবু গাঁ সে সময়ে এই জঙ্গলে আসিয়াছিল। মন্দিরের পশ্চিম দিকে ঐ পূজায় বলি হয়। ঠিক যে স্থানে সে বলি হইয়াছিল। বাবু গাঁ সে স্থানট আমাদিগকে প্রদর্শন করিল। কিন্তু এমন জীবন্ত দর্শক সাক্ষী পাইয়াও আমরা তাহার বর্ণনায় সম্পূর্ণ আস্থা স্থাপন করিতে সন্মত নহি; কারণ নিরক্ষর গ্রন্থনিক বৃদ্ধ বাওয়ালী গরের থাতিরে মিথাা কথা বলিতে যে কিছুমাত্র বিধাবোধ করে না, তাহা দেখিয়াছি।

এই মন্দিরটি স্থন্দরবনের একটি প্রধান স্থাপতা নিদর্শন। ইহার ভিতরের মাপ ১০ – ৬ × ১০ – ৬ প্রবং বাহিরে ২১ – ৩ × ২১ – ৩ ; ভিত্তি ৫ – ৩ । ভিতরের উচ্চতা ২৫ – ৬ । মন্দিরে পশ্চিমে ও দক্ষিণে দরজা আছে; পশ্চিম দার ৫ – ৪ × ২ – ৬ , উপরে থিলানের উচ্চতা ১ – ৮ ; দক্ষিণ দার ৫ – ৬ × ২ – ৬ , থিলানের উচ্চতা ১ – ৯ । উত্তরের দিকে ভিতরের ৪ কুট উচ্চস্থানে একটি কুলুঙ্গ বা সংবদ্ধ জানালা আছে, উহার মাপ ৩ × ২ এবং থিলানের উচ্চতা ১ – ৬ । পূর্কদিকে এরূপ কোন কুলুঙ্গ বা জানালার খাত নাই। মন্দিরের বাহিরের ইষ্টকে, দেওয়ালের কার্নিসে নানা কাঙ্গুকার্য্য আছে। উত্তর দিকে দেওয়ালে ইষ্টক দারা এক প্রকার জাল বা ঝাজ্রী প্রস্তুত করা আছে। দক্ষিণ পার্শ্বে জমি অনেক বিসিয়া গিয়াছে, সেজ্জ্য জঙ্গুল হইয়াছে এবং জায়ারের জল মন্দিরের মূল পর্যান্ত আসে। স্ক্তরাং সে দিকে মন্দিরের গায়ে একটু লোণা ধরিয়াছে। অন্ত সবদিকে জমি উচ্চ আছে, জল উঠে না; এজ্জ্য লোণা ধরে নাই। মন্দিরের শিরোভাগে কৃতকগুলি গাছ জয়িয়াছে, কালে

উহাতেই এই অপূর্ক স্থাপত্য নিদর্শন বিল্পু করিবে। এজন্ত আমি এই মন্দিরের রক্ষণার্থ ইহার প্রতি গবর্ণমেণ্টের প্রত্নতব-বিভাগীর ব্যক্তিবর্ণের ক্বপাদৃষ্টি আকর্ষণ করিতেছি। মন্দিরের পশ্চিম দিক্ হইতে উহার ফটো লওরা
হইয়াছিল। মন্দিরের নিকটবর্ত্তী স্থানে জন্মল এত ভীষণ যে ফটোগ্রাফারের প্রাণরক্ষার্থ চারিদিকে সতর্ক বন্দুকধারী দ্যোমান রাথিতে হইয়া ছিল।*

সেথেরটেক হইতে মর্জ্ঞাল নদী দিয়া দক্ষিণ দিকে গেলে, ডানদিকে আল্কী নদী মর্জ্ঞাল হইতে বাহির হইরা, পুনরার কিছু দক্ষিণে সে নদীতেই পড়িরাছে; সেই মোহানার, আল্কী নদী ও মর্জ্ঞালের মধ্যস্থলে, ১৯৮ নং লাটে, আল্কীর ক্লে ইপ্তকন্ত্ব দেখিতে পাওয়া যায়; ঐ স্থানে পূর্ব্বে নেমক থালাড়ী বা লবণ প্রস্তুত করিবার কারথানা ছিল বলিয়া বোধ হয়। আরও দক্ষিণে গেলে মর্জ্ঞালের নাম মার্জাটা হইরাছে, পশর আসিয়া ছইবার তাহাতে মিশিয়াছে, আবার পূর্ব্বিকে পশরের এক শাথা বাঙ্গড়া নামে সমুদ্রে পড়িয়াছে। বাঙ্গড়ার মোহানার বহু পূর্ব্বিকে মধুমতী বা বলেশ্বরের মোহানা—ইহাকেই বিথাত হরিণ ঘাটা মোহানা বলে। ঐ মোহানার উত্তরাংশে স্থপতি ফরেপ্ত প্রেশন। স্থপতির মত এত দক্ষিণে, এত সমুদ্রসারিধাে, কোন ফরেপ্ত মাফিন নাই। স্থপতি এত দক্ষিণে গেল কেন, তাহার একটা কারণ আছে।

পূর্ব্বে বলা হইয়াছে বলেশ্বর দিয়া পার্ব্বতা জল বহে, এবং বলেশ্বর স্থকীয় জলের বলে এত বলী, যে সমুদ্রসঙ্গম পর্যান্ত সে স্থীয় প্রকৃতি রক্ষণ করিয়াছে। স্থপতির সন্নিকটে বলেশ্বরের জল বংসরের অধিকাংশসময় মিট থাকে;
পৌষমাদ পর্যান্ত তথাকার জল লবণাক্ত হয় না। এখান হইতে মর্জ্জালের মোহানা
পর্যান্ত অনেক স্থানে সমুদ্রক্লের সন্নিকটে মিট জলাশয় আছে। মর্জ্জালের
মোহানা হইতে সমুদ্রক্ল বাহিয়া পূর্ব্বিকে অগ্রসর হইলে, ফুলজুরী জঙ্গালের
নিকটে এক মিট জলের পুকুর আছে; নাবিকেরা ইহার সন্ধান রাথে এবং
এদিকে আসিলেই এই পুকুর হইতে পানীয় সংগ্রহ করে। এই স্থান হইতে

এ মন্দিরের ফটো এই প্রথম প্রকাশিত হইতেছে। আমাবের মন্দির দর্শনের মধান পাওয়ার পর পূল্নার তবানীন্তন প্রত্নতবিং মাজিটে প্রীযুক্ত ব্রাডনীখার্ট মহোদর এই মন্দির দেখিতে থান। কিন্তু তিনি বে ফটো লইয়াছিলেন, তাহা বার্থ হয়। অবশোবে তিনি আমার নিকট হইতে একথানি ফটো লইয়াছিলেন। এ পর্যান্ত তিনি ভাহার কোন সন্থাবহার করিয়াছেন কি না, জানি না।



ञ्चनत्रवस्तत्र अख्य हिन्तू मन्तित्र ।

[१४ शृः।

খ্রীসভীশচন্দ্র মিত্রের যশোহর-খুলনা ইতিহাসের জন্ম

Printed by K. V. Seyne & Bros.

প্রুদিকে গেলে বালুকার চড়ায় যেখানে খনন করা যায়, সেথানেই মিষ্টজল পা হয়। যায়। এজন্ম এখানে লোকের বসতি ও ব্যবসায় করিবার স্থবিধা হইয়াছে। উক্ত মিষ্ট পুকুরের পূর্ব্ব দিকে ফুলজুরী বা মেহেরালির খাল। আধুনিক সময়ে মেছের আলি নামক এক সারক্ষের নামে উহার নাম মেছের আলি হইয়াছে। ाहे शारनत आतु अर्खिनित्क मानिकनिया वा मानिकशानि ननी। এই ननी পশর হইতে উঠিয়া সাগরে পডিয়াছে। এই মাণিকদিয়া নদীর মধ্যে চট্টগ্রামের মংশুজীবিগণ এক স্থন্দর উপনিবেশ স্থাপন করিয়াছে। নদীর ছইধারে জালিয়া-দিগের বাড়ী, তাহারা রাশি রাশি মৎস্থ ধরে এবং উহা শুকাইয়া বিদেশে চালান দেয়। সে স্থানে জালিয়াদিগের এমন বিস্তৃত উপনিবেশ বসিয়াছে. যে তাহাদের অভাব পুরণ জন্ম নানা স্থান হইতে ব্যবসায়িগণ আদিয়া তথায় বাজার বৃদা-ইয়াছে। শুকুনা মংস্রের হুর্গন্ধে নদীর মধ্যে প্রবেশ করা হুষ্কর, কিন্তু ব্যবসায়ের লোভে সেই নদীর মধ্যে বছদংখ্যক ব্যবসায়ী নৌকার মধ্যেই স্থায়ী দোকান পুলিয়া---বাজার বুসাইয়াছে। যশোহর জেলারও কত দোকানদার বাবসায় করিয়া অর্থ সঞ্চয় করিতেছে। । মিষ্ট জল পায় বলিয়া এসব লোক তথায় স্বচ্ছন্দে জীবিকানির্ন্ধাহ করিতেছে। সেই কারণে এ অঞ্চলে অনেক স্থলে পূর্কে নেমক থালাড়ী ছিল। পশর হইতে একটি থাল পশ্চিমমুখে আদিয়া মজ্জাটার মিশিয়াছে; এই থালের নাম ভেদাথালি। ইহার উত্তর কূলে এবং নিকটবর্ত্তী গুবলা ভারানীর থালের উত্তরাংশে বচ্চসংখ্যক নেমক থালাডীর ভগাবশেষ আছে ৷ বাঙ্গড়া নদীর মোহানার উত্তরাংশে একটি খাল আদিয়া দক্ষিণমুখে সমুদ্রে পড়িয়াছে; এই খালের মোহানার একটা স্থানে লাল ও কালো পাথর প্রচুর পরিমাণে দেখা যায়। কিরুপে কথন এথানে পাথর আসিয়াছিল, তাহা নির্ণয় করিবার কোন উপায় নাই। তবে এসব নিদর্শন যে মায়ুষের প্রাচীন বসতি প্রভৃতির প্রমাণ দেয়, তাহাতে সন্দেহ নাই। শুধু মাণিকদিয়া নণীর মধ্যে নছে, বাঙ্গভার মোহানা হইতে পশ্চিম দিকে প্রবাহিত মোরাদিয়া খালের মধ্যেও জালিয়াগণের একটা প্রধান আভা হইরাছে।

[•] একজন বড় দোকানসাধের নাম নিকুপ্রবিহারী সাহা, সাং কোলা দিপলিয়া, বণোহর। এই নদীর মধ্যেও কুলে নোকাও পৃহত্তলি চট্টগ্রাম সন্মীপ প্রভৃতির প্রধাক্ষমে বাঁশের খোলার হাওয়া। সেগুলি দেখিতে অভি স্থার।

এ সব ত আধুনিক যুগের কথা। অপেক্ষাকৃত প্রাচীন যুগেও এ অঞ্চলে মনুষ্যাবাস ছিল। এ অতি স্থল্ব স্থান, বহুদেশের মধ্যে, বহুনদীর সঙ্গমে, সাগর-কুলে এস্থানের অতি স্থন্দর অবস্থান; এস্থানে দাঁড়াইলে মনে হয় বন্ধ যেন বাছ-বিস্তার করিয়া একদিকে রাচ ও কলিম্ব এবং অন্ত দিকে চট্টল ও আরাকাণকে আকর্ষণ করিত, এবং এই সকল দেশের পণ্যভার বঙ্গসাগরের এই শীর্ষভাগে আসিয়া নানা নদীপথে শত জনপদের অভাব মোচন করিতে যাইত। বিশেষতঃ যথন পশরে ও বলেশ্বরে পার্ব্বত্য স্রোত প্রবাহিত হইত, তথন এস্থানের অবস্থা আরও উন্নত ছিল বলিয়া অন্তমান করা যায়। যে চাঁদ সওদাগরের বাণিজ্ঞা ডিঙ্গা দেশে বিদেশে ব্যবসায় চালাইত, তাহা এথানেও অসিয়াছিল। হরিণঘাটার মোহানা হইতে "চাঁদের আডা" নদী পশ্চিমমুথে আসিয়াছে: উহার পার্থে এখনও পুকুর, কলাগাছ, রাস্তার ভগাবশেষ এবং ইপ্টকস্তৃপদমূহ আছে। এই চাঁদের আড়ায় চাঁদ সওদাগরের পোতাশ্রয় ছিল। আর একটু পশ্চিমে আসিয়া "কালী-দতের খাল" তাহার আরও সাক্ষ্য দিতেছে। হরিণঘাটার পশ্চিম কোণে একস্থানকে Tiger point বা বাঘের কোণা বলে। তাহার সন্নিকটে যে ইষ্টক-স্তুপাদি আছে তাহা কোন প্রাচীন বন্দরের অস্তিত্ব সপ্রমাণ করে। পর্টু গীজ <u>ইতিহাদিকেরা স্থন্দরবনের যে পাঁচটি বিনষ্ট নগরীর কথা বলিয়া গিয়াছেন, এথানে</u> তাঁহার একটির অবস্থান ছিল বলিয়া মনে হয়। * কবিকম্বণকৃত চণ্ডীকাব্যে বে দকল বাঙ্গাল মাঝি লইয়া ধনপতি প্রভৃতি সওদাগরগণের সিংহল গিয়া বাণিজ্ঞা করিবার বর্ণনা আছে, তাহাদিগকে সম্ভবতঃ এই অঞ্চল হইতে সংগ্রহ করা হইত। 🕆

পশর নদী দিয়া উত্তরমুথে আদিলে দেখা যায় "নন্দবালা" ও "কুমুদবালা" নামক ছইটি থাল পশর হইতে উঠিয়া সেলা নদীতে পড়িয়াছে। ঐ নন্দবালার উত্তরপারে ২৪৮ নং লাটে এক জঙ্গলের মধ্যে বকুলবৃক্ষ-বেষ্টিত পুকুর রহিয়াছে। আরও উত্তর মুখে আদিলে একস্থানে ভদ্র ও পশরের মধ্যস্থানে ২২৬ নং লাটে করমজলীর থাস জঙ্গলে পশরের পশ্চিম পারে, রাস্তার চিহ্ন, পুকুর, বাড়ীর ভগ্নাবশেষ এবং ভগ্ন দেওয়াল প্রভৃতি পাওয়া গিয়াছে। করমজলীর উত্তরে ২২৫ নং

^{*} Five "lost towns" on the maps of De Barros (in his Da Asia). Blaeve and Van den Broucke,

⁺ कात्मद्र राजान मर बार्कार राक्षारे"-- करिकक्र हजी।

লাটে লাউডোব আবাদ। এথানে ছমি বন্দোবস্ত ও ব্লীতিমত বসতি হইতেছে। পশর হইতে "লাউডোবের থাল" পশ্চিমমুথে গিরাছে; ঐ থাল হইতে যে আর একটি থাল উত্তরবাহী হইয়াছে, তাহার নাম "কালিকাবাড়ীর থাল।" এই কালিকাবাডীর থালের পার্যে বর্ত্তমান সময় শ্রীষ্টরিচরণ দে নামক এক প্রজার জমির উত্তরে প্রকাণ্ড ইষ্টকস্তৃপ পাওয়া গিয়াছে। এখানে কোন ৮কানীবাড়ী ছিল বলিয়া বোধ হয়: তদুফুদারে সম্ভবতঃ থালের নাম হইয়াছে। ৮কালীবাড়ী এ অঞ্চলে আরও অনেক আছে; তন্মধ্যে ডাক্রার ৮কালীবাড়ী প্রদিদ্ধ। ইহা রামপালের দক্ষিণ পূর্ব্ব কোণে কুমারখালি নদীর উপর অবস্থিত। এথনও বহু দুরবর্ত্তী স্থান হইতে শোকে এই স্থন্দরবনের কালীবাড়ীতে ৮পূজা দিতে আদে এবং এথানকার মাহাত্ম সম্বন্ধে অনেক গল্লকথা প্রচলিত আছে। কতকাল পূর্বে কাহার দারা এই পূজার স্থান ও মন্দিরাদি প্রতিষ্ঠিত হইয়াছিল, তাহা জানা বার না। পশ্চিমদিকে কপোতাক্ষের কূলে কপিলমুনি নামক স্থানে অনেক প্রাচীন নিদর্শন আছে। এখানে একটি পুকুর কার্টিতে যে কয়েকটি প্রস্তরময়ী মূর্ত্তি পাওয়া গিয়াছিল, তন্মধ্যে ছুইটি এক্ষণে নিকটবন্তী প্রতাপকাঠি গ্রামে ্ঞীরসিকলাল হালদার মহাশয়ের বাটীতে পূজিত হইতেছেন। এ ছইটি বৌদ্ধ-মূ'ৰ্ভ, কিন্তু এক্ষণে ৰিফু ও ব্ৰহ্মা বলিয়া পূজিত হন। আরও দক্ষিণে কপো-তাক্ষের কূলে প্রসিদ্ধ আমাদিগ্রাম। এখানে এক "পরীমালা" দেবী আছেন। আমাদির দক্ষিণেই স্থন্দরবন। কয়ড়ানদীর অপর পারে নারায়ণপুর নামক স্থানে বছকালপূর্ব্বে মৃত্তিকার নিম্নে এক প্রস্তরময়ী দেবীমৃত্তি পাওয়া যায়। এটি চতু জু চামুণ্ডামৃতি। এখনও ইহার নিত্য পূজা হয়। আমাদিগ্রামে "কালিকা দীঘি" নামে প্রকাণ্ড জলাশয় আছে। ইহার পরিমাণ ৮০০ হাত × ৭০০ হাত হইবে। দীঘিটি উত্তর দক্ষিণে দীর্ঘ; উহার উপর এরূপ ভাবে দাম দল হইয়াছে যে তাহার উপর দিয়া মানুষ ও গরু স্বচ্ছন্দে হাঁটিয়া যাইতে পারে। তথাপি পুকুরের জল অতি মিষ্ট এবং উহা এখনও তৎপ্রদেশের বছলোকের জলকষ্ট নিবারণ করিতেছে। খুল্নার পূর্বভাগে রামপালের সন্নিকটে হুড়কা নামক স্থানে এইরূপ **আর একটি স্থাপের সলিলপূর্ণ জলাশর আছে। ইহাকে "ঝলম'লে** দীঘি" বলে। এ দীঘি কতকাল পূর্ব্বে কবে কাহার হারা ধনিত হইয়াছিল, তাহা জানা যায় না। ইহার জল কখনও শুকায় না এবং ইহাতে বিলেব দামদল নাই। রামপালেও এক প্রকাপ্ত প্রাতন "রামপাল দীঘি" আছে উহা এক্ষণে থূল্না ডিষ্ট্রীক্ট বোর্ড কর্তৃক সংস্কৃত হইয়াছে। রামপাল ও আমাদি প্রভৃতি স্থান বহুদিন স্কুলরবনের গ্রাস হইতে জাগে নাই।

শ্বরণথোলা ফরেষ্ট ষ্টেশনের সম্মুথে পশ্চিমদিকে মরা ভোলা নদীর উপর প্রাচীরবেন্থিত একটি বাড়ী আছে; উহার তম্ম প্রাচীর এথনও দ্রষ্টবা। চাঁদ পাই ফরেষ্ট ষ্টেশনের দেড় মাইল দক্ষিণপূর্ব্বে দেলা নদী হইতে বহির্গত সোণামুখী খালের পার্শ্বে জঙ্গলের মধ্যে এথনও একটি স্থম্পষ্ট ইটের পাঁজা বর্ত্তমান রহিয়াছে। খুল্না জেলার পশ্চিমভাগে আশাগুনি পুলিশষ্টেশন। উহার পশ্চিমদিকে শুতিয়াথালি নদী,—তাহার পশ্চিমপারে সাঁইহাটি গ্রাম। এন্থান পূর্ব্বে ভীষণ জঙ্গলাক্রান্ত হইরা পড়িয়াছিল, সম্প্রতি আবাদ হইয়াছে। জঙ্গলের পূর্ব্ব হইতে এখানে অনেক গুলি মন্দির ছিল; তম্মধ্যে তিনটি মন্দিরের ভ্যাবশেষ এখনও আছে। ইহার মধ্যে পূর্ব্ব-প্রান্তে যেটি, তাহাই দণ্ডায়মান আছে। উহা নানা কাক্ষকার্যাথচিত স্থন্দর মন্দির। সাঁইহাটি গ্রামের মধ্যে এক অংশের নাম উজিরপুর। সেথানে এখনও একটি প্রকাণ্ড ইষ্টকন্ত্বপ উজিরের বাড়ী বলিয়া থ্যাত।

এতক্ষণে আমি ফুল্ববনের প্রাচীন বসতিচিছের সংক্ষিপ্ত বিবরণী শেষ করিলাম। ইহার অধিকাংশ স্বচক্ষে দেখিয়া লিখিয়াছি এবং কতকগুলি বিশ্বস্ত ও শিক্ষিত দর্শকের নিজের মুখের বিবরণী হইতে লিপিবদ্ধ করিয়াছি; অনেকহুলে তাহাদিগকে উল্লোগী করিয়া এসব বিষয় স্থিরভাবে দেখিবার জন্ম প্রবৃত্তিত করিয়াছি। তথায়ুসন্ধিংস্থ পাঠক স্বচক্ষে দেখিলে ইহার সত্যতা উপলব্ধি করিছে পারিবেন। এই সকল বিবরণের সাক্ষ্য হইতে বোধ হয় স্বস্থুনে অমুমান করিতে পারি, যে স্করবন এক সময়ে ময়ুয়াবাদের উপযুক্ত ছিল; ইহার ভূমি তথন শসাভারে হাম্মমন্ত্রী হইত; ইহার নগরীসমূহ হর্ম্মামন্দিরে সমৃদ্ধ এবং জনকোলাহলময় ছিল। অনেকবার স্কন্মরবনের উত্থান পতন হইয়াছে; ইহা বৌদ্ধর্গের শেষভাগে পড়িয়াছিল এবং হিন্দুরাজ্বতে প্রনাম জাগিয়াছিল; সেই হিন্দুর সময়ে পড়িয়াছিল আবার পাঠানমুগে জাগিয়াছিল। পরে মোগলের মধায়ুগে পড়িয়াছে, আর উঠে নাই। মোগল আমলের প্রথমভাগে পাশ্চাত্য যে সকল জাতি বাণিজ্যের জন্ম এদেশে আদিয়াছিলেন, তাহারা স্কল্মবনকে

এমন পতিত, অগম্য, হিংস্রসেবিত এবং অরণ্যাবৃত দেখেন নাই। তাঁহারা যাহা দেখিয়াছিলেন, এখন তাহার চিহ্নমাত্রও নাই। এমন আশ্চর্য্য পতন স্থন্দরবনে ভিন্ন অন্ত কোথায়ও হয় না।

১৮৬৮ খুষ্টাব্দের ডিসেম্বর মাদে কলিকাতায় এসিয়াটিক সোসাইটির এক অধি-বেশন হয়। উহাতে খুলনার রেণীসাহেবের মধ্যম পুত্র (H. J. Rainey) স্থন্দরবন ও প্রতাপাদিত্য সম্বন্ধে একটি প্রবন্ধ পাঠ করেন। তদনম্বর সভাপতি ঐ প্রবন্ধ সম্বন্ধে সকলের মতামত জিজ্ঞাদা করিলে, রেভারেও লং (Rev. J. Long) সাহেব বলিয়াছিলেন যে. ১৮৪৮ খুষ্টাব্দে তিনি যথন প্যারিদ সহরে গিয়া-চিলেন, তথন তথাকার বিখ্যাত রাজকীয় অমুসন্ধান-পরিষদের এক প্রধান পণ্ডিত * তাঁহাকে ভারতবর্ষের একথানি পটু গীজ মানচিত্র প্রদর্শন করেন। উহা তথন হইতে ২০০ বর্ষ পূর্বে অর্থাৎ মোগল রাজত্বের মধ্যযুগে প্রস্তুত। ঐ মানচিত্রে স্থন্দরবন সমুর্বার দেশ ও তাহাতে পাঁচটি নগরী প্রদর্শিত হইয়াছে। ব্যারোস (De Barros) প্রণীত এসিয়ার ইতিব্যক্ত সংলগ্ন ম্যাপ এবং ভ্যানডেন ক্রকের ম্যাপ হইতেও তাহাই প্রতিপন্ন হয়। এই সকল ম্যাপ হইতে **স্থানা** যায় যে স্থন্তবনের সমুদ্রকলে প্যাকাকুলি (Pacaculi) কুইপিটাভাজ (cuipitavaz), নল্দী (Noldy), ভাপারা (Dapara) এবং টিপারিয়া (Tiparia) নামক পাঁচটি প্রসিদ্ধ বন্দর ছিল, তাহা এক্ষণে নাই। যদিও ব্লকম্যান সাহেব, এই সকল ম্যাপে কিছুই প্রতিপন্ন করে না বলিয়া উড়াইয়া দিয়াছেন, 🕆 তবুও আমরা তাঁহার পত্মামুদারণ করিতে দক্ষত নহি। গাঁহারা মানচিত্র প্রস্তুত করেন, তাঁহারা কোন স্থানের নামের প্রক্বত উচ্চারণ ভুল করিতে পারেন, কিন্তু তাঁহারা কাল্লনিক কতকগুলি স্থান বসাইয়া দিতে পারেন, এরপ বিশ্বাস করিতে পারি না। **আম**রা অনুমান করি স্থন্দরবনে এমন অনেক সহর ছিল, তন্মধ্যে পটু গীব্ধ আমলে যে পাঁচটি সমধিক খ্যাতিলাভ করিয়াছিল, ঐ সকল মাপে তাহারই উল্লেখ আছে। রক্ম্যান সাহেবের উক্তির প্রতিবাদ করিতে হইলে, দেখান উচিত যে এই

^{* &}quot;Monsieur Jomard, the head of the Geographical Department of the Bibliotheque Royale"

^{*}The old Portuguese and Dutch maps prove nothing"—Geography and History of Bengal, J.A.S.B Vol XLII, 1873 (P. 231)

করেকটি সহর কোথায় ছিল এবং ইহাদের প্রকৃত নাম কি। প্রীক ও পর্টুণীজ্ব প্রভৃতি বৈদেশিকণণ এদেশীয় স্থানের নামকে এত বিকৃত করিয়াছেন যে তাঁহাদের বর্ণনা দেখিয়া সহজে কোন প্রকৃত স্থান নির্দেশ করা ছুদ্ধর হইয়া পড়ে। প্যাকাক্লি পেণাঁচাকুলি একই কথা; পোঁচাকুলি চব্বিশপরগণা জেলার চব্বিশটি প্রগণার মধ্যে অন্ততম।

১৭৫৭ খৃষ্টাব্দে এই পরগণাগুলি ইউ ইণ্ডিয়া কোম্পানি নবাব মীরজাফর পার নিকট হইতে জমিদারীস্থরূপ প্রাপ্ত হন। মীরজাফরের প্রদন্ত সনন্দের অফুবাদের পেঁচকুলি ইংরাজীতে বিক্বত হইয়া Patcha kolla হইয়াছে। ধণেচকুলি পরগণা প্রথমতঃ সেলিমাবাদ সরকারের অন্তর্গত ছিল। মীরজাফরের প্রদন্ত পরগণার পরোয়াণা একবৎসর পরে বাদসাহের সনন্দে পরিণত হয়; তদত্বসারে কোম্পানি যে সাতাইশ মহল পাইয়াছিলেন, তাহাতে পেঁচকুলির উল্লেখ আছে। † বর্তুমানে এই পেঁচকুলি ডায়মণ্ড হারবার সবভিভিসনের অধীন, ইহার মধ্যে প্রধান প্রধান স্থান ইাদপাল, রাজারামপুর, ফলতা প্রভৃতি; ‡ ফলতা ভাগীরথীর উপর, ইহা ইংরাজ আমলেও একটি প্রধান স্থান হইয়াছিল। ইহাই সম্ভবতঃ প্রবিকালে পেঁচাকুলি ছিল।

কুইপিটা ভাজ যে থলিফাভাবাদ তাহাতে সন্দেহ নাই শ। থলিফাত হইতে কুইপিট এবং আবাদ হইতে "আভাজ' হইরাছে। ভ্যানডেন ব্রুকের § কুইপিটাভাজ, পাঠান আমলের থালিফাভাবাদ ও বর্ত্তমান বাগেরহাট একই স্থান বুঝাইতেছে। সমুদ্র হইতে উঠিয়া গেলে জনপদের সীমান্তে এই স্থান এক কালে পাঠানদিগের একটি প্রধান কেন্দ্র ছিল। খাঁ জাহান আলির ইতিহাসে থলিফাভাবাদের বিশেষ বিবরণ প্রদত্ত হইবে।

মেঘনার মোহানায় দক্ষিণ সাহাবাজপুর এক্ষণে যেরূপ দক্ষিণে ও পশ্চিমে বছদূর বিস্তৃত হইয়া পড়িয়াছে, পূর্ব্বে এরূপ ছিল না রেণেল, মার্টিন ও রিচার্ডদ্

[•] Collection of Treaties &. (1812)

⁺ Fifth Report from the Select Committee of the House of Cowfons.

[🚶] ঐতিহাসিক চিত্র, চৈত্র, ১৩১১ সাল। ৩৫২ %:

[¶] Khulha Gzetteer P. 29

[§] Van Den Broucke's Map of 1660.

দাহেবদিগের জরিপে ১৭৬৪ হইতে ১৭৭২ খুষ্টান্দের মধ্যে যে ম্যাপ প্রস্তুত হইয়াছিল, * তাণতৈ দক্ষিণ সাহবাজপুর একটি দ্বীপ ণাত্র ও উহার পশ্চিম দিকেও মেঘনা নদী প্রবাহিত ছিল। মেঘনা হইতে একট ক্ষুদ্র শাথা পশ্চিমোত্তর মুথে বহিয়া পুনরায় মেঘনায় পড়িয়াছিল। মেঘনার এই অংশ পরে তেতুলিয়ানদী নাম ধারণ করিয়াছে এবং উক্ত শাথা কালুয়া নদী হইয়াছে। মেঘনা ও হরিণঘাটা মোহানার মধ্যে রাবণাবাদ বা গলাচিপা নামক একটি নদী সমূত্রে পড়িয়াছে; এই রাবণাবাদ ও মেঘনার মধ্যবর্ত্তী অংশ রাবণাবাদ নামে খ্যাত; ইহা চতুর্দিকে নদী বেষ্টেত একটি দ্বীপ। রেণেলের ম্যাপে রাবণাবাদের ও হরিণঘাটার মধ্যবর্ত্তী সমস্ত প্রদেশ "মগদিগের দ্বারা উৎসয়" বলিয়া লিখিত আছে। এই রাবণাবাদে ছইটি মূয়য় হর্গ ও নানা ভ্যাবশেষ ছিল। উহার চিহ্ন এখন নাই। † ঐ রাবণা বাদের উত্তর সীমায় কালুয়ানদীর দক্ষিণ কুলে দাসপাড়া (Duspara) নামক একটি সহর ছিল। উপরোক্ত ম্যাপে উহার বিশেষ উল্লেখ আছে। ইহাই পটুর্ণীজ ডাপাড়া (Dapara) সহর। ইহা দাসপাড়া বা দেবপাড়া এইরূপ কোন নামের অপজংশ হইবে।

অপর ছুইটি নগরী সম্বন্ধে অন্তমান ভিন্ন অন্তোপায় নাই। নলদী সম্ভবতঃ বর্তুমান নলুয়া বা নলদিয়া হইতে পারে। ইহা উত্তর হাতিয়াগড়ে মথুরাপুরের সনিকটে নলুয়া নদীর উপর। এখনও কলিকাতা হইতে দক্ষিণদেশীয় আবাদে যাইতে হইলে, মগরাহাট প্রেশন হইতে জ্ञ্ञনগর দিয়া নলুয়ায় পোঁছিতে হয়, তথা হইতে নো কাযোগে নানাদিকে যাওয়া যায়। নলুয়ায় সন্নিকটে মণির টাট ও নলগড়া আবাদ; এইস্থানে এক প্রাচীন ছর্গের কিছু কিছু ভ্যাবশেষ পাওয়া

[•] Map of "the provinces of Krishenagar, Jesore, Boosnah and Mahmudshahi with part of Dacca and Raujeshy surveyed by Rennel, Martin and Richards between the years 1764 and 1772." attached to Colonel Gastrell's Geographical and Statistical Report of Jessore, Fureed Pore and Backerganj.

^{† &}quot;The mud forts entered on Rennel's map on the banks of the Rabanabad or Gallachipa River do not exist now a days; nor Would we glean any information regarding them."

যায়। এই ছর্গের দক্ষিণ প্রান্তেই বিখ্যাত জটার দেউল। তদ্বিয় পূর্ব্বে বলা হইরাছে। এ প্রদেশে ঠাকুরাণী নদীর সন্নিকটে প্রাচীনকালে কোন বিখ্যাত স্থান ছিল, তাহা সহজে অন্ধুমান করা যায়। টিপুরিয়া সহর ত্রিপুরার বিকৃত নাম বলিয়া বোধ হয়। স্থান্ধরবন পদ্মা-মেধনা পার হইয়া চট্টগ্রাম পর্যান্ত বিস্তৃত ছিল।

নবম পরিচ্ছেদ—স্থন্দরবনের রক্ষলতা।

স্থলরবনের সবই বিচিত্র। এথানকার বৃক্ষলতা, জীবজস্ক সবই নৃতন ধরণের এবং সবই এক বিচিত্রতার পরিচয় দেয়। এথানে পাতলা পলির কর্দমের উপরে অতি শক্ত কাঠের স্থলরী, পগুরী প্রভৃতি বৃক্ষ জন্মে এবং আর্দ্র, জলসিক্ত ও লোণাদেশে গণ্ডার ও বাাছের মত ভীবণ জীবের আবাসভূমি হয়। হরিণগণ স্থপেরেত স্থলর জীব, তাহারা কর্দ্ম মোটেই ভালবাসে না, কিন্তু এই কর্দ্মাক্ত স্থলরবনের জঙ্গলেই তাহারা পালে পালে থাকে। এথানে মাছে গাছ বাহিয়া উঠে, কুমীরে ডাঙ্গায় আদিয়া জীবজন্তু ধরে, এবং বাাছ কথনও বৃক্ষভালে বিশ্রাম করে, কথনও বা গাঁতার দিয়া সাগরের মত ভীবণ নদী পার হইয়া বায়। এথানে স্থানের অবস্থান গুণে একই থালে ছইদিকে বিভিন্ন প্রবাহ বহে এবং একই নদীতে অবস্থার গতিকে ছইস্থানে ছইপ্রকার ভীবণ মুর্ত্তি পরিগ্রহ করে। এথানে বিষাক্ত বাদ্যে বায়্তর পরিপূর্ণ, তথাপি হাতীর মত প্রকাণ্ড গণ্ডার, মহিষের মত প্রকাণ্ড বাঘ, বাঘের মত প্রকাণ্ড শৃকর, গক্র মত প্রকাণ্ড হরিণ এবং নৌকার মত প্রকাণ্ড কুমীর এই দেশে জয়ে। *

স্থন্দরবন নিবিড় জঙ্গলাকীর্ণ। এই নিবিড় বনে যেমন অসংখ্য বৃক্ষলতা, তেমনই বহু জীবজন্ত বাস করে। কিন্তু এখানে সব বৃক্ষলতা জন্মে না, সব

^{*} We must still view it as a curious and anomalous tract, for here we see a surface soil Composed of black liquid mud supporting the huge rhinceros, the sharp-hoofed hog, the mudehating tiger and the delicate and fastidiously clean spotted deer, and nourishing and upholding large timber trees; We see fishes climbing trees, tides running in two directions in the same creek and at the same moment,—An article on the Gangetie Delta, C. R. 1859.

জীবজন্ব বাদ করিতে পারে না। স্থন্দরবনের স্বাভাবিক অবস্থান ও প্রকৃতির জন্ম প্রত্যেক বিষয়ে ইহার বিশেষত্ব আছে। আমরা প্রথমে বৃক্ষণতা সম্বন্ধে বিবেচনা করিব।

স্থকরবনে বছ বৃক্ষলতা পাওয়া যায়। তবে পার্ববতা-প্রদেশে উদ্ভিদের যেরপ সংখ্যাধিক্যা, এখানে তত নহে; কারণ সকল গাছ স্কুন্দরবনে জন্মিতে পারে না। এখানে বাতাস, জল, মৃত্তিকা সকলই লবণাক্ত। এই লবণ গাহারা সহা করিতে পারে, জলীয়বাষ্প সম্বলিত সামুদ্রিক বাতাসে যাহাদের তপ্তি হয়, প্রবল বায়ুবেগে যাহারা আত্মরক্ষা করিতে সক্ষম, এবং মূলদেশ তলপ্লাবিত হইলে যাহারা মরে না, সেই সকল বুক্ষলতাই স্থন্দরবনে ভ্রো। এথানে বুক্ষমাত্রেরই মূলদেশ অবিরত জোয়ারের জলে ধৌত হওয়ায় উন্মক্ত হইয়া পড়ে; প্রবল বায়ুবেগে বৃক্ষকুল অবিরত আন্দোলিত হয় এবং নদীতীরে জলস্রোতে পাহাড় ভাঙ্গিয়া পড়িয়া বুক্ষমূল উৎপাটিত করিয়া দেয়, এজন্ম সুন্দরবনের প্রত্যেক গাছেরই শিকড় অতান্ত অধিক। ঐ দকল শিকড় চারিদিকে ছড়াইয়া পড়ে, এক বৃক্ষের শিকড় অস্ত বৃক্ষের শিক্তগুলিকে জড়াইয়া ধরে; যে সকল বুক্ষের উপরে পরম্পরকে আলিঙ্গন করিবার স্থযোগ না হয়, তাহারা মৃত্তিকার নিমে পরস্পরকে গাঢ আলিঞ্চন করে এবং সকলে জুটিয়া সন্মিলিত বলে আত্মরক্ষা করিয়া থাকে। স্থন্দরবনে নাতির নিমে কিছুদূর পর্যান্ত শুধুই শিকড়ময়। যেথানে মূলদেশ ধুইয়া যায়, তথায় দেখা যায়, শিকড়গুলি নানাদিকৃ হইতে টানা দিয়া কেমন স্থন্দরভাবে বুক্ষ গুলিকে সোজা করিয়া রাথে। গর্জন প্রভৃতি বুক্ষের অধিকাংশ শিক্ত মাটির উপরুষ্ট থাকে। বটগাছের বোয়ার মত এই সকল শিক্ত বুক্ষকাও হইতে চতুর্দিকে টানা দিয়া বৃক্ষগুলিকে রক্ষা করে। স্থলরবনের বৃক্ষসমূহের যেমন শিক্ডের পরিমাণ অধিক, তেমন সেই সকল শিক্ডের বায়ু সেবনের প্রয়োজনও মধিক। মূলদেশ জলে প্লাবিত থাকিলে, শিকড় গুলির বায়ু সেবনের স্থবিধা হয় না; এজন্ত শিকড় হইতে উর্দ্ধনিকে অসংথা শূলের মত ক্ষুদ্র স্বচল শিকড় উথিত ^{হয়}, উহাদিগকে শূল বা শূলো (blind root-suckers) বলে। স্থন্দরবনের পার দকল বুক্লেরই শূলো হয়, কাহারও দক্ত, কাহারও মোটা, কাহারও দীর্ঘ, কাহারও ছোট ; তবে স্থলরী গাছের শূলগুলি সংখ্যায়ও অধিক এবঃ আকারেও বড়। * জোগারের জল যেখানে অধিক সঞ্চিত হয়, শূলোগুলিও সেথানে অধিক দীর্ঘ হয়।

স্থানরবনের গাছগুলি প্রায়ই লখা হইয়া উঠে। বস্তুবৃক্ষ মাত্রই দীর্ঘ হয়; তাহার একটি কারণ এই যে সেখানে অনেক গাছ অযন্ত্রসম্বন্ধিত হইয়া একত্র জন্মে, তাহারা প্রতাকে ছড়াইয়া থাকিবার অবসর পার না। বীজ হইতে উৎপন্ন গাছমাত্রই দীর্ঘ হয় এবং কলম প্রভৃতি কৃত্রিম উপায়ে যত্নে প্রস্তুত বৃক্ষমাত্রই অন্তর্গর বিস্তৃত হয়। যে সকল বৃক্ষের কাঠ বাবহার করিতে হইবে, তাহা দীর্ঘ হওয়াই ভাল। শাখা প্রশাখা বাড়িতে গেলে গ্রন্থি বা গাইট বেশী হয় বিলিয়া কাঠ ভাল হয় না। প্রজন্ম স্থভাবতঃই পাহাড়ী শাল সেপ্তণ প্রবং স্থানরবনের স্থানরী পশুর প্রভৃতি বৃক্ষ দীর্ঘ হইয়া উঠে।

এক্ষণে আমরা স্থন্দরবনের কৃক্ষণতাদির মধ্যে প্রধান প্রধানগুলির নাম ও তাহাদের বিশেষত্ব এবং প্রয়োজনীয়তার বিষয় ক্রমে ক্রমে নিয়ে আলোচনা করিতেছি।

স্থানরী বা স্থানর গাছ (Heritiera Minor, Roxburgh, Heritiera Fomes, Brandis) ইহার পাতাগুলি ছোট, লবঙ্গের পাতার মত, উপরে মস্থা এবং নিমে ধ্বর বর্ণ, বাতাসে নিম্নভাগ স্থানর দেখায়। ইহাতে ছোট ছোট ছরি দাবর্ণ ফুল হয়। গাছগুলি সাতিশয় দীর্ঘ হয়, এবং ছুল হয় বটে কিন্তু বটগছ প্রভৃতির মত স্থাল হয় না। ইহা আম গাছের মতও বড় হয় না। ইহার দীর্ঘোয়ত ভাব গ্রামা জাম গাছের সহিত তুলনা করা যায়। অল্পরম্ব স্থানরী গাছগুলিও বাঁশের মত দীর্ঘ ও সরল হইয়া উঠে। উহাদিগকে "ছিট" বলে; স্থানরীর ছিটে নৌকার লগা প্রস্তুত হয়। গাছের গায়ের উপরিভাগের পাতলা আবরণ উঠাইলে ভিতরে গাবিগাছের মত লাল রঙু বাহির হয়।

ইহার কাঠও গাঢ় লাল বর্ণ, যেমন শক্তা, তেমনি স্থন্দর; এবং স্থন্দর বলিয়াই ইহাকে স্থন্দর বা স্থন্দরী কাঠ বলে। এই কাঠে তক্তা হয় এবং ইহার কাঠ

^{* &}quot;The Sundri tree has the peculiarity of sending up from its roots small prongs or spits a foot or more in height which are sometimes as thickly placed as to leave little room for walking"—F.E. Pargiter, Calcutta Review (1889) P. 300. একথা ঠিক নছে। স্থানারবাদের অধিকাংশ বুকেরই শুলো আছে। তবে স্বারীর শুলোগুলি কিছু দীর্থ ও শক্ত।



নদীতটে শৃ'লো ও গোলগাছ, (স্থন্দর্বন)

bb 9;

শীদতীশচন্ত্র মিজের যশোহর-পুলনা ইতিহাসের জন্ত

Printed by K. V. Seyne & Bros.

वित्मय मुनायान् अवः श्राप्ती, अवः वह श्राप्ताञ्चतः नातः। निकन्वन ननीश्रधान দেশ, নৌকা ভিন্ন যাতায়াতের উপায় নাই। এক সময়ে স্থল্দরীকাঠ নৌকা নির্ম্মাণের প্রধান এবং সহজ্বভাউপাদান ছিল: * কিন্তু এক্ষণে আর তেমন স্থব্দর কাঠ পাওয়া যায় না। ইহার কয়েকটি কারণ আছে; প্রথমতঃ ভধু লবণাক্ত জলে স্বন্দরীগাছ ভাল জন্মে না। যেখানে নদীশ্রোত দারা উপর হইতে মিষ্ট জল আসে, এবং জলে অধিক পরিমাণ পলি মিশ্রিত থাকে, সেই স্থানে স্বন্দরীগাছ ভাল উৎপন্ন হয়। নিম্নবঙ্গের সমস্ত নদীগুলি পুর্বের গন্ধার শাখা প্রশাখা ছিল. স্বতরাং সব নদী দিয়া পার্ব্বতা জলম্রোত আসিত। প্রলিমিশ্রিত সেই মি**ইজ**ল লবণাক্ত সমদ্রম্বলের সহিত মিশিয়া স্থন্দরীগাছের জন্ম উপযুক্ত উপকরণ প্রস্তুত করিয়া দিত। এজন্ম স্থন্দরবনের সকল অংশে পর্বের ভাল স্থন্দরীগাছ জিন্মত। এক্ষণে পশ্চিম ভাগের যমুনা, ইছামতী, কপোতাক্ষ ও ভৈরব প্রভৃতি সমস্ত নদী-গুলির সহিত গঙ্গার সংযোগ-স্রোত এক প্রকার বন্ধ হইয়া গিয়াছে, এবং পদ্মার জল কেবলমাত্র মধুমতী প্রভৃতি নদী দিয়া পূর্ব্ববঙ্গে প্রবাহিত হয়। এজন্ম পূর্ব্ব-ভাগে যেরূপ স্থন্দরীগাছের বৃদ্ধি ও সংখ্যাধিক্য আছে. পশ্চিমভাগে তাহা নাই। অতি নিরবচ্ছিন্ন লবণাক্ত স্থানে শুধ স্থন্দরী কেন, অন্য ভাল কার্ছের বৃক্ষও জন্মে না। + সে অঞ্চলে কেবল গরাণ ঝোপ দেখিতে পাওয়া যায়। দ্বিতীয়তঃ পুরাতন ফুলুরীগাছ যাহা ছিল, তাহা কাঠুরিয়ার অন্ত্রমুখে পতিত হইয়া প্রায় নিংশেষিত হইয়াছে। স্থন্দরবনের অন্তর্গত বাদা বা জঙ্গল পরিষ্কৃত হইয়া যত আবাদ বা

^{* &}quot;The Sundri forests supply wood for boat-building to the 24-Pergannahs, to Jessore, to Backergunj, to Noakhuli and other districts and also furnish wood for many purposes of domestic architecture "—Sir Richard Temple, Lieutenant Governor of Bengal who personally visited the Sundarbans in 1874.

^{†&}quot; which (Sundari) deteriorate gradually towards the west and south as the water of the rivers becomes more and more saline

L. S. S. O'Malley's Khulna Gazetteer, pp 82,87.

শসাক্ষেত্রের সীমাবর্দ্ধিত হইতেছে, এবং বন্দুক প্রভৃতির সাহায্যে লোকের সাহস-বৃদ্ধির সহিত হিংপ্রজন্তুর বিনাশে কাঠ যতই অধিক কর্ত্তিত হইতেছে, শ্বন্দরীগাছ ততই নষ্ট হইরা গিরাছে। এজন্ত গবর্ণমেণ্ট বর্ত্তমানে কঠোর শাসন দারা স্থন্দর-বনের অনেক স্থান রিজার্ভ বা রক্ষিত বনে পরিণত করিয়া, শ্বন্দরী শিশুকে পূর্ণাবয়ব হইবার অবসর দিতেছেন। কিছুকাল পরে পুনরায় প্রচুর পরিমাণে শ্বন্দরীগাছ পাইবার আশা আছে।

পশুর (Maliaccoe class)— স্থলরী ব্যতীত অন্থ সমস্ত কাঠের মধ্যে ইহা প্রধান; এমন কি ঘরের খুঁটিরূপে ইহা স্থলরী অপেক্ষাও ভাল কাজ করে। গাছ বড় হয়, পাতাগুলি একটু প্রশস্ত, কতকটা কাঁটালের পাতার মত। ইহাতে খুঁটি ও তক্তা হয়।

বাইন (Abicennia officinalis)—কাঠের শক্তি ও স্থায়িছের হিসাবে ইহাকে স্থন্দরবনের তৃতীয় বৃক্ষ ধরা যায়। গাছগুলি থুব বড় হয় এবং অনেক-কাল থাকে। ভীষণ জঙ্গলের মধ্যে পুরাতন বাইন গাছের গুঁড়ি দেখিলে বিশ্বিত হইতে হয়। আমরা ইহার গুঁড়ির পরিধি ২০/২৫ ফুটও দেখিয়াছি। অধিক-দিন হইলে গাছের গুঁড়ি শৃশুগর্ভ হয়। ইহাতে ভাল তক্তা হয়।

ধোনদল (Gamur) অথবা গামুর—অনেকটা পশ্র গাছের মত।
ইহাতে মিঠ বা বিলাতী কৃমড়ার মত প্রকাণ্ড প্রকাণ্ড ফল হয়। ফলে কোন
কাজ হয় বলিয়া জানি না। পরিপক হইলে ফলগুলি ফাটিয়া বায়; তথন তাহার
ভিতর হইতে তালের আঁটির মত কতকগুলি বীজ বাহির হয় এবং তালের
গাছের মত অক্ষুরিত হইয়া উহা হইতে গাছ গজাইয়া থাকে। এ গাছে কাঠ ও
তক্তা হয়।

কে গুড়া (Sonneratia opetala)—প্রায়ই নদী বা থালের তীরে এবং চরভূমিতে জন্ম। গাছ খুব বড় হয়। স্থলরবনের মধ্যে ইহাই সর্বাপেক্ষা দীর্ঘ ও সর্বাপেক্ষা দুলনর গাছ। চরের উপরে প্রায়ই একস্থানে বহুসংখ্যক গাছ সারিবদ্ধ হইরা নদীর বাঁকে মধুর শোভা বিস্তার করে। পাতাগুলি জিওলের পাতার মত সরু সরু; উহা বানর ও হরিণের থাছ। কেওড়ার ফল অমান্বাদ্ধ ফুক, উহা মান্থবেরও আহার্যোপকরণরূপে স্থল্পরবনে ব্যবহৃত হয় বটে, কিন্তু হরিণের নিক্ট এই ফল পর্ম উপাদের থাছ। কেওড়া তলাতেই হরিণ

শিকার করিবার স্থান এবং এখানেই বহু হরিণ মারা পড়ে। ইহাতেও তক্ত। এবং ব্যবহারোপযোগী অন্তপ্রকার কাঠ হয়।

গ্রাণ (Ceriops Candolleana)—হরিদ্রাভ পুরু গোলাকার পাতাযুক্ত গাছ। গাছ থুব বড় হর না এবং প্রায়ই ১০।১২ ফুটের অধিক উচ্চ হর না। এক এক ঝাড়ে অনেকগুলি গাছ হয়। অত্যন্ত লোণাস্থানেও গরাণ জয়ে। এজন্ত পশ্চিমের বাদার গরাণের অত্যন্ত প্রাধান্ত। ইহা ছোট কাঠের মধ্যে বেশ শক্ত কঠি। ইহাতে ঘরের খুঁটি, চালের রুয়া, বেড়া, ঘিরিবার খুঁটা বা পোষ্ট এবং নৌকার লগি (log) প্রস্তুত হয়। ইহার ঘারা হুকার নল্চেও হইয়া থাকে। ইহার পাকা গাছের বেধ ৫।৬ ইঞ্চির অধিক প্রায়ই হয় না। কাঠের গাত্রের থোসায় একটা স্কুলর লাল রঙ্ আছে।

পেঁরো (Excoccaria Agallocha)—এগাছ সোজা হইয়া উঠে। গাছের গায়ে একপ্রকার বিষাক্ত হ্রম্বর্গ জাঁটা আছে। পশ্চিমের বাদায় কেওড়া না থাকিলে, গোঁয়ো গাছই সর্বাপেক্ষা লম্বা হয়। ইহার কাঠ খুব পাতলা। সে কাঠে ভাল কয়লা ও তাহা হইতে টিকে প্রস্তুত হয়। বড় কাঠের গুঁড়ি হইতে ঢোলক, তবলা প্রভৃতির থোল হয়। সাধারণতঃ ইহা জালানি কাঠের জন্ত ব্যবহৃত হয়।

পৃথ্জিন (Diptero Carpus Turbinatus)— স্থল্ববনের সর্ববে, বিশেষতঃ পশ্চিমভাগে অধিক জন্মে। প্রায়শংই নদী বা থালের কূলে গর্জজনগাছ দেখা যার। বটগাছের বোরার মত চতুর্দ্দিকে ইহার শিকড় বিস্তৃত হইয়া গাছগুলিকে সোজা করিয়া রাথে। ইহার ছোট ফুল হয় ও তাহা হইতে বকফুল বা সজিনার মত লম্বা খাঁড়া নির্গত হয়। পাতাগুলি রবার গাছের পাতার মত পৃক্ষ। গর্জনের তৈল হয়। প্রতিমা বা পৃত্লের গারে রঙ, ফলাইবার জান্ত গর্জন তৈল ব্যবহার করে। এই তৈল কুঠ প্রভৃতি মহারোগে মহোপকারী। ইহার কাঠ রক্তাভ ধ্বরবর্ণ এবং স্থায়ী নহে।*

হেন্তাল — ছোট সরু থেজুর গাছের মত। বোধহর যেন আমাদের পাড়াগাঁরের থেজুর গাছ বনে আসিয়া লবণ খাইয়া হীনবীর্য্য হইয়াছে।

^{* &}quot;Heart wood reddish grey, not durable; yields wood-oil." See Brandis, Indian Trees, p. 65.

একস্থানে অনেকগুলি একত্র ঝাড় বাঁধিয়া থাকে। গাছগুলি ৮।১০ ফুট হইতে ১৫।১৬ ফুট পর্যান্ত উচ্চ হয়। এ গাছ বাঁশ অপেক্ষা অধিক মোটা হয় না, সাধারণতঃ সরু বাঁশের মতই মোটা হয়। ইহার সরু গাছে লাঠি এবং ঘরের চালের রুয়া হয়। হেঁতালের নড়ি বা ছড়ির কথা "মনসার ভাসানে" আছে। হেঁতালবন ব্যাঘের একটি প্রধান আড্ডা, কারণ ইহার ভিতরে পরিষ্কৃত এবং উপরে ঢাকা থাকে।

স্থন্দরবনে বাঘ প্রভৃতি হিংস্র জম্ভর লুকাইয়া থাকিবার উপযোগী, হেঁতাল বাতীত বলা, বলাম্বন্দরী এবং হ'দো নামক আরও তিন প্রকার গাছ আছে। বলাগাছের গোল গোল পাতা ও হরিদ্রাবর্ণ পুষ্প হয়, গাছগুলি ঝোপসা বাধিয়া একস্থানে বছদুর লইয়া নদী বা খালের ধারে জুড়িয়া থাকে। ব্যাঘ প্রভৃতি জ্বাপিপাস্থ হিংশ্রজম্ভ ঐ ঝোপের মধ্যে স্থন্দর ছারায় বসিয়া শিকার অবেষণ করে। হ'দোগাছ থড প্রভৃতির ন্যায় একট উচ্চ শুফস্থানে জ্বেম। এই দকল গাছ ভিন্ন শিক্ষড বা দিক্ষর, গ'ড়ে বা গড়িয়া, ওড়া, কাঁকড়া, খলসী ভাণ্ডার বা ভাঁডার, করঞ্জ এবং হিঙ্গে এই আট প্রকার কাঠের গাছ বনস্থলী জঙ্গলাকীর্ণ করিয়া রাখে এবং সকলগুলিই জালানি কাঠের জন্ম ব্যবহৃত হয়। দিঙ্গুড় ও কাঁক্ড়া কিছু শক্ত, ওড়া প্রভৃতি কাঠ খুব নরম। হিঙ্গের কাঠ খুব পাতলা; ইহাদারা পালকীর বাঁট হয় এবং দক্ষিণ দেশীয় লোকে পাশাসমাছ প্রভৃতি ধরিবার জালগুলি জলে ভাসাইয়া রাথিবার জন্ম হিঙ্গে দ্বারা "ভাসান কঠি" প্রস্তুত করে। অন্ন লোণাতেও ওড়াগাছ জন্মে; এমন কি ভৈরব, কপোতাক্ষ প্রভৃতি নদীতে পার্বত্যম্রোতের সংযোগ বন্ধ হওয়ার পর যত লোণাজ্বল উপরে উঠিতেছে, ততই সেই সকল স্থানে নদীর ধারে ওড়াগাছের অবিভাব দেখা যায়। ওড়ার পাতা প্রচিয়া সেইস্থান হইতে চিংডিমাছ ও অত্যান্ত পোকার উত্তব হয়। এইজন্ত লোণাস্থানে অধিক পরিমাণ চিংডি প্রভৃতি মংস্ত জন্ম।

এতদ্বাতীত জলের কূলে হরগোলা নামক কাঁটা গাছ, বিস্তুত চরে ওড়াধান, থোলাজারগার থড়জাতীর কাশা ও তুলাটেপারী, বালুকার চরে বন ঝাউ এবং দৈবাৎ কোনস্থানে সাধারণ ঝাউ ও বনলের দেখা যায়। স্থলারবনের মধ্যে যেথানে প্রাচীন বসতির চিহ্ন আছে, উচ্চভিটা বা ইন্টকগৃহের ভগ্নাবশেব

যোগানে দেখা যায়, তাহার সন্নিকটে প্রচুর পরিমাণে গাবগাছ দেখিতে পাওয়া যায়। অভ ছই একটি প্রাম্য বৃক্ষের বভা সংস্করণ যে না আছে, তাহা নহে, তবে প্রাচীন বসতির চিহ্নের সঙ্গে সঙ্গে গাবগাছ প্রায় সর্বত্রই বিরাজ করিয়া বনস্থলীর সৌন্দর্য্য বৃদ্ধি করে। অখ্যথবট এক নৃতন জাতীয় বৃক্ষ হইয়াছে, হিরন্তার গাছ শটি হইয়া গিয়াছে, নানাপ্রকার লেবু বভাপ্রকৃতি পাইয়াছে, কিন্তু গাবগাছ অবিকৃত আছে—দেই কৃষ্ণবর্ণ বৃক্ষগাত্র, সেই পত্রপ্রাচ্ন্য্য ছায়াবাছলা, সেই নবকিশলয়োদগমে রক্তবর্ণের ছড়াছড়ি, এবং গাছভরিয়া সেই একই গ্রামাাস্বাদযুক্ত ফলের ভার—বনে যাইয়া গাবগাছ শুধু বভা হয় নাই, বরং ঐতিহাসিকের মত প্রাচীনত্বের নিদ্দানসমূহ রক্ষা করিয়া লোকের কাছে সাক্ষ্য দিতেছে। মান্ন্যেও গাবগাছের কাছে অনেক শিক্ষালাভ করিতে পারে!

গোলগাছ—ইহা নারিকেল জাতীয় গাছ (Palm); তবে অধিক উচ্চ হয় না। নদী বা থালের কূলে জালের মধ্যে বা ধারে জারে; গাছ যত বড় হয়, ততই নিমাংশ উচ্চ হইরা না উঠিয়া গাছের মূলে সাপের মত জড়াইয়া থাকে এবং ক্রমশং নিম্ন দিক্ হইতে ক্রম্ন পাইতে থাকে। নারিকেলের পাতার মত ইহার পাতাগুলি থুব বড় হয়, উহা নিম্নবঙ্গে থড়ের মত ঘর ছাইবার স্থানর উপাদান রূপে ব্যবহৃত হয়। প্রতি সপ্তাহে স্থানর হইতে অসংখ্য নৌকায় গোল বোঝাই করিয়া লইতেছে। স্থতরাং গোলগাছ হইতে গবর্ণনেটের যথেষ্ঠ আয় হয়। গোলের ডাটা খুব শক্ত, শীষগুলি কাঠের মত। গোলগাছে তালের মত ফলের কান্দি হয় এবং তালশাঁসের মত গোলফল খাওয়া যায়। পাকিলে ফল অভক্ষা হয়।

গিলে লতা ও বেত—স্থলর বনের ভীষণ জঙ্গলের মধ্যে স্থানে স্থানে বহুকাল হইতে লতা জন্মিয়া থাকে। ইহার মধ্যে গিলেলতা এক্নপ দীর্ঘ ও সারবান হয় যে দেখিলে বিশ্বয়াবিষ্ট হইতে হয়। অনেক সময়ে বয় গাছের গুঁজির মত লতার দীর্ঘতম্ব দেখা যায়। বনের মধ্যে বেতও এইক্নপ পুর বড় হয়। এই বেত গ্রামাজীবনে নানা কাজে লাগে।

দশম পরিচ্ছেদ।

হুন্দরবনের জীবজন্ত।

প্রাকৃতিক স্বাস্থ্য বিবেচনা করিলে স্থল্পরবনে জীবজন্তুমাত্রের অবনতির ও নির্ব্বীর্যাতার কল্পনা করা যায়। আনার জীবজন্তর অবস্থা দেখিয়া যদি স্বাস্থ্যের প্রমাণ করিতে হয়, তাহা হইলে স্থল্পরবন ভারতবর্ধের অন্ত কোন স্থান অপেক্ষা স্বাস্থ্যের হিদাবে নিরুষ্ঠ বলা যায় না। স্থল্পরবনের স্থল্পর গাছ ওপ্রকাণ্ড লতা, স্থল্পরবনের ব্যাঘ্র ও কুন্তীর, স্থল্পরবনের মহাকায় দর্পও সবল পক্ষী স্বাস্থাহীনতার পরিচয় দেয়ই না, বরং এক প্রকার আভ্যন্তরিক বীর্যা ও সবলতার সম্পূর্ণ নিদর্শন প্রদান করে। কেহ বলেন, বাঙ্গালীর মত ছর্বল ও কাপুরুষ জাতি আর নাই; আবার কেহ বলেন, যে দেশের জলবায় বঙ্গ-ব্যাঘ্রের স্পন্ত করিয়াছিল, এবং প্রতাগাদিত্যের যুগে যে দেশের কোণে কোণে বন্থ নরব্যাঘ্রের উদ্ভব হইয়াছিল, দে দেশ কথনও নির্ব্বীর্যাতার কালিমান্তিত হইতে পারে না। বাঙ্গালীর চরিত্রে কলঙ্কের রেখা থাকিতে পারে; কোন্ জাতির বা সেরপ কিছু নাই? তবে সে কলঙ্কের সহিত কাপুরুষতার যে কোন অনিবার্য্য সমন্ধ আছে, এরপ কল্পন করা সমীচীন নহে।

স্থলরবনের বিশাল অরণ্য ও বিরাট্নদীসংস্থান সর্ব্বেই তাহাকে ভীষণ করিয়া রাখিয়াছে। তাহার স্থলভাগে ব্যাঘাদি খাপদকুল এবং জলে কুন্তীর এই ভীষণতাকে ভীষণতর করিয়াছে। অন্তান্ত প্রদেশের লোকে মনে করে যে, যে দেশে "জলে কুমীর, ডাঙ্গান্ন বাঘ" সে দেশে লোকে বাস করে কিরুপে ? এই বিশেষত্বের কথা মনে করিয়া নিমবঙ্গের প্রসন্ধাত্র অন্তান্ত লোকের মনে আত্তরের সঞ্চার হয়।

বান্তবিকই স্থলনবনের স্থলজন্তর মধ্যে ব্যাঘ্র (Tigris Regalis) সর্ব্ধপ্রধান। নানা দেশে নানাজাতীয় ব্যাঘ্র দেখিতে পাওয়া যায়, কিন্তু স্থলনবনের ব্যাঘ্রের মত হিংস্র, এমন বলবান্, এমন দর্পশালী, এমন ভীমমূর্ত্তি এবং এমন শিকারকুশল বন্ধজন্ত আর দেখা গিয়াছে কিনা সন্দেহ। এই জন্ত



ইয়োরোপীয়েরা ইহাকে "রয়াল বেঙ্গল" ব্যাঘ (Royal Bengal Tiger) বলিয়া অভিহিত করিয়াছেন। অন্ত দেশীয় ব্যাঘের সহিত ইহার অনেক পার্থকা আছে। প্রথমত: ইহার হরিদ্রাবর্ণ গাত্রে লম্বা লম্বা কালো ডোরা (Stripe) দেওয়া থাকে: অন্ত প্রকার ব্যাঘ্রের গায়ে কোথায়ও কালো ফোঁটা বা বড গোলাকার চিহ্ন দেখা যায়। কিন্তু কালো লম্বা ডোরা আর কাহারও নাই। স্থন্দরবনের ব্যাদ্র লেজ সমেত ১০।১২ ফুট দীর্ঘ এবং ৩।৪ ফুট উচ্চ হয়। সাধারণ পূর্ণাবয়ব ব্যাঘ্র ১০ ফুট দীর্ঘ ও ৩ ফুট উচ্চ হয়। ইহাদের সম্মুথের পা চুইটি বেশ মোটা এবং অত্যন্ত সবল, কিন্তু পশ্চান্তাগ দেখিলে তেমন কিছু বোধ হয় না। বড বাঘে গো-মহিষগুলিকে স্বচ্ছনে স্বন্ধে ফেলিয়া লইয়া যাইতে পারে। ইহাদের মাথাগুলি প্রকাণ্ড ও গোলাকার এবং চক্ষম্বয় খুব বড় ও অত্যস্ত উজ্জ্বল। জগতে বোধ হয় এমন কোন জীব নাই যাহারা ইহার চক্ষুর রোষক্ষায়িত তীব্র দৃষ্টির সন্মুধে পড়িয়া আত্মহারা না হয়। গ্রাম্য বিড়ালের গতিবিধি ও শিকার-কৌশল দেখিলে বাঘের প্রকৃতির অনেকটা আভাস পাওয়া যায়। এই জন্ম গ্রামালোকে বিভালকে "বাঘের মাসী" বলে এবং বৈজ্ঞানিকেরা ব্যাঘ্রকে বিভাল শ্রেণীভূক্ত (feline species or cat tribe) করেন। রাজকীয় ব্যাঘ্র অত্যন্ত রক্ত-পিপাস্থ এবং হিংল্র, উহারা শিকারের সময়ে অত্যন্ত হর্দ্ধর্ষ মূর্ত্তি পরিগ্রহ করে। ফীবজন্ত মারিয়া ফেলিলে ব্যাঘ্র প্রথমে তাহার স্কন্ধ ভেদ করিয়া যথেষ্ট রক্তপান করিয়া লয়। শিকারের সন্ধানে ইহারা অতি অল্প্রানে সন্ধোপনে দেহ লুকাইয়া রাথে এবং স্থযোগ পাইবামাত্র ভীম বিক্রমে লম্ফ প্রদানপূর্বক শিকারের উপর পড়ে। বাঘিনী ২ হইতে ৪টি পর্যান্ত ছানা প্রদব করে। প্রদবকাল হইতে সে ছানা লইয়া বাঘ হইতে দূরে থাকে। কারণ বাঘে ছানা দেখিলে খাইয়া ফেলে।

স্থলরবনের প্রধান জন্ত চারিটি;—ব্যাঘ, হরিণ, বৃত্তশৃকর ও বানর। ইহা
বাতীত পূর্বভাগে বক্ত মহিব এবং দক্ষিণদিকে সমুদ্রোপকৃলে গণ্ডার আছে। *
কেহ কেহ বলেন স্থলরবনে গণ্ডার এক প্রকার নিঃশেষ হইরাছে। ১০।১৫
বংসর পূর্বেও গণ্ডারহত্যার সংবাদ পাওয়া গিয়াছে, কিন্তু যে মারিয়াছিল সে

^{*} Calcutta Review, Vol- 89 P. 299.

জীবিত নাই। * কিন্তু তৎপরে আর গণ্ডারের সন্ধান পাওয়া যায় নাই এবং আছে বলিয়াও বোধ হয় নাই। + বয় মহিব পশ্চিমভাগে কথনও দেখা যায় না, পূর্বাংশে স্থানে স্থানে এখনও আছে। লোকে পূর্বভাগে কুকুরিয়া মুকুরিয়া প্রভৃতি দ্বীপে মহিব চরাইবার জন্ম লইয়া যায়, সেখান হইতে অনেক পোষা মহিবও পলাইয়া বয় হইয়া যায়। হাতিয়া, সন্ধীপ, চর ম্যাকফারসন্ প্রভৃতি স্থানে স্থানরবনের চিহ্ন আছে, কিন্তু নিবিড় বন নাই। স্থভরাং ব্যাঘ্র প্রভৃতি জন্তু একেবারেই নাই।

স্থান্দরবনে হরিণের সংখ্যাই সর্ব্বাপেক্ষা অধিক। বনের যে কোন স্থানে যাওয়া যায়, সেথানেই হরিণের অন্তিজের পরিচয় পাওয়া যাইবে। স্থান্দরবনে জন্তর গমনাগমনের জন্ত যে বনপথ দেখা যায়, তাহা হরিণের পদচিছে মণ্ডিত। হরিণ পালে পালে চরে, পালে পালে বিশ্রাম করে। হরিণ বড় আরাম ভালবাদে; একটু উচ্চ ছায়াবছল স্থান দেখিলে রৌদ্রের সময় হরিণগণ তথায় বিশ্রামস্থথ ভোগ করে; পায়ে একটু কাদা লাগিলে, হরিণ বিরক্ত হইয়া পা ঝাড়িতে থাকে। যাহাদের সৌদর্য্য আছে, তাহাদিগকে উহা রক্ষা করিবার প্রবৃত্তিও ভগবান দিয়াছেন। হরিণের মত চঞ্চল জন্ত আর নাই; জগদীখর ইহাদের আকর্ণবিস্থত স্থানর চক্ষু এবং দীর্ঘ সক্র সক্র পাগুলিকে চঞ্চলতার উপযোগী করিয়া স্থান্ট করিয়াছেন। স্থান্দরবনের বাঘ ও হরিণের প্রধান রঙ্ একই প্রকার; উভয়ই রক্তাভ হরিদ্রাবর্ণ (rufous yellow); বাঘের বেলায় এই রক্ষের উপর কালো কালো লম্বা ডোরা, তেমন আর পৃথিবীর মধ্যে কোন জন্তর নাই এবং হরিণের বেলায় ইহার উপর ছোট ছোট শাদা ডোরা। হিন্দুশামে ৯ প্রকার মৃণের কথা আছে। ‡ তন্মধ্যে হরিণজাতীয় মৃগই স্থানরবন্দে পাওয়া যায়।

ঢাকী করেই ট্রেশনের সন্ধিকটে নলিয়ানের আবাদে কাঁলাটাদ লিকারী ছিল। সে শের
গণ্ডার হত্যা করিয়াছিল। তাহার পুত্র ওমর শিকারী শ্রীবিত আছে।

[🕆] রার সাহেব নলিনীকাত রারচৌধুরী ১৮৮৫ অকে শেষ বার অচকে গণ্ডারের প্রচিত দেশিরাছিলেন।

শঘরো রোহিতো রামে। ভঙ্ময় শালা রকঃ
 এণশ হরিণদেতি মুগো নববিধা মতাঃ ।



হালবনে ছই প্রকার হরিণ দেখা যায়; তন্মধ্যে প্রায়্ম অধিকাংশই ডোরা হরিণ বা চিতা হরিণ (Axis maculatus, spotted deer.) এবং স্থানে স্থানে ছাই চারিটি মাত্র কুকুরে হরিণ (cervalus aureas, Barking deer or rib faced deer.) দেখা যায়। ডোরা হরিণের গলা, পেট ও লেজের নিমে শাদা, উকর নিমভাগ ও কাণের ভিতর খেতাভ। গালটি কালো, মাথার উপর পাটল বর্ণ। ইহাদের নানাপ্রকার আকার দেখা যায়। বড়গুলি ৪।৫ ছুট দীর্ঘ এবং প্রায় ৩ কুট উচ্চ হয়। এই বড় চিতা হরিণ শুধু স্থান্তরনে কেন, ভারতবর্ধের সমস্ত জঙ্গলাকীর্ণ স্থানে দেখা যায়; হিমালয়ের পাদদেশে, মধ্যভারতের জঙ্গলে, নর্মানানীয় উভয় কুলে এবং দক্ষিণ ভারতের ঘাটপর্বতপ্রেণীতে এই জাতীয় হরিণ অসংখ্য পরিমাণে দেখা যায়। বঙ্গোপসাগরের পরপারে বা পঞ্জাব প্রদেশে এ হরিণ নাই। অনেকে বলেন, এই হরিণ যে যে স্থানে পাওয়া যায়, সর্বাত্রই এক জাতীয়, কিন্ত হগদন্ (Hodgson) প্রভৃতি কেহ কেই উহাদের মধ্যে প্রকারভেদ করেন। বিলাতী Fallow deer or Dun-deer of Robin hood এই হরিণ হইতে সম্পূর্ণ পৃথক্ জাতি।

কুকুরে হরিণের গায়ে কোন ভোরা নাই। ইহারা লাল কুকুরের মত এক রঙ্গা এবং আকারে ভোরা হরিণ অপেক্ষা অনেক ছোট, একটি বড় ছাগের তার। সাহেবেরা বলেন ভারতবর্ষে যত প্রকার হরিণ আছে তন্মধ্যে ইহার মাংস সর্ব্বোৎকৃষ্ট। জনৈক ইংরাজ লেথক (Mr. W. S. Burke) তাহার এক খান শিকারবিষয়ক পুত্তকে (Indian Field Shikar Book) স্কলরবনে আরও এক জাতীয় হরিণের উল্লেখ করিয়াছেন, ঐ হরিণকে Swamp deer বলে। কিন্তু এদেশীয় প্রধান প্রধান শিকারিগণও এরপ হরিণের অন্তিডের সন্ধান পান নাই।

স্পরবনের হরিণে ছাগের মত গাছের পাতামাত্রই থার। তবে কেওড়া গাছের ফলও পাতা কিছু অধিক ভালবাসে। এই জন্ম জোরারের জল সরিয়া বাওয়া মাত্র যথন কেওড়ার তলা জাগিয়া উঠে, তথনই পালে পালে হরিণ সেই কেওড়া তলায় আসে। এই কেওড়াতলে শিকারীদিগের ছারা অসংখ্য হরিণ মারা পড়ে। অনেকে "গাছাল" দিয়া অর্থাৎ কেওড়া গাছে লুকাইয়া থাকিয়া হরিণ শিকার করে। হরিণের মাংস ধর্মনির্কিশেষে সর্কজাতীয় লোকে শ্রন্ধা ও আগ্রহ পূর্ব্বক থার। হরিণের মাংস খাঁটি রক্তবর্ণ, উহাতে চরবি খুব কম, থাইতে বিশেষ কোন তৈলাক্ত আস্থাদন নাই। তবে উদর পুরিয়া থাইলেও কোন অপকার করে না এবং "বাসি" করিয়া অর্থাৎ যে দিন হরিণ মারা পড়ে, তাহার হা> দিন পরেও মাংস ভক্ষণ করা যায়। অনেকে বলেন হরিণের মাংস একট্ "বাসি" না হইলে ভাল লাগে না। একটি হরিণে আধমণ হইতে দেড়মণ পর্যান্ত মাংস হয়। আমাদের দেশে চিরদিনই হরিণের মাংসের আদের চলিতেছে। বীরনুপতিগণ প্রধানতঃ এই মৃগমাংসের জন্মই মৃগয়া করিতেন। তথন মৃগয়া ক্রিরের একটি প্রধান ধর্মা ছিল। বাহারা জীবহিংসা করিতে সর্ব্বাদা বিরত থাকিতেন, তাঁহারাও মৃগয়া করিতে উল্লোগী হইতেন। পিতৃপ্রাদ্ধাদিতে মৃগমাংসের মত কোন মাংসেরই আদর ছিল না। এখনও বাহারা মৃগশিকারের আনন্দামুভব করিয়াছেন এবং মৃগমাংসের স্বাদ প্রহণ করিয়াছেন, তাঁহারা বছকর্শ্বের ক্ষতি স্বীকার করিয়াও মৃগশিকারের জন্ম সর্বাদ চিষ্টিত থাকেন।

স্থান বাছ। কিন্তু তন্মধ্যে হরিণ শিকার করা কঠিন; হরিণ বড় চঞ্চল ও সতর্ক; কোন প্রকার একটু পত্রের মর্মার শব্দ হইবা মাত্র সাবধান হয় এবং দৌড়িয়া, লাফাইয়া ব্যাঘ্র কথনও হরিপের সঙ্গে পারে না। এজন্ম বখন অন্ম শিকার জুটে না, তথন শ্করই ব্যাঘ্রদিগের প্রধান অবলম্বন। প্রকাশ্ত বরাহ হনন করা যে নিতান্ত সহজ্ব কার্যা হাহা নহে, তবে ছুর্দান্ত ব্যাহ্রের সহিত বরাহ পারে পারে না। এই বরাহগুলি (Sus Indicus) প্রায় ৪।৫ ছুট লম্বা হয়, লেজ ১ ছুট হইভে পারে, উচ্চতা ৩০ হইতে ৪০ ইঞ্চি পর্যান্ত হয়। ইহাদের রঙ্জ দিবং রক্তান্ত কৃষ্ণবর্গ (brownish black)। ঘাড়ের লোম, বুকের ও পেটের লোম গোড়ায় কালো এবং অগ্রভাগে শাদা হয়। স্থান্তবরনের শ্কর প্রায়শ্ব বড় হয়; মন্তকের খুলির দৈর্ঘ্য ১৪।১৫ ইঞ্চি পর্যান্ত হয় এবং বড় দম্ভ ছইটি ৭২ ইঞ্চি পর্যান্ত হয়। আমরা স্থান্তবরনের শ্করের খুলি হইতে বাহির করিয়া যে দম্ভ সংগ্রহ করিয়া ছিলাম, তাহাও ৭ ইঞ্চির কম হইবে না।

স্থলরবনের বানর সাধারণ বঙ্গীয় বানর (Inuus rhesus); ইহার। হন্তমান নহে। পূর্ণবিয়বের শরীর প্রায় ২ ফুট দীর্ঘ হয়; লেজ উহার অর্জেক অপেক্ষা কিছু বেনী। ইহারা অনেক স্থানে ঝাঁকে ঝাঁকে থাকে এবং স্বজাতির অন্ত্রপ নানাবিধ কোতৃকাবহ ক্রীড়া প্রদর্শন করে। স্থন্দরবনে ইহারা হরিণের অভিভাবকের মত ভঙ্গী করে। কেওড়া গাছে উঠিয়া নিজেরা ষেমন পাতা ও ফল থায়, গাছের তলে সমাগত হরিণদিগকেও সেইরূপ ডাল ভাঙ্গিয়া দেয়। কোন শিকারী দেখিবামাত্র দূর হইতে প্রথমে মুখড়দী পরে চীৎকার করিয়া উঠে, উহা গুনিবামাত্র হরিণগণ শশব্যক্ত হইয়া পলায়ন দ্বারা জীবন রক্ষা করে। বানরগুলা কথনও বা হরিণের পৃষ্ঠে চড়িয়া বেড়ায়। বানরের বান্দরামি সর্বতি সমান।

এই সকল জন্ত ছাড়া সজারু, বনবিড়াল প্রস্তৃতিও স্থল্পরবনে দেখা বার। বনবিভাগে শৃগাল বা শিয়াল থাকে না। বড় শিয়াল অর্থাৎ বাাঘের ভরে ক্দু জন্তমাত্রেই বন তাাগ করিয়া পলায়ন করে। তবুও স্থল্পরবনের গহন জঙ্গলে জীবের অভাব নাই। ডাঙ্গার বাব এবং জলে কুমীর বাতীত ডাঙ্গার অসংখ্য প্রকার সর্পের সমূন্তব হওয়াতে স্থল্পরবনের ভীষণ্য আরও বাড়িয়ছে। প্রায় সকল প্রকার সর্পাই স্থল্পরবনে আছে। তল্মধ্যে কেউটা, গোখুরা, পাতরাজ ও নানাবিধ বোড়া সাপই অধিক। ইহারা বাাঘ অপেক্ষাও ভীষণ; কারণ বন্দুকে, বৃক্ষারোহণে, পলায়নে ব্যাঘের হাতে হয়ত প্রাণরক্ষার সম্ভাবনা আছে, কিন্তু জঙ্গলের মধ্যে চক্ষের অন্তরালে অকস্মাৎ এই সকল ভীষণ সর্পের মাবাতে তৎক্ষণাৎ মৃত্যু হওয়া বিচিত্র নহে।

যশোহর খুল্নার লোকালয়ে এবং স্থলরবনে অসংখ্য প্রকার সর্প দেখা যায়। তদ্বিষ্মে একটু সাধারণ জ্ঞানের অভাবেও অনেক সময়ে অনেক বিপদ্ অনিবার্য্য হয়। এজন্ত সর্প সম্বন্ধে হুই চারিটী কথা অনর্থক বা অপ্রাসন্ধিক না হুইতে পারে। বিশেষতঃ শ্রেণীবিভাগবিষয়ক জ্ঞান ব্যতীত কেবলমাত্র কয়েকটি সর্পের নাম করিলেই কিছু বুঝা যায় না।

দর্শের মধ্যে কতক বিষধর, অগ্নগুলি বিবহীন। বিষধর সর্পকে প্রথমতঃ তিন ভাগে বিভাগ করা যায়; (১) চৌদাপা, (২) বোড়া ও (৩) বীজজড়ী। কেউটা, গোখুরা, আইরাজ ও কানড় এই চারি প্রকার সর্পাই চৌদাপা সংজ্ঞান্তর। ইহাদের প্রত্যেকের আবার প্রকারভেদ রহিয়াছে। কেউটার

কেউটা আট প্রকার :—(১) কাল কেউটা (আকারে ছোট, চোপ্ কালবর্ণ, রঙ কালো)
 আ'ল কেউটা (নীলবর্ণ) (৩) ডেডুলিয়া কেউটা (লালবর্ণ, ললবেড়া সর্পের মন্ত্র)

মন্তকে পদ্ম বা গোলাকার চিহ্ন এবং গোষুরার মন্তকে U চিহ্ন আছে। কেউটা, গোধুরা ও আইরাজের ফণা আছে, কানড় ফণাহীন। এই চারি প্রকার সর্প ই অত্যন্ত বিষধর, ইহাদের বিষ অতিশয় তীত্র এবং সাংঘাতিক। আঘাতের প্রেক্তান্ত দেথিয়াও ইহাদিগকে বিশেষ করিয়া ব্রিতে পারা যায়।* তবে ইহাদের আঘাত হইতে আরোগ্যলাভের কোন প্রকার বৈজ্ঞানিক চিকিৎসাপ্রণালী এখনও আবিষ্কৃত হয় নাই। তবে আমাদের এদেশে এখনও অনেক গুণালী এখনও আহেন, যাহারা মন্ত্রবলে ও ওইধাদি প্রয়োগে অনেকের জীবনদান দিয়া থাকেন। কেউটা ও গোধুরা লোকালয়ে এবং আইরাজ স্কল্বরনের মধ্যে দেখা যায়। কেউটা জলাভূমিতে এবং গোধুরা ভঙ্কক্ষেত্রে, ভয়গুহে বা উচ্চস্থানে দেখা যায়। চৌসাপা ব্যতীত অন্ত বিষধর সর্পের মধ্যে বোড়া প্রধান। ইহাদের ফণা নাই, আকারে বড়, বিষ তত তীত্র না হইলেও সাংঘাতিক। ক্ষুদ্র বৃহৎ অনেক প্রকার ফণাহীন অথচ বিষধর সর্প বীজজভ্বী

⁽৪) বিতে ভাঙ্গা বা শামুক ভাঙ্গা, (৫) পাল কেউটা বা তারাফুটকী (মাথার পাল স্পষ্ট দেবা বার), (৬) বাশবুনে কেউটা (শাদা শাদা চোরা), (৭) ছু'দে ধরিব (শাদার উপর শাদা পাল) এবং (৮) ব'লে কেউটা। গে'লুরা ৫ প্রকার :—(১) কালী গোলুরা (কালোর উপর শাদা পাল) এবং (৮) ব'লে কেউটা। গে'লুরা ৫ প্রকার :—(১) কালী গোলুরা (কালোর ৯) (০) পাল গোলুরা (কোলার উপর ডোরা)। আইরাজ ৮। প্রকার :—(১) পালরাজ (ফণা আছে, মাথার কোন উপর ডোরা)। আইরাজ ৮। প্রকার :—(১) পালরাজ (ফণা আছে, মাথার কোন উপর কোলোর ৯, (২) ভীনরাজ (এই তিন প্রকারই কালো রঙ, বিশিষ্ট), (৬) শহাচুর (ইরিজাভ, সর্বাংশেকা সাংঘাতিক) ইছা বাতীত বাণিচুর, নাগরটাদ ও শহাবতী নামক আরও তিন প্রকার আইরাজ আছে। কানড় ও প্রকার :—(১) পালুরে কানড় (অনেকটা আ'ল কেউটার মত), (২) শাথামুটা (বাণবুনে কেউটার মত), (৩) বালাজ (কালো রঙ, বাড়ের কাছে একটি চৌলা দাগ আছে)।

^{*} কেউটার ফামড়ে কন্কনে যন্ত্ৰণ। হত, আহত ব্যক্তি হাত পাছুড়িতে থাকে ও মুখে পোললা বা কেন উঠে। ইহারা বিলে বা ললা লালগার কামড়ার এবং ইহাদের বিবে শরীর নীলবর্ণ হয়। গোপুগার লাগাতে আলা বন্ধা। অত্যন্ত অধিক এবং অস্ত্য। ইহারা ক্ষমত ললে কামড়ার না। ইহাদের বিবেও শরীর নীলবর্ণ হয় এবং গুরুতর আঘাতে ওৎক্ষণি রুষ্ট্র হয়। আইরালের দাত বড়, উহাতে ক্ত অধিক হয়। বিব কেউটার মত, তাক কিম্মী পতি একটু বীর। কানড়ের কামড় ব্রিতেই পার। যার না, আলা করে না, কেউটার আবাত্তেই মত দেহ নীলবর্ণ হয়, বিব পুব সম্পতি। ইহারা বিহানায়ও কামড়ায়।

শ্রেণীভূকে।* বিষহীন সর্পের মধ্যে কতকগুলিকে কালাই সাপ বলে, এবং দাড়াস প্রভৃতি অন্ত গুলির কোন বিশেষ নাম দেওয়া যায়্ব না। বরাহচিতে বা ময়াল (python) প্রভৃতি কালাই মাঝে বড় বড় জন্তকে উদরসাৎ করিয়া থাকে। সাপের মধ্যে কতকগুলি সাপ দেখিতে এক প্রকার অথচ উহাদের কোন কোনটির ফণা নাই অথচ বিষ আছে, তাহাদিগকে গড়া'চ বলে। আবার নানা-জাতীয় সর্পের পরস্পার সঙ্গমে (Cross-breeding) শঙ্কর বা দোরোখা সাপের উৎপত্তি হয়। স্থেশরবনের জঙ্গলে কেউটা বা গোখুরার সহিত আইরাজের স্মিলনে উৎপত্ন অনেক শঙ্কর সর্প দেখিতে পাওয়া যায়।

স্থলবনের নদীমাত্রই কুন্তীরে পূর্ণ। "তাসাল" নামক এক জাতীয় কুমীর মধুমতী প্রভৃতি নদীতে দেখা যায়; শুনিয়াছি উহারা মন্থ্যা শিকার করে না। কিন্তু স্থলরবনের নদীতে এরূপ বৈষ্ণব কুমীর নাই; স্থলরবনের কুমীর অত্যন্ত হিংস্ত। বড় কুমীর গুলি ১০।১৫ হাত পর্যান্ত দীর্ঘ হয়। কুমীর শিকার করিতে হইলে বিশেষ আয়াস স্থীকার করিতে হয় না। প্রায়ই দেখা যায়, ছোট বড় অসংখ্য কুমীর নদীর চড়ায় উঠিয়া রৌদ্র সন্তোগ করিতেছে; গরু প্রভৃতি মড়া ভাসিয়া যাইতে লাগিলে তৎসঙ্গে অনেক সময়ে দেখা যায়, হাওটি কুমীর মাংস খাইতে খাইতে ভাসিয়া চলিতেছে। বলুকের ভিতর প্রকাণ্ড গুলি বা জালের লোই কাঠি পুরিয়া লইয়া, কুমীরের পায়ের নিমে বা চক্ষের কোমল স্থান লক্ষ্য করিয়া কুমীর শিকার করিতে হয়। স্থলরবনে কোথায়ও নদীতে নামিয়া সান করা

कठिन, नर्समा প্রাণের আশঙ্কা থাকে। জীবজন্ত বা মানুষ সাঁতার দিয়া নদী বা থাল পার হইতে গেলেও কুমীরের হাতে নিস্তার পাওয়া কঠিন। তবে প্রকাণ্ড ব্যাঘণ্ডলি বিস্তৃত নদীসমূহ আবশুক্মত সাঁতার দিয়া পার হইয়া পাকে, ভাহাদিগকে কুমীরে ধরিয়াছে বলিয়া শুনা যায় নাই। এরপও শুনা যাইয়া থাকে যে কুমীর তীরে উঠিয়া গরুর দড়ি ধরিয়া জলে পড়ে এবং জল হইতে টানিতে টানিতে গৰুকে জলে লইয়া ধরিয়া বদে এবং কখনও বা লেজের আঘাতে মামুষকে ছোট নৌকা হইতে জলে ফেলিয়া দিয়া শিকায় করে। হাঙ্গরও প্রচর পরিমাণে স্থন্দরবনে আছে এবং এমন কি উত্তরদিকে নদীতে অনেক দুর পর্যান্ত অগ্রসর হইয়া লোকালয়ের ভীতিসঞ্চার করিয়াছে। উহারা নিঃশব্দে একজনকে ধরে এবং এক প্রকার অজ্ঞাতদারে তাহার হাত পা কাটিয়া লইয়া যায়। বড় হাঙ্গর গুলি ৬।৭ হাত দীর্ঘ হয়, দেখিয়াছি। ইহাদের গালে উপরে ২ পাটি ও নিমে ১ পাটি মোট ৩ পংক্তি দাঁত। দাঁতগুলি মাংদের পুটলি দ্বারা এক প্রকার আরত: এজন্ত হাঙ্গরে ধ্থন কাহারও গাতে মুখ দেয়, তথন সে প্রথমে জানিতেই পারে না, পরে চাপ দেওয়া মাত্র অতি স্মৃতীক্ষ দস্তপংক্তি বাহির হইয়া মুহূর্ত্ত মধ্যে কঠিন অস্থি পর্যান্ত দিখণ্ডিত করিয়া ফেলে। হাঙ্গরের মৃত্তি অনেকটা পাঙ্গাস মাছের মত। স্থন্দরবনের নদীতে শিশুকের অভাব নাই। অবিরত তাহার। মংস্ত শিকারের জ্বন্ত জ্বলমধ্যে দৌডাদৌড়ি করিতেছে এবং মাঝে মাঝে জলের ভিতর হইতে মাণা উচু করিয়া নিখাস ত্যাগের সঙ্গে নাসিকাগর্জন দারা ভীতিপ্রদর্শন করিয়া থাকে।

স্থলরবনের অন্তান্ত বিশেষদের মত মংশ্রেরও বিশেষ্ আছে। সে
সকল মংশু অন্তান্ত ছুপ্রাপা, এমন কি তাহাদের অনেকগুলির নাম পর্যান্ত
অন্তা হানের লোকে জানে না। ভেক্টী বা ভেট্কী এবং গলা বা গল্দা চিংছি
বঙ্গোপসাগরের শাখানদীসমূহ হইতে ধৃত হইয়া কলিকাতা প্রভৃতি দূরবর্তী
সহরে গিয়া বিক্রীত হয়; উহা সাহেবগণ এবং সহরবাসী লোকের অতি
উপাদের খান্ত। ছোটগুলিকে ভেট্কী বলে এবং ধুব বড় আকারের ঐ
জাতীয় মংশুকে এতদেশে ভ্যাকট বা ভেক্ট্ বলে। সেরপ মংশু বশেষ,
পসর বা শিবসাতেই পাওয়া যায়। স্থলরবনের চিংড়ি অনেক প্রকারের আহি
ভব্বাধ্যে বেগুলি সমূথের পদ ছইথানি ধুব দীর্ঘ এবং নীলবর্ণ হয়, আরাক্ষ

গল্দা বলে, আর এক জাতীয় চিংড়িকে লোণা বা বাগ্দা চিংড়ি * বলে, উহা অত্যন্ত তুলাচ্য। চিংড়ি মংশু এক প্রকার পোকা জাতীয়, উহা স্থলারবনের ওড়া প্রভৃতি বক্ষের পচা পাতা হইতে জন্মে। চিংডির জীবাণ সকল অদুশুকপে লোণাজলে মিশ্রিত থাকে। খুলুনা জেলার দক্ষিণভাগে নানাস্থানে এক্ষণে যথেষ্ঠ চিংডি মংস্ত ধরিয়া সিদ্ধ ও শুষ্ক করিয়া পর্য্যাপ্ত পরিমাণে বস্তায় বস্তায় বিদেশে প্রেরিত হইতেছে। স্থন্দরবনের পার্শিয়া এবং ভাঙ্গান মংস্থ অতাস্ত তৈলাক্ত এবং স্কুমাহ। ইহা উর্দ্ধাংখ্যা ২৩ দের পর্য্যস্ত হয়। কিন্তু সেরূপ বড় মাছ পাইলে তাহা তৈলাধিকাবশতঃ উদরে পরিপাক করা কষ্টকর। থরশুলা। মাছের আদিস্থান ভাটি অঞ্চল, কিন্তু আজকাল উচ্চা অনেক সৌথীন ভদ্রগোকের পুষ্করিণীর শোভা বর্দ্ধন করিয়া থাকে। শিবসা প্রভৃতি নদীর মধ্যে একটু লক্ষ্য করিয়া দেখিলে নানাবর্ণে চিত্রিভ চিত্রা, রেখা, রুচা ও দাঁ'ত্নে প্রভৃতি মংস্থ অসংখা দেখা যায়। চিত্রাগুলি গোলাকার ও অতি স্থচিত্রিত, খেতবর্ণ ও বৃহচ্চক্ষুরেখা দেখামাত্র তৃপ্তি হয়, ঈষৎ ধুসরাকৃতি রুচা মৎস্থাশী মাজ্রেরই রুচি বন্ধি করে। রসনায় পরীক্ষা বাতীত ইহাদের গুণবাাথা শুনিয়া লাভ নাই। স্থন্দরবনের ছোট ছোট থালে নদীসংলগ্ন ডোবাগ্ন অনেক সময় মৎস্তে পরিপূর্ণ হট্যা থাকে; জাল দিয়া মারিতে গেলে মৎস্তের ভারে জাল টানিয়া উঠান কঠিন হয়। ভোলা, বা জাবা বা পোয়া মাছ সর্ব্বত্র সহজ্বলভ্য, তবে দেখিতে বা খাইতে ভাল নহে। বড জাতীয় এক প্রকার ভোলাকে কৈভোল বলে। ছোট মাছের মধ্যে নানাজাতীয় ট্যাংরা, ফ্যাদা এবং গান্ধ খয়রা বা চাপুলিয়া মাছ দর্মদা পাওয়া যায়: সিলিন্দা, পাঙ্গাস এবং আইড ছোট বড সব রকম অনেক সময়ে মংস্তের বাজারের দৌন্দর্যা ও পসার বৃদ্ধি করে। এতদ্বাতীত কর্কট বা কাঁকড়া এবং কাঠাছর বা এক জাতীয় কচ্ছপ যথেষ্ট পাওয়া যায় এবং **অনেক লোক লোলুপ-জিহ্নার সাহা**য্যে উদরত্ব করে। মংশু যে শুধু মামুষে থায়, তাহা নহে; **অন্ত শিকার না মিলিলে** বাহিগণ ভাঁটাৰ সময়ে থালে নামিয়া অপরিমিত মংস্তের দারা মাংসের অভাব পরিপূর্ণ করে এবং অবিরত অসংখ্য প্রকার পক্ষী মংস্ত শিকার করিয়া জীবিকা

^{*} य वक्षीन वा वन् वि कथा इहेटल खालियानक "यान हो" मानवा छेदनकि, साह कथा हेहेटलेहे हिट्छि माहका এह शामदबावक यान्या बाव इहेडाट्स बनिवा साव वस ।

নির্মাহ করে। নদীমাতৃক বঙ্গদেশে যেমন মংস্থানী মনুষা, মংস্থবছল স্থলারবনে তদ্রপ মংস্থানিকারী অসংথ্য প্রকারের পক্ষী আছে।

স্থানরবনবাদী পক্ষিগণের মধ্যে নানাজাতীয় কুলা, চিল, বক ও কাঁক প্রধান।* মাছাল (Buzzard) এবং মাছরাঙ্গাও (king-fisher) সর্বত দেখিতে পাওয়া যায়। ইহারা সকলেই মৎস্থানী: সকলেরই ঠোঁট লম্বা ও অগ্রভাগে ঈষৎ বাঁকান, গলা লম্বা এবং পা হইখানি সরু ও দীর্ঘ; কারণ এরূপ না হইলে মংস্থা শিকার করিতে পারে না। নদী বা থালের কলে জলের অতি সন্নিকটে অতি ধীর স্থিরভাবে বক ও কাঁক বসিয়া থাকে, মাছাল ও চিল কথনও বুক্ষাগ্রভাগে বসিয়া বিকটম্বরে চীৎকার করে এবং কথন দলে দলে জলের উপর উড়িয়া বেড়ায় এবং মাছরাঙ্গা জলের উপর পতিত ডালের উপর বসিয়া তীত্র-দৃষ্টিতে শিকারের সন্ধান করে ও সময় ব্রিয়া তীরবেগে উড়িয়া পড়িতে গিয়া বিচিত্র পক্ষ সৌন্দর্যা বিস্তার করে এবং প্রায়ই অবার্থ সন্ধানে মৎস্থ ধরিয়া খায়। চাতক থাতের লোভে জলের উপর ঝাঁকে ঝাঁকে বেডায় ও উৎকট চীৎকারে দেশ মাতার। কিন্তু নোকা বা ষ্টামার দেখিলে এই সকল পাখী সকলেই দলে দলে উড়িয়া গিয়া দরে সরিয়া বদে, এইরপে নৌকার অত্যে অত্যে বহুদূর চলিয়া যায়। এই সকল বাতীত "মদনা" বা মদনটাক, ভন্মকায় "শাম্থোল," কুষ্ণবৰ্ণ "মাণিক" ও ঝাঁকে ঝাঁকে "গ্যাল" স্থন্দর্বনের নদী-পথের নির্জ্জনতা ভঙ্গ করে। বনের প্রান্তে ব'লিহাঁদ দেখা যায়, প্রতাষে ও সন্ধায় বস্তকুরুটের তীব্রস্কর নিতর বনম্বলীকে মুখরিত করিয়া তুলে। কুকুট জনম্বানে হিন্দুর নিকট নিস্তার পাইলেও বনে গিয়া হিন্দুশাস্ত্রের হাতে অব্যাহতি পায় নাই: হিন্দুদিগের বস্তু-কুকুট থাইবার বাবস্থা আছে এজন্ম তাহার উগ্র চীৎকার ''কাণের ভিতর দিয়া

क्ला। বুব বড় পাখী, ইহা ছই প্রকার :—বেচ কুল্যা এবং দেনী বা কালো কুল্যা। হন্দরবনে চিন প্রকার চিল দেবা বার:—মাটিয়া চিল, শহা চিল এবং পাল্চিল। তল্পে গাল্চিলগুলি ধবখাবে সালা (a kind of petrel); বক পাঁচ প্রকার :—(১) কুঁচি কুঁচি কুঁচি কুঁচি কুল্বে। (১) কুঁচি কুঁচি কুল্বে। (১) চালি বক আকারে বেশ বড়, ইহাদের রঙ পুর সাল। এবং পা ছইখালির বর্ণ কালো। (১) নল বোগা বককে বাক্চোও বলে, ইহাদের রঙ কালো; (১) রালারক বা কালা বকের রঙ্লাল। করু বা কাল (Heron) আবিব :—(১) খেচকার সালারক বা কালা বকের রঙ্লাল। বিশ্ব প্রার্থি। কালা বুটিটি চাক্স আহার। আমা কালের সহিত এই করের কোন সাল্ভ বাই।

মরমে পশিয়া" নৈশ অন্ধকারের মধ্যে শিকারিমাত্রের নিজার বিশ্ব ঘটাইরা থাকে।
এতঘাতীত ঘুঘু, দ'লো, দরেল, হল্দে পাথী, ফিলে এবং নানাজাতীর বাটাং *
প্রায়ই দেখা যার; তবে আর যে তিন প্রকার পক্ষী দেখা যার, তাহাদের রূপের
তুলনা নাই। বৈকুণ্ঠ পক্ষীর (bird of paradise) মত ইহাদেরও দেহের
কিছু বাহার আছে। হুধরাজ ছোট পাথী, শ্বেত্বর্ণ, সরু সাদা লেজ খুব লখা;
রক্তরাজ ঠিক প্ররূপ, কেবল রঙ্টি রক্তবর্ণ এবং ভীমরাজও ঐ একজাতীর,
বর্ণটি গাঢ় কালো। ভীমরাজ জনশৃত্ত বনের পাখী, কিছু সে নাকি বনে থাকিয়াও
মাহ্রের মত কথা কয়, সে কথা ভনিবার ভাগ্য আমাদের হয় নাই; তবে
ময়নার মত শিক্ষা পাইলে, তাহারা যে পাখীর ঠোটে মাহ্রের বুলি ফুটাইতেপারে,
তাহা সম্পূর্ণ বিশ্বাস করি।

একাদশ পরিচ্ছেদ — সুন্দরবনে শিকার ও ভ্রমণ।

ভ্রমণের পক্ষে ফ্লরবনের মত অমুপবৃক্ত স্থান আর নাই। স্থবিভূত এবং তরঙ্গমুল অসংখ্য নদী, নিবিড় হর্ডেন্স জঙ্গল, ভীষণ হিংস্র জঙ্গস্থারের অত্যাচার, প্রতিনিয়ত জলপ্রাবনে অত্যন্ত কর্দমাক্ত ভূপ্ঠ, আবাস, আপ্রর বা ভ্রমণচিহ্নিত পথের অভাব, এবং আরও শত প্রকার উৎপাত স্থলরবনকে মহুযোর পক্ষে অসম্য করিয়া রাধিয়াছে। বিশেষতঃ স্থলরবনের স্থানীয় অবস্থাদির বিবরণ বা শিকারের গল্প কাহারও জানিবার বিশেষ উপান্ত নাই। ইয়োরোপীয় শিকারী ভারতবর্ষের অভ্যান্ত নানা স্থানে শিকারোপাণক্ষে তথাকার স্থানীয় অবস্থা ও জীব-জঙ্গ প্রভৃতির বর্ণনা করিয়াছেন বটে, কিন্তু স্থলরবন সম্বন্ধে তাঁহারা একপ্রকার নির্মান্ত। হিমালর বা মধ্যভারতীয় পার্মতা প্রদেশের শিকার স্থন্ধে বহু পুরুক্ত কথা এই, শিকার একটা আমোদজনক ব্যাপার; স্থলরবনে শিকার করিছে

 ^{(&}gt;) रहेिकि वाहार नायावर्ग्य क्याना, (२) क्र्यावाहीर वाकाद्ध बूद वह अवर
 (*) हिस्स वाहार व्यक्त क्यावाह।

গেলে আমোদ উপভোগের কোন সম্ভাবনা নাই। এথানে হিংশ্রজম্বর এড উৎপাত যে প্রাণ হাতে করিয়া বাহির হইতে হয়, জঙ্গলের নিবিড়তা ও পথের অগমাতা লক্ষ্য সন্ধানের কোন বাহাত্তরীর পরিচয় দিতে দেয় না; আবার খোলা বাতাস নাই, লোণাজল আছে; আশ্রয় নাই কিন্তু অকূল সমুদ্রোপম নদীপথে পথভান্তির যথেষ্ট সম্ভাবনা আছে: সাধারণ স্বাস্থ্য যেমন থারাপ, চিকিৎসকের সাহায্যের প্রত্যাশা সেইরূপ স্নদূরপরাহত। এই জন্ম পাশ্চাত্য শিকারিগণ এ প্রদেশে আদেন না, আদিলেও খ্রীমার হইতে ভূপ্টে অবতরণ করেন না: স্থতরাং সাধারণতঃ কেহ এ বিষয়ে লেখনী চালনা করেন না, যদি কেহ কোন সামান্ত বিবরণ সংগ্রহ করিয়া থাকেন, তাহা অনুমান ও কল্পনা বলে পুষ্ঠ করিয়া প্রক্রুত তথা হইতে দূরস্থ করিয়া ফেলেন। সরকারী রিপোর্টে স্থব্দরবনের **আয় বায় বা** বিলিবন্দোবন্ত সম্বন্ধে যাহা কিছু বিবরণ থাকে, ইহার ঐতিহাসিকতা, প্রাচীনতা, বা সাধারণ অবস্থাদি সম্বন্ধে তাহাতে কোন উল্লেখযোগ্য ৰা গ্রহণযোগ্য তথ্য থাকে না। দূরে বসিয়া বাওয়ালী ও কাঠরিয়াদিগের মুখে কিছু কিছু গ**র তনা বার** বটে, কিন্তু সে সকল গলের মল কথা বন চইতে জনস্থানে পৌছিতে পৌছিতে এত অতিরঞ্জিত হইরা বার যে, তাহার উপর আছা স্থাপন করা কঠিন। এই मक्न कथा वृक्षित्रा, आमता अठाक स्मत्रवरानत अवस् भर्यारवक्र भर्यक विवत्र সংগ্রহ করিবার জন্ত কয়েকবার একপ্রকার প্রাণ হাতে করিবা **হুর্গম জন্ম** প্রবেশ করিরাছিলাম, এ প্রদেশের স্বাস্থ্যে অনভাস্ত বিদেশীরগণের পক্ষে সেরুপ ভ্রমণ করা বোধ হয় সম্ভবপরই নহে। আমাদের ভ্রমণপ্রণালীর সামান্ত বর্ণনা হইতে বনভাগের অবস্থা সম্বন্ধেও কিছু বিবরণ পাওয়া যাইতে পারে।

প্রত্যেকবারেই রাজু লিনিবাসী রারসাহেব শ্রীযুক্ত নলিনীকান্ত রারচৌধুরী
মহাশয় আমাদের অভিভাবক ও পথপ্রদশক হইতেন। তিনি বম্বে মেডিকাল
কলেজে ভবংসর অধ্যরনের পর ডাকার হইরা বাড়ী আসেন, তদবধি পত ২২
বংসর যাবং অবিরত স্থলরবনে ভ্রমণ ও শিকার করিতে করিতে তংসম্বর্ধীর
এক অসাধারণ অভিজ্ঞতা লাভ করিয়াছেন। বিস্তীর্ণ বনবিভাগের পাল-নালা,
পথ-ঘাট, ভাবভাষা, প্রস্থকীর্তি সকলই তাঁহার নবদর্পণে রহিয়াছে। সাহস করির্মা
বলিতে পারি, সমগ্র বৃদ্দেশে এ বিষয়ে এরূপ অভিজ্ঞতা আর কাহারও নাই।
তথু তাহাই নহে, তিনি যেমন অদম্য সাহসী, তেমনই দ্বির-লক্ষ্য শিকারী।

With land Boardon was I

বেমন অভিজ্ঞ, তেমন তথামুসদ্ধিৎস্ক, যেমন উভ্নম ও উৎসাহশীল তেমনই সবল ও কট্টসহিঞ্। তিনি যেমন শিশুর মত সরল, তেমনই বুদ্ধোপযোগী জ্ঞানগন্তীর; তিনি যেমন অজাতিবৎসল, তেমনি রাজভক্ত; বনবিভাগীয় আইন ও নিয়মাবলী তাঁহার এরপভাবে জানা আছে এবং ভ্রমণকালে এমনভাবে ঐ সমস্ত অক্ষরে অক্ষরে মানিয়া চলিয়া থাকেন, যে তাঁহার সে প্রকৃতি এমন কি করেষ্ট বিভাগীয় কর্মাচারিগণেরও অফুকরণীয় হইতে পারে।

এতগুলি গুণের সহিত তাঁহার সার্বজনীন সমাজিকতা এবং দেবপ্রকৃতিক সহদয়তা তাঁহাকে লোকমাত্রেরই বরণীয় ও ভালবাসার বস্তু করিয়া রাথিয়াছে। সদাশয় গবর্গমেণ্টও তাঁহার গুণের সমাদর করিতে বিশ্বত হন নাই। তাঁহার ৫টি বন্দুকের, ১টা Rifle বন্দুকের, একটি রিভলবারের পাশ আছে; তিনি গবর্গমেণ্টের এবং রক্ষিত বনে শিকারের জন্তু নির্দিষ্ট করেক মাসে (নভেম্বর হইতে এপ্রিল) প্রতিসপ্তাহে ২টি করিয়া হরিণ শিকার করিবার অনুমতি পাইয়াছেন। রাজাধিয়াজ শক্ষম জর্জের রাজ্যাভিষেক উপলক্ষে গবর্গমেণ্ট হইতে তিনি "রায়সাহেব" থেতার এবং একথানি বহুমূলা তরবারি থেলাত পাইয়াছেন। উপাধি লাভের পরে তিনি অন্ত্র-আইন হইতে বিমৃক্ত হইয়াছেন। তিনি স্বনামধন্ত দানবীর ডাকার পি, সি, রায়ের অগ্রজ এবং বঙ্গবরণীয় প্রসিদ্ধ এক কায়য়কুলের মুথোজ্ঞলকারী। এক্ষপ এক ক্ষতী পুরুষের পক্ষপুটাশ্রয়ে ভীষণ জঙ্গলে গিয়া, ঐতিহাসিক তথা সংগ্রহ করিবার সুযোগ পাইয়া আমরা ধন্ত হইয়াছিলাম।

প্রত্যেকবারই আমাদের দঙ্গে একথানি বড় নৌকা ও একথানি ছোট ডিঙ্গি থাকিত। আমরা ৮।৯ জন বাইতাম, তঘতীত মাজিমাল্যা ৪।৫ জনছিল। বড় নৌকার আমরা থাকিতাম, রাঁধিতাম ও খাইতাম; ছোট ডিঙ্গিতে বিদিয়া স্থানাদি করিতাম এবং ছোট থালে প্রবেশ করিতাম। স্থলরবনের অধিষ্ঠাত্রী দেবতাকে বনদেবতা বা বনবিবি বলে। অজ্ঞানান্ধকার বিলুপ্ত করিরা বাহারা কাঠুরিয়াদিগকে সেই বনদেবীর রাজ্য মধ্যে নিরাপদে পর্থপ্রদর্শন করে, তাহারা বাওয়ালী নামে থ্যাত। এই বাওয়ালীগণ স্থলরবনের অনেক তথ্য জানে; আমরা ইছাদের নিক্ট অনেক সকরন গরমিপ্রিত সংবাদ পাইতাম এবং প্রাযুক্ত নলিনী বাবুও গত বিংশাধিক বর্ষের অভিজ্ঞতার কলে অনেক প্রমুক্তকের সান্ধী ছিলেন। তদ্মুসারে তথ্য সংগ্রহ ও কীর্ষিচিছের ফটো গইবার ক্স আবার

্বনে প্রবেশ করিতাম। প্রথমতঃ নদী হইতে উভন্ন নৌকা লইরা বছ খালে যাইতাম, শেৰে বেখানে পাশখালিতে বড় নৌকা যাইত না. দেখানে ভোট ডিঙ্গিতে অগ্রসর হইতাম। যেখানে ছোট ডিঙ্গিও বাইত না, সেখানে তীরে নামিয়া পদত্তক্তে কৰ্দমাক্ত ও কণ্টকিত ভয়ন্তর বনপথে নিঃশব্দে উদিষ্ট ভগাবশেষের সন্ধানে বহির্গত হইতাম। আমার দঙ্গে থাতা, পেন্দিল, ম্যাপ, কম্পাস, चिक्र, মাপের ফিতা, বাঁশী (whistle), ছোট দা এবং একথানি লাঠি থাকিত, স্মামার একজন সহকারী ফটো তুলিবার জন্ত ক্যামেরা ও তাহার সরঞ্জামাদি লইত এবং অক্ত চারি পাঁচ জন বন্দুক লইয়া অগ্রপশ্চাতে আমাদের শরীররকী ও পথ-প্রদর্শক হইত। সময় সময় কিছু পয়সা দিয়া জনৈক বাওয়ালীকেও সঙ্গে লইবার বাবস্থা করা ধাইত। বয়সাধিকাবশতঃ রায়সাহেবের এখন আর এরপ কর্দমাক ভীষণ পথে আমাদের দঙ্গে অমণের দামর্থা নাই, তিনি উপযুক্ত সন্ধান ও উপদেশ দিরা আমাদের থাতাদির স্থব্যবস্থার ভার লইরা বড় নৌকাতেই থা**কিতেন।** আমরা বনের মধ্যে "সরিতাম"—কারণ "যাইতাম" একথা বনের মধ্যে বলা একেবারে নিষিদ্ধ। এই সরিবার ব্যাপার বড গুরুতর, মা**ন্থ**বের হু'টি চ**ক্ষে** কুলার না। দরে ও কম্পাদে লক্ষ্য রাখিরা অন্ধকারমর জঙ্গলের মধ্যে পথের দিঙ্নির্ণয় করিতে হয়: ডাইনে বা'য়ে কোথার হ'দো, হেস্তাল বা বলার ঝোশে ৰড মিঞা (বাাঘ) ছোঁ পাতিয়া আছেন, তাহা দেখিতে হয়: নিমদিকে চাহিন্ন, कर्फरम अर्फ्समय न'रलाज मरश रमिश्रमा रमिश्रमा शा रक्तिराज रख : कन्छेक-मजा काछिबा পথ পরিকার করিতে হয় এবং কাদার মধ্যে চটু চট শব্দে সম্মুথে হরিণ প্লাইতেছে ভনিয়া উৎস্থক চিত্তকে স্বির রাখিতে হয়। কত সাবধান থাকিতাম, কি**ন্ধ তাহাও** যথেট হইত না। কাঁটায় কাণ্ড ছি'ড়িত, গা কাটিত, শু'লোর ঘারে পারে রাজ ৰহিত, কৰ্দমে হাঁটু পৰ্যান্ত ভূবিয়া বাইত, কথনও জল ঝাপাইয়া, কথনও গোলেয় শীৰ দিয়া পুল বাঁধিয়া খাল পার হইতে হইত, কিন্তু আমাদের গতি থামিত মা।

আমরা সকল ঘটনার জন্ত প্রস্তত ছিলাম; আমাদের সর্বাম ঠিক ছিল। বাবের জন্ত ৪।৫টি বন্দ্ক ও তাহার মাল মসলা। ছিল, শিকারী ছিলেন নিন্নী বাবু স্বয়ং এবং তাঁহার অমুগত শিষা নান্টু ও (মুরেন্দ্রনাথ দে) এবং আরঙ

পিতৃত্বি নিরাশ্র নাউ ুনলিনীবাব্র নিকট পিতৃত্বের পাইছা প্রভিপালিত হৈছিল
 ববং বোটামুট বালালা ও ইরোলীতে বেশ শিকালাভ করিছাত্তে : কিন্তু অশার্থন কর্মান্তি

৩।৪ জন: নলিনী বাবুর জ্যেষ্ঠপুত্র যামিনী বাবু ছিলেন সাপের ওঝা. তিনি বনের মধ্যে, জলের পরে স্থকোশলে কালসম বন্তসর্প ধরিতে পারিতেন, নাণ্ট এবং কালু দেখ প্রভৃতি এ বিষয়ে তাঁহার শিষ্য ছিল। আমরা প্রত্যেকবারই চুই একটি করিয়া ভীবণ গোক্ষর। বা পাতরাজ দাপ ধরিয়া আনিয়াছিলাম। একজ নৌকার মধ্যে ঝাপি থাকিত। পথের মাঝে সময়ে সময়ে সাপকে দাঁত ভাঙ্গিমা গামছাম বাধিয়া পুটুলি করিয়া লইয়া আসিতে হইত। কত শিকারীই শিকার করিতে যাইয়া থাকেন, কিন্তু সাপ-শিকারী সহকারী আমাদের যেমন ছিল, তেমন বোধ হয় বঙ্গভূমে কোথাও পাওয়া যায় না। মংস্ত ধরিবার জন্ম জাল ছিল। কীঙিস্থানের ফটো শইবার জন্ম ক্যামেরা ছিল, আর বিবরণ লিখিয়া লইবার জন্য আমি ছিলাম।

ফুব্দুরবনে পথে হারাইবার মত সোজা কাজ আর নাই। আমরাও পথ হারাইতাম: কর্দমাক্ত পথে পদ্চিক্তে অনেক সময় পথের পরিচয় রাখিত: কিন্তু ফিরিবার বেলায় কথনও আমরা একট সোজাপথ ধরিতে গিয়া একেবারে পথ হারা হইতাম। তথন আমাদিগকে বাঁশীর সিঁটি দিয়া নৌকাস্থিত বাঁশীর উত্তর আলাম করিতে হইত। যথন বাঁশীর স্তর নৌকার পৌছাইত না বা উত্তর পাওয়া যাইত না. তথন দীর্ঘ বক্ষে চড়িয়া পথের অমুমান করিতে হইত। এমনও ছই এক दिन इटेबाएइ, य ज्यानक दिना कार्यात्र अन्त प्रतिश मुक्तात প्राक्तांत भ्रथ হারাইয়া বসিয়াচি ৷ তথন একদিকে যেমন বাস্তভাবে পথের সন্ধান চলিতেচে. অন্য দিকে সেইরূপ রাত্রিবাসের জন্ম বড় গাছের সন্ধান করিয়া লওয়া হইয়াছে। একদিন এমন বিপদ হইল যে বড়গাছ পাইতে হইলে আমাদিগকে একটি প্রকাপ্ত থান সাঁতারিয়া পার হইতে হয়: তথন পথের সন্ধানের শেষ ফলের আশার কেম কেম ভরা বন্দুকের দাহসে গোলের শীব দারা বেঞ্চ করিয়া থালের কুলে

শিকাৰে ভাষায় বে শিক্ষা ও দক্ষতা লয়িহাছে, ভাষার তুলনা নাই। কুক্রবনের ভৌবলিক विकारा जाहात रायहे, काथन तम मामियायूत महत्त्व ज व्याद्याः, जाहा हाहा अत्यक्याद শাংহববিবের মধ্যে সংজ্ঞ ব্ৰের মধ্যেও বুরিরাছে। সেই জীপ্তার বুবজের বে বিপার্ভালে ष्ठित माहत, निकास এक अकाब बदार्व तका, बृहकार्या एकछा, बक्रम विश्वका, श्रक्तपान पृष्टि अतः मदस्राणित छाहात दा गत्रविक्रहाती वसूत चकात्वत गत्रिवत गारेवाहि, छाहा अच्छ व वच चडीव शृहणं छ । वीहाता चुल्कासम् अवन वा निकातार्थ वाहित हरें एक हाथ, विवास विविध्यम् विवेश प्राप्त कार्य कार्य कार्य कार्य कार्य का

বিষয় তমসাময়ী রঞ্জনীর অবস্থা চিস্তা করিতে শাগিলাম। তথন সন্ধানোকে দূর হইতে আমাদের বৃক্ষারোহী সঙ্গী ডিঙ্গিথানি দেখিয়া চীৎকার করিয়া উঠিল। একজন গাছে থাকিয়া নির্দেশ করিতে লাগিল এবং অন্ত ২০০ জন বন্দুক হতে ডিঙ্গির সন্ধানে ছুটিল। অবশেষে ডিঙ্গি পাওয়া গেল, কিন্ত দেখা গেল আমাদের পরিত্যক্ত কাপড় চোপড়ের উপর বানরে অনেক অনধিকার অত্যাচার করিয়া গিরাছে; কিন্ত তথন সে তদন্তের সময় ছিল না, ডিঙ্গি যে আছে, ইহাই যথেষ্ট। আমরা আনন্দে ঘন ঘন বংশারবে দিগস্ত মুখরিত করিতে করিতে, অন্ধকারে সাবধানে নদীর দিকে অগ্রসর হইতে লাগিলাম। সে দিনান্তবাপী পরিশ্রম এবং সন্ধটময় অভিযানের পর আমাদের স্মিলিত হাস্যোচ্ছ্বাসময় গয়লহরী সেই দীপময়ী তর্মীর কক্ষকে কিরূপ আনন্দময় করিয়। তুলিয়াছিল, তাহ। উপভোগের বিষয় ছিল, কতকটা অন্থভবের বিষয়ও হইতে পারে, কিন্তু বর্ণনার বিষয় হইতে পারে না।

স্তলরবনে ভ্রমণকারীকে দৈনিকের মত জীবন অবলম্বন করিতে হর। একদিন আমরা সকালে বাহির হইয়া ছিলাম: করেকস্থানে ভগাবশেষ পর্যা-বেক্ষণ করিয়া পরিপ্রান্ত হইয়া বেলা ১২ টার সময় নৌকায় ফিরিয়া আসিলাম। নৌকায় উঠিবার পূর্বেই গল্প ভনিলাম যে এক বাওয়ালী নলিনী বাবুকে সংখাদ দিরাছে যে তাহার৷ প্রাতে কামার পুকুরে মাছ ধরিতে গিয়া চুইটা বাঘ দেধিরা আসিয়াছে—উহার একটি কালে। এবং একটি হলদে। কত গল গুনিয়াছি, কিৰ বাঘ যে কালে। হয়, এ গুর আমরা কখনও গুনি নাই। বাঘের ক্লফছে বিশাস না করিলেও অন্তিতে বিশ্বাস না করিয়া পারিলাম না। স্কুতরাং তথনই তাহার সন্ধানে আমাদের ডিঙ্গি ভাসাইয় চলিলাম: অভিভাবকের স্থবাবস্থার আমাদের দগ্ধ পাকস্থলীর জ্বন্ত একটি ঝুনা নারিকেল ও কিছু গুড় তাড়াতাড়ি করিয়া ভিলিতে নিক্ষিপ্ত হইল। তাড়াতাড়ি করিলেও আমরা **জাল এবং মাছ রাধিবার** খালুই লুইতে ভূলি নাই। সেখের থাল যেথানে শিবসানদীতে মিশিরাছে, কেইছালে ডিঙ্গিথানি গোলের শিকড়ে বাধিয়া আমরা তীরে উঠিলাম এবং সঞ্জিত বৰ্তুত্বের ভরদার ও বাব দেখিবার আশার চূপে চূপে পা টিপিয়া চলিতে লাগিলাম (অবশের এক দিতল বাটার ভগাবিশিষ্ট প্রকাও ইষ্টকন্ত পের সমীপবর্তী হইলাম এক ভাহারই পার্বে দেখিলাম একটি পোত্ত বাধা পুরুরের গাত্র-লয় ইটক আটী ভালিরা ভালিরা পড়িরাছে। একটি কুদ্র ধান আসিরা পুরুরকে নহীর বি

মিশাইয়া দিরাছে। গলকারী বাওয়ালী ভায়াকে স্থান নির্দেশের জন্ম সঙ্গে আনিয়াছিলাম, কিন্তু তিনি বড়মিঞাদিগকে দেখাইয়া দিতে পারিলেন না। অগতাা আমরা চারিধার ঘ্রিয়া একটি ফটো লইয়া কান্ত হইলাম। তথন নান্ট্র তারা বন্দ্ক রাথিয়া জাল লইয়া পুক্রের জলে পড়িলেন, কিন্তু নদীর মংস্থা এত অধিক পরিমাণে এখানে আশ্রয় লইয়াছিল যে মংস্থোর ভারে ভালে টানিয়া উঠান কটকর হইতে লাগিল। অলকাল মধোই যথেষ্ট মংস্থাশিকার করিয়া আমরা নৌকায় পৌছিলাম। আসিয়া দেখি অল্প প্রস্তাত।

আমাদের ভ্রমণের একটা বিশেষত্ব ছিল। ঐতিহাসিক অমুসন্ধানই আমাদের মধ্য উদ্দেশ্ত, শিকারের সন্ধান আমুবঙ্গিক। স্বতরাং শিকারের জ্বন্ত পথে কোথায়ও সময় নষ্ট করা হইত না। উদ্দেশ বুঝিয়া সকলেরই এ**কটা কর্ত্তবা** বৃদ্ধি ছিল, তাহাও আবার সর্বাপেক্ষা অধিক ছিল নবিনী বাবুর; বিনি আমাদের নেতা এবং অভিভাবক। সামরা সকলেই স্ক্রভাবে তাঁহার আদেশের অমুবর্ত্তী হইয়া চৰিতাম। পূৰ্ব্বেই বৰিয়াছি, তিনি উপরে উঠিতে পারিতেন না। তিনি নৌকায় থাকিতেন, আমরা উপরে উঠিতাম। আমরা পরিশ্রাস্ত হইরা ফিরিয়া মাসিলে দেখিতাম. তিনি অন্ত একজনের সহায়তায় নৌকার সমস্ত আহারাদির বলোবস্ত স্থির করিয়া রাখিয়াছেন। তিনি মাঝে মাঝে নৌকায় বদিয়া নদী-বাহনে শিকারে বাহির হইতেন, আমরাও অবসর মত তাঁহার সঙ্গে ধাইতাম, আসিবার সময় মংস্ত শিকার বা আলানি কার্চ্চ সংগ্রহ করিয়া আনা হইত। আমাদেরও আবার কথনও কথনও অতিথি জুটিত; স্থলারবনে পানদী নৌকা अधिलाहे लाटक मत्न करत्र छेश सिद्धा वांतू वा शूकेवावूत्र त्नोका ; (निननीवांत् এই চলিত নামেই অধিক পরিচিত) স্থতরাং পানদী দেখিলে কেছ পরামর্শের ক্ষয়, কেই বোগচিকিৎদার জন্ত এবং কেই বা হরিপের মাংদের লোভে নৌকার নিকটবর্ত্তী হইত। দৈৰযোগে বিপদে পড়িয়াও কেই কেই **আমাদের নৌকায়** আগ্র লইত। একদিন দেখি কতকগুলি লোকে প্রকাপ্ত এক নৌকা कृति ^{হওরার} আমাদের নৌকার আসিরাছে। আমরা আমাদের সামার জোলা ছার। অতিথি সংকার করিলাম। দিন ভরিরা নানা ভ্রমণ বা অভুসম্ভারের পর আমরা সন্ধাকালে সকলে মিলিয়া নৌকার বনিয়া, খীর খীর অভিনাতার ^{ফল} মালোচনা করিভাষ। নশিনী বাবু **মন্তোচে ভাষাকে বোধনান** করিরা আমাদের অনেক সন্দেহের নিরসন করিতেন। পূজনীয় পরিচালকের অধীনে বাস করিয়া এবং কাজ করিয়া যে স্থে, তাহা আমরা সর্বদা প্রাণে প্রাণে অন্তব করিতাম।

স্থল্পরবনে শিকার চারি প্রকার;—(>) 'নাঠাল'' অর্থাৎ তীরে উঠিয়া জঙ্গলের ভিতর চলিতে চলিতে শিকার; (২) "বাওন" বা নদীবাহনে শিকার অর্থাৎ ছোট নোকায় নদী বা থালের কূলে কূলে নিংশন্দে চলিতে চলিতে তীরের উপর লক্ষ্য করিয়া শিকার। (৩) "গাছাল" অর্থাৎ কোন কোন বিশেষ স্থানে কেওড়া বা অন্ত গাছে উঠিয়া চুপ করিয়া বিদিয়া থাকিয়া শিকার; ৪) "টোপ" অর্থাৎ নদী সৈকতে, সাগরের বেলা ভূমিতে বা অন্ত কোন উল্পুক্ত স্থানে গর্ড কাটিয়া উহার মধ্যে বিসয়া মাথার উপর পত্রাদি চাপা দিয়া শিকার। ইহার মধ্যে গাছাল এবং বাওনেই অনেক শিকার হয়। টোপের স্থবিধা প্রায়ই হয় না, কারণ থোলা স্থান পাওয়া অতীব হছর। আবার শিকারের চেটায় বন চুড়িয়া বেড়ান অনেকে পছল করে না, কারণ উহা বেমন বিপজ্জনক তেমনি কটকর। স্থতরাং মাঠালও বড় কম হয়। আমাদের বেলায় কিন্ত এই মাঠালই অধিক, তবে সে মাঠালের উদ্দেশ্ত স্বতন্ত্র; হরিণের থোকে বা ব্যাম্বের পদক্তিশক্ষ্য করিয়া আমরা যে কথনও কথনও অগ্রসর না হইয়াছি, তাহা নহে; তবে আমাদের মূল লক্ষ্য প্রস্তেত্ত্র উদ্ধার, আমাদের গল্পে, কাক্ষে বা অমণে সর্বাদাতা বিষয়।

স্থল্যবনে অনপ বা শিকার করিতে হইলে, তৎপ্রদেশীয় ভাষার সহিত পরিচিত হওয়া উচিত। বসদেশে প্রধানতঃ বাঙ্গলা ভাষা প্রচলিত থাকিলেও, তাহার বিভিন্ন জেলায় দে ভাষার প্রাদেশিক বিশেষত রহিয়াছে। সকল জেলায় ফ্লায় স্থল্যরবনের ভাষারও একটা প্রাদেশিকতা আছে। এই প্রাদেশিকতার সহিত নিকটবর্তী কয়েকটি জেলারও ভাষাগত সম্বন্ধ রহিয়াছে। স্থল্যরবনের এই মিশ্রিত ভাষাকে আমরা "জঙ্গলা" ভাষা বলিতে পারি। স্থল্যরবনের কার্চুরিয়া, গোলের ব্যাপারী, নৌকার মাঝি, আবাদকারী রুষক এবং দেশীর শিকারী, বাওয়ালী ও ফকিরগণ এই ভাষায় কথা কহে। এই সকল লোকের সহিত বশোহর-খুল্নার সর্বস্থানের লোকের কথাবার্তার প্রয়োজন হর, মুতরাই এই জঙ্গলা ভাষা জেলাগত বাঙ্গলা ভাষার সহিত মিশিয়া যায় ও ভাষায় শ্র্

ভাঙার বৃদ্ধি করে। জঙ্গলা ভাষা না জানিলে দক্ষিণদেশীয় ব্যাপারীদিগের কথোপকথনের এক বর্ণপ্ত বৃন্ধা যার না। স্প্তরাং ফরেষ্ট বা প্র্লিস বিভাগের কর্মাচারিগণের এ ভাষার সহিত পরিচিত হওয়া একাস্ত আবশ্বক হইয়া পড়ে। স্থানর অনেকবার উঠিয়া পড়িয়াছে, আবার পড়িয়া উঠিবে। এখনও পূর্ব্বতন বাসচিষ্ঠ লুপ্ত হয় নাই, জনেক বনভূমি ধান্তক্তের পরিণত হইতেছে এবং নিকটে নিকটে মান্থবের বসতি হইতেছে। নানা স্থানে কীর্ভিচিক্ত আবিষ্কৃত হইতেছে, বঙ্গদেশেও প্রত্নতবের পিশাসা জাগিয়াছে। এ পুস্তকেও উহার কতকটা নিদশন থাকিবে। তজ্জন্ত লোকসমাজে সে সব কীর্ত্তিকথা প্রচারিত হইলে, এ অঞ্চলে ঐতিহাসিকের শুভাগমন সম্ভাবিত হইবে। স্থানরবনের স্বাভাবিক অবস্থার পরিচয় বিজ্ঞাপিত হইলে, সাধারণ দর্শক বা শিকারীরও অভাব হইবে না। সাধারণের কতক স্থবিধা এবং অন্ততঃ দৃষ্টি আকর্ষণের জন্ত আমরা সাধ্যমত জন্মলা ভাষার কতকগুলি শন্দার্থ সংগ্রহ করিলাম।

দ্বাদশ পরিচেছদ—জঙ্গলা ভাষা।

আইট বা আ'ট—বনের মধ্যে পূর্বতন হইতে বাহির হইয়া আবার ঢুকিয়া বদতির চিহুযুক্ত উচ্চ জমি। যায়, উহাকে উশকাড়া বলে।

আদলদার—পুর্বে লবণ প্রস্তত ওত—শিকারের জন্ম প্রস্তুত অবস্থা ইয়া রাশীকৃত হইলে, তাহার উপর বাবে জঙ্গলের মধ্যে 'ওত পাতিয়া যাহারা ছাপ মারিয়া দিত। বসিয়া থাকে।

আবাদ—জ্জলকে ''বাদা'' বলে, ওঝা—মন্ত্রবিৎ ব্যক্তি। উপাধ্যার এবং জঙ্গল 'উঠিত' হইরা বখন ধান্তক্ষেত্রে শব্দের অপশ্রংশ। পরিণত হর, তখন তাহার নাম আবাদ। কল—বাধের মধ্য দিরা জল

আফালি—আফালন। মংস্তের নিষ্কাশনের প্রণালী। আফালি। কাগন্তী—বাহারা পূর্বের কাগন্ত প্রস্তুত

উনকাড়া—মংস্তে জলের ভিতর করিত, তাহাদের কাগলী উপাধি হইত।

কাঁচা (বাদা)—নিবিড় জঙ্গলপূর্ণ।
কাঠির আবাদ—প্রথমতঃ জঙ্গল কাটিয়া যে আবাদ করে, তাহার নাম কাঠিব আবাদ।

কাঠিকাটা (অধিবাসী) – যাহারা
সর্ব্ধ প্রথমে বাদা কাটিয়া বসতি স্থাপন
করে। এজপ জমিতে তাহাদের
বিশেষ স্বত্ব স্থামিত্ব থাকে, এই অর্থে
কাঠিকাটা শব্দ ব্যবহৃত হয়। যেমন
ইহা অমুকের কাঠিকাটা মহল।

কাঠুরিয়া—যাহারা কাঠ কাটিতে বনে যায়।

কাবলীওয়ালা—বাঘ। সন্তবতঃ প্রকাণ্ড মৃত্তির জন্ত কাব্লিয়াদিগের নামামুদারে নাম হইয়াছে।

কাবান—জঙ্গলে কাঠ কাটিয়া রাথিবার ও আনিবার জন্ম পরিষ্কৃত প্রশস্ত স্থান।

কুমোর—নদী বা থালের মধ্যে কাঁচা ডাল পাতা দিয়া যে স্থানে মাছ আট-কাইয়া রাথে।

কোলা—নদী বা থালের কুলে প্রশস্ত স্থান।

খাদ জঙ্গণ—গবর্ণমেন্টের তত্তাব-ধানে রক্ষিত বন। Reserved forest.

থাদাড়ী বা থালাড়ী---লবণের কারথানা।

(थाँक- िङ वा अन िङ । मन्नाम ।

থোঁজ তোলা—কাদার মধ্যে চলি-বারসময় চিহ্ন রাথিয়া পা তুলিয়া বাওয়া। বেমন "হরিণের থোঁজ তোলার শব্দ"। গণ—অমুক্ল নদীপ্রবাহ। Favourable current.

গরম—হিংস্রজন্তর ভরযুক্ত। বেমন
"অমুক স্থান গরম"—অর্থাৎ বেধানে
বাঘ আছে।

গলুই—নৌকার অগ্রভাগ।
গাছাল—গাছে বসিয়া শিকার।
"গাছাল দেওয়া"—অর্থাৎ শিকারের
জন্ত গাছে বসিয়া থাকা।

গাজি—ব্যাদ্রের দেবতা। বাহারা
বাদ্র শিকার করে বা মারিয়া বীরছ
দেধায়, তাহাদের গাজি উপাধি হয়।
গাজি শব্দের প্রকৃত অর্থধর্মবােজা।
ভ ভ রো—নৌকার ছই পার্দের
"ডালির" সহিত সংযোগ রাবিয়া ২।>
হাত অন্তর যে শক্ত কাঠগুলি এড়োভাবে লাগান থাকে, তলদেশে পা না
দিয়াও যে কাঠগুলির উপর পা দিয়া
নৌকার সমুধ হইতে পশ্চাৎ পর্বান্ত
যাওয়া যায়, তাহার নাম "গুরা"।

গোছা—নৌকার ভিতর তলদেশে

Ghazi Signifies a conqueror, one who makes warupon infide.

Tabakat-i-Nasiri (Raverty)
p. 70 Note 2.

"বাগ" লাগান থাকে, সেইরূপ ছুই পার্স্থে ক্রিব্রপ যে ছোট ছোট কাঠ মাঝে মাঝে লাগান থাকে, তাহাকে গোছা বলে। গ্যাডা—গণ্ডার।

গ্যাড়া—গণ্ডার।
ধ্যোবড় (বন)—নিবিড় বা ছপ্সবেশু।
চ'ট বা চইট—চলাচল বা বাতায়াত।
বেমন অমুক বনে খুব হরিণের চ'ট
আছে, অর্থাৎ সে বনে অনেক হরিণ
চলাফেরা করে।

চ'ড় বা চইড়—নোকা ঠেলিয়া সরাইবার বা চালাইবার জ্বন্ত ব্যবহৃত সক্ষকাঠ বা বংশ দণ্ড।

চাড়া—উচ্চ অর্থাৎ যেথানে বাঘের অত্যাচার আছে। "গরম" দেথ। চাপান—নৌকা বাঁধিয়া থাকা। চাপান সারা—রাত্রিতে নৌকারোহী-দিগের নিদ্রার পূর্ব্বে মন্ত্র ঘারা বাঘের অত্যাচার নিবারণ করা।

চেলা—শিষ্য।

চেরাক, চেরাগ—প্রদীপ।

চোট—বন্দুকের আঘাত।

ছই—নৌকার উপরিস্থ আবরণ।

ছাপ্তর—ছই।

ছাপ্তরাল পীর—পাঁচ পীরের অস্ততম

ছিট—ছোট গাছ, :বেমন স্থলরের

ন্মান-নদী-তীরবর্তী প্রকাণ্ড ভূমি

हिंछे अर्थाए अब्रह्मक नक ७ नीर्थ स्नादी

গাছ।

"বাগ" লাগান থাকে, সেইক্লপ ছুই পার্থে খণ্ড, বাহা সময় সময় নদীর মধ্যে তিক্লপ যে ভোট ভোট কাঠ মাঝে মাঝে ভালিয়া পড়ে।

> জায়গীর—বানর। জোয়ার—সমূত হইতে উপরদিকে

জলপ্রবাহ।

দোয়ারিয়া—উপর বা উত্তরের
দিকে। যেমন অমুকস্থান অমুক
স্থানের জোয়া'রে অর্থাৎ
প্রথম স্থানে যাইতে হইলে
দ্বিতীয় স্থান হইতে জোয়ার দিয়া
নৌকায় যাইতে হয়।

জোগা—অমাবস্থা পূর্ণিমার নিকটবর্তী অতিরিক্ত জলোচ্ছ্বাসের সময়।"
ঝা'ল—শুক্না গাছের অগ্রভাগ।
টোপ—থোলা স্থানে গর্তু করিয়া,
তন্মধ্যে বসিয়া শিকার করাকে টোপে
শিকার বলে।

ডালি—নৌকায় তক্তা দারা তলদেশ গড়িয়া আদিয়া সর্ব্বোপরি ছই পার্বে যে অপেক্ষাকৃত পুরু ছইথানি তক্তা লম্বালম্বিভাবে লাগান থাকে, তাহাকে "ডালি" বলে।

দোস্তি--বন্ধ।

দোধালা—বেধানে ছই পার্ছে
ছইটি সমান আকারে ধাল গিরাছে,
তথন তাহাকে দোধালা বলে। কিন্তু
বদি উহার একটি ধাল ছোট হয়, তবে
তাহাকে পাশবালি বলে।

হইতে জোয়ার ভাটি দরে, তাহাকে জহুরা নামা" নামক মুদলমানী কেতাবে দোয়ানী খাল কহে।

ধে'ডো-শীর্ষ বা শীষ বেমন গোলের ধে'ডো।

(নদীর) বাক--দিক পরিবর্তন করিয়া এক মুখে নদী যতদূর যায়। নল ছেয়া—কোণাকোণি নদী পার ই ওয়া।

माउ. मा. लाउ. ला--(मोका। না'য়ে বা লা'য়ে – নাবিক, নৌকার মাঝি।

নেমক-লবণ।

প্ডা-মরা, থেমন অমুক বনে মানুষ পড়িয়াছে, অর্থাং বাঘে মানুষ মাবিয়াছে।

পাড়ি – উত্তরণ, পার হওয়া। পাতারি—নদীর জল হইতে প্লাবন নিবারণ জন্ম নদীর তীর দিয়া ছোট বাধ। এইরপে বড় উচ্চ বাধকে ভেড়ী रता।

পাশথালি—"দোখালা" দেখ। পিঠেম বাতাস-প্রদিক হইতে প্রবাহিত অমুকুল বায়ু। পীর---দেবতা। ফুলি---আলোক। বড় মি ঞা---বাঘ।

বড় হরিণ--বাঘ।

দোয়ানী খাল--্যে খালে ছই দিক্ বনবিবি--বনদেবতা ["বনবিবির ইহার বর্ণনা আছে 1

> বাওন-বাহন, নদীবাহনে শিকার। বাওয়ালী-বনওয়ালী, বনভ্ৰমণকাৱী মন্ত্রবিৎ ফকির।

> বাগ - নৌকার মধ্যে তলায় যে ছোট ছোট কাঠ এডোভাবে লাগান হয় ৷

> বাদা-জন্মল। বাটাল---গাছাল। "গাছাল" শব্দ দেখ। বালিয়াৎ--যে অনুচর অগ্রবর্তী হটয়া শিকার দেখাইয়া দেয়।

বা'লেট---বাঘ। বৈকিরী-বানর। বৈঠা, বৈঠক—কাৰ্চ নিৰ্দ্দিত যে

বাহিতে হয়।

বালাম-এক প্রকার নৌকা: এবং ঐ নৌকায় করিয়া যে সরু সিদ্ধ চাউল পূর্বদেশ হইতে অম্বত্ত রপ্তানি হইত।

পাতলা দাঁড় না বাঁধিয়া হাতে তুলিয়া

ভাটিয়াল--দক্ষিণ দেশীয়, যেমন ভাটিরাল চাউল, ভাটিয়াল সুর। ভাটি বাঙ্গালা-বাঙ্গালার দক্ষিণাংশ। ভাটো—নিম্ন বা দক্ষিণ দিগৰাৰী 🗓 যেমন অমুক স্থান অমুক স্থানের ছাটো, অর্থাৎ প্রথম স্থানে বাইতে হইলে দিঙীৰ স্থান হইতে নৌকাপথে ভাটিতে যাইতে হয় ।

ভূইঞা—ভূমাধিকারী।

ভেড়ী—জ্বলপ্লাবন নিবারণ জ্বস্থ বড এবং উচ্চ বাঁধ।

ভোঁতড়—বাঘ।

মাল—মহল, স্থন্দরবনের ডাঙ্গা। মাঝি—নৌকার কর্ণধার।

মাঝি—নোকার কণধার। মাঠাল—পায়ে হাঁটিয়া শিকার।

মাদিয়া---দীপ।

মাল্যা—দাডী।

মানসেলা—মহুব্যালয়, মহুধ্যের বসতি বিভাগ।

মুথোড় বাতাস—প্রতিকূল বাতাস।
মোলঙ্গা—লবণ প্রস্তুত করিবার
জন্ম ভাগু বা ভাঁড়।

মোলঙ্গী—যাহারা ঐক্পপ করিয়া লবণ প্রস্তুত করে।

রসাঙ্গী—যে ব্যক্তি লবণের রস লইয়া ভাঁড়ে সরবরাহ করিত।

লগি—"চ'ড়" দেখ।

লা, লাও—না, নাও, নৌকা দেথ। শাকরেত—শিষ্য।

শিয়াল-শৃগাল, বাঘ।

শূলো—স্থন্দরী প্রভৃতি বৃক্ষের গোড়া হইতে উর্জমুধী হইয়া বে স্ফল শিক্ত উঠে।

সড়া—নদী তীরে নৌক। উঠাইয়া রাথিবার জয়ত যে থাল কাটিয়া রাথা হয়।

> সয়লা—জঙ্গলের মধ্যে শুঁড়ি পথ। সাঁই—আডডা।

সারী বা সাড়ী গান—নদীপথে
যাইতে যাইতে নাবিকেরা যে গান
করে। তরক্তের মৃত্যান্দোলনে উহাতে
এক প্রকার কেমন স্বরতরক্ত মাধান
থাকে।

রিরা সোরা—গাছের কাঠের মধ্যে ধে
অংশ নষ্ট হইয়া থোল হইয়া যায়।
রস স্থল পাহারী—যাহারা লবণের
বিধান চৌকি দিত।

হা'নর—বানর।

-:0:-

এতদেশীয় নিম শ্রেণীর গোকেরা ফুল্বরন ভ্রমণ করিবার অবসর পাইলে, তাহার নদী নালা ফুল্ব ভাবে মনে করিয়া রাথে এবং সময় সময় বভাবলাত কবিতার রসে উচ্চ্ সিত হইয়া গীত রচনা হারা পথের পরিচয় অরশ-পথে রাথে। তাহাদের সেই সকল সরল গানে তাহাদের বেমন সরল প্রাণের প্রথম পাই, তেমনি তহারা অন্ত অনেক নিরক্ষর ভ্রমণকারীর পথভাত্তির স্থাবনা ক্মাইরা বৈষ্টা

এখানে এই জাতীয় একটি দেশীয় গান উদ্ধৃত করিয়া দিশাম। এই গীত-রচিষ্কতা রাড়ৃলির পূর্ববর্ত্তী চেচোঁ গ্রামে বাস করিত, এবং তথা হইতে নৌকাপথে স্বলরবনে যাইত। জন্মলা ভাষারও কতকটা দৃষ্টাস্ক এই গানে পাওয়া যাইবে।

"চোঁচাৰ গামে বাস কৰি খোসনবীশেৰ মাটি পূর্ব্ব অংশে তু'লে দিলাম, নিমাই থালির ভাটি। হা'ডে বা'দে ছোট নদী তিমোহানা ভারী সেখানেতে বা'য়ে দিলাম মনস্তথের তরী। বাঁকের মাথায় কোদার গান্ধ জানে সর্বজনা বায় থাকিল দেল্টির গাঙ্গ ডানি সোলা দানা। মাছর পান্টা, হাড়ার গাঙ্গ, তা'তে বড় টান পূর্বের দিকে চেম্নে দেখ তিল ডাঙ্গার গাঙ্গ। তিলডাঙ্গার পশ্চিমেরে ভাই আছে গড থালি সেইথানেতে চেয়ে দেখি কুচিয়া আর চাঁদখালি। কুচিয়া আর চাঁদথালি গিয়া মনে হ'ল আশা দক্ষিণের পারে চেয়ে দেখি আলমটাদের বাসা। ষোষথালি আর ঢাকির মুথ আছেরে সায় সায় সাতুলারি ভূফান দেখে পরাণ কেঁপে যায়। গান্ধরই, বুড়া হড়ডা, ন'লেন রইল বায় স্তার খালির মূথে কত লাও মারা যায়। আড় বাউনে, লক্ষীপ্রসাদ, ছাচনাঙ্গলার মুথে। কত না'য়ে চাপান থাকে অতি পরম স্থাথ। আ'ড়ো শিপসার মুখে টান করেরে কল কল পূবের পার চেম্বে দেখ, কুকড়া কাটির খাল। মার্গির চর, বুজবু'নে নজরেতে দেখি নোঙ্গর ক'রলাম গিরারে ভাই হাত ধাবড়ার মুখি। কেউ বলে মরা ভদ্র কেউ বলে হাত ধাবড়া— রূপসার তৃফান দেখে রে ভাই কাঁপে পাছার চামড়া।

শালমটাদ নামক দক্ষিণদেশীর এক বিখ্যাত ক্ষির বা মুসলমান সাধু ।

আদা চাকি দিয়া কত ধুমাকল যায়,
আড়পাউড়ী দিয়া তারা আ'ড়ো শিবসায় ধায়।
সেই যে কল মহাবল বুঝে কার সাধ্যি
ডা'ন হাতে তু'লে দিলাম চ'লোবগির মধ্যি।
বা'য় থাকলো টগিবগি দক্ষিণমুখে হ'লাম
তিন বাঁক বা'য়ে গিয়ে নলবু'নের থাল পালাম।
বনেতে মা বনবিবি করেছে কি থেলা
(দেখ্লে) রোগ শোক দ্রে যায় আর সংসারের আলা।
বনের মধ্যে বনবিবির কতইরে ভাই থেলা
ছই পার দিয়ে চেয়ে দেখি শুধু গোলের মেলা।
মা যদি করেন দয়া তবে ত আর আদিব
চা'লো বগির কয়থান বাঁক দেইবার গ'লে যাব।

দ্বিতীয় অংশ-ঐতিহাসিক।

''6 তুর্ব্বর্গ-ফলপ্রাপ্তিরিতিহাসপুরাতনম্। সঙ্কীর্ত্তয়েৎ সদা ভক্ত্যা দেবঋষিস্বধাভুজাম্॥"

যশোহর-খুল্নার ইতিহাস।

দ্বিতায় অংশ—ঐতিহাসিক।

প্রথম পরিচ্ছেদ—উপবঙ্গে দ্বীপমালা।

যশোহর খুলুনা বঙ্গদেশের দক্ষিণভাগে অবস্থিত এবং সমুদ্র পর্যাস্ত বিস্তৃত। বঙ্গের যে ত্রিকোণ ভূভাগ একদিকে ভাগীরথী, একদিকে পন্মা ও দক্ষিণে বঙ্গোপ-সাগর,—এই ত্রিসীমাবেষ্টিত তাহাকে গাঙ্গোপদ্বীপ (Gangetic delta) বা ব'দ্বীপ বলে। এই ব'দ্বীপের একাংশ এক্ষণে প্রেসিডেন্সী বিভাগ। যশোহর ও খুলনা জেলা প্রেসিডেন্সী বিভাগের অন্তর্গত। বেঙ্গল বা বঙ্গদেশকে তিন ভাগে বিভক্ত করিলে, প্রেসিডেন্দী বিভাগ পূর্ব্ববঙ্গ ও পশ্চিমবঙ্গের মধ্যবন্তী অর্থাৎ মধ্যবঙ্গভুক্তহয়। যশোহর ও খুল্না প্রকৃতপক্ষে একই স্থান; শাসন ব্যবস্থায় ইহারা পৃথক্ হইলেও এথনও সমাজে, ধর্মে, লৌকিক আচারে, ও স্বভাব চরিত্রে একই আছে। এখন যেখানে খুলনা জেলা, ইংরাজ আমলের প্রারম্ভে তাহার অধিকাংশ যশোহরের অন্তর্গত ছিল। তাহারও পূর্ব্বে এখন যেখানে খুলুনা জেলা, তাহাই ছিল যশোররাজ্য—এবং এথনকার যশোহর জেলা সে রাজ্যের ^{ব্}হিভূতি ছিল। যাহা হউক, বর্ত্তমানে যশোহর ও খুল্না **এই চুই জেলার** শীমামুসারে যে বিস্তৃত প্রদেশ হয়, তাহারই বিষয় আমাদের আলোচ্য এবং ^{উহাই} আমরা যুক্ত-জেলা নামে অভিহিত করিব। এ প্রদেশ প্রাচীন স্থান; বঙ্গের প্রাচীনত্বের সঙ্গে ইহার প্রাচীন গৌরব বিজ্ঞতিত রহিয়াছে । বঙ্গের পুরাতত্ত্বের क्षिक्ष ज्यालाहमा ना कतिरम, व अरमरमत आहीन जवना दुवा गाँहरद ना ।

বঙ্গ অতীব প্রাচীন স্থান। বেদাদি প্রাচীন গ্রন্থে বঙ্গের উল্লেখ আছে। *
মহাভারত হইতে জানিতে পারি, মহারাজ বলি দীর্ঘতমা নামক মহর্ষির ঔরসে
স্বীয় পত্নী স্থদেশুর গর্ভে পঞ্চপুত্র লাভ করেন। উহাদের নাম অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ,
পুত্র ও স্কন। ইহাদের নামে পাঁচটি বিখ্যাত দেশের নাম হয়। † দীর্ঘতমা
বেদোক্ত বিখ্যাত থাষি। তৎপ্রশীত কতকগুলি স্কুক্ত আছে। স্থতরাং দীর্ঘতমার
ঔরসপুত্রগণ বৈদিক যুগে প্রাহন্ত্রত হইরাছিলেন বলা যাইতে পারে। ‡ বলি
রাজা উত্তর পশ্চিম প্রদেশে গঙ্গা ও সরযুনদীর সঙ্গমে বিখ্যাত "বলিয়া" নগরে
রাজত্ব করিতেন বলিয়া অন্থমিত হইরাছে। তথা হইতে বলির পুত্রগণ প্রটি
রাজ্যন্থাপন করেন এবং স্বীয় স্বীয় নামে উহার নাম নির্দেশ করেন। § এজন্ত বর্তমান বেহার প্রদেশের নামে অঙ্গ, উড়িন্থা অঞ্চল কলিঙ্গ, দক্ষিণ রাঢ় বা ছগলী
অঞ্চল স্ক্রন, মালদহ হইতে ময়মনসিংহ পর্যান্ত সমস্ত প্রদেশ পুত্রনামে কথিত
হয়। আর ভাগীরথীর উভয় তীরবর্তী স্থান অর্থাৎ মুর্শিদাবাদ, বীরভূম, বাঁকুড়া,
বর্জমান এবং সন্তব্তঃ রাজসাহী পাবনার কতকাংশ ও ঢাকা অঞ্চল লইয়া
বঙ্গদেশ গঠিত ছিল।

তথন বঙ্গের দক্ষিণে ও পূর্বের সমুক্র ছিল। গঙ্গার

"অঙ্গো বঙ্গঃ কলিজণ্চ পুঞুঃ সুক্ষণ্ড তে হৃতাঃ তেষাং দেশাঃ সমাথ্যাতাঃ স্বনামকথিতা ভূবি।"

মহাভারত, আদিপর্বা, ১০৪।৫০

বিষ্পুরাণ, মংস্তপুরাণ, ছরিবংশ এবং ভাগবতেও এই একই বৃত্তান্ত উল্লিখিত হইরাছে।

উক্ত হলে এীনুক্ত নগে লাগ বহু মহাশর অনুমান করিরাছেন যে অঙ্গ, বল্প প্রভৃতি স্থানপ্রলির নাম পূর্বেছিল। পরে বলিপুলগণের মধ্যে যিনি যে দেশ অধিকার করিরাছিলেন, ধেশের ুপূর্বেতন নামানুষ্ণারে তাঁহাব দেই নাম হয়। এরপ করনা করিবার বিশেষ প্রয়োজন আছে বিলিয়া মনে হয় না। বৈদিক দীর্ঘতমা অধির প্রসঙ্গ আপেকাকৃত পরবর্ত্তী পুরাণে থাকা বিভিন্ন নহে।

রত্নাকরং সমারত্য ব্রহ্মপুতান্তর্গং শিবে।
বঙ্গদেশে ময়া গোডাং সর্বসন্ধিপ্রধর্শক:॥ শক্তিসক্ষম তত্ত্ব।

ঐত রয় আরপাক, ২০১১

⁺ দীর্ঘতমা হলেঞাদেবীকে বলিতেছেন :--

[🛊] वाकालाव প्रावृक्त, ১১७ पृः

[§] বঙ্গের জাতীয় ইতিহাস, ব্রাহ্মণ খণ্ড, এথমাংশ, ৬৪ পুঃ

সহিত সমুদ্দসক্ষ পুঞুদেশের সীমা হইতে অধিক দ্রবর্তী ছিল না। বস্ততঃ গঙ্গাই বঙ্গের বিস্তৃতির কারণ। বঙ্গের আদিম অবস্থা জানিতে হইলে, গঙ্গা-প্রবাহের ধারাবাহিক ইতিবৃত্তের আলোচনা করা আবশুক।

গঙ্গা অতি প্রাচীন নদী। ঋথেদ হইতে আরম্ভ করিয়া বছ প্রাচীন প্রস্থে গঙ্গার উল্লেখ দেখিতে পাওয়া যায়। ভৃতত্ত্বিব পাওলগণের আলোচনা হইতে এরূপ ধারণা হয় যে সমুত্র এক সময়ে হিমালয়ের পাদ ধৌত করিত। তখন হিমাচলের অঙ্গবাহিনী স্কর-তরঙ্গিণী গঙ্গা হিমাচলের পাদদেশের অনতিদ্রে সমুজে পতিত হইয়াছিলেন। তৎপরে রামায়ণের সময় হইতে দেখিতে পাই, গঙ্গা ভগীরথ কর্তৃক ভূতলে অর্থাৎ হিমাচলের সামুদেশ হইতে আর্যাবর্ত্তের সমতলে আনীত হন। গঙ্গার যে মুখ হইতে উহার প্রবাহ ভগীরথ কর্তৃক প্রসারিত হইয়া সগরের পূল্রগণের উদ্ধার সাধন করিয়াছিল, সেই স্থান হইতে গঙ্গার নাম হয় ভাগীরথী। তখন গঙ্গার শাখা পত্মা বা নলিনীর উৎপত্তি হয় নাই। ভবিয়তে যখন পত্মার উৎপত্তি হওয়ায় গঙ্গার প্রধান প্রবাহ সেই পথে ধাবিত হয়, তখন সেই পত্মার উৎপত্তি স্থান হইতে গঙ্গার প্রাচীন থাত পৃথক্ভাবে ভাগীরথী নামে চিছিত হইয়াছিল।

আমরা স্থলরবনের উৎপত্তি বিচার করিতে গিয়া দেখাইয়াছি যে বঙ্গোপসাগর ক্রমণঃ দক্ষিণে সরিতেছে। সমূদ্রক্লবর্তী স্থান সকল প্রথমতঃ নিম থাকে,
সেথানে সমূদ্রের জল উঠে ও জঙ্গল জয়ে। ক্রমে স্থান উচ্চ হইয়া নিমে যত
আরও চরভ্মি জাগে, সমূদ্র তত সরিয়া যায় উপরের জঙ্গলে মাছ্যের বসতি
হয় এবং নিম চরে পুনরায় বন প্রস্তুত হইতে থাকে। এই ভাবে সমূদ্র ক্রমণঃ
দক্ষিণদিকে অর্থাৎ হিমালরের পাদদেশ হইতে দ্রে সরিতেছে। সমূদ্রের কৃলে
নিম্নচর, তাহার উপরে জঙ্গলাকীণ চর এবং তাহার উপরে মাছ্যের বসতি; এই
ভাবে চর ও জঙ্গল সমূদ্রক্লের চিরদঙ্গী। হিমালয়ের পাদদেশ অতিক্রম করিয়া
দক্ষিণমূথে অগ্রসর হইলেই সমুদ্রের অন্তিত্বের প্রমাণ পাওয়া যায়। নেপাল

ভাগীরণীর পশ্চিমভাগ হইতে আরম্ভ করিয়া পদ্মার উত্তর ও পূর্বজ্গ লইয়৷ একপুত পর্যাত্ত বিহৃত বসংদশের আকার অবক্ষরৎ ছিল বলিয়া বোধ হয়.৷ উহার মধ্যে দক্ষিণায়েশ সমুজ্পর্ত ইইতে বীপের উত্তব হইতেছিল !

রাজ্যের নিম্নদেশে গঙ্গপ্রবাহের উভয় পারে এক ভীষণ অরণ্য ছিল, উহার নাম চম্পারণা। এখন উহা চম্পারণ জেলা। এই চম্পারণ্যের মধ্য দিয়াই গগুকী বা দদানীরা নদী প্রবাহিত। যথন চম্পারণো ভীষণ জল্পল ছিল, তথন তাহারই নিমে এক বিস্তুত চর পড়িতেছিল। ঐ চর হইতেই বিদেহ বা মিথিলার উৎপত্তি হয়। বিদেহ যে পূর্বকালে সমুদ্রকলে ছিল, তাহা ইহার তীরভুক্তি নাম হইতে স্পষ্ট বুঝা যায়। * বেদে উক্ত হইয়াছে যে এ প্রদেশ জলে মগ্ন হইত। † স্থতরাং মিথিলা তথন স্থন্যবনের মত নিমন্তান ছিল। মিথিলার বিস্তৃতি ছিল গণ্ডকী হুইতে কৌশিকী প্রান্ত। ± ক্রমে মিথিলা উন্নত হুইলে, তথায় লোকের বসতি ছয়। আমরা বৈদিক বিবরণী হুইতে জানিতে পারি যে খ্রিগণ সরস্বতী নদীর উভয় পার্শ্ববর্ত্তী দেশ হইতে পূর্ব্বমূথে আসিয়া, সদানীরা বা গণ্ডকী পার হইয়া মিথিলাদেশে আগমন করেন এবং তথন হইতে এ প্রদেশে আর্যানিবাস স্থাপিত হয়। মিথিলার পূর্ব্বসীমা কৌশিকী বা কুশী নদী। কৌশিকী নদী যেখানে গঙ্গা হইতে উঠিয়াছিল, তাহা সমদ্রের অতি নিকটবর্ত্তী ছিল। সম্ভবতঃ এই সময়ে গাঞ্চের উপদ্বীপ প্রথম সমুদ্রগর্ভ হইতে উত্থিত হয়। চন্দ্রদীপের উৎপত্তি-বিবরণীতে লিখিত হইয়াছে যে মহাদেবের ললাটানলদাহে জ্বল বিলুপ্ত হইয়া পথিবী স্থলীভূতা হইয়া যায়। । এই ললাটানল সম্ভবতঃ ভূমিকম্প। ভূমিকম্প এইরূপ অকস্মাৎ উন্মেষের একটি কারণ হওয়া বিচিত্র নহে: বঙ্গদেশে ভূমিকম্প দ্বারা এইরূপে জমি উন্নত বা অধোগত হওয়ার বিবরণ পাওয়া গিয়াছে।

ষাহা হউক, এইরূপ কোন আকস্মিক শক্তির বলে বছবিস্থৃত চরভাগ জাগিয়া ছিল বটে, কিন্তু সর্বত্ত সমান উচ্চ হইয়া উঠে নাই; এবং সেরূপ হয়ও না।

এই ভীরভুক্তি হইতে ত্রিছত হইস'ছে, কলিকাতার ত্রিছতবাসী বা ঞিছতদিপের যে বালার ছিল তাহা এক্ষণে টেরেটি বাজারে পরিণত হইরাছে। এক্ষণে বেহারেন একটি বিভাগের নাম তিহত।

[🛊] শতপথ ব্ৰাহ্মণ ১/৪/১/১+

^{🙏 &#}x27;কৌশিকীন্ত সমারভা গওকীমধিগমা বৈ।"—বিকুপুরাণ

^{¶ &}quot;লগাটানলনাহেন বিলীনং হি জলং বছ। হুলীভুক্তা চ পৃথিবী শৈবাদাং স্থাকারিকা ॥"

প্রথমতঃ চর জাগে, নানাস্থানে একটু একটু ভূমি উচ্চ হইয়া উঠে, মনে হয় যেন সেগুলি পৃথক্ পৃথক্ দ্বীপ। কিন্তু জলের নিম্নে সমস্ত ভূমিভাগই উন্নত হয়, উপরে ভাহারা পৃথক্ বলিয়া মনে হয়। এইরপে স্থানে স্থানে দ্বীপ জাগিলে, ভিতরে ভিতরে জল থাকে, ভাহাই অসংখ্যা নদীরপে প্রতিভাত হয়। সম্ভবতঃ মহাভারতীয় য়্গে কৌশিকী নদীর সঙ্গমস্থলের সন্নিকটে পৃর্বে ও দক্ষিণে বহুদ্র পর্যান্ত চরভূমি একেবারে জাগিয়াছিল এবং উহাদের মধ্যে মধ্যে শত শত নদী প্রবাহিত হইতেছিল। কারণ মহাভারতে দেখিতে পাই, র্ধিষ্টির তীর্থোপলক্ষে লাভ্গণ সমভিব্যাহারে প্রথমতঃ নর্ম্মাণ ও কৌশিকীসঙ্গমে স্নান তর্পণাদি করেন। তথন কৌশিকী হইতে সমুদ্র অধিক দ্রে ছিল না। পরে তিনি গঙ্গাসাগরসঙ্গমে উপস্থিত হন; তথার পঞ্চশত নদীর মধ্যে অবগাহন করিয়া সমুদ্রতীর দিয়া কলিজদেশে চলিয়া বান।* কহলণ-প্রণীত "রাজ-তরঙ্গিণী"র বর্ণনায় সমুদ্র যে প্রাচীন রাজধানী পৃত্যুবর্দ্ধন হইতে অধিক দ্রে ছিল না, ভাহা প্রতিপন্ন হয়। শীহর্ষ যথন আদিশ্রের রাজধানীতে উপনীত হন, তথন তিনি উহার সন্ধিকটেই সমুদ্র দর্শন করেন। †

গঙ্গা আর্য্যাবর্ত্তে অবতরণ করিয়া সপ্তধারে প্রবাহিত হন। হ্লাদিনী, পাবনী ও নলিনী নামক তিন স্রোত পূর্ব্বদিকে এবং স্থচক্ষুং, দীতা ও দিছু নামক তিনস্রোত পশ্চিমদিকে প্রবাহিত হয়; ‡ মধাভাগে ছিল ভাগীরথী বা গঙ্গার মূল স্রোত।

ততঃ প্রযাতঃ কৌশিক্যাঃ পাঙবো জনমেজয় !
 আনুপুর্বেণ সর্বাণি লগামায়তনায়ৢপ ॥
 স সাগয়ঃ সমাসায়্য গলায়াঃ সকমে নৃণ !
 নদীশতানাং পঞ্চানাং মধ্যে চক্রে সমায়বয় ॥
 ততঃ সমুত্রতীয়েণ জগাম বহুংগাধিপঃ ।
 ভাতৃভিঃ সহিতো বীয়ঃ কলিলান্ প্রতি ভায়ত ! ।
 মহাভায়ত, বনপর্ব্ব ১১৩১—৩

[†] বাজৰ বঠবও এম সংখ্যা, বিজমপুরের ইতিহাস ৩ পুঃ।

‡ জ্ঞাদিনী পাবনী চৈব নদিনী চ তথৈব চ

তিপ্রঃ প্রাচীং দিশং লখ্যু গঁলা শিবজনাঃ ওভাঃ।

মৃতকুকৈব সীতা চ সিদ্ধুক্তিৰ বহানদী

তিপ্রক্তিভ দিশং লখ্যুঃ প্রভীচীং তু দিশং গুডাঃ।

স্থানী চাৰ্গাৎ তাসাং ভগীব্ৰর্থ তহা।

রামান্ত্র, বাজকাও, ১৬শ অধ্যার।

বর্তমান মুর্শিদাবাদ জেলার উত্তরাংশে স্থতিনামক স্থানের নিকট ইইতে পূর্ব্বকালে নলিনী বা পদ্মা বহির্গত হয়। অতি প্রাচীনকালে নলিনী সম্ভবতঃ একট উত্তর-মুথে ঘুরিয়া ক্ষীণ-ধারায় প্রবাহিত হইত। তাহার বিশাল বিস্তার ছিল না, তথন রাজসাহী ও পাবনা প্রভৃতি স্থানের সহিত নদীয়া যশোরের ঘনিষ্ঠ সম্বন্ধ ছিল। পদ্মার প্রাচীন অবস্থা দম্বন্ধে বহু বিতর্ক রহিয়াছে। এস্থলে তদ্বিষয়ের বিচার করিবার প্রয়োজন নাই। * যেস্থান হইতে গঙ্গার প্রধান প্রবাহ ভাগীর্থী নামে দক্ষিণদিকে প্রবাহিত ছিল, সেই স্থান হইতেই পদ্মা বাহির হ**ই**য়াছিল। কালে ভাগীরথী ও পদার সঙ্গমস্থলে একটি ঘোলা হইয়া ভাগীরথীর একটু বক্রগতি হয়। এখনও দে বক্রগতির পরিচয় আছে। সম্ভবতঃ এইজন্মই গঙ্গার মহাবল প্রবাহ প্রাার দিকে এক সরল পথের মাবিষ্কার করিয়া সোজা পূর্বমুথে প্রবাহিত হয়। ক্বত্তিবাদী রামায়ণে ও "গদ্ধাভক্তিতরঙ্গিণী" প্রভৃতি গ্রন্থে গল্পের অবতারণাপুর্মক বলা হইয়াছে যে গঙ্গাদেবী ভগীরথের পশ্চাতে পশ্চাতে আসিতেছিলেন: এমন সময়ে ভগীরথ একটু শ্লথগতি হওয়ায় প্রামুনি বা শঙ্খামুর গঙ্গাদেবীকে প্র ভুলাইয়া পূর্বামুথে লইয়া যান। গঙ্গা কিন্তু বুঝিতে পারিয়া দে পথ হইতে ফিরিয়া আদিয়া, ভাগীরথী-খাতে দক্ষিণ-বাহিনী হন। বান্তবিকই পদার শীর্ণ জলধারা গর্বে বিক্রমপুরের মধ্য দিয়া প্রবাহিত হইয়া মেহ্দীগঞ্জের নিকট মেঘনায় মিলিত হইত। পরে পদায় গঙ্গার প্রধান প্রবাহ বহিতে থাকিলে. উহা ক্রমে ভীষণ আকার ধারণ করিয়া বহুপ্রাচীন কীর্ত্তির ধ্বংস্সাধন করিয়া "কীর্ত্তিনাশা" নাম গ্রহণ করে। এক্ষণে পরা কীর্ত্তিনাশা ও ভাঙ্গনী নামক ছুই শাখার বিভক্ত হইয়া মেঘনায় পড়িয়াছে। ব্রহ্মপুত্রের মূলস্রোতও জবুনা নামক নবোখিত শাধা দিয়া পদ্মাতে পড়িয়া, তাহার আকার আরও ভীষণ করিয়া তুলিয়াছে। আর যে ভাগীরথীর তীরে এক সময়ে বঙ্গদেশের প্রধান প্রধান রাজধানী প্রতিষ্ঠিত ছিল. পদার প্রভাবে তাহার গতি মন্দীভূত হইয়া গেল।

যথন পদ্মা এইভাবে প্রবল হইল, তথন ভাগীরথীর প্রবাহ মন্দীভূত হইতে লাগিল। নবনীপ পর্যান্ত ভাহার এই অবস্থা ছিল। তথায় জলঙ্গী নামক পদ্মার একটি শাথা আসিয়া ভাগীরথীতে মিশিয়া তাহাকে সজীব করিল। ফর্লে

বালালার পুরার্ভ ২২— ২০ পুঃ বিক্রমপুরের ইতিহাদ ৬— ৭ পুঃ, মুশিলাবালো
ইতিহাদ, প্রথম গণ্ড, ৫৭— ৬১ পুঃ, Census Report, 1891, pp. 39—40.

নবদ্বীপ হইতে ত্রিবেণী পর্যান্ত ভাগারণী বেশ সঙ্গীব থাকিল। ত্রিবেণীতে যথন ভাগীরথী দক্ষিণে সরস্বতী ও বামে যমুনায় বিমুক্ত হইয়া গেল, তথন আবার মূল-স্রোত হর্বল হইয়া পড়িল এবং অবশেষে কালীঘাটের নিম্ন দিয়া প্রবাহিত হইবার কালে উহা ক্রমশঃ অপ্রশস্ত হইতে লাগিল। ত্রিবেণী হইতে সরম্বতী নদী বেগ-বতী হইয়া সমুদ্রে পড়িয়াছিল এবং সেই পথে সেকালে বঙ্গদেশের শিল্প ও পণ্য-বাহিনী দরদেশে নীত হইত। ভাগীরথীর একটি ক্ষুদ্র স্রোত বর্ত্তমান কলিকাতা তুর্গের সন্নিকট হইতে শাথরোল নামক স্থানে সরস্বতীর সহিত সংযুক্ত হয়। ক্রমে ঐ কুদ্র থাল প্রশন্ত হয় এবং ইংরাজ আমলের প্রারম্ভে উহার কতকাংশ তাঁহা-দিগের দ্বারা থনিত হয়। তাহাতে গঙ্গার মূল প্রবাহ ঐ পথে শাথরোলে আসিয়া সরস্বতীর সহিত মিশিল এবং সেস্থান হইতে সরস্বতীর মোহানা পর্য্যস্ত সমস্ত প্রবাহ গঙ্গার অঙ্গীভূত হইয়া গেল। এজন্ত এ সময় হইতে যেস্থানে গঙ্গার দাগরদঙ্গম হইল, তাহা প্রকৃতপক্ষে দরস্বতীর মোহানা, প্রাচীন গঞ্চাসঙ্গম হইতে উহা সম্পূর্ণ পৃথক। ছগলীতে ইংরাজদিগের একটি কুঠি ছিল। পুর্বের সরস্বতী-পথে হুগলীতে তাঁহাদের জাহাজাদি যাতায়াত করিত, এখন সমুদ্রপ্রবাহ শাখরোল হইতে গঙ্গার পথে প্রতিত হওয়ায় তথা হইতে ত্রিবেণী পর্যান্ত সরস্বতী মজিয়া গেল। সে প্রাচীন থাত এখনও রহিয়াছে। হুগলী পর্যান্ত বাণিজ্ঞাপথ গঙ্গার পথে কলিকাতার নিম্ন দিয়া উন্মুক্ত হইল, এজন্ম ইংরাজগণ এ অংশের নাম রাখিলেন—ভগলী নদী। অপরদিকে কালীঘাটের নিমবর্ত্তী প্রাচীন খাত বা "ব্যাদিগঙ্গা" টলী (Tolley) সাহেবের খনিত টালীর নালায় পরিণত হইয়া মজিয়া গেল এবং দক্ষিণমুখে প্রবাহিত হইয়া "ঘোষের গঙ্গা" "বোদের গঙ্গা" নামে বদ্ধ জলাশয়স্বরূপ ম্যালেরিয়ার বাসভূমি হইয়া রহিয়াছে। গঙ্গার এই আধুনিক অবস্থার সহিত যশোহর-খুল্নার ঘনিষ্ঠ সম্বন্ধ না থাকিলেও ইহার প্রাচীন প্রকৃতি সহিত সমস্ত বঙ্গদেশের বিশেষ সম্বন্ধ রহিয়াছে, যশোহর-খুল্নার ত কথাই নাই।

আমরা দেখিয়াছি যে পদ্মা ও গঙ্গার সঙ্গমস্থলের দক্ষিণে মহাভারতীয় যুগে বহুনীপের উন্মেষ হইয়াছে, তাহাদের মধ্যে অসংখা নদী ছিল; পাগুবেরা সে সকল নদীতে স্নানাদি করিয়া সমুদ্রতীর দিয়া কলিঙ্গাভিমুথে চলিয়া যান। ক্রমে ভাগীরথীর পূর্ব্বতীরে ও পদ্মার দক্ষিণ তীরে চর হইতে দ্বীপ স্থাষ্ট হইতে খাকে ম ভাগীরথীর পশ্চিম তীরে মুর্শিদাবাদের রাসামাটী প্রভৃতি অঞ্চলের মৃত্তিকা পরীক্ষা করিলে সহজে বুঝা যায় যে, কিরূপে পূর্বপারে দ্বীপ স্ক্রমজ্ঞ নৃতন মৃত্তিকা গঠিত হইতে ছিল। হিমালরের গাত্রথাত জলরাশি বহল পর্বতরেপু বহন করিয়া গঙ্গাথাতে সাগরসন্ধানে ছুটে এবং মৃত্তিকা ও বালির সংযোগে একপ্রকার পলিমাটা দেশে দেশে রাথিয়া যায়। গঙ্গার মত ভূমিগঠনের ক্ষমতা পৃথিবীর মধ্যে কোন নদীরই নাই। পূর্বের্ব বলা হইয়াছে যে অকস্মাৎ এক সময়ে ভূমিকম্প দ্বারা এক বিশ্বত ভূমিভাগ স্থানে স্থানে জল হইতে মস্তক উত্তোলন করে, গঙ্গার গৈরিক মৃত্তিকা উহার উপর সঞ্চিত হইতে হইতে দ্বীপের স্পষ্ট হইতে থাকে। যশোহর-খূল্নারও অনেকস্থানে পুন্ধরিণী বা কৃপ থননকালে এই পলিমাটীর স্তর ৪।৫ ফুট হইতে ১১১০ ফুট পর্যান্ত বিশ্বত দেখিতে পাওয়া যায়। নিম্বর্তী আঁটাল বা জোবমাটীর সহিত এই পলির কোন সমন্ধ নাই। এইরূপে যথন দ্বীপ উন্নত হইতে লাগিল, তথন উত্তরদিকে ভূমি ক্রমশঃ বনাকীণ ও অবশেষে জনাকীণ হইতে লাগিল। দ্বীপ নির্মাণকার্য্য তথন ক্রমশঃ দক্ষিণে সরিয়া যাইতে লাগিল।

এইরপে ভাগীরথী ও পদ্মার মধ্যে এক ত্রিকোণাকার ভূমিথও সমুদ্রসীমা পর্যান্ত বিস্তৃত হইয়া পড়িল। বকচঞ্চ্বং আক্রতির জন্মই সন্তবতঃ ইহার নাম হইয়াছিল বকদীপ।* ইহাকেই আমরা ইংরাজীর অমুকরণে ব'দ্বীপ করিয়া লইয়াছি। বকদীপই বৌদ্ধ আমলে ভাষার অপকর্ষবন্দতঃ বগৃদি নামে পরিণত হয়। উহা হইতে সেনরাজগণের রাজত্বকালে একটি উপবিভাগের নাম হইয়াছিল বাগ্ড়ী। † ব'দ্বীপ বা বগৃদির জন্মলাকীর্ণ ভূভাগে যে অসভা জাতি বাদ করিত, ভাহারা এখনও বাগৃদী বলিয়া পরিচিত আছে। বাসালীর সহিত এক স্থানে বছবংসর যাবং বাস করিয়াও ভাহাদের বন্ধপ্রকৃতি ও স্বরভঙ্গি এখনও আছে।

এই ব'ৰীপ আন্ধ ধেমন বিভূত, পূৰ্ব্বে এরপ ছিল না। কিন্তু ইহার আরুতি যাহাই থাকুক, ইহার সমূদ্রকুলবর্তী অংশ যে বহু কালাবধি কাননাবৃত ছিল, ভূতস্ক

শীঘুক্ত তুর্গাচরণ সাভাল প্রণীত "বঙ্গের সামাজিক ইতিহাস" ১০ পৃঠা।

[†] ত্রিকু পরেশনাথ বন্যোগাধ্যার এম. এ মহালয়ও এইজপ অসুমান করিচাছেন। বালালার পুরায়ত ১০৮ পুটা।

বিৎ পণ্ডিতগণ তাহা সপ্রমাণ করিয়াছেন। পাণিনির মহাভায়ে পতঞ্জলি প্রাচীন আর্যাাবর্ত্তের দীমা নির্দেশ করিতে গিয়া উহার পূর্বভাগে কালকবনের উল্লেখ করিয়াছেন। । এই কালকবনই বোধ হয় স্থন্দরবন। † কেহ কেহ অনুমান করিয়াছেন, যে মগধের অন্তর্গত প্রাচীন রাজগৃহের ধ্বংসাবশেষের পূর্বাদিক্স্থ গিরিদ্বয়মধ্যবর্ত্তী যে বন এখনও কাল্কা জঙ্গল বলিয়া থ্যাত আছে. সম্ভবতঃ ইহা তাহাই। ! কিন্তু প্রাচীন আর্যাবর্ত্তের যে সকল দীমা নির্দিষ্ট হইয়াছে, তাহাতে মগধের বছপূর্ব্বদিকে তাহার পূর্ব্বসীমা বলিয়া বোধ হয়। মগধের মৃত্তিকার অবস্থা পরীক্ষা করিলে, তাহা আধুনিক কোন সময়ে সমুদ্রগর্ভ হইতে উত্থিত হইয়াছে, এমন প্রতীয়মান হয় না। দিখিজয়প্রকাশে বঙ্গদেশস্থ সরস্বতী ও कानिन्ती नतीत मधावर्जी ज्ञांशरक किनकिना वना स्टेग्नारह। এथन अपून्ना জেলার কালিন্দীতটে কলকলি নামে স্থান আছে। কলিকাতার নামের সহিত ইহার কোন সম্বন্ধ আছে কি না বলা যায় না। জ্বনৈক জৈন স্থরির নাম কালক। কাহারও কাহারও মতে ইনিই পর্যুষণ পর্ব্ব প্রবর্ত্তিত করেন। জৈন কালকের সহিত কালকবনের কি সম্বন্ধ তাহাও একটি নির্ণয় করিবার বিষয়। যাহা হউক পূর্বে দেখান হইয়াছে যে গঙ্গার মোহানায় সমুদ্রকলে চির-দিনই বন ছিল: এই বনের নাম কালকবন বা অন্ত বাহা কিছু হইতে পারে। গলার মোহানা সম্বন্ধে যে কথা, শতমুখী গলার শাখা প্রশাখার সমুদ্রসঙ্গম সম্বন্ধেও সেই কথা। বঙ্গদেশে প্রায় সমস্ত দক্ষিণভাগ এই মোহানাম পরিপূর্ণ, এবং তজ্জন্ত সমস্ত দক্ষিণভাগ নিবিড় জন্মলাকীর্ণ। এই মোহানাগুলি যত সরিয়াছে, বনও তত সরিয়াছে। বনের উত্তরভাগে লোকের বসতি ক্রমে দক্ষিণদিকে বিস্তৃত হইয়া পড়িয়াছে। গঙ্গা ও পন্মার সঙ্গম স্থান হইতে উহাদের সমুদ্রসঙ্গম পর্যান্ত বিস্তৃত দ্বীপই বকদ্বীপ বা ব'দ্বীপ বলিয়া খ্যাত ছিল।

এই ব'ৰীপ সমগ্ৰ বঙ্গের অংশ এবং ইহা বহু প্রাচীন গ্রন্থে "উপবঙ্গ" বনিয়া খ্যাত। ইহা ভাগীরথীর পূর্বপার হইতে আরম্ভ করিয়া দক্ষিণে সমুদ্র পর্যান্ত

[&]quot;প্রত্যন্তালকবনাৎ দক্ষিণেন হিমবস্তব্তরেণ পরিণাত্রম্' পাণিনি ২০০১০ স্থাভাগ্। বিষক্ষোকচতুর্থ থও ২ পূচা ও ১৭০ পুচা । বালানার পুরাবৃত্ত, ১৩১ পুঃ।

াক্তিতা ১৯শ বর্ষ, বার্থন সংখ্যা ক্রিয়া

বিস্তৃত ছিল। দিখিজয়-প্রকাশ নামক[া]প্রাচীন গ্রন্থে *** ইহা**র এইরূপ সীমা নির্দ্ধির হইয়াছে ঃ---

> "ভাগীরথাাঃ পূর্বভাগে দ্বিষোজনতঃ পরে। পঞ্চযোজনপরিনিতো ছাপবঙ্গো হি ভূমিপ॥ উপবঙ্গে যশোরাদিদেশাঃ কানন-সংযুতাঃ। জ্ঞাতব্যা নুপশাদি,ল বহুলাস্থ নদীযু চ॥"

এই বহু নদনদী-সময়িত কাননসংযুক্ত বিস্তীর্ণ প্রাচীন উপবঙ্গ-প্রদেশ বঙ্গদেশেরই একাংশ ছিল। ইংাই বৌদ্ধযুগে সমতট ও সেন-রাজ্বকালে বাগ্ড়ী আধা পাইয়াছিল। আমাদের আলোচ্য কানন-কুন্তলা যশোহর-খূল্না এই উপবঞ্জের এক প্রধান অংশ। যশোহর ও খূল্নার উৎপত্তি জানিতে হইলে, উপবঞ্জের উৎপত্তির ইতিবৃত্ত সঙ্কলন করিতে হইবে।

উপবন্ধ একটি প্রকাণ্ড দ্বীপ। ইহা এক্ষণে একটি দ্বীপ হইলেও পূর্ব্বতন অসংখা দ্বীপের সমষ্টি। সব দ্বীপগুলিই গঙ্গার পলি হইতে উৎপন্ন। তাহাই ব্রাইবার জন্মই পূর্ব্বে গঙ্গার গতিপথের বিবরণ দিয়াছি। হিমালয়ের উপরে ও পাদদেশে গঙ্গার বেগ অত্যন্ত অধিক। বত সমতল ক্ষেত্রে আসিতে থাকে, গঙ্গার বেগ তত কমিতে থাকে; তৎপরে বামে দক্ষিণে বহু শাখা বিস্তার করিয়া অগ্রসর হইতে হইতে বেগ আরও মন্দীভূত হইতেছিল। এইরূপে জল কতকটা স্থির হইলে উহাতে যে বহুল পর্কত-রেণু মিশ্রিত থাকে, তাহা নিমে পতিত হইয়া ভূমি গঠন করে এবং ক্রমে দ্বীপের উত্তব হয়। বর্ষার সময়ে গঙ্গার জলে এই গৈরিক-রেণু এত অধিক থাকে, যে জল রক্তাত হইয়া যায়। উহার তৎকালীন বর্ণকেই গৈরিক রহু বলে। গঙ্গার গাত্র-রহু ভারতবাদীর বড় প্রিয় বস্তু। গঙ্গার ক্লে বা সন্নিকটে যাহারা বাস করেন, প্রত্যহ গঙ্গামান করিতে করিতে তাঁহাদের বন্ধ্র গৈরিক বর্ণ ধারণ করে। গঙ্গাকুলে বাস এবং গঙ্গামান এদেশে এত গৌরবের যে সাধুসন্নাদিগণ গঙ্গা হইতে দ্বে থাকিলেও তাঁহাদের সমস্ত

দিখিলয়প্রকাশ এক বিরাট গ্রন্থ। বিশ্বকোষ-সম্পাদক শ্রীপুক্ত নরেক্রনাথ বহু
সহাশয়ের বিধ্যাত লাইবেরীতে ইহার হন্ত লিপিড পুঁথি বিক্ষন্ত হইয়াছে। ইহা প্রকাপাদিতোর
আবির্ভাব সময়ে বা তাংার প্রাকালে কবিরাম নামক এক পণ্ডিন্ত কর্ত্বক লিখিত হয়।

ব্যবহার্য্য বস্ত্রাদি গিরিমাটী দ্বারা গৈরিক বর্ণ করিয়া লন। এই গৈরিকের সহিত বালুকা মিশ্রিত হইয়া, এদেশের উর্জ্বতন মাটার বর্ণ প্রকাশ করিয়াছে।

নিম্ন বঙ্গে থাকিয়া গঙ্গাজলের গৈরিকে দ্বীপ স্ফুট করিয়াছিল, এবং গঙ্গা এইরপে দ্বীপের পর দ্বীপ স্ঞ্জন করিতে করিতে সমুদ্রাভিমুখী হইরাছিলেন। নবনিন্মিত দ্বীপদকলের যেমন নামকরণ হইতে লাগিল, উহাদের নামের সহিত অনেক স্থানে দ্বীপ বা দ্বীপবোধক শব্দ যক্ত হইয়া থাকিতে লাগিল। ঘটক-কারিকা এবং বৈষ্ণৰ প্রস্থাবলীতে এই সকল দ্বীপের বিবরণ ও সীমা দেওয়া হইয়াছে। দেনরাজগণের সময়ে যথন নবদীপে রাজধানী ছিল, তথন সেই নবদ্বীপ রাজ্য গঙ্গা-গর্ভোথিত বহু সংখ্যক দ্বীপমালায় বিভক্ত ছিল : * ইহার মধ্যে ১২টি দ্বীপ প্রধান। ঐ বার্টির মধ্যে নবদ্বীপ একটি এবং সেই নবদ্বীপ পুনরায় নয়টি দ্বীপের সমষ্টি। † প্রধান বারটির অক্তান্ত দ্বীপের মধ্যেও ছুই একটি করিয়া থণ্ড দ্বীপ আছে। স্কুতরাং দ্বীপের সংখ্যা অনেক। চর হইতে যথন ভূমি উচ্চ হইয়া, ক্লবি ও মন্ত্র্যাবাদের উপযুক্ত হয়, তথনই উহার নাম-করণ হয়। হয়ত কোন দ্বীপের এইরূপ নামকরণ হওয়ার পূর্ব্বেই উহা অন্ত দীপের সহিত মিলিয়া নিজের অন্তিত্ব হারাইয়া ফেলে। এভাবেও অনেক দীপের নাম আমরা জানিতে পারি নাই। এই জানিত ও অজানিত বহু সংখ্যক দীপের সমষ্টি লইয়া গাঙ্গের উপদ্বীপ গঠিত হইয়াছে। উহার সমস্ত স্থানের ভৌম প্রকৃতি হইতেও ঐ একই কথা প্রতিপন্ন হয়।

পূর্ব্বেই বলা হইয়াছে প্রাচীন নবদ্বীপ রাজ্য প্রধানতঃ দ্বাদশটি দ্বীপে বিভক্ত।
আনরা প্রথমতঃ ভাগীরথীর প্রবাহপথে উহাদের মধ্যে কতকগুলির অবস্থান
নির্ণয় করিব। ভাগীরথী-পথে মুর্শিদাবাদ অঞ্চলে কতক দূর আগিলে সর্ব্বায়েই

গঙ্গাগৰ্ভোপিতে। খীপো খীপপুকৈৰ্বহিষ্তিঃ। প্ৰতীচ্যাং হক্ত দেশক্ত গঙা ভাঙি নিষম্ভরম্। এড়ুমিশ্ৰের কারিকা।

"নম্নন্তীপে নবছীণ নাম, পৃথক্ পৃথক্ কিন্ত হয় এক গ্রাম।"
নরহার চক্রবান্তি কৃত "নবছীণ পরিক্রমাণ

নবগটিত ব। নৃতন দ্বীপ বলিয়া নবৰ'পের নামকরণ ইইর'ছে বলিয়া বে আছে একটি মত আছে, তাহা প্রাফ বলিয়া বোধ হর না। "নবীগকাহিনী''—গুঃ।

 (১) অগ্রন্থীপ। উহারই মধ্যাংশের নাম (ক) কণ্টক দ্বীপ বা কাঁটোয়া।* তৎ-পরেই (২) নবদ্বীপ আরম্ভ। ইহা আবার ১টি থও দ্বীপের সমষ্টি। অগ্রাদীপ ছাডিয়া আদিলেই বর্ত্তমান ভাগীরথীর উভয় পারে মাজদিয়া অঞ্চল লইয়া (ক) মধ্যদ্বীপ: একট দক্ষিণে আদিয়া ভাগীরথীর পূর্ব্বপারে (খ) সীমস্ত দ্বীপ -- কাদিয়া ডাঙ্গা, বিলপুষ্করিণী (বেলপুক্রিয়া) ও সরভাঙ্গা প্রভৃতি স্থান ইহার অন্তর্গত। এই স্থানে ধর্ম্ম নামে নুপতি ছিলেন, তাঁহার নামান্ত্রপারে ধর্ম্মদীপ বা ধর্ম দহ † হইয়াছে। সীমন্ত দ্বীপ ছাডিয়াই ভাগীরথীর পশ্চিম পারে (গ) রুদ্রদীপ। পর্বান্তলী, শঙ্করপুর, রাত্রপুর বা রুদ্রভাঙ্গা ইহার অন্তর্গত। পূর্বান্তলী বিখ্যাত স্থান। সম্ভবতঃ এইস্থানে স্থলভাগ প্রথম জাগিয়া ছিল এজন্ম ইহার নাম পূর্বস্থলী। কুদ্রদীপ ছাড়িয়া একটু দক্ষিণে আদিলেই পূর্ব্ব পারে ভাগীরথীর চক্রাকার প্রবাহের অন্তর্ভাগে (ঘ) অন্তর্নীপ এবং পশ্চিম পারে (ঙ) মোদজ্রম দ্বীপ। মায়াপুর বা মিঞাপুর এবং ভাকইডাঙ্গা প্রভৃতি স্থান ইহার অন্তর্গত। মায়াপুরে তৈত্ত দেবের জন্ম হইরাছিল। অন্তর্বীপেই প্রাচীন নবদীপ রাজধানী ছিল। এথন সেনরাজগণের বিস্তীর্ণ রাজধানীর **ভগ্নস্ত**ূপ ও বল্লাল-দীঘি **পূর্ব্ব** পরিচয় প্রদান করিতেছে। পশ্চিম পারে একডালা, মহৎপুর প্রভৃতি স্থান মোদ-ক্রম দ্বীপের স্থান নির্দেশ করিতেছে। উহারই দক্ষিণে (চ) জহ্ন দ্বীপ বা জান-মগুর প্রভৃতি স্থান। ইহা বর্ত্তমান নদীয়া সহরের উত্তর পশ্চিম কোণে অবস্থিত। জ্বন্দ্রীপের দক্ষিণাংশে (ছ) ঋতুদীপ; রাউতপুর, বিভানগর প্রভৃতিস্থান। ‡ ভাগীরথীর অপর পারে গাদিগাছা, স্থবর্ণবিহার প্রভৃতি স্থান শইয়া (জ) গোক্রমন্বীপ এবং ঋতৃদ্বীপের দক্ষিণাংশে সমুদ্রগড় প্রভৃতি স্থান লইয়া প্রাচান (ঝ) কোলদ্বীপ। এই নয়টি দ্বীপ লইয়া নবদ্বীপ।

 [&]quot;অগ্রদ্বীপস্ত মধ্যাংশঃ কণ্টক ইতি কব্যতে"—এড় মিশ্রের কারিকা।

^{† &#}x27;ধর্মনামা নৃণক্তস্ত কেলরী রান্নি সংক্রিক:।
অন্ত বিপনা রাজা বন্দকাগ্রমীপরোক্ত সঃ । এড় মিল্র।

[্]টু ইবারই সরিকটে মহা কবি কালিদাসের জন্মস্থান ছিল ব'লিরা কেছ কেছ প্রমাণ করিবারী চেষ্টা পাইতেছেন।

নবদীপ ছাড়িয়া ভাগীরথী-পথে দক্ষিণে আসিলেই (৩) মধ্যদীপ। * উলা বা বীরনগর, শান্তিপুর প্রভৃতি বিখ্যাত স্থান ইহার মধ্যবর্তী। মধ্যদীপের পরেই (৪) চক্রদীপ বা চাকদহ। ইহার উত্তর ভাগে দেবগ্রাম, মধ্যস্থানে শ্রীনগর ও দক্ষিণে কুমারহট্ট নামক প্রসিদ্ধ স্থান। চক্রদীপ প্রধানতঃ যমুনা পর্যান্ত বিভৃত। যমুনা হইতে দক্ষিণদিকে কালীঘাট পর্যান্ত (৫) এড়ু দ্বীপ বা এঁড়েদহ। খড়দহ বা ভৃগদ্বীপ এবং শিয়ালদহ বা শিবাদহ (শিবাদীপ) এই এড়ু দ্বীপের অন্তর্ভুক্ত। দকালীঘাট হইতে আরম্ভ করিয়া গন্ধার সমুদ্রসন্ধ পর্যান্ত সমন্ত দক্ষিণ ভাগকে (৬) প্রবালদ্বীপ বলে। জন্মনগর, পলাবাটী ইহার মধ্যবর্তী। ইহা হইতে দেখা যাইতেছে যে প্রাচীন নবদীপ রাজ্যের অন্তর্গত ছয়টি দ্বীপ গন্ধার প্রধান প্রবাহ ভাগীরথী দ্বারা উৎপন্ন হইয়াছে। অপর ছয়টি দ্বীপ ইহাদেরই পূর্বভাগে অবহিত।

চক্রদ্বীপের পূর্বভাগে (৭) কুশদীপ বা কুশদহ। "সোহপি দ্বীপো মহাদীর্ঘ ইচ্ছাপুরদমন্বিতঃ।" ইহা একটি প্রধান দ্বীপ এবং এথানে প্রবল সমাজ ছিল। ‡ গোবরডাম্বা, ইচ্ছাপুর, খাঁটুরা, জলেশ্বর প্রভৃতি প্রসিদ্ধ স্থান ইহার অন্তর্গত। চবিবশ পরগণার বিদির হাট, খুল্নার দাতক্ষীরা ও বশোহরের বনপ্রামের অংশ লইরা এই দ্বীপ গঠিত হইয়াছিল। কুশদীপের উত্তর ভাগে এবং মধ্যদীপের পূর্বাদিকে (৮) অন্ধূদীপ অবস্থিত। চৌগাছা, যাদবপুর, বোধথানা, কাগজপুকুরিয়া, সারশা, গদথালি, লাউজানি, কেশবপুর প্রভৃতি স্থান এই অন্ধূ বা আঁধার দ্বীপের অন্তর্গত। এথনও চৌ-গাছার উত্তর পশ্চিম কোণে আঁধার কোঠা পূর্ব্ধ নামের

"কুণৰীপ মহাৰীপ নবৰীপ নিবাসিনঃ সিদ্ধান্ত ১ৰ্কসিদ্ধান্তে শিরোমণি সন্ধিং

নবছীপ যে নয়টি ছাপ লইগা গঠিত তাহায়ও একটির নাম মধাছীপ এবং প্রাচীন
নবদাপ-য়াল্য বে ছালশ দীপের সমষ্টি তাহায়ও একটি মধাদীপ। এই উভয় মধাদীপ পুনক্
হান। কেহ কেহ উভয়কে এক ক্রিয়া ফেলিয়াছেন। "সম্জনির্গর, উপসংহায় ৭২০ পুঃ।
"কুলনহ" পতা আহিন, ১৩১৮, ১২২ পুঃ।

^{† &}quot;বড়দহ, তৃণৱীপ, এড়ু হীপ জংল''—ঘটক কালিকা। "সম্বন্ধনিশীর, ৭০: পুঃ; "বমুনা পূর্বাসীমারাং গঙ্গা বদ্য পুরুছিত।'' :— এড়ু মিজ।

[‡] নবৰীপের প্রসিদ্ধ নৈরায়িক রতুনাথ শিরোমণি মিথিলানিবানী বিধ্যাত পশ্চিত পৃক্ষবর্
মিপ্রের নিকট বে আত্মপারিত বিরাছিলেন, তাহাতে কুশবীপকে একটি মহাবীপ বলিষ্টাছেন
মধা:—

স্থৃতি জাগাইয়া রাথিয়াছে। যশোহর জেলার বর্তমান সারশা ও কেশবপুর থানা লইয়া এই দ্বীপ গঠিত ছিল।

(৯) বৃদ্ধনীপ বা বুঢ়ান। ইহা অনু দ্বীপের দক্ষিণ ও কুশ্বীপের পূর্বভাগে অবস্থিত। ইচ্ছামতী নদীর পূর্ববিদ্ধান ইহতে আরম্ভ করিয়া সোজা কেশব পুরের দক্ষিণভাগ দিয়া পূর্বেরির মুথে বর্ত্তমান খুল্না দিয়া বলেশ্বর নদী পর্যান্ত বিস্তৃত।
শাতক্ষীরা ও খুল্না সদর উপরি ভাগের অধিকাংশ এই বৃদ্ধনীপের অন্তর্গত। এখনও সাতক্ষীরা সহরের উত্তর পশ্চিমাংশে যমুনা ইচ্ছামতী হইতে কপোতাক্ষী পর্যান্ত বিস্তৃত প্রকাণ্ড বুঢ়ান পরগণা পূর্ববিদ্ধান দ্বীপের স্থান নির্দেশ করিতেছে। মোটামুটি বলিতে গেলে প্রাচীন যশোর রাজ্যের পূর্বাংশে বুঢ়ান দ্বীপ, পশ্চিমাংশে প্রধানদিশি এবং উত্তরাংশে কুশ্বীপ ছিল। বর্ত্তমান সময়ে বুঢ়ান, ভালুকা, দাতিয়া, ধলিসাথালি, সাহস, খালিসপুর ও বেলফুলিয়া এই কয়েকটি প্রধান পরগণা বৃদ্ধনীপের অধিকত। সাতক্ষীরা, কুমিরা, তালা, শোভনা ও সেনহাটি বৃদ্ধীপের পুরাতন নগর।

(১০) হর্যাদীপ। অন্ধূদীপের পশ্চিমোতর হইতে আরম্ভ করিরা বৃদ্ধদীপের উত্তর ভাগে মধুমতী বা বলেশ্বর পর্যান্ত বিস্তৃত প্রকাণ্ড দীপের নাম হ্র্যাদীপ। ইহার প্রাচীন নাম বোগীক্রদীপ ছিল, পরে মহারাজ বল্লাল সেন একটি অস্তৃত কার্যোর পুরস্কারশ্বরূপ হর্যানারায়ণ নামক একজন কৈবর্ত্ত ধীবরকে যোগীক্রদ্দীপের যে অংশ দান করিয়াছিলেন তাহাই হ্র্যাদীপ হয়। + এখন কিন্তু বিপরীত হ্র্যাদ্ভ। সমস্ত দ্বীপটিকে হ্র্যাদীপ বলা হয় এবং উহা তিন অংশে বিভক্ত।

**

 [&]quot;বৃদ্ধদীপো বৃহৎকালে যদা গর্ভে বলেশবঃ"—মিল্রকারিক।।

[†] দেনরাজত প্রসক্ষে ও মহেশপুরের বিবর্গতে মথাস্থানে এ ঘটন। বিতৃত হইবে।
মহেশপুরে স্থারাজার পরিধা-বেষ্টিত বাঙা এখনও "স্থার বেড়" নামে গভার জললাবু ছ ইয়া
রহিলাছে। "আর্থাবর্ত" ১০১৯। আর্থিন, "মহেশপুরের স্থারাজা" প্রবন্ধ দ্রষ্টবা।

ইচ্ছামতী হইতে কণোতাক্ষ পর্যান্ত ভৈরব নদের উভয়ক্লে মহেশপুর প্রভৃতি স্থান লইয়া যোগীন্দ্রদীপ, কপোতাক্ষ হইতে চিত্রা পর্যান্ত লাটদ্বীপ এবং চিত্রা হইতে মধুমতী পর্যান্ত পূর্বাংশ কল্পদীপ। বনগ্রানের উত্তরাংশ লইয়া যোগীন্দ্রদীপ, মহেশপুর ইহার প্রধান নগর, তথার কৈবর্জজাতীর হর্যা রাজার রাজধানী ছিল। * যশোহর সদর উপবিভাগের অধিকাংশ লইয়া লাটদ্বীপ। বারবাজার, মুড়নী, থাজুরা প্রভৃতি প্রাচীন স্থান লাটদ্বীপের অন্তর্গত। পূর্ব্বে এ জংশে লাট্রদিয়া পরগণা ছিল। চিত্রা হইতে বলেখর পর্যান্ত বিভৃত জংশকে কল্পদীপ বিলত। ইহারই দক্ষিণ সীমার বৃদ্ধদীপ। কল্পদীপের তৃইটি জংশ; চিত্রা হইতে উত্তর দিকে নবগঙ্গা পর্যান্ত এক জংশ; প্রাচীন কাঁকদি পরগণা তাহার মধ্যবর্ত্তী; লক্ষ্মীপাশা প্রভৃতি প্রাচীন স্থান ঐ জংশের অন্তর্গত। চিত্রা হইতে একদিকে ভেরবের অপর পার এবং মন্তর্দিকে মধুমতী পর্যান্ত অন্ত ভাগ; ইহারই মধ্যে চেমুটিয়া পরগণা। চেমুটিয়া, জগন্নাথপুর (সেথহাটি), নড়াইল, কালিয়া প্রভৃতি এই অংশের মধ্যে অবস্থিত।

(১১) জয়দীপ—নবদীপের পূর্বভাগে, হর্যাদীপের উত্তরাংশে, পূর্ব্বদিকে মধুমতী পর্যান্ত বিস্তৃত, উত্তরে গড়ই দ্বারা সীমাবদ্ধ, নবগঙ্গার পূর্ব্বকূলবর্ত্তী বিত্তীর্ণ প্রদেশ জয়দীপ। জয়পুর, জয়নগর, জয়রামপুর প্রভৃতি স্থান ইহার পূর্ব্ব পরিচয় দিতেছে; মহম্মদপুর, বিনোদপুর, নহাটা প্রভৃতি বিথাত স্থানসমূহ এই দীপের মধ্যবর্ত্তী। পদ্মা হইতে গঙ্গা-সলিল লইয়া যশোহরে যে নবগঙ্গা প্রবাহিত হইয়াছিল, গঙ্গার মত তাহারও দ্বীপ গঠনের যথেষ্ট ক্ষমতার পরিচয় আছে। কুমার নদ হইতে বহির্গত হওয়ার পর কিছুদ্র দক্ষিণে আসিয়াই আলুপদিয়া, সিরিজদিয়া (শিরীষদীপ),ঝাকড়দিয়া, নলদী (নলদ্বীপ) – সকল গুলিই এই জয়দ্বীপের অস্তর্গত।

(১২) চক্রদ্বীপ—খূল্না জেলার পূর্ব্বাংশ এবং বরিশাল জেলার দক্ষিণাংশ লইয়া গঠিত প্রেসিদ্ধ বাকলা রাজ্য। +

মহেশপুরে স্বারাজার বে ছুইটি পুরুরিণী আছে, তাহার একটি বোণীল ও অকটি বে গিনীবছ নাবে খ্যাত।

[&]quot;মধ্মতাঃ পূর্বভাগে লোহিতাসা পশ্চিমে চ আসমূল ইচ্ছামতী বিভূতমিদং শীপদেশং" ।৩১॥ ্র বেবংশ পুরি । "পূর্বসিন্ একপুত্রশচ ইচ্ছামতী তথেছেরে মধুমতিঃ পশ্চিমে চ সমুদ্রশ্বিশে তথা" মহাবংশাবলী।

এ পর্য্যন্ত আমরা যে ঘাদশটি দ্বীপের নামোল্লেখ করিলাম. তন্মধ্যে অগ্রদ্বীপ ও নবদ্বীপ ভাগীরধীর উভন্ন পারবর্ত্তী এবং তদ্বাতীত সবগুলিই ভাগীরধীর পূর্ব্ব-ভাগে সংস্থিত। নবদীপ হইতে দক্ষিণে আসিয়াও ভাগীরথী পশ্চিমপারে দ্বীপ-গঠন করিয়াছেন, তবে সংখ্যায় অল্প এবং সবগুলি সংকীর্ণ। কারণ সে দিকে মুদ্ধ রাজ্য বা দক্ষিণ রাড় অতি প্রাচীন কাল হইতে ছিল। তজ্জ্য স্ক্রণ রাজ্যের দক্ষিণ ভাগে দামোদর ও গঙ্গার মধ্যস্থলে কয়েকটি দ্বীপের উদ্ভেদ হয়। ষেখানে এক্ষণে ৮ তারকেখরের মন্দির অবস্থিত, উহার পূর্বনাম ছিল সিংহলদ্বীপ: ইহারই সন্নিকটে সিম্বর বা সিংহপুর। প্রবাদ এই, সেথানে পূর্ব্বে সিংহবাছ রাজা বাদ করিতেন। তৎপুত্র বিজয়সিংহ সমুদ্র-পথে লঙ্কা বা তাত্রপর্ণী দ্বীপে গিয়া তাহা জন্ম করিয়া দিংহল নাম রাথেন, এখনও সেই নাম চলিতেছে। সিঙ্গুরে সিংহের ভেডী, রতনপুর (রত্বমালার ঘাট), দক্ষিণ মশাট (মশান) প্রভৃতি গ্রামগুলি প্রর্মশ্বতি জাগাইয়া দেয়। সিংহদিগের রাজত্বস্থান যে পূর্ব্বে একটি দ্বীপ ছিল, এবং প্রথমে তাহারা তথায় রাজ্য প্রতিষ্ঠার সময় উহার সিংহলদ্বীপ নাম রাথেন, তাহা প্রচলিত গান ও কবিতা হইতে জানা যায়। * পরে বিজয়সিংহ যথন লঙ্কাদ্বীপে বিজয়পতাকা উড্ডীন করেন, তথন নিজের বাসভূমির আদর্শে তাহারও নাম সিংহলদ্বীপ রাঝেন, ইহাই সঙ্গত বলিয়া মনে হয়।

এইরূপে গঙ্গার এপারে ওপারে এবং উহার বহুশাথার ছুইপারে ধারে ধারে প্রাচীনকালে অসংখ্য দ্বীপের স্থষ্ট হইরাছিল। সমগ্র বঙ্গাদেশ এই অসংখ্য দ্বীপের সমষ্টিমাত্র। মিসর বা প্রাচীন মিশ্রদেশের অধিকাংশ ঘেমন নীল নদী হইতে উৎপন্ন হইরাছিল বলিয়া তাহাকে নীল নদীর প্রদত্ত ফল (the gift of the Nile) বলিয়া উল্লিখিত হয়, বঙ্গভূমিও সেইরূপ গঙ্গার প্রদত্ত দল (the gift of the Ganges) বলিয়া কথিত হইতে পারে। আমাদের আলোচ্য ঘশোহর ও খুল্না জেলা এই প্রাচীন বঙ্গের অংশমাত্র। উহাও অসংখ্য দ্বীপের সমষ্টি।

"বন্দিলেন বনের মধ্যে ক্ষেপা পঙপতি
চারিদিকে জলা জলল থাগড়ার বসতি;
মধ্যেতে সিংহল্ডীপ অভি মনোহর
তা'র মধ্যে বিরাজেন প্রস্তু তাঃকেখ্য।"
কুশহীপকাহিনী (শ্রীদ্রুপাচরণ রাক্ষত সংগৃহীত) ৩৬ পুঃ
"গৌডের ইতিহাস", ২র পণ্ড, ১৪৮ পুঃ।

আমরা পূর্ব্বে যে দ্বাদশটি দ্বীপের উল্লেখ করিয়াছি, তন্মধ্যে কুশদ্বীপের অধিকাংশ. বুদ্ধদীপ, অন্ধূদীপ, সূর্যাদীপ ও জয়দীপের সম্পূর্ণাংশ, এবং চন্দ্রদীপের কতকাংশ লইয়া যশোহর খুল্না গঠিত। তবে এই ছই জেলার সীমা ইহা অপেক্ষাও বিস্তৃত। স্বর্যাদীপের উত্তরে, নবদীপ ও জন্মদীপের মধ্যস্থলে যশোহর জেলার ঝিনাইদহ অঞ্চল কোন দ্বীপের অন্তবর্ত্তী ছিল, তাহা স্পষ্ট জানা যায় না। ঝিনাই দহ নামেও একটি দ্বীপের কথা ব্যাইয়া দেয়: শুধ ঝিনাইদহ নহে, এ অঞ্চলে ফেনদহ, অঙ্গারদহ, * অজয়দহ, কল্যাণ্দহ, সাগ্রদহ, মধুদহ, রূপদহ-প্রভৃতি দহ-সংযুক্ত বহুস্থান প্রাচীন দ্বীপ সংস্থানের পরিচয় দিতেছে। ইহা ব্যতীত বৃদ্ধদ্বীপ বা বুঢ়ানের দক্ষিণে অপেক্ষাকৃত আধুনিক সময়ে বছদ্বীপের স্ঠি হইয়া স্থন্দর্বন অঞ্চলকে অনেকদুর দক্ষিণে বিস্তৃত করিয়া দিয়াছে। পূর্ব্বে দে সব অঞ্চলে লোকের বসতি ছিল না. এখনও তাহার অনেকস্থান বাসোপযোগী হয় নাই। এজ্ঞ প্রাচীন কারিকাদি গ্রন্থে দে সকল স্থানের কোনও বিশেষ বিবরণ পাওয়া যায় না। বুদ্ধদীপ দক্ষিণ পশ্চিম কোণ হইতে পূৰ্ব্বোত্তর দিকে কোণাকোণিভাবে অবস্থিত। উহার পূর্ব্বপ্রান্তস্থিত বলেশ্বর বা বড় গঙ্গার অপর পারেই চন্দ্রদ্বীপ। পর্কে চন্দ্রদীপ রাজ্য বলেশ্বরের উভয়পারে বিস্তৃত ছিল, অর্থাৎ বর্ত্তমান খুলুনা জেলার বাগেরহাট উপবিভাগের অধিকাংশ চন্দ্রদ্বীপের অধিকত ছিল। চন্দ্র-দ্বীপ অতি প্রাচীন রাজ্য। বর্ত্তমান বাকলা রাজবংশের পূর্ব্বপুরুষ খৃষ্টীয় পঞ্চদশ শতান্দীর প্রারম্ভে এথানে রাজ্যসংস্থাপন করেন বটে, কিন্তু তাহার পূর্ব্বেও চন্দ্র-দ্বীপের অন্তিত্বের পরিচয় পাওয়া যায়। ধ্রুবানন্দ মিশ্রের প্রাচীন কারিকা হইতে জানা যায় যে আদিশুর চন্দ্রদ্বীপ জয় করিয়াছিলেন। † চন্দ্রদ্বীপ পুর্বেষ জলমগ্ন ছিল, পরে মহাদেবের ললাটাগ্নিতে জল শুষ্ক হইলে দ্বীপের উদ্ভেদ হয়। 🛨 এই

প্রিক্ষা চ বেছি রা গাংগুণা গৌড়াধিপান বলাং।
তামলিপ্তি: তথা চন্দ্রবীপং শীংট্রসংজ্ঞকন্। নিজ্ঞকারিকা।
চন্দ্রবীপে পুরা বিপ্রান্তোরপূর্বা চ ভূমিকা।
মহাদেবপ্রসাদেন গুলা ভূজা, হি মুন্তিকা।
ললাটানলনাহেন বিলীনং ছি শুলাং বহু।
ফুলীভূতা চ পৃথিবী শৈবানাং হুণক্রিকা।
মেখনাবপূর্বভাগে পশ্চিমে চ বলেম্বরী।
ইন্দ্রিপুরী বক্ষনীয়া দক্ষিণে ক্ষশ্ময়ন্ত্র্যু

শ্রীবন্ধনাথ ভট্টাচার্য প্রণীত "দেবল রায়" নামক গ্রন্থে ফেনদহ ও অলায়দহের বিবরণ ভাছে। উক্ত গ্রন্থের ভূমিকা ৮০ পৃঠা ক্রইব্য।

ললাটাগ্নির অর্থ ভূমিকম্প বলিয়াই বোধ হয়। * বাক্লার অধিপতি মহারাজ দমুজ্ঞমর্দ্দন দেব এইস্থানে রাজ্য সংস্থাপনের পূর্ব্বে চক্রদ্বীপ অনেক বার উঠিয়াছে পড়িয়াছে। কেহ কেহ অনুমান করিয়াছেন যে এবম্বিধ চন্দ্রকলাবৎ হ্রাস বৃদ্ধিই চক্রদ্বীপ নামের উৎপত্তির কারণ। । চক্রদ্বীপের পশ্চিম ও ব্রদ্ধদ্বীপের দক্ষিণে মধুৰীপ বা মধুদিয়া। ইহাও ক্রমে দক্ষিণ্দিকে বৃদ্ধি পাইতেছিল। এই জন্ত ইহার নবোত্থিত দক্ষিণাংশকে পার মধুদিয়া বলে। মধুদ্বীপের পশ্চিম গাত্রে রঙ্গদ্বীপ বা রাঙ্গদিয়া। ইহাও ভৈরব হইতে উথিত একটি বিখ্যাত দ্বীপ। খুলনা জেলার বাগের হাট সবডিভিসনে এখনও মধুদিয়া ও রাঙ্গদিয়া বিস্তৃত প্রগণা বিজ্ঞমান রহিয়াছে। রাঙ্গদিয়ার পশ্চিম পার্ম্বে বুদ্ধনীপের দক্ষিণে বাহিরদিয়া বা বহিন্দীপ একটি অতি প্রকাণ্ড গণ্ডগ্রাম। বাগেরহাটের কাছে কালদিয়া, জয়দিয়া প্রভৃতিও পূর্ব্বাবস্থার ইন্মিত করে। এইরূপে মধুমতীর কূলে কোড়কদি ও মাণিকদহ, কপোতাক্ষকূলে আগর দাঁড়ী (অগ্রদণ্ডী), সাগর দাঁড়ী (সাগর দণ্ডী), ধানদিয়া (ধনদ্বীপ) এবং স্থন্দর বনের মধ্যে গিয়া অসংখ্য মাদিয়া বা মধ্যবর্তী দ্বীপ, সমস্ত উপদ্বীপ যে অসংখ্য দ্বীপের সমষ্টি তাহারই সমর্থন করে। এই বিস্তত আলোচনা হইতে বুঝা যাইতে পারে যে সমগ্র উপবঙ্গের মত যশোহর ও খুল্না প্রথমতঃ ক্তকেপালি দীপের সমষ্টিমাত ছিল।

বাঙ্গালার পুরাবৃত, প্রথমভাগ, ১২ পৃঠা।

চক্রমীপসা সীমাগাং রত্নাকরো বিরাশ্বতে। চক্রমৎ ক্ষীয়তে অন্য চক্রমমর্মতে বৃপুং॥ তস্য তদ্পণযোগেন চক্রমীণ ইতি স্মৃত:।" এড়ুমিক্রের কারিকা।

দ্বিতীয় পরিচ্ছেদ দ্বাপের প্রকৃতি।

উপবন্ধ যে সকল দ্বীপ লইয়া গঠিত হইয়াছিল, উহারা লোকের বসতিহেতু ক্রমে নানা প্রামে বিভক্ত হইয়া পড়ে। ঐ সকল নামের সহিত দেশের সাধারণ প্রকৃতির একটা ইতিহাস প্রচ্ছন রহিয়াছে। স্ক্রভাবে পর্যালোচনা করিলে আমরা দেখিতে পাই, এই যশোহর ও খুল্নার প্রাম সমূহের নামের পূর্বের বা পরে কতকগুলি পরিচয়ায়্মক শব্দ আছে। উহাদের মধ্যে বিশিষ্ট-গুলিকে আমরা এইভাবে সাজাইয়া রাখিতে পারি, যথা — দোহা, ঘোনা, মোহানা, থালি, ডাঙ্গা, কূল, দাঁড়ী, ঘাটা, দিয়া, দহ, চর, চক, বুনিয়া, কাটি, আবাদ, পোল, কোল, মারা, থোলা, থাদা, গাতি, মহল, তলা, তলী, গাছা, গাছি, গ্রাম, পূর, নগর, ঘর, বাড়ী, বাড়িয়া, পাড়া, পাণা, ভোগ, কুণ্ড, হাট, হাটি, খানা, কদ্বা, গঞ্জ। বোধ হয়, এই ছই জেলার চৌদ্ধ আনা গ্রামের শেষে ইহাদের কোন না কোন শব্দ আছে। তাহা হইতে ঐ সকল স্থানের পূর্বাবস্থার আভাস পাইবার স্থবিধা হয়।

এতদঞ্চল প্রথমতঃ জলে মগ্ন ছিল; পরে ভূমি গঠন হইতে থাকে;
নবোথিত ভূমিভাগ চিহ্নিত করিতে কোন দোহা বা আবর্ত্ত, বোনা বা নদীর
বাক এবং মোহানার নিদর্শনে স্থানের নাম হইতে থাকে। সাগরদোহা,
গোরী ঘোনা, মাগুরাঘোনা, ত্রিমোহিণী প্রভৃতি নামের ইহাই উৎপত্তির
কারণ হইতে পারে। যথন দ্বীপ জাগিয়া উঠিতে লাগিল, তথন সেই চর সকল
মধ্যবর্ত্তী জলভাগ অর্থাৎ গাঙ্গ বা থালের নামে পরিচিত হইল; যেমন দিগঙ্গা,
গাঙ্গনী, চাঁদখালি, গদখালি, খলিসাখালি প্রভৃতি। যথন নদীর কূলে উচ্চজমি
বা ডাঙ্গা জামিল, তথন "ডাঙ্গা" দিয়া অসংখা গ্রামের নাম হইতে লাগিল;
যেমন নলডাঙ্গা, গোবরডাঙ্গা, ব্রাহ্মণডাঙ্গা। যথন দ্বীপ পরিকার হইয়া উঠিল,
তথন "দিয়া" ও "দহ" দ্বারা নাম চলিল; রাক্ষদিয়া, ধানদিয়া, ঝিনাইদহ,
বাশদহ। যেথানে ছই দিকে জলের ভিতর চরের উপর লোকের বাঙ্গী হইল,
তথন সে স্থানের নাম হইল দিয়াড়া। এ ছই জেলার অনেকগুলি দিয়াড়া
আছে। চর সকল বিভিন্ন চক বা অংশে বিভক্ত হইয়া, লোকের কয়মন্ত
ইইতে লাগিল, তথন "চর" ও "চক" গ্রামের নামে গ্রন্থিত হইমা ইছিল;

যেমন, চরকাটি, বকচর, চাকদহ, চকশ্রী (চাকসিরি)। ক্রমে স্থানে স্থানে জমিতে জঙ্গল জমিয়া 'বুনিয়া' হইতে লাগিল; যথা বুজবুনিয়া, তালবুনিয়া। এই জঙ্গল কাটিয়া লোকে ঘথন আবাদ করিতে লাগিল, তথন 'কাটি' ও 'আবাদের' ছড়াছড়ি হইল; মামুদকাটি, কাটিপাড়া, চূড়ামণকাটি। খুল্না ছাড়াইলে বরিশাল জেলায় প্রধান প্রধান স্থানের নাম অধিকাংশই কাটি সংযুক্ত। রায়েরকাটি: ঝালকাটি, সিদ্ধকাটি, কাটির আর অবধি নাই। যাহারা কোন-স্থানে প্রথমে "কাটির আবাদ" করিয়া অর্থাৎ জন্মল কাটিয়া বসতি পত্তন করিয়াছিল, তাহাদিগকে সাধারণ কথায় 'কাটকাটা বাসিন্দা' বলে। এই সকল লোকের চেষ্টায় ইমাদাবাদ, আমীরাবাদ, নয়াবাদ, প্রভৃতি অসংখ্য বনভূমি আবাদ হইল এবং আবাদ সকল বাঁধবন্দী হইয়া শস্তক্ষেত্রে পরিগণিত হইতে তথন বেনাপোল, আলতাপোল, শ্রীকোল, বালিখোলা প্রভৃতি কত স্থান হইল। শশুক্ষেত্র সকল নানা জনের নানা নামে 'গাতি'ও 'মহলে' বিভক্ত হইয়া নানা প্রকারে তলা, তলী, গাছা, গাছি প্রভৃতিতে চিষ্টিত হইতে লাগিল। বুনাগাতি, আইচগাতি, সিংহগাতি, চন্দ্নীমহল, ফুলতলা, বাঁশতলী, চৌগাছা, কলাগাছি প্রভৃতি। সঙ্গে সঙ্গে পল্লীনির্ম্মাণের সাধারণ পদ্ধতি অমুযায়ী, পুর, নগর, গ্রাম, ঘর, বাড়ী, বাড়িয়া, পাড়া, পাশা প্রভৃতি যোগ হইয়া খুল্না যশোহরের প্রায় অর্দ্ধেক গ্রাম বিজ্ঞাপিত হইল। সত্রাজিৎপুর, দৌলতপুর, মতেশপুর, বিষ্ণুপুর, জয়নগর, মুরনগর, বনগ্রাম, প্রগ্রাম, মূলঘর, তেঘরিয়া, কচ্-বাডিয়া, সোণাবাড়িয়া, লক্ষীপাশা, মহেশ্বরণাশা, চাঁদপাড়া, কাড়াপাড়া, নওয়াপাড়া প্রভৃতি বিখ্যাত গ্রামের আদিম উৎপত্তি এইভাবে। বসতির সহিত বিপণির প্রোজন: হিন্দুর হট্ট বা হাট, মুসলমানের 'বাজার' এবং বৈদেশিকের গঞ্জ ও আড়ংএ পরিণত হইল। বাগেরহাট, নহাটা, সেথহাটি, সেনহা<mark>টি, বার</mark>-বাজার, সেনের বাজার, কালীগঞ্জ, মোরেলগঞ্জ, হেঙ্কেলগঞ্জ, আড়ংঘাটা ও আড়ং-গাছা প্রভৃতি স্থান ইহারই পরিচয়স্বরূপ। এইরূপভাবে যশোহর ও খুলুনার প্রায় গ্রামগুলির নাম লইয়া পর্য্যালোচনা করিলে, দেশের প্রকৃতির কতকটা জ্ঞান হইতে পারে। যে পর্যায়ে পর পর কতকগুলি গ্রামের দুষ্টান্ত **দেও**য়া গেল, সের্ন্নপভাবে একটির পর একটির উৎপত্তি না হইতেও পারে: তবে গ্রামের নামের মধ্যে দৈশিক অবস্থার যে একটা সঞ্জীব ইতিহাস প্রা

রহিয়াছে, এইরূপ আলোচনা হইতে তাহারই কতকটা আভাস পাওয়া যাইতে পারে। স্বতরাং গ্রামগুলির এইরূপ সাধারণ আলোচনাকে আমরা দেশের প্রাকৃতিক অবস্থা নির্ণয়ের প্রথম পত্না করিতে পারি।

দিতীয়তঃ যশোহর ও খুল্নার গ্রামগুলির কতকটা তুলনা করিলে উহাদের পূর্বতন অবস্থা সম্বন্ধে আরও কিছু তথা পাই। "ডাঙ্গা" সংযুক্ত গ্রামের নাম যশোহরে ২২৬ থানি এবং খুল্নায় ১২১ থানি হইবে। ইহা হইতে একটি অন্থমান করা যায়। প্রথমে যথন জল হইতে জমি উঠিতেছিল, তথন বহুস্থান "ডাঙ্গা" হইরা গেল; প্রথমে উত্তর্নিকে অর্থাৎ যশোহরে "ডাঙ্গা" হইল, লোকে প্রথমতঃ যশোহরের দিকে বসতি আরম্ভ করিল। ক্রমে খুল্না অঞ্চলেও ডাঙ্গা হইল, কিন্তু বসতি তেমন হইল না স্বতরাং সেদিকে ডাঙ্গা উঠিয়া বহুকাণ পড়িয়া থাকিয়া অবশেষে জঙ্গলে পরিণত হইয়া গেল। যে সর স্থানে বসতি হইল না, সে সকল স্থানের ডাঙ্গা নাম থাকিল না। খুল্নায় শেষে জঙ্গল লাটিয়া বাসভূমি প্রস্তুত হইল। এজন্ত যশোর অপেকা খুল্নায় "কাটি" যুক্ত গ্রাম অধিক। যশোহরে ২১ থানি ও খুল্নায় ৬৯ থানি গ্রামে "কাটি" আছে এবং ক্রমে যেমন স্থন্ধরন আবাদ হইতেছে, ততই কাটির সংখ্যা আরপ্ত বাড়িবে। এইরূপে খুল্নায় যতগ্রামে "বুনিয়া" আছে, যশোহরে তত নাই। যশোহরে নিয়াড়া একটি আছে, খুল্নায় অন্নন ৫টি।

তৃতীয়তঃ যে দেশ দীপাকারে জল হইতে উথিত হয় এবং বে দেশের চতুর্দিকে নদী, থাল পরিবেষ্টিত থাকে, সেদেশে যথেষ্ট পরিমাণ মৎস্ত পাওয়া বায় এবং দেশের অধিবাসিগণেরও মৎস্ত একটি প্রধান থাজোপকরণ হয়। এই জন্ত সেদেশে কালে মৎস্তের নামে বহুসংখ্যক গ্রামের নাম হয়। বশোহর খুল্নায়ও তাহাই হইয়াছে। যেমন যশোহর জেলায় ইলিশমারি, ইচাথাদা, ইচাথোলা, কইথালি, কাতলাকর, থলিসাথালি, চাঁদা, চেঙ্গা, চিংড়া, টাকিপুর, টেঙ্গরা, টেঙ্গরালি, কুটিমারি, পুঁটিয়া, বাট্কেমারি, বাট্কেডাঙ্গা, বোয়ালিয়া, ভেটকিয়া, মাগুরা, মাগুরাডাঙ্গা, মাগুরখালি, কুইজানি, শল্মা, শৈলক্ষা, শৈলমারি, সিঙ্গা, সিঙ্গি প্রভৃতি। এবং খুল্না জেলায় ইলিশপুর, কইঝালি, কাইনমারি, কাতলা, থলিসাথালি, থলনী, গন্ধালমারি, গলালিয়া, গাগুড়ামারি, চাঁদা, চিতলমারি, চিংড়া, চিংড়াথালি, টাকি, টাকিপুর, টাকিমারি, টিংড়া, চিংড়াথালি, টাকি, টাকিপুর, টাকিমারি, টিংডা,

টেঙ্গরাখালি, পুঁটি, পুঁটিখালি, পুঁটিমারি, বাইনতলা, বাটকেমারি, বোয়াইল-মারি, বোয়ালিয়া, মাছখোলা, মাগুরা, মাগুরাডাঙ্গা, শৈলমারি, সিঙ্গা প্রভৃতি। ইহার অধিকাংশে এক নামে ২।৩টি বা ততোধিক গ্রাম আছে। দৃষ্টাস্তস্করূপ বলা যাইতে পারে থলিসাথালি যশোহরে ৭টি এবং খুল্নায় ৪টি আছে, বোয়ালিয়া যশোহরে ৬টি ও খুলুনার ৪টি, মাগুরা যশোহরে ৮টি ও খুলুনার ৪টি, টেঙ্গরা মাছের নামে যশোহরে ৫টি ও খুলুনায় ৬টি, সিঙ্গা যশোহরে ১৫টি এবং খুলুনায় ২টি আছে। যশোহরে এক নামে অধিকতর গ্রামের নাম আছে, খুল্নায় অধিকতর জাতীয় মৎস্তের নামে গ্রামের নাম আছে। মোটের উপর এক এক জেলায় ৬০।৭০ থানি মংস্থানামীয় গ্রাম আছে। যে দকল মংস্থ এই অঞ্চলে পাওয়া পায়, সেই সকল মংস্তের মধ্যেই গ্রামের নাম আছে। কোন অপ্রাণ্য বা বৈদেশিক মৎস্থের নামে কোন গ্রামের নাম হয় নাই। যশেহির জেলার অধিকাংশস্থলে মৎস্তোর শুধু নাম মাত্র আছে, মৎস্তোর পর্য্যাপ্ত আমদানী নাই। থলনাই একণে উভয় জেলার মৎশু সংস্থান করে বলিলে অত্যক্তি হয় নাই। যশোহরে উচ্চ জমি বা ডাঙ্গা অধিক, খুলনায় থাল, বিল ও মংশ্র প্রচর। কিন্তু রেলওয়ে ট্রেণের ব্যবস্থায় প্রচুর ও পর্যাপ্তি প্রভৃতি কথা দেশান্তরিত হইতেছে। গ্রামের নামের ইতিহাস অবিরত পরিবর্তিত হইতেছে, পুরাতন নাম উঠাইয়া কৃতী পুরুষ বা জমিদারের স্বৃতি গ্রামের গায়ে লিখিয়া রাখা হইতেছে। এইরূপ পরিবর্ত্তনের ইতিহাস সম্কলন করা অতীব কঠিন ব্যাপার।

চতুর্থতঃ জলমগ্ন দেশ যথন দ্বীপাকারে দেশে পরিণত হয়, তথন তাহার আর একটি প্রকৃতি এই যে উহার সভাতা নদীপথেই বাহিত হয়। বিস্তৃত জলরাশির মধ্যে দ্বীপ উৎপন্ন হইলে, মধ্যে মধ্যে বড় বড় নদী থাল রহিরা যায়। ক্রমে এই সকল নদীপথে পলি আসিয়া ক্লভাগ উন্নত ও সমুর্ব্বর করে এবং সেই সকল নদীর কুলে উচ্চ শুক্ষ উর্ব্বর জমি পাইয়া লোকে বয়তি করিয়া গ্রাম প্রতিষ্ঠা করিয়াছিল। এই হুই জেলার প্রাকৃতিক বিবরণে পূর্বে তাহার আলোচনা করা হইয়াছে। মনোযোগ সহকারে দেখিলে আর্ম্মি দেখিতে পাই, পশ্চিমে যমুনা-ইজ্বামতী, মধ্যস্থলে দক্ষিণমুখী কপোতাক পূর্বেমুখী ভৈরব, উত্তরভাগে নবগলা-চিত্রা, এবং পূর্বেসীমায় মধুমতী

গাঁচটি নদীই এই উভয় জেলার সভ্যতা ও প্রতিভার বিকাশপথ। কি রাজনৈতিক প্রাধান্ত, কি দামাজিক প্রতিপত্তি, কি ধর্মভাবের উন্নেষ বা বিভার গৌরব—যে ভাবেই ধরা যায়, এই পাঁচটি নদীই অতি প্রাচীন যুগ হইতে এদেশের যাহা কিছু উন্নতি বা সমৃদ্ধির প্রকৃত কারণ। প্রতাপাদিত্য, সীতারাম, খাঁজাহান আলি, স্বাজিৎ বা মৃকুটরায় সকলেই এই নদীর কুলেই ক্রীড়াক্ষেত্র করিয়াছিলেন; কুশদ্বীপ, যশোর, কুমিরা, বাঘুটিয়া, জঙ্গলবাধাল, সেনহাটি বা সেথহাটি, লক্ষ্মীপাশা, সিলিয়া, বা স্বাজিৎপুর, ইতিনা বা মল্লিকপুর—উচ্চজাতীয় ব্যক্তিবর্গের প্রধান প্রধান সমাজকেল্র এই কয়েকটি নদীর কুলে অবস্থিত। এই কয়েকটি নদীর কুলেই পণ্ডিতের সমাজ, সাধকের লীলাক্ষেত্র, বিশ্বানের লীলান্তল এবং কবির জয়ভূমি। নদীই এদেশের আদিম অধিবাসের চিক্সরূপ, নদীই এদেশের উন্নতির মূলীভূত এবং নদীর পতনই এদেশের অধঃপতনের কারণ।

পঞ্চমতঃ নদীমাতৃক দেশের অধিবাদীর পূর্ণ প্রকৃতিই যশোহর খুল্নার লোকের চরিত্রে দেখা যায়, আচার ব্যবহার ও কর্মজীবনে প্রতিফলিত হয়। এ অঞ্চলের লোক একটু অধিক মংস্থাশী, তাহারা মংস্থ ধরিতে, প্রত্যন্থ একাধিকবার স্নান করিতে, সম্ভরণ করিতে সাধারণতঃ স্থদক্ষ। নৌকা-যানের মত যান নাই, ইহা এদেশে একটি সাধারণ প্রবাদবাকা। অভা দেশের লোকে ইহার মর্ম্ম তেমন বুঝে না ; কিন্তু এথানে লোকে স্থবিধা পাইলেই तोकांत्र खमन कत्रिए **जान**वारम। नानाविश तोका गर्यत, जतकमङ्ग নদীবক্ষে নৌকাচালনে, সাধারণ নাবিকতা ও নৌযুদ্ধে এদেশের লোকে বিশেষ পারদর্শী। পূর্ব্বকাল হইতে এতদেশীয় বড় লোকেরা ছই একথানি স্বলর নৌকা রাধিতে যত্নবান হন ; এদেশে কতকগুলি যাযাবর জাতি আছে. তাহারা নৌকার মধ্যেই আপনাদের ঘর বাড়ীর বাবস্থা করিয়া নিত্য নৃতন ষানে বাতারাত করে। এ অঞ্চলের লোকের ধারণা এই যে যেথানে নদী নাই, সেখানে বাস করিছে নাই। লোকে সব ত্যাগ করিতে পারে. নদীর যায়া ত্যাগ করিতে পারে না। এই নদীমাতৃক দেশের অধিবাদীর নিকট নদী বড় প্রির বস্ত ; দেশমাতৃকার অন্তধারাক্ষপিণী নদী প্রবাসীর মনে কি আনন্দমন্ত্রী মৃতি জাগাইরা তুলে, তাহা "বলোর বাগরদাঁড়ী কপোতাক তীরে" যাঁহার জন্মভূমি ছিল, সেই বঙ্গকবিকুলশিরোমণি মাইকেল মধুস্থান দত্তের ফ্রান্স হইতে লিখিত পত্তে পরিচয় দেয়:—

> "বহুদেশে দেখিয়াছি বহু নদদলে কিন্তু এ স্লেহের ভূষা মিটে কার জলে ? হুগ্ধস্রোভোরপী ভূমি জন্মভূমি-স্তনে।"

আমরা এতক্ষণে দেখিতে পাইলাম, যে যশোহর খুল্না যে ভূভাগের অন্তর্গত ইহাই গান্ধরাষ্ট্র বা গান্ধোপদীপ। এদেশ গন্ধাজলবাহিত হিমালয়ের গাত্র-ধৌত পলি হইতে উৎপন্ন। প্রথমে এস্থান সমুদ্রগর্ভস্ত ছিল: পরে গঙ্গার পলিতে যেমন দ্বীপ হইতে থাকে, সমুদ্রও তেমনি দক্ষিণে সরিয়া যায়, সঙ্গে সঙ্গে গঙ্গার সঙ্গমও দক্ষিণে সরিয়াছে। মধ্যবর্তী প্রদেশে প্রথমতঃ অসংখ্য দ্বীপের সমষ্টি ছিল, পরে উহার অনেকগুলি মিশিয়া, একত্র হইয়া, উন্নত হইয়া এমন উর্বার হইয়াছিল যে জগতে তাহার তুলনা নাই। । এই সমুর্বার দেশে ক্রমে লোকের বসতি স্থাপিত হয়। প্রথমতঃ বাগদি প্রভৃতি নানা অসভাজাতি এস্থানের অধিবাদী হয়: ক্রমে এদেশে আর্যান্ধাতির আবির্ভাব হয়। সেই সময় হইতেই আর্যা সভাতার আরম্ভ হয়। সেই আর্যা সভাতা এথনও চলিতেছে। গাঙ্গোপদীপের এই দীর্ঘ জীবনকে সাতটি প্রধান যুগে বিভক্ত যায়। প্রথম মহাভারতীয় যুগ হইত্রে থঃ পূর্ব্ব তৃতীয় শতান্দীতে পর্যান্ত আদি যুগ। ২য়-অশোকের সময় হইতে বাজত্বকাল ১২।১৩ শত বৎসর জৈন দশম শতাকী পর্যান্ত তমু-পরবর্ত্তী ছাই শত বৎসর সেনরাজগণের হিন্দু যুগ। ৪র্থ-পরবর্ত্তী ৩০০ বংসরকাল বার ভঞার বংসব পাঠান শাসন। @A- @0150 ৬ৡ-পরবর্ত্তী ১৫০ বংদর মোগল ৭ম—বিগত শতাধিক রাজত্বকাল। শাসন। প্রথম যুগে আমাদের আলোচ্য যশোহর-খুলুনা জেলা বক্ষীপের অন্তর্গত ছিল; এই বক্ষীপেরই নামান্তর উপবন্ধ।

^{* &}quot;The great chasm which divided the ancient Barendra and Rarh Divisions of Bengal, has thus gradually disappeared and in its place we have inch alluvial tract which as respects fertility, yields the palm to no other country on the face of the globe,"-Ram Sanker Sen's Agricultural Statistics of Jessore. p. 4

তাহা সমতট আথা। পাইয়াছিল। ৩য় যুগে অর্থাৎ সেন রাজত্বকালে উহাই বগ্ড়ী নামে চিহ্নিত হয়।* পাঠান যুগে যশোহর ও খুলনা মামুদাবাদ, ফতেহাবাদ, ও থলিফাতাবাদ এই তিনটি সরকারের কতকাংশ লইয়া গঠিত এই সময়ই দক্ষিণভাগে যশোর রাজ্য বিশেষভাবে চিহ্নিত হয়। মোগল আমলে ঘশোর প্রথমতঃ একটি সামন্ত রাজ্য ও পরে স্বাধীন বলিয়া কীর্ত্তিত হয়। ইংরাজশানকালে এই যশোর রাজ্য ও উত্তরবর্ত্তী বিস্তৃত প্রদেশ লইয়া প্রথমতঃ যশোহর ডিভিসন ও পরে তাহা হইতে খণ্ডিত করিয়া যশোহর জেলা গঠিত হয়। আদি যুগে অতি অল্ল স্থানেই লোকের বসতি স্থাপিত হয়। পরবর্তী যুগের প্রথমার্দ্ধ পর্যান্ত এই অবস্থা চলে। খুষ্টায় প্রথম বা দ্বিতীয় শতাব্দীতে স্থব্দরবন অঞ্চল দিয়া অবনমনাদি হইয়া দেশের ধ্বংস হুইয়াছিল। পুনরায় ভূমি জাগিয়া সমতট হয় এবং উহাতে ৫।৬ শত বৎসর ধরিয়া যথেষ্ট বসতি ও দৈশিক প্রতিপত্তি স্থাপিত হয়। উহার পরেই স্থন্দর-বন অঞ্চলের একবার নিমজ্জন হয়, তাহাতে অনেক বৌদ্ধকীর্ত্তি বিলুপ্ত হয়। পুনরায় দেন-রাজত্বের প্রায় ছই শতাব্দী ধরিয়া আবার দেশের জাগ্রত অবস্থা হয়। এমন সময়ে পাঠান বিজয়ের পর হইতে নানাভাবে দেশের অ্বনতি সাধিত হইতে থাকে—তাহার সঙ্গে স্বন্ধেরবন অঞ্চলের পুনরায় একটা অবনমন হয়। ইহাকে আমরা তৃতীয় অবনমন বলিতে পারি। চতুর্দশ শতাব্দীর শেষভাগ হইতে পুনরায় দেশ উন্নত হইতে থাকে। এইবার উন্নত হইতে অনেক কাল লাগিয়াছিল। এই তৃতীয় অবনমনের পর খাঁজাহান আলি স্থলরবন আবাদ করিয়াছিলেন। ক্রমে যথন দেশের একটা বিশিষ্ট উন্নত অবস্থা উপস্থিত হয়, তথনই বার ভূঞার যুগ এবং প্রতাপাদিতা প্রভৃতি বীর-বুলের অভাদয় কাল। কিন্তু সেই অভাদয়ের অব্যবহিত পরেই পুনরায় যশোর রাজ্যের দক্ষিণাংশ বা স্থন্দরবনভাগ অবনমিত ও জঙ্গলাকীর্ণ হইয়া পড়ে। উত্তর ভাগে এই উপদ্ৰব যায় নাই। পুনরায় অতি অল্প দিন হইতে স্থন্দরবনের সেই গুরবস্থার পরিবর্ত্তন হইতেছে। বর্তমান সময়ে উচ্চ রাজকর্ম্বচারিগণ স্থব্দর্কন বিভাগ পরিমাপ ও পরীক্ষা করিয়া অমুমান করিতেছেন যে দগরন্বীপ হইতে চট্ট-গ্রাম পর্যান্ত ব'ৰীপের তীরভূমি সোজাভাবে ছিল। বরিশালের মধ্যভাগ হইতে পূর্ব

⁺ मूर्निश्वादायत्र देखिशांन व्यथम वक्ष, ७८-७७ पृश्

দিকে তীরভূমি এক্ষণে যেরপ ভাঙ্গা ভাঙ্গা দেখা যার, উহা অপেক্ষাকৃত আধুনিক অবনমনের ফল। উক্ত অবনমনে উচ্চ ভূমি যেমন নিম্ন হইয়া গিয়াছিল, নিম্ন ভূমি থালে পরিণত হইয়াছিল। এই অবনমনের পর নানাস্থানে বিশেষতঃ ঢাকার দক্ষিণ ভাগে মধুপুর জঙ্গলে যে ভূমিগঠন হইয়াছিল ভাহার যথেষ্ট প্রমাণ আছে।

ज्ञीय পরিক্ষেদ— মাদি হিন্দু যুগ।

বৈদিক যুগে বঙ্গদেশ অনার্যানিবাস ছিল। ঐতরেয় আরণ্যকে যেখানে আমরা সর্বপ্রথম বঙ্গের উল্লেখ দেখি, † তাহা হইতে জানিতে পারা যায় বেবঙ্গ, বগধ (মগধ) এবং চের এই তিন দেশবাসিগণ হর্বলতা, হরাহার ও বহু অপত্যত্বে কাক চটকপারাবত সদৃশ। ইহা হইতে স্পষ্ট বুঝা যাইতেছে যে বঙ্গে তখন অসভ্য জাতির বাস ছিল, তাহাদের ধর্মজ্ঞান বা ধান্তবিচার ছিল না। অবশ্য বলির পুত্রগণ যথন অঙ্গবঙ্গাদি দেশে উপনিবেশ স্থাপন করেন, তখন আর্যোরাই এদেশে আসিয়াছিলেন এবং সঙ্গে সঙ্গে বঙ্গদেশের নানান্থানে পবিত্র তীর্যস্থান এবং পীঠমূত্তি প্রভৃতি প্রতিষ্ঠিত হইয়াছিল। এই তীর্যস্থান-

^{* &}quot;There are indications that at one time the Delta-face extended from somewhere near Saugor Island right accross to the Chittagong coast and that the break that occurs now from the middle of the Bakarganj District to that coast is caused by recent depression. The original Surface has been depressed as time went on and many of the Khals that now exist were the lowest portions of the old land surface."—Narrative Report Submitted to the Government of Bengal by Major F. C. Hirst I. A, Director of Surveys, Bengal and Assam under the Topographical Survey of the Khulna and 24-Parganas Sundart 1905-08. See Statesman, 23-3. 1914.

 [&]quot;ইমাঃ প্রজাতিলো অভ্যায়মায়ৎ তানীমানি বয়াংদি বল্পবগণদেরণাদায়য়া অর্কমভিতো বিবিকা ইতি"

ঐতরের আরপাক, থাসাস

[্] পতি চলবৰ সভালত সাম লনী প্ৰণীত আৰী টীকা ১৯০ পৃষ্ঠা। বজের জাতীর ইতিহাস বাহন কাও, ০০ পুঃ।

শুলিই আবার এ প্রদেশে আর্যোপনিবেশ প্রতিষ্ঠার কারণ ইইয়াছিল। সব চলিয়া গিয়াছে, কিন্তু সেই অতি পুরাতন দেববিগ্রহ বা পুজার স্থানসমূহ এক স্বরণাতীত যুগের কথা স্বরণ করাইয়া দিতেছে। তীর্থের জন্তু আর্যাগণ এদেশে বাস করিয়াছিলেন বটে কিন্তু অসংখ্য অসভ্য জাতির সংস্পর্শে তাঁহাদিগের ধর্ম-হানি হইতে লাগিল। ক্ষত্রিরেরাই দিখিজয়ে আদিয়া রাজ্য স্থাপন করিয়া বাস করিতেন, ব্রাহ্মণেরা এ দ্রদেশে আদিতেন না। ধর্মহানির তাহাই কারণ। ময়ুসংহিতায় লিখিত আছে, ব্রাহ্মণ অভাবে ক্ষত্রিয়জাতীয় পোণ্ডুগণ ব্রব্দম্প্রাপ্ত হইয়াছিলেন। তীর্থমাত্রা ব্যতীত এদেশে আগমনও নিষিদ্ধ ছিল। বিধায়ন স্ত্রে লিখিত আছে যে বঙ্গ কলিঙ্গ সোবীর প্রভৃতি দেশে আগমন করিলে, যজ্ঞ বিশেষের অমুষ্ঠান ধারা পরিগুদ্ধি লাভ করিতে হয়। ‡

গঙ্গার প্রবাহের সঙ্গে সঙ্গে গাঙ্গরাষ্ট্রে সভ্যতা বিস্তৃত হয়। রামারণের যুগেই ভগীরথ কর্তৃক গঙ্গা আনীত হন। তৎসঙ্গে ক্রমে ক্রমে মিথিলা পৌণ্ডু-বর্দ্ধন ও বঙ্গ প্রভৃতি দেশে আর্য্যগণের উপনিবেশ স্থাপিত হইতে থাকে। দশরথের রাজত্বকালে বঙ্গ একটি প্রধান রাজ্য বলিয়া উল্লিখিত ইইয়াছে। রামাভিষেকবার্ত্তা শুনিয়া কৈকেয়ী বিষয় হইলে, অভিমানিনী ভার্য্যাকে সাম্বনা করিবার জন্ত রাজ্যা দশরথ বঙ্গ, অঙ্গ, মগধ, কোশল প্রভৃতি § বহুদেশের নাম করিয়া বলিয়াছিলেন যে এ সকল দেশের উৎপন্ন দ্রব্যক্ষাত মধ্যে যাহাতে তাঁহার অভিলাব হয়, তাহাই তাঁহাকে আনিয়া দিবেন। তাহা হইতে বুঝা যাইতেছে যে এ সকল দেশ তথন দশরথের বিস্তৃত রাজ্যমগুলের অন্তর্ভুক্ত ছিল। রঘুর

মমুসংহিতা, ১০/৫৩

শনৈকস্ত ক্রিয়ালোপাৎ ইনা: ক্রিয়লাভয়:।
 র্বলছগতা লোকে ব্রাহ্মণাদর্শনেন চ।

^{† &}quot;অঙ্গবন্ধ কলিকেব্ সৌরাই-মগণেব্ চ। ভীর্থাত্রাং বিনা গচ্ছন পুনঃ সংখ্যারম্বতি ॥"

এই লোকটি বছু হৃহতে উদ্বত বলিয়া উলিপিত হইয়া আসিতেছে, কিন্তু প্রচলিত কোন নতুসংহিতার এ লোকটি পরিষ্ঠ হয় নাই। বঙ্গের জাতীয় ইতিগান, ব্রাহ্মণকাণ্ড, ৫৭ পু: ও গুণ পু: এবং বালালায় পুরারুত্ত ১১৮ পু:।

[ं] त्वीशात्रन, अअर,

^{§ &}quot;জাবিড়া: সিন্ধুনৌবীরা: সৌরাষ্ট্র। ক্ষিণাসখা:।
প্রাস্ত্রমণ্ডামথস্তা: সম্ভা: কাশীকোশলা: । ইডাাকি
মামারণ, অবোধাকাক ১০ ব বি

দিখিজনে বর্ণিত হইরাছে যে, বঙ্গবাসিগণ নৌবাহিনী সাজাইয়া মহাবীর রঘুর সহিত যুদ্ধ করিয়াছিল। রঘু তাহাদিগকে পরাজিত করিয়া গঙ্গাস্রোতের মধ্যবত্তী দ্বীপে জয়ন্তজ্ঞাবলী প্রতিষ্ঠা করিয়াছিলেন।* উপবঙ্গে যে তথন সভ্যতার উদ্মেষ হইয়াছিল এবং দেশের প্রকৃতি অনুসারে তদ্দেশবাসিগণ যে নৌবল সঞ্চয় করিয়া দিখিজয়ী বীরের সহিত যুদ্ধ করিছে সাহসী হইয়াছিলেন, ইহা হইতে তাহার স্পষ্ঠ প্রমাণ পাওয়া বায়।

রামারণ ইইতে জানা যার, স্থাবংশীর সগর রাজার ষ্টিসহত্র পুত্র মহর্ষি কপিলের শাপে ভত্মীভূত হন। ভগীরথ এই সগররাজের অধস্তন বংশধর।†
তিনি সাধন বলে গঙ্গাকে ভূতলে আনিয়া তাঁহার পবিত্র জলম্পর্শে শাপদ্ধ পুর্ব্ব পুরুষগণের উদ্ধার সাধন করেন। যেথানে সগরের পুত্রগণ ভত্মীভূত ও পরে উদ্ধার প্রাপ্ত হন, সেই স্থানেই কপিলাশ্রম ছিল এবং তাঁহারই নাম সগর্দ্বীপ। সগরের পুত্রগণ কর্ত্বক থাত বলিয়া সমুদ্রের অন্ত নাম সাগর। গঙ্গার সহিত সাগরের সঙ্গামেই সগরদ্বীপ অবস্থিত। কবিকঙ্কণ চণ্ডী হইতে জানিতে পারি, শ্রীমন্ত সপ্রদাগর সপ্তিজা লইয়া যাইতে যাইতে, ক্রেমে কালীঘাট, বারাশত, ছত্রভোগ পার হইয়া হাতিয়াগড়ে অধুলিম্ব শিব ও সঙ্কেত মাধ্বের পূজা করিয়া অবশেষে এই সগরদ্বীপে উপনীত হন।

"বেখানে দগর বংশ, ব্রহ্মশাপে হইল ধ্বংদ
অঙ্গার আছিল অবশেষ;
পরশি গঙ্গার জলে, বিমানে বৈকুঠে চলে
হৈয়া দব চতুর্ভু জ বেশ।
মৃক্তিপদ এই স্থান, এইখানে করি স্নান
চল ভাই দিংহল নগর;

তৰ্পণ করিয়া জলে, ডিঙ্গা ল'য়ে সাধু চলে, গাইল মুকুন্দ কৰিবর''।‡

 [&]quot;বলান্ উৎখায় তরসা নেতা নৌসাধনোদ্যতান্ নিচধান লয়ভভান্ গলালোতোংভরের মুনঃ ॥

র মুবংশ, এর্থ সর্গতি প্রেক্ত।

ক্ষেত্র স্থান ক্যান ক্ষেত্র স্থান ক্ষেত্য স্থান ক্ষেত্র স্থান ক্যেত্র স্থান ক্ষেত্র স্থান ক্ষেত

সগর্বীপ যুগ্র্গান্তর ধরিয়া একটি তীর্থস্থানে পরিণত হইয়া রহিয়াছে। ইহা পূর্ব্বে একটি সমূদ্ধ জনপদ ছিল। পাঠান যুগে খ্রীমস্ত সওদাগরের সময় হইতে মোগল আমল পর্যন্ত সগর্বীপের অবস্থা কবিকন্ধণের বর্ণনা হইতে জানা গেল। ইহার অব্যবহিত পরেই প্রতাপাদিতোর যুগ। সে সময় সগর্বীপ তাঁহার একটি প্রধান নৌবাহিনীর আড্ডা এবং শাসনকেন্দ্র ছিল। তিনি সগর্বীপের শেষ নূপতি বলিয়া উক্ত হইয়াছেন। * বৈদেশিকেরা প্রতাপাদিতাকে চ্যাণ্ডিকানের (chandecan) অধীশ্বর বলিয়া বর্ণনা করিয়াছেন। কেহ কেহ অমুমান করেন যে সগর্বীপেই চ্যাণ্ডিকান। প্রতাপাদিত্যের পতনের পরও সগর্বীপের ভাল অবস্থা ছিল। ১৬৮৮ খৃষ্টান্দে ইহাতে হুই লক্ষ লোকের বাস ছিল বলিয়া কথিত হইয়াছে। কিন্ধ ঐ বংসরই সহসা এক ভীষণ জলপ্লাবনে উহা নিমজ্জিত হয় এবং তদবধি আর উঠে নাই। ক্ষেকে চেষ্টা করিয়াও ইহাতে আবাদ পত্তন করা যায় নাই। ওথন পৌষ-সংক্রান্তিতে ২০ দিনের জন্ম বছসংখ্যক যাত্রী সগর্বীপে বা গঙ্গাসাগরতীর্থে যাইয়া থাকে। এথানে কোন লোকের বসতি নাই। কেবলমাত্র জঙ্গলের মধ্যে ২০ টি প্রাচীন ভগ্ন মন্দিরে কিছু প্রাচীন নিদর্শন রাথিয়াছে।

মহাভারতীয় যুগে সমগ্র বঙ্গদেশে আর্য্য-সভ্যতা স্থপ্রতিষ্ঠিত হইয়াছিল।
যুধিষ্ঠিরের রাজস্য যজ্ঞের প্রাক্তালে পাগুবেরা যথন দিয়িজয়ে বহির্গত হন, তথন

হরিশ্চল্ল তর্কালকার প্রণীত "রালা প্রতাপাদিতা চরিত্রের" মূর্ণপত্রেই এই পংজিট উদ্ধৃত আছে:—"The last king of Saugor Island"; কোথা হইতে উদ্ধৃত তাহা স্পষ্ট জানিতে পারি নাই। See Calcutta Edition, 1856.

[†] প্রসিদ্ধ ঐতিহাসিক শীবুজ নিখিলনাথ রার প্রাচীন ম্যাপ হইতে প্রমাণ করিতে চেটা করিরাছেন যে স্পর্যবীপই চ্যাভিকান। এ স্বজে তিনি দীর্ঘ আলোচনা করিরাছেন। প্রতাপাদিতা, উপক্রমণিকা, ১৬৬—১৪৫ পৃঃ। এ বিষয়ে আমাদের যাহা বকুবা থাকে প্রতাপাদিতা প্রসঙ্গে বলিব।

the foundation of Calcutta, it (Sagar Island) contained a population of 200,000 souls, which in one night in 1688 was swept away by an innundation." An article on 'Calcutta in the olden time" in Calcutta Review, No. XXXVI.

^{§ &}quot;As early as 1811 one Mr. Beaumont applied for lease &c. and attempt went on up to 1820 and failed completely. It is now almost uninhabited" Sir W. Hunter's Statistical Accounts, Vol. 1, p. 106.

ভীমদেন পূর্বদেশ জন্ম করিবার ভারপ্রাপ্ত হন। তিনি ক্রমে রাজ্যজন্ম করিতে করিতে অগ্রসর হইতেছিলেন। তিনি "পুগু।ধিপতি বাম্বদেব ও কোশিকী কচ্ছবাসী মনৌজা রাজা এই চুই মহাবল পরাক্রান্ত মহাবীরকে পরাজয় করিয়া বঙ্গরাজের প্রতি ধাবমান হইলেন। তৎপরে সমুদ্রসেন, চন্দ্রসেন, তাম্রলিপ্ত প্রভৃতি বঙ্গদেশাধীশ্বরদিগকে এবং স্কুম্বিগের অধীশ্বর ও মহাসাগর-কুলবাসী মেচ্ছগণকে জয় করিলেন।"* ইহা হইতে দেখা যাইতেছে বঙ্গদেশ তথন নানাভাগে বিভক্ত ছিল এবং এক রাজার অধীন ছিল না। সম্ভবতঃ পূর্ববন্ধ, পশ্চিমবঙ্গ ও দক্ষিণবঙ্গ বা রাঢ় এই তিন ভাগে বঙ্গ বিভক্ত ছিল। পূর্ব্ববঞ্জ সমুদ্রসেন, উপবঙ্গাদি লইয়া ভাগীরথীর উভয়কুলবর্ত্তী পশ্চিমবঙ্গে চন্দ্রসেন এবং দক্ষিণবন্ধ বা স্কন্ম রাড প্রভতি অঞ্চলে তামলিগু রাজা ছিলেন বলিয়া বোধ হয়। বর্ত্তমান তামলিপ্ত বা তমলুক এই তামলিপ্ত রাজার রাজধানী ছিল। মহাভারতের অক্সত্র বর্ণিত হইয়াছে যে তাত্রলিপ্তকগণ মেচ্ছ ছিল. + কিন্তু অক্স নুপতিশ্বয়ের সেনা সম্বন্ধে সেরপ কোন উল্লেখ নাই। স্থতরাং যশোরাদি উপবঙ্গে তথন আর্যা-রাজত ছিল বলা যাইতে পারে। সমন্ত্রসেন ও চন্ত্রসেন উভয়ে সম্পর্কিত থাকাও বিচিত্র নহে। পাণ্ডবদিগের রাজস্ম যজ্ঞকালে তাঁহারা নানা বিস্ত ও রত্ন উপহার লইয়া ইন্দ্রপ্রস্থে উপস্থিত ছিলেন। ইহারা "প্রত্যেকে স্থশিক্ষিত ও পর্বতপ্রতিম কবচারত" বলিয়া উল্লিখিত হইয়াছেন। ‡ রখী ও অতিরখের সংখ্যা নির্ণয় করিতে গিয়া কুরুক্ষেত্র যুদ্ধের প্রাক্তালে মহাবীর ভীম এক চল্রসেনকে পাণ্ডবপক্ষের একজন প্রধান র্থী বলিয়া বর্ণনা করিয়াছেন।§ **এই हक्टरमन वक्नाधिश हक्टरमन किना वना योह ना**।

উপরোক্ত পৃণ্ডাধিপতি বাস্থদেব পৌণ্ডাব বাপেণিণ্ডাক বাস্থদেব নামে ধ্যাত ছিলেন। এইভাবে তিনি শ্রীকৃষ্ণ বাস্থদেব হইতে পৃথক্ বলিয়া উল্লিখিত হইতেন। হরিবংশ হইতে ঝানা বায় পৌণ্ডাক প্রবলটীক ছিলেন; তিনি

মহাভারত, ৺ৰালীপ্রসন্ধ সিংহের অহুবাদ। সভাপর্ব, ২৯ অধার ;
 সমুজনেনং নির্জ্জিতা চক্রনেন্ড পার্থিবন্
 তামলিগুল রাজানং কর্মটাধিপতিং তথা ।

[†] দ্রোণপর্ব্ব, ১১৯।১৫, এথানে শক্, কিরাত, দরদ, বর্বর ও **ভাত্রলিপ্তক এক্টি** ক্লেচ্ছ বলিয়া বর্ণিত হইরাছে।

[‡] সভাপর্ব, e১/১৬---১৯

[§] উट्याभगर्स : •» खशाह ।

নরক জরাসম্ব প্রভৃতির বন্ধু এবং শ্রীক্ষয়ের পরম শক্র ছিলেন। অবশেষে তিনি শ্রীক্ষয় কর্তৃক নিহত হন। * বাস্থদেবের পিতার নাম বস্থনেব এবং মাতার নাম স্তত্য়। তাঁহার এক বৈমাত্রের লাতা ছিলেন, তাঁহার নাম কপিল। কপিলের মাতার নাম নারাটা। কপিল সম্ভবতঃ তাঁহার গর্ম্বিত ও পরাক্রাম্ব জ্যেষ্ঠ লাতা বাস্থদেবের চক্রান্তে বিতাড়িত হন এবং পরে মুনিব্রতাবলম্বন করিয়া স্থান্ত উপবঙ্গের দক্ষিণাংশে স্থান্তরনার মধ্যে এক আশ্রম প্রতিষ্ঠা করেন। ঐস্থান এক্ষণে কপিলমুনি নামে খ্যাত। ইহা খুল্না জেলার কপোতাক্ষী নদীর তীরে অবস্থিত। বিনি সাংখ্যদর্শনপ্রণেতা এবং বাহার অভিশাপে সগরবংশের ধ্বংস হইয়াছিল, ভগবানের অবতারকর সেই মহর্ষি কপিল + হইতে ইনি সম্পূর্ণ ভিন্ন ব্যক্তি। বাস্থদেবান্থজ কপিলও সন্মাদী এবং ভক্তপুরুষ ছিলেন। তিনি কপিলমুনিতে আশ্রম নির্দেশ করিয়া তথায় এক ৬ কালীমূর্ত্তি প্রতিষ্ঠা করেন। ইনি কপিলেশুরী কালী বলিয়া খ্যাত।

কপিল মহাভারতীয় যুগের লোক। তাঁহার পর স্থানরবন অঞ্চল দিয়া কত বিপ্লব চলিয়া গিয়াছে। যে প্রস্তরময়ী মূর্ত্তি তিনি প্রতিষ্ঠা করেন, তাহা আর এখন নাই। উক্ত স্থানে কপোতাক্ষীর কূলে একটী অখথ রুক্ষের মূল বেষ্টন করিয়া একটী বিস্তৃত ইষ্টকস্তৃপ মূনির আশ্রম নির্দেশ করে। কপিলের কালীমূর্ত্তি ও মন্দির সম্ভবতঃ বৌদ্ধ আমলেও ছিল, বৌদ্ধ যুগের কোন কোন নিদর্শন এখনও কপিলমূনিতে আছে। পরে তাহার আলোচনা করা যাইবে। বৌদ্ধ-

^{*} পৌওুকের নানা অভুত অভিযানের বিষয় হরিবংশের ভবিষ্য পর্বে বণিত হইরাছে।
এই ভবিষাপর্বের কতকাংশ হন্তলিখিত পুখিতে নাই এবং টীকাকার নীলকঠ ইহার টীকাও
করেন নাই। এজন্ত কেহ কেহ অনুমান করেন, এ অংশ প্রাক্তিথ। কিন্তু এমিয়াটক
নোসাইটির মৃত্তিত পুতকে সেরূপ ধরা হয় নাই। যাহা হউক পৌতুকের নাম মহাভারতে
করেন আছে; বিকুপুরাণ, এক্ষপুরাণ প্রভৃতি পুরাণেও পৌতুক বাম্বেদ্বের কথা আছে।
তিনি বে ঐতিহাসিক ব্যক্তি, তৎপক্ষে সন্দেহ নাই। বঙ্গবাসী সংস্করণের হরিবংশে উষ্ভ
ভবিষ্যপর্ব স্তিহা।

^{† &}quot;গদ্ধবিশিং চিত্ররথ: সিদ্ধানাং কণিলো মুনিঃ।" গীতা ১০।২৩
ভাগবতের মতে সাংখ্যকার কণিল ভগবানের পঞ্চম অবতার; তাহার শিক্ষার নাম কর্মন,
মাতার নাম দেবহন্তি।

যুগের শেষভাগে স্থান্দরবনে যে প্রাক্কতিক বিপ্লব হয়, তাহাতেই উক্ত মন্দিরাদি ভূপ্রোথিত হইয়া যায় এবং কালীমূর্ত্তি বিনষ্ট হয়। ইহার পর প্রায় ভূইশত বৎসর এই সকল স্থান মন্থয়ের বাস ও গতিবিধি বিহীন অবস্থায় ছিল। পরে যথন প্ররায় পত্তন হইতে ছিল, তথন কপিলের কথা নানা জনশ্রুতিমূথে বিজ্ঞাপিত হয় এবং সেই স্মৃতি রক্ষার উদ্দেশ্রে চৈত্রমাসে বারুণী স্নানের দিন কপিলমুনিতে এক যাত্রী সমাগম ও মেলা আরম্ভ হয়। মধুমাসীয় ক্রফাত্রয়োদশী কপিলের মাভূমূর্ত্তি প্রতিষ্ঠা বা সিদ্ধিলাভের দিন হইতে পারে। এই মেলায় বহু দ্রবর্তী স্থানের লোক আসিত। তথন হইতে সাধারণগৃহে কপিলেশ্বরীর পূজা প্রবিত্তিত হয়। লোকের বিশ্বাস উপরোক্ত তিথিতে কপোতাক্ষের জল গঙ্গাজলভূলা পবিত্র হয় এবং উহাতে স্নান করিলে মহাপুণ্য লাভ হয়। এথন আর মাসাধিক কালব্যাপী মেলা হয় না বটে, কিন্তু চৈত্রমাসে বারুণী তিথিতে কপোতাক্ষে স্নান করিবার জন্ত এথানে বহুলোকের সমাগম হয়।

কপিলমুনি একটা অতি প্রাচীন স্থান। ইহা মলই পরগণার অন্তর্গত। ইহা প্রতাপাদিত্যের রাজ্যভক্ত ছিল। তাঁহার পতনের পর মলই পরগণা রায় উপাধি-ধারী এক পরাক্রান্ত ব্যক্তির হস্তগত হয়। এই বংশীয় প্রদিদ্ধ ব্যক্তি কমলা-কাস্ত রায় ও গোপীকাস্ত রায়। তাঁহারা চাঁচডার অধীন জমিদার ছিলেন। এখনও এই বংশীর ব্যক্তিগণ হরিঢ়ালী ও রাড় লিতে বাস করিতেছেন। মণই প্রগণার কর প্রভৃত প্রিমাণে বাকী পড়িলে, চাঁচড়া-রাজ ৬মনোহর রায় ১৬৯৯ খুষ্টাব্দে রায়বংশীয়দিগের নিকট হইতে কোবলা দ্বারা এই জমিদারী স্বীয় হস্তে লন। চাঁচড়ার রাজগণ চিরদিন দেবদ্বিজে ভক্তিমান এবং দেবসেবায় মুক্তংস্ত, তন্মধ্যে আবার রাজা মনোধর রায় এবিষয়ে সর্বন্দ্রেষ্ঠ। তিনি কপিলেখরীর জন্ম এক স্থন্দর মন্দির নির্মাণ করিয়া সেবার জন্ম যথেষ্ঠ বুত্তির বাবস্থা করেন। প্রায় দেড়শত বৎসর পরে ঐ মন্দির নদীগর্ভস্থ হয়। ইতিমধ্যে ইংরাজ আমেনে চিরস্থায়ী বন্দোবস্তের সময়ে মনোহরের বংশধর শ্রীকণ্ঠ রায়ের রাজ্জকালে মলই পরগণা বিক্রম হইয়া যায়। উহা সাতক্ষীরার জমিদার বাবুরা ক্রম করেন এবং তাঁহারাই ৺কপিলেশ্বরীর দেবার তত্ত্বাবধান করিতেন। কিছুকাল পরে তার্ছা-দিগেরও 🕏 অংশ বিক্রম হওয়াম সে অংশ দিঘাপাতিয়ার রাজা এবঃ 🔊 প্রধরপুরের বম্ব বাবুরা ক্রম্ম করেন। অবশিষ্টাংশ সাতক্ষীরার বাবুরা উভয় সরিকে ভোগদর্শ করিতেইন। নানা অংশে বিভক্ত হওয়ায় উক্ত জমিদারগণ কালীবাড়ীর প্রতি তাদৃশ মনোযোগী ছিলেন না। তথন ঝিকার গাছার কুঠিয়াল মেকেঞ্জি সাহের ১৮৫০ খৃষ্টাব্দের প্রাক্তালে একটী ছাদওয়ালা ক্ষুদ্র অট্টালিকা নির্মাণ করিয়া দেন।
১৮৬৭ খৃষ্টাব্দের প্রবল ঝড়ে সে ইষ্টক গৃহও ভূমিদাৎ হয়। তথন অগত্যা একটী পর্ণশালায় দেবী মূর্তিটি স্থাপিত হয়। সম্প্রতি কপিলম্নি নিবাসী শ্রীবিনোদবিহারী সাধু থাঁ নামক একজন সঙ্গতিপন্ন শিক্ষিত যুবক নদীর সন্নিকটে একটী পাকা মন্দির ও নাট্টশালা নির্মাণ করিয়া তম্মধ্যে মায়ের এক স্বন্দর প্রস্তরমন্ধী মূর্ত্তি প্রতিষ্ঠা করিয়া যথেষ্ঠ সদস্তঃকরণের পরিচর দিয়াছেন। তিনি মায়ের মন্দিরে এক প্রস্তর ফলকে লিধিয়া রাথিয়াছেন:—

"যথা দ্বিজ, সাধু, ভক্ত তথা তীর্থ স্থান।
তাই মাগি পদধূলি দেহ পুণাবান্।
৮তরত সাধু খাঁ পুত্র শ্রীযানব আর
বিনোনবিহারী দীন প্রিয় পৌত্র তার,
মারের মন্দিরপ্রাস্তে লুটাইছে শির
এদ সাধু সদাশর জ্ঞানী গুণী ধীর।"

মূনিবর কপিল যেথানে পুণাভূমি বাছিয়া মায়ের মূর্ত্তি প্রতিষ্ঠা করিয়া ছিলেন, কত কত শতাকী ধরিয়া সাধুপদরেণুতে যে পুণাভূমি পবিত্র ও ধন্ত হইয়াছে, দেখানে মায়ের মূর্ত্তিস্থাপনা যে এক সাধনার ফল এবং অর্থের সন্থাবহার, তাহাতে সন্দেহ নাই।

এই শ্বরণাতীত আদিযুগেই যশোর রাজ্যের দক্ষিণ দীমায় ছই দিকে ছুইটা পীঠস্থান হইয়াছিল। বর্ত্তমান কলিকাতার দক্ষিণে কালীঘাটে আদিগঙ্গার তটে ৮মায়ের দক্ষিণ পায়ের ৪টা অঙ্কুলি পড়িয়াছিল, এবং তথাকার ভৈরবের নাম নকুলেশ্বর।

Westland's Report P. 41

"কালীঘটো পাংহকালী কিরীটো চ মহেখারী" মহানীলতার। "নকুলেশঃ কালীঘটো শ্রীহটো হোটকেখারঃ" মহালিক্তেখার তার।

এইরপে বশোর রাজ্যের পূর্কাংশে যমুনাকৃলে মারের পাণিপন্ন পতিত হয় এবং তথার ভৈরবের নাম চণ্ড।

> "যশোরে গাণিপদ্মঞ্চ দেবতা যশোরেশ্বরী। চণ্ডশ্চ ভৈরবস্তত্র যত্র সিদ্ধিমবাপুষাৎ॥" তন্ত্রচূড়ামণি।

এখানে পাণিপল্নে হস্ত ও পদ উভয় বৃঝাইতেছে। আমরা ভবিষ্যপুরাণ হইতে জানিতে পারি —

> "কলেঃ সায়ং যশোরে চ যবনানাঞ্চ রাজ্যকে যশোরেশী মহাদেবী চান্তর্ধানং ভবিষ্যতি তত্ত্বৈব পতিতৌ দেব্যাঃ হস্তপদৌ পুরা দ্বিজ্ব।"

"দিগিজয় প্রকাশে" লিখিত আছে যে অনরি নামক ব্রাহ্মণ যশোরেশ্বরীর পীঠমুর্টির জন্ম একশত হারষ্ক্ত বিরাট্ মন্দির নির্মাণ করিয়া দেন। সন্তবতঃ এ মন্দির স্বন্দরবনের বিপ্লবে অস্টম শতাব্দীর পর বিনষ্ট হয়। ইহার পর যথন পশ্চিমদেশ হইতে পাল, সেন ও দেব প্রভৃতি বংশীয় অনেক জাতি বঙ্গে আসিয়া নানা স্থানে রাজ্য স্থাপন করিতেছিলেন, সে সময়ে গোকর্ণকুলসন্ত্ত ধেমুকর্ণ নামক রাজা এদেশে আসেন এবং তিনি তীর্থদর্শন জন্ম যশোরে গিয়াছিলেন। তিনি যশোরেশ্বরীর মন্দির বিনষ্ট হইয়াছে দেখিয়া, পুনরায় মন্দির নির্মাণ করিয়া দেন। সন্তবতঃ ধেমুকর্ণ কিছুকাল এ প্রদেশে রাজত্বও করিয়াছিলেন এবং তাঁহার রাজ্য উত্তর দিকে বহুদ্র বিস্তৃত হইয়াছিল। সেন রাজগণের প্রবাল প্রতাপজন্ম অবশেষে এ বংশীয়দিগের পতন হয়। দিয়িজয় প্রকাশেই উলিখিত আছে যে ধেমুকর্ণের পুত্র কণ্ঠহার বীরপুরুষ ছিলেন। তিনি "বঙ্গভূষণ" উপাধিভূষিত ছিলেন। এই বঞ্চভূষণ যশোরের উত্তর ভার্ম

অধিকার করিয়া তাহার নাম রাথেন ভূষণ, উহাই পরে ভূষণা বলিয়া পরিচিত হয়। কণ্ঠহার এখানে বছকাল রাজত্ব করিয়াছিলেন। *

লক্ষণ সেনের রাজস্ব কালে ধেরুকর্ণের মন্দির অভগ্র অবস্থার বর্ত্তমান ছিল, কিন্তু চপ্তভৈরবের মন্দির ছিল না। তজ্জন্ত তিনি ভৈরবের মন্দির নির্মাণ করিরা দেন। সেন রাজস্বের শেষ ভাগে স্থানরবন অঞ্চলে যে নিমজ্জন হয়, তাহাতে উভয় মন্দির বিনষ্ট হয় এবং দেবীমূর্তি ভূপ্রোথিত ও ভীষণ জন্মলাকীর্ণ হয়য় পড়ে। প্রতাপাদিতার সময় পুনরায় সে মৃত্তির আবির্ভাব ও মন্দির নির্মিত হয়।

যশোরেশ্বরী যে সভাযুগ হইতে আছেন, তাহা তথ্রাদি হইতে যেমন জানা বার, লোকের মুথে কিম্বদন্তী প্রস্পরায়ও সেইরূপ শুনিতে পাওয়া বায়। ১৮৪২ খৃষ্টান্দে যশোরেশ্বরীর সেবায়ৎ ৮কালীকিঙ্কর অধিকারীর সহিত দেখেত্তর জমির স্বস্থ লইয়া প্রপ্রেশ্বের এক মোকদ্দমা হয়, উহার রায়ের অন্ত্রাদ হইতে জানা বায়ঃ—

"মাপীলাট যে অজুহত দাখিল করিয়াছে তাহার খোলদা এই জে ইশ্বরিপুর প্রামে মহাপীট প্রীপ্রীজনরেশ্বি ঠাকুরাণী দত্যজুগ হইতে প্রকাষ আর ই প্রীঅর-পূর্ণা ঠাকুরাণী এ জায়গায় স্থাপীত আছেন আর বিরধিয় ভূমী অন্নপূর্ণা ঠাকুরাণীর দেবত্তর হইতেছে এবং রাজা প্রতাপ আদিত্যর আমল হইতে অভতক যে যে লোক জমীদার হইয়াছেন তাহারা সকলে এই সকল জমী বহাল রাথিয়াছেন।" +

বিশেষ ভাবে লক্ষ্য করিলে ইহা হইতে অনেকগুলি কথা বুঝা যায়। বংশারেখরী দেবী সত্যযুগ অর্থাৎ অতি প্রাচীনকাল হইতে প্রতিষ্ঠিত আছেন,

^{*} কঠহারের বীর্গ্যেনীত খেনিজ পুত্রগণ জকল বাধা ও চালিখা বেইক (চাল্তা বাড়িয়া) গ্রামে বাদ করিত। চাল্তাবাড়িয়া বৈদিক ব্রাক্ষণংশীয় রায়দিগের অধীন ছিল। জকল বাবা বা জকল বাধাল ঘশোহরে দিলিয়া টেশনের দয়িকটে এবং চাল্তাবাড়িয়া কপোতাকের দর্কটে সারদা থানার অন্তর্গত।

[†] Quoted from the translation of judgment of Special Court of Calcutta and Murshidabad, 4-5-1842, Kali kinkar Adhikari of Iswari pur, pergunnah Dhuliapur VS Government.

এই মোকদমার রাম ও তাহার অমুবাদের সহিমোহর নকল ঈশ্বরীপুর নিবাসী তথাবের ওছা নেবাবেও শ্রীবৃত্ত বাবু শ্রীণচন্দ্র অধিকারী মহাশবের বাটাতে রক্ষিত হইয়াছে :

তাহা স্পষ্ট জানা যাইতেছে। "দেবী অন্নপূর্ণা" প্রতাপাদিত্যের সময়ে প্রতিষ্ঠিত এবং তিনি সত্যযুগের স্থাপিত নহেন, তাহা স্পষ্ট উল্লেথ দেখা যাইতেছে। *

কালীঘাটে মহাকালীর ও যশোরেশ্বরীর মুর্ভির পৌরাণিকতা সম্বন্ধে সর্ব্বপ্রধান প্রমাণ এই দকল শ্রীমূর্তির অপূর্ব্ব ভাস্কর্যা। এ মূর্তিদ্বয়ের গঠন দেখিলে সহজে বুঝা যাইতে পারে যে ইহা বৌদ্ধযুগেরও পূর্ব্ববর্তী সময়ে রচিত। ইহা দুরে বদিয়া তর্ক করিবার বিষয় নহে, যশোরেশ্বরী দেবীর ভীষণা মুর্ত্তির দল্মখন্তী ছইলে কেহই তাহার প্রাচীনতায় সন্দেহ করেন না। যে যুগে প্রস্তরে হাস্থলহরী বা নম্বভঙ্গী দঙীবৰৎ প্রতিভাত হইত, এ মূর্ত্তি সে যুগের না হইলেও ইহাতে যে অপূর্ব্ব দৈবভাব তাহার ভয়ম্বরী ছায়ার অন্তরালে লুকায়িত রহিয়াছে, তাহা সহজেই ব্রিয়া লওয়া যায়। এই সকল প্রাচীন মর্ত্তিতে আকারামুকরণ ভাল হয় নাই বলিয়া কেহ কেহ ভারত-শিল্পীর প্রতি কটাক্ষ-পাত করিয়াছেন। কিন্তু ভারতের শিল্প নিরাকারকে আকার দিতে গিয়া প্রকৃত ভাবে আকারসর্বস্থ হইয়া পড়ে নাই, পরস্ক কঠিন প্রস্তরফলকে অনাড়ম্বর ভাবে যে দেবভাব ফলাইয়াছে, তাহা অনির্বাচনীয়। এ সম্বন্ধে এক ক্ষতী লেথক অভিমত প্রকাশ করিয়াছেন,—"মৃত্যুর মধ্যে অমৃত কি কৌশলে স্ষ্টপ্রবাহ রক্ষা করিয়া থাকে, তাহা অন্ত দেশের শিল্পকার অভিবাক্ত করেন নাই। যাহা বাহৃদ্টিতে মৃত্যমূর্ত্তি, তাহাও বিশ্বমাতার শ্রীমূর্ত্তি মাত্র; ইহা কেবল ভারতশিল্লেই অভিবাক্ত।" + মাতা যশোরেখরীর মূর্ত্তি এইরূপ একটি মৃত্যু-মূর্ত্তি বটে, তাঁহার অতি বিস্তারবদনা জিহ্বাললনভীষণা মূর্ত্তি দর্শকমাত্রেরই প্রাণে ভয়ের সঞ্চার করিয়া দেয় বটে, কিন্তু তবুও সেই জালামরী মৃত্তির বদনমণ্ডলে কি জানি কি এক অপূর্ব্ব দেবভাব কেমন স্থলরক্ষণে ফুটিয়া রহিয়াছে! উহা সেই প্রাচীন যুগেরই সম্পত্তি, এ যুগের নহে। তুমি এক্ষণে তিল তিল করিয়া আকারামুগত বিধিবিহিত অষমাময়ী তিলোভ্রমা গড়িতে পার কিন্তু দেই প্রকাণ্ড ক্লফপ্রভারপিণ্ডে, দেই অপ্রাক্কত চোকে মুখে, তেমন স্বর্গীয় ছায়াকে কায়াপরিগ্রহ করাইতে পার না। ইয়োরোপ দেবতাকে মানুষের আদর্শে, মানুষের প্রতি অঙ্গপ্রতাঙ্গের আকারে গঠন করিতে গিয়া তাহার দেবভাব হারাইয়া ফেলিয়া ছিল, ভারতবর্ষে মা**মুখে**র

এই युर्खित प्रती अन्न पूर्वा किनः छाहा शद्य आ:लाहना कन्ना साहेत्व।

[🕂] श्रीयुक्त व्यक्तत्रमात रेयात्वर, "श्रीमृर्कि-विवृष्टि" अवस, वक्रपर्गन (नवनशांत्र माय, ১०३०)

মৃতিতে, মান্নুষের কাঠামে স্থল গঠনে দেবতা গড়িয়াছিল। পাশ্চাত্য শিল্পীও এ কথা স্বীকার করিয়াছেন। *

বাস্তবিকই যশোরেশ্বরীর মূর্ত্তি ভীষণ হইলেও ইহা যে ভাস্কর্যোর একটি চরম আদর্শ তাহাতে সন্দেহ নাই। কেহ কেহ বলেন সম্বলপ্রে সম্বলেশ্বরীর মন্দিরে শনির মূর্ত্তি বাতীত মান্ন্র্যের মূর্ত্তিতে এমন ভীষণ ভাষ আর কোথাও ফলান হয় নাই।† উড়িয়ার অন্তর্গত যাজপুরে বৈতরণী-তীরে সপ্ত মাতৃকার মূর্ত্তিমধ্যে চামুগ্রা মাতার মূর্ত্তিও এইরূপ ভয়ঙ্করী। তাহাও এ জাতীর মূর্ত্তিশিরের পরাকাষ্টারপে বর্ণিত হইয়াছে।‡ যশোরেশ্বরী মূর্ত্তির গঠনশক্তি কেবল মাত্র মূথনাই। উহা একথানি প্রস্তর্গপিপ্ত মাত্র। ইহার কাষ্ট্রপাথরের ক্রঞ্চতন্ত্র যে কত বৃহৎ বা ভারী, তাহা বুঝা যায় না। প্রথমতঃ একটা সমচতুকোণ প্রস্তর্জন ময় বেদী প্রায় ২ হাত উচ্চ। তাহা হইতে ক্রফ প্রস্তরের একটা আবরণ ক্রমশঃ সক্র হইয়া কঠ পর্যান্ত আসিয়া মূথমগুলের সহিত স্কল্ব রভাবে মিলিয়াছে। এটি প্রকৃত আবরণ কিনা তাহাও সন্দেহের বিষয়। আবরণ হইলে, উহার নিমে কোন হস্ত পদাদির চিক্ত আছে কিনা জানিবার উপায় নাই। থাকিলেও তাহা মূথ্যগুলের অনুযায়ী পরিমাণবিশিষ্ট নহে; যদি সেরূপ পরিমিতই হয়, তাহা হইলে

^{*&}quot;Greek and Italian art would bring the gods to earth, and make them the most beautiful of men; Indian art raises men up to heaven and makes them even as the gods." Havell's Indian Sculpture and Painting p. 83.

t' A people, superstitious like the Hindus, were no less influenced by one of the best specimens of Hindoo Sculpture in the frightful image of Jashareswari. For a better conception of the terrific realised in human countenance by the aid of art, is scarcely to be met with in India, except perhaps in the small figure of Shani to be seen in the temple of Sambaleswari at Sambulpur."—Mookerjee's Magazine, July, 1872; Antiquities of Jessore—Iswaripur by Baboo Rashbehari Bose.

^{‡ &}quot;The Sculptor has certainly succeeded in producing a more disagree able image of death than any other artist has imagined; there is nothing in Holbeins' Dance of Death quite so horrible."

बरे अनःक रक्नर्गन नदर्गगाह, ३०म मःशा ८०० पृक्षा उद्देश ।

মূর্তিদেং নিমে অনেকটা প্রোথিত আছে বণিয়া অনুমান করা যায়, মূথের নিমাংশ করেক পরদা বন্ধে সমার্ত থাকে। উহার উপরিভাগের রক্ত বন্ধথানি বৎসর অন্তর পরিবর্তিত হয়। কিন্তু নিমের বন্ধের নিমে প্রস্তরের গঠনাদি পুরোহিতগণও দেখিতে পারেন না। পুস্তকের প্রারম্ভপত্রে যে তিবর্ণ চিত্র দেওয়া ইইল তাহা ইইতে দেবীমূর্ত্তির আভাদ পাওয়া যাইবে।* বিশ্বকোষে যশোরেশ্বরীর বে ছবি (wood cut) প্রকাশিত হইমাছিল, তাহাতে দেবী অস্টভুজা মহিষমর্দ্দিনী বলিয়া অক্ষিত হইয়াছেন। সে ছবি কোথা হইতে কিরূপ ভাবে সংগৃহীত হইল তাহা বলিতে পারি না।

যশোহর থূল্নার মধ্যে আর কোনও পীঠমূর্ত্তি নাই বটে, কিন্তু এই প্রাচীন যুগে এ প্রদেশে অফান্ত দেব দেবীর নানামূর্ত্তি স্থাপিত হইয়ছিল। আর্যা সভ্যতার সঙ্গে দঙ্গে এই সকল মূর্ত্তির পূজাপদ্ধতি ক্রমশং বিস্তৃত হইয় পড়ে। কিন্তু যশোর রাজ্যের উত্থান পতনে, নানা বিপ্লবে, বিজাতীয় শাসনফলে এই সকল দেব-বিগ্রহ অনেক নষ্ট হইয় যায়। তবুও এক্ষণে ২০টির দৃষ্টান্ত দেওয়া যাইতে পারে। থূল্নার অন্তর্গত আমাদি গ্রামের পরীমালা বা পরিমলা দেবী এবং

^{*} বছগনে যশেরেশরীর মূর্ত্তির ফটো লইতে গিগা অকৃতকার্থ। ইইয়াছেন। মন্দিরের ভিতরে তৈলাক্ত কৃষ্ণপ্রস্তরের মূর্ত্তির ফটো তোলা ক্রিন বাপার। আমরাও বাও বার চেষ্টা করিয়া ভাল ছবি করিতে পারে নাই। একবার একথানি আংনা ইইতে মায়ের মূথের উপর খ্যালোক প্রতিফলিত করিয়া মূথমপ্তলের ছবি লইগে ছিলাম বটে কিন্তু নিম্বানী আনুক স্বেলন ছায়া ধরিতে পারি নাই। অবশেষে মদীয় বকু যশেষের শবানন্দকার্মী নিবাদী আনুক স্বেলন লাখা বন্দ্যোপাধ্যায় মহাশার ফটোগ্রাকে ব্র ভাল ছবি তুলি তানা পারিয়া, মায়াবিক কাল মন্দিবে থাকিয়া, মায়াবিক কাল মন্দিবে থাকিয়া, মায়াবিক কাল মন্দিবে থাকিয়া, মায়াবিক কাল মন্দিবে থাকিয়া মায়ের এক বর্ণচিত্র প্রস্তুত করেন। উহা ইইতে এক রেক প্রস্তুত করি পাতিনি বৃহলাকারে ছবি প্রস্তুত করেত প্রকাশিক কাল মন্দিবে থাকিয়া, মায়াবিক বিলাম প্রস্তুতিক সেছিব ইইতে আন্মি এই বর্ণচিত্র প্রকাশ করিলাম। বিশেষ ভাবে পরীক্ষা করিয়া দেথিয়াছি যে এ ছবি সম্পূর্ণ মূলাকুগত ইইয়াছে।

[†] বিধকারে বংশারেশ্বর কৈ শিলাদেবী ব য়া বর্ণনা করা হইয়াছে তাহার মতে এই শিলাদেবীকে মানসিংহ করে লইণা যান এবং তৎপরে কচুরায় লগ্ধরীপুরে এক নুহন প্রশিষ্ম প্রচিত্তিত করেন। এ কনা ঠিক নহে। স্থানাজরে তাহার আলোচনা করা হাবে। মুর্ত্তির অকৃতি দেখিয়া বাহারা উহার সময়ের একটি অসুমান করিতে পারেন তাহার নিঃসন্দেহে বলিবেন যে বাশোরেশ্বরীর মৃত্তি কচুরায়ের সময়ের হইতে পারে না, সে মুর্ত্তিত যে হত্ত পাল নাই, তাহাও প্রকৃত স্তা। সকলে দ্বে বিসিয় প্রবন্ধ রচনা করেন। স্বচন্দে দেখিয়া বীয়্তাবে ভাবিয়া লিখিবার প্রথা এখনও বিশেষভাবে বলদেশে আসে নাই। বলে তথাস উদ্ধানে ইছাই প্রধান কন্ত্রায়। বিশ্বকার প্রথম প্রত, ৯৯৭ প্রা প্রইব্য।



আমাদি গ্রামের পরীমালা দেবী। ১৬১ পৃঃ

শ্রীস তীশ চন্দ্র মিত্তের যশোহর-খুলনা ইতিহাসের জ্ঞা

পাণিঘাটের অস্টাদশভূজা মহালক্ষ্মীমূর্ত্তি এ প্রসঙ্গেজ্য করা যাইতে পারে। যশোহর থূল্নার ৮ কালীবাড়ী নাই এমন কোন প্রধান স্থানই নাই, এরপ বলা যাইতে পারে, কিন্তু তাহার অধিকাংশ দেবীস্থান পরবর্ত্তী যুগে প্রতিষ্ঠিত বলিবাই আমাদের বিশাস।

আমাদি গ্রাম এক্ষণে স্থন্দরবনের উত্তর সীমায় কণোতাক্ষকূলে অবস্থিত প্রাচীন যুগে ইহা একটা প্রধান স্থান ছিল বলিয়া বোধ হয়। পরবর্ত্তী হিন্দু ও মুদলমান যুগের অনেক কীর্ত্তি চিহ্ন এখনও এখানে বর্ত্তমান আছে। তাহার বিষয় যথাস্থানে বর্ণনা করা যাইবে। আমাদি নামের উৎপত্তি সম্বন্ধে কিছুই জানা যায় না। অতি পূর্ব্বকালে ইহা আমন্বীপ (আমন্বীপ) বা আমাদ অর্থাৎ পিশাচগণের বাসভূমি ছিল বলিয়া এরপ নাম হইয়াছে কিনা বলা যায় না। যাহা হউক এই গ্রামে বা ইহার সিরিকটে কোথাও পরীমালা দেবী পূজিত হইতেন। পরে কোনও বার স্থান্দরবনের নিমজ্জনে উহার মন্দিরাদি ধ্বংসপ্রাপ্ত হয়। এবং দেবী মৃর্ত্তি ভূমিগর্ভে প্রোথিত হইয়া পড়ে। সম্ভবতঃ উহা প্রথম বিপ্লবে হয়। পরে উহার উপর দিয়া বহু শতাকী চলিয়া যায়। অপেক্ষাকৃত আধুনিক যুগে ভূগর্ভ হইতে পরীমালা দেবীর উদ্ধার সাধিত হইয়াছে।

প্রবাদ এই যে টাকীর জমীদারগণ যথন জামিরা পরগণার মালিক হন, তথন তাঁহাদের মধ্যে ৺গোবিন্দ দেব রায় চৌধুরী স্বপ্নাদিষ্ট হন। তদন্ত্সারে তাঁহার লোকে কয়ড়া নদীর কুলে নারায়ণপুর প্রামে ভূমি খনন করিয়া, একটা প্রস্তরমন্ত্রী মূর্ত্তি পান। বছকাল পর্যান্ত লবণাক্ত কর্দমে কঠিন প্রস্তরেয়ও বছ পরিবর্ত্তন হয়া গিয়াছিল। তব্ও মূর্তিটা যে নরমুগুমালিনী দেবী তাহা বুঝা যায়। উক্তরায় চৌধুরী মহোদয় এই প্রতিমা আনিয়া আমাদি প্রামে উহার স্থাপনা করেন। দেবীমূর্তির জন্ম একটী ছাদওয়ালা মন্দির প্রস্তত হয়, উহার চর্তুর্দিকে প্রাচীয় বেষ্টিত করিয়া প্রপ্লোফান রচিত হয়; নহবংখানা প্রস্তত হয় এবং দেবার সর্ববিধ ব্যাপারের জন্ম যথেষ্ট পরিমাণ বৃত্তির ব্যবস্থা করিয়া দেওয়া হয়। বাঁকার নিকটবর্ত্তী রামনগর গ্রামনিবাদী ৺কালীনাথ চক্রবর্তী নামক একজন বিশেষ নিঠাবান পণ্ডিতের উপর স্বপ্নাদেশ অমুসারে যথাবিধি পৃশ্বার ভার অর্শিত হয়।৮ তিনি মূর্ত্তির দেবতা নির্পন্ধ করিয়া উহার পূজা আরম্ভ করেন।

কিছু দিন পরে ভালীনাধ চক্রবর্তী আলাবী আম নিবানী ভভারাচরণ গলোপাধারকে:

যাঁহাকে দাধারণ লোকে পরীমালা বলিয়া জানে, তিনি চামুঙা দেবী।
চণ্ডমুণ্ড অস্করের নিপাত জন্ত মহাদেবী এই করালবদনা চামুঙা মূর্ত্তি পরিগ্রহ
করিয়াছিলেন। আমাদিতেও দেবী মূর্ত্তির নিম্নলিখিত "চামুঙা" ধ্যানে
পূঞা হয়ঃ—

ওঁ কালী করালবদনা বিনিক্ষান্তাসিপাশিনী বিচিত্রথটাঙ্গধরা নরমালাবিভ্রণা। দ্বীপিচর্মপরীধানা শুক্ষমাংসাতি ভৈরবা অতি বিস্তারবদনা জিহ্বাললনভীষণা॥ নিম্বারক্তনয়না নাদাপূরিতাদিঙ্মুখা। ওঁ ক্রীং হ্রীং চামুগুরিপারৈ হুগারৈ নমঃ॥*

এই মৃত্তিটি একথানি হ'-৩"×১'-১০" প্রস্তবের উপর উৎকীর্ণ ছিল।
মৃত্তির চারিথানি হস্ত। নরমৃগুনালার একটু একটু চিল্ল আছে। নিম্নে
অন্তরাদি অন্ধিত ছিল বুঝা যায়। বন্দের উপর ছইটি শৃন্তার্গর প্রস্তরপিও
আছে, উহা স্তনবুগল ব্যতীত অন্ত কিছু হইতে পারে না। কিন্তু দেহের অন্তপাতে
উহার অস্বাভাবিক আকার ও মধ্যে কাঁপা দেখিয়া কেমন সন্দেহ হয়়। মন্তকে
প্রস্তবের মৃকুট ছিল, সমগ্র প্রস্তরথানি প্রায় ছই মণ ভারী হইবে। অতিক্ষ্টে
প্রস্তরথানিকে দরজার বাহিরে আনিয়া ফটো লওয়া হইয়ছিল। কিন্তু উহা এত
অপপ্ট এবং অতিরিক্ত মসী ও তৈল সঞ্গ্রে বিক্কৃত যে ইহার ভাল ফটো হয়ু নাই।

পৌরহিত্যে প্রতিনিধি রাখিয়া যান। এই গাঙ্গুলী যংশের দৌহত্ত-কুলোন্তব শ্রীনীতানাথ
চক্রবর্তী মহাশার একংশ পুরোহিত আছেন। পুর্বেজি ভমিদার মহাশায়গণ মায়ের পূজার জায়
যে বৃত্তির ব্যবস্থা করেন, তাহা বর্তমান সময়ে সদাশায় গবর্ণমেটের অমুগ্রহে ৫৬॥৫০ রাজ্বের
একটা নির্দ্দিপ্ত তালুকে পরিণত হইলাছে এবং উহাতে ১৫০, টাকার অধিক আয় আছে। এক
সময়ে রাজ্বের আনাদায় জল্প এই তালুক বিক্রীত হইবার উপক্রম হইলে, আমাদি নিবালী
শ্রীসারদাচরণ দিহে ও মহেল্রনাথ সিংহ টাকা আমন্ত করিয়া দিয়া বিষয় রক্ষা করেন;
ভাহার কলে তাহারা তালুকের অন্ধাংশ ভোগ করিতেছেন। স্তরাং এখনও বৃত্তির বন্দোবত
আছে, কিন্তু মায়ের প্রায় অবস্থা তেমন নাই। এখনও বহ দূরবর্তী হানের লোক এধানে
পূলা দিকে আনে, কিন্তু দেবায়তনের তেমন পরিস্কার পরিছরতা, পুরোহিতের তেমন পূলায়
বাবস্থা এখন আর নাই।

মার্করের চণ্ডীতে চণ্ডমুগুর্বাধ্যায়ে এই চামুগুরেরীর আবির্ভাব বর্ণিত ইইয়াছে। সেই
হানেই দেবার এই ধান আছে: আমাদিতে যে ধানে পূলা হয় তাহাতে যে বীল ময় আছে:
তাহা ঠিক কিনা বলিতে পারি না। অন্তত্ত চামুগুরীল ঐ, ৪ৢৢৢৗ, ৣয়ৢৢৗ, — এইয়প উক্ত ইইয়াছে ।:

তাহা হইলেও যে ছবি প্রদন্ত হইল, উহা হইতে দেবী মৃর্তির কিছু আভাদ পাওয়া যাইবে এবং উহার ভাস্কর্য্য যে অতি প্রাচীন যুগের তাহাও অনুমিত হইতে পারিবে। যাজপুরে বৈতরণী তটে যে চামুণ্ডা দেবীর ভীষণ মূর্ত্তি দেখিয়াছি, বিষ্কমচন্দ্রের অমর লেখনীর মূথে যে "বিশুস্কাস্থিচর্ম্মাত্রাবশেষা, পলিতকেশা, নগ্রবেশা, থণ্ডমুণ্ডধারিণী ভীষণা চামুণ্ডার" ধ্যানমূর্তি * ফুটিয়া উঠিয়াছে, এখানে ও দেই একই দেবীবিগ্রহ স্থালরবনের মৃত্তিকার দোবে বিকৃত হইয়াছেন।

খলুনা জেলার বাগেরহাট উপরিভাগে বাগেরহাট দহর হইতে ৫।৬ মাইল দুরে পাণিঘাটে এক অষ্ঠাদশভূজা দেবীমূর্ত্তি আছেন। পাণিঘাট অতি প্রাচীন স্থান এবং এই ক্ষুদ্রকায় দেবীমূর্তিও আদিযুগের বলিয়া অনুমান করা যায়। এই মূর্ত্তি প্রতিষ্ঠা দম্বন্ধে প্রধানতঃ ছুইটী মত আছে। আমরা প্রথমতঃ দেই ছুই গল্প বিবৃত করিয়া তৎসম্বন্ধে আমাদের মতামত প্রকাশ করিব। পাণিঘাট এক্ষণে গোবরভাঙ্গার জমিদার বাবুদের চিক্রলিয়া পরগণার অধীন। এথানে মায়ের মন্দির ভৈরব নদের কলে অবস্থিত। মন্দিরের পুরোহিত ও স্থানীয় লোকে বলেন যে পুরোহিত বংশের ৮١১০ পুরুষ পূর্ব্ববন্ত্তী ৮রাজীবলোচন চক্রবন্তী এই মূর্ত্তি প্রতিষ্ঠা করেন। বর্ত্তমান কালীবাড়ীর দক্ষিণ পশ্চিম কোণে নদীকূলে ভীষণ জঙ্গল ছিল। প্রবাদ এই —তখন এথানে স্থলগী, পশুর প্রভৃতি বুক্ষও ছিল। রাজীবের স্ত্রী প্রসববেদনায় অতান্ত কণ্ট পাইতেছিলেন বলিয়া রাজীব একটি ঔষধের অমুসন্ধানে এই বনের মধ্যে প্রবেশ করেন। তিনি বৃক্ষতলে এক সন্ন্যাসীকে দেখিতে পান ও তাঁহার পা ধরিয়া কাঁদিয়া পড়েন। সন্মাসী সম্ভষ্ট হইয়া তাঁহাকে তৎক্ষণাৎ একটা অবার্থ ঔষধ দেন ও বলিয়া দেন যে তাঁহার একটা কন্তাসস্তান হইবে এবং সন্ন্যাসী যে সেথানে আছেন তাহা অন্তের নিকট প্রকাশ করিতে নিষেধ করেন। সন্ন্যাসী যেমন বলিয়াছিলেন, রাজীবের একটা ক্যাসন্তান হইল। তথন সন্ন্যাসীর প্রতি রাজীবের অত্যন্ত ভক্তি বাড়িয়া গেল। তিনি প্রতাহ গোপনে সন্ন্যাসীর নিকট যাইতে লাগিলেন এবং তাঁহার ক্রপা লাভে দীক্ষিত হইয়া প্রায় ছয়মাস কাল তন্ত্রাদি শাস্ত্রীয় উপদেশ সন্ন্যাসীর নিকট লাভ করেন। এমন সময় বাৎসরিক খ্রামাপুরার দিনও নিকটবর্তী হইল। সন্মাসী বলিলেন "রাজীব! তোমাকে এই স্থানে একথানি কালীমূর্ত্তি গড়িয়া পূজা করিতে

সীতারাম, ১য় বর্ড, একাদশ পরিচ্ছেদ।

হইবে।" রাজীব দরিদ্র ব্রাহ্মণ বলিয়া পূজার আয়োজন করিতে ভর পাইলেন দেখিয়া সয়াসী বলিলেন "তুমি মৃত্তিকা আনিয়া দাও, আমি মৃত্তি গড়িয়া দিব, তুমি পূষ্পপতে পূজা করিবে মাত্র।" তাহাই হইল। সয়াসী স্বহস্তে কালীমৃত্তি গড়িয়া দিলেন, রাজীব উপদেশ মত পূজা করিলেন। কিন্তু পূজাস্তে সয়াসীর আদেশমত প্রতিমা বিসর্জন করা হইল না। রাজীব বলিলেন, "কোন অনাদি মৃত্তি বাতীত কি পীঠস্থান হয় ?" তহতুরে সয়াসী তাঁহাকে নদীগর্ভে একটী স্থানে ডুব দিয়া বাহা পাওয়া যাইবে, তাহা তুলিয়া আনিতে বলিলেন। রাজীব নির্দিষ্ট স্থানে ডুব দিয়া এক অন্তাদশভূজা মহিষমর্দিনী কালীমৃত্তি পাইলেন। পরে উহাই তয়্মাক্ত আসনে সংস্থাপন পূর্মক পূজাপদ্ধতি প্রচলন করিলেন। তদনস্তর সয়াসী অন্তর্হিত হইলেন।

রাজীবের একটা কন্তা ও একটা পুত্র ছিল। পুত্রটি পূর্ণবয়স্ক হইরা যোগ শিক্ষাকালে হঠাৎ মৃত্যুম্থে পতিত হয়। কন্তা হইতে রাজীবের দৌহিত্রবংশ ছিল। সে বংশের শেষ বংশধর রামানন্দ চক্রবর্তী ৪।৫ বংসর হইল লোকান্তরিত হইরাছেন। রাজীবের জ্যেষ্ঠত্রাতা জীরামের বংশ আছে। জীরামের হুই পুত্র,—রামদেব ও রামকান্ত। রামদেবের বংশের অধন্তন তারাপদ চক্রবর্তী এবং রামকান্তের বংশের ১০২ বংসর বয়য় রামবিঞ্ চক্রবর্তী বর্তমান। ছংথের বিষয় ইছারা পূর্ব্বপুরুষের কোন বিশেষ বুত্রান্ত জানেন না।

অষ্টাদশভূজার প্রতিষ্ঠা সম্বন্ধে দ্বিতীয় বিবরণ ৮ কমলাকান্ত সার্ধ্বভৌম-প্রণীত "দ্বিগঙ্গা রাজবংশন্" নামক সংস্কৃত পুঁথি এবং ৮ মহেশচন্দ্র মুখোপাধ্যায়-প্রণীত "বাস্থকী-কুলগাথা" নামক বাঙ্গালা পুঁথি হইতে জানা যায়।* উভর পুঁথিতে বিশেষ সামঞ্জ্ঞ আছে। বিশেষতঃ বাস্থকীকুলগাথায় বহুস্থানে তারিথ দেওরা হইয়াছে এবং তারিথগুলি ঐতিহাদিক তারিথের সহিত সম্পূর্ণ সামঞ্জ্ঞ রক্ষা করে। এই পুঁথি অঞ্সারে দ্বিগঙ্গা + সেন বংশীয় রুজ নারায়ণ বরিশালের

এই ছুইবানি পুঁথিই সপ্রতি (পুল্না) মঘিয়ার রাজবংশীর বাসকীকৃত প্রদীপ ক্রাবি
শীর্ক বাব হেমচন্দ্র রায় চৌধুরী মহোদয় মুদ্রিত ও প্রকাশিত করিয়াছেন। তিনি আয়াদের
য়য়্প উভয় পুঁথির প্রতিলিপি প্রস্তুত করিয়া পাঠাইয়াছিলেন।

^{ে ;} এ^{ড়} আম সর্ক্তথেমে এই সেনবংশের কুলপুরুষ রমানাথ মেহারাজ আবিশ্রের নিকটি ইউতে অংশু হন। পুঁথিতে আছে :—

^{&#}x27;ভাগীরথী নদীতীরে দীর্ঘ গঙ্গা গ্রাম সর্বস্থানে দিগঙ্গা বলিয়া দুবে নাম।

অন্তর্গত রায়ের কাঠিতে এক রাজ্য স্থাপন করেন এবং রাজা উপাধি পান।*
রুদ্ধ-নারায়ণের চারিপুত্র ছিল, তন্মধ্যে গন্ধর্কনারায়ণ সর্কাকনিষ্ঠ; তিনি অংশমত
চিক্রলিয়া পরগণা প্রাপ্ত হইয়া তথায় আসিয়া প্রাসাদ নির্মাণ করিয়া বাস করেন।
তাঁহার পুত্র রাজচন্দ্র অন্তর্বয়দে সালিপাত জরে অজ্ঞান হন এবং রাজবৈঞ্চেরা
তাঁহার জীবনসঞ্চার করিতে পারেন না। এমন সময় হঠাৎ এক সয়াসী
আসিয়া সেই মৃত কুমারকে ডাকিবা মাত্র তাহার চৈত্তভোদয় হয়, এবং সয়াসী
তাহাকে ডাকিয়া নদীর কূলে জঙ্গলের মধ্যে লইয়া যান। রাজা রাণী সঙ্গে
সঙ্গে ঘুরিয়া ছিলেন। সয়াসী রাজচন্দ্রকে দীক্ষিত করিবার জন্ম তাঁহাদিগকে
"পাণি আন" বলিয়া ছিলেন। দীক্ষান্তে সয়াসী পুনরায় পঞ্চম বংসরে মহান্তমী
দিনে সেই স্থানে সাক্ষাৎ হইবে বলিয়া অন্তর্ধান হন। ক্রমে গল্প যত রটিল,
এই স্থান বিধাতি হইয়া উঠিল।

"বছ লোক সমাগমে তথা হইল হাট তদবধি সে স্থানের নাম পাণিঘাট"

অন্নদিন পরে ১৭৩৭ খৃষ্টাব্দে গদ্ধর্কের লোকান্তর হইল † এবং রাজচন্দ্র পরে পঞ্চম বর্ষে মহাষ্টমীর দিনে সেই স্থানে সন্ন্যাসীয় দর্শনলাভ করিলেন। সন্ন্যাসী তাঁহাকে গোপাল, বাস্তদেব, শ্রামরান্ন, লক্ষী নারান্নণ প্রভৃতি কতকগুলি দেববিগ্রহ দিয়াছিলেন; এবং সর্ক্য শেষে—

> হন্দর দে গ্রামথানি কি শোভা তাহ তে, দেই গ্রাম আদিশুর দিল রমানাথে।"

এট বিগঙ্গা কোণার তাহা নির্ণর করা যার না। ২৪ গরগণা জেলার বারাসত উপবিভাগে এক বিগঙ্গা আছে; তাহা প্রাচীন স্থান বলিরা বোধ হয়; বেথানে প্রকাশ দীঘি ও ইউকালরের স্থাবশেব বর্জমান। কিন্তু উহার পরা নিনীর উপর নহে। গঙ্গানদী ইইতে উহার দূরত্ব ১০ ১২ মাইল হইবে। এই বিগঙ্গা এক সময়ে বঙ্গের একটি প্রধান স্থান ভিগ। অঞ্চ প্রসাস করা করা বাইবে। রিভারিজ সাহেব বিগঙ্গাকে কলিকাতার নিক্টবর্তী বলিরাছেন।

* রমান্থ সেনকে প্রথম পুরুষ ধরিলে ১৯ পর্যানে রুজ নারাছণ। ইনি "বাণগড় বাণ-শনি শকের বৈশাথে" রারের কাটিতে সিজেবরী কালীমূর্ত্তি প্রতিষ্ঠা করেন। উক্ত কালী মন্দিরের শিলালিপি হইতেও তাহাই প্রমাণিত হয়। see Beveridge, History of Bakargunj. p.121

† ''গ্ৰহবাণ ঋতু শণধর শৰু পৌৰে রাজা রাণী অর্গে যান অত্যন্ত হরবে।''

এই ন নাৰ নত, বজুলভ, শৃশধর ল ১, ইহাকে উণ্টাইরা কইকে ১৬ ৫৯ শক যা ১৭৩৭ পৃটাক হয়।

"পরে শুরু অন্ত এক মূর্ত্তি দিল ফিরি বাহির করিল মূর্ত্তি জটাজাল চিরি॥ অপ্তাদশভুজা আত্থাশক্তির প্রতিমা। ভাঁহার রূপের কথা দিতে নারি দীমা॥"

এবং দে মূর্ত্তি পঞ্চমুগুী আদনে প্রতিষ্ঠিত করিয়া নিত্য পূজার ব্যবস্থা করিতে বলিয়া দেন। সন্মাসীর নাম ব্রহ্মাণ্ড গিরি।

রাজ্চক্র তথন রামকান্ত বিভাবাগীশ ও কমলাকান্ত সার্কভৌম নামক তাঁহার কুল-পুরোহিত আত্বয়কে ডাকিয়া, পাণিঘাটে বটমূলে মুর্ত্তি প্রতিষ্ঠা করিয়া মন্দির নির্মাণ করিয়া দেন।

উপরি লিখিত বিবরণ হইতে দেখা গেল, যে পাণিঘাটে মূর্ত্তি প্রতিষ্ঠা ১৭৩৭ খুষ্টান্দের পর হইন্নাছে। পুরোহিতদিগের বিবরণ হইতে দেখা যায়. রাজীবের পর তাঁহারা ৮।১০ পুরুষ বাস করিতেছেন। এই পুরোহিত-বংশ যেরূপ দীর্ঘায়, তাহাতে অনুমান করা যায় যে ১০ পুরুষে ৪০০ বৎসর অতি-বাহিত হইয়াছে। অর্থাৎ রাজীব পঞ্চদশ শতাব্দীর শেষ ভাগে বা ষোডশ শতান্দীর প্রথমে দেবীমূর্ত্তি প্রতিষ্ঠা করেন। কিন্তু পাণিঘাটের নাম ইহা অপেক্ষাও প্রাচীন বলিয়া বোধ হয়। যথন রাঙ্গদিয়া, মধুদিয়া প্রভৃতি দ্বীপের স্ষ্টি হইতে ছিল, সে দকল স্থানে কোন বসতি হয় নাই, উহার দক্ষিণ দিয়া পশর পর্যান্ত বিস্তৃত স্থান জলমগ্ন ছিল, তথনও পাণিঘাটের নাম জুনা যায়। পাণিঘাট হইতে পশর নদীর পার্শ্ববর্তী কুড়লতলা পর্য্যন্ত একটি থেয়া পডিত. ইছার এক থেয়া দিতে এক দিন লাগিত। তথন এই দিকে ভৈরবের দক্ষিণে ও পশরের পূর্বের কোন বসতিস্থান ছিল না। খুল্না জেলায় এ কথা অনেক-স্থানে সাধারণ প্রবাদবাক্য পরিণত হইয়া রহিয়াছে। দেশের প্রকৃতি দেখিলেও তাহা অনুমান করা যায়। ইহাতে ভূতের গল্প কিছু নাই। লোক-পরস্পরাগত এই সকল প্রবাদ উড়াইয়া দেওয়া চলে না। স্বতরাং অপ্তাদশ শতাব্দীর মধ্যভাগে পাণিঘাটের নামোৎপত্তি হইয়াছে, একথা স্বীকার করা যায় না অথচ পুঁথিগত তথ্যের ও একটা ভিত্তি থাকা সম্ভব।

সকল অবস্থা পর্যালোচনা করিয়া আমাদের মনে হয়, পাণিঘাট অতি পুরাতন স্থান। সেন রাজগণের রাজস্ব কালেও এথানে দেবীপীঠ ছিল।



পাণিঘাটের অষ্টাদশ ভূজ। দেবী মূর্দ্তি

১৬৬ পৃ:।

বীসভীশচন্দ্র মিত্রের ধশোহর-খুলনা ইভিহাসের বৃদ্ধ

Printed by K. V. Seyne & Bros.



পরে পাঠান আমলের প্রাক্তালে এ অঞ্চলে যে বিপ্লব হয়, তাহাতে এ প্রদেশ বসিয়া গিয়া ভীষণ জঙ্গলাবত হইয়া পড়ে। পাঠান আমলের মধ্যভাগে পুনরায় এ দেশ আবাদ হইয়া লোকের বসতি হয়। পঞ্চদশ শতাব্দীর মধ্যভাগে যথন খাঁ জাহানালি বাগের হাটে এক শাসন-কেন্দ্র খুলিয়াছিলেন, তাহার কিছু পূর্ব্ব হইতে বর্ত্তমান খুল্নার পূর্ব্ব হইতে ভৈরব-কূল দিয়া বসতি স্থাপিত হইয়া ক্রমশঃ পূর্বমুথে অগ্রসর হইতেছিল। এই অংশে ভৈরবের কূলবর্ত্তী গ্রাম সমূহের আদিম অধিবাদীদিগের বংশ-বিবরণ হইতে এই একই কথা সপ্রমাণ হয়: যথাস্থানে আমরা তাহার আলোচনা করিব। এই সকল আদিম "বাসিন্দা"-দিগের সময়ে পাণিঘাটে দেবীমূর্ত্তি পুনঃ প্রতিষ্ঠা হয় বলিয়া বিশ্বাস। পূর্ব্বকাল হইতে দেবীমূর্ত্তি এই স্থানেই জঙ্গলের মধ্যে নদীর কূলে বা গর্ভে ছিল। এক সন্মাসী আদিয়া সে মূর্ত্তি আবিষ্কার করেন। পুরোহিতগণের বিবরণেও তাহাই আছে; সন্ন্যাদী জঙ্গলের মধ্যে এক গগুর বৃক্ষের তলে বসিয়া ছিলেন, তিনি রাজীবকে নদীতে নামিয়া দেবীমর্ত্তি উঠাইবার স্থান নির্দেশ করিয়া দেন। সন্ন্যাদী জটাজাল চিরিয়া দেবীমূর্ত্তি বাহির করিলেন, একথা বিশেষ বিশ্বাসযোগ্য বলিয়া বোধ হয় না। প্রায় ৬।৭ ইঞ্চি দীর্ঘ ও ৫ ইঞ্চি প্রস্তু বিশিষ্ট প্রস্তরময়ী ভারী দেবীমুর্ত্তি জটাজালের মধ্যে লুকাইয়া রাখা যায়, এবং জটাজাল চিরিয়া তথা হইতে বছদিনের স্থাপিত মূর্ত্তি বাহির করিতে হয়, ইহা সম্ভবপর বলিয়া মনে হয় না। পুঁথিতে আছে শুধু এমূর্ত্তি নহে, দল্লাদী আরও অনেক মূর্ত্তি দিয়া যান। দ্বাদশ গোপাল, বাস্তুদেব, শ্রামরায়, কালাচাঁদ ঠাকুর, লক্ষ্মী নারায়ণ প্রভৃতি প্রস্তরনির্দ্ধিত বিগ্রহগুলিও ব্রহ্মাণ্ডগিরি সন্নাদী রাজচন্দ্রকে দেন। * হয়ত জঙ্গলের মধ্যে কোন প্রাচীন মন্দিরের ভগ্নাবশেষ নদীর জলপর্যান্ত ছিল, উহার মধ্যে সন্ন্যাসী এই সকল মূর্ত্তি প্রাপ্ত হইয়াছিলেন। ভৈরবের গর্ভ থাতে নানাস্থানে এরপ মূর্ত্তি পাওয়া গিয়াছে ৷ পাণিখাটের নিকটবর্তী লাউপালা গ্রামের পার্শ্বন্থ মরা ভৈরবের প্রাচীন থাতে জালিয়াদিগের জালে একটি চতুর্ভুজ

খানশ গোপাল, বাহুদেব, ভামরায় কালাচাদ ঠাকুর গুলু রালচল্রে দের । লক্ষ্মী নারায়ণ রায়ে করিল প্রদান দে দব বিগ্রহগুলি প্রস্তর নির্মাণ।

বাহদেব মূর্ত্তি উঠে। ঐ হান্দর মূর্তিটির মধ্যস্থানে কতকটা ভান্দিয়া ধাওয়ায়
মূর্ত্তিটি ৮সবিচরণ দাস মোহাস্ত কর্তৃক লাউপালার গোপাল মন্দিরের বহির্দারে
দেওয়ালের ভিতর গাথিয়া রাথা হয়। উক্ত গোপাল বিগ্রহ ও এক সয়াাদীর
নিকট হইতে প্রাপ্ত হওয়া গিয়াছিল। সেও আব্ধ দেড় শত বৎসরের কথা।
অস্টাদশভূজার মূর্ত্তি দেখিলেও তাহা অতি প্রাচীন যুগের ভাস্কর্য্যের পরিচয়
দেয়। অতি প্রাচীন কঠিন কন্টি পাথরের প্রস্তুত হইলেও বছ্রুগের কালধর্ম্মে
ইহা অনেকটা কয় প্রাপ্ত হইয়াতে।

তান্ত্রিকগণ বলেন শতভূজা বা অষ্টাদশভূজা প্রভৃতি অধিক সংখ্যক ভূজা বিশিষ্টা মূর্ত্তি হিমালয়ের উপরই নির্মিত ও প্রতিষ্ঠিত হইত, ক্রমে হিমাচল হইতে যত দ্রে যাওয়া যায়, তত হস্তসংখ্যা কমিয়া মায়ের মূর্ত্তি অষ্টভূজা বা চতূর্ভুজা ও অবশেষে দ্বিভূজা হইতে থাকে। কোন্ অনাদিমুগে এই সকল মূর্ত্তি প্রস্তত হইয়া ক্রমে বঙ্গদেশের বহু পীঠস্থানে নীত ও স্থাপিত হইয়া ছিল, তাহা জানিবার উপায় নাই। মোট কথা কপিলেখনী কালীমূর্ত্তি, যশোরেখনী কালীমূর্ত্তি, আমাদির চাম্প্রামূর্ত্তি এবং পাণিবাটের অষ্টাদশভূজা মহিষমর্দ্দিনী মূর্ত্তি যশোহব খূল্নার প্রাচীনত্বের সাক্ষ্য দিতেছে।

চতুর্থ পরিচ্ছেদ—জৈন বৌদ্ধ যুগ।

আমরা দেথিয়াছি অতি প্রাচীন যুগে বন্ধদেশের কোন কোন অংশ তীর্থস্থানে পরিণত হইয়াছিল। ঐ সকল স্থানে দেবমূর্ত্তি প্রতিষ্ঠিত হইয়াছিল; সাধুসয়্যাদীরা অন্যদেশ হইতে সে সকল স্থান দর্শন করিতে আসিতেন। উত্তরাপথ হইতে যথন ক্ষত্রিয়েরা দিখিজয়ে আসিতেন, বঙ্গবাদীরা তাঁহাদের সহিত বৃঁজ করিতেন। মহাভারতের যুদ্ধে বঙ্গাধিপতি গঙ্কসৈন্য লইয়া যুজ্ করিয়াছিলেন; রঘুর সময়ে বঙ্গবীরগণ নৌযুদ্ধে অসামান্য রণকৌশল প্রদর্শিদ্ধ করিয়াছিলেন। এ সময়ে বঙ্গদেশে সভ্যতা বিস্তৃত হইতেছিল কিন্তু দেশ প্রকৃতভাবে আর্যাভূমি হয় নাই। বিষ্কিমচন্দ্র লিধিয়াছেন "যথন ভারতে বেদ, স্থিত্

ইতিহাস সঙ্কলিত হইতেছিল, তথন বঙ্গদেশ ব্ৰাহ্মণশূন্য অনাৰ্য্যভূমি।"* তাঁহার মতে খুষ্টের ছয় শত বংসর পূর্বের বা তদ্বৎ কোন কালে এ দেশে প্রকৃতভাবে আর্য্যজাতির অধিকার বিস্তৃত হইয়াছিল। এই আর্য্যাধিকারের পূর্বে পুণ্ড প্রভৃতি অনার্য্যজাতিগণ সমুদ্র-কূলবর্তী বঙ্গের অধিবাসী ছিল। এখনও সমুদ্রকূল হইতে আরম্ভ করিয়া উত্তরে পদ্মা পর্যান্ত প্রদেশে বহুদংখ্যক পূঁড়া বা পোদ জাতীয়ের বাদ আছে। পূঁড়া বা পোদ পুঞ্ শক্ষের অপভাষা। ইহা ব্যতীত চণ্ডাল বা চান্দালগণ ব্রেক্ত হইতে আসিয়া উপ্রক্ষের নানা স্থানে বদতি করিয়াছে। তাহারা এক্ষণে নমঃশূদ বলিয়া আত্মপরিচয় দেয়। যশেহর খুল্নার বহুসংখ্যক নমঃশুদ্রের বাস। বাছাত নামক ইহাদের এক থাক আছে। থুলুনার দক্ষিণাংশে বাছাড়েরা ধনধান্যে বিশেষ সঙ্গতিসম্পন্ন। ইহাদের ব্যবহার্য্য দক্ষিণদেশীয় এক প্রকার শক্ত নাতিদীর্ঘ নৌকাকে বাছাড়ী स्नोका वरन। थूनुमात मर्खना क्रिनिमभज वरन कतिवात क्रमा **এই वाहाफ़ी** নৌকার চলন আছে। যশোহর জেলায় পঁড়া বা **খুল্নায় দক্ষিণাংশে পোদ,** চণ্ডাল, বাগদি প্রভৃতি বহুজাতি বাস করে। ইহারাই এ মণ্ডলের আদিম অনার্য্য অধিবাদী। ইহারা লবণাক্ত জলাভূমিতে স্বাস্থ্য রক্ষা করিয়া বাস করিতে সক্ষম।

খৃঃ পৃঃ ষষ্ঠ শতালীতে যৌধের বা বাদব জাতি বসাধিকার করে।
অশোকের শিলালিপিতে যৌধের ও রাষ্ট্রকৃট জাতির উল্লেখ আছে। সম্ভবতঃ
বহু রাষ্ট্রকৃট জাতি যে অংশে বাদ করে, তাহারই নাম হয় রাঢ় বা লাঢ়।
প্রাচীন জৈন গ্রন্থেইহার উল্লেখ আছে। † মৌর্য্য চন্দ্রগুপ্তের সময়ে গ্রীকদ্ত
নগাহিনিদ তাঁহার রাজসভার ছিলেন। তিনি স্বকীয় বিবরণীতে
গঙ্গারিতি রাজ্যের উল্লেখ করিয়া গিয়াছেন। সম্ভবতঃ এই গঙ্গারিতি
গঙ্গারাষ্ট্র বা গঙ্গারাট্রী শব্দের্শ বিকৃতি মাত্র। মেগাহিনিদ বলিয়ছেন,
গঙ্গারাট্রীদিগের হন্তিসৈন্যের ভরে অন্য রাজগণ তাহাদিগকে আক্রমণ করিতেন
না। তিনি ইহাও লিধিয়াছেন বে, স্বয়ং সর্ব্বেল্মী আলেকজ্বেণ্ডার গঙ্গানীতের
উপনীত হইয়া গঙ্গারাট্রীদিগের প্রভাপ শুনিয়া সেইধান হইতে অনুমা

तजनर्वन, ३०४०, "राष्ट्र डाक्सनाधिकांत्र" गैर्तक अनम अनुकृष्ट

[🕇] यानातात एक २१४०, "(बीजुनासमाता" ३म गुः हाहैया

করেন।" * সত্য মিথ্যা জানি না, তবে গঙ্গারিভি যে একটি বিস্তৃত রাজ্য ছিল তাইাতে সন্দেহ নাই; বঙ্গদেশ ইহার অন্তর্গত ছিল। † স্কৃতরাং উপবঙ্গ বা যশোহর-খূল্না এই গাঙ্গরাষ্ট্র বা গঙ্গারিভিদেশেরই অংশ নাত্র। প্রিনি বলিয়া গিয়াছেন, যে গঙ্গাসঙ্গমের পার্ষে একটি দ্বীপে মোল্গলিঙ্গী জাতি বাস করিত। কেহ কেহ অনুমান করেন যে বুড়ন, বাক্লা, সন্দ্বীপ প্রভৃতি পূর্ব্ববঙ্গের কতকাংশ লইয়া এই দ্বীপ গঠিত এবং মোল্গলিঙ্গী শন্ধ মোলঙ্গী শন্ধের নামান্তর। ‡ এই লবণাক্ত সমূদ্রবেটিত দেশ হইতে পূর্ব্বকালে যথেষ্ট পরিমাণ লবণ উৎপন্ন হইত। ঐ লবণ প্রস্তুত করিবার জন্তু যে একপ্রকার ভাণ্ড ব্যবহৃত হইত, তাহাকে মোলঙ্গা এবং যাহারা লবণ প্রস্তুত করিত তাহাদিগকে মোলঙ্গী বলিত। এখন চব্বিশ পরগণা ও খূল্না জ্লোর দক্ষিণাংশে বছ সংখ্যক মোলঙ্গীর বাস আছে, কিন্তু তাহারা এক্ষণে লবণ প্রস্তুত করিবার অধিকারে বঞ্চিত।

পূর্ব্বোক্ত গঙ্গারিতি রাজ্যের একটি প্রধান নগর ছিল—গঙ্গে বা গঙ্গারেজিয়া।
ইহা সমগ্র ভারতের মধ্যে একটি প্রধান বাণিজ্য বন্দর ছিল। খৃষ্টীয় প্রথম
শতাব্দীতে গ্রীক ভাষায় লিখিত পেরিপ্লাদে ও গঙ্গেবন্দর হইতে প্রবাল,
উৎকৃষ্ট মদ্লিন প্রভৃতি দ্রব্য বিদেশে যাইত বলিয়া উল্লিখিত আছে।
ৡ
আমরা পূর্ব্বে বলিয়াছি কলিকাতার দক্ষিণে সমুদ্র পর্যান্ত বিভৃত সমগ্র ভূতাগ
প্রবাল দ্বীপ নামে পরিচিত। গ গঙ্গে বা গঙ্গারেজিয়া এই প্রবাল দ্বীপের
অন্তর্গত বলিয়া মনে করি। শ্রীযুক্ত পরেশনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয় এই
গঙ্গারেজিয়া যশোহর জেলার অন্তর্গত বলিয়া অনুমান করিয়াছেন। ৸ আমাদের
মনে হয় ইহা বর্ত্তমান যশোহর জেলার অন্তর্গত নহে, প্রাচীন যশোর রাজ্যের

বহিন চলের "বাগালার কলক" প্রবন্ধ, প্রচার ১২৯১, প্রাংণ। শ্রীগৃক্ত রলনীকাল
 তহ কর্ত্বক অনুবাদিত মেগাহিনের ভারত বিবরণ ৭২ পুঃ।

[†] তত্ত্বপর্নী জীয়ুক রমাপ্রদান চক্র মহাশয় এই রূপই অনুমান করিয়াছেন। "গৌড়রাজ-মালা, ২ পুঠা।

[‡] Pliny, Ilistoria Naturalis, VI. 21. 8-23, মেগাছিনিদের ভারত বিবরণ ১৯১ পুঃ, বাকালার পুরারত, ১০৫ পুঃ।

[§] The Periplus of the Erythraean sea, edited by Professor Wilfred H. Schoff of Philadelphia Museum.

প ১৩ং পৃষ্ঠা।

[👭] বান্ধালার পুরাবৃত্ত, ১৪৫ পৃঃ

অন্তর্ভ ক্ত। বর্তমান চব্বিশ পরগণার মধ্যবর্ত্তী বারাশত হইতে হাসনাবাদ যাইবার রেলপথের পার্শ্বে বিগঙ্গা নামক একটি স্থান আছে। ইহাকে কেহ **(मगन्ना. क्ट दिगन्ना वरन। मखवछ: উटा (मवगन्ना, दीलगन्ना वा नीर्घगन्ना** এইরূপ কোন শব্দের অপভংশ। প্রকাও দীঘি এবং বছদূর বিস্তৃত ভগ্নস্তূপ-মালা এখনও এস্তানের প্রাচীনত্বের পরিচয় দিতেছে। ইহারই নিকটে দেউলিয়ায় চক্রকেতৃ প্রভৃতি প্রাচীন রাজার কীর্ভিস্থান। ইহারই দক্ষিণে প্রাচীন বালবল্লভী রাজ্যের রাজধানী বালাণ্ডা অবস্থিত। মুসলমান ধর্ম্ম-প্রচারকগণ এই বিখ্যাত প্রাচীন স্থানে আসিয়া হিন্দুর উপর বছ অত্যাচার করিয়াছিলেন। নিকটবর্ত্তী হাডোয়াতে সেই অত্যাচারী প্রচারকগণের অন্ততম গোরাই গাজীর সমাধি আছে। দ্বিগঙ্গা বীরধর্মী সেনবংশীয় কায়স্তগণের প্রথম নিবাস ছিল। ইহার। দক্ষিণ রাটী কারস্ত : দ্বিগঙ্গা দক্ষিণরাঢ়ের অন্তর্গত ছিল। এই দীর্ঘ গঙ্গা বা দ্বিগঙ্গা ভাগীরথী তীরে ছিল বলিয়া "বাম্বকী কুল-গাথায়" উল্লিথিত আছে। * ইহা প্রকৃত পক্ষে ভাগীরথীর কুলবর্ত্তী নহে বটে, কিন্তু ইহার ভিতর দিল্লা যমুনার পদ্মা নামী এক শাখা প্রবাহিত ছিল। প্রাচীন-কালে পদ্মা বা গঙ্গার নামের প্রভেদ লক্ষিত হইত না। মধুমতী নদীরও অপর নাম বড় গঙ্গা। † উক্ত সেনবংশীয়গণ এক সময়ে প্রবল শক্তিশালী ছিলেন। স্থন্দরবনের উত্থান পতনে দ্বিগঙ্গা বাদের অযোগ্য হইয়া উঠিলে তাঁহারা পূর্ব্ববঙ্গে গিয়া বরিশাল ও খুল্না জেলায় রায়েরকাটি, বনগ্রাম প্রভৃতি স্থানে রাজ্য স্থাপন করেন। এথনও তাঁহারা "বিগঙ্গার সেন" বলিয়া বিশেষ দম্মানিত। এই দ্বিগঙ্গাই ছিল, "গঞ্চা রেজিয়া" বা গঞ্চাবন্দর-ইহাই আমাদের বিখাস। প্রাচীন যশোরের কতন্তান যে দেশে বিদেশে আত্মগৌরব প্রতিষ্ঠা করিয়াছিল, তাহার শেষ নাই।

বৃদ্ধদেবের দমসময়ে গান্ধরাঢ় হইতে বিজয়সিংহ তাপ্রপর্ণী দ্বীপে গিয়া সিংহল রাজ্য সংস্থাপন করিয়াছিলেন, তাহা পূর্বে উক্ত হইয়াছে। সিংহল প্রক্ষায়ক্রমে এই সিংহদিগের অধিকৃত ছিল। "মহাবংশ" নামক সিংহল দেশীয় ঐতিহাসিক গ্রন্থে এই উপনিবেশ স্থাপনের বর্ণনা আছে। বাক্তবিকৃত্তী

^{*} ১७१ श्रुष्टी।

[†] দ্বীয়া রাজ্যের বিত্তির বর্ণনার ভারতচন্দ্রের "এরছা নসলে" আছে ঃ পুর্ব সীমী ধ্বাাপুর বড় গলা পার।" ধূলিরাপুর পরগণা বধুমতীর পুর্বাধারে ক্রিছপুর কেলার অন্তর্গত

"ভারতবর্ষীয় আর কোন জাতি বাঙ্গালীর মত ঔপনিবেশিকতা দেখাইতে পারেন নাই।" উত্তরকালে সিংহলে যে বৌদ্ধ ধর্মের একটি প্রধান কেন্দ্র হইয়াছিল, বাঙ্গালী বীর তাহার পথ দেখাইয়া ছিলেন। ভগীরথের শঙ্খনিনাদের অন্বর্ত্তী হইয়া যেমন গঙ্গা-প্রোত বহিয়াছিল, বঙ্গবীরের বিজয় শঙ্খনিনাদে তেমনি বৌদ্ধর্ম্ম-প্রবাহের পথ নির্দেশ করিয়াছিল। এইরপে যাহারা ভারত-মহাসাগরীয় দ্বীপপুঞ্জে উপনিবেশ স্থাপন করিয়াছিল, পশ্চিমে তাত্রলিপ্তি, পুর্ব্বে চট্টগ্রাম এবং মধ্যে দ্বিগঙ্গা প্রভৃতি নগরী তাহাদের প্রধান বন্দর এবং সদর স্থান ছিল। প্রাচীন যশোর উপনিবেশিকতার বঙ্গদেশের বছ স্থানের অগ্রান্ত হইয়াছিল।

এই ভাবে দেখা গেল আমাদের পূর্ক গৌরবের অনেক আভাদ এখনও পাওয়া যায়। লুপ্ত গৌরবের কোন ক্ষীণাভাষ দিতে গিয়া যদি কোন গর্কভঙ্গি প্রকাশ পায়, আমাদের বাধ হয় তাহাও মার্জনীয়। বিষ্কমচন্দ্র সতাই বলিয়াছেন, "অহঙ্কার অনেক স্থলে মন্থয়ের উপকারী। এথানেও তাই। জাতীয় গর্কের কারণ লৌকিক ইতিহাসের স্থাষ্ট বা উন্নতি; ইতিহাস সামাজিক বিজ্ঞানের এবং দামাজিক উচ্চাশরের একটি মূল।" * গঙ্গারেজিয়া যশোরে টানিয়া লইয়া, গঙ্গারাঢ়ের সহিত যশোহরের ঘনিষ্ঠতা জ্ঞাপন করিতে গিয়া, যদি কোন দেশ-গৌরব প্রতিষ্ঠার কল্পনা করিয়া থাকি, তাহাতে বাঙ্গালীর কিছু অগৌরব হইবেনা। গঙ্গারেজিয়ার মত আরও কত জিনিসই যে যশোহরের বক্ষে, খুল্নার কক্ষেটানিয়া লইতে হইবে, তাহার সংখ্যা নাই। কত অম্মান, কত প্রমাণ তাহার পোষকতা করিবে। অম্মানও একপ্রকার প্রমাণ এবং তাহা অপ্রমাণ করিতে কাহারও বাধা নাই। উত্তেজনাই প্রমাণের পথ স্থগম করে, ইতিহাসের স্থষ্টি করে। ইতিহাসই সারগর্ভ গর্কের মূল; গর্কিত জাতিরই ইতিহাস আছে। আমাদের আছে কি ?

পৃষ্টের জন্মের ৬।৭ বংসর পূর্ব্ব হইতে এদেশে এক নৃতন হাওয়া বহিয়াছিল। আর্থ্যেরা ক্রমশঃ এদেশে আসিতে ছিলেন। প্রথমে ক্ষপ্রিয়, পরে বৈশ্য, সর্ব্ব শেষে ব্রাহ্মণ। ক্ষপ্রিয়েরা রাজ্য জয় করিয়া রাজ্য স্থাপন করিলে বৈশ্যেরা আসিয়া পণা যোগাইতেন। এই ভাবে কতদিন গেল, দেশে ক্রিয়া কর্মা কর্মা রহিত

विवध क्षरक् ' वात्रानात देखिर'न," वनतर्भन, ১२৮১।

হইল; তথন আবার ধর্মভাব জাগিল। তথন ব্রাহ্মণের আবশ্যক হইল, ব্রাহ্মণ আসিলেন। সেই ধর্মভাব, সেই বাগযজ্ঞ ক্রিয়াকাণ্ড লইরা ব্রাহ্মণ আসিলেন। কিন্তু ক্ষপ্রিয় আব সে ক্ষপ্রিয় ছিলেন না। অনার্য্যম্পর্শে ক্ষপ্রিয়দিগের নানাবিধ অবনতি হইতেছিল। ব্রাহ্মণ আসিয়া বসিতে বসিতে এক নৃতন হাওয়া আসিল, বঙ্গবাসীয় নবার্জ্জিত ব্রাহ্মণ্য ক্ষৈন ও বৌদ্ধ ধর্মের প্রবল প্লাবনে ভাসিয়া গেল। সেন রাজগণের পূর্বের্থ আর তেমন ভাবে ব্রাহ্মণ্য ধর্ম জাগে নাই।

এ বুগে মগধই ভারতের ঐতিহাদিক কেন্দ্র। ধর্মই সে কেন্দ্রের মূল শক্তি। গুধু ধর্মশক্তি নহে, সঙ্গে সঙ্গে রাজশক্তিও সেধানে কেন্দ্রীভূত হইল। বঙ্গ প্রভৃতি কোন প্রত্যান্তর কিছু মাত্র ঐতিহাদিকতা বুঝিতে গেলে, সে কেন্দ্রতন্ত্রের সংক্ষিপ্ত আলোচনার প্রয়োজন হয়। খুঃ পুঃ অষ্টম শতালীতে নেমিনাথ প্রথম জৈনধর্ম্ম প্রচার করেন। খুঃ পুঃ মুঠ শতালীতে মগধে বিধিসারের রাজত্বকালে জৈন ধর্ম্মের প্রধান প্রবর্ত্তক বর্জমান মহাবীর এবং বৌদ্ধ ধর্ম্মের প্রবর্ত্তক গৌতম বৃদ্ধ প্রাহত্ত্বত হন। * উভয় ধর্ম্মে প্রথমতঃ মগধেই প্রচারিত হয়। যদিও বৃদ্ধেন সংশ্বেধি লাভের পর স্বয়ং মগধের সীমা অতিক্রম করিয়া পার্ম্ববর্ত্তী নানাস্থানে বৌদ্ধ ধর্ম্ম প্রচার করিয়া ছিলেন বলিয়া বর্ণিত আছে, কিন্তু তথন ইহা প্রচার ধর্মের মত বঙ্গদেশে আদিয়াছিল কিনা বলা যায় না।

বাহাকে আমরা উপবঙ্গ বলিরাছি, বৌদ্ধ যুগে তাহারই নাম হয় সমতট।
ইহা সমূল হইতে পন্না পর্যান্ত বিস্তৃত ছিল। ভাগীরথী হইতে পূর্ব্বমূথে সমতট
কমলান্ধ (কুমিলা) ও চটুল (চটুগ্রাম) রাজ্য পর্যান্ত বিস্তৃত ছিল বলিয়া জানা
বার। চীন দেশীয় পরিব্রাহ্মক ইউরান চোয়াং † তদীয় ভ্রমণর্ত্তান্তে লিথিয়া
গিয়াছেন যে বৃদ্ধদেব স্বয়ং কর্ণ স্থবর্ণ, সমতট প্রভৃতি স্থানে আসিয়াছিলেন এবং
তিনি সমতটের রাজ্বধানীর উপকঠে যেস্থানে সাতদিন পর্যান্ত ধর্মপ্রচার করেন,

ই'হাদের উভয়ের জয় মৃত্যুর তায়িব লইয়া বহু তর্ক আছে। সাধারণতঃ গৃহীত হয়

(য় নহাবীর ৫২৭ খৃষ্ট পূর্ববিদ্ধে এবং বৃদ্ধনের ৪৮৭ খৃঃ পূর্ববিদ্ধে দেহতায় করেন। এ সক্ষে

বহুমত আছে। See V. A. Smith's Early History, 2nd Edition, p. 42.

[े] अरे श्रीतडाबरकत नामत केळात्र । वानान महेता वह मठाएक चारह ।

Huen Tsang (Encyclopoedia), Hiuen Tsiang (V. A. Smith) এবং Thomas Watters এর স্বাধিত অবৰ বৃত্তাত্বের সংখ্যাবের উপক্ষাপ্রকার Professor Rhys Davids বহু প্রেব্ধার পর Yuan Chwang এই উচ্চারণ ছির ক্রিয়াহেব। আন্তর্ভী উহারই অসুবাদে উউভান চোলাং করিলার।

তথার মগধরাজ অশোকের সময়ে এক স্তৃপ নির্ম্মিত হয়। ইউয়ান চোয়াং এ স্তৃপ স্বচক্ষে দেখিয়াছিলেন। ইহা হইতে বোধ হয় বুদ্ধদেবের জীবদ্দশা হইতেই সমতটে বৌদ্ধ ধর্মের প্রচার আরম্ভ হয়।

বৌদ্ধ ধর্মের পূর্ব্বেই জৈন ধর্ম প্রচারিত হইতে থাকে। জৈন গ্রন্থ হইতে জানা যায় নেমিনাথ অঙ্গ, বন্ধ প্রভৃতি দেশে জৈন ধর্ম প্রচার করেন। জৈনগুরু পার্মনাথ খৃঃ পৃঃ অপ্তম শতান্ধীর প্রথম ভাগে নির্ব্বাণ লাভ করেন। ছোট নাগপুরে সমেত শেখরে তিনি সমাহিত হইলে, সেই পাহাড়ের নামই পার্ম্বনাথ বা পরেশনাথ হয়। এই উত্তুপ পর্বতশিখরে সমস্ত জৈন তীর্থক্ষরগণের সমাধিমন্দির আছে। পার্মনাথ পুঞু ও বন্ধ প্রভৃতি দেশে আগমন করিয়া বহু লোককে জৈনধর্মে দীক্ষিত করেন। জৈনগুরু মহাবীরের অভ্য নাম বর্দ্ধমান। সম্ভবতঃ তাহা হইতে রাঢ়ীয় বর্দ্ধমান প্রদেশের নাম হয়। পুরাণাদির আলোচনা হইতে জানিতে পারা যায়—জৈনদিগের ২৪ জন তীর্থক্ষরের মধ্যে ২০ জনের সহিত বাঙ্গানীর সংশ্রব ঘটিয়াছিল। *

ইহা হইতে বুঝা গেল যে জৈন ধর্ম্মই প্রথম বঙ্গদেশে প্রচারিত হয়। বৌদ্ধ ধর্ম্ম পরে আদিয়াছিল। জৈন ধর্ম্মের প্রভাববশতঃ বৌদ্ধমত সহজে প্রসার লাভ করিতে পারে নাই। অনেক দিন পর্যান্ত এই উভয় ধর্ম পরস্পর এবং ব্রাহ্মণ্য ধর্ম্মের সহিত প্রবল সংঘর্ষ চলিয়া ছিল।

বিষিদারের পুত্র অজাত শক্রর রাজত্ব কালে বুদ্দেব নির্কাণ লাভ করেন।
অজাতশক্রর পর শূজ্জাতীয় নন্দবংশীয়েরা মগধের রাজা হন। এই বংশীয়
মহানন্দের রাজত্ব কালে মাদিডনাধিপতি আলেকজেগুার ভারত আক্রমণ করেন।
(৩২৭—৩২৫ খৃঃ পৃঃ)। মহানন্দের এক পুত্র চক্রগুপ্ত। ইনি মুরা নামী
দাদীর গর্ভজাত বলিয়া মৌর্ঘ্য নামে থাত। চক্রপ্তপ্তের রাজত্বকালে বঙ্গদেশে
সর্ব্যর ব্রাহ্মণাচার একপ্রকার বিলুপ্ত হইয়াছিল এবং সর্ব্যক্তই জৈন ধর্মের প্রবর্গ
প্রতিপত্তি বিভৃত হইয়াছিল। তিনি অয়ং জৈন মতের পক্ষপাতী বলিয়া ব্রাহ্মণদিগের নিক্ট 'বৃষল' আথাায় লাজ্বিত হইয়া ছিলেন।

চক্রগুপ্তের পৌত্র অশোক ২৭২ খুষ্ট পূর্বাবেদ রাজ্যারোহণ করে।
মহারাদ্ব অশোকের গুদ্ধ শান্ত দেবাস্তঃকরণের প্রবাহে, সেই রাজ্যির ভিক্সুই

[🔹] বিশ্বকোষ, ১৭শ খণ্ড, ৪০৬ পুঃ।

আদর্শে এবং তাঁহার স্বরচিত * লিপিমালার ও বছ শিলামুশাদনে ভারতবর্ষের বছ স্থান স্থকীন্তিত হইরাছে। সে প্রবাহ বঙ্গে আদিয়াছিল, সমতটে আদিয়াছিল, যশোহর-থূল্নায় আদিয়াছিল। যথন পূর্বাদিকে চট্টলরাজ্ঞা পর্যান্ত তাঁহার বিজয় বৈজয়ন্তী উড়িয়াছিল, তথন সমতট বা যশোর প্রদেশেও বৌদ্ধপ্রভাব প্রতিষ্ঠিত হয়। ইউয়ান চোয়াং সমতটে যে বছসংখ্যক সংঘারামের কথা উল্লেখ করিয়া গিয়াছেন, সে সব এবং অসংখ্য চৈত্য বা মন্দির এই রুগে প্রতিষ্ঠিত হয়। বৌদ্ধতের এবম্বিধ প্রসার লাভের অনেক প্রমাণ আছে। চৈনিক পরিবাজকের বিবরণী প্রথম প্রমাণ; এখনও এদেশে বছ বৌদ্ধমূর্ত্তি পাওয়া যাইতেছে, স্তুণাদির নিদর্শন আছে, সে সকল তাহার দিতীয় প্রমাণ; আর ভারতের অনেকস্থানে বৌদ্ধর্ম্ম মরিলেও তাহা বঙ্গদেশে—যশোহর-থূল্নায়, এখনও সম্পূর্ণ বিনাশ প্রাপ্ত হয় নাই, এখনও প্রচ্ছয়ভাবে আত্মগোপন করিয়া পূর্বাচিক বজার রাথিয়াছে, ইহাই তাহার তৃতীয় প্রমাণ। আমরা ক্রমে ক্রমে ইহার আলোচনা করিব।

পঞ্চম পরিচ্ছেদ—গুপু দাত্রাজ্য।

২০১ খৃষ্ট পূর্ব্বান্দে মহারাজ অশোকের মৃত্যুর পর অল্পকাল মধ্যেই তঘংশীয়দিগের রাজত্ব শেষ হয়। পরবর্ত্ত্বী প্রায় পাঁচ শত বংসর ভারতবর্ধ নানা থণ্ড
রাজ্যে বিভক্ত হইয়া স্থক্ষ, কয় ও অদ্ধু প্রভৃতি রাজত্য দ্বারা শাসিত হয়। খুয়য়
চতুর্থ শতাব্দীর প্রথমে মগধের গুপুরাজগণ রাজত্ব করিতে আরম্ভ করেন।
চক্রগুপ্ত এই সামাজ্যের প্রতিষ্ঠাতা। তাহার হয় বংসর রাজত্বের পর ৩২৬
খৃষ্টাব্দে তংপুত্র সমুদ্র গুপ্ত পিতৃ-সিংহাসনে অধিক্রচ় হন। ইনি বহু রাজ্য জয়
করেন। সমুদ্র হইতে নেপাল, কামরূপ হইতে কর্তৃপুর † পর্যান্ত সমস্ত উত্তরাপথ
ও মধ্যভারত তাঁহার রাজ্য সীমার অন্তর্গত ছিল। প্রয়াণে বর্ত্তমান হর্গ মধ্যে যে
অশোক স্তম্ভ রহিয়াছে, তাহার গাত্রে উংকীর্ণ কবি হরিসেশ বিশ্বচিত প্রশান্তিতে
সমুদ্র গুপ্তের এই দিন্ধিজয় বার্ডা বিজ্ঞাপিত হইয়ছে। তাহা হইতে জানা ধার,

^{*} Smith's Early History, pp. 178-9.

[†] Dr. Fleet दिमानात्तव णाकिमलात्त्र कुमायून अकटन कर्युग्द्रत होन निर्मित करवन ।

তিনি সমতট, ডবাত, নেপাল, কামরূপ ও কর্ত্পুর প্রাভৃতি প্রতান্ত নৃপতি কর্ত্ক সম্পূজিত হইতেন। * এইস্থানে সমতটের প্রথম উল্লেখ পাওয়া যায়। যশোহর-খুল্নার এই সমতটের অন্তর্গত। সমতট ভাগীরথী হইতে পদ্মা পর্যান্ত বিস্তৃত সমস্ত সমুদ্র কূলবন্তী প্রদেশই সমতট। ভাগীরথীর পশ্চিম পারে বঙ্গ এবং পদ্মার উত্তর পারে বর্ত্তমান বগুড়া, দিনাজপুর, রাজদাহী প্রভৃতি স্থান লইয়া ডবাক রাজ্য গঠিত ছিল বলিয়া অন্ত্রমিত হইয়াছে। কেহ কেহ বলেন ডবাক হইতেই ঢাকা নামের উৎপত্তি। † এতদম্পারে পূর্ক্বক্ষ ডবাক হইলে, বর্ত্তমান প্রেসিডেন্সি বিভাগ ও ফ্রিদপুর এবং বরিশাল জেলা লইয়া প্রধানতঃ সমতট গঠিত হয়, ধরা যাইতে পারে। তবকাত্ ই নাসিরি গ্রন্থে সমতটকে সন্কট বা সাঁকট বলিয়া উল্লিখিত হইয়াছে। সমতট সমুদ্র গুপ্তের সময়ে একটি সীমান্ত রাজ্য; ইহার অধিপতিগণ সামন্ত রাজা হইলেও তাহারা যে সম্পূর্ণরূপে অধীনতা শৃঙ্গলে আবদ্ধ হইয়াছিলেন এমন বলা যায় না।

সমূদ গুপ্তের পূল্র ছিতীয় চক্রগুপ্ত। তাঁহার উপাধি ছিল বিক্রমাদিতা। কেহ কেহ উজ্জিমনীরাজ যশোধর্ম দেব বিক্রমাদিতাকে পরিতাগ করিয়া এই গুপ্ত ন্পতিকেই নবরত্ন সভার অধীখর বলিয়া বর্ণনা করেন। ‡ কারণ চক্রগুপ্ত ও উজ্জিমনী জয় করিয়াছিলেন বলিয়া জানা যায়। দিল্লীতে কুত্ব মিনারের সিম্নিটে পিথোরা ছর্গ-প্রাঙ্গণে যে এক লোহস্তম্ভ আছে, তাহার গাঁতে উৎকীণ লিপিতে চক্র নামধেয় এক রাজার কথা পাওয়া যায়; তিনিও এই চক্রগুপ্ত হইতে পারেন। তিনি বঙ্গ বা সমতট রাজ্য জয় করিয়া ছিলেন বলিয়া উল্লিথিত আছে। ৡ চক্র গুপ্তের পর তৎপুত্র কুমার গুপ্ত (৪১৩—৪০৫) ও পরে কুমার

^{+ &#}x27;সমতট-ডবাক-কামরূপ নেপাল-কর্তৃপুরাদি প্রভান্ত নৃপতিভি: দর্বভরদানাজ্ঞা করণ প্রণামাগমন-পরিভোবিত প্রচণ্ড শাসনস্য।'' Fleet's Gupta Inscriptions, p6, রেঞ্ রাজমালা, ৪ পু:, J. R. A. S. , 1898 p. 198, Smith's Early History pp. 270-1,

[†] Early History, p. 271, बाजानात पुताबुक, p. 148.

[‡] Early History p .287, J. R. A. S. 1901, p. 579, 1903 p. 551.

ওু পাধ্বত্ত এক প্রাচীর গাত্তে নানা ভাষার ঐ প্রশন্তির যে সকল অনুবাদ প্রমন্ত ইইয়াছে, তক্মধ্যে ইংরেজী ভাষার আছে:—"He on whose arm fame was inscribed by the sword when in battle in Vanga countries (Bengal). He kneaded and turned back with his breast the enemies that united together came against him." এই ইংরাজী অনুবাদে প্রশন্তির সমর প্রার চ্তুর্পভাষী বলিয়া অনুমিত ইইয়াই সেধিয়াছিলাম। বিভীয় চন্দ্রগণ্ডের সমরও ৩৭৫ ইইডে ১১০ পুঠাল পর্যান্ত।

ক্ষম গুপ্তের পর কয়েক জন গুপ্ত সম্রাট্ রাজত্ব করিয়াছিলেন বটে কিছ তাঁহারা সকলেই হাঁনবাঁর্যা ছিলেন। এই সময়ে পশ্চিম ভারতে ছ্রুর্য হ্পদিগের প্রবল আক্রমণ হয়। মালবের যশোধর্মদেব উহাদিগকে নিরস্ত করিয়া, এক প্রবল সামাজ্য প্রতিষ্ঠা করিয়া গুপ্ত নূপতিদিগের মত "বিক্রমাদিত্য"উপাধি গ্রহণ করেন। তাঁহার প্রশন্তি হইতে জানা যায় তিনিও ব্রহ্মপুত্র নদ সীমা হইতে পূর্ববঙ্গ ও সমতট দিয়া কলিঙ্গ পর্যন্ত রাজ্য বিস্তার করিয়াছিলেন। * যশোধর্মের পর কান্তক্ত্রর অধীধরগণ উত্তর ভারতে সার্ক্ষভোম নূপতি হন। কিছ এই সময়ে গোড়াধিপ শশান্ধ করিয়্বরণে রাজ্যানী স্থাপন করিয়া, পূর্ব্বদেশ অধিকার করিয়ালন। স্বতরাং সমতটও তাঁহার অধীন হইয়া পড়ে।

শশাদ্ধ সবিক্রমে কান্তকুজ অধিকার করেন এবং অক্সান্ন ভাবে সমাট্ রাজ্য-বর্দ্ধনের হত্যা সাধন করেন। শশাদ্ধ ঘোর বৌদ্ধনিবিদ্ধনী ছিলেন এবং মগধ ও কনোজের বৌদ্ধ নুপতিগণের প্রবল শক্র হইয়া দাঁড়ান। তিনি বৃদ্ধ গরার বোধিক্রম উৎপাটিত করেন, তথান্ব শিবমূর্ত্তি প্রতিষ্ঠিত করেন এবং মগধে বৌদ্ধনির যে প্রতিপত্তি প্রতিষ্ঠিত ছিল, তাহা বিনষ্ঠ করিয়া রাহ্মণ্য ধর্মের পুনঃ প্রতিষ্ঠা করিতে চেষ্ঠা করেন। † কিন্তু অচিরে অকালে তাঁহার মৃত্যু ইইলে বঙ্গ হইতে সমগ্র উত্তরাপথের আধিপত্য রাজ্যবর্দ্ধনের আতা হর্ষবর্দ্ধন শীলাদিত্যের হস্তগত হইয়া পড়ে। কোন বিজোহী রাজন্মের আবির্ভাব না হওয়াতে এবং পরাক্রান্ত নৃপতির মধুর শাসনের ফলে আবার কিছু কালের জন্ম দেশে শান্তি সংস্থাপিত হয়। এই সময়ে মগধের অন্তর্গত নালন্দের বিশ্ববিভালয় সমগ্র বিশ্ব প্রেট একটি প্রধান শিক্ষাকেল্রমণে পরিগ¹⁶ত হইয়া প্রকৃত বিশ্ববিভালয় নামের উপযুক্ত হইয়াছিল। শীলভদ্র নামক একজন বান্ধাণী-কুলতিলক মহাপণ্ডিত এই সময়ে নালন্ধ বিভালয়ের সর্ব্বাধাক্ষ ছিলেন। প্রসিদ্ধ চৈনিক পরিব্রাজক ইউয়ান চোয়াং তাঁহারই শিষারূপে পাঁচ বংসর কাল বাবতীয় বৌদ্ধশান্ত শিক্ষা

e গৌড়বাজ্বাৰ eqt, Fleet's Gupta Inscriptions, p. 146. Smith's Early History p. 301

[া] কেছ কেছ প্রমাণ করিতে চাহেন বে বোধিক্রম-বিনাশক শশাস্ক ও কর্মস্বর্ণরাত্ত একবাজি নহেন। কর্মস্বর্ণরাত্ত সমস্ততের অধীধর ছিলেন, কিন্তু তথায় কোন বাছি। সুলিবাবাদের ইতিহান, ১ম বঙ্গ ১৬৬০০১১২ পুশু ।

করিয়া "মহাযান দেব" উপাধি লাভ করেন। ৬২৯ হইতে ৬৪৫ খৃষ্টাব্দ পর্য্যস্ত ১৬ বৎসর কাল ইউন্নান চোগাং ভারতের প্রায় অধিকাংশ স্থান ভ্রমণ করিয়া এক বিস্তৃত বিবরণী লিপিবদ্ধ করেন। উহার মধ্যে তাঁহার সমতটের বিবরণী হইতে আমরা বশোহর-খুল্নার ইতিহাস সম্বন্ধে অনেক কথা জানিতে পারি।

গুপ্ত রাজগণ হিন্দু তান্ত্রিক এবং পরম বৈষ্ণব ছিলেন। ব্রহ্ম গুপ্তের সময়েই বৌদ্ধ ধর্ম্মের প্রতি তাঁহার মতি আরুষ্ট হয়। বালাদিত্য বৌদ্ধ ছিলেন। সমূদ্র গুপ্ত বা, দ্বিতীয় চক্রপ্তপ্তের সময়ে বিষ্ণুমূর্ত্তির পূজাপদ্ধতি বিশেষ ভাবে প্রচলিত হয়। আমাদের দেশে যেথানে যে সকল স্থন্দর চতুর্ভুক্স বাস্থাদেব প্রভৃতি বিষ্ণুমূর্ত্তি দৃষ্ট হয়, তাহার কতক এই যুগে এবং কতক পরবর্ত্তী সেন রাজগ্ব কালে প্রতিষ্ঠিত হয়। হিন্দু ত্রাহ্মণ এবং বৌদ্ধ শ্রমণে যে চিন্ন বিবাদ চলিয়া আদিতেছিল, গুপ্তমুগে হিন্দুরা কতক বৌদ্ধভাবাপর এবং বৌদ্ধেরা হিন্দুভাবাপর হওয়ায় তাহার মীমাংসা হইয়া আদিতেছিল।

বুদ্ধদেবের মৃত্যুর পর তাঁহার ধর্ম্মের বহু মত-বিপর্যায় হয়। খুষ্টীয় প্রথম শতান্ধীতে কুষণ সমাট কণিক্ষের রাজত্বকালে বৌদ্ধদিগের এক মহাসন্মিলনে বৌদ্ধধর্ম ছুইটি প্রধান সম্প্রদায়ে বিভক্ত হয়। নাগার্জ্জন নামক প্রসিদ্ধ বৌদ্ধাচার্য্য কতকগুলি হিন্দু দেবদেবী শ্বীকার করিয়া যে উদার বৌদ্ধ মতের প্রবর্তন করেন. তাহাই হইল মহাযান। আর প্রাচীন অর্থাৎ বুদ্ধ দেবের প্রচারিত মতে যাহারা বিশ্বাসবান রহিলেন, তাঁহারাই হীন্যান সম্প্রদায়ভুক্ত হইলেন। ইহাকে প্রাচীন বা স্থবির মতও বলে। কালে ইহার সহিত মহাযান মতের কতকটা সংমিশ্রণে স্থবির মহাযান মত হইয়াছিল। কণিক স্বয়ং মহাযান মতাবলম্বী ছিলেন এবং তথন হইতে মহাযানেরই আধিপত্য বিস্তৃত হয়। ক্রমে বস্তুবন্ধু নামক বৌদ্ধমূনি পাতঞ্জল দর্শনের যোগাচার ও মন্ত্রাদি মহাযানের অন্তর্ভুক্ত করিয়া দেন। তথন হইতে নাগার্জ্জনের মতের নাম হইল মাধ্যমিক ও বস্থবন্ধুর প্রবর্ত্তিত নব মহাবান মত যোগাচার নামে অভিহিত হইল। এই ভাবে হিন্দু তান্ত্রিকতা যত বৌদ্ধর্ম্মে প্রবিষ্ট হইতে লাগিল, হিন্দু দেবদেবী যত বৌদ্ধমূর্ত্তি পরিগ্রহ ক্রিতে লাগিলেন, অবতারের অন্তর্গত হইয়া পড়িলেন। পরবর্ত্তী কালে পুরুষোত্তমে বৃদ্ধ, সংগ্ ও धर्म - तोक्षिमिरंगत এই जिमूर्डि, हिन्मू मिरामित्रीत मूर्डि धात्र क्रिकी

জ্ঞাতিধর্ম নির্বিশেষে সকল ভারতবাদী দার। সমভাবে পৃত্তিত হইতে লাগিলেন।

হিন্দু তান্ত্ৰিকতা বৌদ্ধর্মে এমন ভাবে অহ্পপ্রবিষ্ট ইইয়া পড়িল যে, দেবদেবীর সংখাা যেন হিন্দুনিগের অপেক্ষাও বৌদ্ধর্মে অধিক ইইবার উপক্রম ইইল। ইহাই দেখিয়া হিন্দুদের প্রাচীন আগম শাস্ত্রের পুনঃ সংস্কার আরম্ভ ইইল। হিন্দু তান্ত্রিকতা আবার জ্ঞাগিয়া উঠিল। নানা স্থানে তান্ত্রিক দেবদেবীর মূর্ত্তি স্থাপিত ইইল। গুপুর সমান্ট্রগণ এই হিন্দু তান্ত্রিকতার পুনরুখান মুগে তদীয় প্রবল পৃষ্ট-পোষক ইইলেন। কেহ কেহ অহ্মান করেন সতীর ছিয়দেহ ইইতে যে সকল পীঠমূর্ত্তি প্রতিষ্ঠিত ইইয়াছিল, তাহা এই যুগেই হয়। আমাদের মনে হয় সে সকল পীঠমূর্ত্তি ইহা অপেক্ষাও প্রাচীন। তবে সেই পীঠস্থানগুলিতে এই যুগে মন্দিরাদি নির্মিত ইইয়া রীতিমত পূজাপদ্ধতি প্রচলিত হওয়া বিশেষ সম্ভবপর। হিন্দুধর্ম এই সকল উপায়ে বৌদ্ধয়াবিত দেশে আয়প্রপ্রিষ্ঠার প্রয়াস পাইতেছিল। গুপ্তমুগে পীঠ দেবতা ব্যতীত অন্ত বহু সংথক দেবদেবীর পূজা ইইতে থাকে। পাণিঘাটের অইটানশভূজা বা আমাদির চাম্প্রা মূর্ত্তি এর্গের হওয়া অসমন্তব নহে।

কর্ণস্থবর্ণরাজ শশাঙ্ক শৈব ছিলেন। তিনি বৌজমত নিপ্রাভ করিয়া শৈব মত প্রতিষ্ঠার চেষ্টা করেন। তাঁহার সময়ে বুজগরার বুজম্তি প্রাচীর দারা সমারত করিয়া শিবমৃত্তি স্থাপিত করা হয়। শশাঙ্ক বৌজমতের বিপক্ষে দণ্ডায়-মান হইলেও বুজ মৃত্তির শক্র হইয়াছিলেন বলিয়া বোধ হয় না। তথন সমগ্র সমতট তদীয় অধীন ছিল। সেখানে তিনি কোন বুজমৃত্তি ধ্বংস করিয়াছিলেন বলিয়া প্রমাণ পাওয়া যায় না। সময়ের প্রভাবেই শিবকল্ল বুজদেব শিব হইয়া যাইতে ছিলেন, কোথায়ও তিনি দেবীপীঠে তৈরব হইতে ছিলেন, কোথায়ও জীব বলি দিয়া তাহার অহিংসা মতের অবমাননা করা হইতেছিল। আমরা পরে ইহার অনেক প্রমাণ দিব। শাশাঙ্কের রাজস্কালে সমতটের নানায়ানে শিবমৃত্তি প্রতিষ্ঠিত হইতেছিল। হাতিয়াগড়ে প্রসিদ্ধ অদ্বিদ্ধ শিব, কালীঘাটে নক্লেম্বর, বিগলার গলেম্বর শিব, কুশনহে যমুনাতটে লাউপালা নামক স্থানে পোড়া মহেশ্বর শিব ও ললেশ্বর নামক স্থানে জলেশ্বর শিব ওই সময়ে বা তাহায় অবাবহিত পরবর্তী বুগে প্রতিষ্ঠিত হইয়াছিল বলিয়া বোধ হয়। বিলয়ের ব্যক্তির প্রবর্তী বুগে প্রতিষ্ঠিত হইয়াছিল বলিয়া বোধ হয়। বিলয়ের ব্যক্তির প্রবর্তী বুগে প্রতিষ্ঠিত হইয়াছিল বলিয়া বোধ হয়।

প্রধান স্থান ছিল। এখানে এখনও শিবচতুর্দশীর দ্বিন বহু যাত্রীর সমাগম হয়। এখানে শিবের মন্দির নাই, লিঙ্গমূর্ত্তি পুক্ষরিণীর জলমধ্যে নিমগ্ন আছে। শিবচতুর্দ্বশীর দিন উপরে উঠান হয়। এই পুক্ষরিণী হইতে যমুনাতট পর্যন্ত এক মাইল পথের ছই পার্য্ব নানা ইপ্টকস্তৃপ ও প্রাচীন ভিত্তিচিন্তে পূর্ণ দেখিতে পাওয়া যায়। বারবাজার প্রভৃতি স্থানে আরও কত শিবমন্দির ছিল, তাহা জানি না। মুসলমান বিজয় কালে হিন্দুর কত মন্দির যে কাল-কবলিত হইয়াছিল, তাহা এক্ষণে স্থির করিবার উপায় নাই।

এইষুগে সমতট ও কলিঙ্গের কত স্থান হইতে কত লোক সমুদ্রপথে বালী, লম্বক, স্থমাত্রা প্রভৃতি দ্বীপে গিয়া শৈবমত প্রচার এবং বহু সংখ্যক শিবমন্দির প্রতিষ্ঠিত করিয়াছিলে। এই নব মত ওপনিবেশিক বাঙ্গালীর শক্তিবৃদ্ধি করিয়াছিল। শিবের লিঙ্গমূর্ত্তি সব জাতীয় লোকে স্পর্শ করিতে বা পূজা করিতে পারে, শিবপূজা সকলের কর্ত্তবা, ইহাতে অধিকারী ও অনধিকারীর ভেদ নাই, দীক্ষিত না হইলেও বালক বালিকায়ও ইচ্ছামত জলে, ফুলে, বিজ্বদলে শিবপূজা করিতে পারে—এই উদার পদ্ধতি হিন্দু বৌদ্ধ ধর্ম্মের সময়য় করিয়া দিয়াছিল। জনম জনম এ অঞ্চলে লোকে এত শেব-মতালম্বী হইয়াছিল যে সকলে শিবপূজা করিত, শিব কথা কহিত, শিব গীত গাহিত, এবং শিবের তত্ত্বকথা এমন ভাবে সকল বর্ণে প্রবেশ লাভ করিয়াছিল যে "ধান ভান্তে শিবের গীত"—এ দেশের একটি প্রবাদবাক্য হইয়া রহিয়াছে।

এই ভাবে দেখিতে পাই গুপ্ত রাজগণের ও শশাঙ্কের রাজকীয় ও ধর্মসম্বন্ধীয় প্রাধায় সমতটের সর্ব্ধত্র প্রসার লাভ করিয়াছিল। গুপ্ত সম্রাট্দিগের তান্ত্রিকতা তাঁহাদের সকল কার্যো প্রতিফলিত হইত, তাঁহাদের প্রচলিত মুদ্রাতেও ইহা প্রকটিত হইয়াছে। চক্রগুপ্তের মুদ্রায় সিংহবাহিনী দেবীমূর্ত্তি ছিল, সমুদ্র গুপ্তের মুদ্রায় যজ্ঞাধের প্রতিকৃতি আছে। যশোহর জেলায়ও ইহাদের মুদ্রা পাওয়া গিয়াছে। কতদ্র তাঁহাদের রাজ্য বিভ্ত হইয়াছিল, ইহা হইতেও তাহা একপ্রকারে সপ্রমাণ হইতে পারে। ১৮৫২ খুইাবে মশোহর জেলার উত্তরাংশে মহম্মদপুরে এলেংথালি বা মধুমতী নদীর সন্নিকটে একটি কুপ্থনন কালে এক ব্যক্তি মুণোত্রে কতকগুলি মুদ্রা প্রাপ্ত হয়। ঐ মুদ্রাগুলি তৎকালীন বিশাহরের ম্যাজিট্রেট F. L. Beaofort সাহেবের হস্তে পড়ে। তিনি তাহা

এসিয়াটিক সোসাইটিতে উপহারস্বরূপ প্রেরণ করেন। মুদ্রাগুলির কতকগুলি
চন্দ্রগুপ্ত পুরুষরগুপ্ত প্রভৃতি গুপ্ত রাজগণের মুদ্রার মত, তাহাতে
সন্দেহ নাই। রাজা রাজেজ্ঞলাল মিত্র ইহার তিনটি মুদ্রা সম্বন্ধে আলোচনা
করেন। * এই তিনটি মুদ্রায় একটি কর্ণস্থবর্ণরাজ শশাঙ্কের, দ্বিতীয়টি কোন
পরবর্ত্তী গুপ্ত নৃপতির এবং তৃতীয়টি সম্বন্ধে এখনও কোনও স্থির মত ধার্য হয়
নাই।

ষষ্ঠ পরিচ্ছেদ—সমতটে চীন-পর্য্যটক।

দ্বিতীয় চক্রগুপ্তের রাজত্ব কালে ৪০০ খৃষ্টাব্দে ফা-হিয়ান নামক একজন চীনদেশীয় ভ্রমণকারী ভারতবর্ষে আগমন করেন। বৌদ্ধ শান্ত্রপ্ত এবং মূর্ত্তি সংগ্রহই তাঁহার প্রধান সাধনা ছিল, স্থতরাং তাঁহার বিবরণীতে দেশের কোন বিশেষ ইতিহাস নাই। তিনি সমতটে আসেন নাই, সাধারণভাবে ভারতবাসীর চরিত্র সম্বন্ধে হুই চারি কথা লিখিয়া গিয়াছেন।

মহারাজ হর্ষবন্ধনের রাজস্বকালে স্থবিখ্যাত ইউয়ান চোয়াং এদেশে আসেন।
তিনি ৬২১ হইতে ৬৪৫ খৃষ্টান্দ পর্যান্ত কাল মধ্যে ভারতবর্ধের অধিকাংশ
স্থান পরিদর্শন করেন। তাঁহার বিরাট বিবরণীতে ভারতের তাৎকালিক
ইতিহাস সম্বন্ধে বহু প্রয়োজনীয় কথা আছে। তিনি ৬৩৯ খৃষ্টান্দে সমতটে
আসেন। তাঁহার বর্ণনা হইতে বুঝা বায় যে, সমুদ্রক্লবর্ত্তী সমস্ত উপবঙ্গ
বা গাঙ্গেয় বন্ধীপ সমতটের অস্তর্ভুক্ত ছিল। তাঁহার বিবরণী হইতে
জানা বায়, তিনি "কামরূপ ইইতে দক্ষিণ মুথে ১২/১০ শত লী ভ্রমণ করিয়া
সমতট দেশে উপনীত হন। এই দেশ সমুদ্রক্লে অবস্থিত বলিয়া নিয় এবং আর্দ্র।
ইহার পরিধি ৩০০০ লী এবং ইহার রাজধানীর পরিধি ২০লী হইবে। এদেশে
৩০টির অধিক বৌদ্ধ সংবারাম এবং বৌদ্ধ স্থিবির সম্প্রাধারের ২০০০ এর অধিক

^{*} Notes on three ancient coins found at Mahammadpur in the Jessore District, J. A S. B. 1852 Vol. XXI, p. 401.

[†] Cunningham's Ancient Geography p. 593.

শ্রমণ ছিলেন। শতাধিক দেবমন্দির ছিল এবং নানা মতাবলম্বী লোক বেখানে দেবানে মিলিয়া মিশিয়া বাস করিত। এদেশে দিগম্বর নিপ্রস্থি কৈনদিগের সংখাও যথেষ্ট। রাজধানীর সির্নিকটে একটি অশোকস্তৃপ ছিল; এই স্থানে বৃদ্ধদেব স্বয়ং ৭ দিন পর্যান্ত দেব-মানব-সকাশে স্বীয় ধর্মমত প্রকাশ করিয়াছিলেন। ইহা ব্যতীত চারিজন বৃদ্ধের কর্মক্ষেত্র ও আশ্রমের চিচ্ছও বর্তমান ছিল। রাজধানীর সিরিকটে একটি বৌদ্ধমঠে বৃদ্ধদেবের আট ফুট উচ্চ একটি গাঢ় নীলবর্ণ স্থন্দর মৃত্তি ছিল। ইহাতে বৃদ্ধমূর্তির যাবতীয় বিশিষ্ট চিচ্ছ প্রকটিত ছিল এবং মূর্ত্তি হইতে বিশায়করী শক্তি বিকীর্ণ হইত। পর্যাটক অবশেষে ক্রমাবয়ে সমতটের সন্নিকটবর্তী ৬টি দেশের নামোন্নেথ করিয়াছিলেন। তিনি এ সকল দেশ স্বয়ং পরিদর্শন করেন নাই; তিনি উহাদের সম্বন্ধীয় বিবরণ সমতটের রাজধানীতে সংগ্রহ করিয়াছিলেন।" * ইউয়ান চোয়াং সমতট সম্বন্ধে আরও লিথিয়া গিয়াছেন যে এই স্থানের ভূমি উর্বরা, লোক সকল ক্ষুদ্রাক্তি, কৃষ্ণকায় এবং তীক্ষবৃদ্ধি। চৈনিক সাধু এদেশে বছ পণ্ডিতের সমাবেশ দেখিয়া সাতিশন্ধ বিশ্বিত হইয়াছিলেন। †

সমতট যে গাঙ্গের উপন্থীপ তাহাতে সন্দেহ নাই। তবে চীনপ্র্যাটকের বিবরণ হইতে ইহার রাজধানীর অবস্থান নির্দেশ করা কঠিন। ইউয়ান চোয়াং যে দ্রত্থ নির্দারিত করিয়া দিয়াছেন, তাহা হইতে ব্ঝা যাইতেছে যে সমতটের রাজধানী গাঙ্গের উপন্থীপের মধ্যস্থলে অবস্থিত; উহা তামলিপ্তি হইতে ১০০লী পূর্ব্বে। পূর্ব্বে উক্ত হইয়াছে যে প্র্যাটক কামরূপ হইতে ১২।১৩ শত লী দিক্ষিনে আসিয়া সমতট রাজ্যে পড়েন। ৬লী এক মাইলের সমান ধরিয়া লওয়া হইয়া থাকে। এই হিসাবে দ্রত্থ মাপিয়া নানাজনে এই রাজধানী নানাস্থানে স্থাপিত করিয়াছেন। ফাও সন বলেন সমতটের রাজধানী সোণার গাঁও বা স্বব্র্গামে ছিল; ওয়াটার্স (Watters) সাহেব বহু গবেষণা করিয়া বলিতেছেন যে ইহা ফরিদপুর জেলার দক্ষিণাংশে অবস্থিত, কোথায় তাহা দুরে

^{*} Thomas Watters on Yuan Chwang, Vol. II., p. 187.

[†] Beal's Buddhist Records pp. 119-200, Julien's Hiouen Thsair iii, 81.

বিদয়া ঠিক করিয়া বলেন নাই। কানিংহাম সাহেব তাঁহার বিখ্যাত ভারতীয় প্রাচীন ভূগোলে বেমন বহুস্থানের অবস্থান নির্দেশ করিয়াছেন, তেমন ভাবে বছ বিবেচনা করিয়া এই প্রাচীন রাজধানী মুড়লী বা বর্ত্তমান মশোহর সহরের সিরকটে স্থির করিয়াছেন। * আমরা তাঁহার গণনা প্রণালীর সম্পূর্ণ অন্তুমোদন করিয়া বলিতে চাই বে রাজধানী মুড়লীর সিরকটেই ছিল। এই রাজধানী ঠিক মুড়লীতে থাকাও বিচিত্র নহে, কারণ ইহা অতি প্রাচীন স্থান। তবে বহু বিষয় পর্য্যালোচনা করিয়া আমরা একটি অনুমান করিতেছি যে প্রাচীন সমতটের রাজধানী মুলীর কয়েক মাইল উত্তরে বারবাজার নামক স্থানেছিল। বারবাজারের বর্ত্তমান অবস্থা বিচার করিলে, এই অনুমানের কারণ বাহির হইবে।

বর্ত্তমান যশোহর নগরী হইতে ঠিক উত্তর দিকে দুশ মাইল দূরে বারবাজার অবস্থিত। যশোহর হইতে ঝিনেদহ পর্যান্ত যে নৃতন ছোট রেলওয়ে লাইন খুলিয়াছে, বারবাজার উহার একটি প্রধান ট্রেশন। পূর্ব্বকালেও মুড়লী হইতে বারবাজার ও নলডাঙ্গার দিকে খুব বড় রান্তা ছিল। উহাই বর্ত্তমানে ডিখ্রীক্ট বোর্ডের রান্তা দিয়াই রেলওয়ে লাইন গিয়াছে। বারবাজার ভৈরব নদের উত্তর পারে অবস্থিত। ভৈরব যথন পূর্ণ বিক্রমে প্রবাহিত হইত. তথন বারবাজারের অবস্থান অতি স্কল্ব ছিল।

বারবাজারের এই স্থানর অবস্থানই তাহাকে সমতটের প্রাচীন রাজপাট বিনিয়া নির্দেশ করিবার প্রধান ও প্রথম কারণ। গৌড়, পাটলীপুত্র বা কর্ণস্থবর্ণ হইতে পূর্বাঞ্চলে আদিতে হইলে ভৈরবতটবর্ত্তী এই স্থানই প্রথম লোকের চিন্তাকর্ষণ করিত। বহু কীর্তিচিহ্নান্তিত, বহু প্রাচীন, বহু বিস্তৃত এবং অধুনা অধংপতিত এমন কোন স্থান এ প্রদেশে আরু নাই।

বিতীয়তঃ প্রাচীন ইষ্টকালয় নই হয়, মঠ ভালিয়া মন্দির হয়, মন্দির ভালিয়া মন্দির হয়, মন্দির ভালিয়া মন্দির হয়, মন্দির কালে লোকের বসতি বাটাতে পরিবর্ত্তিত হয়, কিন্তু প্রাচীন জলাশরের তেমন পরিবর্ত্তন হয় না। জলাশর প্রায় জলাশরই পাকিয়া বার, অথবা তাহার শুক্ত থাত প্রাচীন মনুযাবানের সাম্যু দেয়। বারবাজারে জলাশ্র

^{*} Ancient geography pp. 501-2.

অসংখ্য, লোকের মুথে প্রবাদ এই, তথায় ৬ বুড়ি ৬টা পুকুর অর্থাৎ ১২৬টি পুকুর আছে। ইহার অধিকাংশই দীর্ঘিকা বা দীঘি। কোনটি হিন্দুর কীর্ত্তি উত্তর দক্ষিণে দীর্ঘ, কোনটি মুগলমানের কীর্ত্তি পূর্ব্ব পশ্চিমে দীর্ঘ। কোন কোন মুসল-মান উত্তর দক্ষিণে দীর্ঘ পুদ্ধরিণী থনন করিয়াছেন, কিন্তু কোন হিন্দু পূর্ব্ব পশ্চিমে দীর্ঘ জলাশয় থন্ন করেন নাবা তাহার জল থান না। বারবাজারের আনেক পুকুরে এখনও বারমাস জল থাকে; এখানে জলকণ্ঠ নাই। আমরা কতকগুলি দীবির নাম করিতেছি; রাজনাতা দীবি, সওদাগর দীবি, পীর পুকুর, মীরের পুকুর, ঘোড়ামারি পুকুর, গোড়ার পুকুর, চেরাগদানি দীঘি, গলাকাটির দীঘি, ভাই বোন পুকুর, মনোহর পুকুর, দেথের পুকুর, কচুয়া, লোহাশলা, উভগাড়া, মিঠা পুকুর, নুনগোলা, থোনকার দীঘি, কানাই দীঘি, সাতপুকুর-এইগুলি রাস্তার পশ্চিম পারে এবং রাস্তার পূর্ব্ব পারে বাদে ডিহি অংশে পাঁচ পীরের দীঘি. ছাতারে দীঘি, আলো থা দীঘি, হাঁদ পুকুর, বিশ্বাদের দীঘি, শ্রীরাম রাজার দীঘি (৫৫০´× ৩৫ 🗸; উত্তর দক্ষিণে দীর্ঘ, পূর্ব্ব ও দক্ষিণ পারে বাধা ঘাটের ভগ্নাবশেষ, বারমাস স্থলর জল থাকে, অতি পরিদার পরিচ্ছন, পাহাড় এখনও ১০।১২ ফুট উচ্চ) এবং বেড়দীঘি অর্থাৎ শ্রীরাম রাজার বাড়ীর চতুঃপার্শ্ববর্তী গড়খাই বছ বিস্তৃত এবং পদ্মমণ্ডিত হইরা অপুর্ব্ধ শোভ। বিস্তার করিতেছে। ইহা বাতীত ফেন ঢালা, চাউল ধোয়া, পিঠেগড়া, ডাইল ঢালা, কোদাল ধোয়া প্রভৃতি চির-পরিচিত ছোট বড় অসংখা পুকুরের অভাব নাই। খুব কাছে কাছে এত জলাশয় কোথায়ও দেখি নাই। এতগুলি দাঁবি ও পুদরিণী যে প্রাচীনত্বের প্রধান সাক্ষী হইতে পারে, তদ্বিয়ে দ্বিমত নাই।

তৃতীয়তঃ বারবাজারের এ৪ মাইল বিস্তৃত স্থান ইপ্টকস্তৃপে পরিপূর্ণ। পশ্চিমদিকে কতকগুলি ১০।১২ হইতে ১৫।১৬ ফুট উচ্চ প্রকাণ্ড ভগ্নস্তুপ রহিয়াছে,
উহার কোন একটি অশোকের স্তৃপ হওয়া বিচিত্র নহে। লোহাশলা নামে
একটি পুক্র আছে, উহার সল্লিকটে কোন লোহস্তম্ভ থাকিতেও পারে। হয় ত
স্তম্ভের চতুঃপার্ম খনন করিয়া তাহাকে এই পুকরিণীতে বিসর্জন দেওয়া হইয়াছিল। কোথায়ও উচ্চ চিবি, কোথায়ও অটালিকার ভগ্নচিহ্ন, প্রাচীরের
ভগ্নাবশেষ এবং প্রস্তর স্তম্ভাদি ও সর্কাত্র বিস্তৃত ইপ্টকপণ্ড বারবাজারকে হিন্দু বৌশ্ধ
ও মুদলমানের মহাশ্মশানে পরিণত করিয়া রাধিয়াছে। বেধানে ধনন করা বায়্য

দেই স্থানেই প্রায় ইষ্টকের প্রাচীর বাহির হইতেছে। লোকে তুলিয়া লইয়া গৃহভিত্তি, প্রাচীর, ইদ্গা ও মস্জিদ প্রভৃতি নির্মাণ করিতেছে। যে সকল উচ্চ চিবি স্থানে স্থানে জন্মণাত্ত হইয়া রহিয়াছে, সাধারণ লোকে নানাবিধ ভয়ে সেগুলি থনন করিতে যায় না, গবর্ণমেণ্ট বা জেলার ম্যাজিষ্ট্রেটের চেষ্টায় উহার কতকগুলি থনিত হইলে অনেক প্রাচীন তত্ত্ব বাহির হইতে পারে।

চতুর্থতঃ বারবাজারে স্থানে স্থানে কতকগুলি পাথর পড়িয়া আছে, উহা বৌদ্ধ আমলের প্রস্তর বলিয়া বোধ হয়। উপরোক্ত গোড়ার পুকুরের পশ্চিমদিকে যে অভয় মস্জিদ এথনও দণ্ডায়মান আছে, তাহার প্রাচীরগাত্রে চারিখানি প্রস্তরক্তর গাথ্নির ভিতর প্রবেশ করান রহিয়াছে। এই মস্জিদের উত্তর পশ্চিম কোণে একটি বাঁশ বাগানের মধ্যে একটি প্রস্তরক্তর মাটীতে পোতা রহিয়ছে। উহার ৩ — ৮ শাত্র বাহিরে আছে, অধিকাংশই মৃত্তিকার নিয়ে প্রোথিত বলিয়া বোধ হয়। এইয়ান হইতে আরও পশ্চিমদিকে যাইতে পথের কাছে একথানি ১ — ৯ শ পরিমিত স্থানর কালো পাথরের পাদপীঠ পড়িয়া রহিয়ছে। চেরাগানানি পুকুরের পশ্চিম পারে মস্জিদের উপর ১ খানি এবং গলাকাটি দীঘির দক্ষিণ পারে মস্জিদের উপর ১ খানি এবং গলাকাটি দীঘির দক্ষিণ পারে মস্জিদের উপর ১ খানি এবং গলাকাটি দীঘির দক্ষিণ পারে মস্জিদের উপর ১ খানি পাথর আছে। আরও কত জঙ্গলের মধ্যে আছে বা দূরবর্ত্তী স্থানে স্থানান্তিরিত হইয়াছে, তাহা জানিবার উপায় নাই। দেখিলেই বোধ হয় এই হিন্দু বৌদ্ধ আমলের মঠ-মন্দিরের পাথরগুলি মুস্লমানগণ সকল স্থানে কাজে লাগাইতে পারেন নাই। এই সকল প্রস্তর কোথা হইতে আদিল সে সম্বন্ধে আমাদিগকে পরে বিশেষ বিচার করিতে হইবে।

পঞ্চমতঃ মগধ ও বঙ্গের ইতিহাস আলোচনা করিয়া দেখা গিয়াছে যে, যেথানে কোন হিন্দু বা বৌদ্ধ-প্রতিপত্তির প্রধান স্থান ছিল, পাঠান আমলে মুসলমান প্রচারকগণ সর্বাগ্রে সেই স্থানেই দেখা দিয়াছিলেন এবং মঠ বা মন্দির ভগ্ন করিয়া, জাতিধর্ম্মের উপর হস্তক্ষেপ করিয়া মুসলমান ধর্ম প্রতিষ্ঠিত করিয়াছিলেন। বিশেষতঃ যেথানে বৌদ্ধ সংঘারাম ছিল, সেইখানেই তাঁহাদের অধিক আক্রোণ পড়িত, কারণ অহিংসাধর্ম্মী, নিরীহ বৌদ্ধর্মণগণ শক্তর আক্রমণে বিশেষ বাধা দিতে সক্ষম ছিলেন না, এবং একটি সংঘারাম অধিকার করিতে পারিলে এককালে বছলোক মুসলমানধর্ম্মে দীক্ষিত হইয়া যাইত। যাহারা তাহাতে বাধা দিত, তাহারা অনেকস্থলে অসিমুখে নিপান্তিত ইইছা যাহার।

এইভাবে মগধের রাজধানী ওদস্তপুরীতে অসংখ্য মুণ্ডিতণীর্য শ্রমণ কালগ্রাসে পতিত হন। মুসলমান ঐতিহাসিক মীনহাজ-উদ্দীন তাঁহার তবকাত-ই-নাসিরি নামক গ্রন্থে ইহার বিশেষ বিবরণ দিয়াছেন। সেথানেই প্রাচীন হিন্দু বা বোদ্ধনগরী ছিল, তাহাই এক্ষণে মুসলমানপ্রধান স্থানে পরিণত হইয়াছে। এ সকল মুসলমানই অন্তদেশ হইতে আসে নাই। এই দেশীয় নানাজাতীয় লোকে মুসলমান হইয়া গিয়াছে। জাতীয় শক্তি বা বংশগৌরব লুপ্ত থাকিবার জিনিস নহে। যেথানে বিদেশ হইতে আগত প্রকৃত উচ্চ শ্রেণীর মুসলমানের বংশ রহিয়াছে, সেথানে এখন তাহাদের চেহারায়, বিস্তাচর্চায় ও তেজস্বিতায় তাহাদিগকে চিনিয়া লওয়া যায়; আর যেথানে নিয়শ্রেণীর হিন্দু মুসলমানধর্ম্মে দীক্ষিত হইয়া মুসলমান হইয়াছিল, সেথানেই নিস্তাত নিরক্ষর সম্প্রদায় গঠন করিয়াছে। রাজধানী বালাপ্তা মুসলমানের স্থান ইইয়াছে, * জগয়াথপুরে হিন্দুর নাম উন্টাইয়া সেথহাটি হইয়াছে, পয়প্রাম কসবায় হিন্দু একেবারেই নাই। বাগেরহাটে মুসলমান বারে: আনা। বারবাজারেও হিন্দু নাই বলিলে অত্যুক্তি হয় না।

ষঠতঃ এ দেশে যথন মুদলমান আক্রমণ আরম্ভ হয়, তথন তাহাদের প্রধান আন্তানা ছিল বারবাজার। যে বার আউলিয়া বা ফকির স্থানরবন অঞ্চলে ধর্ম ও শস্তের আবাদ করিতে আদিয়াছিলেন, তাঁহাদের প্রথম আচ্চা ইইয়ছিল বারবাজার। এই বারজন ফকিরের আন্তানার জন্ম স্থানটির নাম রাধা ইয়াছিল বারবাজার। এই থানে গোরাইগাজী প্রথম জামলা গোদার গোদ ভাল করিয়া দেন, খ্রীরাম রাজাকে মুদলমান ধর্মে দীক্ষিত করেন। এক্ষণে বারবাজারের চারিপাশে দাদেকপুর, ইনায়েৎপুর, হাবাতপুর, পিরাজপুর, মুরাদগড়, মোলাডাঙ্গা, রহমৎপুর, বাদেডিহি, দৌলতপুর প্রভৃতি বহু মুদলমানী গ্রাম রহিয়ছে। পূর্ব্ধে এস্থানে মুদলমান ছিল না। তাহার প্রমাণ "কালুগাজি ও চাম্পান্বতী" নামক মুদলমানী কেতাবে আছে। বারবাজারের যে অংশে খ্রীরামরাজার বাড়ীর ভয়াবশেব আছে, উহারই পূর্ব্ধ নাম ছিল ছাপাইনগর। এথনও স্থানীয়

১৩২০ সালের সাহিত্য-সন্মিলনে মহানহোপাধ্যার শ্রীবৃক্ত হরপ্রসাদ শাল্পী মহাশরের অভিভাষণ ।

মুদলমানেরা ছাপাইনগর জানে। উহা একণে বাছরগাছা মৌজার অস্তর্ভুক্ত হইয়াছে। কালুগাজি ছই ভাই যথন এইস্থানে আদিলেন, তথন---

> "যত প্ৰজা ছিল তথা সবে হিন্দুয়ান। সেথানেতে নাহি ছিল এক মছলমান।" *

দপ্তমতঃ বারবাজার একেবারে মুসলমান হইয়া গেলেও এখনও কিছু কিছু হিন্দু বৌদ্ধের চিহ্ন আছে। বাত্রগাছার মধ্যে এখনও একটি ৺কালীস্থান আছে। ম্রদগড়ের গাস্থলী মহাশরেরা সেথানে পূজাদি করেন। বহু হিন্দুতে পূজা ও বলি দিতে আসে। দেবীর মন্দির এক্ষণে নাই, একটি অতি প্রকাণ্ড বটবৃক্ষ দেবীস্থানকে আশ্রম দিয়াছে। রাজমাতার পুকুর, কানাইপুকুর প্রভৃতি কিছু প্রচ্ছন তথা উদ্বাটিত করিয়া দেয়। নিকটবর্তী রহমৎপুর, সাকোমতপুর, দেবরাজপুরে যোগী জাতির বাস এবং সাকো, সাজিয়ালি ও পয়প্রামে বণিকের বসতি আছে। এই যোগী ও গন্ধবণিক জাতির সহিত বৌদ্ধ সংঘারামের কি সম্বন্ধ আছে, তাহা আমরা পরে দেখাইব।

তত্ত্বদর্শী মহাপ্রাক্ত কানিংহাম সাহেবের গণনার সহিত এই সকল কারণের সমাবেশ করিয়া আমরা বলিতে চাই যে এই বারবান্ধারই ছিল সমতটের রাজ্বানী। ইহার পূর্বে নাম কি ছিল, তাহা নির্ণয় করিবার উপায় নাই। প্রাচীন নগরীর একাংশ যে ছাপাইনগর বা চাম্পাইনগর ছিল, তাহা আমরা দেখাইয়াছি।

৬৪৫ খৃষ্ঠান্দে ইউরান চোরাং খাদেশে প্রত্যাবর্ত্তন করেন। তৎপরে সেক্ষ্রিনামক একজন প্রয়াটক চীনদেশ হইতে জলপথে সমতটে আগমন করেন।
তিনিও সমতটের রাজধানীতে আসিরা ছিলেন। তিনি তথন রাজভুট নামক
একজন নুগতিকে তথার রাজখ করিতে দেখিরা গিরাছিলেন। † ৬৭১ খৃষ্টাব্দে
ইৎসিং ভারতবর্ধে আসেন। তাঁহার বিবরণী হইতে জানা ধার সমতটের রাজা
হো — লো — পো — তো বা হর্ষভূট খারং বৌদ্ধমতাবলম্বী এবং বৌদ্ধানিগের
বিশেষ পৃষ্ঠপোষক ছিলেন। তাঁহার রাজধানীতে যে বৌদ্ধশ্রমণের সংখ্যা ইউরান
চোরাং এর সমরে ২০০০ ছিল, তাহাই ইৎসিংএর সময়ে ৪০০০ হইরাছিল।

^{* &#}x27;কালুখান্তি ও চাল্পাবতী" ১৫ পৃঃ

⁺ Beal's Life of Hiuen Tsiang P. xxx, Watters, Vol II P. 188.

ইউয়ান চোয়াং যাহাদিগকে প্রাচীন স্থবির মতাবলম্বী দেখিয়া গিয়াছিলেন, ইৎসিংএর সময় তাঁহারা গোঁডা মহাযানী হইয়াছিল। *

এক্ষণে প্রশ্ন ইইতেছে ছইটি। ১ম, ইউয়ান চোয়াং এর বিবরণী ভুক্ত সে বৌদ্ধ বিহারমালা, সেই সতানিষ্ঠ চীনদেশীয় সাধুর উল্লিখিত সমতটের সে ৩০টি সংঘারাম কোথায় ? ২য়, এত যে নিষ্ঠাবান্ বৌদ্ধ অধিবাসীতে দেশ জনাকীর্ণ ছিল, তাহারা কোথায় গেল ? আমরা ক্রমে ক্রমে ইহার উত্তর দিবার চেষ্টা করিব।

স্থ্রম পরিচ্ছেদ – মাৎস্তান্যায়।

হর্ষবর্দ্ধনের মৃত্যুর পর দেশ ভরিয়া বিষম বিপ্লব উপস্থিত হয়। এই সময়ে মহারাজ যশোবর্দ্ধা কান্ত কুজের সিংহাসন অধিকার করিয়া দিখিজয়ে বহির্গত হন। কিন্তু গৌড় বন্ধ বিজয় করিয়া প্রত্যাগত হইবার অব্যবহিত পরেই কাশ্মীরপতি ললিতাদিতা আসিয়া তাঁহাকে কান্তকুজ ২ইতে বিতাড়িত করেন। গৌড়াধিপ তথন ললিতাদিতাের অধীনতা স্বীকার করিয়া সদ্ধিত্ত আবদ্ধ হন। কিন্তু তিনি কাশ্মীরে গেলে ললিতাদিতাে তাঁহার হত্যাসাধন করিয়া বিশ্বাস্থাতকতার পরিচয় দেন। এই ললিতাদিতাের পৌত্র জয়াদিতা বা জয়াপীড়। কছলণ-প্রণীত রাজতরঙ্গিণী হইতে জানিতে পারি, জয়াপীড় রাজ্যারােহণ করিয়া পোত্র বৃহ্বনে ত্রমণার্থ আসিয়া, রাজা জয়ত্তের কল্যা কলাাণীদেবীকে বিবাহ করেন এবং স্বলে রাজ্যজয় করিয়া শভরেন প্রক্রে করিয়া যান।

[•] Record of the Buddhist Religion by J. Takasasu.

এই জয়ন্তই আদিশ্র কিনা, তবিষয়ে নানা মতভেদ আছে। "বিদের নাতীয় ইতিহাস"প্রণেতা শ্রীযুক্ত নগেন্তানাথ বস্থ মহাশয় প্রমাণ করিয়াছেন যে, জয়ন্তই পঞ্চ গৌড়েশ্বর হইয়া আদিশ্র উপাধি ধারণ করেন। অনেকে এই মতের পোষকতা করিয়াছেন। বিত্তিক কোনও প্রকৃষ্ট প্রমাণ না পাওয়া যার, ততদিন এই মতই সমীচীন বলিয়া মনে করি। সম্ভবতঃ আদিশ্র পরে বিক্রমপুরের অন্তর্গত রামপালে রাজধানী স্থাপন করেন; এবং সেখানেই যজান্তর্গন করিয়া কান্তক্ত হইতে পঞ্চ ব্রাহ্মণ ও পঞ্চ কায়ন্ত আনয়ন করেন। তাঁচার জামাতা জয়াপীড়ের সাহায়েই এ ব্যবস্থা হইয়াছিল।

জন্মন্ত পঞ্চলি নানাদিক্ ইইতে আক্রমণ ইইতেছিল। এবস্থিধ বহিঃশক্রর আক্রমণ জন্ম গৌড়রাজ্যে তথন মাৎস্থান্থর বা অরাজকতা উপস্থিত
ইইয়াছিল। তথন জনসাধারণ দৈশিক শান্তির জন্ম পালবংশীয় গোপালকে
পাটলীপুত্রে রাজা করিয়া প্রজাশক্তির প্রাধান্ত স্থাপন করিয়াছিল। ‡ পাল ও
শূর বংশীয়েরা একই সময়ে বিভিন্ন স্থানে রাজ্য করিয়াছিল। ‡ পাল ও
শূর বংশীয়েরা একই সময়ে বিভিন্ন স্থানে রাজ্য করিয়াছিল। গোপাল সমুদ্র
পর্যান্ত রাজ্য বিস্তার করিয়াছিলেন। § সমতটও তাঁহার রাজ্যান্তর্গত ইইয়াছিল।
গোপালের পৌত্র দেবপাল সর্বাপেক্ষা প্রতাপশালী ছিলেন। তাঁহার মুক্তের
লিপি ইইতে জানা যায় যে তিনি উত্তর দক্ষিণে হিমালয় ইইতে সেতৃবন্ধ এবং
পূর্বপশ্চিমে সিদ্ধ্ ইইতে সিদ্ধ্ পর্যান্ত সমগ্র ভারত নিঃসপত্মভাবে উপভোগ
করিয়াছিলেন। তাঁহার সময়ে শূরবংশীয়েরা বন্ধ ইইতে দক্ষিণ রাঢ়ে বিতাড়িত
ইন। দেবপাল স্থশাসক ছিলেন, সম্ভতঃ তাঁহার শাসনের স্থল্ল যশোর রাজ্যে
পৌছিয়াছিল। কিন্তু এই থানেই তাহার শেষ। ইহার পরে রাজার শাসন কি,
নংশার ঝুলুনা অঞ্চল তাহা বহুকাল জানে নাই।

^{*} গৌড়রাজ নালা ১৮-১৯ পৃ: | † বলের জাতীয় ইতিহান, বাক্ষণকাও, ১ন বন্ধ ১০৯-৪পু নাহিত্য, ১২শ ভান, ৭২০ পুঃ, বালালার পুরাবৃত্ত, ১৯২ পুঃ Archœological Survey Report, vol. XV p. 163.

[্]র 'ম'ৎসন্তারমুণোহিতং প্রকৃতিভির্নন্মাঃ করং আহিতঃ।" ধর্মণালনেবের থালিমপুরের তামণাসন, গৌড় লেখমালা, ১২ পুঃ।

^{§ &}quot;বিজিত্য বেনাললধেৰ্মস্থলরাং" বেবপাল বেবের মুক্তের লিপি, গৌড়লেবনালা, ১ম গুবক, ৩১ পুঃ

দেবপালের রাজত্বের পর পালরাজ্য উন্নতিহীন অবস্থান্ন ছিল। উন্নতি হইতেছিল শুধু ধর্ম্মের। পালন্পতিগণ সকলেই বৌদ্ধ ছিলেন, বৌদ্ধর্ম্মেও দেশমন্ন বিস্তৃত হইন্না পড়িতেছিল। দেবপালের পর পাঁচ জন নূপতির পরে রাজা হইলেন মহীপাল। তিনি বৃদ্ধবিগ্রহ এক প্রকার তাাগ করিন্না পরহিতকর এবং পারত্রিক মঙ্গলকর কার্যান্মুর্চানে রত হইন্নাছিলেন। স্ক্তরাং দেশের রাজনৈতিক অবস্থা যাহা ইইন্নাছিল, তাহা সহজে অন্ধনের। তিব্বতীয় তারানাথের মতে তিনি ৫২ বংসর রাজ্য করেন এবং সারনাথে তাঁহার শিলালিপি হইতে জানা যান্ন, তিনি ১০২৬ খুষ্টান্দে জীবিত ছিলেন।

সমন্ত বন্ধদেশ নানা থপ্ত রাজ্যে বিভক্ত হইরা পড়িল। পালরাজগণের সময়ে দক্ষিণ রাঢ়ে যেমন শ্রবংশীয়েরা রাজত্ব করিতে ছিলেন, উত্তর বঙ্গে রাজা ছিলেন ধাড়ি চন্দ্র, তাঁহার পুত্র স্বর্ণ চন্দ্র, তাঁহার পুত্র মাণিকচন্দ্রের পর তৎপুত্র, "পাটিকা নগরে রাজা গোবিন্দ চন্দ্র ভূপ"। গোবিন্দচন্দ্রের রাজত্ব বহুদ্র বিস্তৃত ছিল। এই সময়ে মাণিকচন্দ্রের কনিষ্ঠ ভ্রাতা ধর্ম্মপাল রঙ্পুর অঞ্চলে এক রাজ্যস্থাপন করেন। যে ভবদেব বাল-বল্পভীভূজক্ব ভূবনেশ্বরে এক মন্দির নির্মাণ করিয়া দেববিগ্রহ স্থাপন করেন, তাঁহার উর্জ্বন সপ্তম পুরুষ প্রথম ভবদেব এই ধর্মপালের মন্ত্রী ছিলেন। এই ধর্মপালের সহিত পালবংশীয় ধর্মপালের কোন সম্বন্ধ নাই। এই সময়ে কর্ণাট ক্ষপ্রিয়বংশীয় সামস্ত সেন রাঢ় দেশে এক রাজ্য স্থাপন করিয়াছিলেন।

প্রাতীন কবি ছুর্ল ভ মরিক কুত 'গে।বিল্দুল গীতে" কাছে :—
 হবর্ষ চন্দ্র মহারাক্ষা ধাডিচলা পিতা
 তার পুত্র মানিক চন্দ্র বুন তার কথা।"।
 শীলিবচন্দ্র দীল সম্পাদিত "গোবিল্দ চন্দ্রগীত" ৬৩ পুঃ।

[†] পাটিকা প্রাম কোণায় তাহা নির্ণয় করা যায় না। এ সম্বন্ধে নানা ওর্ক আছে। কোচবিহারের পশ্চিমে এক পাটগ্রাম আছে। কেং কেহ তাহাকেই পাটগ্রাম বলেন (গোবিশ্ব চন্দ্র মীত, চীকা, ৪২ পূ:।। তারানাথের মতে চাটগ্রামই পাটগ্রাম, কিন্তু ইহা সম্ভবপর নহে। কর্মপুর বেলায় মাটতর পরগণার পাটিকা আছে, এহান রাজধানী হওয়া সম্ভবপর। কেইবনেন ত্রিপুরা জেলার পাটকারাই এই পাটিকা। গৃহস্থ, ১০২১, বৈষ্ঠ, ত্রষ্টরা।

[্]রাবিশ্বচন্দ্র বলিতেছেন ''নোলো দত্তের রাজা আমি বল অধিকারী'' (গো. চ. বী: ৬০ পৃঃ)। প্রছের বাব্ দীনেশচন্দ্র দেন 'দিজের' ছলে "দত্তের'' ধরিরা লইরা, এই বলাধিকারীর্দ্ধ

যখন মহীপাল সমস্ত গৌড়রাজ্যের রাজা, তথন রাঢ়ে সামস্ত সেন, দক্ষিণ রাঢ়ে রণশ্র ও বঙ্গে গোবিন্দচন্দ্র রাজ্য করিতেন। এই সময়ে সেনভূম প্রদেশে রাজা ছিলেন কর্ণদেন। প্রবাদাল্লসারে অজয় তটে ব্রিষষ্ঠী গড়ে তাঁহার রাজধানী ছিল। তাঁহাকে তাড়াইয়া ইছাই ঘোষ রাজা হয়। রঙ্গপুরের ধর্মণালের সহিত কর্ণদেনের আত্মীয়তা ছিল। কিন্তু ধর্মণাল ইছাই ঘোষের কিছু করিতে পারেন না। অনেক কাল পরে কর্ণদেনের পুত্র লাউসেন তাহার হত্যা সাধন করিয়া রাজ্যোজার করেন।* মহীপালের রাজ্য পশ্চিমে কাণী পর্যান্ত বিভৃত ছিল। এই সময়ে পশ্চিম ভারতে মুদলমান আক্রমণকারিগণের আবির্ভাব হইতেছিল, তল্মধ্যে সর্ব্বপ্রধান গজনীপতি মামুদ। তিনি প্রবল বিক্রমে রাজ্যজয় ও দেশ ছারথার করিয়া হিন্দুর দেবদেবী ও মন্দিরাদির উপর অমাত্মিক অত্যাচার করিয়া সমস্ত আর্থ্যাবর্ত্ত বেপমান করিয়া তুলিয়াছিলেন। মামুদ

''নিগ্রহিয়া বিগ্রহের নিধি নিল হ'রে হইল অলকা ভ্রান্তি গজনী নগরে''।

কিন্তু মামুদের সে ছর্ন্ধ অভিযান মহীপালের রাজ্যগণ্ডীতে প্রবেশ করিতে পারে নাই। মহীপাল যথন এই ভাবে পশ্চিম দিকে রাজ্য রক্ষায় বাস্ত ছিলেন, সেই সময়ে কেশরিবংশীয় রাজেজ্রচোল দেব সমগ্র গোড়রাজ্য আক্রমণ করেন। চোলরাজের তিরুমলয় পাহাড়ে উৎকীর্ণ প্রশন্তি হইতে জানা যায় যে তিনি উড়িয়া ("ওড়চবিষয়"), দক্ষিণ রাঢ়ের ("তক্কণ লাড়ং") অধিপতি রণশ্র, বঙ্গ দেশের ("বঙ্গাল" দেশ) অধীশ্বর গোবিন্দচক্র এবং মহাযোজা মহীপালকে

বিস্তর।এ।কে করেকথানি প্রামের সমষ্টিতে পরিণত করিরাছেন। ('বঙ্গভাবা ও সাহিত্য'
বি পৃ:); কিন্তু এই 'দত্ত' শব্দও তুর্বোধ্য। ব্রীবৃক্ত শিবচন্দ্রশীক এই 'দত্ত'কে নদী বোধক "গর্ভ" করিতে চান ('বোবিন্দচন্দ্রশীত'' ৬০ পূ:) অর্থাৎ বোল নদী দ্বারা সিক্ত দেশেই গোবিন্দচন্দ্রের রাজ্য বিস্তৃত ছিল। সে রাজ্য সমত্ট পর্যন্ত আদিরাছিল কি না জানিবার উপার নাই। তবে তাহা বে পশ্চিমে ভাগীরখী পর্যন্ত বিত্ত ছিল, এরূপ অনুমান ক্যা বাইতে গারে।

^{*} এই ধর্মপাল ও কর্ণদেনের কথা, ইচ্ছাই থোব ও লাউদেনের কথা সহদেব চক্রবর্তী, বাণিক গাঙ্গুলি ও ঘনরাম চক্রবর্তী প্রণীত ধর্মমন্তল আছে। বাঙ্গালাভাবার ধর্মমন্তল অনেকগুলি। "বঙ্গভাবা ও সাহিত্যা" ৫৭২—৮৫ পুঃ

পরাজিত করিয়াছিলেন। * কিন্তু তিনি যে যুদ্ধান্তে রাদ্যমধ্যে অপ্রসর হইয়া রাজ্যশাসন করিবার বাবস্থা করিয়াছিলেন, এমন কোন প্রমাণ নাই। স্থির জলাশরে লোষ্টনিক্ষেপবৎ এইরূপ রাজ্যজন্ত্রের ফল অধিক কাল স্থায়ী হইত না।

প্রকৃত পক্ষে যে মাংশু-শ্রায় দূরীভূত করিবার জন্ম প্রজাগণ গোপালকে সিংহাসনে বসাইছিল, সে মাংশু-শ্রায় যায় নাই। দেবপাল পর্যান্ত দেশে কতকটা শাস্তি থাকিলেও তাহার পর হইতে শাসনের ফল আর অফুভূত হয় নাই। নানাখানে নানাবংশীরেরা বিভিন্ন রাজ্য সংস্থাপন করার প্রজাবর্গ সর্বানা স্থবিধামত পক্ষ অবলম্বন করিয়া কার্যান্তঃ এক প্রকার স্বাধীনভাবে বাস করিত। গৌড় বা মগণে ভূপাল মহীপাল যিনিই রাজ্য হন, তাহাতে তাহাদের কিছু আসিয়া যাইত না। তাহারা পাল বা সেন, ইছাই ঘোষ বা গোবিন্দিটক্র সকলের রাজ্যভলাতে সম্মতি দিয়া স্বকীয় স্বার্থে কৃতপ্রয়ত্ব হইত। দেশের এই অবস্থা শোচনীয়।

সমতটের এবং তদস্তর্গত যশোর-পূল্নার অবস্থা আরও ভীষণ। যদিও দক্ষিণাংশে অনেক স্থল তথনও জলমগ্য ছিল, তবুও উত্তরাংশে ইহার বিস্তৃতি, নিতান্ত কম ছিল না। নদনদীবে

শৈকার কম ছিল না। নদনদীবে

শৈকার ইয়াছিল। নানাজনে নানাস্থানে রাজা বলিয়া পরিচয় দিয়া দশের উপর অভ্যাচার হইয়াছিল। নানাজনে নানাস্থানে রাজা বলিয়া পরিচয় দিয়া দশের উপর অভ্যাচার করিয়া আয়পোবণ করিত। হুই চারিখানি গ্রাম লইয়া এইয়প এক এক রাজচক্রবর্তী জাগিয়া উঠিত। রাজবাজী বা রাজপাটে দেশ ভরিয়া গিয়াছিল। যদি পরবর্তিকালে বিপ্লবের পর বিপ্লবে এই সকল স্থান ধ্বসিয়া বসিয়া ধ্বংস প্রাপ্ত না হইত, তাহা হইলে ইতির্ত্ত-বিহীন কত ভ্রাবশেষ যে ত্রাহাস্কিংক্তে বাতিবাস্ত করিয়া তুলিত, তাহা বলা যায় না।

মহীপালের সময় তিব্বংদেশে নিশ্রভ বৌদ্ধর্মের পুনরুপান জন্ত মহাপণ্ডিত ধর্মপালকে পাঠান হয়, কিন্তু মহীপালের পুত্র ত্যায়পালের রাজত্বকালে দীপঙ্কর অতীশ গিয়া দে কার্য্য হৃদস্পর করেন। ত্যায় পালের পর আরও অন্যুন ৯ জন পালরাজা রাজত্ব করেন, কিন্তু দেন রাজ্যণের বৃদ্ধিত প্রভাবে তাঁহাদের রাজ্যদীমা ক্রমেই দক্ষ্চিত হইরা আদিতেছিল। উক্ত ৯ জনের মধ্যে কুমারপালের

^{*} Epigraphia Indica vol. IX pp 232-3, পৌডুরাজ্বালা, ৩৯ পু:।

নাম প্রসিদ্ধ। তাঁহার মন্ত্রী ছিলেন বৈজ্ঞদেব। এই সময়ে দক্ষিণ বঙ্গে এক ভীষণ বিদ্যাহ উপস্থিত হয়। দক্ষিণ বঙ্গ বলিতে তথন কতনূর বুঝাইত এবং যশোহর খুল্নার লোক এ বিদ্যোহে লিপ্ত ছিলেন কি না, তাহা নির্ণয় করিবার উপায় নাই। বৈজ্ঞদেবের কমৌলি তান্ত্রশাসন হইতে জানা যায় যে, তিনি নদীবছল দক্ষিণবঙ্গের বিদ্যোহিগণের সহিত জলযুদ্ধে বিজয়লাভ করিয়াছিলেন এবং তাহার নৌবাহিনীর বিজয়েলাসরবে ("নৌবাট হীহী রব") দিক্সমূহ সম্ভস্ত হইয়ছিল। * ইহা হইতে অন্থমান করা যায়, সমতট তথমও কুমারপালের অধীন ছিল এবং তথাকার সামস্ত রাজগণ নৌযুদ্ধে বীরম্ব প্রদর্শন করিতেন।

এ দিকে গোবিন্দচক্র বা গোপীচক্র হাড়িপা নামক ডোমজাতীয় এক যোগীর নিকট ধর্মদীক্ষা গ্রহণ করিয়া চিরজীবনের মত দেশতাগ করিলে, তাঁহার পুল ভবচক্র রাজা হইলেন। ইঁহার এক মন্ত্রী ছিলেন, তাঁহার নাম গবচক্র। উভয়ই সমান মুর্থ। ভবচক্র রাজার গবচক্র মন্ত্রী—এই উভয়ের নির্ব্বৃদ্ধিতার অসংথা গল্প বরেক্রপ্রদেশে প্রচলিত আছে। তাঁহাদের সবই অস্তৃত; রাজার আদেশে প্রজারা দিনে নিজিত থাকিয়া রাজিতে কাযকর্মা করিত, এরূপও গুনা বায়। রাজা ও মন্ত্রীর নিরেট মন্তিক্ষে যথন যে থেয়াল উঠিত, তাহাই পালন করিতে গিয়া প্রজার ছর্দশার সীমা ছিল না। এমন রাজাকে প্রজার কতকাল কিরূপভাবে মাল্ল করে, তাহা সহজ্ববোধা। ভবচক্র গুধু একজন নয়, বঙ্গদেশের নানাস্থানে তথন বহু ভবচক্রের উদয় হইয়াছিল। ফল হইয়াছিল—দেশময় এক অরাজকতা; তাহার চেউ যে যশোহর-খুল্না প্রাবিত করিয়া সমুদ্র সীমান্ত হইয়াছিল, তাহাতে সন্দেহ নাই।

এ অরাজকতার রুগে আমাদের প্রস্তাবিত যশোহর-পূল্নার যেথানে সেধানে নানা ক্ষুদ্র রাজার আবির্ভাব হইরাছিল। তাহার অধিকাংশ নিদর্শন কাল প্রভাবে বিনুপ্ত হইরাছে। যশোহরের উত্তরে ও পশ্চিমে করেক স্থানে কৈবর্ত্তগণ রাজ্যক করিতেন। লোকে বলে যাদব রায় নামক এক কৈবর্ত্তরাজ যাদবপুর স্থাপন করেন। কলারোয়া থানার মধ্যে ধানদিয়ার সল্লিকটে মানিম্বরে এক তিয়র রাজা রাজ্য করিতেন। তাঁহার হুর্গ, গড়থাই এবং অনেকণ্ডলি দীবির চিহ্ন

शोड़ (लथमाला, ३म खबर्क, ३००, ३৪० पृथ्ध)

এখনও বর্তমান রহিয়াছে। এ সময়ে এ স্থানের অধিকাংশ জলপ্লাবিত ছিল। সেইজ্বন্ত তিয়র, কৈবর্ত প্রভৃতি জাতি এথানকার প্রধান অধিবাদী ছিল। বিস্থানন্দকাটিতে অন্ত এক রাজার গডবেষ্টিত বাড়ী ছিল, তাহার নিদর্শন এখনও আছে। ভুমুরিয়ার কাছে ভরত ভায়না নামক স্থানে এক ভরত রাজা বাস করিতেন। নিকটবর্ত্তী অনেকগুলি গ্রামের উপর তাঁহার আধিপতা ছিল। ইহার সম্বন্ধে বিস্তৃত বিবরণ পরবর্ত্তী পরিচেছদে প্রদেত হইবে। সাতক্ষীরার সন্নিকটে যে গণরাজার কীর্ত্তিচিহ্ন বর্ত্তমান আছে, তিনিও এই যুগে প্রান্তর্ভূত ছইয়াছিলেন কি না বলা যায় না। যশোহর-জেলায় নবগঙ্গার তীরে দিঞ্জিয়ার সন্নিকটে নয়াবাড়ী গ্রামে এক পাতালভেদী রাজার চর্গবাড়ীর ভগ্নাবশেষ আছে। ইনি পাতালভেদী রাজা নামেই খাতি, ইহার বিশেষ কোন নাম জানা যায় না। কেছ কেছ বলেন সিঙ্গাশোলপুর প্রভৃতি স্থানে যে রায় উপাধিকারী শৌলোক-(সৌল্ক) দিগের বাস আছে, পাতালভেদী রাজা সেই বংশীর। নয়াবাডীতে উহার যে ছুর্গবাড়ীর চিহ্ন আছে, তাহা ৮৩০´×৭৬২´ ফুট পরিমিত, উহার চারিদিকে ৯০´ ফুট বিস্তুত একটি পরিথা দ্বারা বেষ্টিত। এই পরিথায় এথনও জল থাকে। তুর্গের মধ্যে একটি পুকুর ও কতকগুলি ইষ্টকন্তুপ পূর্ব্বাবস্থার কিছু আভাস দেয়। লোকে বলে এই রাজা মৃত্তিকার নিম্নে গড় কাটিয়া তন্মধ্য আবাসবাটী প্রস্তুত করিয়াছিলেন এবং ছর্গ হইতে নিকটবর্ত্তী নবগঙ্গা নদীতে যাইবার জন্ম স্নড়ঙ্গ ছিল। * নদীর কূলে এক স্থানে বহুদুর বিস্তৃত ইপ্টকথণ্ড দ্বারা স্কুড়ঙ্গের মুথ প্রমাণ করা হয়। বাস্তবিক এরূপ কোন স্কুড়্গ ছিল কি না, সন্দেহস্থল। তবে হুৰ্গ হইতে উত্তর মুখে নদী পর্যান্ত যে ৩৫ ছুট বিস্তৃত একটি স্থলর রাস্তা ছিল, তাহা স্পষ্ট বুঝা যায়। এই হুর্গবাড়ী থনন করিলে কিছু প্রাচীন তথ্যের সন্ধান হইতে পারে। এজন্ম এদিকে গ্রন্মেণ্টের পুরাতত্ত্বিভাগ এবং স্থানীয় বিভোৎসাহী নড়াইলের জমিদার বাবুদিগের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

নরাবাড়ী আনে জীরামচরণ গছীর বাড়ীর উত্তর ধারে স্কুড্জের মুখ প্রদর্শিত হর। পাতালভেদী রাজার বাড়ী পরবর্তিকালে কোন বিয়বে যদিয়া বাঙরা বিভিত্র নতে।

অন্টম পরিচ্ছেদ—বৌদ্ধ সংঘারাম কোথায় ছিল ?

চৈনিক পরিবাদ্ধকের উল্লিখিত ৩০টি সংঘারাম কোথায় ছিল, তাহা নির্ণয় করা কঠিন। এ বিষয় লইয়া এ পর্যান্ত কেহ মন্তক বিডম্বিত করিতে উচ্চোগী হন নাই। পুরাতস্থবিৎ শ্রীয়ক্ত পরেশনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয় পুর্ব্ধবঞ্চের অধিকাংশ সমতটের অন্তর্ভুক্ত করিয়া লইয়া অনুমান করিগছেন যে, রায়পুরা, বজুলোগিনী, মতেশপুর, মঠবাড়ী, রামপাল, স্থবর্ণগ্রাম, জন্মুর বেজিনীসার (বজিনাদার), জ্বয়পুর, পাংশা, বাজাদন (বজাদন), যোগীডিহা, স্ম্থডিহা, গ্রীনগর, কুমার হটু, শৈলকুপা, তেলিগ্রাম প্রভৃতি স্থানে সংঘারাম ছিল। * কিন্তু তুঃখের বিষয়, এইরূপ অন্মান করিবার কি কারণ আছে, তাহা কিছুমাত্র উল্লেখ করেন নাই। প্রদত্ত স্থানগুলির অধিকাংশ ঢাকা জেলায় অবস্থিত। তন্মধ্যে বজ্বোগিনী, বজ্রাসন, বজ্রিনীসার, স্কবর্ণগ্রাম ও রামপালে বৌদ্ধ মঠাদির নিদর্শন পাওয়া গিয়াছে। এতদ্বিদ্ধ ঢাকার অন্তর্গত সম্ভার বা সাভার একটি প্রধান বৌদ্ধকেন্দ্র ছিল বলিয়া জানা গিয়াছে। † বৌদ্ধতান্ত্রিক পরমজ্ঞানী দীপঙ্কর শ্রীজ্ঞান অতীশ বজুযোগিনীতে জন্মগ্রহণ করেন এবং বজাসন বিহারে দাদশবৎসর অধ্যয়ন করেন। পরে প্রাচাবৌদ্ধের সর্ব্যপ্রধান স্থান স্থবর্ণদীপের ± মহাসংঘিকাচার্য্যের নিকট আরও দ্বাদশবর্ষকাল বৌদ্ধর্ম্মের নিগৃত্তত্ত শিক্ষা করিয়া প্রত্যাগত হইলে, মহারাজ স্থায়পাল § তাহাকে বিক্রমশিলা বিহারে সর্বাধ্যক্ষ নিযুক্ত করেন। তাঁহার সময়ে ভারতবর্ষে তাঁহার মত বৌদ্ধপণ্ডিত কেহ ছিল না। ¶ তাঁহার দারাই তিব্বতে বৌদ্ধার্ম প্রনন্ধীবিত হয়। তিনি তিব্বতে অবস্থানকালে তথায় স্বকীয় জন্মস্থানের নামান্স্যারে যে বছযোগিনী মুর্ভি প্রতিষ্ঠা করেন. উহা অস্তাপি বিশ্বমান আছে। শীলভদ্রের মত দীপঙ্করের নামও বঙ্গভূমিকে পবিত্র করিয়াছে। উপরোক্ত তালিকায় কেবলমাত্র মহেশপুর ও

[•] বাজালার পুরাবৃত্ত, ১৭৭ পুঃ

[†] শীবতীল্রমোহন রার প্রণীত ঢাকার ইতিহাস, sbb, sba, esa, esa, esa, esa পৃঃ

[🗅] শেক্ত অন্তৰ্গত স্থৰ্মনগর, বর্তমান নাম খেটন।

[§] महीनात्मक পुत्र खाद्रशान (১०७०--১०६६ वृ: च:)

^{¶ &}quot;Indian Pundits in" the land of snow", pp. 50-51, Rockhill's "Life of Buddha" p. 227.

শৈলকুপা যশোহর জেলায়। এ হুইটি প্রাচীন ও প্রদিদ্ধ স্থান বটে, কিস্ক বৌদ্ধপ্রতিপত্তির প্রধান নিদর্শন পাওয়া যায় না। খুল্না জেলার কোন স্থান উক্ত তালিকাভুক্ত হয় নাই। আমরা এই ছুই জেলায় যাহা কিছু প্রত্যক্ষ নিদর্শন পাইয়া থাকি, তাহাই এথানে বর্ণিত হইতেছে। সমতটের রাজধানী বারবাজারে ছিল ধরিয়া তথায় ২০১ট সংঘারামের অন্তিত্ব বিষয়ে অনুমান করিয়াছি। বারবাজার ত্যাগ করিয়া দক্ষিণে অগ্রসর হইলে, বর্ত্তনান যশোহর সহরের সন্নিকটে মুড়লীতে একটি বৌদ্ধস্থান ছিল বলিয়া বোধ হয়। কানিংহাম সাহেব এখানেই সমতটের রাজধানী কল্পনা করিয়াছেন। মুড্লী অতি প্রাচীন স্থান। এমন কোন প্রাচীন ম্যাপ বা ভৌগ্লিক বুজান্ত নাই, যাহাতে মুড্লীর নাম নাই। পাঠান, মোগল ও ইংরাজ আমলে ইহার প্রাধান্তের অনেক ইতিহাস আছে। পাঠান: আমলে বারজন ফকিরের মধ্যে চুইজন এখানে স্থায়িভাবে আস্তান। করিয়া বহুলোককে মুদলমান ধর্মে দীক্ষিত করেন। তৎপূর্ব্বেও ইহা একটি বিখ্যাত স্থান ছিল বলিয়া অন্তুমান করা যায়। বিস্তৃত ভৈরবের কুলে এই স্থন্দর স্থানে হিন্দু বৌদ্ধের বাস ছিল, এজন্ত এখানে মুদলমান ফ্রকিরগণ স্থায়ী আস্তানা করা কর্ত্তবা মনে ক্রিয়া থাকিবেন। এইরূপ প্রসিদ্ধ স্থান দেখিয়া পাঠানেরা সহর বসাইতেন: এখানেও তাঁহাদের একট সহর ছিল। তাহার নাম ছিল, মুড়লীকসবা। পুরাতন কসবায় এখনও গরিব সাহ ও বেহরাম সাহের সমাধিস্থান আছে। আধুনিক সময়ে মুড়লীতে একটি অতি স্থলর ইমামবারা বা মুসলমানদিগের ভজনালয় আছে। প্রাচীনকালে এখানে এক সন্ন্যাসীর প্রতিষ্ঠিত ৺কালীবাড়ী ছিল। এক প্রকাণ্ড বটবুক্ষের কোটরে সেই প্রাচীন মন্দিরের প্রাচীরগুলি দেখা যায়। চাঁচড়া রাজের উদার বাবস্থায় এথানে পূজাদির বিশেষ আয়োজন ছিল। কালে তাহা নই হইরাছে। ৺কালীমৃত্তির হত্তপদ্বিহীন দেহপিওটি আছে; কিন্ত শায়িত শিবমূর্ত্তির প্রায় সম্পূর্ণ ই আছে। এখনও সেথানে প্রতি অমাবস্থায় পূজা হয়। আধুনিক যুগের নানা দেবমন্দির ও দেবালয়, আথড়া প্রভৃতি প্রাচীনত্তের ইঙ্গিত করিতেছে। এখানে কোন বৌদ্ধ সংখারাম ছিল বলিয়া আমাদের বিশ্বাস।

বর্তমান বশোহর নগরী হইতে আরম্ভ করিয়া কুপোতাকের পূর্বাকুল দিয়া



আগ্রার স্তৃপ।

[১৯৭ পৃঃ।

এ সতীশ5ল্র মিত্রের যশোহর-ধুলনা ইতিহাসের **জ্**ন্ত

দক্ষিণে টাদথালি পর্যান্ত গেলে, অনেক স্থানে পুরাতন বাটীর ভগ্নাবশেষের ন্তুপ -পাওয়া যায়। ঝাপার কাছে, তালার নিকটবর্ত্তী আগরঝাড়ায় ও কপিলমুনির সারিধ্যে আগ্রা নামক গ্রামে অনেকগুলি স্তৃপ আছে। আগরঝাড়ার দক্ষিণে ্রীপদ গুহা গ্রাম। ঐ স্থানে হাড়ুদহ ও প্রীপদদহ পুক্রিণী বৌদ্ধসংদের সন্দেহ জুলার। নিকটব্রী আটারই ও বাকুইহাটি গ্রামে ক্তকগুলি ইষ্টকগুহের ভগ্নাবশেষ আছে। কপিলমুনির বাজার হইতে ১ মাইল উত্তর পূর্ব্ব কোণে আগ্রা গ্রাম। এখানে প্রধানতঃ তিনটি চিপি আছে; তন্মধ্যে ২টি বড় ও একটি ছোট। যোগীরা বৌদ্ধ ছিল, তাহা আমরা প্রমাণ করিব। এখানে যোগীর বাদ পূর্ব হইতে আছে। সমস্ত আগ্রামটিই একটা ভগাবশেষ। গ্রামের ্রথানে থনন কর। বায়, দেথানেই ইষ্টক বাহির হয়। গ্রামের মধ্যে একটি রাতা গিয়াছে, উহা পূর্ব্বে সম্পূর্ণ পাকা রাস্তা ছিল, অনেক স্থানে তাহার নিদর্শন আছে। গ্রামমধ্যে সকল স্থানেই গর্ত্ত খনন করিতে হইলেই ইট বাহির হয়। হা'জোর পুকুর নামে একটি অতি প্রাচীন বাধাঘাটওয়ালা পুকুর আছে। ওয়েষ্ট-গ্রাও সাহেব এথানকার একটি স্তুপ থনন করাইয়াছিলেন; উহার গর্ত্তের মধ্যে অবতরণ করিলে প্রাচীর ও জানালার ভগ্নাবশেষ স্থন্সপ্ট দেখা গিয়াছিল। * মাগার উত্তর কাশিমনগর গ্রামে ২টি স্তুপ আছে। উহার একটি এখনও যোগিপাড়ার মধ্যস্থানে। যোগিগ্র এখানকার প্রাচীন বাসিন্দা। কপিলমুনি গ্রামেই বহুদংথাক যোগীর বাদ আছে। তাহাদের মধ্যে বাগনাথ মোহান্ত নামক এক সাধুর নাম বিশেষ প্রসিদ্ধ। তাঁহার জীবস্ত কবর হইয়াছিল। বাগনাথের সে সমাধিস্থান সকল শ্রেণীর লোক ছারা সন্মানিত হয়। স্থন্দরবন অঞ্জের একটি বিপ্লবের পর পাঠান আমলের মধ্যস্থলে যথন এ প্রদেশে পুনরার ব্দতি পত্তন হইতে থাকে, তথনই বাগনাথ ও তাঁহার গুরু শিশুনাথ অধিবাসি-গণের অগ্রদূতরূপে এইস্থানে উপনীত হন এবং তাঁহারাই প্রথম জঙ্গণারত কালী বাড়ীর আবিষ্কার করেন। এই জন্ম সাধারণ লোকে বলে কালীবাড়ী তাঁহারাই স্থাপিত করিয়াছিলেন। বাগনাথ বাক্সিদ্ধ সাধুপুরুষ ছিলেন। ইঁহার বংশীয়গণ এক্ষণে বৈষ্ণব বলিয়া পরিচয় দেয়।


^{*} Westland's Jessore p. 42.

১৩০৩ দালে কপিলমুনিনিবাদী শ্রীযুক্ত বিনোদবিহারী দাধু থাঁ মহাশরের বাড়ীতে একটা পুকরিণী থননকালে ১৭।১৮ হাত মাটার নিমে ১টি প্রস্তরমূর্ত্তি পাওয়া যার। তল্মধো ৩টি রক্তপ্রস্তরের ও একটি রক্তপ্রস্তরের ও একটি রক্তপ্রতরের ও একটি রক্তপ্রতি ভালিয়া যায়, তজ্জ্ঞ নদীগর্ভে নিশ্নিপ্ত হয়। বাহারা দেখিয়া ছিলেন, তাঁহাদের বর্ণনা হইতে অহমান করা যায়, উহার মধো একটি অবলোকিতেশ্বর মূর্ত্তি ছিল। অবশিষ্ঠ ২টি মূর্ত্তি নিকটবর্ত্তী প্রতাপকাটি গ্রামনিবাদী শ্রীরসিকলাল হালদার মহাশয়ের বাড়ীতে আছে। তুইটিই রক্তপ্রস্তর নির্মিত। বড়টির পরিমাণ ১১ শ ৬ ইছি। ইহা চারি হস্তবিশিষ্ট দণ্ডারমান মূর্ত্তি; দক্ষিণদিকে উপরের হস্তে চক্র ও নিমে গদা এবং বামদিকে উর্দ্দেশ আছে, তদন্ত্র্যারে এ মূর্ত্তির নাম মাধব। ছোট মূর্ত্তিটিও চারি হস্তবিশিষ্ট; উপরোক্ত ক্রমে হস্তগুলিতে চক্র, পন্ম, শছ্ম ও গদা আছে। পরিমাণ ৭ই শ ৪ , এ মৃত্তির নাম জনার্দন। শ হালদার মহাশয়েরা বড়টিকে ব্রহ্মা এবং ছোটটিকে বিষ্ণু ব্রির নাম জনার্দন। শ হালদার মহাশয়েরা বড়টিকে ব্রহ্মা এবং ছোটটিকে বিষ্ণু ব্রিয়া পূজা করেন।

উপরোক্ত পুক্র খননকালে প্রাচীর সমেত একটি ভগ্ন মন্দির বাহির হয়। তাহার মধ্যেই মূর্ত্তিগুলি ছিল। এই মন্দির মধ্যে মোমবাতিতে আলোক দেওয়া হইত; তাহা হইতে এক রাশি মোম সঞ্চিত হইয়াছিল। উহার একটি পিগুও ঐ সময়ে পাওয়া বায়। মোম মাটীর নিম্নে বুগ্যুগান্তর থাকিশেও নষ্ট হয় না। ইহা হইতে বুঝা বায়, যে মন্দিরটি হঠাৎ ভূপ্রোণিত হইয়া গিয়াছিল এবং মন্দিরমধ্যে হিন্দু ও বৌদ্ধ মূর্ত্তি একতা সমভাবে পূজিত হইতেন। কপিলমূনির উৎপত্তি ও প্রাচীনত্বের যথেষ্ট প্রমাণ আমরা পূর্ব্বে দিয়াছি। তাহার সহিত একলে যে সব বিবরণ দেওয়া গেল, ভাহা একতা পর্যালোচনা করিয়া আময়া স্মুছন্দে অমুমান করিতে পারি যে কপিলমূনিতে একটি বৌদ্ধ সংঘারাম ছিল।

খূল্না জেলার দৌলতপুর হইতে সাতকীরা যাওয়ার রাস্তার দক্ষিণ মুখে ১৩ মাইল গেলে বুড়ীভদ্র নদীর ক্লে ভরতভায়না গ্রাম। এইস্থানে নদীর সন্নিকটে এক প্রকাণ্ড ইষ্টকন্তৃপ আছে। উহা এখনও ৭০ ফুট উচ্চ আছে; লোকে

^{• 🕮} যুক্ত বিলে দৰিধায়ী কাব্যতীর্থ প্রণীত ''।বঞ্মুষ্টি প রচর'' ৩-৮ পৃ:।



বলে উহা পূর্বে আরও উচ্চ ছিল, কিন্তু একবার ভূমিকস্পে অনেকটা বিসিয়া গিয়াছে। ন্তৃপটি প্রায় গোলাকার; উহার পরিধি পাদদেশে ১০০ ফুটেরও অধিক হইবে। ইহার দক্ষিণ পূর্বে ও পূর্বাদিক দিয়া নদী প্রথাহিত, অন্ত তিন দিকে গড়থাই ছিল, তাহার চিহ্ন আছে। দক্ষিণদিকে নদীর নিকটে একটি পুকুরের থাত দেখিতে পাওয়া যায়। স্তুপটি সম্পূর্ণ ইইকরাশিতে পরিপূর্ণ। পাদদেশে ২০০ স্থান থনন করিয়া প্রাচীরের চিহ্ন পাওয়া গিয়াছিল। একটু দূর হইতে এই বনাচ্ছের বিশাল ন্তৃপ দেখিলে ত্রাহুসন্ধিংস্থ ব্যক্তিমাত্রকে টিন্তাকুল করিয়া তুলে।

এ স্তৃপ কাহার ? স্থানের নাম ভরতভায়না। লোকে ন্তৃপটির নাম রাথিয়ছে ভরত রাজার দেউল। এ কোন্ ভরত ? গল অনেক আছে, তাহার হাতে জড়ভরতও নিস্তার পান নাই। কেহ বলেন ভরত একজন ব্রাহ্মণ, তিনি এই মন্দির ঘারা একধার মাতৃস্তগ্রের ধার শোধ দিতে ইচ্ছুক ছিলেন, তাই মন্দিরের শীর্ষভাগ ভাঙ্গিয়া মাতৃস্তগ্রের মূল্য নির্দ্ধারণ করিল। আবার কেহ বলেন ভরত একজন ক্ষত্রিয় নূপতি। তিনি এই প্রদেশে রাজত্ব করিতেন। সন্থবতঃ ইহাই ঠিক। পালরাজত্বের প্রাক্ষালে ধখন সমগ্র বঙ্গে মাৎশ্রুভায় বা অরাজকতা উপস্থিত হইয়াছিল, বোধহয় সেই সময়ে ভরত নামক এক রাজা এই প্রদেশে রাজ্য স্থাপন করিয়া একপ্রকার স্থাধীনভাবে শাসন করিয়াছিলেন। স্বন্ধরন ১২৮ নং লাটে যে এক ভরতরাজার গড়ের কথা পূর্ব্বে উল্লেখ করিয়াছি, ও সেথানকার সে ভরত রাজা ও এখানকার রাজা অভিন্ন ব্যক্তিহিতে পারেন। পার্শ্ববর্ধী গৌরীঘোনা গ্রামে ভরত রাজার বাড়ীর ভয়াবশেষ আছে। ক স্থানে ২ থানি স্বন্ধর প্রস্তর স্কুর্ব অতীতের কিছু সাক্ষ্য দিতেছে। একথানি পাথর হল-হাম্প ২০% এবং উচ্চতা ১ ফুট, উহা কোন প্রস্তর

^{*} ७३ शृष्टे: अहेवा ।

[†] বৃড়ীতত নদীর একট হক্ষর বাঁকের মুখে পৌরীবোনা প্রায়ে রূপটার কুভুর বাড়ীর পশ্চিম গারে ভরত রাজার বাড়ী হিল। বিভূত হানে সর্বাত ইইকণ্ড বিক্তিও বহিনাছে। এখান হইতে ইট কুইলা নিক্টবর্তী ব্যলমানেরা বাড়ীতে প্রাচীরাদি বিশ্বাণ ভরিরাছে। কিছুকাল পূর্বে গৌরীবোনা প্রায়ের নীলভূতিও মীর্লানগরের জাবৈক মুস্কর্মন ব্যবসাধী কর্তুক এই হান হইতে ইট লইবা বিশ্বিত হর।

স্তম্ভের পাদপীঠ হইতে পারে। পাথরখানি গরার পাথরের মত ক্ষেত্রর্ণ।

মন্তু পাথরখানি একটি প্রস্তরনির্দ্মিত কুমীরের নিয়ার্দ্মের একাংশ বা সম্মুখ

ভাগ। ইহা ৫ — ৬ × > — ৫ ইঞ্চি এবং উচ্চতা ১ দুট হইবে। কুমীরটি

যখন সম্পূর্ণ ছিল তথন তাহার পরিমাণ আলুমানিক ১৫ × ১ — ৫ এবং উচ্চতা
প্রায় ২ দুট ছিল। ইহা কোন দি ডির পার্দ্মের তারণ প্রাচীরের উপরিভাগে

বসান থাকিতে পারে। দে বাড়ী কি প্রকাণ্ড রাজার বাড়ী ছিল, তাহা ইহা

হইতে সহজে অনুমান করা যায়। এই রাজবাটীর সম্মুখে অর্থাৎ দক্ষিণে

নদী ও অন্ত তিন দিকে গড়খাই ছিল, তাহার খাতের চিহ্ন আছে। ভরতের

দেউলের অর্দ্ধ মাইল মাত্র দক্ষিণে কাশ্মিপুর গ্রামে ডালিঝাড়া বলিয়া একটা

স্থান আছে। ইহাও একটি ভয় স্তৃপ। এখানে ভরতরাজার কোন প্রধান

চুকনগরের দক্ষিণ পূর্ব্বে ভদ্রনদীর ধারে বরাতিয়া কাঁটালতলার হাটের সির্নিকটে মঠবাড়ী প্রামে একটি মঠ এক্ষণে বিদিয়া গিয়াছে, ঐ মঠ বৌদ্ধ আমলের কারুকার্যামণ্ডিত ইষ্টকে প্রথিত ছিল। মঠবাড়ী নামেও বৌদ্ধ মঠের কথা স্মরণ করাইয়া দিতেছে। ভরতভায়নার একাংশকে আগরহাটি বলে। এথানে বহু সংথাক কপালী জাতীয় লোকের বাস। ইহারা এদেশে এক নৃত্ন জ্ঞাতি। ইহারা পূর্ব্বিগালে কাশ্মীর হইতে এদেশে আসিয়াছিল বলিয়া জ্ঞানা যায়। বল্লালসেন স্বর্ণবিণিকের মত ইহাদের উপরও কুদ্ধ হইয়া ইহাদের জল অনাচরণীয় করিয়া দেন। ইহারা নিশ্চয়ই পূর্ব্বে বৌদ্ধ ছিলেন। এথন তাহার নিদর্শন আছে। ইহারা ক্ষবিব্রদায়ী ও ধর্মমতে বৈঞ্ব। শাক্ত যে কতকাংশ না আছে, তাহা নহে; তবে সংখ্যায় কম। ইহারা কাহারও দাসত্ব করে না। ইহাদের গুরু পুরোহিত সকলই স্বতম্ব। নিক্টবর্ত্তী ১৪৷১৫টি প্রামে কপালীর বাস।

এই সকল বিষয় বিবেচনা করিলে মনে হয়, ভরতভায়নায় একটি বৌদ্ধা সংঘারাম ছিল। নিকটবর্ত্তী বহুসংথাক প্রামে এই সংঘারামের সংশ্লিষ্টভাবে বহু বৌদ্ধের বাদ ছিল। ভাহারা সকলেই এখন হিন্দু বলিয়া পরিচয় দেয়। ভরতরাজা ছিলেন এই সংঘারামের একজন প্রধান পৃষ্ঠপোষক। তাহার রাজকীয় ব্যয়ে বহু বৌদ্ধ শ্রমণ সংসারভাগী হইয়া এই সংঘারামে আদর্শ জীবন

অতিবাহিত করিতেন। কেহ কেহ বলেন এই ভরতভায়নার কুপটি একটি বৌদ্ধ স্তৃপ। কিন্তু তাহা আমাদের মনে হয় না। সম্ভবতঃ বড় বড় প্রকাণ্ড চারিটি মঠ একস্থানে ছিল, উহার মধ্যে বিস্তৃত প্রাঙ্গণ ছিল; মঠগুলি ভাঙ্গিয়া পড়ায় তাহার ভগ্নাংশগুলি প্রাঙ্গণে স্তৃপীকৃত হইয়া সব সমেত একটি স্তৃপের মত দেখা যাইতেছে। ঢিবির উপরে উঠিয়া দেখিলে মধ্যস্থানে কিছু নিম ও কাঁপা বোধ হয় এবং পার্শের দিকে ইইকের প্রাচীর বাহির হয়। * গবর্ণমেণ্টের স্থাপত্য বিভাগ ও জেলার ম্যাজিট্রেট মহোদরের তন্ত্বাবধানে এই স্তৃপ ধনিত হইলে, এই প্রাচীন বৌদ্ধ সংঘারামের ভন্নাবশেষ হইতে যথেষ্ঠ প্রাতত্ত্বর প্রামাণ্য উপাদান পাওয়া যাইতে পারে।

মহামহোপাধ্যার হরপ্রসাদ শাস্ত্রী মহোদয় সাহিত্য-সন্মিলনের অভিভারণে বলিয়াছিলেন, "প্রায় হাজার বৎসর পূর্বেও ২৪পরগণার নানায়ানে বৌদ্ধ-বিহার ছিল। বৌদ্ধপণ্ডিভেরা পূঁথি পাঁজি লিখিতেন, ধর্মপ্রচার করিতেন। এনন কি এখন যে হাতিয়াগড় ও বালাগু। পরগণা নগণ্য পরগণার মধ্যে গণ্য, সেধানেও বৌদ্ধবিহার ছিল। পণ্ডিতেরা প্রজ্ঞাপারমিতার চর্চ্চা করিতেন, তাহার নিদর্শন পাওয়া যায়।" হাতিয়াগড় ও বালাগু। উভয়ই প্রাচীন যশোর-রাজ্যের অন্তর্গত এবং উহার পশ্চিম অংশে অবস্থিত। ঐ রাজ্যের পূর্বেদিকেও বৌদ্ধবিহার বিস্তৃত হইয়াছিল। যমুনা-তীরে বর্ত্তমান গোবরভাঙ্গার সন্নিকটবর্ত্তী কোন স্থানে, কপোতাক্ষকুলে বোধখানা নামক স্থানে, ভদ্রকুলে বিজ্ঞানন্দকাটি প্রামে, পূর্ব্ব বৌদ্ধনিবাদ ছিল বলিয়া সন্দেহ হয়। উত্তর দিকে নবগঙ্গার কূলে জগদল, সত্রাজিৎপুর প্রভৃতি কোন স্থানে, এরূপ কোন বিহার বা মঠ থাকিবার সন্তব। দক্ষিণে কপোতাক্ষকুলে বেখানে আমাদির নিকট মদ্জিদকুড়ে একটি খাজাহান আলির আমলের মদ্জিদ আছে এবং পূর্ব্ব ভৈরবকুলে বেখানে বাগেরহাট অবস্থিত, সেখানে পূর্ব্বে বৌদ্ধবিহার ছিল বিদ্যা অস্থমান করি।

অনুমান সম্পূর্ণ ভিত্তিহীন নহে। বিভানন্দকাটিতে পুরাতন হর্গপ্রাকারের

^{*} এমন সুলার লাজবর্ণ এবং প্রকাও আকারবিশিষ্ট ইট কুত্রাণি দেখি নাই। ইটভালি
১—২ × > ইঞ্জি পরিমিত। তুপের বেধানে গেবাবে খনন করার বথেষ্ট ইট বাহির
ইইরাছিল। তুপের উত্তর পার্থেই খ্রীনালাম্বর গড়গড়ির বাড়ী। তিনি এই তুপ ও উহার
বেইনপ্রাচীবের ভপ্নাবশেষ হইতে ইট লইরা নিজের বাড়ীতে একথানি প্রকাও ঘরের পোঁছা,
দেওরাল ও বারাভার পিল্পা নির্মাণ করিয়া লইয়াছেন।

মধ্যে কয়েকস্থানে স্তৃপ বা চৈত্যের নিদর্শন পাওয়া যায়। স্থানীয় উত্তর দক্ষিণে দীর্ঘ প্রকাশু দীঘির ইতিহাসের সহিত অনেক প্রাচীন কাহিনী বিজ্ঞান্তি আছে। বোধখানায় অপেকাক্কত আধুনিক্যুগের ভগ্গবাটী প্রভৃতি থাকিলেও উহা যে একটি পুরাতন স্থান তাহাতে সন্দেহ নাই এবং উহার নামেও কিছু বৌদ্ধ সম্বন্ধের ইন্ধিত করে। গোবরভান্ধার সন্নিকটে যমুনাগর্ভে স্থলর ধাানী বৃদ্ধমূর্ত্তি পাওয়া গিয়াছে এবং উহা এখনও বনগ্রামের সন্নিকটে এক গ্রামে রক্ষিত আছে। মস্জিদকুড় বা বাগেরহাট পাঠান পীরের লীলাক্ষেত্র। এখানকার হিন্দু বৌদ্ধনিদ্ধনি মুসলমান কীত্তির কুক্ষিতলে বিলুপ্ত হইয়াছে। তবুও কিছু আছে।

মস্জিদকুড়ে একটি নবগুম্বজ মস্জিদ আছে, উহাতে চারিটী প্রস্তরস্তম্ভ বিশ্বমান। বাগেরহাটে একটি ১৭ গুম্বজপ্তরালা বিরাট্ ভজনালয় আছে, উহাতে ৬০টি স্তম্ভ। এ সকল দীর্ঘকাল স্থামী হন্মারাজি এখনও আছে। দেশের লবণাক্ত বায়ু এবং স্বার্থসেবী মান্ত্রের খনিত্রের আঘাত সহু করিয়া, তাহারা এখনও অক্ষুধ্র অবস্থায় দণ্ডায়মান রহিয়াছে। এই উভয় অট্টালিকার প্রস্তর কোথা হইতে আসিল ? সমতটে প্রস্তর নাই; কিন্তু গুধু এই ছই অট্টালিকায় নহে, আরও কতস্থানে প্রস্তরস্তম্ভ পড়িয়া রহিয়াছে। কোণায়ও রুষ্ণপ্রস্তর এবং কোথায়ও রাজ্মহল অঞ্চলের প্রস্তর দেখা যাইতেছে। অনেকে বলেন, এ সকল প্রস্তর খাজাহান আলি চট্টগ্রামে ইতি জাহাজে আনিতেন। কিন্তু পাথয়গুলি দেখিলে তাহার সবগুলি চট্টগ্রামের প্রস্তর বলিয়া বোধ হয় না। বিশেষতঃ কৃষ্ণ বা রক্ত প্রস্তরগুলি যে চট্টগ্রামের নহে, তাহা নিশ্চিত। ইহাই প্রথম সন্দেহ।

দিতীয়তঃ, কেহ মদ্জিদদি নির্মাণের জন্ত যথং গুন্ত প্রস্তুত করিবার ব্যবস্থা করিলে, উহার সকলগুলি সমান, উপযুক্তভাবে পুই এবং পরিমাণাম্থায়ী করিয়া লইয়া থাকেন। প্রাচীন গ্রীকদিগের মত এদেশে মুদলমানেরা নক্সা স্থির করিয়া দিরীকে দিতেন। যাহারা পাথর কাটিত, তাহারা সেই নক্সা মত পাথর কাটিয়া দিত। স্বতরাং কোন একটি গৃহের জন্ত নির্মিত স্তন্তের গঠনাদি একরূপ হইবারই কথা। কিন্তু খাঁজাহান আলির সাতগুম্বজে বা মস্জিদকুড়ের নবগুম্বজে স্তন্তপ্রতি দেখিলে সেরূপ বোধ হয় না। উহার অনেকগুলি নৈর্য্যে কম বেশী আছে, অনেকগুলি বিপ্রান্ত করিয়া লাগান ইইয়াছে। সাতগুম্বজের পাথরগুলি সব ভারবহনক্ষম হইবে না ভাবিয়া হয় ত সবগুলিই ইইকছারা ঢাকিয়া

দেওয়া ইইয়াছিল, এখনও ৪।৫টি ইউকমণ্ডিত রহিয়াছে। মদ্জিদকুড়ে দক্ষিণ পূর্ব কোণের স্তস্তটি প্রথম, উত্তর পূর্বকোণের স্তম্ভ দিতীয়, উত্তর পঞ্চিমকোণে ৩য় ও দক্ষিণ পশ্চিমকোণে ৪য় ধরিয়া লইলাম। প্রত্যেক স্তম্ভ হুইখানি খণ্ড প্রস্তরে নির্মিত। কিন্তু উহার প্রত্যেক খানির মাপ ভিন্ন ভিন্ন। প্রথম স্তম্ভে ও ফুট ও ৪-৭ ইঞ্চি প্রস্তরে মোট ৭-৭ ইঞ্চি দ্বির্য; তৃতীয় স্তম্ভ ৩-১ ও ৪-১ ইঞ্চি দ্বির্য হুইখানি পাথর মোট ৮-৭ ইঞ্চি দ্বির্য; তৃতীয় স্তম্ভ ৩-১ ও ৪-১ ইঞ্চি দ্বির্য হুইখানি পাথর মোট ৮-৭ ইঞ্চি দ্বির্য। নিমে পাদপীঠে প্রস্তর বা ইয়্টক কম বেনী দিয়া মোট দৈর্ঘ্য ঠিক রাখা হইয়াছে। ১ম স্তম্ভের উপরের অস্তকোণ ০ ফুট পাথরখানি যেভাবে লাগান হইয়াছে। ১ম স্তম্ভের পাদপীঠে একথানি পাথর উল্টা করিয়া লাগান হইয়াছে। ১ম স্তম্ভের পাদপীঠে একথানি কালো পাথর আছে, কিন্তু অপর তিনটি স্তম্ভে ঐস্থানে লাল পাথর আছে। এই সকল দেখিয়া সন্দেহ হয়, যে এ পাথরগুলি পূর্বের্য অস্ত্রা করিয়াছিল। বৈদেশিক দর্শকও এইয়প মস্তব্য প্রকাশ করিয়াছেন। *

তৃতীয়তঃ, মুদলমানের স্বস্তাদিতে কোন জীবজন্তর মূর্ত্তি কোদিত থাকিতে পারে না। কিন্তু থাঁজাহান আলির ছই একটি স্তম্ভে দেবমূর্ত্তি ক্লোদিত আছে। বাগেরহাটে সাতগুরজ হইতে অর্দ্ধ মাইল উত্তর দিকে মগরার থালের উপর একটি স্থানকে জাহাজঘাটা বলে। প্রবাদ এই—এ স্থানে থাঁজাহান আলির জাহাজ দকল আদিয়া লাগিত। এ স্থানে ঘটের উপর একথানি প্রস্তমন্ত প্রায় সম্পূর্ণরূপে ভূপ্রোথিত রহিয়াছে, মাত্র ৪২ ফুট উপরে আছে। এ অংশে একটি দেবীমূর্ত্তি উৎকীণ রহিয়াছে। ইহা অষ্টভূজা মহিষমর্দিনী মূর্ত্তি। দেবী বামদিগের এক হস্তে মহিষাপ্ররের মন্তকের কেশ ধরিয়া, দক্ষিণদিগের এক হস্তে উহার বক্ষে ত্রিশূলের আঘাত করিতেছেন এবং দক্ষিণ দিকের এক হস্তে তরবারি রহিয়াছে, ইহা স্কুম্পেই বুঝা যায়। এই মূর্ত্তি দিন্দুর-চর্চ্চিত হইয়া হিন্দুর নিকট পুজিত হইতেছে। সাতগুম্বজের স্তম্ভ ও নিকটবর্ত্তী স্থানে পতিত অস্তান্ত স্তম্ভের মত এই স্তম্ভ একই প্রস্তরে নির্দ্ধিত বলিয়া বোধ হয় এবং

Sir James Westland writes of Masjidkur pillars:— These stones were not brought there and were not fashioned for the purpose they at present fulfil. They belonged to some other structure and they were taken from it or from its ruins to form pillars in this mosque. Report on Jessore pp. 16-7

বারবাজারে যেমন একথানি প্রন্তর প্রোথিত আছে, এথানিও সেই একই আদর্শে গঠিত। লোকের প্রবাদ খাজাহান আলির সময়ে এই প্রস্তরথানি নিকটবর্তী রাজাপুর গ্রামে সোণাই পণ্ডিতের পুকুর হইতে উঠিয়াছিল। এই গ্রাম এবং লোকের নাম উভয়ই সন্দেহজনক। পালরাজন্তের সময়ে যেথানে সেখানে যেমন রাজা হইয়াছিল, এখানে তেমন রাজা থাকা বিচিত্র নহে; আর পণ্ডিত উপাধি যে বৌদ্ধজ্ঞাপক সে বিষয়ে কোন সন্দেহ নাই। মস্জিদকুড়ের সয়িকটেও আমাদিতে রাজা ইন্দ্রনারায়ণের বাড়ী ছিল। তিনিই সম্ভবতঃ এখানকার বিথাত কালিকা দীঘি থনন করেন। এই জলাশয় পাহাড় সমেত ১০০ বিঘা হইবে। দীর্দিকার এক কোণে বর্ত্তমান সময়ে শ্রীকৈলাসচন্দ্র ঘোষ ও যহনাথ ঘোষ মহাশয়দিগের বসতি বাটাতে উক্ত রাজবাটার ভগ্গাবশেষ লুক্তায়িত আছে। পার্ম্বে একটি জলটুঙ্গি পুকুর অর্থাৎ পুকুরের মধাস্থানে মাটার চিপি আছে; ঐস্থানে গ্রীয়কালে রাজপরিবার বায়ু সেবন করিতেন। হাতিবাঁধা নামে আর একটি দীর্ঘ পুকুরের থাতচিছ আছে। উহার পার্ম্বে একথান স্থন্দর প্রস্তরে

এই সকল নানা নিদর্শন হইতে মনে হয়, এই ছই স্থানে প্রাচীন কালে কোন কোন বৌদ্ধবিহার বা হিল্মালির ছিল। বৌদ্ধার্থের বে সকল প্রস্তরের ভারতের নানাস্থানে বিশাল চৈতা, তন্ত বা ন্তৃপ নির্মিত হইয়াছিল, যে ভায়র্থার ফলে প্রস্তরগাত্রে মায়্র্যের চিত্তপ্রকৃতি সহচ্ছে ফুটিয়া উঠিত, তাহারই আয়াসহীন অন্তরেশালে উক্ত ছই স্থানের তন্ত ও পাদপীঠ নির্মিত হইয়াছিল। বৌদ্ধবিহার বা হিল্মালিরের প্রস্তর আনিয়া মূললমান-শিল্লী তাহার সাহাযো এবং নিজেদের উদ্ভাবিত নৃত্ন প্রণালীর ইইকছারা গুম্বজ্ঞ ও মিনার গড়িয়া, বঙ্গদেশে মহত্মনীয় স্থাপতোর নিদর্শন রাথিয়া গিয়াছেন। পাঠান শাসনকালে কোন স্থান বিশেষে অত্যাচার হউক বা না হউক, অত্যাচারের ভয়ে, অধিবাসীয়া দেবমূর্ত্তি সকল পুক্রিণীর জলে, নদীগর্ভে বা জঙ্গলে নিজেপ করিত। এই ভাবে কত মুর্ত্তি যে লোকচকুর অন্তর্যালে পড়িয়াছিল, তাহার ইয়ভা নাই। পাঠান বা মোগলের হাতে যাহা নিস্তার পাইয়াছিল, পাশ্চাতা নীলকরের হত্তে তাহা ধ্বংসপ্রাপ্ত হইয়াছে। এক সময় যশোহর ও খুল্নার নানা স্থানে যে শত শত নীল-কুঠি প্রস্ত হইয়াছিল, তাহার অনেক উপকরণ নিকটবর্ত্তী ভয়া মন্দির বা মস্ভিদ

হইতে গৃহীত হইরাছিল। বে স্থানে নদীর কুলে নিকটে ভগ্ন অট্টালিকা ও বিস্তৃত সমূচ্চ প্রাস্তর ছিল, নীলকরগণ সেইস্থানে প্রবল প্রতাপে কুঠি নির্দ্ধাণ করিয়া বাবসায়ে আত্মসমর্থণ করিতেন। ইউয়ান চোয়াং এর বর্ণিত ৩০টি সংঘারামের মধ্যে যশোহর-খুল্নায় যে গুলি ছিল, তাহার ভাগা সম্বন্ধে চিস্তা করিবার কি কিছুই নাই?

বাগের হাটে যে বৌদ্ধ সংঘারাম ছিল, আমরা তাহার আরও প্রমাণ দিব। বাগেরহাট হইতে বর্ত্তমান খূল্না পর্যান্ত ২০।২১ মাইল স্থানে বছপ্রামে যোগী জাতির বাস রহিয়ছে। বাগের হাটের সল্লিকটে যোগীদহ পুক্র এবং কিছুদ্রে যোগীখালি ঐ একই প্রসঙ্গের অবতারণা করে। যোগীদিগের চরিত্র, রীতিনীতি, ও ধর্ম্মত হইতে আমরা প্রমাণ করিব যে তাহারা সকলেই বৌদ্ধ। গন্ধবিপিক, ভড়ং, এমন কি নিম্প্রেণীর কায়ন্থ প্রভৃতি এই প্রদেশের আদিম অধিবাসিগণও বৌদ্ধমতাবলম্বী ছিল। আমরা দেখাইব দেশীর অনেক প্রবাদবাকা ইহাদের অনেক প্রাচীন কাহিনী অভিবাক্ত করে। নিশ্চয়্রই ইহাদের কোন প্রধান ধর্মন্থান বা সংঘারাম ছিল, এবং তাহা বাগেরহাটে বা তাহার সল্লিকটে নদীর এপারে বা ও পারে কোথায়ও ছিল বলিয়া মনে হয়।

এ সম্বন্ধে আরও একটি প্রত্যক্ষ প্রমাণ আছে। খাঁজাহান ১৪৫০ খুটাব্দে বা তাহার প্রাক্তালে যথন বাগেরহাটে তাঁহার সমাধিমন্দিরের নিকটে একটি বহু বিস্তৃত পৃষ্করিণী খনন করাইতেছিলেন, তথন করেক হাত মাটার নিম্নে একথানি প্রকাণ্ড ক্ষণ্ণপ্রত্যের বৌদ্ধ প্রতিমা পান। প্রতিমাখানি উথিত হইলে উহা খাঁজাহান মহেশচক্র ব্রহ্মচারী নামক একজন ব্রাহ্মণকে দান করেন। ব্রাহ্মণ উহা লইয়া গিয়া বাগেরহাটের ৪ মাইল দ্বে শিবপুর নামক খানে প্রতিষ্ঠিত করেন। তদবধি উহা দেই স্থানেই আছে; কিন্তু বৃদ্ধরূপে পৃজিত না হইয়া শিবরূপে পৃজিত হইতেছে। সেই জন্মই গ্রামের নাম হইয়াছে শিবপুর। যে বাটাতে মূর্ত্তি আছেন, তাহার নাম শিববাড়ী। এই স্থানে শিবচতুর্দ্দলীতে মেলা হয়; অহিংসা যাঁহার ধর্ম্মতের প্রাণম্বরূপ, তাহাকে স্বত্তন্দে কালভৈরব কল্পনা করিয়া তাঁহার উদ্দেশ্মে ছাগ বলি দেওয়া হয়। বৌদ্ধ মতের এতদপেকা আর কত পরাজয় হইতে পারে ? কিন্তু তবুও একটি সানন্দের কথা আছে। প্রস্তরের গুণে ও মাধ্র্য্যে হিন্দুর হাতে তাহা বিনষ্ক

না হইয়া সমত্নে রক্ষিত হইয়াছে এবং তাঁহার পূজার উপস্বত্ব হইতে প্রকারা-স্তব্যে কতকগুলি ব্রাহ্মণ-পরিবারের উদরায়ের সংস্থান হইতেছে।

এই মূর্ত্তি-প্রাপ্তি সম্বন্ধে কতকগুলি কিম্বদন্তী একত্র বিজড়িত হইরা রহিরাছে। থাঁজাহান আলি প্রথমতঃ বাটগুম্বজের সন্নিকটে নিজের বাটাতে বাস করিতেন। মুসলমানদিগের মধ্যে ক্বতী লোক মাত্রেরই নিরম আছে, তিনি মৃত্যুর পূর্ব্বে স্বকীর সমাধিস্থান নির্মাণ করিয়া যান। থাঁজাহান মৃত্যুর প্রাক্তালে অভিশন্ধ বৃদ্ধ হইয়াছিলেন। তিনি কোন্ স্থানে জরাজীণ দেহ রক্ষা করিবেন, জানিতে চাহিলে ভগবান্ ওাঁহাকে বে স্থান নির্দেশ করিয়াছেন, তিনি তথার মদ্দ্দিদ ও সমাধি নির্মাণ করাইয়া জলাশর থনন করিছেন, তিনি তথার মদ্দিদ ও সমাধি নির্মাণ করাইয়া জলাশর থনন করিলেও আরম্ভ করেন। তৎসম্বন্ধে প্রথম কিম্বদন্তী এই যে, অনেক দূর থনন করিলেও জল পাওয়া গেল না। শেবে আরম্ভ থনন করিলে একটি মন্দির বাহির হইল। সেই মন্দির মধ্যে প্রবেশ করিয়া থাঁজাহান আলি এক হিন্দু যোগীর সাক্ষাৎ পাইলেন। তিনি যোগীর নিকট জল চাহিলে উৎসমৃক্ত জল ক্রুতবেগে বাহির হইতে থাঁজাহান ও তাঁহার অনুচরবর্গ বছকপ্তে কৃলে উঠিয়া আয়ুরকা করিলেন। লাগিল। লোকের বিশ্বাস, এই মন্দির এখনও জলতলে বিশ্বমান। *

দ্বিতীয় কিম্বনন্তীবাগের হাটের ডেপুটা মাজিট্রেট স্থপ্রসিদ্ধ বাবু গৌরদাস বশাক কর্তৃক সংগৃহীত! তিনি শুনিয়া ছিলেন যে মন্দিরের মধ্যে হিন্দু যোগী না থাকিয়া একজন মুদলমান ফ্রকির ছিলেন। ফ্রকির ভৈরবের কূলে আশ্রম স্থাপিত করিয়া ধানস্থ হন। যথন তাঁহার ধান ভঙ্গ হয়, তথন মন্দির মৃত্তিকা-তলে প্রোথিত হইয়া গিয়াছিল। +

তৃতীয় কিম্বদন্তী সাধারণ লোকের। তাঁহারা বলেন পুক্রিণী খনন কালে অনেক দ্বে গেলেও জল উঠিল না। তখন এই প্রস্তর্থানি পাওয়া গেল। প্রস্তর্থানি এত ভারী বোধ হইল যে খাঁজাহানের খনকেরা তাহা স্থানাস্তরিত করিতে পারিল না। পরে স্বপ্লাদিষ্ট হইয়া এক আহ্মণ বালক আসিয়া উপস্থিত হইলেন এবং তিনি স্বচ্ছলেন পাথরথানি নিজে মস্তকে করিয়া লইয়া গেলেন।

[•] Westlands' Report on Jessore, p. 15; আগ্যাবর্ত্ত, জ্যেষ্ঠ ১৩২০। ১৯৫ পুঃ।

 $_{1}$ J. A. S. B (1867-8) Vol. XXXVI p. 118. The Antiquities of Bagirhat by G. D. Basak,

বাগেরহাট হইতে চারি মাইল আসিয়া প্রস্তর্থানি মস্তক হইতে অবতরণ করিয়া একটু বিশ্রাম করিতে গেলেন। কিন্তু তথা হইতে আর উহা উঠাইতে পারিলেন না।

 তথন সেস্থানে কোন লোকের বসতি হইরাছিল না। ব্রাহ্মণই সেখানে আদিম বাসিন্দা হইলেন। খাজাহান স্বপ্লাদিষ্ট ব্রাহ্মণের এই অন্তৃত ক্ষমতা দেখিরা ভাঁহার দেবস্থির সেবার ব্যবস্থার জন্ম ৩১০ বিঘা ভূমি ব্রাহ্মণকে দান করেন।

উক্ত ব্রাহ্মণের বংশধরগণ এখনও সেই ব্রহ্মান্তর ভোগ করিতেছেন।

এক্ষণে এই তিনটি কিম্বদস্তীর কি কোন সমন্বয় করা যায় না ? আমাদের মনে হয়, এই স্থানে পূর্ব্বে একটি বৌদ্ধমন্দিরে এই মূর্ত্তি ছিল। স্থন্দরবনের এক বিপ্লবে প্রতিমা সমেত মন্দিরটি ভূপ্রোথিত হইয়া যায়। জলপ্লাবিত স্থানে ক্রমে পলি জমিয়া মন্দির অনেক মৃত্তিকার নিম্নে পড়ে। মাটীর নিম্নে কোন মন্দির অভগ্ন এবং দখায়মান অবস্থায় থাকিতে পারে না। এ মন্দির ও তাহা ছিল না। উদ্ধতিন মৃত্তিকার চাপে সব মন্দিরই ভগ্ন হইয়া যায়, এ মন্দিরও সেইরূপ ভগ্ন হইরাছিল। ভূগর্ভস্থ সেই ভগ্ন মন্দিরের মধ্যে যে হিন্দুযোগী ধ্যানস্ত हिलन, তाहा आमार्तित आलाहा এই প্রস্তরখণ্ডে উৎকীর্ণ ধ্যানী বৃদ্ধ মূর্ত্তি ব্যতীত আর কিছুই নহে। ভাম্বর্যপ্রভাবে মূর্ত্তি জীবন্তবৎ প্রতিভাত হইলেও যোগী অস্থিমাংসে জীবিত ছিলেন না। গৌরদাস বাবুর মুসলমান ফ্কিরের কথা মুসলমানগণের আত্মগৌরব প্রতিষ্ঠার অতিরঞ্জিত সংস্করণ ভিন্ন কিছুই নহে। কিন্তু তাহার প্রবাদ হইতে একটি কথা স্বচ্ছন্দে বুঝা যায়, যে বিপ্লবাদি কোন কারণে মন্দির সমেত মৃত্তিটি ভূপ্রোথিত হইয়া গিয়াছিল। মন্দির অভগ্ন ভাবে मखाग्रमान हिल, এবং थाँकाशन मन्दिरत मस्या প্রবেশ করিলেন, ইহা মিথ্যা কথা। তাহা হইলে খনকের আঘাতে প্রতিমার প্রধান বুদ্ধমূর্ত্তির বাম হত্তথানি ভগ্ন হইত না। উহা দেইরূপ ভগ্ন অবস্থায় এখনও আছে। খাঁজাহান আলি যে প্রস্তর্থানি ব্রাহ্মণকে সমর্পণ করিয়া উহার সেবার জন্ত কিছু বৃত্তির ব্যবস্থা করিয়াছিলেন তাহা সত্য হইতে পারে।। তাহার সেই দানের প্রমাণ-

এত ভারী বে আমাদেব ফটো তুলিবার সময় ৮ জন স্বলকার আদ্ধণ ছারা প্রভার প্রতিমা গৃহ হংতে বাহিরে আনিতে হইয়াছিল।

[া] মহেশচন্দ্র ব্রহ্মচারীর আছিম বাস ছিল চরকাটি। তিনি মুর্ভিপ্রভিতা করিয়া বর্তমান শিবপুরে বাস করেন। ভাহা হইতে বর্তমান অকুঞ্জবিহাতী এবং বিহারিলাল ব্রহ্মচারী পর্যন্ত ১৬ পুরুব হইরাছে। ইহারা বলেন মুর্ভির জঞ্জ বেবোরর বাঁঞারান আজি দেন নাই। প্রস্তী


কল্পে কোন দলিল বর্তমান পূজারিদিগের নিকট নাই। যদি পূর্ব্বে কোন দলিল থাকিয়া থাকে, তাহা গৃহদাহে নষ্ট হইয়া গিয়াছে। তৎকাল প্রচলিত সনন্দ, তামনির্দ্মিত "পাঞ্জা" এই পরগণা জরিপকালে ত্রন্ধোত্তরের প্রমাণ জন্ম আদালতে দাখিল করা হইয়াছিল আর আনম্মন করা হয় নাই। এই প্রতিমা বা ঠাকুর উঠিয়াছিল বলিয়া খাঁজাহানের খনিত সেই জলাশয়ের নাম হইয়াছিল ঠাকুর দীঘি।

আমরাই প্রথম এই মৃত্তির প্রতিক্কতি ও বিবরণ প্রকাশ করি + বাবু গৌরদাস বশাক লিখিত বাগের হাটের বিবরণে বা ওয়েষ্টলাাণ্ড ক্কত যশোহরের ইতিহাসে এ মৃত্তির উল্লেখ নাই। সাপ্তার সাহেব তাহার যাট গুম্বজ্জ সম্বন্ধীয় পুস্তিকায় লিখিয়াছেন, "শুনিয়াছি শিববাড়ীতে এই মৃত্তি আছে।" "খূল্না গেজেটিয়ার" প্রণেতা বিখাত ওমালী সাহেব মহোদর তাঁহার পুস্তকে লিখিয়াছেন "যে শিবমৃত্তিটি শিববাড়ী প্রামে আছে।" যাঁহারা বাগের হাটের কীর্ত্তিকলাপের প্রামাণিক বিবরণী প্রকাশ করিতে অগ্রসর হন, তাঁহারা কিরূপে অদ্ববর্ত্তী শিববাড়ী গ্রামের মৃত্তিটি গরিদর্শন না করিয়া থাকিতে পারেন, তাহা বিশ্বয়কর বটে। এই জন্তই হুংথের সহিত বলিতে হয়, মাজকাল ঐতিহাসিকেরা চক্ষ্ অপেক্ষা কর্ণের উপর অধিক আস্থা হাপন করেন।

শিববাড়ীর এই বৃদ্ধ প্রতিমার যথেষ্ঠ বিশেষত্ব আছে। ইহা খুল্নার

সময়ে গৌড়ের বাদশাহের জনৈক কক্ষ চাতী এথানে আসিয়া প্রতাক্ষ শিবের চড়কপুলার অত্যুক্ত ব্যাপারাদি দর্শন করিয়া বাদশাহের পাঞায় ৩১০ বিঘা ভূমি নিজর দেন। এ কথা দমস্ভব নহে, কারণ বাদশাহে বিজ্ঞান করে, কারণ বাদশাহে ভিলেন; তিনি হিন্দুদিগের প্রত অত্যন্ত পক্ষপাতী ছিলেন। বাগেরহাটের সহিত তাঁহার ঘনিষ্ঠ সম্বন্ধ ছিল। তাঁহার পুত্র নদরহ কিছুদিন বরং বাগেরহাটে ছিলেন। সে দকল বিবরণ আমরা পরে প্রদান করিব। সদাশর হোসেন সাহ বা তাহার পুত্র এই নিজর ভূমি দান করিতে পারেন।

া গত ১৩২ - সালের লৈটি মাসেও আর্যাবর্তে আমার "শিব বাড়ীর বৃদ্ধমূর্ত্তি" শীর্থক প্রবন্ধ ও বৃত্তির চিত্র প্রকাশিত গর। উক্ত পরের করপ্রপ্রতিষ্ঠ সম্পাদক প্রাদ্ধের বৃদ্ধ শ্রীবৃদ্ধ হেমেল প্রসাদ ঘোষ মহাশর জামার অনুরোধ ক্রমে শিববাড়ীর মুর্ব্তি অরং দেখিরা আমার প্রবন্ধের সঙ্গে তিহার নিজ বিবরণী প্রকাশ করেন। আমি যে ফটে। লইয়া রক প্রস্তুত করিংছিলাম, সেই ফটে। হইতে ১৩১৯ সালের পৌব মানে বাগেরহাটের "পারীচিত্রে" হঠাৎ বিনা বিবরিণীতে একটিছবি মাত্র প্রকাশিত গর। পরবর্তী মানে "গৃহত্ব" পরে উহার একটা অসুকৃতি প্রকাশিত হর। মদীর প্রবন্ধ গবর্ণমেন্টের প্রভৃত্ত বিভাগের দৃষ্টি আকর্ষণ করিংছিল। পরম প্রদ্ধের শিব্দির স্বত্তি বালাগাব্যায় মহাশর বৃদ্ধমূর্ত্তি দেখিতে হাইবার কল আর্রোজম করিয়াছিলেন, ঘটনাচক্রে এণন পর্যান্ত ভাইরার যাওরা হয় নাই। তিনি গেলে, পারাণে কিছু কথা কহিত।




শিববাড়ীর বুদ্ধমূতি ^{ঞ্জিন} চাশচন্দ্র মিত্রের ধশোহর-পুলনা ইতিহাদের **মঞ**

२०४ शृः।

Engraved & Printed by K. V. Seyne & Bros



ইতিহাসের একটি প্রধান উপজীব্য। এজন্ত আমরা ইহার বিস্তৃত বিবরণ দিতেছি। সম্পূর্ণ প্রস্তর্থানি শূর্পাক্কতি এবং উহা পাদপীঠ বাদে ৩২ ফুট দীর্ঘ ১ ফুট ৮২ ইঞ্চি প্রস্থ। প্রতিমার নিমে একটি কীলক আছে, উহা নিমান্ধিত পাদপীঠের মধ্যস্থলে যে একটি ছিদ্র আছে, তাহার মধ্যে প্রবিষ্ট থাকে। প্রয়োজন মত ছইথানি প্রস্তর পৃথক্ করা যায়। প্রতিমা-প্রস্তরের সম্মুখভাগ



অন্ধচন্দ্রকি ; মধ্য ভাগে উহার বেধ প্রায় ১ ফুট হইবে। এই প্রস্তরথণ্ডে বৃদ্ধদেবের অসংথ্য নিজ মূর্ত্তি ও তাঁহার জীবনের ঘটনাসমূহ ভান্বর-শিল্পে স্থলর ভাবে অভিব্যক্ত হইয়াছে। এরূপ প্রতিমাকে মূর্ত্তিপ্রক বা stelle বলা হয়।* শিববাড়ীর এই প্রতিমার মত এরূপ অপূর্ব্ধ কারুকার্য্যথচিত স্থলর ষ্টাল বা মূর্ত্তিপ্রবক অতীব ছর্ম্পভ। যতদূর জ্ঞানিতে পারা গিয়াছে, ভারতবর্ষে এরূপ সম্পূর্ণ আর একথানি মাত্র ষ্টাল আছে। উহাও শিববাড়ীর প্রতিমা অপেক্ষা আকারে অনেক ছোট, উহাতে মূর্ত্তি সংখ্যা কম আছে এবং উহার বড় বৃদ্ধমূর্তিটিতে তেমন শাস্ত সাম্যভাব প্রতিফ্লিত হইয়াছে বলিয়া মনে

^{*&}quot;The image of Buddha in the middle and the ornamental reliefs round about provided another model for these representations. The stale's in the centre of which Buddha stands or sits are then much reduced; besides him are disciples and monks, above rises a pointed arch in which a conversion scene is represented." Buddhist Art in India, stele Representations, (translated from the Hand book of Professor Grunwedel p. 133-4).

হয় না। দেখানি কলিকাতার যাত্বরে (Indian Museum) রক্ষিত
হইয়াছে। * তুলনার জন্ম শিববাড়ীর মূর্ত্তির সঙ্গে বাহ্বরের সে প্রতিমারও
প্রতিক্বতি প্রদন্ত হইল। সরকারী বিবরণীতে লিখিত আছে, সেধানি
বিহার হইতে সংগৃহীত বলিয়া অন্নান করা হয়, † স্নতরাং দেখা যাইতেছে
যে সেধানি কোথা হইতে সংগৃহীত হইয়াছিল, তাহার কোন স্থির নিশ্চমতা
নাই। প্রস্তুত্ববিৎ স্পণ্ডিত শ্রীযুক্ত রাধালদাস বন্দোপাধ্যায় মহাশয়
মৎসংগৃহীত শিববাড়ীর এই বুদ্ধ প্রতিমা এবং অন্তান্ত কয়েকটি মূর্ত্তির সাহায়ে
প্রমাণ করিতে প্রয়াস পাইয়াছেন যে বঙ্গদেশে প্রস্তর না থাকিলেও উড়িয়া,
গান্ধার বা মগধের ভায় সেধানেও প্রস্তরশিলের এক স্বতন্ত্র পদ্ধতি ছিল।
তিনি ইহাকে বঙ্গীয় ভায়র্যাপদ্ধতি (Bengal School of Sculpture)
বলিয়া অভিহিত করিতে চান।

প্রতিমার মধা স্থানে একটি বড় বুজ্মূর্ত্তি রহিয়াছে। এই উপবিষ্ট মূর্ত্তি এক ফুটের অধিক উচ্চ হইবে। বুজ যোগাদনে ভূমিম্পর্শ মুদ্রায় ধানস্থ; বছাগবর্ষী মালিগুমপ্তিত প্রস্তর মূর্ত্তির বদনমওল হইতে এখনও দিব্যজ্যোতিঃ বিফুরিত হইয়া পড়িতেছে। বে যুগে শিল্পী পাণরকে কথা বলিবার মত ভঙ্গি দিতে জানিতেন, এ দেই বুগের উৎক্রন্ত মূর্ত্তি। মূর্ত্তির মুথমপ্তলে শাস্ত দোম্য দেবভাব এমন স্থন্দর ভাবে প্রতিক্লিত হইয়াছে যে তাহা দেখিলে কিছুম্প অবাক্ হইয়া থাকিতে হয়। এই বড় মূর্ত্তিটি একটি চৈত্যের মধ্যে স্থাপিত। চৈত্যের ছইটি গোলাকার স্বস্ত মূর্ত্তির ছই পার্যে লম্বমান। এই চৈত্যের উপর বুজগয়ার প্রসিদ্ধ মন্দিরের এক অনুকৃতি রহিয়াছে। তাহার মধ্যে আর একটি কুলাক্কতি ধ্যানী বুজ ভূমিম্পর্শ মূলায় অবস্থিত। উপরিস্থ মন্দির এবং নিমন্থ তৈতা এই উভয়ের মধ্য স্থানে ছই পার্যে ছইটি বিস্থাধর কল্পনা করা হইয়াছে, তাহারা চৈত্যের থিলান এবং মন্দিরের তলদেশ উভয়কে হস্ত হারা রক্ষা করিতেছে।

বড় মৃত্তিটির বাম ভাগ হইতে আরম্ভ করিয়া ক্রমে নিম্নদিকে গিয়া পরে

^{*} Br. 5. Catalogue of the Indian Museum Vol II.

t"The history of the sculpture is unknown and it is supposed to be from Behar." I bid, Vol. II p. 80.



যাত্যরের বৃদ্ধমূর্ত্তি।

২১১ গৃঃ ।

শ্রীস্তীশচক্র মিত্রের ঘণোহর-খুলমা ইতিহাসের জন্ম Printed by K. V. Seyne & Bros.

আবার উপর মুথে দক্ষিণদিক পর্যান্ত অসংখ্য ছোট ছোট মুর্ত্তি দেখা যায়। উरा बात्रा वृक्षामायत कीवनमीमा পर्याप्रकारम अकरिक रहेगाछ। वक्ष-দেবের জন্মের পূর্বের স্বপ্নে এক খেত হস্তী মায়া দেবীর গর্ভন্থ হয়, তাহার কোন উল্লেখ এখানে নাই; তবে শিব বাড়ীর মূর্দ্তিতে বুদ্ধদেবের আসনের নিমে হস্তিমৃত্ত অঙ্কিত আছে, যাহ্ববের ছবিতে তাহা নাই। বড় মুর্ত্তির বামভাগে চৈতা স্তম্ভের পার্ষে প্রথমতঃ বুদ্ধের জন্মলাভ চিত্র। লম্বিনী উন্থানে মায়াদেবী প্রস্বকালে অশোকশাখা ধরিয়া দ্ভায়মানা, তাঁহার দক্ষিণ পার্ম হইতে সিদ্ধার্থ বাহির হইতেছেন। দক্ষিণ পার্বে ইন্দ্রদেব এবং বামভাগে ভরিনী প্রজাপতি দণ্ডায়মান। ইন্দ্রের পার্ষে আর একটি মূর্ত্তি আছে, সম্ভবতঃ ব্রহ্মা। এই চিত্রের নিমে সপ্তপদ গমন প্রদর্শিত হইরাছে। তরিমে নারদ ও অদিত. তাঁহারা শিশুকে হত্তে গ্রহণ করিয়া উহার জন্মপত্রিকা প্রস্তুত করিতেছেন। তাহার নিম্নে বিভালয়। এ ছবি যাত্রঘরের চিত্রে আছে, কিন্তু শিববাড়ীর চিত্রে নাই। শিক্ষক উপবিষ্ট : নিমে তিনটি বালক ভক্তিভাবে যোড করে দণ্ডায়মান। তৎপরে প্রথম চিন্তা, দিদ্ধার্থের রথের উপর নগর পরিভ্রমণ ইতাাদি। তদনন্তর মহাভিনিক্রমণ। চিত্রে বড় সূর্ত্তির নিমে তিন শ্রেণী মত্তি আছে। প্রথম শ্রেণীতে বিছাধর বা উপাসকমগুলী। দ্বিতীয় শ্রেণীতে সিদ্ধার্থের গার্হস্য জীবনের আভাষ দেওয়া হইয়াছে। কিরূপে তাঁহার পিতা তাঁহার নির্কেদভাব পরিহারের জন্ম যৌবনের প্রথমে তাঁহার বিবাহ দিয়া বহু যুবতীজনদঙ্গে আমোদ প্রমোদে কাল কাটাইবার ব্যবস্থা করিয়া দিয়া ছিলেন, কিরূপে দত্যপ্রস্ত দস্তান কোলে করিয়া তাঁহার স্ত্রী ও দহচরী-বর্গ নিদ্রিত হইলে, তিনি পরিবার পরিত্যাগ করিয়া পলায়ন করেন, তাহাই সংক্রেপে প্রদর্শিত হইয়াছে। সর্ব্বনিয় খ্রেণীর মূর্ত্তিগুলির বাম দিক্ হইতে আরম্ভ করিলে দেখা যায়, সিদ্ধার্থ কপিলাবাস্ত হইতে অশ্বপৃষ্ঠে চলিয়া যাইতে-ছেন; কণ্টককে (অশ্ব) পরিত্যাগ; ছন্দকের (সার্থি) সহিত বস্ত্রালঙ্কার বিনিময়; বোধিসত্বের সর্ববিত্যাগ; প্রলোভনের বিভীষিকা; মার কর্তৃক আক্রমণ: অবশেষে সর্বজন্ন করিয়া দিলার্থের সম্বোধিলাত। বৃদ্ধ পাত করিয়া তিনি ভূমিপার্ল করত ধরণীকে তাঁহার স্থোধিনাভের সাকী হইতে আহ্বান করিতেছেন। মর্ত্তির দক্ষিণদিকে একটি উপরিভাগে ধর্ম-চঞ প্রবর্তনের চিত্র এবং প্রতিমার শীর্ষদেশে বুদ্দেবের দেহত্যাপ বা মহাপরিনির্ব্বাণ। বৃদ্দেব এক প্রকার থটাঙ্গের উপর শায়িত, চারি কোণে চারিটি মহুষ্য মৃত্তিতে দে থটাক্ষ ধরিরা রহিয়াছে। সর্বাশির্বে একটি চৈতা। ফটো তৃলিবার সমরে যাঁহারা প্রস্তর্বানি ধরিয়া দাঁড়াইয়াছিলেন, তাঁহাদের অঙ্গুলির ছবিতে এই চৈত্য লুকায়িত হইয়াছে। ইহা ব্যতীত উভয় পার্বে প্রস্তরের অবশিষ্ঠাংশে কতকগুলি কুদ্র চৈত্য, তয়ধ্যে ধ্যানী বৃদ্ধ ও বোধিসত্তের নানা প্রতিকৃতি দ্বারা পূর্ণ। প্রস্তরের উপরিভাগে উভয় পার্বে অসংখ্য ছোট ছোট মৃর্ত্তি আছে, উহা সম্ভবতঃ মার কর্তৃক বৃদ্দের পরীক্ষাস্তক নানা বিধ চিত্র। বড় বৃদ্দ্ম্প্রির বাম হস্তে খনকের অস্ত্রাণতে হস্ততল ভাঙ্গিয়া গিয়াছিল; যাত্বরের চিত্রে প্রতিমার হস্ত অক্ষত বহিয়াছে।

এখানে যে বিবরণ দেওয়া হইল অনুসন্ধিৎস্থ পাঠক ইহার প্রতি লক্ষ্য রাঝিয়া চিত্রপট পরীক্ষা করিলে, প্রস্তরবিহীন খুল্না জেলায় এমন মূর্ত্তি যে হর্মত পদার্থ এবং ইহা যে একাস্ত দর্শনীয়, তাহা সহজে স্বীকার করিবেন। যে প্রদেশে বৌদ্ধ প্রভাবের চাক্ষ্য নিদর্শন অতীব বিরল, দেখানে এমন মূর্ত্তির আবির্ভাব যেমন বিশ্বয়কর, ইহার প্রবীণত্বও তেমনই নিশ্চিত। সম্ভবতঃ দেনরাজত্বের সময়ে এ প্রদেশে যে বিপ্লব হয়, তাহাতেই মন্দির সময়ত এ মূর্ত্তি ভূপ্রোথিত হয়। তাহারও পূর্ব্বে হা১ শত বৎসর ইহা আবির্ভূতি ছিল। তাহা হইলে অন্মান করা যায়, প্রীষ্টায় ৯ম বা ১০ম শতাকীতে এ মূর্তি নির্মিত ও প্রতিষ্ঠিত হইাছিল। স্থতরাং এ মূর্ত্তির বয়স সহস্র-বর্ণের কম হইবে না। তাহা হইলে সহস্র-বৎসর পূর্বের্গ এদেশে যে বৌদ্ধ প্রভাব বিস্তৃত ছিল, এ মূর্ত্তি তাহার বিশ্বাস্থোগ্য সাক্ষ্য প্রদান করিভেছে এবং সঙ্গে সঙ্গে বাঙ্গালর ইতিহাসের এক অধুনাবিস্প্র অধ্যায়ের প্রতি আমাদের সাগ্রহ দৃষ্টি আক্ষ্রতি করিভেছে।

সমতট বিস্তীর্ণ রাজ্য। আমাদের আলোচ্য যশোহর-খূল্নার বাহিরে সমতটের অনেক অংশ ছিল। ইউয়ান চোয়াং এর বর্ণিত ৩০টি সংখারাম ও ১০০ দেবমন্দিরের মধ্যে কয়টি এ প্রদেশে ছিল এবং কয়টি ইহার বাহিরে ছিল, তাহা নির্দ্ধারণ করিবার উপায় নাই। একস্থানে সমতটের রাজধানী ছিল বলিয়া আমরা কতকগুলি প্রমাণ উথাপিত করিয়াছি; সে প্রমাণ বে পর্যাপ্ত নহে, তাহা আমরাই সর্বাপেক্ষা ভালভাবে বৃঝি। হয়ত দেখানে একটি সংঘারাম মাত্র ছিল এবং সমতটের রাজধানী প্রকৃতপক্ষে পূর্ববঙ্গে ছিল। য়তাদিন অকাট্য প্রমাণবলে এই বিপ্লববহল দেশের পুরাতত্ব মীমাংসিত না হয়, ততদিন শুধু মানসিক সন্তাড়নে পরকে নিজের মতাবলম্বী হইতে বলা যায় না। নিজে যাহা বিশ্বাস করা যায়, অত্যে তাহা কি ভাবে গ্রহণ করিবে, নিজের কোন জাতি বা অভ্যাসগত ধারণার ফলে ঐতিহাসিক সত্যকে বিপর্যন্ত করিতেছি কি না, ঐতিহাসিককে পদে পদে ইহারই উপর লক্ষা রাথিয়া অগ্রসর হইতে হইবে। কিন্তু আবার কোন একটি বিষয়ে বিশেষরূপে বিশ্বাস করিয়া পুরাতত্ত্বের অন্নসন্ধান না করিলে, প্রকৃত তথ্যের উদ্যাটন হয় না। এই জন্তু আমরা পূর্বে বিলিয়াছি, যদি কোন স্থানে কোন একটি অনুমান উত্থাপিত করিয়া উহাকে কতকগুলি সবল বা ছর্ব্বল প্রমাণের বলে পরিপৃষ্ঠ করিয়া থাকি, অন্তে স্থবিধা হইলে স্বছনেল তাহা অপ্রমাণ করিতে পারেন। মত থাকিলেই মতান্তর হয়; সমীচীন মতান্তর গ্রহণ করিতে আমরা সর্ব্বদাই প্রস্তুত থাকিব। আমি নিজের চেষ্টায়, চিন্তায় ও চাক্ষ্ম দর্শনের ফলে যতটুকু সত্যের সন্ধান পাইয়াছি, অকপটে অসঙ্গোচে তাহাই লোকলোচনের পগবর্তী করিয়া ভবিষ্যতের প্রতি চাছিয়া রহিলাম।

এতক্ষণে আমরা বৌদ্ধ যুগের শেষ দীমায় উপনীত ইইলাম। ইহার পরে আর বৌদ্ধ ধর্ম জাগে নাই। পরবর্তী হিন্দু দেনরাজগণ ও পাঠানদিগের রাজত্ব কালে নানাভাবে বৌদ্ধ ধর্মের অবনতি এবং এক প্রকার বিলোপ সাধিত হইয়াছিল। এই বিলোপের পর বৌদ্ধমত হিন্দু ধর্মের অন্তর্রালে, বালুকা মধ্যে ফল্পধারার মত, প্রচ্ছেন্ন ভাবে কোন প্রকারে একটু আত্মরক্ষা করিয়াছিল। মামরা সেন ও পাঠান আমলের পর তাহার অবতারণা করিব।

নব্য পরিচেছদ — সেনরাজ্ব।

7

মহারাজ মহীপালের রাজত্ব কালে গামস্ত দেন নামক একবাক্তি কর্ণটি দেশ হইতে আসিরা স্থবর্ণরেথা নদীতীরে এক কুলু রাজ্য স্থাপন করেন। সিরাজ-গঞ্জের তাদ্র শাসন হইতে জানা যায় তিনি কর্ণাট ক্ষপ্রিয়। * তৎপুত্র হেমস্ত দেন; তিনি একজন প্রাসিদ্ধ যোদ্ধা ছিলেন। হেমস্তের পুত্র বিজয় সেন। তিনি বরেন্দ্র মণ্ডলে আসিয়া রাজ্য স্থাপন করেন। † হেমস্ত সেন বা বিজয় সেনের সহিত বিবাহস্ত্রে শ্রবংশীয় নৃপতিদিগের সহিত সম্বন্ধ হইয়ছিল। ই বিজয় সেনের বরেন্দ্রাধিকার উপলক্ষে গৌড়াধিপ পাল রাজের সহিত যুদ্ধসংঘর্ষ উপস্থিত হইয়ছিল। তজ্জন্তই মদন পাল মগধে বিতাড়িত হন। সেখানে তাঁহারা আরও কিছুকাল রাজত্ব করিয়ছিলেন। বিজয় সেন কামরূপ ও কলিঙ্গ জয় করেন এবং মিথিলাধিপতি নাল্ড দেবকে পরাজিত ও কারাক্ষর করেন। বরেন্দ্র মণ্ডলে

''অপুর্বভিত্তির্দেবদেবেখনে শশায়য়য়য়য়ৢশাকে।
জাতো বিজয়দেনো গুণিগণগণিতত্ত দেহিত্বংশে।"

শশাক---> ুসার- ৫, রজু-- ৯, উণ্টাইয়া ১৫১ শকে ১০ ৯ প্টাক হয়। দেনের জন্ম তারিধ বলিরা উক্ত হইয়াছে। বাঙ্গালার পুরাবৃত্ত, ২৪৯ পুঃ। এতুর্গাচরণ দাভাল প্রণীত 'বাঙ্গালার দুমাজিক ইতিহানে" বেখিতে পাই শূরবংশীয় চলুদেনের জামাতা ছিলেন বিজ্ঞায় সেন। কিন্তু তি'ন শিবভক্ত প্রম যোগী, নিঃসন্তান খণ্ডরের রাজত্বাভে স্বীকৃত হন না। "দেক শুভোদগাল্ল" দেখিতে পাই,বিক্রমপুরে রামপালের মৃত্যুর পর দেবাদেশে বিজয়দেনকে রাগ মনোনীত করা হয়। यपिও সাঞাল মহাশয় ভূ মকায় বলিয়াছেন যে, "এৎকৃত ইতিহাসে সম্পূৰ্ণ অমূলক কোন বৃত্তান্ত নাই।" তথাপি তিনি 4োধায়ও কোন প্ৰমাণ উদ্ধৃত করেন নাই বলিরা তাহার মত অসভোচে গ্রহণ করা কঠিব হয়। বিশেষতঃ উপরোক্ত বারেল্রকুল-পঞ্জিকা-ধত বচনের সহিত তাঁহার কথার বিরোধ হয়। "সেক হুভোদর।" নানা কার্মানক গল্পে পরিপূর্ণ বলিয়া ঐতিহাসিকের উপজীবা হইতে পারে না। বিশেষতঃ আমরা রামণালের পর কুমার পালকে ভদীর বার সেনাপতি বৈদ্যাদেবে ব সাহায্যে কিছুকাল রাজত্ব করিতে দেখি। কুমার্ পালের পরও বিক্রমপুরে পাল রাজত্বের পেষ হয় নাই। দেকগুভোদয়ার একটা স্নোকের (খ্রীশিবচন্দ্র শীল বারা) পরিশোধিত পাঠ "লাকে যুগা করেণুরজুগণিতে" হইতে জানা বাছ. বাম পাল ৯৮৮ শাকে বা ১৯৬৬ পৃষ্টাব্দে পরবোক গত হন। স্বতরাং বিগল সেনের রাজ্য ইহার পরে আহত হইরাছিল এরণ অনুমান করা বার। [বাঙ্গালার সামাজিক ইভিহাস, ১৯পঃ, নাহিত্য, ১৩০১ বৈৰাথ ৮-১৪পুঃ, J. A. S. B. 1894 গোবিন্দচন্দ্ৰ গীত,৫৩পুঃ, নাহিত্য ১৩২০, চৈত্র ৪৬০-১পু: গৌডরাল্পনালা, উপক্রমণিকা, 1/০পুঠা]

 [&]quot;বংশে কণাটক্ষতিয়নাম জনি কুলশিরোদাম সামস্তদেনঃ"

⁺ বলালসেনকৃত "লানসাগর গ্রন্থে" আছে :—হেমন্তরেনের পর,
"তদত্ বিজয়নেনঃ প্রান্ধনীৎ বরেন্দ্রে

বিজয়পুরে * তাঁহার রাজধানী ছিল। বিজয় সেনের তিন পুত্র ছিল বলিয়া জানা যায়।
এক স্ত্রীর গর্ভে হুই পুত্র—মল্ল ও শ্রামল বর্মা, † অন্য স্ত্রীর গর্ভে—বল্লাল সেন। ‡
সম্ভবতঃ বিজয় সেনের জীবদ্দশায় মল্ল ও শ্রামল উভরই—মৃত্যুমুধে পতিত হন;
এজন্তবিজয় সেন পরলোক গত হইলে বল্লালই তাঁহার সিংহাসনে আরোহণ করেন।

বিজয় সেনের রাজ্যারোহণের পর শ্রামল বর্মা দিথিজয়ে বহির্গত হন এবং সমগ্র উপবঙ্গের অধিকাংশ জয় করেন।

গঙ্গারাঃ পূর্বভাগঞ্চ মেঘনত্যান্চ পন্চিমন্। উত্তরাল্লবণাব্দেন্চ বারেক্সাটেচব দক্ষিণন্॥ করদং রাজ্যমাসাত্ত স্তামলাব্যোহপ্যশাসরৎ। সেনবংশীয়ভূপানামাশ্রব্যেণ স্বধর্মভাক্॥

দামস্তদারের বৈদিক কুলার্ণব।

* বরেন্দ্র-অনুসন্ধান দমিতির চেষ্টার রাজসাহী জেলার গোদাগাড়ীখানার অন্তর্গত বিশ্বরনগরই বিজয় সেনের বিজয়পুর রাজধানী বলিগা আবিত্বত হইরাছে। ইহা এ প্রদেশে
'বিজয় রাজার বাড়ী" বলিরা পাত। এখানে বিজয় সেনের প্রছায়েবরের মন্দিরেং ভগ্নাবশেষ
পাওয়া গিরাছে। এই মন্দিরের প্রশন্তিতে কবি উমাপতি ধর যে সকল বিত্তত জ্লালারর
কণা উরেখ করিয়াছিলেন, হাহার অনকগুলি এই গ্রেদেশ আছে। বীরুক্ত মনোমে হন
চক্রবর্তী মহোদর নবরীপকেই বিজয়পুর ব'লয়া প্রমাণ করিতে চেষ্টা করিয়াছিলেন, বিজ্
গাঁহারা গুহে বসিয়া কেবল মাত্র প্রকের সাহায়ে ঐতিহা সক তথ্যের উদ্বাহিন চেষ্টা
করেন, তাঁহাদের হর্কলাল বিপুরত। লাভ করে বটে, কিন্তু সব সময়ে সক্ষতা লাভ করে না।

† মহিষ্যামথ মালত্যাং গুণবত্যাং দ ভূমিপঃ।
মল্লখ্যমলবর্দ্মণে জনয়ামাদ নলনে। । বটককুলপঞ্জী।

েক্ত কেত্ ভামল বর্থাকে বরালের পুল বলিছা মানিছা লন নাই। বাত্তবিক হেখানে ভামলের দিখিজরকাহিনী আহে, তথাও তিনি দেনবংশীর বলিছা উলিখিত হন নাই। শ্রীযুক্ত পরেশনাথ বন্দ্যোপাধ্যার বহু পঞ্জিকা ইইতে প্রমাণ করিয়াছেন যে তিনি বিজয় দেনের পুল। বাঙ্গালার পুরাযুক্ত, ২৪৪, ২৪৯, ২৫১পুঃ।

া বলালের জন্ম নানা উপকথার পূর্ব। কেছ বলেন তিনি বিজয়দেনের উর্সপূত্র নহেন, তিনি কেত্রজপুত্র। রামজর কৃত বৈদাকুলপঞ্জীতে আছে :—

কলিতে ক্ষেত্ৰপুত্ৰর ৰাছি ব্যবহার কিন্তু বৈদ্যবংশে এক পাই সমাচার। আদিশুর বংশধ্বংস সেনবংশ ভালা বিবহুদেনের ক্ষেত্রপুত্র ব্যৱালদেশ রাজা।

তেত্ব বলেন বৈশবতে পুত্রলাভ করিয়া বিজ্ঞানে পুত্রেয় নাম রাখিয়াছিলেন, বর্তাল, উর্ছাই বলাল ইইলাছে। কেই বা বলালকে জলপুত্র নদের পুত্র বলিলা বর্ণনভ করিয়াছেন। সামালিক ইতিহাল ২০০: বিজ্ঞানুধের ইতিহাল ৩৩—৩৩০: Marshman's History of Bengal.

অর্থাৎ ভাগীরথীর পূর্ব্ব ভাগে বরেন্দ্রের দক্ষিণে মেঘনা নদীর পশ্চিমে এবং লবণ সমুদ্রের উত্তর ভাগে প্রামলনামা নুপতি সেনরাব্রগণের আশ্রয়ে এক করদ রাজ্য লাভ করিয়া স্বধর্মনিরত হইয়া রাজত্ব করিতেছিলেন। উপবঙ্গের যে সীমার কথা পূর্ব্বে কথিত হইয়াছে, ইহার দহিত তাহা সম্পূর্ণ মিলিয়া যাইতেছে। এই বর্ণনা হইতে শ্রামলবর্ম্মাকে বিজয়সেনের পুত্র ৰলিয়া বোধ হয় না। * যাহা হউক. তিনি যাহাই হউন এবং সেনরান্ধের সহিত তাঁহার রাজনৈতিক যে সম্বন্ধই থাকুক, তিনি যে দুরদেশে এক প্রকার স্বাধীন ভাবে রাজ্ত্ব করিতেছিলেন, তাহাতে সন্দেহ নাই। আমাদের আলোচ্য যশোহর-খুলুনা এই বর্মরাজের অধীন হইয়াছিল। বছকাল হইতে এ প্রদেশে যে অরাজকতা চলিতেছিল. এই খ্রামলবর্ম্মাই তাহার পরিহার করেন। দে অনৈতিকতার যগে দেশের উপর দিয়া নানা বিপ্লব চলিয়া গিয়াছিল। শুধু রাজাবিপ্লব নয়, ধর্মবিপ্লব, সমাজবিপ্লব এবং সর্ব্বোপরি স্থন্দর বনের প্রাকৃতিক বিপ্লবে দেশকে বিপর্যান্ত করিয়াছিল। এই সময় হইতে পূর্ণ একশত বৎসর কাল পুনরায় দেশে সর্ব্ববিধ শাস্তি প্রতিষ্ঠিত হইল। রাজ্যে স্থাসন চলিতে লাগিল, বৌদ্ধর্ম সম্পূর্ণরূপে হিল্থমের নিকট পরাজয় স্বীকার করিল, সমাজ পুনরায় নৃতন করিয়া গঠিত হইল, উচ্চমন্দির, নানাবিধ হিন্দু তাল্লিকবিগ্রহ, জলাশয় প্রভৃতির উদ্ভব হইতে লাগিল, আর সঙ্গে বনগ্রাম, জঙ্গল বাধাল ও "বুনিয়ার" দেশ মাথা তুলিয়া জনকোলাহলময় হইতে লাগিল। ইংরাজ রাজত্বের পূর্বের বঙ্গদেশে দেনরাজ গণের মত আর কেহ শাসনদণ্ড পরিচালনা করিতে পারেন নাই।

খ্যামলবর্মা যথন দক্ষিণ বন্ধ শাসন করিতেছিলেন, বল্লাল তথন পূর্ববন্ধের শাসনকর্ত্তা ছিলেন। বিক্রমপুরের অন্তর্গত রামপালে তাঁহার রাজধানী ছিল। পালবংশীয় রামপালই এই নগরীর প্রতিষ্ঠাতা। † খ্যাবলবর্মার রাজধানীও বিক্রমপুরের সন্নিকটে ছিল। পূর্বেই ক্থিত হইয়াছে বিজয় সেনের জীবদ্ধশায় খ্যামলের মৃত্যু ঘটে। ১১১৯ খৃষ্টাব্দে পিতার মৃত্যু হইলে বল্লালসেন সিংহাসন

শ্রীর্ক্ত রাম প্রদাদ চন্দ মহোদর লিধিরাছেন :—'দকিণ দিকে, বল্পে ও রাচে, বর্গরাক্ত কর্তৃক বিজয়দেনের গতি রুদ্ধ হইরাছিল।'' (গোড়রাজমালা. ৬০গু:)। ইহা হইতে রোধ হয় বর্গরাজ বিজয় দেনের শত্রু ছিলেন। কিন্তু তাহার কোন প্রমাণ প্রদাভ হয় নাই। বর্গ রাজের ঐতিহাসিক তথা মীমাংসিত না হইলে এবিবরে কোন স্বশাস্ত মন্ত প্রকাশ করা বার বা বা বার বা বার্দিদেরের রাজধানী এই রামণালেছিল বলিরা বে পুর্বের উল্লেখ করা গিরাছে (১৮৯পার্ট)

লাভ করেন। * দানসাগর হইতে জানা যার তিনি ১১৬৯ খৃষ্টান্ধ পর্যন্ত রাজত্ব করিয়াছিলেন। স্থতরাং তাঁহার রাজত্বলাল ৫০ বংসর। বল্লালদেন রাজ্যলাভ করিয়াই মিথিলার বিরুদ্ধে বুদ্ধবাত্রা করেন ও অবশেষে জন্ধলাভ করিয়াছিলেন। এই সময়ে রামপালে তাঁহার পুত্র লক্ষ্মণ সেনের জন্ম হয়। একটি প্রবাদ প্রচলিত আছে যে, মিথিলা-যুদ্ধে বল্লালের মৃত্যুক্থা প্রচারিত হইয়াছিল, তদমুসারে লক্ষ্মণ সেনের জন্মমাত্রই রাজ্যপ্রাপ্তি বোগ ঘটে। মিথিলা-বিজ্ঞন্ন ও পুত্রের জন্ম এই উভয় ঘটনা চিরন্মরণীয় করিবার নিমিত্ত বল্লাল একটি নৃতন সম্বৎ প্রবর্তন করেন; পুত্রের নামান্থসারে উহারই নাম রাখা হয় লক্ষ্মণ সম্বৎ বা লসং। মিথিলায় এথনও এই লসং চলিতেছে। † বল্লাল এইভাবে

ত্বিবরে মতভেদ আছে। পূর্কবেলবাসিগণ রামপালেই আদিশ্রের আনীত পঞ্চরাদ্ধের আগমন নির্দ্ধেশ করিছেছেন। পঞ্চ রাজণের যোজ্বেশ দেখিয়া আদিশ্র বিহত্ত হইলে, উহারা রাজণা প্রভাব দেখাইবার অন্ধ আশীর্কাদ বারিবার। ৬ দ মন্ত্র কাহিকে যে সজীব গছারি রক্ষে পরিণত করিয়াছিলেন, সে বৃক্ষও রামপালে প্রদর্শিত ইইয়া থাকে। ("আদিশ্র ও বরাল সেন", বিক্রমপুরের ইতিহাস, ২২-৩০ পুঃ, ৮কালীপ্রসন্ন যোগ প্রণীত ভক্তির জয়" ১২-১৬ পুঃ, চাকার ইতিহাস, ২০০ পুঃ, করিদপুরের ইতিহাস ২৬ পুঃ, "গোঁড়ে রাজণ" ২৬২ পুঃ) অশর পক্ষে বঙ্গের জাতীয় ইতিহাস প্রণে প্রশুক্ত নগেক্তনাথ বস্থ এবং গৌড়বিবরণের সম্পাদক প্রিকৃত্ত অক্ষরকুমার মৈত্রের মহোদর বলেন, রামপানে আদিশ্রের রাজধানীর প্রবাদ মূলে কোন ঐতিহাসিক সত্য নাই এবং পঞ্চবিপ্র (স্বরসিরণেও) ১০১ পুঃ, বাঙ্গালার সামাজিক ইতিহাস, ১৮ পুঃ) বাহা হউক এ বিবরে কোন সর্কবাদিসম্বত মত এখনও হির হয় নাই।

* আগর। এ বিবরে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বস্ন মহাশরের মন্তই এহণ করিলাম। (J.A.S.B. 1896 pp 25-27) "পান সাগরে" আছে:—"শশি নবদশমিতে শকংর্বে দানসাগরে। রচিতঃ;" ইহাতে ১০৯১ শক বা ১১৬৯ গ্রীষ্টাব্দ হয়। এ সমরে বল্লাল জীবিত ছিলেন। শ্রীযুক্ত রামকৃষ্ণ গোপাল ভাণ্ডারকর বলালের অস্তর্গন্ধ "অকুত সাগর" হইতে প্রথইরাছেন, বলাল "ও-নব-থেক্সেল" অর্থাণ ১১৬৮ গ্রীষ্টাব্দে এই গ্রন্থ আগন্ত করিরা উহা শেষ করিবার পূর্বের মৃত্যুমুধে পতিত হন। (Report on the Search of Sanskrit Mss in Bombay, 1887-91 p. XXXV.

তাহা হইলে বলালের মৃত্যুও লক্ষণের রাজ্যারোহণ — ১১৬৯ বা ১১৭০ গ্রীষ্টাব্দে ইইরাছিল বলিরা ধরা বার। লক্ষণ লেন ১১৭০-৭১ গ্রীষ্টাব্দের পূর্ব্দে মৃত্যুমূবে পতিত হন বলিয়া কেহ কেহ প্রমাণ করিতে চেষ্টা করিরাছেন। (Indian Antiquary, vol. XIX, J. A.S.B. 1913 vol. IX. p. 277) কিন্তু সে মতের সহিত পরবর্তী ঘটনার সামপ্রক্ত রক্ষা করা করিব।

† সন হইতে শকাকা ও লসং বাহির করিবার জন্ত বৈখিলী ভাবার এক সভেতস্চত লোক আছে ঃ—

> "সন্মহ লিখছ" শরণাশি বাণ দো শাকে জামছ" পরমাণ ঃ

ক্রমে ক্রমে মিথিলা, বন্ধ, রাচ, বরেন্দ্র ও বাগ্ড়ী জন্ম করেন, এই পঞ্চরাজ্যে রীতিমত প্রতিনিধি নির্মাচন করিন্না স্থাসন প্রবৃত্তিত করেন। সর্মাত্রই উভার সবল শাসনে স্থফল ফলিয়াছিল। দেশে দয়াছর্ম্পৃত্তের উৎপত্তি ছিল না। এই সময়ে সমতটেরই নাম বাগ্ড়ী হইয়াছিল। যশোহর-খুল্না এই বাগ্ড়ী রাজ্যের অন্তর্ভুক্ত হইয়া বল্লালের শাসনাধীন ছিল।

বল্লাল দেন শুধু রাজনৈতিক শাসক মাত্র ছিলেন না। দেশের সমাজ ও ধর্মের উপরও তাঁহার সর্ব্বময় ক্ষমতা ছিল। তিনি ব্রাহ্মণ, বৈছ, কায়য় প্রশৃত্তি জাতির মধ্যে ওণাক্সারে কোলীন্ত মর্য্যানা স্থাপন করেন। এই কুলীনগণ ক্রমশং তাঁহার রাজ্য মধ্যে, সর্ব্বর বসতি স্থাপন করিয়াছিলেন। এ সময় ব্রাহ্মণ্য প্রতিপত্তি পুনরায় জাগিয়াছিল, তাহার ফলে হিন্দু তান্ত্রিকতার আবির্ভাব হওয়ায় বিক্রত বৌদ্ধমতের বিলোপ হইতেছিল; তিনি নিজে তান্ত্রিক হিন্দু হইয়া বৌদ্ধর্মের প্রচারের উপর নানা অত্যাচার করিয়াছিলেন। তিনি রুষ্ট ইইয়া স্থবর্ণবিণিক্ ও যোগী প্রভৃতি বৌদ্ধ জাতিকে অধঃপাতিত ও নির্যাতিত করেন। বল্লালের মৃত্যুর পর তাঁহার এই সর্ব্বতোমুথ শাসনের ভার তৎপুত্র লক্ষ্মণ সেনের উপর নির্পতিত হয়। লক্ষ্মণ সেন পূর্ব্বহতৈই পূর্ব্বক্ষে রাজপ্রতিনিধিম্বরূপ শাসনকার্য্য নির্ব্বাহ করিতেছিলেন।

বল্লালসেন এক নীচ জাতীয় স্ত্রীর রূপে মুগ্ধ হইয়া তাহাকে পত্নীরূপে গ্রহণ করেন। তজ্জ্ম্ম লক্ষ্মণ সেন পিতার উপর অত্যন্ত বিরক্ত হন। তিনি মাতার দ্বারা উদ্রিক হইয়া পিতার ঐ সমাজবিক্ষম কার্যোর তীব্র প্রতিবাদ করিলে, বল্লাল সেন সেই হুটা রমণীর কুমন্ত্রণায় পুত্রংক নির্বাসিত করেন। ইহার পর কিছু কাল অতীত হইল। এমন সময়ে বর্ধাকালে একদিন বল্লাল আহার সময়ে অন্সরে গিয়া দেখিতে পাইলেন যে তাঁহার ভোজনগৃহের প্রাচীরে কে যেন একটি রোক লিখিয়া রাখিয়াছে:—

পুনি সন বাণ ইল্ল শর খোএ বাঁকি বাতে লসং বিলোএ ॥"

অর্থাৎ সনের অঙ্কের সহিত ৫১৫ যোগ দিলে শকাস্থা এবং সন্ হইতে ৫১৫ বাদ দিলে লক্ষ্ ছর। এতদমুসারে ১১৬৮ পৃষ্টান্দে লগং আরম্ভ হয়। (ভারতী, ১৩১৭, চৈত্র)। এই লোকে 'হিন্দ্র'' শক্তি 'দেশ' হইবে কি না সন্দেহ ছল। পতত্যবিরশং বারি নৃত্যন্তি শিথিনো মুদা। অগু কান্তঃ ক্বতান্তো বা গুঃখন্তান্তং করিষ্যতি॥

বল্লালের বৃঝিতে বাকী থাকিল না যে ইহা তাঁহার পতিবিধুরা পুশ্রবধ্রই মর্মোজি। তথন লক্ষণ সেনের কথা তাঁহার মনে পড়িল, প্রিয়্ন পুশুক্তে নির্মাণিত করিবার জন্ম মনে মনে বড় অমুভপ্ত হইলেন। তৎক্ষণাৎ রাজদারে আদিয়া রাজনাবিকগণকে ডাকিলেন এবং প্রচার করিলেন যে তাহাদের মধ্যে যদি কেহ পরদিন স্থোদ্যের পূর্ব্বে তাঁহার পুত্র লক্ষণ সেনকে আনিয়া দিতে পারে, তবে সে রাজ্যাংশ পুরস্কার প্রাপ্ত হইবে। স্থানামক এক হুংসাহসিক ধীবর এই ছরহ কার্য্য করিতে অগ্রবর্তী হইল। সে অসংখ্য ক্ষেপণীযুক্ত এক তরণী লইয়া তন্মুহর্তে যাত্রা করিল। বল্লাল নিম্নলিখিত শ্লোকটি পুল্রের নিকট প্রের করিয়াছিলেন।

সম্ভপ্তা দশমধ্যজাগতিনা সম্ভাণিতা নির্জ্জনে।
তুর্যাদ্বাদশবং দ্বিতীয়মতিমন্নেকাদশেভন্তনী ॥
সা বস্থা নূপপঞ্চমশু ভবিতা ক্রমপ্তমী বর্জ্জিতা।
প্রাপ্রোতাষ্টমবেদনাং প্রথম হে তুর্গং তৃতীয়ো ভব ॥ *

স্থ্য নারায়ণ এই অন্তৃত কার্য্যের পুরস্কারস্কর্মপ স্থাঘীপ । অঞ্চল প্রাপ্ত হয়।

য়শোহরের অন্তর্গত মহেশপুরে 'তাঁহার প্রচীন রাজধানীর চিহ্ন এখনও বর্তমান।
এই দেশকে এখনও স্থামাঝির দেশ বা ধীবর রাজ্য বলে। কেহ কেহ সেই

^{*} সেন রাজত্বে সংস্কৃত চার্চার বিশেষ উন্নতি হয়। বল্লান ও লক্ষণ উভরেই প্রিত এবং করিব ছিলেন। অন্ত.পুরবাসিনীরাও সাহিত্য চর্চা। করিতেন। এইরূপ লোক হারা উত্তর প্রত্যুত্তর চলিত। বল্লাল নীচ লাভীয়া স্ত্রীকে গ্রহণ করিলে পিতা পুত্রে এইরূপ লোক হথা কাটাকাটি চলিয়াছিল। এথানে বল্লাল সেন এই লোকটিকে এমনভাবে রচনা করেন যে ইহার অর্থ বাহাতে সাধারণের নিকট অবোধ্য থাকে, কারণ তাল্লাকে আনিবার কারণ কাহারও নিকট প্রকাশ নহে। বল্লালের সময়ে জ্যোতিষ শাল্লের আলোচনা হয়। তিনি বল্লঃ এই বিবয়ে অত্ত সাগর পুত্তক লিথেন ও তাহা লক্ষণসেনের সময়ে শেষ হয়। এই লোকে সংখ্যাহার বাদশরাশির নামোলের করিয়া কৌশলে উদ্দেশ্য প্রকাশ করা ইইয়াছে। প্রথম হিতীর প্রত্ত বারা রাশিগুলি স্টিত ইইয়াছে।

লোকার্থ:—হে বৃষ (২ছ) বৎ বলী (পুত্র), মকর (১০ম) সমাগ্রে কর্কটিও শীনবৎ (৪র্থ ও ১২শ), মকরকেতন (কল্প) সমাগ্রে করি কুছ (১০শ) खনী (বধু) প্রশীন্তিত। এবং সেই তুলা (৯ম) বা তুলনা রহিত জবাৎ অতুলনীর জ্রসম্পর। ক্লা (৯৮) সিহে (৫ম) তুলা রাজকুমারের পত্নী ইইরাও বৃশ্চিক (৮ম) বং বঙ্গা ভাগি করিতেছে; হে বেববং (১ম) বিনীত পুত্র, শীত্র আসির। উভরে মিধুন (৩র) আবাৎ মিধিত হও।

⁺ ১७৯-१ शृष्टी खड़ेरा।

মাঝির নাম মহেশ ছিল এবং তজ্জ্ঞ তাহার বাসস্থানের নাম মহেশপুর হর, এই নির্দ্দেশ করেন। কিন্তু প্রচলিত প্রবাদে তাহার স্থ্যমাঝি নামই রক্ষা করিরাছে; মহেশ নামে তাহার কোন পুত্র থাকিতে পারে।

প্রবাদ আছে বল্লালসেন তাঁহার জামাতা হরি সেনকে বৌতুকস্বরূপ (বর্তুমান খুলনা জেলার অন্তর্গত) সেনহাটি গ্রাম দান করিয়াছিলেন। তথন বাগ্ডীর অন্তর্গত সেনহাটি জঙ্গলাবৃত ছিল। লক্ষ্ণসেনের সময়ে এখানে রীতিমত নগর স্থাপিত হয়। বর্তুমান সময়ে সেনহাটি গ্রাম বোধ হয় বঙ্গদেশের মধ্যে সর্বপ্রেষ্ঠ বৈভ্যপ্রধান স্থান।

বল্লালের মৃত্যুকালে লক্ষ্মণ সেন উপস্থিত ছিলেন না। পিতার সহিত তাঁহার অদতাব শেষ পর্যান্ত চলিয়াছিল। তিনি স্বীয় জোর্চপুত্র মধুবা মাধব সেনকে পিতার মৃত্যুকালে তৎসমীপে প্রেরণ করিয়াছিলেন। বল্লাল স্বরাজ্ঞা ৰালক মধুদেনকে দিয়া যান। তাঁহার মৃত্যুর পর লক্ষ্মণ আসিয়া রাজদও গ্রহণ করেন। দেন-রাজগণের মধ্যে তিনি সর্ব্বাপেক্ষা প্রতাপশালী ও স্ববিখ্যাত ছিলেন। বাখরগঞ্জের অন্তর্গত ইদিল পুরে প্রাপ্ত তাম্রশাসন হইতে জানা যায়, * লক্ষ্ণদেন দক্ষিণ সমুদ্রের কূলে শ্রীক্ষেত্রে, বারাণদীতে বিশ্বেশ্বরস্থানে এবং গঙ্গা-বমনা সঙ্গমে ত্রিবেণীতে 'সমরজয়স্তস্তমালা' স্থাপন করিয়াছিলেন। মাধাই নগরের তামশাসন হইতে জানা যায় তিনি কাশীরাজকে যুদ্ধে পরাজিত করিয়াছিলেন। পিতার রাজত্বকালে যুবরাজ লক্ষ্ণদেন তাঁহার নানা অভি-यात्नत महाग्रक ছिल्म : वल्लाल एव किल्क विकास कतिशाहित्सन विनिधा উল্লিখিত আছে, তাহা লক্ষ্ণদেনের বাহুবলেই সম্পাদিত হইয়াছিল। স্থতরাং দেখা যাইতেছে লক্ষ্ণদেন বীরদর্পে বহিঃশক্রর আক্রমণ হইতে দেশ রক্ষা করিয়াছিলেন। কিন্তু দেশের মধ্যে তেমন শৃঙ্খলা স্থাপন করিতে পারিয়া-চিলেন কিনা সন্দেহস্তল। কারণ, তাহা হইলে তাঁহার রাজ্ত হিন্দুরাজত্ত্ব শেষ রাজত্ব হইত না।

লক্ষ্মণসেন পরম পণ্ডিত, নানাশাস্ত্রবিৎ, স্থকবি ও একান্ত বিভোৎসাহী এবং দানে কল্লতক ছিলেন। তাঁহার রাজ্ঞতের শেষভাগে তিনি শক্ষ্যচর্চা

^{*} J.A.S.B. 1896, part 1, plate 1, line 18-19 and p. 11 এই দাৰপক্ষ বিষয়ণ সেন .কৃত বলিছা নগেল বাবু উলেখ করেন। প্রত্যুক্ত রাখালদাস বন্দ্যোগাধার মহাশৃদ্ধ ইচাকে কেলব সেনের দানপত্র বলিছা সঞ্জমাণ করিছে চান।

অপেক্ষা শান্ত্রচর্চাতেই অধিকতর মনোযোগী হইয়াছিলেন। তাঁহার রাজ্ঞসভা পণ্ডিতপরিষদে পরিবর্তিত হইয়াছিল: নে পঞ্চরত্বপরিষদ অলক্কত করিরা ছিলেন :-- "গীতগোবিন্দ"রচ্মিতা জয়দেব, "প্রবন-দৃত"প্রণেতা কবিরাজ ধোমী, আসাধারণ কবি শরণ, মহামন্ত্রী উমাপতিধর, আর "আর্য্যাসপ্তশতী"র গ্রন্থকার গোবর্জন। সেনরাজগণের দঙ্গে দঙ্গেই বোপদেবকৃত মুগ্ধবোধ ব্যাকরণ দক্ষিণাপথ হইতে বঙ্গ দেশে আদে এবং তাঁহাদের অবসানের পরেও বঞ্জের অনেক প্রদেশে রাজত্ব করিতেছে। কিন্তু তবও তথন পাণিনির অনাদর ছিল না। এবং উহার সাহাযো বৈদিক শাস্ত্রচর্চার পথ স্থগম করিবার জ্বন্ত লক্ষ্মণদেনের আদেশে পুরুষোত্তমের "ভাষাবৃত্তি" রচিত হয়। লক্ষ্মণদেনের প্রাড়বিবাক বা প্রধান বিচারমতি হলায়ুধ বৈদিক ক্রিয়াকাণ্ডের প্রচলন জন্ত "ব্রাহ্মণসর্বাস্ব" রচনা করেন। মহারাজ লক্ষ্মণ নিজেও স্থকবি ছিলেন, তংপ্রণীত অনেক শ্লোক তাঁহার মৃত্যুর পর খ্রীধরদাস কর্ত্তক "সচক্তিকর্ণামতে" সংগৃহীত হয়। আরও কত কবি ও পণ্ডিত যে লক্ষ্ণসেনের রাজ্যভার শোভা-বর্দ্ধন করিতেন, তাহার ইতিহাস নাই। মহাকবি জয়দেবের "মধুর কোমলকান্ত পদাবলী" বঙ্গদেশে দেই তান্ত্রিকযুগে যে এক অপূর্ব্ধ প্রেমোন্মাদের উন্মেষ করিয়া দিয়াছিল, তাছাই হইয়াছিল চৈতক্ত যুগের ধর্মম্রোতের প্রবর্ত্তক। এই বিছা-চর্চার প্রভাব সমগ্র বঙ্গে বিস্তৃত হইয়াছিল।

শুধু বিভাচচ্চা নহে, ধর্ম ও সমাজসংশ্বারও সেনরাক্ষ্পণের প্রধান কর্ত্তব্য হইয়াছিল। বল্লালসেন সমাজের ছরবস্থা অপনয়নজক্ত ব্রাহ্মণ, কাম্বস্থ ও বৈভাদিগের কৌলীভ-মর্যাদা সংস্থাপন করেন; লক্ষ্পসেনের সমরে ভাহার বিশেষ ব্যবস্থা ও উৎকর্ষ সাধিত হয়। আমরা পরে তাহার বিশেষ বিবরণ দিব। এ কৌলীভাজ্ভ সমাজমধ্যে মহা আন্দোলন হয় এবং রাজ্য মধ্যে সর্ব্বাত্ত্ব পরিবর্ত্তন সাধিত হয়।

বল্লালের পূর্ব্ব পর্যান্ত বৌদ্ধমতই দেশের মধ্যে প্রধান ধর্ম ছিল। বল্লাল দেনও প্রথমে এই মতের পক্ষপাতী ছিলেন। পরে তিনিও তাত্রিক হিন্দু ধর্মে

[্]ৰ'লোবৰ্জনক শৱণো জয়দেৰ উমাপতিঃ ক্ৰিয়াজক ৱড়ানি পৰৈতে লক্ষণক চ। জগসনাতন লক্ষণ সেনের সভামগুণের যাত্রে এই লোক্ষ উৎকীর্থ দেখিয়াছিলেবঃ

দীক্ষিত হন। লক্ষণ দেন পরম ভক্ত হিন্দু ছিলেন। পিতা পু্ত্রের রাজস্ব কালে তাঁহাদের রাজ্যমধ্যে তল্পাক্ত দেবদেবী মূর্ত্তি নিশ্মিত হইয়া প্রতিষ্ঠিত হইয়াছিল। এখনও বছয়ানে এই দকল মূর্ত্তি বর্ত্তমান রহয়াছে। ইহা বাতীত আরও কত সহস্র মূর্ত্তি বিগমীর অত্যাচারে ও দৈশিক বিপ্লবে কতক বিনষ্ট কতক ভূপ্রোথিত বা নদীগর্ভগত হইয়াছিল, তাহার ইয়ত্তা নাই। যশোহর-খুল্নার দর্ম্বত্ত এই দকল মূর্ত্তি এখনও দেখিতে পাওয়া যাইতেছে। এই দকল মূর্ত্তির কতক ঠিক এই য়গেই নিশ্মিত হইতে পারে, কতক পরবর্ত্তী য়গে দেন-রাজগণের মূর্ত্তির অন্করণে নিশ্মিত হওয়া বিচিত্র নহে। এই দকল মূর্ত্তির মধ্যে চতুর্ভুজ বিয়ুমুর্তি, গণেশমূর্তি এবং নানা জাতীয় তল্পোক্ত দেবীমূর্ত্তিই প্রধান। *

চতুর্জ বাহ্নদেব প্রভৃতি চতুর্বিংশতি প্রকার বিষ্ণুমূই মধ্যে আনেক প্রকার মূহি যশোহর-পুল্নায় আছে। শঙ্কাচক্রগদাপদ্মের স্থাপনাভেদে এই বিষ্ণুমূত্তি সকল বিভিন্ন নামে অভিহিত করা হইয়াছে। † ইহার অধিকাংশ মৃত্তিই পাষাণমন্ত্রী; স্থানে স্থানে তুই একটি পিত্রল বা অন্ত ধাতু নিশ্মিত মৃত্তিও পাওয়া যায়। এখানে আদর্শস্বরূপ যে একটি বিষ্ণুমূত্তির চিত্র প্রদন্ত হইল, উহার নাম প্রীধর বা দামোদর। এই মৃত্তিটি কয়েক বৎসর পূর্বে মহেশরপাশা নিবাসী জ্রীযুক্ত হর্গাদাস মজ্মদার মহাশয়দিগের বাড়ীতে একটি পুক্রিণী খনন কালে ৮।১০ হাত মৃত্তিকার নিম্নে প্রাপ্ত হওয়া যায়। উহা এক্ষণে ঐ গ্রামনিবাদী জ্রীগোবিন্দতক্র ভদ্রের বাটীতে পুঞ্জিত হইতেছে।

সেনরাজগণের পূর্বে এতদঞ্চল মৃত্তিধারা গণেশ পূজা ছিল ন।। ভারত-বর্ষের অন্তত্ত আবহমান কাল এই গণেশ মৃত্তির পূজা প্রচলিত আছে। কিন্তু বঙ্গদেশে সেনরাজগণের আমলেই—উহা প্রচলিত হয়। আবার সে রাজত্বের শেষেই উহার বিলোপ হইরাছে। গাণপত্য মত এদেশে নাই। ইহাধারা বৃঝা যায়, গণপতি মৃত্তি এ অঞ্চলের অধিবাসিগণের অন্তঃকরণে কোন স্থায়ী ভক্তিভাবের প্রতিষ্ঠা করিতে পারে নাই।

একপ কত মূর্ত্তি আছে, তাহার সংখ্যা নাই। আগরা দৃষ্টান্তত্ততে ছই চারিটের উল্লেখ করিতেছি। পুল্ন। সহরত্ব কালীবাটাতে একটা বাহুদেবনূর্ত্তি, সেথহাটর ভুবনেখরী মন্দিবে একটা বিষ্ণুষ্ত্তি, মহেখর পাশায় প্রাগোবিন্দচন্দ্র ভত্তের মন্দিরে ২টি পাষাণমন্ত্রী ও একটা পিত্তল নির্মিত বিষ্ণুষ্ত্তি, লাউপালার মন্দির গাতে ১টা ও নডাইল বাবুদ্গের প্রাচীরগাত্রে ১টি বিষ্ণুষ্ত্তি আছে। ইহা বাত্রতি গ্লাধর, জনার্দ্দিন প্রভৃতি মৃত্তি অনেক হাবেই রক্ষিত আছে।

† শ্রীবিনোদ্বিহারি কাব্যত্রীর্থ বিষ্যাবিনোদ প্রণীত "বিষ্ণুষ্ত্তি পরিচয়" ফ্রাইব্য।



চতুভূজি বাস্থদেব মূর্ত্তি (মহেশ্বরপাশা) ২২২ পৃঃ!

শীসভীশচন্দ্র মিত্রের যশোহর-থুলনা ইতিহাসের জভ

দিখিজয়প্রকাশে বিৰুত হইয়াছে যে, মহারাজ লক্ষ্ণদেন যশোরেশ্বরীর মন্দিরসন্নিধানে চণ্ডতৈরবের এক মন্দির নির্মাণ করাইয়া দেন। বর্ত্তমান সময়ে ৮ যুগোরেশ্বরী মায়ের মন্দিরে যে চণ্ডুভৈরবের বাণলিঙ্গ প্রতিষ্ঠিত আছে. উহাও ঐ সময়ে নির্মিত হইয়াছিল কিনা বলা যায় না। বেথানেই কোন কারণে লক্ষ্মণসেনের সম্বন্ধ ঘটিয়াছিল, দেখানেই তিনি কোন দেবমুর্ত্তি প্রতিষ্ঠা দারা দে সম্বন্ধ চিরম্মরণীয় করিবার বাবস্থা করিয়াছিলেন। সম্ভবতঃ তিনিই ঐ স্থানে এক পৃথক মন্দিরে একটি গঙ্গামৃত্তি প্রতিষ্ঠা করিয়া যান। স্থন্দর-বনের বিপ্লবে যশোরেশ্বরীর প্রতিমার মত সে মৃত্তিও জন্মলের মধ্যে জন্মলাবৃত হইয়াছিল। প্রতাপাদিত্যের সময় উভয় মৃত্তি আবিষ্কৃত হয়। পুরাতন যশোরে-খরী দেবী সতাযুগ হইতে প্রতিষ্ঠিত ছিলেন বলিয়া লোকে তাঁহার কথা জানিত। গঙ্গামত্তি আবিষ্কারের পর তেমন পরিচিত হয় নাই। স্থতরাং উহা প্রতাপা-দিতোর প্রতিষ্ঠিত বলিয়া প্রকাশিত হইয়াছিল। এমন কি পুনরায় বিপ্লবের নধ্যে উহা কিছুকাল অদৃষ্ট অবস্থায় ছিল বলিয়া লোকে দে গঙ্গামূর্তির নাম পর্যান্ত ভূলিয়া গিয়া তাহাকে অন্নপূর্ণা দেবী স্থির করিয়া লইয়াছিল। পররতি-যুগের দলিলপত্রে এই অন্নপূর্ণ। নামই প্রচলিত হইয়া আসিতেছে। এ মূর্ত্তি অতি স্থন্দর; যে অপূর্ব্ব ভাম্বর-শিল্প এই মৃত্তি গড়িয়াছিল, পাঠান আমলের তামসবুণে তাহার কোন চর্চ্চা না থাকায়, পরবর্ত্তী আমলে এমন প্রতিমা প্রস্তুত করা অসম্ভব হইম্বাছিল। এই মকরবাহনা, মালাহস্তা দেবীর দেহ-ভঙ্গিমা অতীব মধুর এবং তাঁহার স্থনর মুখমণ্ডল হইতে যে দিবালাবণাপ্রভা বিকীর্ণ হইতেছে তাহাও অতুলনীয়। আমাদের মনে হয়, এই অপুর্ব্ব মূর্ত্তি দেনরাজত্বেরই সম্পত্তি। হুংখের বিষয় গঙ্গাদেবী অন্নপূর্ণা নামে পূজিত হইতেছেন এবং তাঁহার দেবোত্তর সম্পত্তিও সেই নামে চলিয়া আসিতেছে। *

যশোহর-থূল্নার সহিত সেন-রাজগণের আরও সম্বন্ধ ছিল। পূর্ব্বে বলিয়াছি,
এই যুক্ত জেলা একণে যে স্থান অধিকার করিয়াছে, তাহা পূর্ব্বে বাগ্ড়ী রাজ্যের
মন্তর্ভুক্ত ছিল। বলাল সেনের সমগ্র রাজ্য পাঁচটি প্রধান 'ভুক্তি' বা প্রদেশে
বিভক্ত ছিল, যথা:—বঙ্গ, মিথিলা, বরেক্ত, রাঢ় ও বাগ্ড়ী; মিথিলার পূর্ব্বনাম
ীরহুক্তি। এই ভুক্তিগুলি পুনরায় 'মগুল' বা মগুলিকায় বিভক্ত ছিল।

^{* &}gt; ११ --- ৮পृष्टी (१थून ।

মণ্ডল অতি প্রাচীন হিন্দু শক। ভাগবতাদি পুরাণেও মণ্ডলের কথা আছে।
মুদলমান বুগ হইতে মহল বা জেলা শক এই একই অর্থে ব্যবহৃত হইতেছে।
প্রত্যেক জেলায় যেমন একণে কতকগুলি করিয়া সব্ডিভিসন বা উপবিভাগ
আছে, সেনরাজ্বে মণ্ডলসমূহও সেইরূপ কতকগুলি 'বিষয়' বা 'শাসনে' বিভক্ত ছিল। এখনও বিষয় কথা চলিয়া আসিতেছে, ক্ষুদ্র জমিদার বা তালুকদার
প্রভৃতি 'বিষয়ী'-লোকে বিষয় কার্যা দেখে এবং বিষয় রক্ষা করে। দেশে
কু-শাসন থাকিলেও এখন আর "শাসন" কথার পূর্ব্ব অর্থ নাই, ব্রহ্মশাসন
প্রভৃতি গ্রামর নাম পূর্ব্ব শাসনের চিহ্ন রাধিয়াছে।

বল্লাল সেনের ৫টি থপু রাজ্য বা ভূক্তির জন্তু পাঁচটি প্রাদেশিক রাজ্ধানী ছিল। বঙ্গের রাজ্ধানী ছিল, বিক্রমপুরের অন্তর্গত রামপালে। লক্ষণ সেনের সময়ে তৎপুত্র বিশ্বরূপ এই স্থানে থাকিয়া প্রতিনিধিস্বরূপ বঙ্গ শাসন করিতেন। বল্লালের সময়ে বরেন্দ্রের রাজ্ধানী ছিল, পৌপুর্কনে। প্রকাণ্ড দীঘিকা, ছর্পপরিথা ও ইষ্টকন্তুপ ঐ স্থানের প্রাচীনন্দরে সাক্ষী আছে। লক্ষ্ণাসেন রাজ্য হইয়া পৌপুর্কনের কিছুব্র দক্ষিণে গঙ্গার সাম্নকটে স্থারমা লক্ষ্ণাবতী নগরী নির্মাণ করেন। মুস্লমানেরা উহাকেই লক্ষ্ণোতি বা গোড় বলিতেন। রাড়ের রাজ্ধানী ছিল সম্ভবতঃ বীরভূমের অন্তর্গত লক্ষ্ণোর নামক স্থানে। বঙ্গবিজ্ঞার পর পাঠানেরা এই স্থানে আছ্ডা করিয়াছিলেন। লক্ষ্ণোর মুদ্রিত পাঠান আমলের মুদ্রা পাওয়া গিয়াছে। মিথিলার রাজ্পাট কোথায় ছিল জানা যায় না। হয়ত লক্ষ্ণাসন ইহার শাসন কেল্রের জন্ত বর্ত্তমান পূর্ণিয়া জ্বলার মধ্যে রামাবতী নগরী নির্মাণ করিয়াছিলেন। "গেকণ্ডভোদয়া" গ্রন্থে লিখিত আছেঃ—"পুরী রামাবতী মৃত্ত ভবি বিখ্যাতনামিকা"। * কিন্তু বাগ্ডীর শাসনকেন্দ্র কোথায় ছিল হ

নবদ্বীপে সেনরাজগণের কোন রাজনৈতিক শাদনকেন্দ্র ছিল না। বলাল সেন বৃদ্ধ বন্ধসে এই স্থানে গঙ্গাধাদের আবাস স্থির করিয়াছিলেন। কুলকারিকা ছইতে জানা যায়ঃ---

> ''ম্ক্তিহেতু বল্লাল আসিল গঙ্গা স্নান জহু নগরোভরে করে যে বাদস্থান।''

नवदीरि रायान वल्लान नगत প্রতিষ্ঠিত হয়, এখনও रायान वल्लान मीवि

^{*} সাহিত্য, ১৩০১, ১৭ পুঃ, বাঙ্গালার পুরাবৃত্ত, ২০৪ পুঃ !



গঙ্গাদেবী, ঈশ্বরীপূর [২২৪ পৃঃ ।

শীসভীশ চল্র বিজের যশোহর-খুলনা ইতিহাসের জ্বন্থ

ও প্রকাণ্ড ভগ্নন্থ পূর্ব্ব পরিচয় প্রদান করিতেছে, তাহা এক সময়ে তিন দিকে ভাগীরথী বারা বেষ্টিত একটি স্থানর বীপ এবং তীর্থস্থান ছিল। ব্রাহ্মণ পণ্ডিতগণ বৃদ্ধ নৃপতির সহচর হইয়া এথানে আসিয়া নানা স্থানে বাস করিতেছিলেন। ব্রাহ্মণ পণ্ডিতের আগমনে এইস্থান একটি প্রসিদ্ধ শিক্ষাকেন্দ্র হইয়া পড়িয়াছিল। লক্ষ্মণসেনের সময়েও এখানে রাজ্যানী ছিল না, তুর্গ বা সৈন্থাবাস ছিল না। স্থতরাং ইহাকে আমরা প্রাদেশিক রাজ্যানী বলিতে পারি না। কিন্তু কানন-কৃত্তলা বাগ্ড়ী ভূমি নানা তুর্ক্ ভ্র জাতির বসতি হেতু ছর্জমনীয় ছিল। সেথানে নিশ্চয়ই কোনও শাসন-কেন্দ্র ছিল। তাহা কোথায় প

আমরা এই প্রশ্নের উত্তরম্বরূপ একটি অনুমান উপস্থিত করিতেছি। বহুদিন ভ্রমণ ও চিস্তার পর এই অনুমান সমীচীন বলিয়া মনে করিয়ছি; এজস্থ অসক্ষতিত ভাবে ইহা সাধারণের সমক্ষে প্রকাশিত করিলাম। হয়ত হয় অনুমান মাত্র। কিন্তু যে ঘটনা পরম্পরার সমাবেশে এই দিকে চিন্তা প্রবাহ সমাকৃষ্ট করিয়াছে, পাঠকের অবিশাসের পূর্ব্বে তাহা বিশেষভাবে বিবেচিত হওয়া বাঞ্চনীয়। যশোহর জেলায় নড়াইল স্বডিভিসনের মধ্যে, সিন্ধিয়া রেল ওয়ে প্রেশনের সমিকটে সেখহাটি বলিয়া একটি প্রাম আছে। ইহার নিম্নিয়া একণে ভৈরব প্রবাহিত, অপর পারে জগরাথপুর প্রাম। পূর্ব্বে ভৈরব জগরাথপুরের দক্ষিণ দিয়া প্রবাহিত হইত এবং তথন জগরাথপুর ও সেখহাটি একগারে পরম্পর সংলগ্ন ছিল। ভৈরব জন্মানরে দক্ষিণ হইতে উত্তরের দিকে গতি পরিবর্ত্তন কণিয়াছে; ভৈরবের সে প্রাচীন খাতগুলি জগরাথপুর গ্রামে এখন ও বিভামান আছে। এই জগরাথপুর সেখহাটিতে পূর্ব্বে কোন প্রাদেশিক রাজধানী ছিল বলিয়া মনে করি।

হানের অবস্থান এ অনুমানের প্রথম কারণ। একণে নদী নানা ভাবে
প্রবাহিত হইয়া হানটিকে নানা থতে বিভক্ত করিয়াছে বটে, কিন্তু পূর্ব্বকালে
এখানে একটি প্রকাও নগরী ছিল। বর্ত্তমান সময়ে চারিটি গ্রাম এই বিস্তীর্ণ
নগরীর চারি অংশ নির্দেশ করিতেছে। উত্তর দিকে বহির্ভাগ (বর্ত্তমান নাম
বাহির ভাগ), পূর্বদিকে দেবভাগ (বর্ত্তমান নামও তাহাই), দক্ষিণদিকে
ভণোবন ভাগ বা তর্পণভাগ ♦ (বর্ত্তমান নাম তপন ভাগ) এবং পশ্চিম দিকে

দিনাজপুরে তর্পণদীখিতে লক্ষ্মণদেনের রাজত্বের সপ্তম ববে প্রদন্ত দানপত্তের এক তাত্র-

শ্রেমভাগ (বর্ত্তমান পমভাগ)।—ইহা লইয়া নগরীটি ৪ মাইল দীর্ঘ ও চারিমাইল প্রস্থ হইবে। বহির্ভাগ হইতে রাজবর্ম পশ্চিমে কপোতাক ও পূর্বে চিত্রা পর্যন্ত ছিল। দেবভাগে নগরীর প্রধান প্রধান দেবালয় ছিল, উহার নিদর্শন আছে। তপোবনভাগে নিষ্ঠাবান্ ব্রাহ্মণগণের বাস ছিল, এখনও তপনভাগ একটি ব্রাহ্মণপ্রধান প্রসিদ্ধ স্থান। প্রেমভাগে পাছনিবাস, দেবালয় প্রভৃতি থাকিবার সম্ভব। জগন্নাথপুরের মত প্রেমভাগেও সে সময়ে সেথহাটির এক পারে ছিল। দক্ষিণে দেবপাড়া (বর্ত্তমান দেয়াপাড়া) নামক স্থানেও বিগ্রহ প্রতিষ্ঠিত ছিল, এথানেও অনেক ব্রাহ্মণের বাস আছে। উত্তর পশ্চিম কোণে এই নগরীর বাজার হাট ছিল, হয়ত সেথহাটি নামও পূর্বে সেনহট্, শঙ্করহট্, শঙ্কাহট্, বা শাঁথ হাট ছিল। পাঠান আমলে সেম্বানে সেথের বাসহেত্ ''সেথপাড়া'' গ্রাম হইলে হাটের নাম ও সেথহাটি হইয়া গিয়াছে। এথন নিকটবত্তী শাঁথারি গাতি, বাণিয়াগাতি কিছু পর্ব পরিচয় দিতেছে। সেনহট সহফে আমরা পরে আলোচনা করিব।

দিতীয়তঃ যেদিকে দেবতাগ অবস্থিত, সেই অংশে একটি স্থানকে বিজয়তলা বলে। স্থানীয় প্রবাদ এই—এ স্থানে বিজয়সেন রাজার বাড়ী ছিল। তিনি যে একটি দেবমন্দির নিম্মাণ করেন, তাহার ভগ্নাবশেষ আছে এবং তাহার সন্নিকটে একথানি পর্ণ কুটারে দেবীর উদ্দেশে নিতা পূজা হয়। এই মন্দিরের ভগ্নচিচ্চ যে চতুদ্দিকে আরও কত ভগ্নাবশেষ দ্বারা পরিবাণ্ড রহিয়াছে, তাহা বলা বায় না। সমস্ত জঙ্গলাকীর্ণ স্থানটি কতকগুলি প্রকাণ্ড অচিনের গাছের * অককারময়ী ছায়ায় সমাছের হইয়া, মানুষের বসতিনিলরের বহুদ্রে থাকিয়া, ভয়াভূরের রোমাঞ্চ সঞ্চার করিয়া থাকে। প্রবাদ একেবারে প্রত্যাখ্যাত হইবার নহে। উক্ত বিজয়সেন মহারাজ বল্লাল সেনের পিতা। তিনি বরেন্দ্রে প্রাত্ত্তি হইবার পূর্বের, সম্ভবতঃ তাঁহার ক্লিপ পাওয়া গিয়াছিল। (J. A. S. B. Vol. XI.IV.) এখানেও ভণনভাগের এক কোণে এক প্রকাণ্ড।

^{*} অচেনা বা অজানিত বৃক্ষ। এরপ গাছ আমাদের দেশে নাই। বটলাতার বৃক্ষ, পাতাগুলি কত কটা যজ্ঞ দুম্বের মত, ইংাতে এক নুতন রক্ষের ফল হয়। কোন কোন প্রাচীন কীর্ত্তিখনে ইহা দৈবাৎ দেখা যায়। কিন্তু দেখহাটতে বিজয়তলায় যেমন অনেক গুলি গাছে খান্টিকে জললাকীপ করিয়া রাখিরাছে, তেমন আরে অন্তত্ত দেখি নাই।

বিজয় বাহিনী এই পথে গিয়াছিল এবং তিনি এখানে কোন মন্দির নির্দ্ধাণ করাইয়াছিলেন; অথবা তাঁহার পুত্র বল্লাল বাগ্ড়ীর শাসনদণ্ড গ্রহণ করিয়া এইস্থানে যে রাজধানী প্রস্তুত করেন তাহাতে কোন দেবমন্দিরের দারা পিতৃনাম স্মরণীয় করিয়া রাথিয়াছিলেন।

তৃতীয়তঃ হিন্দু বৌদ্ধের কোন প্রধান কীর্ন্তিস্থান দেখিলেই সেখানে মুদলমানগণ প্রথম অধিবেশন করিয়াছিলেন। জগল্লাগপুর প্রভৃতি দেইরূপ স্থান। পাঠানদিগের পত্তনে এথানকার অনেক লোক মুদলমান হয়, এবং অদিকাংশ স্থান ত্যাগ করে। এথন জগল্লাথপুরে চৌদ্দ আনা মুদলমান। ঐ গ্রামের একাংশ এখনও 'পাঠান পাড়া'' নামে পরিচিত। ঐ পাঠানদিগের এখনও অনেক ''চেরাকী'' জমি আছে। সেথপাড়া, দিক্ষিল্পা মুদলমানে পূর্ণ। এখন দকল স্থানে অনেক মুদলমান আছেন, যাঁহাদের ২।০ পুক্ষ পূর্ব্বে আচার ব্যবহার হিন্দুর মত ছিল।

চতুর্থতঃ, এইস্থানে যে সকল দেববিগ্রহ্ বা দেবালয়ের চিহ্ন পাওয়া গিয়াছে, তাহাতেও অনেকটা সেনরাজগণের সময় নির্দেশ করে। সেথহাটি গ্রামে কামার পাড়ার উত্তরে হৃদকণ্ঠনামক পুন্ধরিণীতে একটি বড় গণেশমূর্ত্তি পাওয়া যায়। উহার নিকটে বারুইদিগের একটি পুন্ধরিণীতে একটি বাস্থদেব ও একটি গণেশমুর্ত্তি পাওয়া যায়। এই ছুইটি গণেশ 💩 একটি বাস্থদেব মূত্তি এই স্থানের জমিদার নড়াইলবাবুদিগের বাটীতে নীত হয়। ঐ তিনটি মূর্ত্তিই এক্ষণে ৮ রাজকুমার রায় জমিদার মহোদয়ের বৈঠকথানার প্রাচীরে গ্রাথিত রহিয়াছে। তুদকণ্ঠ পুকুরের সন্ধিকটে একটি স্থানকে মঠবাড়ী বলে, এথানে অনেক ইষ্ঠকন্তপু আছে। গ্রামের মধ্যে কয়েক স্থানে গভীর পরিথার গাত বর্ত্তমান রহিয়াছে। সম্ভবতঃ একটি বাহিরের গড়থাই এক সময়ে আফরার থালে পরিণত করা হইয়াছিল। সেথহাটিতে অন্ত একটি পুকুর কাটিতে একটি প্রকাণ্ড ভূবনেশ্বরী মূর্ত্তি পাওয়া যায়; প্রতাপাদিত্যের অস্ততম শেনাপতি কালিদাস রায় এখানে বসতিস্থাপন করিবার সময়ে উক্ত ভূবনেশ্বরী ^{মৃত্তির} দেবার ব্যবস্থা করেন। ঐ ভুবনেশ্বরী মন্দিরে একথানি চতুর্ভুক বাস্থদেব মূর্ত্তি আছে, তাহাও ঐ ভাবে ভুগর্ভে প্রাপ্ত। এমুর্তিটি ২ — « x > →০ হিঞ্চি পরিমিত। এই গ্রামে ৺কালাচাঁদ পণ্ডিত তাঁহার বাটীর নিকটে একটি পুছরণী থনন কালে একথানি ক্ষুদ্র (২ × ১২ ইঞি) ভ্রনেশ্বরীর পাষাণমূত্তি পান। মৃত্তিথানি ক্ষুদ্র হইলেও অবিকল বড় মৃত্তির মত বড়্ভুজা, সিংহবাহিনী ও নানালন্ধারবিভূষিতা। বন্ধ আদিতাচক্র পণ্ডিত ঐ মৃত্তির নিতা পূজা করিয়া থাকেন। এই গ্রামে এইরূপ ষে কত ভগ্গ অভগ্গ দেবদেবী মৃত্তি পাওলা গিলাছে, তাহার সংখ্যা নাই। গণেশমূত্তির কল্পেকটি মাত্র উল্লেখ করিয়াছি, অভ্য অনেকগুলি মৃত্তি স্থানান্তরিত হইয়াছে। এই বিজুমৃতি, গণেশমৃত্তি এবং তল্পোক্ত ভ্রনেশ্বরী প্রভৃতি বিবিধ দেবী মৃত্তির পূজাপদ্ধতি সেনরাজগণই প্রথম প্রবৃত্তিত করিয়াছিলেন। মৃত্তিশিল্পের তেমন উৎকর্ষ পরবর্তী যুগে আর হয় নাই। এই সকল নিদশন হইতে আমরা প্রাপ্ত বলিতে পারি, এই স্থানে দেনরাজগণের কোন প্রথম কর্ষান বা শাসন কেন্দ্র ছিল।

পঞ্চমতঃ, পূর্বের যে প্রকাণ্ড ভূবনেশ্বরী মৃত্তির কথা বলা হইল, উহাই সেন-রাজত্বের প্রধান প্রমাণ। এ মৃত্তি এক অপূর্ব্ব ভাস্কর-শিল্পের নিদর্শন; এমন অতলনীয় সর্বাঙ্গস্থলরী পাষাণ্ময়ী দেবী প্রতিমা যশোহর-থুল্নায় আর কোথায়ও নাই, সমগ্র বঙ্গদেশের কোথায়ও আছে কিনা দন্দেহ স্থল। শিল্পী এ মৃত্তির মুখমগুলে যে অন্তুপম দেব-ভাব ফলাইয়া শিল্পকলার চরমোৎকর্ষ প্রদর্শন করিয়াছেন, তাহা ছই হাত তুলিয়া প্রশংসা করিবার জিনিস। দেবদেবীর মৃত্তির বদনমণ্ডলের চতঃপাখে এক স্বর্গীয় জ্যোতিঃ বিকীর্ণ হইয়া থাকে, ইহা মুখের ভাষায় বুঝান যায়, চিত্রপটে বর্ণরেখায় প্রতিফলিত করা যার, কিন্তু পাষাণের গায়ে, পাষাণের ভাষার পাষাণের রেখায় দে ভাব অভিব্যক্ত করা অতীব হঃসাধ্য কার্যা ; কিন্তু পাঠক এ মূর্ত্তি দর্শন করিলে অবশ্রুই স্বীকার করিবেন, যে এক্ষেত্রে শিল্পী সাধকের মত সে কার্যাও সিদ্ধ করিয়াছেন। যে ধাানে এ মৃত্তির পূজা হয় তাহা হইতে জানা যায় যে, মা করুণামৃতবর্ষিণী দৃষ্টিতে সাধকের প্রতি চাহিন্না আছেন; বাস্তবিকই তাহাই, মান্তের করুণার্দ্র ও নিম্নষ্টি চকুর্দম এবং বরাভয়প্রদর্শক হস্তব্যের ভঙ্গিমা দেখিলে এ ভাব সহক্ষেই অমুভূত হইবে। হৃদয়ে চিত্র টানিয়া আনিয়া নয়নপটে কিরূপে অন্ধিত করা যায়, দর্শকের প্রাণে বিখাস ও আখাসের উল্লেক্ করিয়া দিয়া এ মূর্ত্তি তাহা বুঝাইয়া দিতেছে। যে বৌদ্ধমুগে জ্ঞানবৈরাগাদীপ্ত ধাানী বুদ মূর্ত্তিতে এবং হিন্দুর্গে আগমান্তুশাদিত দেব প্রতিমান্ন নরশিল্পী মানুহের আদর্শে





ভূবনেশ্বরী মূর্ত্তি।

পাষাণপিতেও দেবদেবী গড়িয়া তাহাতে মাম্ব ও দেবতার পার্থকা প্রভাক্ষরণে বুঝাইয়া দিতেন, এ মৃত্তিও সেই যুগের সম্পত্তি। সেনরাজ্ঞগণ যেমন সাহিত্যে তেমনই শিলে বঙ্গদেশে এক নবযুগের অবতারণা করিয়াছিলেন। তাঁহাদের সঙ্গে সঙ্গে হিন্দু রাজ্বত্বের অবসানে সে যুগ আর প্রভাগেত হয় নাই। কত যুগান্তর হইয়া গিয়াছে, তাই আমরা সে গৌরবময় যুগের কথা ভূলিয়া গিয়াছি। এখন আমাদের মুখের কথা—'তে হি নো দিবসা গতাঃ।' এ মূর্ত্তি দেখিয়া কে বলিবেন যে বঙ্গদেশে ভাস্কর শিরের কোন প্রাথান্ত ছিল না এবং বঙ্গের বাহিরে এমন মূর্ত্তি না দেখিয়া কে বলিবেন যে বঙ্গদেশে ভাস্কর্যের কোন বিশেষত্ব ছিল না ৪

দেখহাটির ভ্বনেশ্বরী মূর্ত্তি ৫ ফুট উচ্চ এবং ২ — ৫ ইঞ্চি প্রস্থা। ইহা শূর্পাকৃতি একথানি কঠিন কৃষ্ণ প্রস্তবে নির্মিত। পাদপীঠে সমাসীনা দেবী দক্ষিণপদ বিলম্বিত করিয়া বট্কোণচক্রস্থ দিংহের উপর সন্নিবিষ্ট করিয়াছেন। পদতলে নানাম্থে দণ্ডায়মান ও অর্জনাম্বিত দিংহগুলির চারিটি দেখা যাইতেছে। দেবীর হুই পার্মে হুইটি স্তম্ভ এবং মস্তকের উপর মন্দিরের আদর্শ অঙ্কিত হইয়াছে। মন্দিরের উপরিভাগে মধ্যস্থলে মহাকালের মন্তক এবং হুই পার্মে হুইটি বিভাধরের মৃত্তি। দেবীর পদতলস্থ দিংহাসনের পার্মে দ্তীগণ চামরাদি নানা সেবা-সামগ্রী লইয়া উপবিষ্ঠা। দেবী বড়ভ্জা, দক্ষিণদিকে উদ্ধাধোলানে প্রমৃ, চাপ ও বর এবং বামভাগে পাশ, অভয় ও শব্দ ধারণ করিয়াছেন। দেবী ত্বনেশ্বরী বলিয়া পৃজিত হইলেও ইনি প্রকৃত পক্ষে ত্রিপুটেশ্বরী এবং ভ্রোক্ত নিম্ন লিখিত ত্রিপুটা-ধ্যানে ইহার পৃক্ষা হয়।


পারিজাত বনে রম্যে মগুপে মণি কৃটিমে।
রত্নসিংহাসনে রম্যে পদ্মে ষট্কোণ-শোভিতে॥
অধস্তাৎ কল্পরক্ষন্ত নিষ্ধাং দেবতাং স্বরেৎ।
চাপং পাশাব্রসরসিজান্তর্কং পূলাবাণান্॥ *
সংবিত্রাণাং করসরসিজৈ রত্নমালীং ত্রিনেতাং।
হেমাজাভাং কুচভরনতাং রত্বমন্ত্রীরকাঞীং॥

[»] তত্রসারে বেথিতে পাই বে অধুন ও সরসিজ উভর শব্দের প্রয়োগে প্রায়ুগল বুঝাইবে, অধুন বলিতে শথ বুঝাইবে না। কিন্ত এখানে দেবীর হতে শথই আছে। তিন্তুসার, বসিক্মোহন চটোপাধ্যারের সংক্ষরণ, ১৭৯-৮০ পুঃ]

বৈএবেরাজৈ বিনমিততহং ভাবরেচ্ছক্তিনাভাং।
চামরাদর্শ-তাম্বল-করগুক-সমূল্যকান্॥
বহস্তীভিঃ কুচার্তাভি দু তীভিঃ পরিবারিতাং।
করুণামূত্রবিদ্যা পশুস্তীং সাধকং দুশা॥

এই মৃত্তি প্রথমতঃ স্থবিখ্যাত কালিদাস রায়ের সময়ে এক পুন্ধরিণী খনন কালে প্রাপ্ত হওয়া যায়। কালিদাস প্রতাপাদিতোর অন্ততম সেনানী ছিলেন। তিনি এই মৃত্তির দেবতা নির্ণয় করিবার জন্ম প্রতাপাদিত্যের আশ্রিত ধলবাড়িয়ার প্রসিদ্ধ ভট্টাচার্যাদিণের জনৈক স্থবিজ্ঞ পণ্ডিতকে আনাইয়া মৃত্তির ধাান ও পূজা পদ্ধতি স্থির করেন এবং মন্দির নির্ম্মাণ করিয়া দেবী প্রতিষ্ঠা করেন। বছদিন পর্যান্ত এ অঞ্চলের জমিদারী তদ্বংশীয়দিগের হল্তে ছিল। পরে নবাব সরকারে তাহাদের থাজনা বাকী পড়িলে উহা পরিশোধ করিয়া দিয়া চাঁচডার রাজা মনোহর রায় ১৬৯০ খুষ্টাব্দে ইহা স্বীয় জমিদারী ভুক্ত করিয়া লন। শতাধিক বংসর যাবং পূজার বাবস্থাদি চাঁচড়ার রাজগণের ঘারা হইয়াছিল। পরে ১৭৯৭ খৃষ্টাব্দে চিরস্থায়ী বন্দোবস্তের ফলে এ প্রদেশ বাকী থাজনার নিলামে চাঁচডার হস্তচাত হয় এবং কলিকাতার স্থপ্রসিদ্ধ ঠাকুর বংশের পূর্ব্বপুরুষ ⊌গোপীমোহন ঠাকুর উহা খরিদ করেন। তিনিই ভুবনেশ্বরীর বর্ত্তমান মন্দির ও বেষ্টন প্রাচীরাদি নির্ম্মাণ করিয়া দেন। কিন্তু সে মন্দির এক্ষণে জরাজীর্ণ, দরজা জানালা ভাঙ্গিয়া গিয়াছে, প্রাচীরের থিলান ফাটিয়া গিয়াছে, মন্দিরের ভিতরের অবস্থা অতি শোচনীয় হইয়াছে, মন্দিরপ্রাঙ্গণ জঙ্গলাকীর্ণ হইয়া পড়িয়াছে। সেখহাটি এক্ষণে নড়াইলের বাবুদিগের জমিদারীর অধীন। কিন্তু ছঃথের বিষয়, তাঁহারা এ মন্দিরের সংস্কার জন্ম কিছু মাত্র মনোযোগ করিতেছেন না। দেবীর নিত্য পূজার অতি দীন ব্যবস্থা আছে। এখনও দেবীর পূজাদিতে রাম্ব-বংশীয়দিগের নামে সংকল্প করা হইয়া থাকে। আমরা এই প্রাচীন কীর্ত্তিরক্ষার দিকে কীত্তিমান, কতবিভাও হৃদয়বান নড়াইলের জমিদার বাব্দিগের কুপাদৃষ্টি জ্বাকর্ষণ কবিতেছি।

গত ১৯১১ খৃষ্টাব্দে ঢাকায় দালবাজারে লক্ষণসেনের সময়ে নির্দ্মিত চণ্ডী-দেবীর পাদদেশে একটি শিলালিপি আবিষ্কৃত হইয়াছে। প্রীযুক্ত রাথালদাস বন্দোপাধায় মহাশয় তাঁহার "লক্ষণসেন" শীর্ষক প্রবন্ধের সহিত ঐ মুষ্টি &



লিপির প্রতিক্বতি প্রকাশ করিয়াছেন। * ঐ লিপি হইতে জানা যায় মৃতিটি শ্রীমলক্ষাণদেন দেবের রাজত্বের তৃতীয় বর্ষে সম্পন্ন হয়। ঐ চণ্ডী মৃত্তির সঙ্গে পূর্ব্বোক্ত ভূবনেশ্বরী মূর্ত্তির পাশাপাশি তুলনা করিলে দেখা যাইবে যে ছুইটি মৃত্তি যেন একই শিল্পী দারা একই সময়ে গঠিত। একই দেবতা হইলে কথা ছিল না, কিন্তু বিভিন্ন দেবতার মূর্ত্তিতে ভাবভঙ্গি ও বন্ত্রালভারের বিশিষ্ট সমতা দেখিলে শিল্পী ও সময়ের অভিন্নতার দন্দেহ না হইয়া পারে না। ছইটি মৃত্তির প্রভেদ এই যে চণ্ডীমৃত্তি চতু জ্বাও দণ্ডায়মানা এবং ভুবনেশ্বরীদেবী বড়্ভুজা ও নিষ্ধা। অব্থা চক্ষুর্মের দিব্য করুণার্দ্রিটেতে, অভয়মুদার হস্ত-ভিন্নিমায় এবং সমাদানা মৃত্তির ধীর গম্ভীর শান্ত মধুর অঙ্গপ্রতিভায় ভূবনেশ্বরী মতুলনীয়া। কিন্তু উভয় মূর্ত্তিতে একই প্রকারে কারুকার্যাথচিত বন্ত্র একই ভাবে পরিহিত, অলম্বারগুলি প্রায় সবই এক এবং অভিয়ন্ত্রপে প্রতি অঙ্গে সংযোজিত হইয়াছে; মন্তকের মুক্ট, কর্ণের কুগুল, কণ্ঠের হার, বক্ষের কঞ্চনী, বিপুল প্রোধ্রের উপর একই ভাবে বিলম্বিত রত্নমালা, উন্মুক্ত নাভি, তল্লিয়ে প্রশস্ত রত্নকাঞ্চী, একই প্রকারে দক্ষিণদিকে বৃদ্ধিম কটাদেশ, হস্তদ্ধরে একই ভাবে সংবদ্ধ কেয়ুর মালা ও পদদ্বে মঞ্জীর, ছই পার্মে ছইটি ভাজ ও ততুপরি মন্দির-প্রতিকৃতি, একই প্রকার, শূর্পাকৃতি সমগ্র প্রস্তর ফলক এবং পদতলে একই প্রকারে অঙ্কিত অর্দ্ধশান্তিত সিংহ ও উপবিষ্ট দৃতীগণ-এই সমস্ত দেখিলে ্কং ন বলিয়া পারে না যে এই ছুইটি মূর্ত্তি একই সময়ে সম্ভবতঃ একই কারিকর ধারা প্রস্তত। চণ্ডীমন্তি লক্ষণদেনের আমলে প্রস্তুত হইলে, ভুবনেশ্বরী মৃতিও ্য ঠাহারই সময়ে বা অগ্ড্যা ওাঁহার পুত্রের আমলে নির্মিত হইয়াছিল, তাহাতে ্কান সন্দেহ হইতে পারে না। লক্ষ্ণদেন ধেখানে এমন স্থন্দর স্বতুলনীয় প্রকাণ্ড দেবীমৃত্তি প্রতিষ্ঠা করিয়াছিলেন, সেথানে তত্বপ্রোগী বুহৎ মন্দির ছিল; এবং শুধু তাহাই নহে, যেখানে পূর্ব্বোক্তরূপ অসংখ্য দেবদেবী মূর্দ্তির প্রতিষ্ঠা হইব্লাছিল, সেধানে যে দেন-রাজগণের বাগড়ী ভূক্তির এবং অগত্যা ত্রত্ত্তি কোন মণ্ডলিকার প্রাদেশিক রাজধানী ছিল, তাহা নিঃসংশয়ে অনুমান করা যাইতে পারে।

দিখিজয় প্রকাশে বর্ণিত হইয়াছে যে লক্ষ্ণদেন সেনহট্ট নামক এক নগর

[.] J. & P. A. S. B., July, 1913.

প্রতিষ্ঠা করেন। ইহা দ্বারা বর্তুমান খুলুনা জেলার অন্তর্গত বৈক্তপ্রধান সেন-হাটি গ্রামকেই লক্ষা কবা হইয়াছে বলিয়া মনে হয়। কিন্তু যথন লক্ষ্যসেন রাজা তথন কি সেনহাটি গ্রামে লোকের বাস ছিল ? এই স্থান প্রথমে জলমগ্র ছিল, তাহারই মধ্যে প্রামের উদ্ভেদ হইতে থাকে। এই জলমগ্ন স্থানকে ছুঁচহাটির বিল বলিত। পরে যেখানে জমির পত্তন হইয়া ক্রমে জন্মল হইয়া গেল, তথায় আসিয়া চক্রবন্তিগণ জঙ্গল কাটাইয়া বাস করেন: উহারাই এখানকার ''কাটিকাটা বাদিনা", এজন্ম উহাদের উপাধি হয়, "কাটানি।" ইহারা কাটানি গাঁইভুক্ত ব্রাহ্মণ। কাটানিগণ এখন একটি স্বতন্ত্র পাড়ার বাস করিতেছেন। ক্রমে এখানে অঞ ব্রাহ্মণ ও নিমুশ্রেণীর কায়স্থগণের বাস হইতে থাকে। তৎপরে বৈছ্য ধরস্তরি বংশের পূর্ব্ব পুরুষ কৌলিন্তে খ্যাতিমান হিঙ্গদেন এখানে আসিয়া বাস করেন। * হিষ্কুদেন হইতে একণে ১৯ পুরুষ হইয়াছে। বৈগুৰংশের উন্নতি, বালাবিবাহ ও বংশ-বৃদ্ধি বিবেচনা করিয়া প্রত্যেক পুরুষে ২৫ বৎসর ধরিলে উহাতে কোন ক্রমে৫০০ বংসরের অধিক হয় না। কিন্তু লক্ষণসেন সাত শত বংসরের পূর্বের প্রান্তর্ভূতি হইয়াছিলেন। স্কুতরাং লক্ষ্ণসেনের আমলে সেনহাটি নাম ছিল কিনা বিচার-সাপেক। হয়ত লক্ষ্ণদেনের সময়ে দেখহাটির নামই হইয়াছিল, দেনহটু। পরে সেস্থান সেথহাটি হইরা গেলে হিস্কুদেনের সময় হইতে ছুঁচহাটির নাম হয় সেনহাটি। অবশ্য ইহাকে অফুমান ভিন্ন আরু কিছুই বলিতে পারি না।

মুসলমান ঐতিহাসিকেরা লিথিয়াছেন, লক্ষণসেন পাঠান বিজ্ঞের পর নবন্ধীপ হইতে শাঁথনাটে পলাইরা যান। এই শাঁথনাট কি সেনহাট, শাঁথহাট বা শঙ্করহাট হইতে পারে না ? মদনপাড় ও ইদিলপুরের তামলিপি হইতে জানিতে পারি দেন-রাজগণের পূর্ণ নাম ছিল—অরিরাজর্যত শঙ্কর গোঁড়েখর বিজয়সেন দেব, অরিরাজন্য শঙ্কর গোঁড়েখর বলালদেন দেব, অরিরাজন্য শঙ্কর গোঁড়েখর বলালদেন দেব, অরিরাজন্য শঙ্কর গোঁড়েখর বলালদেন দেব, অরিরাজ-অসহ শঙ্কর গোঁড়েখর কেশবসেন দেব এবং অরিরাজ ব্যভাক শঙ্কর গোঁড়েখর বিশ্বরূপসেন দেব। সকলের নামেতে শঙ্কর আছে। সেনরাজ-প্রতিষ্ঠিত স্থান শঙ্করত্ত হওয়া সন্তব নহে কি ? কেহ কেহ শাঁথনাটকে

 ^{&#}x27;রাচ্ং তাজা সেনহট নগরীমধাবাস সঃ।''

কটিকঠহার প্রণীত "সবৈগ্রকুগপঞ্জিক।"-- ৪৭ পৃ:।

জগরাথ করিয়া লইয়াছেন। সেথহাটিরও একটি পূর্বনাম ছিল জগরাথপুর।
ক সে নাম এখনও চলিতেছে, হয় ত এই সমস্ত জ্বানার মধ্যে কিছু চিস্তা করিবার
বিষয় আছে।

দশম পরিচ্ছেদ—দেন-রাজত্বের শেষ।

লক্ষণসেনদেব যথন পিতৃসিংহাসনে আরোহণ করেন. তথন তাহার বিষদ ৫০ বৎসর। তাঁহার রাজত্বলাল ২৭।২৮ বৎসর। তন্মধ্যে প্রথম কয়েক বংসর তিনি পূর্ণ প্রতাপে রাজত্ব করেন। তাঁহার বীরত্বের অভিযানের যে সব কথা আছে, তাহার কতক তাঁহার পিতার রাজত্বলালে সম্পন্ন করিয়াছিলেন বলিয়া বোধ হয়। যথন তাঁহার বয়স ৭০ বৎসর পার হইল, তথন তিনি রাজকার্যা একপ্রকার পরিত্যাগ করিয়া গঙ্গাবাসের জন্ম নববীপ আসেন। এ সময় তাঁহার পুত্র মাধব, কেশব ও বিশ্বরূপ তিন জনই প্রাপ্তবয়য়। স্থাধবয়য়। পাতার রাজত্বলালে তিনি তৎসঙ্গে নাগাবতীতেই থাকিতেন। কেশব সম্ভবতঃ রাঢ় অঞ্চল শাসন করিতেন। এবং বিশ্বরূপ একপ্রকার স্বাধীনভাবেই স্থান্ব বিক্রমপুরে শাসনদণ্ড পরিচালনা করিতেছিলেন। বাগ্ড়ীর অন্তর্গত বশোহর-খূল্না তথন তাঁহারই তত্বাবধানেছিল। এথানে পৃথক্ কোন রাজপ্রতিনিধি ছিলেন কিনা বা কে ছিলেন, ঠিক জানা যায় না।

লক্ষণসেন যথন গন্ধাবাদের জন্ম নবদীপ আসেন, তথন মাধবই গৌড়ের ভার প্রাপ্ত ছিলেন। এই সময়ে তিনি একবার বন্ধতাগ করিয়া তীর্থবাত্তায় কেদারনাথ যান; কুমায়ুনে যোগেখরের মন্দিরে মাধবদেন ক্বত দানপত্তের তাদ্র-কলক আবিষ্কৃত হইয়াছে। † তৎপরে মাধবদেনের আর কোন সংবাদ পাওয়া

শ্রীগুরু নিবিসনাধ রায় অব্য়ান করিয়াছেন যে লক্ষণসেন সমতটে বা ক্ষরবনে গয়াছিলেন। শাবতা, ১০২০, ফারুন, ৬৮৯ পুঃ

[†] Atkinson's Kumaon, p. 516; J. A. S. B. 1896. p. 28.

যায় না। সম্ভবতঃ তিনি রাজধানীতে প্রত্যাগত হইবার অবাবহিত পরে অকালে মৃত্যুমুখে পতিত হন। এজন্ত বৃদ্ধ নৃপতিকে আরও বৈরাগ্যপরায়ণ করিয়ছিল। এখন হইতে কেশব রাঢ়ও বরেক্স উভয় প্রদেশ শাসন করিতে থাকেন। কিন্তু তিনি বিশ্বরূপের মত বীর বা স্থদক্ষ ছিলেন না। এজন্ত ফল হইল, রাজ্যমধ্যে বিপ্লব ও ষড়্যন্ত্র। বল্লাল ও লক্ষণ যে কোলীন্তের স্থাই করিয়া সমাজসংস্থারে হস্তক্ষেপ করেন, সেই দেশময় আন্দোলনেই লোক ব্যতিবাস্ত ছিল। কাহার কুল গেল, শীল গেল, কে কিন্তুপ মর্য্যাদা পাইল তাহাই তথন একমাত্র আলোচ্য বিষয় ছিল। বল্লাল কুলীনদিগের কুললক্ষণ রক্ষার পর্যাবেক্ষণ জন্ত যে ঘটকগণকে নিযুক্ত করিয়াছিলেন, তাঁহারা প্রাপ্তিযোগের অন্থপাতে স্তাবকতা বা কুৎসারটনা দারা দেশ তোলপাড় করিয়া ভুলিয়াছিলেন।

সেনরাজ্বে সংস্কৃতের নবচর্চ্চা ঘটক-কারিকারই পুষ্টিসাধন করিতে লাগিল। যথন সকলেই সমাজ লইয়া ব্যস্ত, রাজমন্ত্রণা-গৃহ সামাজিক বিচারে কোলাহলমন্ত্র, মহাসান্ধিবিগ্রহিকের মন্তিক কুলের কুটতর্কে বিলোড়িত, তথন দেশের দিকে কাহারও দৃষ্টি ছিল না

বৃদ্ধ রাজা ব্রাহ্মণপণ্ডিত দ্বারা পরিবৃত হইয়া শাস্ত্র ও পরলোকচর্চ্চায় স্বচ্ছলে নবদ্বীপে গঙ্গাবাস করিতেছিলেন। গৌড় হইতে নবদীপ পর্যাস্ত গঙ্গার ছই ধারে অসংখ্য ব্রাহ্মণ কাম্বস্থ কুলীনের বাস হইয়াছিল। সকলেই নবদ্বীপে রাজার সভার আসিতেন কিন্তু আসিতেন কুলমর্যাদার জন্ম, রাজকার্যার জন্ম নহে। পূর্ব্বে বলা হইয়াছে যে নবদ্বীপে শাসনকেন্দ্রস্বরূপ কোন রাজধানী ছিল না। বৃদ্ধ রাজার প্রাসাদ রক্ষার জন্ম সামান্ত সংখ্যক প্রহরী মাত্র ছিল। এই সময়ে মুসলমান আক্রমণ হয়।

মহম্মদ-ই-বক্তিয়ার * নামক থিলিজীবংশীয় এক অজ্ঞাতনামা বিকটমূর্ত্তি তুর্ক দৈনিক, দিল্লীখর কুতবউদ্দীনের নিকট হইতে এক জায়গীর পাইয়া মগধে আসেন। দেখানে দেশ লুঠনাদি দ্বারা যথেষ্ট ধন সঞ্চয় ও সৈশুসংগ্রহ করেন এবং বিহারদুর্গ হস্তগত করিয়া লন। জিগীধা জাগিলে থামে না। বঙ্গের অবস্থা তাঁহার

ই'হার প্রা নাম ইকতিয়ার উপীন মহম্মদ-ই-বক্ত ইয়ার বিলিয়ী। বক্ত-ইয়ার ই'হার
পিতার নাম। স্তরাং বঙ্গ-বিলেভাকে ইক্তিয়ার উদ্দীন বা সংক্ষেপ্তঃ মহম্মদ বিলিয়ী নামে
অভিহিত করাই সঙ্গত।

জানিতে বাকী ছিল না। যথন তিনি বঙ্গবিজ্ঞের কল্পনা করিতেছিলেন, তথন গৌড়ের যড়্যন্ত্রকারিগণের সহিত উপঢ়ৌকনের আদানপ্রদানে পূর্বেই বঙ্গের সহিত তাহার সম্বন্ধ স্থাপিত হইয়াছিল। বিখাদঘাতকতা ব্যতীত এদেশের কথনও পরাজ্ঞর হয় নাই। উপঢ়ৌকনের গৌরব রক্ষার জ্ঞাফলিতজ্যোতিষীর ভাগ্যগণনা দেশমর লোককে জড়ভাবাপন্ন করিয়া তুলিল। দেশের তুর্ভাগ্য বক্ত-ইয়ার বা ভাগ্যবানের পুত্রের ভাগ্যে পরিণত হইল। মহল্পদ-ই-বক্তিম্মার বঙ্গবাতা করিলেন, কিন্তু গৌড়ে না আদিয়া তিনি প্রথমেই নবন্ধীপে গেলেন; কারণ, জানিতেন বঙ্গাধিপ লক্ষ্ণসেন এইস্থানেই বাস করিয়াছিলেন।

মীনহাজ-ই দিরাজ নামক একজন মুদলমান ঐতিহাদিকের তবকাত-ইনাদারি * নামক প্রন্থে বঙ্গাধিকারের প্রদন্ধ আছে। ঐতিহাদিক মীনহাজ বঙ্গবিজ্ঞারে প্রায় ৬০ বংসর পরে গৌড়ে আদিয়া সমস্থানীন নামক একজন বৃদ্ধ দৈনিকের পুরাতন গল্ল হইতে প্রমাণ সংগ্রহ করিয়া অসন্ধোচে সমগ্র বাঙ্গালী জাতির
মধে কালিমা মণ্ডিত করিয়া দিয়াছেন। তিনি বলেন মহল্মদ দৈয়্য-সামস্ত জন্মলে
ল্কাইয়া রাথিয়া সপ্তদশ অখারোহী সহ 'নোদিয়া' রাজধানীতে উপস্থিত হইয়া,
প্রহরীদিগের হত্যাসাধন করত পুরীর মধ্যে প্রবেশ করেন এবং তথন পশ্চান্তাগ
হইতে বৃদ্ধ রাজা 'লছমনিয়া' † জগলাথে বা পূর্ববঙ্গে পলায়ন করেন। বঙ্গবিজ্ঞয়কাহিনীর ইহাই আবার একমাত্র প্রমাণ।

কিন্তু এ অলোকিক দিখিজয়কাহিনী বিশ্বাসবোগ্য নহে। বন্ধিমচন্দ্র অভিশাপ দিয়া বলিয়াছেন:—"সপ্তদশ অশ্বারোহী লইয়া বক্তিয়ার থিলিজী বাঙ্গালা জয় করিয়াছিল, একথা যে বঙ্গালীতে বিশ্বাস করে, সে কুলাঙ্গার।" ‡ অথচ

^{*} Tabaqat-i-Nasiri by Minhaj-i-Saraj Abu-Umr,-Usman, son of Mahammad-i-Minhaj Al-Jarjani, translated from Persian, by Major H. G. Raverty, 1881.

[া] কেহ কেছ লছৰনিয়াকে গুদ্ধ ভাষার লাক্ষণের করিয়া তত্বারা লক্ষণ সেনের পুত্রকে ব্রিয়াছেন। তদুস্সারে কেছ বলেন কেশবসেনই এই লছ্মনিয়া। কিন্তু বাত্তবিক ভাছানি: দেখ ওভোগরাতে লছ্মনিয়াকে শস্ত ভাবে বল্লালের পূত্র বলিয়া উল্লিখিত আছে। মুসলমানেরা লছ্মন অর্থাৎ লক্ষ্পের নামের শেষে অবজ্ঞাস্চক আলেল্যালে করিয়া লছ্মনিয়া করিয়াছেন: লছ্মনিয়া ও লছ্মন একই কথা। সাহিত্য, ১৩০১, বৈশাধ]

এই কথা দেশী বিদেশী শত শেখনীমুখে চর্ব্বিতচর্ব্বণে এমনভাবে এই বাঙ্গালীর কলম্ব বাবে বাবে ছড়াইয়া দিয়াছে, যে কোন প্রাদেশিক ইতিহাসের সংক্ষিপ্ত আলোচনা করিতে গেলেও এ সম্বন্ধে নির্ম্বাক থাকা যায় না। সম্প্রতি সেন-রাজগণের যে সকল তামশাসন ও শিলালিপি আবিষ্কৃত হইয়াছে, তাহার আলোক-পাতে এই একমেবাদ্বিতীয়ং বৃদ্ধ দৈনিকের রঞ্জিত বর্ণনা বিচারদহ হয় না ; * এবং সে বর্ণনা বর্ণে বিশ্বাস করিলেও বৃদ্ধ লক্ষ্ণসেনের কাপুরুষতা সপ্রমাণ হয় না। † হয়ত লক্ষ্ণদেন পলায়ন করিয়াছেলেন; যেমন তিনি জীপতিত্ব লইয়া বন্ধ হিন্দুর মত রাজ্যত্যাগ করিয়া গঙ্গাবাসের জ্বন্ত গৌড় হইতে নবদ্বীপে পলায়ন করিয়াছিলেন, তেমনই মুদলমান আক্রমণের প্রাক্তালে অদুষ্ঠভীত স্বজন ও অমাত্য কর্ত্তক পরিত্যক্ত হইয়া, স্বল্ল প্রহরি-বেষ্টিত একপ্রকার অরক্ষিত রাজ-প্রাসাদ পরিত্যাগ করিয়া জগন্নাথ্যাত্রা করিতে পারেন; কিন্তু তখন তিনি প্রক্লতপক্ষে বঙ্গাধিপ ছিলেন না, এবং তাঁহার পলায়নে বঙ্গদেশ বিজ্ঞিত হয় নাই it একবার যেমন মহম্মদ থিলিজী মগধে ওদন্তপুরীতে বৌদ্ধবিহার লুঠন করিয়া অবশেষে কিল্লা ফতে করিবার তুল বুঝিয়া ছিলেন, এবারও তেমনই লক্ষ্ণসেনের পরিত্যক্ত নোদিয়৷ রাজপুরী লুঠন করিয়৷ দেখিলেন, এখানে রাজধানী নাই। ওদম্বপুরীর মুণ্ডিতশীর্ষ শ্রমণের পরিবর্ত্তে এথানে চতুর্দিকে শিথাতিলক-সম্বলিত ব্রাহ্মণেরই বাস এবং তাঁহারাও অধিকাংশ পলায়িত। যদি নবদ্বীপেই রাজধানী থা(কবে, তবে মুসলমানেরা এথানে কোন শাসনকেন্দ্র করিলেন না কেন ?

নদীয়ালুঠনের পর মহন্দদ গোড় যাতা করেন। সম্ভবতঃ ১২০০ খৃষ্টান্দে

শ্রীঅকর কুমার মৈত্রেয়, "লক্ষণদেনের পলায়নকলঙ্ক" প্রবন্ধ, প্রবাদী ১০১৫,
 অর্থহায়ণ।

⁺ গৌত রাজমালা ৭৬-৭ পুঃ

[়] শীঘুক রাথালদান বন্দ্যোপাথার মহাশর প্রমাণ করিতে চেটা করিরাছেন বে ১১৭০ খৃষ্টবের গবের লক্ষণ দেন জীবিত ছিলেন না। ভাক্তার কিলহর্ণ প্রথমকঃ এই মতাবল্ধী ছিলেন, পরে ভাষা পরিত্যাগ করেন। রাথাল বাব কুলগ্রন্থ ও দানদাগরাদি গ্রন্থের উপর আছা স্থাপন না করিয়া ছুই এক থানি খোলিত লিপির কল্পট্ট উক্তি হইতে এই ব্যাখ্যা করিঃছিন। প্রবাদী, ১০১৯, শ্রাবরণ, ১৯৮ পৃঃ] তাহার মত সত্য হইলে লক্ষণ সেনের পলায়নকাছিনী উডিল ব্রব্ব।

এই ঘটনা হয়। • 'পোড়ে কেশব সেন ছই বৎসর কাল সবিক্রমে যুদ্ধ চালাইয়া অবশেষে পরাজিত হইয়া পূর্ববঙ্গে পলায়ন করেন। তথন গোড় মুসলমানের করায়ত্ত হয়। এড়ুমিশ্রের কারিকা হইতে জানিতে পারি যে, কেশব সেন সৈল্ল সামস্ত সহ পূর্ববিশ্বে এক রাজার নিকট আশ্রয় লন। † সে রাজার নাম পাওয়া যায় নাই। কেহ বলেন তিনি বিশ্বরূপ সেন। কিন্তু তাহা হইতে পারে না, কারণ এই রাজা কেশবের নিকট বল্লালী কৌলীল্ল সম্বন্ধ তথ্য জানিতে চাহিয়া-ছেন। বিশ্বরূপের সে তথ্য অবিদিত থাকিতে পারে না। কেহ কেহ বলেন, লক্ষ্মণ সেনের সময়ে জ্যোতির্বর্মা সেনরাজগণের সামস্তব্যরূপ চন্দ্রদ্বীপ অঞ্চলে রাজত্ব করিতেছিলেন। তাহার পুত্র হরিবর্ম্মদেব। এই হরিবর্ম্মার রাজধানীতে আসিয়াছিলেন। ‡ যাহা হউক, পরে তিনি কিছুকালের জল্প বাগড়ী অঞ্চলে

এই পাঠ ন বিলয়ের ভারিও লইয়া নানা বিতভা হইয়াছে ৷ রকয়ান সাহেবের য়তে ১১৯৮-৯ পৃ: অন্ধ। রিভারিজ আকবর নাম: হইতে দেখান যে লসং ১১১৯ পু: অন্দে আরম্ভ ध्य [J. A. S. B. 1818, Part 1, p. 2] किनाइन छाडाई नमर्थन करतन (Indian Autiquary Vol. XIX] মীনহ'জের বর্ণনায় লক্ষণের বয়স ৮০ বংসর ছইলে ১১৯৯ গং অবেদ বছবিজয় ৼয়। নগেল বাবু বলেন ১১১৯ খৃঃ অবেদর পর বলাল ৫০ ও লক্ষণদেন ২৭।২৮ বৎসর রাজত করেন, স্বতরাং বঙ্গবিজ্ঞাব্দ ১১৯৭—৮। [J. A. S. B. 1896, p. 31] দেশগুভোদরার একটি লোক আছে:—"চতুর্বিংশে:ওরে শাকে সহত্রৈকশতা-বিকে। বেহার পাটনাৎ পূর্বাং তুরস্কঃ সমুপাগতঃ ॥" ইহা হইতে সুপণ্ডিত উমেশচন্দ্র ব্টব্যাল মহাশয় দেখান, ১১২৪ শাকে বা ১২০২—৩ পৃষ্টাব্দে বঙ্গবিজয় হয়। [সাহিত্য, ১৩০১, ৩পু:] গরার বিঞ্পার মন্দিরের প্রশস্তি অফুসারে গোবিন্দপাল দেব ১১৬১ খৃঃ আছে মগুছে রাজ্যা-েছেৰ করেন। (A. S. R. Vol. III., No 18) তাহার ৩৮ বংসর রাজত্বের পর মহম্মদ কর্ত্তক বিহার বিজিত হয়। [J. A. S. B. 1876, pt 1, p 331-2] তাহার পর বৎসর ব। 'দোর্থ সালে' বছ বিজয় হয় (Ravarty's Tabaqat-i-Nasiri p. 663)। এইছ রাথালদাস বন্দ্যোপাধ্যার মহাশার এই প্রমাণে ১২০০ খৃষ্টান্দে বঙ্গবিদ্ধারের তারিথ নির্ণর করিয়া-ছেল [J. A. S. B. 1913 pp. 277, 285] আমরা ইহাই বুজিদকত বলিরা মনে করি।

[🕂] বঙ্গের জাতীয় ইতিহান, ব্রহ্মণকাণ্ড, ১৫০ পৃঃ

[া] বালালার পুরাবৃত্ত, ৩২৭ পৃঃ। কিন্ত ছরিবর্মদেবের সমর এখনও নিকাপিত হর নাই। "গৌড়রাজমালার"ও এবিবরে কোন নিশ্চিত তথা হির হর নাই। রাধাল বাবু বলেন, বিশ্বর দেনের বলাধিকারের বহু পুর্বেই হরিবর্মদেব অর্গারোইণ করিরা ছিলেন। [প্রবাসী, ১৩১৯, জাবণ] তিনি সম্ভবতঃ একাদেশ শতালীর ছিতীর পানে বর্তমান ছিলেন।

রাজত্ব করিয়াছিলেন বলিয়া বোধ হয়। * অন্থমান হয়, এই সময়েই স্থান্তবন অঞ্চলে জলবিপ্লব হইয়াছিল এবং তাহাতে এ প্রদেশ বাদের অযোগ্য হইলে কেশব দেন বিক্রমপুরে চলিয়া যান। † তথায় বিশ্বরূপ দেন স্বাধীনভাবে রাজত্ব করিতেছিলেন।

মুসলমানেরা গৌড় অধিকার করিবার পর কয়েক বৎসর চেষ্টা করিয়া রাঢ়ের কতকাংশ মাত্র স্বায়ন্ত করিয়াছিলেন। সেথানে লক্ষোর তাঁহাদের রাজধানী হয় এবং উহাই তাঁহাদের দক্ষিণ সীমা ছিল। বহু বৎসর কাল পাঠান রাজ্য গোড় হইতে লক্ষোর পর্যান্ত সংকীর্ণ ভূভাগে আবদ্ধ ছিল। পূর্ব্ধবঙ্গে তাঁহারা অগ্রসর হইতে পারেন নাই। সেথানে বীরন্পতি বিশ্বরূপ পাঠানের সমস্ত অভিযান ব্যর্থ

^{*} শ্রীযুক্ত পরেশনাথ বন্দ্যোপাধ্যায় বিশ্বাস করেন যে খুল্না জেলার উজিরপুর অঞ্জে কেশব দেনের রাজবাটী ছিল (বাঙ্গালার পুরাযুক্ত, ৩২৭ পৃ:) কিন্তু তিনি জানেন না যে উল্লিৱ-পুর খুল্নায় নহে, যশোহরে এবং তথায় কেশব দেনের রাজবাটী ছিল না, এক দান্তিকপ্রকৃতিক রাজা কেশব ঘোবের রাজবাটী ছিল। আমরা যথা স্থানে তাহার উল্লেখ করিব।

⁺ কেশব দেনের ইদিলপুর ভাষ্মশাসনে যে গ্রাম শ্রুতিপাঠক বাৎস্থগোত্তীয় ঈশ্বর শর্মাকে প্রদত্ত হইরাছিল, উহার পূর্ব্ব সীমা দ্বীগ্রাম, দক্ষিণে শঙ্করপাশা গোবিন্দকেলিনী ভঃ সীমা, পশ্চিমে শহরপ্রাম এবং উত্তরে বাগুলী বিভগদী বলিয়া উল্লিখিত ইইয়াছে। এই স্থান যশোহর জেলার অন্তর্গত বর্ত্তমান বাঘটিয়া বিভাগদির সন্নিক্টবর্ত্তী তালতলা বা অক্স কোন গ্রাম বলিয়া বোধ হয়। প্রশক্তিথানির এইস্থানে সম্পূর্ণ পাঠোদ্ধার হয় নাই। তজ্জভ গ্রামের নাম "তালপড়া পাটক" ছিল কিনা, আনা যায় না। তবে এই প্রথম যে "পলাশতালা সগুবাক নালিকেলা", তাহাতে সন্দেহ নাই। ইহার নিকটে শঙ্করপাশা আছে, পার্ধে গোবিন্দপুর লক্ষ্মপুর আছে: নিকটবন্ত্রী বর্ত্তমান দেপাড়া বা দেরাপাড়া দ্বীগ্রাম হইতে পারে, দেখহাটিকে আমরা শঙ্করগ্রাম বলিয়া অনুমান করিয়াছি। মদন পাড়ে বিহরূপ সেনের (কেশব সেনের ?) ভাষ্রশাসন আবিস্কৃত হইঃছে, ভাহাতে ও এই ঈখ্য শর্মার ভাতা বিশ্বরূপ শর্মাকে ফ্রিন্নপুর কোটালিপাডার অন্তর্গত পিঞ্জকাষ্টা (বর্তমান পিঞারি) আম প্রদত্ত হইয়াছিল। সম্ভবতঃ কেশব সেন গৌড হইতে বিভাড়িত হইয়া প্রসিদ্ধ সেথহাটিতে কিছুকাল রাজত্ব করেন। তথন রাজত্বের ততীয়বর্ধে শ্রুতি পাঠক ঈশ্বর শর্মাকে যশোহরাস্তর্গত উপরোক্তন্থান প্রদান করেন। পরে হঠাৎ এইস্থান হইতে প্লাবনাদিল্লন্থ বা অম্মকারণে বাসত্যাগ করিলা ঈশ্বরের ভ্রাতা বিশ্বরূপ ফরিদপরে কোটালীপাড়ে বসতি করেন, তখন তিনি কেশব বা তাঁহার আতা বিষক্ষণ সেনের নিকট হইতে তথার একথানি গ্রাম প্রাপ্ত হন।

করিয়া দিয়াছিলেন, এবং "গর্গবনায়য় প্রলমকালক্রন্দ্র" উপাধিতে • বিশেষিত হইয়াছিলেন। বন্ধ বিজয়ের ৬০ বৎসর পরে যথন মীনহাজ গৌড়ে আসেন, তথনও তিনি পূর্ব্ববিদ্ধ স্বাধীন দেন রাজস্ব দেখিয়া গিয়াছিলেন। বিশ্বরূপের পর দম্ভ মাধব এবং পরে তাঁহাদের উত্তরাধিকারিগণ চতুর্দ্দশ শতাব্দীর মধ্য পর্যান্ত সবলে পূর্ববিদ্ধে শাসন দণ্ড পরিচালনা করিতেছিলেন। এ সময়ে স্থান্তরন অঞ্চলে জল্পাবন ও নিমজ্জন হেতু বাগড়ীর দক্ষিণাংশের অবস্থা অতি শোচনীয় হইয়া পড়িয়াছিল। যশোহর-খূল্নার উত্তরাংশে যে সকল স্থান অপেক্ষাকৃত ভাল অবস্থায় ছিল, তথায় স্থানীয় মাণ্ডলিক জমিদারেরা লাঠির জােরে রাজ্যের গণ্ডী বিভাগ করিয়া লইয়াছিলেন; এবং দরিদ্র প্রজা সম্বন্ধিদান দ্বারা তাঁহাদের হস্তে নিস্তার পাইলেও দয়া ছর্ক্ত্ এবং হিংস্র জন্ত দ্বারা বিশেষ বিভ্ষতি হইত। শরীবের বল ও বীরম্ব ভাহাদের একমাত্র অবলম্বন এবং সামাজিক বাদ বিচার একমাত্র ব্যবসার ছিল।

একাদশ পরিচেছদ—আভিজাত্য।

বৌদ্ধর্গে রান্ধণাচার ও বৈদিকক্রিয়া কাণ্ড এক প্রকার বিলুপ্ত ইইয়াছিল বলিয়া মহারাজ আদিশূর কান্তকুজ ইইতে পঞ্চ ব্রাহ্মণ আনমন করেন। তাঁহাদের দ্বারা চিরন্তন ব্রাহ্মণা রক্ষিত ইইবে, এইরপ বিশ্বাস ছিল। কিন্তু ক্রমে দেশের প্রকৃতিতে এবংসংস্পর্শ দোষে তৎপক্ষে নানা ব্যাদাত জন্মে। ইহাই দেখিয়া গোড়মণ্ডলে পুনরায় বিভা ব্রাহ্মণা লোপ না পায়, এজন্ত মহারাজ বল্লালসেন কোলীন্ত সংস্থাপন ও কুলরক্ষার বিধি প্রণয়ন করেন। কালসহকারে পরীক্ষিত ইইয়া তাঁহার বংশধরগণের সময়ে সেই সকল বিধি সংস্কৃত ও পরিবর্দ্ধিত হয় এবং বঙ্গবাপী এক প্রবল আভিজাতার স্পষ্টি করে। সেন-রাজন্মের ইহাই সর্ব্ধ প্রধান এবং স্থায়ী কীর্ত্তি। হিন্দু রাজম্ব গিয়াছে, কিন্তু আভিজাত্যের প্রতিপত্তি বায় নাই। এখনও ইহার ফলে, দেশীয় রাজা না থাকিলেও, সমাজের শাসন চলিতেছে; লোক রাজনীতি ভূলিয়াছে, কিন্তু

[&]quot;শশান পৃথিবীমিমাং প্রথিত বীয়বর্গায়ঞ্জঃ।
স গর্গব্বনাবর প্রলয়লাল কলো লৃপঃ য়"
মদলপাতে প্রাপ্ত বিষয়পের ভায় শাসন, J. A. S. B. 1896, pp, 9—15.

সমাজনীতি ভূলে নাই। বিজ্ঞাবল, ধনবল, জনবল প্রভৃতি যে বলেই যিনি বলী হউন না, সকলকেই আভিজাত্যের চরণতলে মন্তক অবনত করিতে হয়।

বংশপরম্পরাগত প্রবাদ ও বিবিধ কুলগ্রন্থ হইতে আমরা এই কোলীয়া সংস্থাপনের প্রমাণ পাই। সেনরাজগণের প্রায় সকলেরই তামশাসন আবিষ্কৃত হইয়াছে। কিন্তু অবশু ইহা খুব আশ্চর্যোর বিষয় যে এই সকল তামলিপিতে দেশের অনেক কথা থাকিলেও এই কৌলিয়া স্থাপনের কথাটা নাই। ইহা হইতে কেহ কেছ অন্থমান করেন যে বল্লালের আভিজাত্য সংস্থাপন এক 'রচা কথা'। * প্রথমতঃ তামশাসনাদি রাজাদের শাসনকালেই প্রস্তুত হয়; তাহাতে সেই সময়ে যে সকল ঘটনা থাতিলাভ করে, তাহারই উল্লেখ থাকে। আজ বঙ্গদেশে কৌলীয়াের যে প্রভাব দৃষ্ট হইতেছে, বল্লাল প্রভৃতির সময়ে তাহা ছিল না। বাস্তবিক ঘটকগণের অসংখ্য কুলকারিকা রচনা ও স্থপ্রসিদ্ধ দেবীবর ঘটকের মেলবন্ধনের পর, কৌলীয়া বাাপার লইয়া যেরপ আন্দোলন চলিয়াছে, ইহা ওতপ্রোতভাবে সমাজ-দেহে অন্থপ্রবিষ্ট হইয়া তাহার মূলগ্রন্থি যেরপভাবে বিলোজ্তিত করিতেছে, পূর্ব্বে এরপ ছিল না। ব্রাহ্মণের সংকার ও মর্যাদা রক্ষা করিয়া হিন্দ্ রাজা কথনও গর্বিত হইয়া আয়য়াঘা প্রকৃতিত করিতেন না।

বিতীয়তঃ কুলগ্রন্থে অনেক কথা অতিরঞ্জিত হইতে পারে এবং পরবর্ত্তী সময়ে পুঁথিলেথকদিগের ঘারা উহাতে নানা অংশ প্রক্রিপ্ত হইতে পারে, তাহা স্থীকার করি। কিন্তু তাই বলিয়া বরালী কুলপ্রথা বলিতে কোন জিনিস ছিল না, এরূপ বলা যায় না। দেশগুদ্ধ পণ্ডিত ঘটকেরা একেবারে বায়বীয় মন্দির গঠন করিয়াছেন, এরূপ করনা করা অস্তার। বিশেষতঃ এই কোলীস্ত সম্বন্ধীয় প্রবাদ কথা এরূপ ভাবে বাঙ্গালীর অস্তিমজ্জার প্রবেশ করিয়াছে, এবং বাঙ্গালীর আবালবৃদ্ধবনিতা এই বলালী আভিজাতোর সহিত পরিচিত যে, ইহাতে অবিশাস করিতে পারা যায় না। প্রবাদ বাদ দিয়া বোধ হয় জগতের কোন দেশের ইতিহাস রচিত হয় নাই। প্রবাদে রঞ্জিত প্রবিত কাহিনী থাকিলেও সকল ঐতিহাসিকের নিকট ইহার মূলা স্বীক্তত হইরাছে। বাঙ্গালাদেশে বল্লালের মত কোন পরিচিত হিন্দু রাজা নাই; বলালের ইতিহাস বাদ দিশে

^{*} প্রবাসী, ১৩১৯, প্রাবণ, ৩৯৭ পৃ:

ৰঙ্গীয় হিন্দুর ইতিহাদের কিছু থাকে না,—স্থার দেই বল্লাণী ইতিহাদের নির্য্যাদ এই আভিজাত্য।

আমাদের আলোচ্য যশোহর-পুল্নাকে সমস্ত বঙ্গের সংক্ষিপ্ত সার বলিলে বাধ হয় অত্যুক্তি হইবে না। অন্তভাবে না হইলেও ইহা সামাজিক হিসাবে এখনও বঙ্গদেশে এর পালার্শ সংস্থাপন করিতেছে যে, এ প্রদেশকে বঙ্গ সমাজের হৃৎপিও বলা যায়। ব্রাহ্মণ, বৈত্য, কারস্থের সর্ব্বোচ্চ কুলীনগণ এখানে যেমন সমবেত, এখানে যেমন তাহাদের পৃথক্ পৃথক্ প্রবল সমাজ্ আছে, মন্তব্রাণি একস্থানে তাহা নাই। এজন্ত যশোহর-পূল্নার ইতিহাদের সৃহত কোলীস্তের অবিচ্ছেত্ত সঙ্গন্ধ। সামাজিক ইতিহাদই এথানকার সর্ব্বেধান ইতিহাদ। আর দেই সামাজিক ইতির্ত্তের কিছু আভাষ পাইতে হইলে, কোলীস্তাবিধির সংক্ষিপ্ত মর্ম্ম জানা প্রয়োজনীয়। আমরা এজন্ত এখানে সেন রাজগণের প্রতিষ্ঠিত আভিজাত্যের সূল স্থল কথাগুলি সংক্ষেপ্ত সম্বলিত করিতেছি। *

আদিশ্রের আনীত পঞ্জ্ঞান্ধন হইতে পরে রাট়ী ও বারেক্স হুই শ্রেণী হয়; উত্তরকালে পাশ্চাত্য বৈদিকগণ এদেশে আদিরাছিলেন; এতদ্বাতীত আদিশ্রের পূর্বে যে দকল আন্ধন এদেশে ছিলেন, তাঁহার। দাতশতী বলিয়া থ্যাত। এই চারি শ্রেণীর মধ্যে যশোহর-পূল্নায় রাটীয়িদিগেরই প্রধান বাদ, তদ্বাতীত হুই চারি বর বৈদিক ও বছসংথ্যক সাতশতী আছেন। আদিশ্রের সময় হইতে বছ কায়য় এদেশে আদিয়া তাঁহারা দক্ষিণরাটা, উত্তররাটা, বারেক্র ও বঙ্গজ্ঞ এই চারি শ্রেণীতে বিভক্ত হইয়া পড়েন। তন্মধ্যে যশোহর-পূল্নায় দক্ষিণ রাটায় কায়য়ই অধিক; প্রতাপাদিত্যের সময়ে বছ সংখ্যক বঙ্গজ্ঞ আদিয়া এদেশে বাদ করেন। অন্ত হুই শ্রেণীর কায়য় নাই বলিলেও চলে। বল্লাল সেনের সময় হইতেই বৈত্যগণ রাটা ও বঙ্গজ্ঞ এই হুই ভাগে বিভক্ত হন। তন্মধ্যে প্রধান বঙ্গজ্ঞ বিশ্বার বাদের ব্যার বাদের বাদের ব্যার বাদের ব্যার বাদের বাদের ব্যার বাদের বাদের ব্যার বাদের বাদের বাদ্যার আন্ধা, বঙ্গজ্ঞ বশোহর-পূল্না বিখ্যাত। স্ক্রমাং রাটায় আন্ধা, বঙ্গজ্ঞ

^{*} থাঁহারা এবিবনে বিশ্বত বিবরণ জানিতে চান, তাঁহারা অনুগ্রহপূর্বক শ্রীত্ত লালমোহন বিদ্যানিধি প্রণীত "দল্পনির্বর", শ্রীত্ত নগেল্রনাথ বহু প্রণীত "বলের জাতীর ইতিহাদ", সতীশচল্র রার চৌধুরী প্রণীত "বলীর সমাজ", "কার্ছকারিকা"র উপজ্মণিকা, বিশেবর ঘান প্রণীত "কার্ছ-কুল্লপর্ণ," শন্ধক প্রদ্রুত বিশ্বকারের ব্রান্ত্রণাধি প্রবন্ধ, ক্ষিকাতির দিল্লাক্র ক্ষিকাতির বিশ্বকার বিশ্বকার বিশ্বকার বিশ্বকার ক্ষিকাতির ক্ষাণাধি প্রবন্ধ ক্ষিকাতির ক্ষাণাধি প্রবন্ধ ক্ষিকাতির বিশ্বকার ক্ষানিকাতির ক্ষাণাধি ক্ষানিকাতির ক্ষাণাধাননের "গোলী ক্ষাণাধানিকের "গোলী ক্ষাণাধানিকের "গোলী ক্ষাণাধানিকের "গোলী ক্ষাণাধানিকের "গোলী ক্ষাণাধানিকার "গোলী ক্ষাণাধানিকার "গোলী ক্ষাণাধানিকার "গোলী ক্ষাণাধানিকার "গোলী ক্ষাণাধানিকার "গোলী ক্ষাণাধানিকার বিশ্বকার সংগ্রাকার বিশ্বকার বিশ্বকার বিশ্বকার সংগ্রাকার সংগ্রাকার সংগ্রাকার বিশ্বকার সংগ্রাকার বিশ্বকার সংগ্রাকার সং

বৈশ্ব ও দক্ষিণ রাটীয় কায়স্থ এই তিন শ্রেণীর কুল-কথাই আমাদের প্রধান আলোচ্য।

ব্লালসেন ব্রাহ্মণাদি জাতির আদর্শ চরিত্র অফ্র রাথিবার উপায়স্বরূপ নয়টি কুল-লক্ষণ নির্ণয় করেন:—

আচারো বিনয়ো বিছা প্রতিষ্ঠা তীর্থদর্শনম্।

নিষ্ঠাবৃত্তিস্তপোদানং নবধা কুল-লক্ষণম্॥ *

আদিশ্রের আনীত পঞ্জাদ্ধণের অধস্তন সন্তান সন্ততি এই সময়ে ৫৬ ঘর হইয়াছিলেন। উহারা ছাপ্পাল (৫৬) থানি পৃথক্ পৃথক্ গ্রামে বাস করিতে-ছিলেন; উক্ত গ্রামসমূহের নামান্ত্র্সারে তাঁহাদের গ্রামী বা গাঁই সংজ্ঞা হয়। এইজ্যু উত্তর কালে কথা হইয়া ছিল;—

''পঞ্চ-গোত্র ছাপ্লান্ন গাঁই, তা ছাড়া বামন নাই।

বদি থাকে হ'এক ঘর, তা সে সাতশতী আর পরাশর।"
বল্লালসেন উক্ত ছাপ্পান্ন গ্রামী ব্রাহ্মণদিগকে আহ্বান করিয়া তাঁহাদিগকে কুল্লমণ অনুসারে বিচার কবেন। উহাদিগের মধ্যে গাঁহারা বরেন্দ্রে বাদ করিতেছিলেন, তাঁহারা মূলতঃ ৫৬ গাঁই ভুক্ত হইলেও, আপনাদিগকে পৃথক্ বলিয়ানির্দেশ করেন এবং তাঁহাদের গাঁই সংখ্যা ১০০ হয়। এই ভাবে পঞ্চরাহ্মণ হইতে রাদীয় ও বারেন্দ্র এই হুই শ্রেণী হয়। বলাল রাদীদিগের মধ্যে বন্দা, মুখুটি, চট্ট, পৃতিতৃত্ত, গাঙ্গুলি, কাঞ্জিলাল, কুন্দ ও ঘোষাল এই অন্তগ্রামী ব্রাহ্মণদিগকে স্ব্রাহ্টার ও বারেন্দ্র কলিকণাক্রান্ত দেখিতে পাইয়া, তাঁহাদিগকে মূখ্য কুলীন, অন্ত ১৪ গ্রামী ব্রাহ্মণকে গোণ-কুলীন এবং অবশিষ্ঠ ২৪ গাঁই ভুক্ত ব্রাহ্মণকে শ্রোগ্রেম্ব আখ্যা প্রদান করিলা । তিনি পুনরায় বিচার করিয়া উক্ত মুখ্য ৮ গাঁইভুক্ত কুলীনদিগের মধ্যে ১৯ জনকে বিশেষভাবে সংকৃত করেন। বলালের নিকট সম্মানিত কুলীনগণ কেইই প্রতিগ্রহ বা দান গ্রহণ করিতেপারিতেন না। রাজা তাঁহাদিগকে গুণামুসারে যথেই ভূমিদান করিয়াছিলেন।

সকল বর্ণের সামাজিক কার্য্যকলাপ ও চরিত্রের উপর লক্ষ্য রাধিবার জ্ঞ

এখানে আবৃত্তি শব্দের একটি বিশেষ অর্থ আছে। আবৃত্তি ছারা কুলীনিটিয়ের
আছান প্রদান ও পরিবর্তি বৃষায়। ইছা ছারা কুলধর্মের সমতা হয়। আয়ণকাড়
১ অংশ, ১৪৪ পৃ:

বল্লালদেন যথেষ্ট বৃত্তির বাবস্থা করিয়া কতকগুলি লোককে ঘটক নির্বাচন করিয়াছিলেন; বংশাবলী রক্ষণ, সামাজিকের দোষগুণ কীর্ত্তন এবং কোলীস্তু সম্বন্ধীয় মর্যাদা নিরূপণ ইহাদের ব্যবসায় হইয়াছিল। বল্লাল তাঁহার প্রতিষ্ঠিত আভিজাত্য বংশাস্কুজমিক করেন নাই। উহা লক্ষণদেনের সময়ে হইয়াছিল। কুলীনগণের মধ্যে সামাজিক কুলমর্য্যাদা লইয়া নানা বিল্রাট উপস্থিত হইলে, লক্ষণদেন ফুইবার কুলীনদিগের পরীক্ষা করিয়া সমীকরণ করেন; তাহাতে ২১ জন কুলীন সমত্বা্গ বলিয়া গণ্য হন। এই সময়ে নির্নারিত হয় যে সপর্যায়ে কুলীনে দান গ্রহণই কর্ত্তব্য; উহার অস্তথা হইলে কোলীস্তের হ্রাস বৃদ্ধি হইবে। দুফুজ মাধবের সময় কৌলীস্ত লইয়া বিষম আন্দোলন হয়। উহার জন্ত তাঁহাকে বিভিন্ন কালে ৪ বার সমীকরণ করিতে হইয়াছিল। এই সময়ে কুলীনের বংশজাত বাঁহারা ২০ পুরুষের মধ্যে যথারীতি আদান প্রদান করিতে পারেন নাই, তাঁহারা বংশজ বলিয়া পরিচিত হন। শ্রোত্রিয়গণ্ও গুণের তারতমে নানা শাখায় বিভক্ত হন। পরবর্ত্তী মুগে রাটীয় ব্রাহ্মণ কুলীনের মধ্যে মেলবন্ধন ঘারা কোলীস্ত পদ্ধতির আমূল পরিবর্ত্তন হয় এবং উহা ঘারা ব্রাহ্মণসামাজে ভূমুল বিপ্রব উপস্থিত করে। আমরা যথাস্থানে তৎপ্রশঙ্গ উথাপন করিব।

বলালদেন ব্রহ্মণ বাতীত অন্তজাতির মধ্যেও কুলপ্রথা প্রচলিত করিয়াছিলেন। তন্মধ্যে বৈদ্য ও কারস্থ জাতি প্রধান। বঙ্গীর দেনরাজ বংশের আদিপুরুষ সামস্ত্রন্যেন কর্ণাট দেশীর ক্ষপ্রিরংশোন্তব ছিলেন, এবং তদ্বংশীয়গণের সহিত আদিশ্রের বংশের বৈবাহিক সম্পর্ক হইয়াছিল, তাহা পূর্ব্বে দেখান হইয়াছিল। কারিকাদির মতে "আদিশ্র রাজা বৈছা, বৈশ্বতার জাতি। একছন্ত্রী রাজা ছিল, ক্ষপ্রবং ভাতি।" শুধু সেনরাজ বংশ নহে, কাশ্মীর রাজ প্রভৃতি অন্ত ক্ষপ্রিরের সহিত আদিশ্রের বংশ ছাড়া অন্ত বৈছ্য সম্বন্ধও হইয়াছিল; শুনা যায় সামস্তর্গেন এক বৈছ্য-কন্তা বিবাহ করিয়াছিলেন এবং তাহাতে তদ্বংশীয়েরা বৈছ হইয়া যান। বল্লালমেন দানশাগরে আপনাকে স্পষ্টভাবে ক্ষপ্রির না বলিয়া দেন বংশকে ক্ষপ্রচারিক্রচর্গামর্য্যাদাগোত্রশৈল" বলিয়া উল্লেখ করিয়াছেল। বল্লালের মত প্রবন্ধপ্রতাশ নৃপতি বিবাহ সম্বন্ধে বিশেষ নিম্নাঞ্গত ছিলেন বলিয়া বোধ হয় না। স্পাইবক্তা হলোপঞ্চানন লিখিয়া গিয়াছেলঃ—

"বিশেষতঃ রাজা হ'লে নাহি থাকে জ্ঞান। রাজায় রাজায় বিভা, সবাই ক্ষপ্তিয়। পিতৃমাতৃ এক পক্ষ, রাজন্ত গোত্রীয়॥''

এতদিনের আন্দোলনের ফলে আমরা ধরিয়া লইতে পারি যে বৈছের বৈশ্বস্থ ও কারন্থের ক্ষপ্রিয়ার এক প্রকার নিঃসংশরিত রূপে প্রতিপন্ন হইয়াছে। বৈছ রাজগণ কারস্থকে ক্ষপ্রিয় বলিয়াই জানিতেন এবং তাঁহাদিগকে রাজকীয় উচ্চ পদে প্রতিষ্ঠিত করিতেন। কান্তকুজাগত পুরুষোত্তম দত্তের বংশোদ্বর নারায়ণ দত্ত লক্ষ্ণসেনের মহাসান্ধি-বিগ্রহিক, বটুদাস মহাসামন্ত ও প্রীধরদাস মহামাগুলিক ছিলেন। সে সময়ে কারন্থে ও বৈছে একটা ঘনিষ্ঠ সম্বন্ধ ছিল। এখন ও পূর্ব্বাক্ষে উচ্চ শিক্ষিত কার্ম্থ বৈছেও বিবাহ চলিতেছে। বিংশ বর্ষ পূর্ব্বেও যশোহর-খুল্নার বহুস্থলে উচ্চ শ্রেণীর কার্মন্তে ও বৈছে পর্ম সম্প্রীতিতে বাস করিতেন। কিন্তু উভয় জাতির মধ্যে সম্প্রতি এক অন্রর্থক জিগীষা জাগিয়া সে সম্প্রীতি নই হইয়াছে। ইহা বশোহর-খুল্নার এক মহা অনিষ্ঠের কারণ। বল্লালসেন বৈছ কি কারম্থ ছিলেন, তাহা এখন ও স্থির হয় নাই। * তবে

এই বিষয় লইয়া এক্ষণে গোরতর তর্কয়ুদ্ধ চলিতেছে। এমন কি এই সুত্রে বৃদ্ধদেশ কারস্থ বৈদ্যে বিকট মনোমালিন্যের সৃষ্টি হইয়াছে। বৈদা পক্ষে বৈদিক শাস্ত্রে সুপ্তিত প্রীয়ক্ত উমেশচল্র বিদ্যারত্ব এবং কারত্ব পক্ষে প্রাচ্যবিদ্যামহার্থব প্রীযুক্ত নগেলুনাথ বৃত্ব মহাশর সমরাঙ্গণে অবতীর্ণ ব্যাজণ্দিগের মধ্যে যাঁহারা কারছের উপনয়নে বিরক্ত হটরা মনে মনে কায়ম্ববিদেধী ভাঁহারাও কথন কথন বৈদ্য-পক্ষসমর্থনে চেষ্টিত। কোন ঐতিহাসিক তথা উদ্যাটনের জন্য আলোচনা ও ভর্ক যত অধিক হয়, ততই ভাল। কিন্তু দেই তর্ক ও বিচার যদি জাতীয় বিদেৰ ও গালিবর্গণে প্রাব্দিত হয়, তবে অতান্ত তঃথের বিষয়। বিদ্যারত মহাশ্র 'বল্লাল মোহমকার' প্রভৃতি এক্টে সম্প্র কারত্ব জাতির উপর তীব্র গালিবর্গণ করিয়া যে ভাবে লেখনী কলন্ধিত করিয়াছেন তাহা তাঁহার মত প্রবান প্রবাঢ়পাভিত্যসম্পন্ন ব্যক্তির পক্ষে নিতাত অফুপ্যুক্তই হইণছে। বিদ্যারত্ব মহাশয় যশোহরবাসী; তিনি জাতিধর্ম জ্মাভুমি ত্যাগ করিয়া 'আদিগেহের' বৈদিক সন্ধানে ব্যাপৃত থাকিলেও তাঁহার আদিগহ তাঁহাকে ত্যাগ করিতে চার না। সমগ্র যশোহর উ।হার পাণ্ডিত্যগৌরবে গৌরবান্বিত। আমাদিগকেও তাঁচার জীবনী কথার তাঁহার শাস্ত্র চর্চার ইতি হত সংকলন করিতে হইবে। তাঁহার মত ব্যক্তির লেখনীমথে যদি যশোহর-পূল্নার লোকের কোন অনিষ্ট হয়, তাহা বড় ছু:ধের বিষয়। কার্ত্ত देवना विषय प्राप्त अमनरे अवश कित्रशांक त्य यानार ने मून नात्र त्यथातनरे अरे छूरे जालित একত বাস, সেধানেই ঘোর বিবাদ-বহ্নি প্রজলিত হইয়া ছানীয় সমাজ, এমন কি, স্কল, বায়ো-রারী লাইত্রেরী পর্যান্ত আক্রমণ করিয়াছে। ইহ'তে দেশের যে কত কতি হইতেছে তারা বলিবার নহে। সকলেই উন্নতিকামী। বিংশ বৎদর পুর্বের দেশমুর আন্দোলনের মধ্যে

ভপরিভাগে যাহা বলিয়াছি তাহা হইতে আমাদের বিখাদ যে বল্লালের পূর্ব্বপূক্ষ ক্ষত্রিরবংশোদ্ভব হইলেও তিনি নিজে বৈগ্ন বলিয়া পরিচিত ছিলেন। বল্লাল নীচ জাতীয় স্ত্রীগ্রহণ করিলে, লক্ষণদেন কুলরক্ষার জন্ম ক্মতাবলম্বী বৈগ্নদিগকে উপবীত ত্যাগ করিতে এবং স্থানত্রই হইয়া বাস করিতে পরামর্শ দিয়াছিলেন, ইহা অপ্রত্যয় করি না। এথনও এইজন্ম বল্লালী বৈগ্ন ও লক্ষণদেনী বৈগ্ন বলিয়া বৈগ্লদিগের ছই প্রেণী আছে।

এই ছই শ্রেণী যথাক্রমে রাঢ়ী ও বঙ্গজ বলিরা থাত। রাঢ়ীদিগের আর একটি শাথা ছিল পঞ্চকোটী। রাঢ়ী ও পঞ্চকোটী বৈভগণ চিরকালই উপবীত-ধারী ও সদাচারসম্পন। অপ্টাদশ শতাকীতে রাজা রাজবল্লভের সময় বঙ্গজ বৈভগণের উপবীত গ্রহণের চেপ্টা আরন্ধ হয়। বঙ্গজ বৈভগণের মধ্যে কুল ত্রিবিধঃ—দিদ্ধ বা মুখা, সাধ্য এবং কপ্ট। অনেকে বল্লালের অন্ন দোষে ছপ্ট ও স্থান লপ্ট ইইয়া সাধ্য সংজ্ঞাভূক্ত হন। যাহারা সম্পূর্ণ আচারল্রপ্ট ইইয়া শ্রীহট্ট প্রভৃতি স্থানে বাস করিয়াছেন, তাঁহারাই কপ্ট। মুখা কুলীনদিগের মধ্যে আটজনে প্রথম কোলীন্ত পাইয়াছিলেন; শক্ত্রিগাত্রীয় ছিহ ও শিয়াল, ধরস্তরিগাত্রীয় বিনায়ক ও গিয়, মৌদ্গল্য-গোত্রীয় চায়ু ও পন্থ এবং কাঞ্চপ-গোত্রীয় ত্রিপুর ও কায়ু। ইহাদের মধ্যে ছহি, শিয়াল, বিনায়ক ও গিয় 'সেন' উপাধিমুক্ত ছিলেন; চায়ু ও পছের উপাধি ছিল 'দাদ' এবং ত্রিপুর ও কায়ুর উপাধি ছিল গুণ। ছহির পৌল্র হিষ্কু প্রোগ্রামে এবং বিনায়কের প্রপৌল্র হিষ্কু সেনহাটীতে আসিয়া বাস করেন; ক্রমে সেন ও দাস উপাধিধারী সর্ব্বজাতীয় কুলীনেরা



যণোহর-পূল্নার উপবীতবিহীন বৈদ্যুগণ উপবীত গ্রহণ করিয়া বিলাচারের দাবী করিরাছেন।
আজ কারছদপ্রদার ক্ষতিরাচার গ্রহণের জন্য ব্যস্তঃ স্বাই উচ্চ হুইতে চার।
হতবিহীন ঘটকরাল বলিয়াছেনঃ—"হাতে ঘুরাইয়া পূলো কর, স্বাই ও উচ্চ হুইতে চার।
দেখি কারে আছে কত পূদ্য শক্তি।" আহ্ন, নামরাও তাহাই দেখি। সমর যোগ্যাবোগা
প্রমাণ করিবে। জাতি বা লাতীয়তার হিদাবে বলাল সেনের মৃত্ত ক্ষেত্রল পূত্র ও বাাভিচারী
রাজাকে আপন জাতি বলিয়া টানাটানি কহিয়া কায়হ বা বৈদ্যের সামালিক কোন উহকর্
নাই। প্রত্তব্দশীর হত্তে উহার জাতিতত্ব নির্ণয়ের ভার দিয়া, আহ্ন, আমরা বারহু বৈদ্য
পূর্বেবং স্প্রীতিতে পরশার কঠলয় ইইলা বাস করি এবং দেশের ও দশের কল্যাপ্রজন হই।
বিদ্যু পতিতের অসংগারণ শাস্ত্রচর্চা এবং দেশের ও দশের কল্যাবিদ্যা ও মনীলীবী
কায়ত্বের উর্বের মতিত, তীক্ল বিষরস্থিত আসাধারণ প্রতিভা এক সম্যেবকের অলকার
বিরূপ চিল। এ পৃত্তক তাইয়ের কতক্টা আভাস দিবে।

যশোহর-খুল্নায় সেনহাটি, পয়োগ্রাম, মূলঘর, ভট্রপ্রতাপ, কালিয়া, বেন্দা প্রভৃতি স্থানে সগৌরবে বাদ করিতেছেন। আদান প্রদানাদি দ্বারা ইহাদিগেরও কুল-মর্যাদার তারতম্য হইয়া থাকে।

বাহ্মণ ও বৈখনিগের মত কায়ন্থগণও কুলের নবসক্ষণ অন্থগারে বিচারিত হন। কায়ন্থের চারি শ্রেণীর মধ্যে বল্লালের প্রতি অসম্ভষ্ট হইয়া উত্তররাটী ও বারেক্রগণ তৎপ্রদত্ত কুলমর্থানা গ্রহণ করেন নাই। কেবলমাত্র দক্ষিণ রাট়ীও বক্ষজ্ঞগণ বল্লালী আভিজাতা গ্রহণ করেন এবং এই ছই শ্রেণীর কায়ন্থই যশোহর-খূল্নার অধিবাসী। তল্লধ্যে দক্ষিণরাট়ী কায়ন্থই অধিক। যশোহর-খূল্নার মত্ত দক্ষিণ রাটীয় কায়ন্থের এমন সমাজ কুত্রাপি নাই। মহারাজ্প্রতাপিদিত্য যথন বিখ্যাত "যশোহর সমাজ" সংস্থাপন করেন, তথন এদেশে বক্ষজ্ঞগণেরও যথেষ্ট প্রতিপত্তি প্রতিষ্ঠিত হইয়াছিল। বল্লাল ও লক্ষ্মণের পর বছ বার দক্ষিণরাট়ীয় কায়ন্থ সমাজের সমীকরণ বা একজাই হইয়াছে। যথাস্থানে উহার বিবরণ দিব। ইহারারা কুল্মিধি অনেক পরিবর্ত্তিত ইইয়াছে। কোন্সময়ে কত্যুকু পরিবর্ত্তন হয়, তাহা নির্ণয় করা যায় না। বক্ষজ্প সমাজে এত অধিক পরিবর্ত্তন হয়, নাই; কারণ সেখানে বহুদিন দেশাধাক্ষ পরাক্রান্ত নূপতিগণই কুল্পতি ছিলেন।

আদিশ্রের সময়ে গৌতম-গোত্রীয় দশরথ বস্ত্র, সৌকালীন-গোত্রীয় মকরন্দ বোষ, বিশ্বামিত্র-গোত্রীয় কালিদাস মিত্র, পুরুষোত্তম দত্ত ও বিরাট গুছ পঞ্চ ব্রাহ্মণের সঙ্গে আসিয়াছিলেন। ইহার মধ্যে ঘোষ বস্ত্র মিত্র দক্ষিণরাঢ়ে কোলীস্ত পান, গুছ বন্ধে কুলীন হইয়াছিলেন এবং দত্ত ব্রাহ্মণের ভূত্যন্থ স্বীকার করেন নাই বলিয়া নিজ্লীন হন। প্রবাদে আছে যে দত্ত (সম্ভবতঃ নারায়ণ দত্ত) সগর্মের্ব বিলয়াছিলেনঃ—

> দত্ত কা'রো ভৃত্য নয়, গুন মহাশয় সঙ্গে মাত্র আদিয়াছি এই পরিচয়।


এবং এই জন্মই.—

ঘোষ বহু মিত্র কুলের অধিকারী অভিমানে বালির দত্ত যান গড়াগড়ি॥ এই তিন ঘর বাতীত দক্ষিণরাড়ীয় কারস্থগণের অবশিষ্ট মৌলিক। মৌলিকেয়া দিদ্ধ ও সাধ্য ছইভাগে বিভক্ত। দেব, দন্ত, কর, পালিত, সেন, সিংহ, গুহ, দাস ইহারা দিদ্ধ মৌলিক বা 'আটঘ'রে' এবং চক্র, সোম, আদিত্য, রাহা, নাগ, বিষ্ণু, বন্ধা প্রভৃতি ৭২ ঘর সাধ্য মৌলিক 'বাহান্তরে' কারস্থ। সেন-রাজ্যকালে কুলীন-দিগের সহিত কেবল সিদ্ধ মৌলিক বা আটঘরের সহিত আদান প্রদান চলিত। সাধ্যের মতে কয়েক ঘরের সহিতও এখন চলিতেছে। কুলীনেরা এমন সদাচার-সম্পন্ন ছিলেন যে, ব্রাহ্মণের মত ঠাকুর উপাধি লইয়া তাঁহারাও ঘোষ ঠাকুর, বহু ঠাকুর ইত্যাদি বলিয়া অভিহিত হইতেন। সর্ব্বাক্ষণাক্রাম্ত হইয়া বহুগণ সর্ব্বাধিকারী উপাধি লইয়াছিলেন। এখনও সে উপাধি চলিতেছে। পূর্ব্বক্ষে ভাকুর' বা 'ঠাকুরতা' অনেক কুলীনের উপাধিভূক্ত হইয়া গিয়াছে।

উপরোক্ত মকরন্দ থোষের ৬ প্রথায়ে নিশাপতি ও প্রভাকর, দশরথ বহুর বম পর্যায়ে শুক্তি ও মুক্তি এবং কালিদাস মিত্রের ৯ম পর্যায়ে ধুই ও গুই লক্ষণ্দেরের সভার বংশায়ুক্রমিক কৌলীয় লাভ করেন। উক্ত ছয় জনের বাসস্থানের নামায়ুসারে যথাক্রমে বালী, আক্না, বাগাগুা, মাহিনগর্মী, বিজ্য়া ও টেকা এই ছয়টি সমাজের হৃষ্টে ইইয়াছিল। উক্ত ছয় জনই মুখা কুলীন ছিলেন, তাঁহাদের সন্থান সন্থতি কুলীনগণ ৯ শ্রেণীতে বিভক্ত হন। ইহাকে নবরঙ্গ কুল বলে। ইহার মধ্যে ৫টি মূল ও ৪টি শাখা কুল। মুখা, কনিষ্ঠ, বড্রাত্ক বা ছ'ভায়া, মধ্যাংশ ও তেওজ এই ৫টি মূল এবং কনিষ্ঠ দ্বিতীয় পো বা দোজো পো এই চারিটি শাখা কুল। মুখা কুলীনেরা আবার তিন উপভিবাগে বিভক্ত—প্রকৃত, সহজ ও কোমল। জন্মায়ুসারে যিনি বেরূপ কুলীন হন, উচ্চকুলে দান গ্রহণাদি গারা তিনি নিজের মর্য্যাদার্দ্ধি করিতে বা বাজিয়া যাইতে পারেন। যাঁহারা এইরপ বাজিতে পারেন, তাঁহাদের কুলকে বাজিকুল বলে। যেমন কনিষ্ঠ দান গ্রহণের উৎকর্ষে মুখা হইতে পারেন, এজস্ব তাঁহার নাম বাজিম্খা, তেওজ দান-গ্রহণের আধিকো কনিষ্ঠ হন বিলয়া তাঁহাকে বাজিকনিষ্ঠ বলে। ইত্যাদি।

কুলীননিংগের কোন্ পুত্র কিরূপ কুলমর্য্যাদা লাভ করেন, একটি কুললতিকা গারা তাহা প্রানশিত হইতেছে। উহাতে যে ২।০ পুরুষ মাত্র দেখান হইল, তরিমে ঐ ভাবেই ক্রমাণ্ডয়ে চলিবে এবং আশা করি উহা হইতে এই জ্লিল তত্ব সংজে বুঝিয়া লইবার কতকটা স্থবিধা হইবে। উহাতে মুখ্য কুলীনের ত্রিবিধ

বশোহর-থুল্নার ইতিহাস।



শ্রেণীবিভাগ একত্র দেখাইতে গেলে, ব্বিতে কট ইইবে মনে করিয়া ভাষা পৃথক্
প্রদন্ত হইল। স্বতরাং প্রথম লতিকায় জন্মম্থের ছিভীয় তৃতীয় পুত্রকে সহজ্ব ও
উহাদের তৃতীয় পুত্রকে কোমল মুখ্য ব্বিতে হইবে। এই হিসাবে প্রকৃত মুখ্যের
২য় ও ৩য় পুত্র বাড়িলে মুখ্য হন বলিয়া তাহাদিগকে বাড়িসহজ মুখ্য বলে।
এই সকল ব্যতীত কুলীনগণের দানগ্রহণ প্রভৃতির বহুসংখ্যক স্কুল নিয়মাদি
আছে, উহার লজ্মনে কৌলীস্থোর অধাগতি হয়। * দক্ষিণরাটীয়গণের
পুত্রগত কুল এবং জ্যেষ্ঠ পুত্র স্বপর্যায়ে কুলীন ক্যা গ্রহণ করিলে সকল
ভাতার কুলক্ষয় হয়। জ্যেষ্ঠ ভাতা প্রথম বিবাহের পর এবং অন্য ভাতুগণ
মৌলিকের ক্যা বিবাহ করিতে পারেন। যিনি কুলরক্ষা করেন, তাঁহার শ্বন্তর্বন
কুলে অর্থাৎ খ্যালকের কুল ভঙ্গ না হয়, তাহা দেখিতে হয়। যে কোন কারণে
কাহারও কুলভঙ্গ হইলে তিনি বংশজ-আধ্যা প্রাপ্ত হন।

বঙ্গজ কায়স্থগণের মধ্যে বস্তু, ঘোষ ও গুহ এই তিন জন কুলীন। অবশিষ্ট মৌলিক। তাঁহারা মধ্যল্য, মহাপাত্র, নিম্ন মহাপাত্র ও অচলা এই চারিভাগে মৌট ৯৩ ঘর। ইহাদের মধ্যে কুল, পুত্র কন্তা উভরগত। কুল ভঙ্গ হইলে, তাহাকে কুলজ বা বংশজ বলে। উত্তরকালে প্রতাপাদিত্য যে সমাজ গঠন করিয়াছিলেন, তাহা বসজ কুলীনপ্রধান। তিনি নিজে কুলীন গুহ-বংশোত্তর ছিলেন। যশোহর-পুল্নায় বঙ্গজ মৌলিক নাই।

বলালসেন সর্বজাতীয় লোকের উপর তাঁহার জাতিগঠন নীতি চালাইয়া-ছিলেন। ইহাতে নবশায়কেরা বাদ পড়ে নাই। যদি উহাদের মধ্যে কেহ কুলীন আথাা পায় নাই, তবুও প্রামাণিক বা পরামাণিক প্রভৃতি নানা উপাধি তাহাদের মানের পরিচয় দিত। নবশায়ক যথাঃ—

গোপো মালী তথা তৈল তন্ত্ৰী মোদক বাৰুজী কুলালঃ কৰ্মকারশ্চ মাপিতো নবশায়কাঃ॥ †

অবশেষে ইহাই সাধারণ ভাষায় দাঁড়াইয়াছিল :---

^{*} এই সকল বিবরে স্থাতব্যের জন্ত কারত্ব-কারিকা, কারত্বকৌশুভ, কারত্বকুল-ঘনীপ, কারত্বকার্পণ, কারত্ব সমাজ, প্রভৃতি কুল্রাভু দেখিতে হইবে।

[।] ইহাদের সাহার্য্যে পুরাকালে পরশুরাম ক্ষত্রির-বীর্য্য থক্ষ করিরাছিলেন। সম্বদ্ধ নির্পন্ন ১৭৮ পুঃ।

তিলী মালী তাত্ম্লী, গোপ নাপিত গোছালী, কামার কুমার পুঁটুলী, এই নব শাথাবলী। *

অর্থাৎ গোপ বা গোদ্বালা, মানী বা মালাকর, তিলী (কলুদিগের সহিত ইহাদের কোন সম্পর্ক নাই.) তাদ্বল-বাবদায়ী বারুজীবী ও তাদ্বলী, নাপিত, মোদক বা কুরি, কর্ম্মকার, কুন্তকার, তদ্ভবায় (তাঁতি) এবং শহ্মবিণিক্ (শাঁথারি,) কংস-বিণিক্ (কাঁদারি) ও গদ্ধবিণিক্—এই সকল জাতি এই নবশাথা ভূকা। ইহাদের জল আচরণীয় এবং ইহারা সদাচারসম্পন্ন। ইহারা পূর্বতন বৈশ্বজাতি হইতে উৎপন্ন এবং এক্ষণে ভিন্ন ভিন্ন বাবসায়াবলগী। ইহাদের মধ্যে অনেকে এক্ষণে বৈশ্বাচার গ্রহণে চেষ্টিত। এই সকল জাতিই সেন-রাজন্বের সময় হইতে যশোহরথুল্নার কোন কোন স্থানে বাস করিতেছেন। তন্মধ্যে বারুজীবিগণ সর্বাপেক্ষা
উন্নতিশীল। তাহারা বিভাচর্চায় ও ধনসম্পাদে এক অগ্রগণ্য জাতি।

এই সকল বাবসায়ী জাতির মধ্যে স্থবর্ণবিণিকেরা প্রধান ছিলেন। কিন্তু বল্লালসেন যেমন কতকগুলি জাতিকে আতিজাত্যে সন্মানিত করেন, তেমনই অন্থ কতকগুলি জাতিকে বিদেষবশতঃ সমাজে অপদস্থ করিয়া রাখেন। ইহাদের মধ্যে স্থবর্ণবিশিক্ ও যোগী জাতির নাম উল্লেখযোগ্য।

স্থবর্ণবিণিক্গণ পুর্বের বৈশু ছিলেন এবং তাঁহাদের মধ্যে অনেকে বৌদ্ধর্মানবলম্বন করিয়াছিলেন। ইঁহারা স্থবর্ণ ও মণিমাণিক্যের ব্যবসায়ে ধনাচ্য হন। পাল-রাজগণের রাজস্বকালে তাঁহারা অযোধ্যা অঞ্চল হইতে প্রথমে মগধে ও পরে বঙ্গে আগমন করেন। তথায় এই ধনশালী জাতি প্রথমতঃ সগৌরবে গৃহীত ও স্থবর্ণবিণিক্ বলিয়া পরিচিত হন। পূর্ববিসে যেখানে তাঁহাদের প্রধান বাসস্থান হয়, উহাই স্থবর্ণগ্রাম নামে বঙ্গের একটি প্রধান বন্দর হইয়াছিল। ইঁহাদের সহিত মগধের বৌদ্ধ নুপতিদিগের বৈবাহিক সম্পর্ক ছিল। বল্লাকের সময় ইঁহারা

^{*} গোছালী বলিতে বাসজীবীদিগকে বুঝার; ই'হারা এবং তাখুলী উভরে একই তাখুলের বাবদারী ছিলেন। বাগরা বরজ নির্মাণ করিয়া পান উৎপন্ন করিতেন, তাঁংগিদিগকে বরজিয় বা বাজজীবী এবং বাঁহারা সেই পান বিক্রন্ন করিতেন তাঁহারা ছিলেন তাখুলী। বাহারা নিজেদের শুস্তুত দ্রবাদি পূঁটুলি বা পোঁটলা বাধিয়া বিক্রন্ন করিত, তাহারা পূঁটুলী বলিয়া পাঁইচিত। শাঁথারি, কাঁসারি, গন্ধবণিক, ও ময়য়া প্রভৃতি এই শ্রেনীভূজ। গন্ধবণিকেয়া এক সমরে বাবসার-বাণিজ্যে বলের সর্ব্যক্র জ্বাধ প্রতিপত্তি প্রতিটা করিয়াছিলেন। ভাইটি বিসের ইতিহাস পরে দিব।

ধনবলে এক প্রবেশ জাতি হইরা দাঁড়াইরাছিলেন। তৎকালে বল্লভানন্দ শেঠ (শ্রেষ্টা) প্রভূত ধন সম্পত্তির অধিকারী হইরা ছিলেন। বল্লালসেন তাঁহার নিকট হইতে যথেষ্ঠ অর্থ ধাণস্বরূপ গ্রহণ করিরা যুদ্ধাভিয়ানে ব্যয় করেন। সে সময়ে উভয়ের মধ্যে সদ্ধাব ছিল, পরে অসোহস্থ হয়। সেন-রাজ্ঞগ বৈশ্র এবং স্বর্ণবিণিকেরাও বৈশ্র বিশ্বা নাকি উভয়ের মধ্যে একটা জাতীয় বিদ্বে ছিল। বল্লালের যথেছে শাসনে দেশমধ্যে শক্তিশালী বাক্তিমাত্রই তাঁহার উপর বিরক্ত হুইয়াছিলেন। বল্লভানন্দ অত্যাচারপীড়িত অনেক লোককে আশ্র দিতেন; ভুনাযার, পাশ্চাত্য বৈদিক ব্রহ্মণ ও বারেক্র কামস্বর্গণ বল্লালের কুলমর্য্যাদা গ্রহণে অসম্মত হইলে, বল্লাল তাঁহাদের প্রতি কুপিত হন। কালে তাহারা শক্ত হইরা দাঁড়ায়। বল্লভানন্দ তাহাদের পন্দাবলয়ন করেন। এই সময়ে বল্লাল প্নরায় অর্থ ঝণ চাহিলে, তাহাতে বল্লভানন্দ অস্বীকৃত হন। বস্তুত: তাঁহার নেতৃত্বে স্বর্ণবিণিকেরা বল্লালের হারে আভিজ্ঞাত্য প্রত্যাশী হয় নাই। এক্রম্ম বল্লালের ক্রোধের পরিসীমা রহিল না। তিনি তাঁহাদিগকে নানাভাবে অপমানিত করেন; তাঁহাদের উপরীত ছিল্ল করেন, এমন কি দেশ হইতে বিতাড়িত করিয়া দিয়াছিলেন।

এই অত্যাচারপ্রপীড়িত স্বর্ণবিণিকেরা কতক স্থল্যরন অঞ্চলে, কতক উড়িয়ার এবং কতক রাঢ়ে দরস্বতীকুলে সপ্তগ্রামে আশ্রর গ্রহণ করেন। উহা হইতে কটকী, সপ্তগ্রামী ও দক্ষিণরাড়ী প্রভৃতি সমান্ধ হইরাছে। মহাপ্রস্কু নিত্যানন্দের পার্বদ পরমভক্ত উদ্ধারণ দত্ত সপ্তগ্রামের স্বর্ণবিণিক্-কুল উজ্জন করিয়াছিলেন। বাঁহারা স্থল্যরন অঞ্চলে নির্বাদিত হইরাছিলেন, তাঁহারা স্থনেকে বর্ণমাহরের উক্তরে ভূষণা অঞ্চলে বর্ত্তমান মামুদপুর প্রভৃতি স্থানে অবস্থিতি করেন। একণে বর্ণদাহর-পুলনার প্রার দশ সহস্র। স্বর্ণবিণিকের বাস।

স্বৰ্ণবণিক্গণের মত যোগী জাতিকে বল্লালী কোপে পড়িতে ইইনছিল। কিন্ত তাহার কারণ স্বতন্ত্র। এই যোগী বা জ্গীরা পূর্ব্বে বৌদ্ধ ছিলেন। তাঁহারা আদিনাথ, মীননাথ, মংক্রেন্ত্রনাথ ও গোরক্ষনাথ প্রভৃতি নাথসম্প্রদায়ভূক যোগী বা সন্নাসিগণের মতাবল্গী ছিলেন। বৌদ্ধ বুগের শেব ভাগে বখন বলীর তাত্রিকতা বৌদ্ধনত বা সন্ধর্শ্বের উপর হতকেপ করিরা নানা বিপর্বার উপন্থিত করিরাছিল, তথন গোরক্ষনাথ সেই মন্ত গ্রহণ করেন। তাঁহারা হঠবোপের কলে নানা অহুভৃ

প্রক্রিয়া দেখাইয়া শিষ্যসংখ্যা বৃদ্ধি করিতেন। হাড়ি ডোম প্রস্কৃতি নিমশ্রেণী হইতে উচ্চপ্রেণীর ব্রাহ্মণ পর্যান্ত তাঁহাদের দলভুক্ত হইতেন। বস্তুতঃ তাঁহাদের কোন জাতিবিচার ছিল না। রাজা গোপীচন্দ্র কিরপে এক হাড়িজাতীয় যোগীয় নিকট মন্ত্রগ্রহণ করিয়া রাজাত্যাগ করিয়াছিলেন, তাহা পূর্ব্বে উক্ত হইয়াছে। বল্লাবের সময়ে ইহারা প্রকাশ্র ভাবে বৌদ্ধ বলিয়াই পরিচিত হইয়াছিলেন, উত্তর কালে ইহারা প্রকাশ্র প্রকাশ্র অবশন্ত অবলম্বন করেন। * ইহারা প্রকাশ্র বৌদ্ধ, ইহাদের জাতিবিচার বা অয়বিচার ছিল না, এইজন্ম ইহাদের দ্বারা সমাজের অনিষ্ট হইবে আশক্ষার বল্লাল ইহাদিগকে বিশেষভাবে নির্যাতিত ও দেশ হইতে বিতাড়িত করেন। তদবিধি ইহাদের জল অনাচরণীয় হইয়া রহিয়াছে। যশোহর-খুল্নার বছস্থানে বছসংখাক যোগীয় বাদ। ইহারা এতদঞ্চলে বাস করিয়া বছদিন পর্যান্ত পূর্ব্বধর্ম্মাচার রক্ষা করিতে চেষ্টা করিয়াছিলেন; তাহার অনেক নিদর্শন বর্তমান আছে। স্থানান্তরে আমরা তাহার উল্লেখ করিব।

বল্লাল এই তুই জাতির উপর যেরূপ অত্যাচার করেন, কৈবর্ত্তাদিগের উপর তেমন সদয় হইয়াছিলেন। প্রবাদ আছে, কৈবর্ত্তগণ পূর্ব্বকালে ধীবর ছিল। স্থ্য মাঝি নামক এক ধীবর লক্ষ্মণদেনকে আনিয়া দিয়া কিরুপে বল্লালের তুটি সম্পাদন করিয়াছিল, তাহা পূর্ব্বে উক্ত হইয়াছে। স্থ্যমাঝি যেমন স্থাদ্ধীপের সম্পত্তি পুরস্কার পাইয়াছিল, তেমনি বল্লাল তাহাদের জল আচরণীয় করিয়াদেন। তদবধি তাহারা ত্রইভাগে বিভক্ত হয়। দাস ও নাবিক। দাস বক্ষিযাবসায়ী (হেলে) কৈবর্ত্তদিগের জল বাবহার্য্য, কিন্তু নাবিক বা মৎস্কারবাবসায়ী (হেলে) দিগের জল অম্পৃষ্ঠ। উহারা আবার চণ্ডাল জাতীয় মৎস্কারবাসায়ী (জালিয়া) দিগের হইতে পৃথক্ হইয়া আপনাদিগকে মালো বলিয়া পরিচয় দেয়। যশোহর খুল্নায় আদিয়ুগ হইতে বহু মালো বাদ করিতেছে।

^{*} It is stated in Pagsam Jon Zau (by Sampo Khanpo, a renowned Buddhist teacher of Tibbet), that about (13th century) this time foolish Jogis, who were followers of Buddhist Jogi Goroksha became Civaite Sannyasis. J. A. S. B. 1898 part 1, p. 25; D.: Oldfield's Nepal; vol. If p. 264

দ্বিতীয় অংশ–ঐতিহাসিক।

(২) পাঠান রাজত্ব।

যশোহর-খুল্নার ইতিহাস।

পাঠান-রাজত্ব।

-10010----

প্রথম পরিচেছদ— তামদ যুগ।

ত্র্দিন একাকী আসে না। ব্যক্তিগত জীবনে বা দেশের ইতিহাসে সেই একই কথা। বঙ্গদেশ যথন পাঠানের হাতে স্বাধীনতা হারাইল, তথন শত হুদ্বি আসিয়া তাহাকে গ্রাস করিয়াছিল। যশোহর-খুলুনার অবস্থা আরও শোচনীয়। শুধু শাসন বা সমাজ সম্বন্ধীয় বিপ্লব নহে, প্রাকৃতিক বিপ্লবও তাহাকে বিপর্যান্ত করিয়াছিল। আমরা প্রাক্ততিক বিবরণে এ সকল বিষয় আলোচনা করিয়াছি। তাহাতে দেখা গিয়াছে, সেনরাজ্বের পূর্বে বেমন करमकश्चारन करमकृष्टि विश्लय हरेमाहिल, रामनाखरूपत व्यवमारमय श्रीकारलेख रमहेज्ञा सम्मत्रयम सकरण, यरभाष्ट्रज-थूनमात्र मिक्नाश्रम এकिए ध्रयण भारम छ **অবনমনে বছবিত্তত প্রদেশ নিম্ন হইয়া জলমগ্ন হয়। খুলুনার অধিকাংশ এবং** বশোহরের দক্ষিণদিকে কতকাংশ এইভাবে নিম্ন ইইয়া বাদের অযোগ্য হয়। ইহার বিশেষ কোন বিবরণ সংগ্রহ করা যার না। কারণ পরবর্তী ছই শত বংসরের মধ্যে এই অবস্থার বিশেষ উন্নতি হয় নাই. এবং এই যুগে দেশের লোক অ্যাক্তকতার মধ্যে নানাবিধ অত্যাচারে পীড়িত হইরা সর্বনা এরপ শব্দিত থাকিত বে তাহারা কোনও প্রকার পুঁথিপত্তে দেশের অবস্থার কোন বিবরণ রাখিয়া ধার নাই। খুল্নার দক্ষিণভাগের অধিবাসিগণ কতক বিনষ্ট, কতক বাসভ্যাগ করিরা উত্তর মুখে পদারন করিরাছিল। উত্তরভাগে বাহারা আত্মরকা করিয়াছিল, তাহারা নিজের প্রাণ ও জাতিমান রক্ষার জ্ঞা এত বাস্ত ছিল যে, পরের কথার থবর লইতে অবদর পাইত না এবং অত্যাচারী আগস্তুকগণের সম্বন্ধে কোন কথা লিপিবদ্ধ করিতে সাহসী হইত না। এই ভাবে প্রায় হুইশত বৎসর গিয়াছিল। খুষ্টীয় ১২০০ অব্দ হইতে ১৪০০ অব্দ পর্যাস্ত হুই শত বৎসরকে আমরা তামস যুগ বলিতে পারি। কারণ এ যুগের ইতিহাস অন্ধতমসাদ্দ্র।

এই বিপ্লব উত্তরদিকে তৈরব নদ পর্যান্ত বিস্তৃত হইয়াছিল; তথন তৈরব ও ভদ্র উভয়ের মধাবর্তী স্থানে যথেষ্ট লোকের বদতি ছিল। এই সময় হইতে ঐ প্রদেশ হীনাবস্থ হইয়া পড়ে, এবং অল্প পর্যান্তও সে অবস্থার বিশেষ পরিবর্ত্তন হয় নাই। জমি নিয় হইলে জলময় হয়, ক্রমে পলিছারা ভূমি উচ্চ হইতে থাকে; উচ্চভূমিতে প্রথমতঃ জয়ল হয়; জয়লাকীর্ণ স্থান ব্যাঘাদি হিংস্র জয়র বাসভূমি হইয়া পড়ে; উহাদের উৎপাতে নিকটবর্তী জনস্থান ত্যাগ করিয়াও লোকে আল্রত্র পলায়ন করিতে থাকে; এইজয়্ম যতদূর বিপ্লব বিস্তৃত হইয়াছিল, তাহারও উত্তরে অনেকদ্র পর্যান্ত লোকের বাস উঠিয়াছিল। তাহার নিকটে যাহারা বাস করিত, তাহাদিগকে সবলে হিংস্র জয়র সহিত য়য় করিয়া আয়য়য়য়া করিতে হইত। এজয়্ম অধিবাসী যাহার। ছিল, তাহাদিগকে সাহসী ও সবল হইতে হইয়াছিল।

শুধু হিংস্র জন্তর উৎপাত নহে, দেশে তথন উৎপাত অনেক। প্রধান উৎপাত অরাজকতা। হিল্বাজ্ব গিয়াছে, মুসলমান রাজ্ব প্রকৃতভাবে আরব্ধ হয় নাই, এই সন্ধিযুগে দেশে রাজা নাই বলিলেও চলে অথবা দেশের রাজা একজন নহে, যে যেথানে পারে দশজনে রাজ্ব করিতেছিল, তাহাও বলা যাইতে পারে। পশ্চিমে গৌড়ে পাঠানগণ রাজপাট বসাইয়াছিল, পূর্বভাগে রামপালে সেনরাজগণ তথন বঙ্গের কর্ণধার, মধ্যে সমতট অঞ্চলে ভীষণ অরাজকতা বিরাজ করিতেছিল। গৌড়মণ্ডলে পাঠানেরা তথনও ভাল ভাবে আত্মপ্রতিষ্ঠা করিতে পারে নাই, বিশেষতঃ সেনরাজগণের বিক্রমে তাহাদের পূর্বমুখী গতি রুদ্ধ হওয়ার, তাহারা স্বছন্দে রাজ্যব্রিস্তার করিবার মত নিরাপদ্ হইতে পারে নাই। পূর্ব্বদিকে সেনগণ মুসলমান-শক্রকে প্রতিহত করিলেও তাহাদিগকে দেশাস্তরিত করিবার মত শক্তিশালী ছিলেন না; এজস্ক তাহারাও পশ্চিমদিকে অগ্রসর হইরা অজানিত শক্রর মুধে পড়িবার জন্ত প্রস্তুত ছিলেন না। স্বত্রা

সমতট শাসন করে কে ? যশোহর-খুল্নার যে অংশে বিপ্লবের পর হিন্দু বৌদ্ধ-প্রজা বাস করিতেছিল, তাহারা দম্ম হর্ব্ব তের উৎপাতে মহাবিত্রাটে পড়িয়াছিল। গৌড অধিকার করিয়াই পাঠানেরা বঙ্গের রাজা হয় নাই। তাহাদিগকে বক্স অধিকার করিতে অনেক দিন লাগিয়াছিল। পাঠান আমলে সমগ্র বক্সদেশ কথনও তাহাদের সম্পূর্ণ অধিকারে আসিয়াছিল কিনা থোর সন্দেহ। মহম্মদ খিলিজীর পরবর্ত্তী পাঠান রাজারা সর্বাদা দেশীর জমিদার ও প্রজার সহিত অধিকার লইয়া ব্যস্ত ছিলেন। তাহাতে আবার দিল্লীর সম্রাটকে সম্ভষ্ট রাথিতে হইত। মহম্মদ-ই-বক্তিয়ার যথন মগধে আসিয়াছিলেন, তথন লর্ড ক্লাইবের মত তাঁহাকে কেই চিনিত না. মানিত না। পরে তিনি বঙ্গ অধিকার করিয়া যথন দিল্লীশ্বর কুতব উদ্দীনকে সংবাদ দিয়াছিলেন, তখনই তাঁহার পরিচয় হয়। তিনি কৃতবের নির্দেশমত বঙ্গবিজয় করিয়াছিলেন, ইহার বিশেষ কোন প্রমাণ ইতিহাসে পাওয়া যায় না। তিনি শত্রুর দেশে আত্মপ্রাধান্ত অক্ষণ্ণ রাথিবার জন্ম দিল্লীশ্বরের সহায়তার প্রত্যাশায় তাঁহার অধীনতা ঘোষণা করেন। তথন হইতে বঙ্গদেশ দিল্লীর সহিত রাজনৈতিক সম্পর্কযুক্ত হয়। নতুবা তথন আর্য্যাবর্ত্তে দিল্লীর মত বছস্থান ছিল, বঙ্গদেশকে বিশেষভাবে দিল্লীর ছন্দান্তবর্ত্তী হইবার বিশেষ কোন কারণ ছিল না। এই দিল্লীর অধীনতার ফলে **বঙ্গদে**শে ভীষণ রাজত্ব-বিভাট হইয়াছিল।

হুই চারি বৎসর রাজত্ব করিতে করিতে কোন পাঠান রাজা হঠাৎ যুদ্ধক্ষেত্রে বা গুপ্তশক্ষর অসির আঘাতে দেহত্যাগ করিলে, সিংহাসন লইরা মারামারি কাটাকাটি হইত। দিল্লী হইতে নির্বাচিত হইতেন একজন, স্থানীয় পাঠানেরা নির্বাচন করিত আর একজন, হয় ত বীরবিক্রমে এক তৃতীয় ব্যক্তি উভরের গণ্ডে চপেটাঘাত করিয়া রাজগদি কাড়িয়া লইতেন। মহম্মদ-ই-বক্তিয়ার হইতে আরম্ভ করিয়া এই ব্যাপার বহুদিন চলিয়াছিল। পাঠকগণ প্রয়োজন বোধ করিলে বাজালার ইতিহাসে সে দীর্ঘ রাজতালিকা পাঠ করিতে পারেন। আমাদের তাহার বিশেষ কিছু প্রয়োজন নাই, কারণ গৌড়ে কে রাজা হয় বা না হয়, বশোহর-খুল্নায় তাহার ধবর পৌছিত না। সেধানে রাজা ছিলেন ছই চারিজন ভূমিভিদ ভূমাধিকারী। ইতিহাসে তাহাদের কথা নাই।

পাঠানেরা ছিল নবাগত প্রদেশীর। তাহারা তথনও বলদেশকে আপন দেশ

বলিয়া মানিয়া লয় নাই। পরবর্তী যুগে যেমন তাহারা হিন্দুর সহিত মিলিয়া মিশিয়া ধর্মপ্রবৃত্তি বা জন-হিতৈষণার বিনিমরে শান্তিম্বর্থ লাভ করিত বা শিল্পস্থমমার বঙ্গভূমিকে শোভাময়ী করিয়াছিল, দেদিন এখনও আদে নাই। পরের দেশে আসিয়া এখন প্রথম কার্য্য আত্মরক্ষা এবং তৎপরে অর্থসংগ্রহ বা রাজ্য-বিস্তারের নিরবচ্ছিন্ন চেপ্টা। তাহাতে আবার প্রতিবন্ধক পদে পদে। যুদ্ধে জন্মলাভ করিয়া, পূর্বতন রাজাকে রাজ্যভঙ্গ করিয়াও রাজ্য জর হয় নাই। প্রজায় মানে না, তুর্ক সেনানীকে বেখানে সেখানে বিভৃষিত করে, উদ্রিক্ত হইয়া সবলে আক্রমণ করিতে আসিলে, প্রজারা বর বাড়ী ছাড়িয়া পলায়; প্রাণ দেয়, তবুও ধর্ম দিতে চায় না; অর্থভাণ্ডার মাটার তলে প্রতিয়া বা জলাশরে নিক্ষেপ করিয়া যায়, তবু তদ্বায়া নবাগত শাসকের সন্মান রক্ষা করে না। এ বড় বিষম দায়। দেশ জয় করিয়াও যদি দেশের রাজস্ব করগত না হয়, তাহাতে ভীষণ বিরক্তি ও অক্কতা আসে। পাঠানদিগ্রেও তাহাই আসিয়াছিল।

अछ धर्मावनधीत भटक चटर्नत ताछ। वस, ইहाई हेमलाम वा शृहेश्रद्धत মূল স্ত্র। যাঁহারা থাঁটি মুসলমান বা খুষ্টান তাঁহারা দুচ্রূপে এমতে বিশ্বাসবান। মুতরাং অন্ত কোন কারণে না হউক, পর্হিতর্তির জন্ম স্বকীয় ধর্ম্মত প্রচার করা তাঁহারা কর্ত্তব্য মনে করেন। মুসলমানদিগের মধ্যে যে কোন উপায়ে এই কর্ত্তব্য পালন করার প্রথা চলিয়া আদিতেছিল এবং তাহা হইতেই অসির সাহায্যে ধর্মমত প্রচারের কথা উঠিয়াছে। অহা দেশে সে ভাবে ধর্মমত প্রচারিত হউক বা না হউক, পাঠান-আমলে বঙ্গদেশে যে হইয়াছিল, তাহাতে সন্দেহ নাই। কারণ এখানে উপায়ান্তর ছিল না। হিন্দুর মত স্থিতিশীল বা পরিবর্তনের বিরোধী জাতি জগতে নাই। সে জাতির দর্শনশাস্ত্র এত উন্নত যে কথার বশে তাহাদিগকে বণীভূত করা একেবারে অসম্ভব। অথচ তাহাদের ধ**র্মাচার** মুসলমান হইতে এত ভিন্ন, এত বিরুদ্ধ যে হিন্দুরা আচারে ব্যবহারে হিন্দু থাকিলে, তাহাদিগের নিকট হইতে পাঠানেরা কোন প্রকার সহামুভূতি প্রত্যাশা করিতে পারিত না। স্থতরাং হিন্দু বৌদ্ধকে মুসলমান করিয়া লওয়াই ধর্ম্ম বা রাজনীতি সব দিক্ হইতেই পাঠানের সাধনা হইয়াছিল। ইহার জন্ম তাহারা হিন্দু বৌদ্ধের উপর অমাহ্রষিক অত্যাচার করিয়াছিল। ফলে এই দাঁড়াইয়াছিল যে এদেশের বহুসংখ্যক লোক মুসলমান-ধর্ম গ্রহণ করিয়াটিল। তজ্জভাই আন

দেখিতে পাই বঙ্গের অনেক স্থানে হিন্দু অপেক্ষা মুসলমান অধিবাদীর সংখ্যা অধিক। ইহারা সকলেই পরদেশাগত মুসলমানের বংশগর নহে, প্রত্যুত্ত ইহার অধিকাংশ হিন্দু সমাজের নানা স্তর হইতে ধর্মান্তরিত। বল প্রয়োগ না করিলে লোকে ধর্মান্তর গ্রহণ করিত কি না তাহা খুষ্টীর ধর্মের প্রচার-প্রতিপত্তি হইতে বুঝা যাইতেছে। দেড়শত বর্ধের চেষ্টার ফলে এখনও খুষ্টানের সংখ্যা মুষ্টিমেয় রহিয়াছে, বলা যায়। খুষ্টানের সংখ্যা বৃদ্ধি না হইলেও এভদ্বারা শান্তিপ্রিয় খুষ্টার সমাটের সহ্দয়তার মহিমা ঘোষণা করিতেছে।

ধর্মপ্রচারের কথা ছাডিয়া দিলেও অন্ত কারণেও তথন বল প্রয়োগের আবশ্যক হট্য়াছিল। অত্যাচার না করিলে অর্থাগম বা রাজ্য বিস্তারের কোন সম্ভাবনা ছিল না। স্থতরাং দেশে অত্যাচারের স্রোত প্রবাহিত হুইয়াছিল। এই অত্যাচারের ফল হিন্দু অপেক্ষা বৌদ্ধগণ অধিক ভোগ করিত। বৌদ্ধদিগের উপর এই অত্যাচার দেনরাজত্বের সময় হইতে চলিয়া আসিতেছিল। কিন্তু সেনরাজগণ সামাজিক শাসন বা অন্তবিধ গুপ্ত কৌশলে বৌদ্ধদিগের প্রতিপত্তি থর্ক করা বাতীত দেববিগ্রহ বা মন্দিরাদি ভাঙ্গিয়া বৌদ্ধদিগকে উৎসন্ন কবিতে পারিতেন না। বহুপূর্ব্বে বুদ্ধদেব হিলুদের দশাবতারের অন্তর্ভুক্ত হইয়াছিলেন; মুতরাং বৌদ্ধদিগের প্রতি বিদ্বেষ থাকিলেও বুদ্ধমূর্ত্তি বা বৌদ্ধনীতির প্রতি তাঁহাদের বিষেষ ছিল না, পরস্ত বুদ্ধমূর্ত্তি দেখিলে হিন্দুরা সকলেই প্রণাম করিতেন। সেনরাজগণ সময়ে সময়ে একটা কৌশল অবলম্বন করিয়া বৌদ্ধ-দিগকে নির্য্যাতন করিতেন। শ্রমণ ব্রাহ্মণে চিরকাল বিরোধ ছিল; দেনরাজ্ঞগণ কোন বৌদ্ধমঠের সন্নিকটবর্ত্তী স্থান ব্রাহ্মণকে দান করিতেন। ব্রাহ্মণগণ পূর্বায়-গত আন্তরিক বিদ্বেষণশতঃ অল্পে অল্পে মঠের জমি করায়ত্ত করিয়া লইতেন: বৌদ্ধেরা সাধারণতঃ বিবাদপ্রিয় ছিলেন না; বিবাদ হইলেও তাহাতে কায়স্থের সাহায্যে ব্রাহ্মণেরাই জন্মলাভ করিতেন।

পাঠান বিজয়ের পর মৃদলমান কর্তৃকই এইরপ অত্যাচার অধিক হইতেছিল।
মৃর্তিনাত্রেই ইদ্লানের চকু:শূল; তাহাতে আবার দেশময় বৌদ্ধমৃর্তি। অহিংসাধর্মী বৌদ্ধেরা কিছু নিরীহ; তাহারা কোন মঠ বা সংঘারামে একত্র অধিক সংখ্যাতে বাদ করিত। বিহারসমূহে বহু অর্থ সঞ্চিত থাকিত, ইহা মগধবিজয়ী পাঠানের জানা ছিল। স্বতরাং একটি বিহার আক্রমণ করিলে বেমন অপরিমিত

অর্থ পাওয়া যাইত, তেমনই এক সময়ে অসংখ্য লোককে মুসলমান ধর্ম গ্রহণে বাধ্য করা যাইত। এইরূপ একটি বিহার ধ্বংদের কথা মীনহাজুদীন স্পষ্ট ভাষায় লিথিয়া গিয়াছেন। বঙ্গে আগমনের পূর্ব্বৎসর মহম্মদ খিলিজী মগধে ওদন্তপুরী নামক স্থানে বছদুর বিস্তৃত প্রাচীর ও পরিথা-পরিবেষ্টিত প্রাদাদমালা দেখিয়া উহাকে রাজধানী কল্পনা করিয়া আক্রমণ করেন। সে প্রাসাদের অধিবাসিগণ দ্বার বন্ধ করিয়া কিছুকাল আত্মরক্ষা করে। কিন্তু পাঠান বীরের निकं व्यवाहिक शहिल ना। महत्यम विक्यांत श्रामां हरेएक वीत्रविकारम প্রবেশ করিয়া অন্ন সময়ে অসংখ্য লোকের হত্যাসাধন করিয়া অপরিমিত ধন-রত্ন লুঠন করিলেন। দে স্থানের অধিবাসীর অধিকাংশই মুণ্ডিতশীর্ষ ব্রাহ্মণ এবং তাহার। সকলেই নিহত হইয়াছিল। সেখানে রাশি রাশি পুস্তক ছিল; সে সকল পুস্তক কি বিষয়ক তাহা জানিবার জন্ম হিন্দুদিগের সন্ধান করা হইল, কিন্তু সে হতভাগ্যদিগের প্রায় সবই মৃত্যুমুথে পতিত হইয়াছিল। অবশেষে মুসলমান বিজেতা জানিয়া বিশ্বিত হইলেন যে সেই ফুর্গ বা নগরী কোন রাজধানী নহে. তাহা একটি বিরাট বিভামন্দির বা বৌদ্ধবিহার। * ইহাই মুসলমান ঐতিহাসিকের নিম্পের কথা। এই ত মাত্র একটি বিহারের কথা, পাঠানেরা এমন যে কত বৌদ্ধ মঠ ও সংঘারামের ধ্বংস সাধন করিয়াছিল, তাহার সংখ্যা নাই। যাহারা ব্রাহ্মণ ও রাজ্বসৈত্তে প্রভেদ ব্রবিতে পারে না. বিভামন্দিরকে রাজপ্রাসাদ বলিয়া ভুল করে, অগ্রে রক্তস্রোত বহাইয়া পরে পরিচর জিজ্ঞাসা করে, আলেকজেন্দ্রিয়ার বিশ্ববিশ্রুত পুত্তকাগারের ধ্বংসকারী মুসলমানের বংশ-ধরগণ ধর্মপ্রাবিত মগধবঙ্গে আসিয়া কত স্থানে কত কি ভীষণ অত্যাচার করিয়াছিল, তাহা বলিবার নহে। এই অত্যাচার যে ঐতিহাসিক সত্য, তাহার্তে সন্দেহ নাই। তবে ইহা পাঠানদিগের নৃতন নহে। রাজ্যজিগীযু জাতি মাত্রেই পররাজ্যের উপর এরূপ অত্যাচার করিয়াছেন। প্রত্যেক দেশের ইতিহাসে সে অত্যাচারকাহিনী আছে। হিন্দু বৌদ্ধে, শাক্ত বৈঞ্বে বিবাদস্তত্ত্বেও অত্যাচার কম হয় নাই। কিন্তু এক্ষণে "গতস্থামুশোচনা নান্তি।"

যতদিন পর্যান্ত পাঠানগণ অন্থিরভাবে কেবলমাত্র অর্থের সন্ধানে ব্যাপৃত ছিল, বঙ্গদেশে বাসস্থান স্থির করে নাই, ততদিন এইভাবে অত্যাচার চলিয়াছিল।

^{*} Raverty's Tabaqat-i-Nasiri P. 552.

অত্যাচারের ভরে হিন্দুগণ পশ্চিমবঙ্গ ছাড়িয়া জঙ্গলাকীর্ণ সমতটে বা হিন্দুশাসিত নদীবত্ল পূর্ব্বঙ্গে পলায়ন করিতে লাগিল। বৌদ্ধেরা মঠ ছাড়িয়া পলাইত না মঠগুলি অনেক সময়ে প্রাচীন রাজধানীর নিকটে অবস্থিত ছিল, এজন্ত বৌদ্ধদিগের উপর মুসলমানের অত্যাচার অধিক পড়িয়াছিল। কতক নিহত হুইত, কতক দর্ববান্ত হইয়া মুদলমান ধর্ম গ্রহণ করিত। আর যে দকল নিম্নশ্রেণীর জাতির দরদেশে বাইবার সংস্থান ছিল না, তাহারাও মুসলমান হইত, মুসলমানী কথা কৃহিত, মুদলমানী সাজে সাঞ্চিত, কিন্তু ধর্ম্মের বিশেষ ধার ধারিত না। পুর্বেঞ্চ যে ভাবে অন্নদংস্থান করিত, পরেও তাহাই করিতে লাগিল। বৌদ্ধেরা বে সকলেই মঠে বাদ করিত. সংসারধর্মত্যাগী ছিল, তাহা নহে। অনেক গৃহস্থ বৌদ্ধ বৃদ্ধপ্রচারিত সারনীতির মর্ম জানিত না, তাহারা বিকৃত মতের পক্ষপাতী হইয়া সন্ধর্ম ত্যাগ করিয়া ধর্মের পূজা করিত। এই ধর্মপূঞ্জক বৌদ্ধগণ পাঠানের হন্তে এমন ভাবে নির্যাতন ভোগ করিতেছিল, যে অবশেষে তাহারা প্রাণের দারে পাঠানের পক্ষাবলম্বন করিয়া তাহাদের বাশোগান করিত। এমন কি তাহারা নবাগত যবনকে ধর্মাবতার বলিয়া গ্রহণ করিতেও কুষ্ঠিত হয় নাই। রামাই পণ্ডিত-কৃত শুনা পুরাণের শেষভাগে 'নিরঞ্জনের উল্লা" নামক যে একটি ক্ষুত্র অধ্যায় সম্ভবতঃ পরবর্ত্তী সময়ে প্রক্রিপ্ত হইরাছিল, উহাতে এই বিষয়ের একটি মুন্দর বর্ণনা আছে :---

ধর্ম হৈল্যা জ্বনরূপি, মাথারেতে কাল টুপি, হাতে শোভে ত্রিক্রচ কামান।
চাপিআ উত্তম হয়, ত্রিভূবনে লাগে ভত্ত, থোদায় বলিয়া এক নাম॥
নিরঞ্জন নিরাকার, হৈলা ভেন্ত অবতার, মুখেত বলেত দ্বদার।
যতেক দেবতাগণ, সবে হয়্যা একমন, আনন্দেতে পরিল ইজার॥
বন্ধা হইল মহাঁমদ, বিষ্ণু হৈলা পেকাষর, আদক্ষ হৈল স্থল্গানি।
গণেশ হইল গাজী, কার্ত্তিক হৈল কাজি, ফ্কির হৈলা জত মুনি॥ *

লোকে কথার বলে "শক্তকে স্বাই ভক্ত", এখানে ধর্মভক্তদিগের অবস্থাও তাহাই দাঁড়াইরাছিল। পাঠানেরা "কোর যার, মূর্ক তার" এই নীতি ঘোষণা করিয়া বাষ্পদিক্ত বঙ্গের অধিবাদীদিগকে অশ্রদিক্ত করিয়া ভূলিয়াছিল। দেশীয় লোকেরা আতি প্রাণ ও অধিকার রক্ষার ক্ষম্ভ সর্বদা একপ চেটা করিজ,

সাহিত্যপরিষদ্ হইতে প্রকাশিত "শৃক্ত-পুরাণ" ১৯১ পৃঃ

সর্বাণ একস্থান হইতে অন্তন্ত্র পলায়নের জন্ম এরপ ভাবে প্রস্তুত থাকিত যে তাহারা এ যুগে কোন মৌলিক চিন্তা বা বিভাচর্চা করে নাই, কোন ইতিবৃত্ত, গোষ্ঠীকথা বা বংশকারিকাদির রচনা করে নাই; এমন কি এ যুগে বৌদ্ধগণ কোন পুত্তক রচনা ত দ্রের কথা, কোন প্রাচীন পুঁথি হাতে লিথিয়া নকল করিতেও পারিত না। এ পর্যন্ত এ বুগে মাত্র তিন থানি পুঁথি নকল করা হইরাছিল, দেখা গিয়াছে। সে তিনখানিই বৌদ্ধ পুঁথি এবং উহা তিন জন কারত্বে নকল করিয়াছিল। তন্মধ্যে বঙ্গাধিকারী হরিনারায়ণ মিত্র যে পুঁথিখানি নকল করেন, তাহার নাম, "সভাতরঙ্গিণী"। বিভাচর্চাদির যখন এই দশা, তখন সে যুগের ইতিহাস কেন পাওয়া যায় না, তাহা বলাই বাছলা। এই জন্মই এ যুগকে তামসমুগ বলিয়াছি।

এই যুগে কিছুদিন পর্যান্ত যশোহর-খূল্নায় পূর্ব্ববঙ্গের সেনরাজগণের শাসন চলিয়াছিল। প্রথম প্রথম তাঁহারা পূর্ব্ববঙ্গ হইতে কর সংগ্রহ করিতেন। কিন্তু কেহ বিদ্রোহী হইলে তাহা দমন করিবার সাধ্য ছিল না; কারণ বিদ্রোহিগণ আবশ্যক হইলে পশ্চিম বঙ্গের পাঠান শাসকের শরণাপন্ন হইয়া আয়রক্ষা করিত ও এককালীন কিছু অর্থাদি উপঢোকন দিয়া দেশের মধ্যে নিজের স্বাধীনতা কিনিয়া লইত। এইরপে বর্ত্তমান যশোহরের উত্তরাংশে মাগুরা ও বিনেদহ মহকুমার অন্তর্গত প্রদেশে দে সময় কতকগুলি ক্ষুদ্র জমিদারের আবির্ভাব হইয়াছিল। এই সময় হইতে শৈলকুপার উন্নতি আরম্ভ হয়। হিন্দুর মধ্যে অনেক আত্মকলহ পাঠানের রাজ্যবিস্তারের পথ পরিকার করিয়া দিয়াছিল।

এইভাবে ২০।২২ জন পাঠান নৃপতি দিল্লীর অধীন থাকিয়া ১৪০ বৎসর যাবৎ বন্ধদেশ শাসন করে। তন্মধ্যে শতাধিক বৎসর কাল পূর্ব্বিক্স তাঁহাদের করায়ত্ত হয় নাই। ফিরোজ সাহের সময় পূর্ব্বিক্স অধিক্যত হইরাছিল। ১৩৯৯ খৃষ্টাব্দে ফকরউন্দীন পূর্ব্বিক্স এবং সামস্থান্দীন ইলিয়াস পশ্চিমবঙ্গে স্বাধীনতা ঘোষণা করেন এবং ইলিয়াসই পরে সমগ্র বঙ্গের স্বাধীন পাঠান নূপতি হন। এই সময় হইতে বঙ্গদেশ বাঙ্গালা নামে আখ্যাত হয়। ইলিয়স সবল হত্তে দেশ শাসন করিতেন। তাঁহার মৃত্যুর পর অল্পকাল মধ্যে বেশেনানা অরাজকতা উপস্থিত হয়। এই সময় দেশীয় জমিদারেরা প্রাধান্ত করেন। গণেশ পূর্ব্বে উত্তরবক্ষে ভাতুরিয়া পরগণার জমিদার ছিলেন। তিনি

গৌড়াধিপকে নিহত করিয়া রাজা হন। * তিনি, তাঁহার পুত্র ও পৌত্র প্রায় ৪০ বংসর কাল রাজত্ব করেন। এ সময়ে হিন্দু বা দেশীয়দিগের উপর অত্যাচার হয় নাই; যথেষ্ট বৃত্তি পাইয়া ব্রাহ্মণ-পতিতগণ পুনরায় শাস্ত্রচর্চাদি আরম্ভ করেন। এ সময়ে যশোহর-খুল্নায় রীতিমত বসতি স্থাপন ও স্মাঞ্জ বন্ধন আরম্ভ হইয়াছিল। আমরা এক্ষণে তাহারই কথা বলিব।

দ্বিতীয় পরিচ্ছেদ—বদতি ও সমাজ।

রঙ্গনীর অন্ধনার বিগত হইলে যেমন তরুণারুণভাতি সুপ্ত জগতকে প্রদীপ্ত করে, তামস-মুগ অতিবাহিত হইলেও তেমনই দেখা গেল, যশোহর-খুল্নার যে সকল অংশ নিম ও জঙ্গলাকীর্ণ হইয়া বাসের অযোগ্য হইয়াছিল, তাহাও আবার উন্নত ও পরিস্কৃত হইয়া সভ্য সমাজের বসতিভূমি হইতেছে। য়াহারা উপনিবেশ স্থাপন করিতেছিলেন, তাঁহারা যে কোন দ্রবর্তী বিদেশ হইতে আসিতেছিলেন, তাহা নহে। সেনরাজত্বের অবসান হইল, প্রাকৃতিক বিপ্লব হইল, পাঠান অধিকারের প্রাক্তালে দেশময় অরাজকতা চলিতে লাগিল, এইরূপ নানাবিধ কারণে লোকে নানাস্থানে চলিয়া গিয়াছিল; আবার যথন রাষ্ট্রবিপ্লবের আবর্ত স্থিরভাব ধারণ করিল, দেশের ভূমি উন্নত হইয়া শশুক্তেরে উপযোগী হইল, পাঠানেরা বঙ্গদেশে বসতি নির্দেশ করিয়া অপেক্ষাকৃত ধীরভাবে শাসনদশু পরিচালনা করিবার জন্ম দেশের লোকের সহায়তা চাহিল, তথন দেশে শান্তির আবির্ভাবের সঙ্গে সঙ্গে নৃতন বসতি, নৃতন সমাজ গঠিত হইতে লাগিল।

পূর্ব্বেই বলিয়াছি ভৈরব নদের উত্তরভাগে প্রাকৃতিক বিপ্লবের বিশেষ প্রবেশ হয় নাই, দেখানে লোকে তত অধিক স্থান পরিত্যাগ করে নাই,

^{* &}quot;Raja Kans from the testimony of Coins appears to have reigned from 810 A.H. to 817 A.H. or 1407 to 1414 A.D., but he appears to have actually usurped the Government earlier in 808. A. H."—Reyaz—us—Salatin, edited by M. A. Salam, P. 113 note. ইহার পূর্বেণ্ড পাঠান-রাজ-সভার আমীররণে গণেশ দেশের মধ্যে সর্বেগর্কা ছিলেন।

স্থতরাং দেখানকার সামাজিক পরিবর্তনও অপেকাকৃত কম হইয়াচিল। সে অংশে নৃতন অধিবাসীদিগকে স্থান দিবার উপায়ও অধিক ছিল না: এজন্ত যথন পাঠান-রাজত্বের মধ্যভাগে পশ্চিমবঙ্গ হইতে ব্রাহ্মণ, কার্ম্ব ও পুর্ববঙ্গ হইতে বৈদ্য কুলীনগণ এ দেশে আগমন করিতে ছিলেন, তাঁহারা জনবছল উত্তরভাগ ত্যাগ করিয়া বিরলবাস দক্ষিণাঞ্চলকেই অধিক পচ্চন্দ করিয়া-ছিলেন। নদীর পলিতেই ভূমি উচ্চ হয়; এজন্ত অবনমিত স্থানে প্রথমে নদীর কুলই জাগে ও বসতির যোগ্য হর। এজন্ত যথন খুষ্টীয় পঞ্চদশ শতাব্দীর প্রথম হইতে নতন উপনিবেশ স্থাপিত হইতেছিল, তথন দক্ষিণভাগের ভৈরব, ভদ্র, কপোতাক্ষ প্রভৃতি নদীকুলেই এই বদতি হইতেছিল। আমরা পরে দেখিতে পাইব, যথন খাঁ জাহান আলী প্রভৃতি সামস্তগণ স্থন্দরবন আবাদ করিবার অগ্রদুত হইয়া আদিয়াছিলেন, তথন তাঁহারা ভৈরবের কুল দিয়া পূর্ব্বমূথে এবং কপোতাক্ষের কুল দিয়া দক্ষিণমুখে স্থান্দরখনে প্রবেশ করেন। তাঁহাদের গতিবিধির জন্ত ঐ পথে নৃতন রাস্তা প্রস্তুত হইয়াছিল, এবং দেই রাস্তার হুই ধারে তাঁহাদের জলাশয় ও মদজিদ প্রভৃতি কীর্তিচিহ্ন সমূহ এখনও বর্ত্তমান রহিয়াছে। তাহারা যে পথে গিয়াছিলেন, দে পথের অনেক স্থানে পূর্ব্ব হইতে লোকের বসতি নৃতন করিয়া স্থাপিত হইতে ছিল; যাহা বাকী ছিল, উহাদের সহচর ও সহায়কগণ এবং পরবন্ধী শাসনকর্ত্গণের কার্য্যকারকগণ সে সকল স্থান পুরণ করিয়া ছিলেন। ঐ সকল নদীগুলির কুলে কুলে বা সল্লিকটে এক্ষণে যাহাদের বসতি আছে, তাহাদের বংশের পূর্ব কথা আলোচনা করিলে অধি-কাংশ স্থানেই দেখা যাইবে, পাঠানরাজগণের সহিত তাহাদের কোন না কোন প্রকার বৈষয়িক সম্বন্ধ আছে। পাঠানরাজদিগের মধ্যে কেহ কেহ হিন্দু-দেরও গুণের যথেষ্ট সমাদর করিতেন এবং কার্যাতঃ সে সমাদরের পরিচর क्षिरका ।

বাহার। এইভাবে ন্তন বসতি স্থাপন করিল, তাহারা আসিল কোৰা হইতে? ইহাদের মধ্যে কেহ কেহ যে দ্রবর্তী স্থান হইতে আসিয়া ন্তন দেশের ন্তন বাসিলা না হইয়াছিল, তাহা নহে। তবে অধিকাংশ বিশ্লবের প্রেপ্ত এই দেশের লোক ছিল। বিপ্লবের জন্ম স্থানান্তরিত হইয়া তাহারী বলোহরের নানাস্থানে বা নিকটবর্তী অন্ত কোন বিভাগে গিয়া করেক প্রেষ্

বসতি করিয়াছিল। পরে কতক দে সকল স্থান হইতে অত্যাচার-পীড়িত হইয়া, কতক পর্যাপ্ত শস্তলোভে, কতক বা অজানিত দ্ব প্রদেশে ন্তন রাজার মত প্রতিপত্তি বিস্তারের কল্পনায় এ অঞ্চলে আসিয়াছিল। অনেক কালের পতিত বা নবোখিত ভূমিতে বেমন ফদল ভাল হয়, তেমনই যাহারা ন্তন প্রদেশে নববিক্রমে বদতি স্থাপন করে, তাহাদেরও বংশ বা বলর্দ্ধি হইয়া থাকে। পাঠান আমলে এইজন্ত যশোহর-খুল্নার দক্ষিণাংশে নানা বিষয়ে উয়তি বা অবস্থান্তর দেখা গিয়াছিল।

কনোজাগত ব্রাহ্মণ কায়স্থগণ আদিশূরের নিকট হইতে গঙ্গাতীরে ভূমিলাভ করিয়া তথায় বাস করিতেছিলেন। বল্লালসেনের সময়ে তাঁহাদের মধ্যে যাঁহার। কৌলীন্ত পাইয়া ছিলেন, তাঁহারা ঐ প্রদেশেই বসতি করিতেছিলেন। গঙ্গা ছাড়িয়া দূরে যাইতে তাঁহারা সম্মত ছিলেন না। পাঠান রাজত্ব আরম্ভ হইলেও তাঁহারা দেই প্রদেশ ছাড়েন নাই। অবশেষে কোন স্থানে জাতি-ধর্ম্মের উপর মত্যাচার, কোথায় বা অরাজকতা, স্থানের অভাবে লোকসংখ্যাবৃদ্ধি, এবং কথনও বা রাজকার্য্যের জন্ম অন্মত্র যাইবার আবশ্রুকতা তাঁহাদিগকে স্থানত্যাগ করাইয়াছিল। এই সকল ব্রাহ্মণ-কায়স্থগণ ধর্মনিষ্ঠ ছিলেন এবং প্রবর্ত্তী সময়ে কুলমর্য্যাদা ও সমাজসমস্থা লইয়া অধিকতর ব্যস্ত ছিলেন। বাতীত যে উদরান্নের সংস্থান একটা অবশ্য কর্ত্তব্য তাহা অনেক সময় ভলিয়া যাইতেন। তাঁহাদের এই দারিদ্রোর স্কুযোগ পাইয়া অনেক অকুলীনও নিম্ন-শ্রেণীর ব্রাহ্মণ-কায়স্থগণ উহাদের সহিত বৈবাহিক সম্বন্ধ সংস্থাপিত করিতেন। এইভাবে যে সকল কুলদোষ ঘটিয়াছিল, পরে তাহার পরিহারকল্পে সমাজের বন্ধন আরও কঠোর করিবার প্রয়োজন হইরাছিল। এই বৈবাহিক **সম্বন্ধের** জন্মও স্বচ্ছন্দ জীবিকার লোভে কুলীনগণ গঙ্গাতীর ত্যাগ করিয়া অনেকে যশোহর-খুলনায় আসিয়াছিলেন। স্মৃতরাং তাঁহাদিগকে যাহারা আনিয়াছিল. তাহারা এ প্রদেশের অধিবাসী ছিল। সে কাহারা ?

শোত্রির ও সপ্তশতী ব্রাহ্মণ, মোলিক কায়স্থ, নবশায়ক, নানা জাতীয় বণিক্
ও নিম শ্রেণার শৃত্তগণ পঞ্চদশ শতাকীর পূর্বে যশোহর-খূল্নার অধিবাসী
ছিলেন। ত্রয়োদশ শতকীতে বৈজ্ঞগণ কেবলমাত্র খূল্নাজেলার সেনহাটিপ্রামে
বাদ করিয়াছিলেন, তৎপুর্বে এদেশে বৈভ ছিলেন বলিয়া জানা যায় না।

ত্রয়োদশ শতকীর পর অন্ত বৈত কুলীনেরা পূর্ববিষ হইতে আসেন। পঞ্চদশ ও ষোডশ শতাব্দীতে ব্রাহ্মণ কার্যন্ত কুলীনেরা এ প্রদেশে বাস করেন। চতুর্দ্দশ শতাব্দীর শেষার্দ্ধ হইতে শ্রোত্রিয় ও সপ্তশতী ব্রাহ্মণ এবং মৌলিক কায়স্থেরা বিপ্লবগ্রস্ত প্রদেশে বসতি স্থাপন করিতে থাকেন। ইংহাদের মধ্যে মৌলিক কায়স্থগণই নতন উপনিবেশের অগ্রদত হইতেন। তাঁহারা খান নির্বাচন করিতেন, জঙ্গল আবাদ করিতেন, প্রবল শক্ত বা হিংপ্রজম্ভর সহিত যুদ্ধ করিয়া জয়লাভ করিতেন, বিস্তৃত প্রদেশ দথল করিয়া সবিক্রমে শাসন করিতেন, পাঠান-রাজদরবারে দৈল পরিচালনা, মন্ত্রণা, রাজস্ব সংগ্রহ, এবং হিসাব ও তহবিল রক্ষা প্রভৃতি যাবতীয় গুরুতর রাজকার্য্যে মৌলিক কায়স্থগণ বিশেষ ক্লভিত্তের পরিচয় দিতেন: এবং তাহার পুরস্কারম্বরূপ রাজ্মরকার হইতে রায়, চৌধুরী, মজুমনার খাঁ, মুস্তোফি, নিয়োগী, সরকার প্রভৃতি নানা সম্মানিত উপাধি লাভ করিতেন। এ সব উপাধি যে ব্রাহ্মণের নাই, তাহা নছে: তবে কায়ন্তের তলনায় কম। ব্রাহ্মণগণ এই মোলিক কারস্থগণেরই গুরু-পুরোহিতরূপে দেখোত্তর ও ব্রহ্মোত্তর নিষ্কর ভূমি লাভ করিয়া বাদ করিতেন। তাঁহাদের অনেকে দেই সকল নিষ্কর ভূমি এথনও ভোগ করিতেছেন। কামস্থগণই তাঁহাদিগকে বস্তি করাইতেন ও প্রতিপালন করিতেন। কামস্থগণ ক্ষত্রিয় কিনা তাহা প্রমাণ করিবার এ উপযুক্ত স্থান নহে, তবে এই সকল মৌলিক কায়স্থগণ যে তৎকালে তাঁহাদের কার্য্যে, ব্যবহারে, চরিত্রে, দান দাক্ষিণো ও ব্রাহ্মণপালনে যথেষ্ট ক্ষত্রিরত্বের পরিচয় দিয়াছিলেন, ইতিহাদ তাহার প্রকাশ্র দাক্ষা দেয়।

শুধু ব্রাহ্মণকে নহে, কুলীন কায়ন্ত্রনিগকে ইহারাই আশ্রয় দিতেন ও প্রতিপালন করিতেন। বল্লালী মর্যাদা মানিয়া লইয়া, ইহারাই তাঁহাদিগের সহিত বৈবাহিক সম্বন্ধ স্থাপন করিয়া শ্লাবা বোধ করিতেন, এবং "বোস ঠাকুর" "বোষ ঠাকুর" দিগকে মাথায় করিয়া লইয়া অয়দান ও ভূমিদান করিয়া পৃদ্ধা করিতেন। এখনও কুলীন কায়ন্ত্রিদাণকে অধিকাংশন্থানে কোন মৌলিক বংশের আশ্রিত বলিয়া পরিচয় দিতে হয়। আজ যদি এই সকল নমৌলিক বা আদিম কায়ন্ত্রগণের অধন্তন পুরুষের হুরবন্থায় স্থযোগ পাইয়া ব্রাহ্মণ ও কুলীন কায়ন্ত্রগণ তাঁহাদের সামাজিক প্রতিপত্তির উপর কশাবাত করেন, তবে তাহাঁ নিতান্তই অক্তজ্জার পরিচায়ক হইবে।

একণে জিজান্ত এই হইতে পারে যে, এই দকল ফুলক্ষণযুক্ত কারস্থগণ বল্লালী ব্যবস্থায় কৌলীভ পাইলেন না কেন ? কৌলীভ কয়জনে পাইয়াছিলেন গ তাহার বিচারই বা করিয়াছিল কে? কনোজাগত গ্রাহ্মণ কারস্থেরা শুর ও দেন রাজগণের বৃত্তিভুক হইয়া রাজধানীর সন্নিকটে বাদ করিতেছিলেন। পুরুষামুক্রমে রাজ্বরবারে আপনাদিগের উপস্থিতি জ্ঞাপন করিয়া স্তাবকতাদারা রাজপ্রীতি আবর্ষণ করাই তাঁহাদের কার্য্যের অন্তর্ভুক্ত ছিল, বিচারসভায় ইহাদেরই বংশধর্গণ অধিক সংখ্যক উপস্থিত ছিলেন। রাজবিচারে ইঁহারাই বিচারের সার সন্মান গ্রহণ করিয়াছিলেন। তাহার মধ্যেও আবার দত্তবংশীয়গণ ভূতাত্ব হইতে একটু নিবুত্ত হওয়া মাত্র কৌশীস্ত-বিবৰ্জ্জিত চইয়াছিলেন। কিন্তু দেই দত্তরাই ছিলেন মহাসান্ধিবিগ্রহিক, মহাপাত্র, মহাসামন্ত প্রভৃতি উচ্চ পদে অধিষ্ঠিত। লক্ষ্রণসেনের দরবারে দত্তের প্রাধান্ত এত অধিক ছিল যে কোলীগুলাভ তাহার নিকট নগণাই ছিল। মৌলিক কারস্তেরা সেই সময় নানা কার্যাবাপদেশে বঙ্গরাজ্ঞার নানা ভাগে কার্যো নিরত ছিলেন: রাজধানীতে অনবরত যাতায়াত তথন অনায়াদগত ছিল না। আমরা বিখাস করি, ধর্ম্মনিষ্ঠ শ্রোত্রিয় ব্রাহ্মণ এবং কর্ম্মনিষ্ঠ মৌলিক কায়স্থগণ আভিজাত্যের জন্ত দূরবর্ত্তী স্থান হইতে রাজধানীতে আনাগোণা করিয়া উঠিতে পারেন নাই। তাঁহাদের কোলীগুলাভে বঞ্চিত হইবার ইহাই অগুতম কারণ ৷

বলালের কৌলীয়প্রথা দেশমধ্যে এক ভেদনীতি প্রবর্ত্তন করিয়া বক্ষদেশের সর্ব্বনাশ সাধন করিয়াছিল। এই প্রথা প্রবর্ত্তিত হওয়ার পর হইতে
সামাজিকের দোষগুণ বিচার ও জাতিমর্য্যাদায় কে বড় কে ছোট ইহাই লইয়া
দেশের সর্ব্বজাতীয় লোক এমন ভাবে ব্যতিবাস্ত ও অনম্রকর্ম হইয়াছিল,
বে দেশের অবস্থার দিকে কেহ বিলুমাত্রও দৃষ্টেপাত করে নাই। কে কাহার
অয়গ্রহণ করিবে, অয়গ্রহণ না করিয়া কিরপে শক্রতা সাধন করা যায়, এই
সকল সামাজিক কথা লইয়া লোকের এত অধিক মাথাব্যথা হইত বে, প্রক্রত
অয় কোথা হইতে হয়, দেশের অয় দেশে থাকিবে কিনা, সে সকল চিয়া
তাহারা একেবারেই পরিহার করিয়াছিল। রায়্টায় স্বাধীনতার বিষয়ে তাহারা
এতই উদাসীন হইয়াছিল বে, পাঠান বিস্করের পরে দেশের কি পরিবর্ত্ত্বন হইল,

তিষিয়ে অধিকাংশ লোকেরই উদোধন হয় নাই। এক্ষণেও বল্লালী নীতির কুফল ফলিতেছে, লোকের সর্ব্ধপ্রকার বিষেষবৃদ্ধি সামাজিক শাসনকে কলঙ্কিত করিতেছে। দেহবল, জ্ঞানবল, ধনবল, সকল বলের অভাব সামাজিক নির্যাতন দ্বারা পূণ করা হইতেছে, এবং সামাজিক শাসনের নামে কত ষড়্যন্ত, নীচত্ব ও মিথাচার যে দেশের মধ্যে বিনামূল্যে বিকাইতেছে তাহার ইয়ন্তা নাই। কৌলীক্ত-পরিপ্লাবিত দেশে মোলিক ব্রাহ্মণ ও কায়ন্তের সামাজিক উন্নতির এক্ষাত্র উপার হইয়াছে অর্থ। ইহা এথনও যেমন, পুর্ব্বেও তেমনি ছিল।

আমরা পূর্ব্বে বলিয়ছি যে এয়োদশ শতাবীর প্রথমভাগে যশোহর-খুল্নার দক্ষিণে যে প্রাকৃতিক বিপ্লব হইয়ছিল, তাহার পরে ভৈরব, ভদ্র বা কপোতাক্ষ প্রভৃতি দক্ষিণদেশীয় নদীর কূলে বেখানে যথন বসতি স্থাপিত হইয়াছে, সেখানেই এতদঞ্চলের আদিম অধিবাসিগ পুনরায় বাস করিয়াছেন। ইঁহারা বিপ্লবাদি কারণে কিছুকালের জন্ত স্থানান্তরিত হইয়াছিলেন। এই সকল অধিবাসীয় মধ্যে মৌলিক কারস্থগণ প্রধান। তাঁহারা প্রথমে বৌদ্ধ ছিলেন, এবং সেই বৌদ্ধর্মাক্রান্ত প্রাচীন সমতটে বাস করিতেন। * ক্রমে তাঁহারা কৌলীন্তের প্রভাবে নবাগত কুলীন কায়স্থগণের সংস্পর্শে ও প্ররোচনায়, বৌদ্ধমত পরিতাাগ করিয়া হিলু বৈঞ্চব হন। অনুসন্ধান করিলে দেখা যায় মৌলিক কায়স্থগণ অধিকাংশই বিশ্বমন্ত্রে দীক্ষিত এবং কুলীন বংশজগণ তাল্লিক শাক্ত। ভাল্লিক গুরুর প্রভাবে বঙ্গজ বৈজ্ঞাপ প্রায়্ন সকলেই শাক্ত হন। মৌলিক কায়স্থগণ কুলীনদিগের প্রতিষ্ঠা করেন, কুলীনগণ গুরু-পুরোহিত ব্যতীত কোথায়ও থাকিতেন না। স্কৃতরাং মৌলিকগণকেও কুলীনের গুরু-পুরোহিত মানিয়া লাইতে হইয়াছিল এবং তাঁহাদিগের বসতির জন্ত বিশেষ ব্যবস্থা করিতে হইয়াছিল। এই কুলীন আত্মীয় এবং ব্রাহ্মণগণের প্রভাবে ক্রমে ক্রমে মৌলিক কায়স্থগণের

[&]quot;The kayasthas, if we exclude the descendants of those who are recognised as kulinas among the Dakshina Radhiya and Vangaja Communities and who were Bhahmanic in their tendencies, were mostly Buddhists. These are all Maulikas i. e. they originally belonged to this country, a Buddhist country"

M. M. Haraprasad Sastri's Introduction to N. N. Vasus' "Modern Buddhism" p. 20.

ধর্মনত পরিবর্ত্তিত হইয়াছিল। এখন অনেক স্থলে মৌলিকদিগের অবস্থা এত শোচনীয় এবং তাঁহাদের আশ্রিত কুলীনগণ এত সমৃদ্ধিসম্পন্ন হইয়াছেন যে কোন কান্তস্থপ্রধান গ্রামে কুলীনগণই প্রধান এবং তাঁহাদের আশ্রন্ধাতার কীত্তিকথা লুপ্রগাথায় পরিণত হইয়াছে।

আমরা সাধারণভাবে যে কয়েকটি কথা বলিলাম, বিশেষ অন্নসন্ধান করিলে তাহার সত্যতা লক্ষিত হইবে, কারণ আমরা অনেক অন্নসনানের পর এইরূপ মন্তব্যে উপনীত হইয়াছি। এ বিষয়ে সকল দৃষ্টান্ত এথানে প্রদান করা ছঃসাধ্য এবং অনর্থকও বটে। স্থতরাং ভৈরব-ভদ্রক্লে কতকগুলি স্থানের বস্তির বিষয় উল্লেখ করিয়া সংক্ষেপতঃ কয়েকটি মাত্র দৃষ্টান্ত দিতেছি।

ভৈরবনদ যশোহরে প্রবেশ করিবার পর সিঙ্গিয়া পর্যান্ত এক প্রকার পূর্ব্ব-মুথেই আসিয়াছে। তৎপরে উহার গতি ক্রমশঃ দক্ষিণমুখী হইয়া বিপ্লবগ্রস্ত প্রদেশ দিয়া পূর্ব্বদিকে চলিয়া গিয়াছে। সিঙ্গিয়ার উত্তরে ত্রয়োদশ শতাব্দীর বিপ্লব গিয়াছিল বলিয়া মনে হয় না। সি**ন্দিয়া**র পর হইতে যশোহর-কুলে নুতন বসতি হইতে থাকে। সেথান হইতে নদীর ছুইধারে ক্রমান্নয়ে মৌলিক কারস্থগণের আদিবাদ দেখিতে পাওয়া যাইবেঃ চেঙ্গটিয়ায় কল্কীশ গোত্রীয় রায় চৌধুরী দত্তগণ বিখ্যাত। ইঁহারা বালীর দত্ত, উত্তর কালে স্কবিখ্যাত সেনাপতি কালিদান ও শ্রীরাম এই বংশ উজ্জ্বল করেন। কালিদানই বাঘটিয়ার ঘোষ ও জঙ্গলবাধালের বস্থ স্মাজের প্রতিষ্ঠাতা। দেয়াপাড়ার দেববংশ বহু প্রাচীন। ইংারা সাধারণতঃ চিত্রপুর ও কর্ণপুরের দেব বলিয়া এক্ষণে খ্যাত। পাঠান আগমনের পূর্ব হইতে ইহারা এদেশের অধিবাসী ছিলেন। পাঠান-সরকারে চাকরী করিয়া যশস্বী হইয়া ইঁহারা নানা উপাধি লাভ করেন এবং যশোহর-খুল্নার নানাস্থানে বদতি করিয়াছিলেন। দেয়াপাড়ার ম্জুম্নার, ভাটিয়াপাড়ার ^{বল্লী}, কস্থন্দীর সরকার, পাঁজিয়ার সরকার, রুদাঘরার হালদার, সাধুহাটীর मत्रकात, स्रवणशांदित शामनात, ७ काठीकालात मत्रकात्रांग এই पायत्रभीय। এই সকল স্থানেই ইঁহারা বহু কুলীন কাগ্নস্থ ও স্কুবান্ধণের প্রতিষ্ঠা করিয়াছিলেন। তপন ভাগের দাসগণও এইরূপ বিখ্যাত। তাঁহারা নড়াইলে শোলপুর ও ভয়া-থালি প্রভৃতি স্থানে বদতি করেন। আফরার ও শঙ্করপাশার দেনগণ ভৈরব-^{ক্লে} অবস্থিত। **ই**হারা বিখ্যাত দ্বিগঙ্গার সেনবংশীয়, যশোহরে সিরিজ্লিয়া

ও চণ্ডীবরপুর, খুল্নায় মধিয়া, বনগ্রাম, চিংড়াথালি এবং বরিশালে রায়েরকাটিতে এই একই বংশের অতুল সন্মান। শেষোক্ত চারিস্থানে ইহারা রাজোপাধিধারী এবং মঘিয়া, বনগ্রাম, চিংড়াথালি ভৈরবের কলে অবস্থিত। শঙ্করপাশার নিকটে বর্ণীবিছালীর সিংহবংশ বিখ্যাত। ইঁহারাই তথাকার বম্বদিগের প্রতিষ্ঠাতা। এখান হইতেই ইহারা ভৈরবকলে বেলফুলিয়ার অন্তর্গত আইচগাতিতে বাস করেন. তথায়ও তাঁহারা কুলীনগণের প্রতিষ্ঠাতা ও সম্পত্তিশালী এবং দেব-দ্বিজ্ব-সেবক। ভৈরবদিয়া আর একটু অগ্রদর হইলে পাইকপাড়ার দত্তগণ বিশেষ খ্যাতিসম্পন। ইহারা দত্তদিগের বটগ্রাম সমাজভুক্ত, ঢাকুরিয়ার মজুমদারগণ এই বংশীয়। বালী সমাজের দত্তগণ যশোহর-থুলুনায় বছস্থানে বাস করিয়াছিলেন ৷ তল্মধ্যে ভৈরব-কলেই তাঁহাদের বাস অধিক। বাসড়ী, মুক্তীশ্বরী ও সিদ্ধিপাশার দত্ত, সেনহাটির মুন্তোফি এবং রাঙ্গদিয়া ও ত্রীপুর-বনগ্রামের দত্তগণ এথনও স্ব স্ব স্থানে সমাজের প্রধান ব্যক্তি এবং বহু কুলীন ও ব্রাহ্মণের আশ্রয়দাতা। এই দত্তবংশীয়েরাই কাল্নার দত্ত এবং নড়াইলের জমিদার। সিদ্ধিপাশার অপর পারে দামোদরের ব্রহ্ম, আর একটু অগ্রদর হইলে বারাকপুরের দেন, মহেশ্বরণাশার গুহবংশীয় মজুমদারগণ বিশেষ সম্মানিত। ইংঁহারা বহু কুলীন আনিয়া বদতি করাইয়া-ছিলেন। মহেশ্বরপাশায় ঘোষ বস্তু মিত্র সর্বাজাতীয় কুলীনের বাস। ভৈরবপথে আরও অগ্রদর হইলে বেলকুলিয়ার ভদ্রগাতিতে ভদ্রংশীয় কায়ন্থগণ পূর্বকালে ক্ষমতাশালী ছিলেন। বেলকুলিয়ার রায়চৌধুরী উপাধিধারী বস্তবংশীয় জ্মিদার-গণ এই ভদ্রদিগে: প্রতিষ্ঠিত। তৎপরে নন্দনপুরের নন্দীগণ এক সময়ে বিশেষ সম্মানিত ছিলেন, তাঁহারা তথার বস্থ ও মিত্র কুণীনদিগকে প্রতিষ্ঠিত করেন।

ভৈরবপথে আলাইপুর ত্যাগ করিয়া পূর্ব্বমুবে অগ্রদর ইইলে, মৌভোগের আদি বাসিন্দা বিষ্ণুবংশীয় বিনোদ গাঁ। তিনিই এখানে বাগাগুদমাজের বস্তুক্শীনদিগকে প্রতিষ্ঠিত করেন। বিনোদ বিষ্ণু পাঠান আমলে খাঁ উপাধি ও প্রস্তৃত ভূসম্পত্তি জায়গীর পান। যশোহরের অন্তর্গত পাঁজিয়ার বিষ্ণুগণ এই একই বংশীয়। মৌভোগের পর নলধার ভঞ্জ চৌধুরিগণ বিধ্যাত। তাঁহারা এক সময়ে সমগ্র থড়রিয়া পরগণার অভ্যতম জমিদার ছিলেন; নলধার ও নিকটবর্তী স্থানে তাঁহারা বহু কুলীন কায়স্থকে বসতি করাইয়াছিলেন। কালাগঞ্জের নিকটবর্তী নল্তার ভঞ্জগণ এই একই কুলোভূত। সেই নল্তার নামাম্সারে প্রথনে দ্বিতীয় নল্তা ক্রমে নল্টা ও নল্ধা নামে পরিবর্ত্তি হইয়া
সময়ে প্রতাপাদিত্যের প্রধান সেনাগতি ছিলেন। ক্রমে অগ্রসর হইলে এইরূপ
আরও মৌলিক কায়ন্তের বসতি দেখা ঘাইবে। নল্ধা ও রাজপাটের রাহা,
উত্তর পাড়ার দেববংশীয় নিয়েগী, রাখালগাছী ও হাউলীর নাগ ইহাদের মধ্যে
বিধাত। রাহাগণ মজুমদার উপাধিভূষিত হইয়া য়মোহরে প্রহাটা ও বাগতাঙ্গা
প্রভৃতি স্থানে সম্মানিত বংশ বলিয়া পরিচিত আছেন। উত্তর পাড়ার নিয়েগীগণ
ধল্প পীতাধ্বের সন্তান বলিয়া খাত এবং গোলিপতি কুলভূক্ত। ইহাদের কথা
বিশেষ ভাবে পরে আলোচিত হইতেছে। রাখালগাছির নাগবংশ খুল্না-জেলায়
একডাকে পরিচিত এবং অভিশন্ন সম্মানিত। তাঁহারা সে অঞ্চলে বছকুলীনের
আশ্রমণতা হইয়াছেন। এতবাতীত রাক্ষদিয়ার দত্বংশ ও মবিয়া প্রভৃতি
স্থানের সেনবংশের কথা উল্লিথিত হইয়াছে।

কপোতাক্ষকূলেও এইরূপ মৌলিক কাম্বস্থগণের বসতি স্থাপিত হইম্বাছিল। ইহার মধ্যে বোদধানার চৌধুরিগণ বিশেষ বিখ্যাত। ইংহারা দেব-উপাধিধারী মৌলিক কারস্থ। তুগলী সপ্তগ্রাম হইতে ইংহাদের পূর্ব্বপুরুষ যশোহরে আসেন। ভৈরবকূলে বারবাজারে ইঁহাদের পূর্ব্বপুরুষদিগের আদিবাস বলিয়া কথিত হয়। * কিন্তু তাহা আমরা সম্পূর্ণ বিশ্বাস করি না। তবে বোদ্থানায় ইংইাদের বাস ছিল, তাহা তথাকার গড়বেষ্টিত রাজবাটীর ভগ্নাবশেষ হইতে এখনও স্পষ্ট জানা যায়। এই বোদথানা হইতে ক্রমে ইংহারা নদীয়ার গঙ্গানন্দপুরে, খুলুনার মলইগ্রামে, এবং ক্রমে ক্রমে যশোহরের সন্নিকটবর্ত্তী নয়াপাড়াগ্রামে, এবং কপোতাক্ষতীরে বাড় লীগ্রামে বাদ করেন। নিয়োগী উপাধিধারী ইঁহাদের এক শাধা খুল্নার উত্তরপাড়াগ্রামে আছেন। ইংগাদের পূর্ব্বপুরুষ হরিদেব সপ্তগ্রামের সন্নিকটে বাস করেন, তাঁহার অধন্তন সপ্তমপুরুষ পীতাম্বর দেব। ইনি নবাব-দরবার হইতে খাঁ উপাধি এবং বছ সংকার্য্যের ফলে সাধারণের নিকট ধন্ত পীতাম্বর বলিয়া থাতে হন। ইঁহারই অধন্তন পঞ্চম পুরুষ স্থবিথাতে শিবদাস চৌপগুী; তিনি মলই পরগণার জমিনারী পান, তথা হইতে তাঁহার বংশধরগণ হরিচালী ও রাড়ূলী গ্রামে উঠিয়া যান। এ সকল স্থানই কপোতাক্ষের কুলে। বিশ্ববিখ্যাত বিজ্ঞানাচার্য্য শ্রীষ্ঠ প্রফুলচক্র রায় এই রাড়ূলীর রায়বংশ সমুজ্জল

^{*} Westlands' Report P. 156,

করিরাছেন। শিবদাস চৌথভীর লাতার বংশে অধন্তন চতুর্থ পুরুষে রাজা কংসনারায়ণ প্রাত্ত্তি হন। তৎপুত্র রত্নেশ্বর যশোহর-নওয়াপাড়ায় বসতি করেন। রত্নেশ্বরের বৃদ্ধপ্রপৌত্র রতিকান্ত, কালীকান্ত প্রবল প্রতাপাদ্বিত জমিদার ছিলেন। ইঁহারা গোলীপতি। শোভাবাজারের রাজবংশীয়গণ ইঁহাদিগের জ্ঞাতি। এই গোলীপতি দেব-বংশ বঙ্গদেশের বহস্তানে বিক্ষিপ্ত হইয়া পড়িয়াছেন, এবং নবরঙ্গকুলীনের সহিত সম্বন্ধ স্থাপন করিয়া কায়ন্ত-সমাজের অধিনায়ক হইয়া রহিয়াছেন। বঙ্গদেশের সামাজিক ইতিহাসে ইঁহাদের স্থান অতি উচ্চে।

শুধু এই দেব-বংশীয়গণ নহেন, কপোতাক্ষকলে সাগরদাঁড়িও তালার দত্ত, হরিচালীর গুহুমজুমদার, ভদ্রকুলে ভের্গচির সিংহ প্রভৃতি মৌলিক কায়স্তগণ পাঠান আমলে সমাজে বিশেষ প্রতিপত্তিশালী ছিলেন। মৌলিক কারন্তগণের মত এদেশে মৌলিক ব্রাহ্মণ অধিবাদীও ছিলেন। তাঁহাদের উপলক্ষেও কায়স্থ-দিগের গুরু-পুরোহিতরূপে শ্রোতিয় ও কুলীন ব্রাহ্মণগণ ক্রমে এ অঞ্চলে আসিয়া বাস করেন। মৌলিক অর্থাৎ সাতশতী ব্রাহ্মণগণ ক্রমে ক্রমে শ্রোতিয়দিগের সহিত আদান প্রদান করিয়া মিশিয়া গিয়াছেন: অনেকস্থানে তাঁহারা এক্ষণে কষ্টশ্রোত্তির এবং এমন কি শুদ্ধ শ্রোত্রির বলিরা পরিচার দিয়া থাকেন। * ভৈরবকূলে অনেক স্থলে ইংহারা বদতিস্থাপন করিয়া সভ্যতার আলোক বিকীর্ণ করিয়াছিলেন। মর্যাদাপ্রাপ্ত শ্রোতিষ্ণগণ ইংহাদের পন্থামুদরণ করিয়াছিলেন। মহেশ্বরপাশার সিঞ্রাবল্লভ, দেনহাটার কাটানি, শ্রীফলতলার দাস্কৃড়ী ও আজগড়ার ডাইয়া গাই ভুক্ত ব্রাহ্মণগণ বিশেষ পরিচিত। সাতক্ষীরার জমিদারবংশীয়েরা কাটানি গাঁই। মহেশপুর ও দক্ষিণ ডিহির গুড়, পিটাভোগের কুশারি, দেনহাটির কাঞ্জারি, সেনহাটি ও ঘাটভোগ প্রভৃতি স্থানের পাকড়াশী (সর্ববিদ্যা বংশ). সেনহাটির হড়, এবং ভৈরবকূলে নানাস্থানে ডিংসাই, কুমুমকুলি প্রভৃতি প্রসিদ্ধ শ্রোতিয়গণ বসতি নির্দেশ করিয়া যশোহর-খুলুনা পবিত্র করিয়াছেন। ইহার মধ্যে গুডদিগের এক অংশ পতিত হইয়া 'পীরালি'' হন; কলিকাতার ঠাকুরবাবুরা কুশারি বংশীয়। সর্ববিভা ও কাঞ্জারীগণ ত্রাহ্মণ, কায়স্থ ও বৈভের গুরু এবং সমাজের শীর্ষস্থানীয়। স্থানান্তর ইহাদের বিশেষ বিবরণ প্রদত্ত হইবে।

এস্থলে আমরা দেখাইতে চেষ্টা করিলাম যে মৌলিক কায়ন্ত্রগণ ও পরে

[»] मचक निर्णय, २०० शृः।

শ্রোত্রিয় ব্রাহ্মণের। এদেশে আসিয়া কির্মণে বসতি স্থাপন করিয়াছিলেন এবং বিপ্রবল্পবিতদেশে কিরূপে সামাজিকগণের সর্ক্রবিধ উন্নতির পথ পরিষ্কৃত করিয়া দিয়াছিলেন। ইংহাদের দারা সমাজ প্রতিষ্ঠিত হইবার প্রাক্রালে পাঠানের। নানা হত্তে এদেশে প্রবেশ করে এবং তাহাদের সাময়িক অভ্যাচারে ও নবশাসন প্রবর্তনে দেশমধ্যে তুমূল আন্দোলন উপস্থিত হইয়াছিল। খুল্নার পাঠান আসিবার পূর্বেই চন্দ্রনীপে একটি স্বাধীন হিন্দুরাজ্য সংস্থাপিত হওয়ায় খুল্নার অধিকাংশ সে রাজ্যভুক্ত হইয়া পড়ে। দফ্রজ্মর্কন দেব সেই রাজ্যের প্রতিষ্ঠাতা।

তৃতীয় পরিচ্ছেদ—দকুজমর্দন দেব।

পাঠান-বিজ্ঞানের প্রথম ছইশত বর্ষ বঙ্গদেশে কিরুপ অরাজকতায় অতিবাহিত হইয়াছিল, তাহা বর্ণিত হইয়াছে। তৎপরে রাজা গণেশ কিছুকালের জন্ত পাঠানদিগের হস্ত হইতে গৌড় রাজ্য কাড়িয়া লন। কয়েক বৎসর পরে গণেশের মৃত্যু হইলে (১৪১৪) রাজ্যমধ্যে পুনরায় একটা গণ্ডগোল উপস্থিত হয়। এই সময়ে দয়্তজমর্দান দেব চক্রছীপে আসিয়া এক রাজ্য সংস্থাপন করেন। শীঘ্রই খুল্নার দক্ষিণপূর্বাংশ সম্পূর্ণরূপে তাঁহার করায়ত্ত হইয়া পড়ে। স্থান্দর বনের মধ্যে দয়্তজমর্দনের যে রজতমুদ্রা প্রাপ্ত হইয়াছি, উহাই এ বিষয়ের অন্ততম প্রমাণ।

খুল্না-জেলার দক্ষিণাংশে থোলপেটুয়া নদীর কূলে অবস্থিত বাস্থদেবপুর গ্রামনিবাদী শ্রীযুক্ত বাবু জ্ঞানেজনাথ রায় মহাশয়ের নিকট হইতে আমি উক্ত মুদ্রাটি প্রাপ্ত হইরাছিলাম। * তথাকার একটি মুদলমান কবর থনন করিবার দময়ে এই প্রাচীন মুদ্রাটী পাইয়া জ্ঞানেজ্ঞ বাবুকে দিয়াছিল এবং তিনি দয় করিয়া

শবর্তনান ইতিহাসের উপকরণ সংগ্রহ জন্ত আমাকে বহবার স্করবন অকলে অমধ করিতে হইলাছে। উহার মধ্যে একবার ১৯১১ অকে ২৬ পে ডিসেখর তারিবে আমরা খোল-পেট্রার কুলবর্ত্তী বিছটগ্রামে যাই, তথা হইতে নিকটবর্ত্তী বাহদেবপুরে গিরা উক্ত মুক্রাটি প্রাপ্ত ইংলাছিলাম। অনামধ্যত রারসাহেব প্রীযুক্ত নলিনীকান্ত রার চৌধুরী এইবার আমার সহবাত্তী ডিলেন। মুলাটির জন্ত বাবু জ্ঞানেশ্রমাণ রার বিশেষ ভাবে ধনাবারাছ।


উহা আমার হত্তে প্রদান করেন। মুদাটির সর্বপ্রথান বিশেষত্ব উহার বাঙ্গালা অক্ষর। বাঙ্গালা অক্ষরের প্রাচীন মুদা আর দেখি নাই। বহু চেষ্টা করিয়াও অভাবধি মহারাজ প্রতাগাদিত্যের নামান্ধিত মুদা প্রাপ্ত হই নাই, স্থতরাং তাহাতে কিরূপ বাঙ্গালা অক্ষর উৎকীর্ণ ছিল, তাহা জানি না। ইণ্ডিয়ান মিউজিয়ামের বিশিপ্ত কর্মাধ্যক্ষ, মুদ্রাতত্ত্ববিৎ স্থপণ্ডিত প্রীযুক্ত রাথাল দাস বন্দ্যোপাধ্যার এম-এ মহোদয় আমার এই মুদ্রার অক্কত্রিমতা সপ্রমাণ করিয়াছেন, এবং ইহা যে কিরূপে কতকগুলি তর্কসমূল প্রতিহাসিক তথ্যের উদ্ধারের পথ পরিষার করিয়াছে, তাহারও উল্লেখ করিয়াছেন। * মুদ্রাটি বঙ্গীয় সাহিত্যপরিষদে উপহারস্করণ প্রদান করিয়াছি। উহা এক্ষণে তত্ত্বতা মুদ্রাবিভাগে রক্ষিত হইতেছে। †


আমার এই মুদ্রা প্রাপ্তির পূর্ব্ধে মালদহের স্বনামধন্ত ঐতিহাদিক স্বর্গীর রাধেশচক্র শেঠ মহাশর এইরূপ তুইটি রজতমুদ্রা প্রাপ্ত হন। উহা তিনি মালদহে উত্তর-বঙ্গসাহিত্য-দাঝালনের চতুর্থ অধিবেশন কালে প্রদর্শন করিরাছিলেন। তুরুধ্যে একটি দক্ষজমর্দন দেবের এবং অপরটি মহেক্র দেবের। রাধেশ বাবুর মৃত্যুর পূর্ব্বের রঙ্গপুর শাধা পরিষদের পত্রিকার উক্ত মুদ্রা হুইটি সম্বন্ধে একটি নাতিদীর্থ প্রবন্ধ ও উহাদের আলোক চিত্র প্রকাশিত হইয়:ছিল। ‡ তাহা হুইতেই আমরা চিত্রাঞ্লিপি দিলাম। এক্ষণে মুদ্রাত্রমের বিশেষ বিবরণ দেওয়া হুইতেছে।


প্রবাসী, ১২শ ভাগ, ৪র্থ সংখ্যা, ১৩১৯, শ্রাবণ।

[†] বঙ্গীয়সাহিত্যপরিষদ্ উনবিংশ সাংবৎদবিক কার্যাবিবরণীতে এই মুদ্রা সম্বন্ধ বিশেষ ভাবে উল্লেখ করিয়া আমন্ত্রা ইংগর 'ভিদ্ধার করিয়া বঙ্গের হিন্দুরাজত্বের একটি তর্কসকুল অধ্যাব্যের স্থীমাংসার সহায়' হইরাছি বলিয়া মন্তব্য প্রকাশ করিয়াছেন। "সাহিত্য পরিষ্থ-প্রিকা" ১৩২০, ১৩৮ পুঃ।

[্] এই তুইটি মূলা পাণ্ড্রার আদিনা মণ্রিদের উত্তর-পূর্কাংশে ন্যুনাধিক তুই কোশ মধ্যে দাঁওতাল ক্ষকের হলমুখে উৎক্ষিপ্ত হয়; দাঁওতাল কৃষক উহা পুরাতন মালদহের এক দোকানদারের নিকট বিক্রম করে; তাহার নিকট হইতে মালদহের "গোড়দ্ত" নামক দাপ্তা-হিক পত্রের কার্যাধাক্ষ প্রীণ্ড কৃষ্ণচন্দ্র আগরওরালা উহা সংগ্রহ করিয়া রাধেশ বাবুকে প্রধান করেন। মুদ্রা ছইটি রাধেশ বাবুর আক্সিক মৃত্যুর পর কলিকাতার হারাইয়। যায়। পুর্ব প্রকাশিত আলোকচিত্র হইতে উহার চিত্রাক্রিপি প্রকাশিত করিলাম। এই অনুলিপির অভ্যাপর শর্ম শক্ষের "প্রবাদী" কল্পাদক মহাশরের নিকট আমি বিশেষ ভাবে কৃত্তঃ। শ্রীণ্ডুক রাধাল







দত্ত্ত্বৰ্দন নামাঞ্চিত চক্ৰদ্বীপ মুদ্ৰ।

२१६ शृः

শীসতীশচল্র মিত্রের যশোহর-খুলনা ইতিহাসের জ্ঞ

Engraved & Printed by K. V. Seyne & Bros

जारिश বাবুর আবিয়ত (১) মহেল্র দেবের মুদ্রা:
 গোলাক্বতি, ওজন ১৭০ গ্রেণ, পরিধি ৩ৡ ইঞ্চি। উহার প্রথম পৃঠে বঙ্গাক্ষরে
 লিথিত আছে—"প্রীপ্রীমন্মহেল্র দেবত্ত"; দ্বিতীয় পৃঠে—"প্রীচণ্ডীচরণ-পরায়ণ,
 পাণ্ডুনগর, শকাক () ৩৩৬।"

(२) मञ्जमर्पन (मर्वत मूजा:--

আকার প্রায় গোল, ওজন ১৬৭ গ্রেণ, পরিধি এই ইঞ্চি। প্রথম পৃষ্ঠে বৃত্তমধ্যে বঙ্গাক্ষরে—"প্রীস্তীদমুজমর্দন দেব"; দিতীয় পৃঠে চতুষ্কমধ্যে "শ্রীচণ্ডীচরণ-পরায়ণ" ও উহার বাহিরে "পাণ্ডুনগর, শকাবা () ৩১১"।

এই তুইটি মুদ্যাতেই marginal deletion বা পার্যক্ষয়ের জন্ত তারিথের সহস্রাষ্কটি কাটিয়া গিয়াছে, তজ্জন্ত মহা অন্ধবিধা হইয়ছিল। উক্ত পার্যক্ষয়ের কথা না ভাবিয়া বঙ্গাক্ষয়মুক্ত মুদ্রা তুইটিকে খুষ্টীয় পঞ্চম শতাব্দীয় মুদ্রা বলিয়া নির্দেশ করিতে গিয়া রাধেশ বাবুকে স্থ্বী-সমাজে হাস্তাম্পদ হইতে হইয়ছিল। কিন্তু তিনি তাহার জন্ত দায়ী নহেন। তিনি যেমন পাইয়ছিলেন, তেমনই নির্দেশ না করিয়া পারেন নাই। আমাদের মুদ্রা আবিয়্লত না হইলে এই সহস্রাক্ষ কাটিয়া যাওয়ার কথা সহজে ধরা যাইত না।

আমাদের আবিষ্কৃত দম্জ্মর্দন দেবের মুদ্রা:—
গোলাকৃতি, ওজন ১৬০ গ্রেণ, পরিধি ৩২ ইঞি। প্রথম পৃষ্ঠে বড্ভুজের মধ্যে
বঙ্গাক্ষরে—"শ্রীদম্জ্মর্দন দেব"; দিতীয় পৃষ্ঠে—"শ্রীচণ্ডীচরণ-পরারণ, শকাবা
১৩০১, চক্র দ্ব ()প।"

ইহাতে তারিখটি অতি স্থলাই ভাবে আছে। উহাতে ১০০৯ শকাকা বা ১৪১৭ খৃঠাক হয়। রাধেশ বাব্র মুদার ১ এই সহস্রান্ধটি কাটিয়া গিয়াছে, ইহা সচহলে অন্থমান করা যার। তাহা হইলে মহেন্দ্র দেবের মুদার ১০০৬ শকাকা বা ১৪.৪ খৃঠাক এবং দম্জমর্দনের অপর মুদারও ১৪১৭ খৃঠাক হয়। স্বাধীন রাজা না হইলে কেহ স্থনামে মুদ্রা প্রচার করেন না। স্থতরাং মুদ্রাত্রর হইতেই প্রমাণিত হইতেছে যে মহেন্দ্র দেব পাঙুনগর বা পাঙুরার স্বাধীন রাজা ছিলেন, তাঁহার রাজভ্রের১৪১৪ খুঠাকের একটি মুদ্রা পাওরা যাইতেছে; তাহার পর দম্জ-

বাব্ও আমার যে ছুইটি প্রবন্ধ কুমুজমর্মনের মুদ্রা সম্বন্ধে প্রবাসীতে প্রকাশিত হয়, ঐ সময় মুদ্রাগুলির আলোকচিত্র কেওয়া হইরাছিল। প্রবাসী, ১৩১৯, প্রবিণ।

মর্দন দেব পাণ্ডুনগরে রাজা হন (১৪১৭)। তিনি যে বংসর রাজা হন, সেই বংসরই চক্রদ্বীপে আসিয়া নৃতন রাজা সংস্থাপনপূর্বক মূলা প্রচার করেন। ইঁহারা উভয়েই "দেব" উপাধিধারী কায়ন্থ এবং "শ্রীচণ্ডীচরণ-পরায়ণ" উপাধিছিবত শাক্ত হিন্দু। মূলা হইতে এই যে কয়েকটি তথা প্রমাণিত হইতেছে, তাহা সম্পূর্ণ সংশয়শৃত্য।

এক্ষণে এই দমুজমর্দন কে ? তিনি কোথা হইতে আসিয়া রাজ্যস্থাপন করিলেন ? এ সম্বন্ধে অনেকগুলি মত আছে। আমরা এক একটি করিয়া সংক্ষেপে সবগুলি বিচার করিব।

- (১) "বল্লালদেনের কারস্থজাতীয়া উপপত্নীর পূত্র কালু রারকে তিনি চন্দ্রদ্বীপে করদ রাজা নিযুক্ত করেন। দফুজদমন রার তাঁহার বংশধর।" * অবশ্র
 এখানে দফুজদমন ও দফুজমর্দন অভিন্ন ব্যক্তি বলিয়া ধরা হইরাছে। এ মতের
 কোন বিশিষ্ট প্রমাণ নাই। সমস্ত প্রবাদ-কাহিনী ইহার বিরোধী। এ মতের
 পরিপোষক গ্রন্থকার বিনা প্রমাণে ইহা উত্থাপিত করিয়াছেন বলিয়া আমরা উহা
 পরিত্যাগ করিতে পারি।
- (২) লক্ষণসেনের পৌত দহজমাধব বছবৎসর পূর্ব্বক্সে রাজত্ব করিয়া-ছিলেন, তাহা উল্লিখিত হইয়াছে। এই দমুজমাধব বিভিন্ন ঐতিহাসিকের ছারা নানা নামে পরিচিত হইয়াছেন। দমুজ, দনৌজা, ধিমুজ রায় (Stewart), নোজা (Raja Nodja, Tieffenthaler), নৌজা (আবুল ফজল), দমুজ রায় (Jiaddin Barni and Elliot), দনৌজামাধব বা দমুজমর্দন এবং দমুজদমন—এ সকলই একই ব্যক্তির ভিন্ন ভিন্ন নাম বলিয়া কথিত হয়। অর্থাৎ বিক্রমপুরের দনৌজামাধব এবং চক্রছীপের দমুজমর্দন অভিন্ন বাক্তি। া

শীহুর্গাচরণ দান্তাল প্রণীত "বাঙ্গালার দামাজিক ইতিহাদ" ১১৯ প: ।

[†] The Emperor occupied Sonargaon having been joined in advance by Dhinwaj Rai, Zamindar of the City, with all his troops. This is probably the same person as Dhinaj Madhub who is believed to have been a grandson of Ballal Sen.—Dr. Wise, J. R. A. S. 1874, No. 1, p. 83.

It is not improbable that the founder of this family (Chandradwip family) is the same person as the Rai of Sonargaon by name Dhanuj Rai". *Ibid* No. 3, p. 206 See also N, N. Vasu, J. R. A. S. 1896. p. 35, শীৰাতাশচন্ত্ৰ বায় চৌধৱী, বৰীয় নৰাজ, ৭৯ গুঃ।

দুমুজমাধব বিশ্বরূপের মৃত্যুর পর পূর্ব্ববঙ্গে রাজত্ব করেন। তাঁহার রাজত্বকালে ১২৮০ খুষ্টান্দে দিল্লীশ্বর বুলবন পূর্ব্ধবঙ্গের অন্ততম বিদ্রোহী শাসনকর্ত্তা মণীস্থদীন তোগরলকে দমন করিতে স্বয়ং বঙ্গদেশে আদেন। এ সময়ে দফুজমাধব দৈল দিয়া নৌপথে তাঁহার সাহায্য করিয়াছিলেন। * দমুজমাধবের সহিত বুলবনের এক দল্ধি হয়। কিন্তু তৎপরে অল্লদিনের মধ্যে পূর্ব্ববঙ্গের অনেকস্থান মুসলমান অধিকারভুক্ত হইলে, দমুজ্ঞমাধ্ব চন্দ্রদ্বীপে আদিয়া নৃতন রাজ্য সংস্থাপন করেন এবং স্বকীয় গুরুদেব চন্দ্রশেথর চক্রবর্ত্তীর নির্দ্দেশামুদারে নবোখিত দ্বীপে তিনি যে রাজ্য প্রতিষ্ঠা করেন, গুরুদেবের নামে তাহার নাম রাখেন—চক্রদীপ। † চক্রবীপের রাজবংশীয়গণ এই দমুজমাধবের বংশধর। এই রাজবংশীয় কেহ কেহ এখনও জীবিত আছেন। তাঁহারা সম্মানিত গোষ্ঠাপতি কারস্থ। ইহা দ্বারা বল্লালদেন যে কায়স্থ ছিলেন তাহা প্রতিপন্ন হইতে পারে। এইরূপ প্রমাণের বলে প্রীযুক্ত নগেন্দ্রনাথ বস্তু মহাশয় স্থবিখ্যাত "বিশ্বকোষে" বল্লালের কারস্থত্ব প্রতিপাদন করিতে চেষ্টা করিয়াছেন। বল্লালদেন কারস্থ ছিলেন কিনা তাহা প্রতিপন্ন করা বর্তমান প্রসঙ্গের উদ্দেশ্য নহে। তবে আমরা এথানে দেথাইতেছি বে, বিক্রমপুরের দমুজমাধব ও চক্রদ্বীপের দমুজমর্দন একব্যক্তি নছেন।

প্রথমতঃ শ্রীযুক্ত নগেন্দ্র বাবু দেন-রাজগণের সময় নির্নারণ জন্ম এসিয়াটিক সোসাইটির জরনালে যে দীর্ঘ প্রবন্ধ লিখিয়াছিলেন, তাহাতে ঘটক-কারিকা হইতে উদ্ধৃত করিয়া দমুজমর্দনের বংশীয় জয়দেবকে "চক্রছীপশু ভূপালো দেব-বংশসমূত্তবং" বলিয়া ব্যাখ্যা করত প্রবন্ধ শেষ করিয়াছেন, পরে "পুনন্দ" দিয়া ফরিদপুরের এক বৃদ্ধ ঘটকের বংশাবলী হইতে দেখাইতেছেন যে উক্ত গংক্তি "চক্রছীপশু ভূপালো সেনবংশসমূত্তবং" এইরূপ হইবে। ‡ সেনকে দেব করিবার চেষ্টার মত "দেব"ও যে দৈবাৎ "দেন" হইয়া পড়িতে পারে, তাহা বিচিত্র নহে। এথানে 'সেন' প্রক্ষিপ্ত হইয়াছে বলিয়া বোধ হয়। এইরূপ গাঠান্তর কুলগ্রন্থের উপর সাধারণের আহ্বা কমাইয়া দিতেছে।

^{*} Stewart's History of Bengal, (Bangabasi Edition, p. 82), Elliot. Vol. III. p. 116-

[া] শীৰজহলৰ মিত্ৰ কৃত "চল্ৰছীণ রাজবংশ

[‡] J. R. A. S. 1896, part 1. p. 37.

বিতীয়তঃ নগেন্দ্র বাবু প্রভৃতি বলিতেছেন যে ১২৮০ খৃষ্টাব্দে বুলবনের আক্রমণের পর ২০ বৎসরের মধ্যে দমুজমাধব চন্দ্রবীপে রাজ্য প্রতিষ্ঠা করেন। তিব্বতীয় গ্রহুকার তারানাথের মতেও ১৩০০ খৃষ্টাব্দে দেনবংশের প্রকৃত রাজত্ব শেষ হয়। তাহা হইলে ধরিতে পারি ১৩০০ অব্দে দমুজমাধব চন্দ্রবীপে রাজ্য স্থাপন করেন। তাঁহার পর ৪ জন চন্দ্রবীপে রাজত্ব করেন। পঞ্চম রাজার নাম পরমানন্দ রায়। ৪ জনের রাজত্বকাল মোট ১৫০ বৎসর ধরা যাইতে পারে। দমুজমাধব ১২৫০ অব্দে স্থবর্গগ্রামে রাজ্যারোহণ করিয়াছিলেন বলিয়া উক্তহয়। তাহা হইলে তিনি ১৩০০ অব্দের পর অধিক দিন জীবিত ছিলেন না। যদি তাঁহার রাজত্ব আরও ১৫ বংসর ধরা যায়, তাহা হইলে পরমানন্দের রাজত্ব ১৪৬৫ খৃষ্টাব্দে আরব্ধ হইয়াছে, বলিতে পারি। কিন্তু আইন আকবরীতে পাইতেছি বে আকবরের রাজত্বের ২৯শ বৎসরে অর্থাৎ ১৫৮৫ খৃষ্টাব্দে বাকলায় (চন্দ্রবীপে) যে জলপ্লাবন হয়, তথন পরমানন্দ রায় অল্লবয়স্ক যুবক। * তাহা হইলে এই ১২০ বৎসর কালের কি গতিবিধান করা যায়, বুরিতে পারিতেছি না।

ভূতীয়তঃ বিথাত ঐতিহাসিক শ্রীযুক্ত নিথিলনাথ রার মহাশর দেথাইতেছেন বে পাঠান বিজ্ঞের পর লক্ষণ সেনের বংশধরগণ ১২০ বৎসর বিক্রমপুরে রাজত্ব করেন এবং পরে তাঁহার। চক্রদ্বীপে একটি ক্ষুদ্র রাজত্ব স্থাপন করেন। † স্কুতরাং (১২০০ খুট্টাব্দে পাঠান বিজয় ধরিলে) ১৩২০ খুট্টাব্দ পর্যান্ত পূর্ব্ববেদে সেনরাজত্ব ছিল। তাহা হইলে ৭০ বৎসর রাজত্বের পর অতিবৃদ্ধ দম্জমাধবকে চক্রদ্বীপে নবরাজ্য পত্তন করিতে হয়। ইহা সম্ভবপর বলিয়া বোধ হয় না। বিশেষতঃ দক্ষ্ক্মাধবই বিক্রমপুরের শেষ সেনরাজা নহেন, তাঁহার পরেও তবংশীয়ন্ত প্রায় একশতবর্ষ তথায় রাজত্ব করিয়াছিলেন।

চতুর্থতঃ সমস্ত সন্দেহের নিরসন পক্ষে আমাদের নবাবিষ্কৃত দম্জমর্দনের রজতমুদ্রাই অকাট্য প্রমাণ। পূর্ব্বোক্ত মুদ্রাত্তর হইতে সপ্রমাণ হইরাছে যে দম্জমর্দনের রাজ্য প্রতিষ্ঠার তারিথ ১৪১৭। যে দম্জমাধ্ব ৩০ বৎসর রাজত্বের পর ১২৮০ খৃষ্ঠান্দে সমাট্ বুল্বনকে সাহায্য করিয়াছিলেন, তিনি আর ১৩৭

^{*} Gladwin's Ain-i-Akbari, published by I. P. Society, p. 304 Beveridge's Bakarganj, p. 27.

[🕇] প্রতাপাদিত্য (শ্রীনিথিলনাথ রার), উপক্রমণিকা, ৬৭ পৃ:।

বংসর পরে বাঁচিয়া থাকিয়া চক্রদ্বীপ হইতে যে মূলা প্রচলন করিতে পারেন না, তাহা আর কাহাকেও বুঝাইয়া দিতে হইবে না।

স্থৃতরাং নিঃসংশ্যরপে সপ্রমাণ হইল যে বিক্রমপুরের দম্জমাধব ও চক্রদ্বীপের দম্জমর্দন এক ব্যক্তি নহেন। সেন-বংশীয়দিগের সহিত চক্রদ্বীপের বঙ্গজ কায়স্থ-কুলোন্তব দেব-বংশীয় দম্জমর্দনের কোন প্রকার সম্বন্ধ আছে বলিয়া বোধ হয় না। "নামের সাদৃশ্য ব্যতীত দনৌজমাধব ও দম্জমর্দনের এক ব্যক্তি হওয়ার কোন বলবং প্রমাণ নাই।" * স্থৃতরাং বাঁহারা এই ছই বাক্তি অভিন্ন ধরিয়া লইয়া সেনরাজগণকে কায়স্থ প্রতিপন্ন করিয়াছিলেন, তাঁহাদিগকে প্রমাণাস্তরের আশ্রম্ম লইতে হইবে। এক্ষণে তাহা হইলে জিজ্ঞাস্ত্য, এ দম্জমর্দন কে ?

সম্প্রতি কামস্থ দেব-বংশের ইতিবৃত্তসম্বলিত যে একথানি হস্তলিখিত প্রাচীন কুলগ্রন্থ পাওয়া গিরাছে, তাহাতেই এ প্রশ্নের উত্তর দিতেছে। এই পুঁথিখানি ১৬২২ শকে বা ১৭০০ খৃষ্টাব্দে অন্ত একথানি পুঁথি হইতে নকল করা হয়। পুঁথিখানিকে প্রামাণিক বলিয়া বোধ হয়। † দেব-বংশীয়েরা রাজকীয় কার্যে

গোড়ের ইতিহান (শীরজনীকান্ত চক্রবন্তী), ১ম খণ্ড, ১১৮ পৃ:।

ময়য়নিসংহ জেলার কিশোরগঞ্জ দ্বভিভিদনের পুডভাগ্রামনিবাসী শ্রীযুক্ত কিতীশচল্র দেব রায় মহাশল্পের নিকট এই কুলগ্রন্থথানি পাওয়া গিয়াছে। মহানহোপাধ্যায় খ্রীবৃক্ত হরপ্রসাদ শান্ত্রী এম, এ, প্রাচ্যবিদ্যামহার্ণব শ্রীযুক্ত নগেল্রনাথ বস্তু এবং প্রদিদ্ধ ঐতিহাসিক শ্রীযুক্ত নিথিক-নাণ রায় মহাশরগণ ইহা যে একথানি ছুইশত বৎসরাধিক কালের প্রাচীন পুঁ থি এবং প্রামা-ণিক কুলগ্রস্থ তাহা স্বীকার করিয়াছেন। স্বীযুক্ত নিথিল বাবু তাহার "শাখতী" পত্রিকায় টীকা টিগ্নী সহ এই গ্রন্থ প্রকাশিত করিতেছেন। গ্রন্থানি বটুভট্ট নামক একজন ঘটক দার। সংস্কৃত ভাষার লিখিত। পু'থির শেষ "শক্নরপতেরতীতান্দা ১৬২২ সৌরবৈশাথক্ত পঞ্চ দিবদে" বলিয়া লিখিত আছে। এীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম, এ মহোদয় এই গ্রন্থখানিকে প্রামাণিক বলিয়া শীকার করেন নাই। তিনি বলৈন 'ইহা হয় খুতীয় দ্বাদশ ও এয়োদশ শতাকীতে লিখিত, নতুবা ইহা কুত্রিম। বর্ত্তমান্যুগের শত শত কুলপঞ্জিকার স্থায় ছই দশ বৎসর পূর্বের লিখিত এবং বৈজ্ঞানিক প্রক্রিয়ায় 'প্রাচীনীকৃত'।" দুসুজমন্দিনের মূলা সম্বন্ধে আমি ও রাথাল বাবু উভয়ে ''প্রবাদী" পজে যে ছইটি প্রবন্ধ লিখিরাছিলাম, উহার মধ্যে রাধান বাবু যে দকল অতুমান করিয়াছিলেন, কুলগ্রন্থের বিবরণীতে অংবিকল তাহাই ধাটিয়। যাইতেছে দেখিল। রাধাল বাবু মনে করেন রাধেশ বাবু ও আমার মুক্তার আবিকারের পর এ গ্রন্থ রচিত হইয়াছে। অনুমানের যাথাথ্য বর্ণে বর্ণে মিলিতে দেখিলে সন্দেহ হয় বটে,কিন্ত তাই বলিয়াই গ্রন্থধানিকে অপ্রামাণিক বলা সঙ্গত বোধ হয় ন।। আমাদের বিশ্বাস রাথাল বাবু এ গ্রন্থগানি বিশেষভাবে পরীক্ষা করিবার অবসর পাইলে তাঁহার মত প্রত্যাহার করিতে পারেন। এই বিষয় লইয়া ''শাৰ্যতী'' পত্ৰে যথেষ্ট বাদ প্ৰতিবাদ চলিয়াছে এবং গ্ৰন্থথানির ছইটি পাতার আলোকচিত্ৰও প্ৰকাশিত হই য়াছে (শাৰ্ডী, ১৩২০, প্ৰাবণ, ২৪০—২৫৬ পৃ:)

সংশ্লিষ্ট ছিলেন; স্মৃতরাং তাঁহাদের বংশেতিহাসের সহিত প্রাদেশিক ইতিহাসের সম্বন্ধ ছিল। বর্তনান কুলগ্রন্থে প্রসঙ্গক্রমে কতকগুলি রাষ্ট্রকাহিনী স্থন্দরভাবে বিবৃত হইয়াছে। এই কুলগ্রন্থ হইতে দেব-বংশ সম্বন্ধে নিম্নলিথিত তথ্য জানিতে পারি।

অতি প্রাচীনকালে দেবগণ হরিদ্বার হইতে আসিয়া কর্ণস্থবর্ণনগরে বাস করেন। ইংারা ক্ষত্রজ কায়স্থ, দ্বিজ ও ক্ষত্রিয়-কুলসম্ভব। কর্ণস্থবর্ণের রাজা কর্ণদেনের নির্দেশমত দেব-বংশীয়েরা শাণ্ডিলা, মৌদ্যালা, বাংশু, পরাশর, ভরদ্বাজ, যুতকৌশিক ও আলম্যান এই সপ্তগোত্রে বিভক্ত হন। তন্মধ্যে শাণ্ডিলা দেবগণ কুলনায়ক ছিলেন। তাঁহারা কণ্টকদ্বীপে এক রাজ্য স্থাপন করেন। এই শাণ্ডিল্য-দেবকুলে স্থরদেব জন্মগ্রহণ করেন; তৎপুত্র দমুজারি। পাঠান-বিজয়কালে তিনি সেনরাজগণের সামস্তম্বরূপ বহুদিন ধরিয়া পাঠানদিগের সহিত যদ্ধ করেন। তিনি বন্দ্যবংশীয় মকরন্দের পুত্র দাশরথিকে কণ্টকদ্বীপে স্থাপন করেন ও তাঁহার পাঁচপুত্রকে পাঁচখানি গ্রাম দান করেন এবং চণ্ডীপরায়ণ বন্দ্য বংশের শিষ্য হওয়ায় দেব-বংশীয়েরা "খ্রীখ্রীচণ্ডীচরণ-পরায়ণ" উপাধি গ্রহণ করেন। (আমরা মহেল্র দেব ও দমুজ্মর্দ্দন দেবের মুদায় এই উপাধি উৎকীর্ণ দেখিয়াছি।) দমুজারির পুত্র হরিদেব কণ্টকদ্বীপ হইতে পাণ্ডুনগরে গমন করেন। ছরিদেবের পুত্র নারায়ণ এবং নারায়ণের ছই পুত্র-পুরন্দর ও পুরুজিৎ। তন্মধ্যে পুরন্দর সন্ন্যাসী হন। পুরুজিতের আদিত্য নামে মহাতপা পুত্র জন্মে। আদিত্যের ছুই পুত্র—গ্রীচাণ্ডী-পরায়ণ দেবেন্দ্র ও ক্ষিতীক্র। দেবেন্দ্রের পুত্র মুপ্রদিদ্ধ মহেন্দ্র। তিনি যবনদিগকে দুরীভূত ও কংসকুল নিহত করিয়া পাণ্ডুনগরে দেবরাজ্য স্থাপন করেন। * এই কুলগ্রন্থের আবিষ্ণারের পূর্ব্বে শ্রীযুক্ত রাখাল-দাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ও অনুমান করিয়াছিলেন যে "রাজা গণেশ বা কংস-নারায়ণের মৃত্যুর পর যত্ন স্বধর্ম পরিত্যাগ করিলে, মহেন্দ্র দেব বিল্রোহী হইয়া পাওনগরে স্বাধীন রাজা স্থাপন করেন ও স্থনামে মুদ্রান্ধণ আরম্ভ করেন।" † মহেন্দ্র চুষ্টবাতক কর্ত্তক নিহত হইলে, তৎপুত্র দুমুজমর্দ্দন রাজা হন। তিনি

 [&]quot;যবনাঞ্দুরীকৃত্য কংসকুলং নিহত্য চ।
 পাভুয়য়াং দেবরাজামনেনৈব প্রতিষ্ঠিত্য ॥"

[†] अवानी, ১०১२, धारन ७৮৮ शुः।



কাত্যায়নীর মন্দির মাধবপাশা, চক্রদ্বীপ।

[২৮১ গৃঃ।

অসতীশচন্দ্র মিত্রের যশোহর-খুলনা ইতিহাসের জ্ঞ

বন্দ্যবংশীয় চন্দ্রাচার্য্যের নিকট দীক্ষিত হইয়াছিলেন। তিনি গুরুর আদেশে ধর্মরাজ্য সংস্থাপন জন্ম সপরিবারে সমুদ্রোপক্লে গমন করেন এবং রণচণ্ডীর প্রসাদে একটি নবোখিত দ্বীপে রাজ্য স্থাপন করিয়া গুরুর প্রীতির জন্ম উহাব নাম রাথেন চন্দ্রদ্বীপ। * মুলা হইতেও আমরা দেখিয়াছি যে, দমুজমর্জন পাণ্ডুনগরে রাজ্যপ্রাপ্তির বংসরই চন্দ্রদ্বীপে গিয়া রাজ্য প্রতিষ্ঠা করেন ও স্থনামে মুদাঙ্কণ করিতে থাকেন।

দম্জ্মর্দন চক্রদীপের অন্তর্গত কচুরা নামক স্থানে এবং পরে তহংশীয় কন্দর্পনারায়প মাধবপাশা নামক স্থানে রাজধানী স্থাপন করেন। কচুয়ায় কনলাসাগর দীঘি এবং মাধবপাশায় ছর্গাসাগর দীঘি (১৪৪০ × ২৮০) ও বিরাট রাজবাটীর বহুসংখ্যক জীর্ণগৃহ পূর্ব্ব গৌরবের পরিচয় দিতেছে। এইস্থানে এখনও দয়্জন্দনের ইপ্তদেবী কাত্যায়নীয় মূর্তির পূজা হইতেছে। দয়্মমর্দনের রাজ্য পশ্চিমে যশোহর ও পূর্ব্বে সমুদ্র পর্যস্ত বিস্তৃত হইয়াছিল। তিনি এমন দোর্দ্ধগু প্রতাপে রাজ্য করিয়াছিলেন, যে খাঁ জাহান আলী প্রভৃতি পাঠান সামন্তর্গণ বলেখরের পূর্ব্বপারে অপ্রসর হইতে সাহসী হন নাই। খাঁ জাহানের গতি বাগের হাট আসিয়াই কন্ধ হইয়াছিল। দয়্মমর্দনের পর তত্বংশীয় বহুপুরুষ চক্রদ্বীপ বা বাকলায় রাজ্য করিয়াছেন। কিন্ত সে দিন আর নাই, এক্ষণে দয়্জমর্দনের হীনাবস্থ বংশগরেরা নির্জীবভাবে মাধবপাশায় বাস করিতেছেন। গ্র

^{*} প্রচলিত প্রবাদে এই গুরুদেবের নাম চল্রদেশ্যর চক্রবর্তী এবং এখানে দেখিতে পাইতেছি চল্রাচার। মোটকথা, গুরুদেবের চল্র নাম হইতেই যে চল্রাহীণ নামের উৎপত্তি, ইহাই বোধ হয়। কিন্তু আমরা দক্রমর্মনের বহুপূর্বে চল্রাহীণের অন্তিপ্রের প্রমাণ পাই, এই দ্বীপ চল্রবং এটা বৃদ্ধি পাইত বলিয়া উহাকে চল্লাহীণ বলিও (এডুমিল)। দক্ষমর্মনের পূর্বেও এ দ্বীপ অনেকবার উঠিয়াছে পভ্রাছে, এবং এফবার উথানের পর দক্ষমর্মনের রাজ্য স্থাপিত হয়। এসবদে আমরা পূর্বের আলোচনা করিয়াছ। ১৬২০-৪০ প্রস্তাহীর।

[†] मञ्जूष्मक्तित्र वः भावनी পतिनिष्ठे अवज स्ट्रेर ।

তৃতীয় পরিচ্ছেদ—খাঁ জাহান আলী।

পাঠান কর্ত্তক বন্ধবিজয়ের পূর্ব্ব হইতেই মুসলমান দরবেশগণ ধর্মপ্রচারার্থ বঙ্গদেশে আসিতেছিলেন। খৃষ্টার মিশনরী বা ধর্মবাজকগণ যেমন ইংরাজ, ফরাসী প্রভৃতি জাতির পক্ষে রাষ্ট্রবিজয়ের পথ পরিষ্কার করিয়া দিয়াছিলেন, এই মুসলমান আউলিয়া বা ফকিরগণও সেইরপ মুদলমান প্রতিপত্তির ভিত্তি পত্তন করেন। আমরা পূর্ব্বে বলিয়াছি লক্ষণসেনের রাজত্বকালে সাহ জালাল উদ্দিন তাত্রেজী বঙ্গে আসিয়া চির্ত্মণিত মুসলমানের জন্মও হিন্দুর নিকট হইতে ভক্তি-শ্রদ্ধা অর্জন করিয়াছিলেন। ইনি একজন প্রাসদ্ধ বুজরুক অর্থাৎ ঐশ্বরিক শক্তি দারা অন্তত কার্য্য সম্পাদনে সক্ষম ছিলেন। সেই অন্তত ক্ষমতাকে বুজকুকী বলিত এবং উহা আধ্যাত্মিক উন্নতিব পরিচায়ক ছিল। লক্ষণসেনের সঙ্গে যথন জালালউদ্দীনের প্রথম সাক্ষাৎ, তথন তিনি দেখিলেন সেই হুর্ব্বেশ (দরবেশ) জলের উপর দিয়া হাটিয়া নদী পার হইতেছেন। দরবেশ আদিয়া জিজ্ঞাদা করিলেন "তুমি কে ?" গর্ব্বিতভঙ্গিতে লক্ষ্মণদেন আত্মপরিচয় দিলেন। ফকির বলিলেন, "আছা, তুমি বলিতেছ পৃথিবীর রাজা; ঐ যে বক মংস্ত ধরিয়া বদিয়া আছে, তাহাকে মংশু পরিত্যাগ করিতে বল, সে অবশ্র রাজার কথা শুনিবে।'' লক্ষ্মণ বলিলেন "বক তির্য্যক্ষোনি, জ্ঞানহীন, সে আমার কথা শুনিবে কেন ? তোমার ক্ষমতা থাকে, উহাকে আদেশ কর।" ফকির বককে মৎস্থ ত্যাগ করিতে আদেশ করিবামাত্র সে তাহা ত্যাগ করিয়া উড়িয়া গেল। লক্ষ্ণদেন অবাক হইয়া রহিলেন, ভাবিলেন ইন্দ্রদেব এই দরবেশ আরুতি ধারণ করিয়া আগমন করিয়াছেন। * এই যে ঝন্ধার লাগিল, তাহাতে মহম্মদ-ই-বক্তিয়ারের অসি অপেক্ষাও অধিক শক্তি দেখাইয়া ছিল। হিন্দু চিরকাল আধ্যাত্মিক শক্তির নিকট দাসামুদাস: ঈশ্বরে প্রগাঢ় নির্ভরতা জাগিলে দে শক্তি সর্বাধন্মীতে জাগে। মুনি-ঋষি এই শক্তিতে হিন্দুরাজ্য জয় করিয়াছেন,

 [&]quot;তুর্বেশমান্তার সাক্ষাবিক্র ইহাগতঃ" — সেকল্ডভোদয়। সাহিত্য, ১৩০১, ১০—১২ ইঃ

মুগলমান দরবেশও এই শক্তিবলে সেই হিন্দুর রাজ্যে ইসলামধর্মের বিজয়পতাকা সংস্থাপন করিয়ছিলেন। এই সাহ জালালউদ্দীন শেষে এইরূপ বছ বুজরুকী দেখাইয়া নবধর্মের মাহাত্ম্য প্রতিষ্ঠা করিয়া গিয়াছিলেন। ক্রমে পাঠানেরা ষত দেশ জয় করিয়া যেখানে সেখানে রাজপাট বসাইতে লাগিলেন, তত এই রূপ দরবেশগণ এদেশে আসিতে লাগিলেন। হিন্দুরা ধর্মের থাতিরে তাঁহাদিগকে নির্যাতন করিতে ছাড়েন নাই, কিন্তু দরবেশগণও নির্যাতনের মধ্যে সহিষ্কৃতা দেখাইয়া অধর্মপ্রপ্রচারের জয় জলম্ভ স্বার্থত্যাগির দৃষ্টান্ত দেখাইয়া গিয়াছেন। তাঁহাদের সেই আয়্বর্বলিদানের উপর আজ ইসলামধর্মের বিজয় বৈজয়য়ী উড়িতেছে।

খৃষ্ঠায় চতুর্দশ শতাকীতে এইরূপ বহু দরবেশ বঙ্গদেশে আসিয়াছিলেন। তাহার মধ্যে ঢাকার বাবা আদম ও শ্রীহটের সাহজালালের নাম বিথাত। এই সকল দরবেশগণ এত অধিক শিশ্যপরিবৃত হইতে হইতে অগ্রসর হইতেন যে তাহাদের শিশ্যসম্প্রদায় সৈহাশ্রেণীর মত বোধ হইত। বিতীয় বল্লাসেন যথন ঢাকার রাজত্ব করিতেছিলেন, তথন রাজধানী রামপালের নিকটবর্তী আবহুল্যাপুর প্রামে বাবা আদম দলবল সহ আগমন করেন, এবং হিন্দুহর্গের ভিতর গোমাংস্থণ্ড নিক্ষেপ করায় রাজার বিষ-নজরে পড়েন। * রাজার সহিত আদমের যুদ্ধ হইয়াছিল এবং সেই যুদ্ধে তিনি আদমের হত্যা সাধন করেন। আদমের মৃত্যুতে মুদলমানেরা ক্ষিপ্ত হইয়াছিল এবং ক্রমে বছসংখ্যক দরবেশ ঢাকা অঞ্চলে আসিয়া দেশময় মুসলমান ধর্ম প্রচার করিয়া যান। এই সময়ে মীয় সৈয়দালী তারেজী বা সৈয়দালী পাতশা বহু অমুচর সহ ঢাকার অন্তর্গত ধামরাই অঞ্চলে আসেন। গামরাই নগরে বড় দরগা উক্ত তারেজীর নাম রক্ষা করিতেছে।

চতুর্দ্দশ শতাব্দীর শেষভাগে শ্রীহট্ট গৌড়, লাউড় ও জয়ন্তীয়া এই তিন অংশে বিজ্ঞ ছিল। উহার গৌড় অংশের রাজা ছিলেন গোবিন্দ। এইজ্ঞ সেই রাজা গোবিন্দকে গৌড়-গোবিন্দ বলিত। হিন্দুনুপতি গৌড়-গোবিন্দ গোবধ-নিবারণ জ্ঞা জ্বইনকৈ মুসলমানের উপর অত্যাচার করিলে, সেই কথা দিল্লীতে

J. R. A. S. Vol XIII part 1, p. 285, বিক্রমপুরের ইভিহাস ৪৭ পুঃ। রামপালে বল্লাল-বাতীর সন্ধিকটে বাবা আদনের মস্জিদ আছে ।

পৌছিল। তাহাই সাহ জালাল নামক * এক দরবেশের আগমনের কারণ।
এ সমন্ত্র সামস্থলীন ইলিয়াস বঙ্গের আধীন রাজা, তাঁহার পুত্র সেকল্পর শ্রীহট্ট
প্রদেশের ভারপ্রাপ্ত শাসন কর্তা। সাহ জালাল শ্রীহট্ট আসিয়া নানা অমান্ত্রিক
ক্রিয়া দ্বারা এক প্রকার বিনা রক্তপাতে গৌড়-গোবিন্দকে পরাভূত করিয়া
রাজ্য অধিকার করেন; কিন্তু রাজ্য নিজে গ্রহণ না করিয়া উহা স্থলতান সেকল্পর
সাহকে দেন। † সাহ জালাল প্রথমতঃ ১২ জন শিশ্র লইয়া বাত্রা করেন, পথে
আসিতে আসিতে তাঁহার শিশ্র বা আউলিয়া (ফকির) গণের সংখ্যা বৃদ্ধি পাইতে
থাকে। উহার মধ্যে প্রধান ৩৬০ জন আউলিয়া দ্বারা শ্রহিট্ট বিজিত হয়।
এইজন্ত শ্রীহট্রকে "৩৬০ আউলিয়ার মূল্লক" বলে। ‡

প্রবাদ-মুখে যথন ইতিহাদের কথা রক্ষিত হয়, তথন এক স্থানের ঘটনা অন্তর পুনরভিনীত হইয়াছে বলিয়া দেখা যায়। ইসলামধর্ম-প্রচারকগণের এইরূপ ১২ জন সঙ্গী লইয়া আসা ও পরে সে সংখ্যা ৩৬০ হইয়া যাওয়া একটি প্রবাদ। অনেক স্থলে এরূপ হইয়াছে, বিশেষতঃ যশোহর-খুল্নায় খাঞ্লালির ইতিহাদে।

স।হিত্য, ১৩০১, ২ পৃঃ। শ্রীহটের ইতিযুত্ত ২য় ভাঃ,২য় গঃ ১১ পৃঃ। Bloch's Archaeological Survey Report, 1903, p. 24.

লক্ষণসেনের সময়ের দরবেশের নাম সাহ আবালাউদ্দীন তারেজী। জালালউদ্দীন
তাহার নাম, তিনি তারিজ সহরে জন্ম গ্রহণ করেন বলিয়া তারেজী বলিয়া খ্যাত। প্রীহটের
সাহ জালালের নাম সাহ জালাল ইমনি। তিনি ইমন সহর হইতে আগত এবং সাধারণতঃ
সাহ জালাল বলিয়া খ্যাত।

^{† &}quot;Sylhet appears to have been conquered by a small band of Maham madans in the reign of Bengal king Shamsuddin in 1384 A. D. The Supernatural powers of the last Hindu King, Gour Govinda, proved ineffectual against the still more extraordinary powers of the Fakir Shah Jalal, who was the real leader of the invaders". W. W. Hunter, Statistical Accounts, Assam Vol II. কিন্তু এখানে সামস্থীন বলিতে সন্তবত: সামস্থীন ইলিয়াসকেই ব্যাইতেছে। কারণ হাণ্টার সাহেব দিতীয় সামস্থীনের কথা বলিয়াছেন, তাহার পুল্ সেকলর নহেন এবং বিতীয় সামস্থীনকে নিহত করিয়া রাজা গণেশ রাজ্যলাভ করেন। যাহা ইউক চতুর্জণ শতাব্দীর শেষভাগে শ্রীহট বিজয় হইয়াছিল, তাহাতে সন্দেহ নাই।

[্]র ' শ্রীহট্টের ইতিবৃত্ত' প্রণেতা শ্রীযুক্ত অচ্যুত্তরণ চৌধুরী মহাশন্ত আউলিলাদিগের নাম দিয়া এই ৩৬০ সংখ্যাপূর্ণ করিতে চেষ্টা করিয়াছেন। ২ন্ন ভাগ ২ন্ন খণ্ড ৩৮—৫১ পৃঃ ।

১২ মাসে ও ৩৬০ দিনে বৎসর ধরা হইত বলিয়া, এই তুইটি সংখ্যা হিন্দু মুসলমানের নিকট কিছু অধিকতর পরিচিত বলিয়া মনে হয়। চিরপরিচিত সংখ্যা দারা সংজ্ঞাজ্ঞাপন করিলে তাহা সকলেই মনে রাখিতে পারে না। জানি না, এইরপ সংখ্যা নির্দেশের মূলে এরপ কোন তথা নিহিত আছে কি না। তবে এই মাত্র জানি যে যশোহর খুল্নায়ও একটি প্রবাদ আছে যে, সাহ জালালের সমসময়ে, বার জন ফকির ধর্মপ্রচারার্থ যশোহর অঞ্চলে আসিয়া তৈরবতীরে যে হানে প্রথম আন্তানা করিয়াছিলেন, তাহারই নাম হইয়াছিল বারবাজার। এই বার জনের নায়ক ছিলেন খা জাহান আলী। তিনি যথন বাগেরহাটে স্থামী হাবেলী বা বাসস্থান নির্দেশ করেন, তথন তাঁহার শিয়্যসংখ্যা বৃদ্ধি পাইয়া ৩৬০ জন হইয়াছিল। এই শিয়্যগণের জন্ম তিনি বাগেরহাট জঞ্চলে ৩৬০টি মস্জিদ নির্দ্ধাণ্ড ৩৬০ টি দীঘি থনন করেন। উহার অনেকগুলি এখনও আছে। আমরা সে শিয়্যসম্প্রদায়ের কথা শেষে তুলিব, প্রথম দেগা যাউক এই গাঁ জাহান আলী কে প

দীর্ঘকাল স্থশাসনের পর এবং বছ পুণাকর্মে দেশ অন্তরত করিয়া যে দিন তোগলক-কুলতিলক দিল্লীশ্বর ফিরোজসাহ নবতি বর্ষ বয়সে দেহত্যাগ করিলেন (১৪৮৮), সেইদিন হইতে দিল্লীতে এক ভীষণ বিভাট উপস্থিত হইল। সিংহাসন লইয়া মহা গওগোল চলিতে লাগিল। ৫ বৎসরে গাঁচ জন রাজা পার হইলেন। অবশেষে সমাট্ হইলেন ফিরোজের এক নাবালক পৌত্র মামূদ তোগলক। একে অরাজকতা, তাহাতে এক নিজ্জীব বালক শাসকের পদে সমাসীন; স্তরাং অচিরে দেশময় এক বিপ্লব উপস্থিত হইল; যাহা কিছু বাকী ছিল তাহাও ধবংসর পরে নরদস্থা তৈমুরলঙ্গের নৃশংস আক্রমণে (১০৯৮) তাহাও শেষ হইয়া গেল, দিল্লী শ্বশানে পরিণত হইল। পলায়িত মামূদ ফিরিয়া আসিয়া ২০ বংসর কাল নামে মাত্র সম্মাট্ ছিলেন বটে, কিস্তু দেশ সম্পূর্ণরূপে তাঁহার শাসনবিংছতি ছিল।

এই মামুদের এক উজীর ছিলেন, থাজা জাহান। তিনি স্থযোগ পাইয়া বালক মামুদের রাজ্যের প্রারম্ভেই (১৩৯৪) জৌনপুরে এক নৃতন রাজ্য স্থাপন করেন। তিনি এমন প্রবলপ্রতাপে শাসন করিতে থাকেন যে সম্রাট্ তাঁহাকে "মালিক-উদ-শর্ক" (পৃর্কদেশীয় রাজ্যসমূহের অধিপতি) উপাধি প্রদান করিতে বাধ্য হন। * তবে তিনি কার্য্যতঃ একপ্রকার স্বাধীন হইলেও নিজের নামে মুদ্রান্ধণ করেন নাই এবং চিরকাল আপনাকে প্রতিনিধি বলিয়া পরিচয় দিতেন। এই সময়ে বঙ্গদেশেও এক প্রকার অরাজকতা চলিতেছিল।

ফিরোজসাই বঙ্গের অধিপতি সামস্কানইলিয়াসের পুত্র সেকন্দর সাহকে স্বাধীন নরপতি বলিয়া স্বীকার করেন। এই সেকন্দরের সময়ে সাই জালাল শ্রীহটে আসেন। সেকন্দরসাই বঙ্গদেশ জরিপ করিয়া রাজস্থ নির্ণয় করেন এবং তথায় সর্কত্র এক দৃঢ়শাসন প্রবৃত্তিত করিয়াছিলেন। এখনও তাঁহার বাবহৃত মাপকাটিকে সেকন্দরীগজ বলা হয়। এই সাধু প্রকৃতিক নরপতি অতান্ত ধর্মপ্রথব ছিলেন বলিয়া "পীর" (দেবতা বা saint) আখা পান। তিনি "পাচ পীরের" অন্ততম, সে কথা পরে বলিব। সেকন্দরের মৃত্রে অন্তিনি পরেই রাজা গণেশ বাঙ্গালার রাজস্ব কাড়িয়া লন। প্রথম কয়েক বংসর গণেশকে আয়রক্ষার জন্ম এত বিরত থাকিতে হইত, যে তিনি স্কাম্যনের দিকে কোনরপ দৃষ্টিপাত করিতে পারেন নাই। এই সময়ে খাজা জাহান বঙ্গে অবির্ভুতি হন।

এই থাজা জাহান, থোজা বা নপুংসক ছিলেন, তাঁহার কোন পুত্র সম্ভান ছিল না। † তিনি স্বীয় পালিত পুত্র ইত্রাহিমের উপর জোন পুরের শাসনভার দিয়া ইসলাম ধর্ম প্রচার ও পুণাকার্যো শেষ জীবন অতিবাহিত করিবার জন্ত পুর্বাঞ্চলে আসেন। ইত্রাহিমের শাসন আরম্ভের পূর্বে তিনি মৃত্যুম্থে পতিত

^{* &}quot;The founder of the Jaunpur dynasty was the eunuch Khwajah-i Jahan, Uizir of Sultan Mahmud II, of Delhi. In A. H. 796 (A. D. 1394) he had been governor of the Eastern Provinces of the Delhi Empire with the title of Malik-us-Sharq [East)." H. N. wright, Catalogue of coins vol. II. p. 206. Elphinstone's History BK. VI. p. 359. Stewart's History p. 110.

^{† &}quot;Mahmud first bestowed the title of Sultan-us-Sharq on Malik Sarwar, a eunuch who already held the title of khajah Jahan" Reyaz-us. Salatin, edited by M. A. Salam, p. 114.

হইয়াছিলেন, সেটি অন্থমান মাত্র বলিয়া বোধ হয়। নবরাজ্য পত্নের করেক-বর্ষ মধ্যে পুত্রহীন ব্যক্তি মৃত্যুম্থে পতিত হইলে, তাঁহার রাজ্য লইয়া ভীয়ণ রক্তকাণ্ড চলিত; কিয় তাহা হয় নাই। ইরাহিম এমন দৃঢ় হস্তে শাসনদণ্ড পরিচালন করিতেছিলেন, যে তাঁহার ভয়ে ও কৌশলে গণেশের পুত্র যহকে মুসলমান হইতে হইয়াছিল এবং যহর বংশধরকে আয়রকার জয় তৈমুরলকের পুত্র সাহকথের নিকট কপাপ্রার্থী হইতে হইয়াছিল। সাহকথের সহিত বিবাদ করা অনর্থক এবং হয়ত অনিষ্টকর হইতে পারে বলিয়া ইরাহিম বঙ্গেশবরের বন্দীদিগকে মোচন করেন। এই স্থ্যোগে খাঁজাহান পূর্বদেশে স্থানরবন অঞ্চলে এক প্রকার স্বাধীন ভাবে দেশ শাসন ও ধর্মকার্যের অন্তর্ভান করিতে ছিলেন।

যশোহর-খুল্নার ''থাঞ্জালি পীর" বা গাঁ জাহান আলি এবং জৌনপুর রাজ্যের প্রতিষ্ঠাতা থাজা জাহান অভিন্ন ব্যক্তি বলিয়া মনে করি। প্রথমতঃ নাধারণ প্রবাদে চলিয়া আদিতেছে, তিনি দিল্লীখর মামুদসাহের সময় জায়গীর পাইয়া বঙ্গে আনেন: কার্য্যতঃ দেখা যাইতেছে দিল্লীখর মামুদ (তোগলক) শকী রাজত্বের প্রতিষ্ঠাতা এবং তাঁহার আনলেই খাঁ জাহান উক্ত শকী বা প্রবর্ম দেশায় বাজাের অধিপতি হন এবং বঙ্গে আমেন। দ্বিতীয়তঃ ঢাকায় একটি মুমজিদের দ্বারদেশে একথানি শিলালিপি হইতে জ্বানা যায়, উক্ত মুমজিদ যিনি নিখাণ করিয়াছিলেন তিনি একজন খাঁ, মামুদ সাহের রাজত্ব কালে তঁহার উপাধি ছিল থাজা জাহান": * উক্ত মদজিদের নির্মাণ তারিথ ১৪৫৯ অন্দের ১৩ই জুন। ব্লক্ষ্যান সাহেব অন্ধ্যান করেন যে এই থাজা জাহান ও বাগেরহাটের গা জাহান এক ব্যক্তি। উক্ত লিপি হইতে দেখা যাইতেছে যে, যে খাঁ মামুদ শাহের রাজত্বকালে থাজা জাহান উপাধিধারী ছিলেন, তিনিই ১৪৫৯ খুষ্টাব্দে ঢাকার মদজিদ নিশ্বাণ করিয়াছেন। স্ততরাং শর্কী শাসক থাজা জাহান ও খাঁ ভাহান আলি এক ব্যক্তি। উক্ত মসজিদ বঙ্গেশ্বর নাসির সাহ বা নাসির উদ্দীন শামুদ সাহের (১৪৪২—১৪৬০) সময়ে নির্ম্মিত হইয়াছিল, কিন্তু উক্ত লিপিতে যে শামূদ স হের কথা আছে, তিনি দিল্লীখর মামূদ সাহ (১৩৯৪ –১৪১৪) বলিয়াই

^{* &}quot;A khan whose title is Khaja Jahan in the reign of Mahmud Shah", J. A. S. B., Part I, 1872 pp. 107-8. Khulua Gazetteer p. 27.

বোধ করি, তাহারই সময়ে থাজা জাহান উপাধি হয়। বিশেষতঃ বঙ্গেশ্বর নাসির সাহ বলিয়াই থাতি, মামুদ সাহ বলিয়া তেমন পরিচিত নহেন : কারণ দিলীতে ও বঙ্গে বহু সংখ্যক মামুদ সাহ শাস্ত্রনত্ত পরিচালন করিয়াছেন।

তৃতীয়তঃ একটি সন্দেহ হইতে পারে যে থাজা জাহান যথন পালিত পুত্রের হস্তে জৌনপুরের রাজ্যভার দিয়া বঙ্গে আদেন তথন তিনি অবশ্য প্রবীণ বয়স্ক ছিলেন, সে ১৪০০ খুটান্দের কথা; তাঁহার সমাধিতে তাঁহার মৃত্যুর তারিথ আছে, ১৪৫৯। তাহা হইলে সেই প্রবীণবয়স্ক ব্যক্তি আরও ৫৯ বৎসর কিরপে বাঁচিয়াছিলেন? ইহারও উত্তর আছে। সবলে রাজ্য প্রভিষ্ঠার ৬ বৎসর পরে থাজা জাহান বঙ্গে আসেন; তথন জাঁহার বয়স ৪০ বৎসরের অতিরিক্ত হইয়াছিল বলিয়া মনে হয় না; তথন জাঁহার পালিত পুত্র ইরাহিম ২০।২৫ বৎসর বয়স্ব থাকিতে পারেন; ইরাহিম ৪০ বৎসর কাল রাজ্য করিয়াছিলেন। ইরাহিম অধিক বয়স্ব হইলে ৪০ বংসর রাজ্য করিতে পারিতেন কি না সন্দেহ। গাঁ জাহান যদি ৪০ বংসর বয়সে বঙ্গে আসিয়া থাকেন, তবে তৎপরে আর ৫৯ বৎসর অর্থাং প্রায় ২০০ বংসর বাঁচিয়া থাকা বিচিত্র নহে। থা জাহানের মত সাধু পীরগণ খুব দীর্যজীবী হইতেন। সাহ জালাল তারেজী ১৫০ বৎসর জীবিত ছিলেন। থাঁ জাহান যে অতি বৃদ্ধ বয়সে জরাজীর্ণ হর্ম্বল দেহে বিদেশে জীবনলীলা সমাধি করিয়াছিলেন, তাহা তাঁহার সমাধিলিপির আয়ুপরিসয় হইতে জানা যায়।*

চতুর্থতঃ তিনি যে বঙ্গে আদিয়া ৫৯ বংশর ছিলেন, তাহার বিস্তীর্ণ কার্যা-ক্ষেত্র ও অসংখ্য পুণাকীর্ত্তির তুলনার তাহা অতিরিক্ত বোধ হয় না। তিনি যে জীবনের অন্ততঃ শেষ দশ বর্ষ কাল মৃত্যুর জন্ত প্রস্তুত হইয়াছিলেন, তাহা সহজে বুঝা যায়। তাঁহার সনাধিমন্দির ও প্রস্তুরকলকসমূহ যেরপে বহু যদ্ধে দূরদেশ হইতে সংগৃহীত হইয়া নানা কাক্ষকার্যারঞ্জিত হইয়াছিল, তাহা সময় সাপেক্ষ বনিয়া বোধ হয়। তাঁহার কোন পুল্ল সন্তান ছিল না। তিনি নিজের সমাধির জন্ত যাবতীয় আয়োজন সম্পন্ন করিয়া ধীরে ধীরে মৃত্যুমুথে পতিত হন। বাগের হাটে তাঁহার যে সমন্ত কীর্তিচিহ্ন বর্তমান রহিয়াছে, তাহা সম্পন্ন করিতে

[•] Sunder's Antiquities of Bagirhut pp. 8-15.

অন্ততঃ ২০বংসর লাগিয়াছিল, তাথাতে অণুমাত্র সন্দেহ নাই। ইহার পূর্ব্বে প্রগ্রাম কদ্বায় তাঁহার রাজধানী অন্ততঃ ১০ বংসর কাল ছিল। তংপূর্ব্বে স্থানরবনের নানা স্থান আবাদ করা এবং যশোহর ও বারবাজারে অধিষ্ঠান করা প্রাভৃতি কারণে ১০।১২ বংসরের কম হয় নাই। ইহা হইতে নোটামুটি দেখা যাইতেছে যে ৫৯ বংসর কাল অভিরিক্ত গণনা নহে।

পঞ্চমতঃ খাঁ জাহান সাহ জালাল প্রভৃতি দরবেশের মত সাধু চরিত্র ছিলেন; কিন্তু তিনি ঠিক তাঁহাদের মত কেবলমাত্র ধর্মপ্রচারার্থ শিষ্যপরিবৃত হইয়া আসেন নাই। তাঁহার সহিত সৈম্প্রসামস্ত লোকলয়র ধনদৌলত সকলই ছিল, তিনি রাষ্ট্রবিজয়ী সেনাপতির মত বীর প্রতাপে রাজ্য জয় করিতে করিতে কীর্তিচিহ্ন রাখিতে রাখিতে অগ্রসর হইতেছিলেন; তাঁহার কার্য্যগণ্ডী যশোহর হইতে চট্টগ্রাম পর্যাস্ত বিস্তৃত ছিল। ইহা দেখিয়াও তাঁহাকে থাজা জাহানের মত পদস্থ ও ক্ষমতাশালী শাসন কর্তা বলিয়া বোধ হয়। বঙ্গে বা গৌড় রাজ্যে তথন যতই অরাজকতা বা গণ্ডগোল থাকুক, জৌনপুরের স্থবিথাতে থাজা জাহান বাতীত অন্ত কোন ব্যক্তিকে তেমন বিনারক্তপাতে দেশমধ্যে প্রবেশ করিতে হইত না, ইহা নিশ্চিত।

যাহা হউক, আমরা যতদ্র ব্ঝিতে পারিতেছি, তাহাতে জোনপুরের শাসন কর্তা থাজা জাহান ও যশোহর-খূল্নার থাঁ জাহানালা একবাস্তি। * প্রবাদ এই—হিন্দু মুসলমান ঘটিত কোন গুরুতর বিবাদের মীমাংসা জন্ত তিনি সসৈপ্তে বলে আসেন। আসিতে তাঁহার অনেক দিন লাগিয়াছিল। গঙ্গাপার হইয়া নদীয়ার মধ্যদিয়া ভৈরবের কুল দিয়া তিনি প্রথম বারবাজারে উপনীত হন। হয়ত তৎসির্নিতটেই তাঁহার কার্য্য ছিল এবং সেথানে থাকিয়া সেই কার্য্যের মীমাংসা করেন। এই বারবাজারেই তাঁহার কর্মক্ষেত্রের দার উদ্বাহিত হয়।

চতুর্থ পরিচেছদ--থা জাহানের কার্য্যকাহিনী।

খা জাহান আলী কে, তাহা আমরা পূর্ব্ব পরিছেদে আলোচনা করিয়াছি। আমাদের অনুমানের পরিপোষণ জন্ম কতকগুলি প্রমাণও দিয়াছি। তিনি

অস্ত কেহ কেহও এইরূপ মনে করিয়াছেন। রুক্মানের অনুমানের কথা পুর্বে উল্লেখ
করিয়াছি
পরীচিত্র, ১৬২০, ভারে, জীনোভাহারউল হক্ লিখিত "বাঝাহান" প্রবন্ধ ক্রয়তা।

বিনিই হউন, তিনি যে স্থান্ধ-বনাঞ্চলের ভারপ্রাপ্ত শাসন কর্তা ইইয়া এদেশে আসিয়াছিলেন, তাহাতে সন্দেহ নাই। এইরূপ ভার তিনি দিল্লী হইতে পাইয়াছিলেন, বোধ হয়; কারণ বঙ্গের কর্মাচারী স্থকীয় কার্যাস্থান বাগের হাটের নাম থালিফাতাবাদ রাথিতেন না। তিনি নিজে স্বাধীনও ছিলেন না, কারণ তিনি নিজনামে কোন মুজাঙ্কণ করিয়াছেন বলিয়া একাল পর্যাস্ত জানা যায় নাই। যদি তিনি জৌনপুরের প্রতিষ্ঠাতা থাজা জাহানই হন, তাহা হইলে ইবাহিম সাহের মৃত্যুর পর (১৪৪০) তাঁহাকে দিল্লী বা বঙ্গের অধীনতা স্বীকার করিয়া চলিতে হইয়াছিল। জৌনপুরের গর্অ ইবাহিমের সঙ্গে সঙ্গাছিল। জৌনপুরের গর্অ ইবাহিমের সঙ্গে সঙ্গাছিল। জৌনপুরের গর্অ ইবাহিমের সঙ্গে সঙ্গাছিল চলিতেছিল; এ সময়ে নাসির উদ্দীন মামুদ সাহ বঙ্গের রাজা, (১৪৪২—৬০) তাঁহার রাজ্য শান্তিতে নির্মাহ হইতেছিল। এই রাজত্বকালেই খা জাহানের প্রধান প্রধান কীর্ত্তি স্থাপিত হয়।

খাঁ জাহান সদলবলে প্রথমে বারবাজারে আসিয় অবস্থান করেন। সন্তবতঃ বারজন ফকির ধর্মপ্রচারার্থ এ প্রদেশে তাঁহার পূর্ব্বেই আসিয়াছিলেন, তাঁহারাই বারবাজারের নৃতন নাম রাথেন। পূর্ব্বে এইস্থানের নাম সম্ভবতঃ ছাপাই নগর বা চাম্পাই নগর ছিল। খাঁ জাহান ধার্মিক প্রকৃতির লোক ছিলেন। তিনি আসিলে ফকিরেরা তাঁহার অন্তরভুক্ত হন। এমন আরও কত অন্তর জুটিয়াছিল। এই সময়ে বার বাজারে কতকগুলি দীঘি ও মস্জিদ প্রতিষ্ঠিত হয়। উহার ভয়াবশেষ এখনও আছে। আমরা পূর্বের দেখাইয়াছি যে বৌদ্ধপ্রধান স্থান বলিয়াই এস্থানে পাঠানদিগের প্রথম আন্তানা হয়। তথন প্রাচীন বৌদ্ধগণ কতক কতক মুসলমান ধর্ম পরিগ্রহ করে এবং কতক কতক স্থান ত্যাগ করিয়া দক্ষিণপূর্ব্ব মুথে পলায়ন করে। খাঁ জাহান বারবাজারে কয়েক বংসর অন্তচরবর্গ সহ অবস্থান করিয়াছিলেন।

বারবাজার হইতে বহির্গত হইর। থাঁ জাহান ও তাঁহার অন্তচরবর্গ প্রথমতঃ যশোহরে উপনীত হন। থাঁ জাহান এথানে অধিষ্ঠান করিয়াছিলেন বলিয়া বোধ হয় না। তবে তাঁহার সহচর ছুইজন সাধু ফকির এথানে স্থায়ী ভাবে থাকিয়া যান। এ সম্বন্ধে একটা গল্প প্রচলিত আছে। থাঁ জাহান তাঁহার সহযাত্রী গরিবসাহ ও বেরামসাহ নামক ছুই ফকিরকে তাঁহার এ



वातवाङादतत मम् जिन।

শ্রীসতীশচ**ল্র মিতে**র যশোহর-খুলনা ইতিহাদের জন্ম

ও অন্নচরবর্গের জন্ম থাত্ম প্রস্তুত করিয়া রাখিতে পূর্ব্বে প্রেরণ করেন। উহারা যশোহরে পৌছিয়া থাছের চেষ্টা করিতে থাকেন কিন্তু সময় মত থাল্ল প্রস্তুত হইয়াছিল না। খাঁ জাহান পৌছিয়া দেখিলেন খাত প্রস্তুত নাই, এজন্ত তিনি अञ्चारम व्यवसाम क्रिटलम मा अवः গ্रिवमार ७ व्यवसम्मारक महा लहेलाम मा। তদবধি ঐ হুইজন এইস্থানে রহিয়া গেলেন। এটি একটি গল্প কথা। মোটকথা, গা জাহানের উদ্দেশ্য ছিল-মুদলমানধর্ম প্রচার ও রাজ্য প্রতিষ্ঠা। তিনি ভৈরবকুলে মুড়লীতে একটি প্রধান কেন্দ্র সংস্থাপন করিলেন। ক্রমে ঐ স্থানে একটি সহর হইল। উহার নাম হইল মুড়লী-কদ্বা। কদ্বা শব্দে সহর বা নগর বুঝায়। এইরাপ ভাবে সহর প্রতিষ্ঠা করিয়া গাঁ। জাহান অগ্রসর হইতে থাকিলেন। মডলীতে ধর্মপ্রচারকার্যো গরিবদাহ ও বেরামসাহকে রাখিয়া গেলেন। তাঁহার। নানা বুজরুকী বা অলোকিক শক্তি এবং সাধুজীবনের আদর্শ দেখাইয়া বছ লোককে মোহিত ও বশীভূত করিলেন। অনেকে মুসলমানধর্ম পরিগ্রহ করিল; বাহারা মুদলমান হইল না, তাহারাও ফকিরদিগকে দেবতার মত ভক্তি করিত। এখনও সে ভক্তি চলিতেছে। এখনও দূরবর্ত্তী স্থানের লোকেও মোকর্দমা করিতে বা অন্ত কার্য্যে যশোহরে আসিলে গরিবসাহের দরগায় সেলাম ও সিমী ना निम्ना कान कामा करत ना । श्रुतांकन कम्वाम यर्गाहरतत रक्षेत्रनाती आना-লতের অনতিদূরে ভৈরবকূলে গরিবসাহের ক্ষুত্ত মন্জিদটি সর্বজাতীয় লোকের তীর্থস্বরূপ হইয়া রহিয়াছে। বেরামের দরগা আরও পশ্চিমদিকে গেলে সাহেব-দিগের গোরস্তানের সল্লিকটে দেখিতে পাওয়া যায়। সাধুতা যে আতিভেদের গণ্ডীর বহিভূতি এবং সর্বজাতির ভক্তির জিনিস, এই সাধু ফকিরদিগের দরগা তাহা শিকা দিতেছে।

মুড়লী কদ্বা হইতে থাঁ জাহানের প্রচার-বাহিনী গুইভাগে বিভক্ত হয়।
একদল সোজা দক্ষিণমুথে কণোতাক্ষের পূর্বধার দিয়া ক্রমে স্করবনের অভ্যন্তরে
প্রবেশ করে; অভ্যনল পূর্বদক্ষিণমুথে ক্রমে ভৈরবের কৃল দিয়া বাগেরহাট অঞ্চলে
পৌছে। সঙ্গে সঙ্গে এই উভন্ন পথে গুইটি রাস্তা বা জালাল প্রস্তুত হইয়া
যায়। বারবাজার হইতে বে রাস্তা যশোহর পর্যন্ত আসিয়াছে, তাহার পূর্বনাম
গাজীর জালাল। আমরা গাজীর কথা পরে বলিব। জনৈক গাজী বারবাজারে
মুসলমানপ্রতিপত্তি স্থাপনা করেন। তাঁহার নামামুসারে উক্ত গাজীর জালাল

নাম হইরাছিল। যশোহর হইতে গুইদিকে গুইটি থাঞ্জালির জাঙ্গাল আরম্ভ হইরাছে।

এক প্রবীণ পুরুষ গাঁ জাহানের প্রধান পার্শ্বচর ছিলেন: তাঁহার অন্ত কি নাম ছিল জানা যায় না; তিনি সাধারণতঃ বুড়া থাঁ নামেই পরিচিত। সঙ্গে ইহার পুল ফতে খাঁ ছিলেন। উভয়ই সাহস, কর্মতৎপরতা ও ধর্মনিষ্ঠার জন্ত বিখ্যাত ছিলেন। দক্ষিণদিকে আবাদ পত্তন ও ধর্মপ্রচারের ভার এই পিতা-পুত্রের উপর দিয়া, নিজে ভৈরবতীর দিয়া পূর্ব্বমুথে অগ্রসর হইয়াছিলেন। বুড়া খাঁ ফতে খাঁ বহুসংথাক সৈম্ভসামন্ত ও সাধু ফ্কির সঙ্গে লইয়া মুড়লী হইতে দক্ষিণদিকে গিয়া প্রথমতঃ খাঁনপুরে অবস্থান করেন। তাঁহারা রাস্তা প্রস্তুত করিতে করিতে, খাঁ জাহানের উপদেশ ও দৃষ্টান্তে উভয়পার্শ্বে দীঘি খনন করিয়া লোকের জলকণ্ট নিবারণ করিতে করিতে অগ্রসর হুইভেছিলেন। খাঁনপুরে বহুলোকে ইসলাম ধর্ম গ্রহণ করিয়াছিল এবং তদবধি বহু নিষ্ঠাবান মুসলমানের বাস জন্ম এ স্থান পবিত্র হইয়াছিল; এখনও মুসলমান অধিবাসীর সংখ্যা খুব বেশী. কিন্ধ সে নিষ্ঠা এক্ষণে বিবাদ-বিসম্বাদে পর্য্যবসিত হওয়ায় অধি-বাদীরা মোকর্দমার থরচে উৎসন্ন যাইতেছে। এথান হইতে খাঁ জাহানের দল কেশবপুরের পথে বিস্থানন্দকাটির নিকট আসিয়া আড্ডা করেন। এথানে একটি প্রকাণ্ড দীর্ঘিকা থনিত হয়। আমরা পূর্ব্বে বলিয়াছি বিস্থানন্দকাটি একটি প্রাচীন গ্রাম, এখানে পাঠানযুগের পুর্ব্ধকালীন কীর্ভিচিছও ছিল এবং বছসংখ্যক বৌদ্ধের বাস ছিল। বিদ্যানন্দকাটির দীঘি উত্তর দক্ষিণে দীর্ঘ: সম্ভবতঃ কোন পুরাতন বৌদ্ধযুগের দীঘি পুনরায় খনন করা হয়; ইহার দৈর্ঘা প্রায় ১৬০০ হাত এবং প্রস্ত ৭০০ হাত হইবে। প্রতিবংসর এই দীঘির দক্ষিণ পাহাড়ের উপর দোলপূজার দিন খাঁ জাহানের উদ্দেশ্তে মেলা হয়। খাঁ জাহান এতদঞ্চলের লোকের নিকট পীর বা দেবতার মত সম্মানিত হন। লোকের গাভী ত্ব্ববতী হইলে প্রথম ত্ব্ব তাঁহার উদ্দেশ্যে উৎসর্গ করিয়া যায়। একসময় এমন ছিল যে স্থানীয় লোকে কোন ইমারত নির্মাণ করিবার পূর্বের থাঁ জাহানের স্বতি-স্থানের উপর একথানি ইট না লাগাইয়া কার্য্যারম্ভ করিত না। উক্ত দীঘি থনন कत्रिवात ममत्र थाँ कारान श्वरः किष्कृतिन श्वामित्रा এथान हिल्लन এवः इत्रष्ठ তাঁহার কোন অফুচরের স্থৃতিরক্ষা জন্ম তাহার নামানুসারে নিক্টবর্তী সার্বাবার


বা সারবাবাজ নাম হইয়াছে। এই সারবাবাদেও পার্থবর্তী মীর্জাপুরে কতকগুলি "ধাঞ্জালি" দীঘি আছে। বিদ্যানন্দকাটের দীঘি সম্বন্ধে অনেক অস্কৃত জনশ্রুতি চলিরা আসিতেছে, আমরা এখানে সে সকল অনর্থক গল্পের অবতারণা করিতে চাহি না। তাহার একটি গল্প আছে যে এই দীঘি থনন কালে বাগেরহাটের ঠাকুর-দীঘির খননকালের মত একটি যোগী মূর্ত্তি বাহির হইয়াছিল; * ঠাকুরদীঘির ধানী বৃদ্ধমূর্ত্তির মত এখানেও কোন বৃদ্ধমূর্ত্তি আবিস্কৃত হওয়া বিচিত্ত নহে।

বিভানলকাটি হইতে থাঁ জাহানের অমুচরবর্গ রান্তা প্রস্তুত করিতে করিতে মুন্দরবনের গভীর অরণো প্রবেশ করেন। এই রান্তার চিক্ন বর্ত্তমান আছে। সম্প্রতি উহা ডিফ্রাক্টবোর্ডের রান্তার পরিণত হইরাছে। একটি রান্তা যশোহর, গানপুর, কেশবপুর, বিভানলকাটি ও তথা হইতে মাঞ্চরাবোনা, আটারই, জেয়ালা, বার্ক্রইহাটির পূর্ব্বধার, তালা, চাপানঘাট, থলিননগর, গঙ্গারামপুর, বোষনগর, কপিলমুনি, রামনাথপুর, গদাইপুর, মঠবাড়ী দিয়া পাইকগাছায় গিয়াছে। দেখানে শিবসা নদী পার হইয়া লক্ষ্মীথোলা, গজালিয়া, আলমতলা দিয়া মস্জিদক্ত, মিশিয়াছে; তথা হইতে আমাদি ও পরে গভীর অরণ্যের মধ্যবর্তী বেদকাশী নামক হানে গিয়াছে। এই পথের পার্শ্বে হানে হানে কীর্ত্তিচিক্থ আছে। মাঞ্চরাবোনায় একটি মস্জিদ ও দীঘি ছিল। দীঘি এখনও আছে, মস্জিদের চিক্ত বিল্পু হয় নাই। এই মস্জিদে একখানি পথের ছিল। আরসনগরে একটি মস্জিদ ও দীঘি ছিল। দে দীঘি এখনও আছে, উহা উত্তর দক্ষিণে দীর্ঘ। এখনও উহাতে বেশ জল থাকে।। দীঘির পশ্চিমকৃলে ৪৫ × ৪০ একটি মস্জিদ ছল, তাহার ভগ্নাবশেষ এখনও আছে।

এই মস্জিদে একথানি পাথরে ডগরা অক্ষরে আরবী ভাষায় একটি নিপি ছিল। পাথরথানি এখনও আছে। এখনও উহার পাঠোকার করা হয় নাই। গাথরের একটা ছাপ লওয়া হইরাছিল, কিন্তু তাহা হইতে পড়া বার নাই। ভালতাবে পুনরায় ছাপ লওয়া আবশ্রক। পাথরথানি সাহাজী নামক এক ফকির জসলের মধ্যে মস্জিদের ভগ্নাবশেষের উপর পান। উহা হইতে পঞ্চমপুরুষে দিয়াজ, মফেজ ও আহেদ সেখ বর্ত্তমান। ইহারা পুরুষামুক্তমে হ্যাদি দিয়া গাথরথানির পূজা করিয়া আসিতেছে। পাথরথানি অস্ত কাহাকেও দিবে না। পাথরের পরিমাণ ১ —৯২ % ২ ৪২%, ওক্তন প্রায়্ম পঁচিশ সেয়।

পাইকগাছার নিকট মঠবাড়ীতে প্রাচীন মস্জিদানির ভ্যাবশেষ আছে;
লক্ষরবেড় নামক স্থানে একটি প্রকাণ্ড দীঘি আছে। ইহাকে লক্ষর দীবি বলে;
দীঘির জল অতি মিষ্ট, এখনও বংসর ভরিয়া যথেষ্ট জল থাকে এবং নিকটবর্ত্তী
লোকের জলকষ্ট হইতে দেয় না। মস্জিদকুড়েই বৃড়া থাঁ ফতে থাঁ প্রধান আন্তান।
করিয়াছিলেন। স্থানটির প্রক্কত নাম আমাদি, উহারই উত্তরাংশে বৃড়া থাঁ মস্জিদ
নির্মাণ করেন, স্থন্দরবনের বিপ্লবে ঐ স্থান অনেককাল পর্যান্ত জন্ধলাকীর্ণ হইয়া
থাকে। সেই জন্ধল কাটিয়া মাটী খুঁড়িয়া যথন মস্জিদ বাহির হয়, তথন সে
স্থানের নাম রাথা হয়, মস্জিদকুড়।

মসজিদকুড়ের বিখ্যাত নবগুম্বজ মস্জিদ স্থন্দরবন প্রদেশের একটি প্রধান স্থাপত্য নিদর্শন। ইহার উভয়দিকে তিনটি করিয়া মোট ১টি গুম্বজ। তন্মধো



সর্বমধ্যবর্ত্তী গুম্বজটি কিছু বড়। চিত্রে ভুলক্রমে তাহা প্রদর্শিত হয় নাই।



সমগ্র মদ্জিদের ভিতরের মাপ ৪০ × ৪০, ভিত্তি ৭ ফুট। চারি কোপে ৪টি মিনার আছে। পশ্চিমদিক বন্ধ; দেদিকে ভিতরে তিনটি মিরহাব বা কুলুঙ্গ (Niche) আছে। অপর তিনদিকে তিনটি করিয়া থিলান ও থোলা দরজা। প্রত্যেক দিকেই মধাবর্ত্তী দরজাটি কিছু বড়। সকল মদ্জিদের মত ইহারও পূর্বাদিকে সদর ছিল, সেদিকে কার্ণিসে ও থিলানের উপরে ইপ্তকে কাফুকার্য্য আছে। কতকগুলি ইপ্তকে পদ্ম উৎকীর্ণ; কতকগুলিতে একপ্রকার মালা বা রক্জু নানাভাবে বিলম্বিত ও সংযুক্ত; কেহ কেহ বলেন উহা বঙ্গেশ্বর নাদিরউদ্দীন মামুদ সাহের রাজচিহ্ণ। * এরূপ জড়োয়ার্ভ বাগেরহাটে ঘট গুম্বজের গায়েও আছে। বেষ্টনপ্রটীর বাতীত মধাস্থানে চারিটি স্তম্ভের উপর গুম্বজপ্রলি গঠিত হইয়াছে। স্তম্ভগুলি প্রত্যেকে ইপ্তকভিত্তির উপর ৮।৯ ফুট উচ্চ; কিন্তু উপযুক্ত ভার সহ করিবার মত সম্পৃষ্ট বিলিয়া বোধ হয় না। তাহাতে নানা সন্দেহের উদ্রেক হয়। আমরা এ সম্বন্ধে পূর্ব্বে একবার আলোচনা করিয়াছি; ওয়েইস্গাণ্ড সাহেবও এ সম্বন্ধে তাঁহার স্বাধীন মত প্রকাশ করিয়াছেন। + থিকান ও গুম্বজের গঠন এত স্থান্দর যে বোধ হয় এক্ষণে স্তম্ভগুলি সরাইয়া লইলেও তাহারা ঠিক থাকে।

এই স্থলর মদ্জিদটি বড় হীন অবস্থায় আছে। মিনার করেকটির শীর্ষদেশ
ভাপিয়া গিয়াছে, মদ্জিদের উপর সম্পূর্ণরূপে জন্মলে আবৃত হইয়া রহিয়াছে,
বিলানের ইটগুলি লোকে ভাপিয়া লইয়া যাইতেছে; স্তন্তের মাথা দিয়া বর্ষার
সময় জল পড়ে; উহাতে স্তন্ত ক্রমশঃ ক্রমপ্রাপ্ত হইতেছে এবং মদ্জিদের ভিতর
জল জমিয়া বর্ষাকালে অব্যবহার্য হয়। সহদয় গবর্ণমেন্টের প্রত্নতন্ত্ব বিভাগ
প্রাকীর্তি রক্ষার জন্ম বছস্থানে বছ অর্থ ব্যয় করিতেছেন, কিন্তু এই অজ্ঞাত এবং
অবজ্ঞাত স্থলরবন অঞ্চলে এই স্থলর কীর্তিমন্দির রক্ষার দিকে তাঁহাদের দৃষ্টি
মারুষ্ট হইতেছে না, ইহাই ত্রংবের বিষয়। এদেশে যাতায়াতের অস্থবিধাই কি
এই অবহেলার কারণ
প্রথানে সকলে যায়, সকলে দেখে, সকলে তাহারই
রক্ষার জন্ম চেষ্টা করে। কিন্তু এই লবণাক্ত বায়ৢয় রাজ্যে—নিংস্থ নিরক্ষর ক্ষাকের
ক্ষার জন্ম চেষ্টা করে। কিন্তু এই লবণাক্ত বায়ৢয় রাজ্যে—নিংস্থ নিরক্ষর ক্ষাকের

^{*} Khulna Gazetteer P. 183.

[†] বৰ্তমান পুত্তক, ২০২-৩ পৃঃ, Westland's Report, P. 16-17.

দেশে প্রাচীন কীর্ত্তি রক্ষার ভার লওয়া বে ক্বতিত্বের পরিচায়ক, তাহাতে সন্দেহ নাই।

এই মস্জিদের দক্ষিণ পশ্চিমদিকে বিস্তৃত কপোতাক্ষ, অন্ত তিনদিকে গড়থাই ছিল। এখনও দক্ষিণদিকে একটি পরিথা থালের আকারে আছে। নদীর দিক্ হইতে মস্জিদের কটো লওয়া হয়। মস্জিদকুড়ের দক্ষিণ গায়ে আমাদি গ্রাম। আমাদি পুরাতন গ্রাম; ইহার সম্বন্ধে কিছু প্রাচীন কথা পুর্ব্বে বলিয়াছি। আমাদি গ্রামে পশ্চিম দিকে নদীর কলে বুড়া থাঁ ও ফতে থাঁ উভয়ের কবর ছিল। অয়দিন হইল বুড়া থার কবর ভালিয়া নদীতে পড়িয়া গিয়াছে; এখনও একটি গোলক-চাঁপা কুলের গাছতলায় ফতে থার সমাধির ভগ্নাবশেষ আছে। এখনও বহু হিন্দু মুসলমানে এই সমাধি স্থানে মানদা করে এবং তাহার চিহ্মানপ গুলের গাছতির গাতে ইইকথগুসমুহ ঝুলাইয়া রাথিয়া যায়।

বৃড়া থাঁ যে গুধু ধর্মপ্রচার জন্ম এথানে ছিলেন তাহা নহে। তাঁহার প্রধান কাজ ছিল, রাজ্য শাসন ও জমিপত্তন। তাঁহার সমাধিস্থানের অনতিদ্রে তাঁহার গড়বেষ্টিত কাছারী বাড়ী ছিল; এখনও গড়ের এবং বাড়ীর ভ্যাংশের নানা চিহ্ন আছে। ছইদিকে নদী ও অপর ছইদিকে খনিত খালে পরিখার কার্য্য করিয়াছিল। এই খালকে এক্ষণে খান্কা বলে। নিকটে যে প্রকাণ্ড "কালিকা" দীঘি আছে, তাহা জনৈক প্রাচীন রাজা ইন্দ্রনারায়ণ চৌধুরি-কৃত। সে কথা পুর্বের বলিয়াছি। * সম্ভবতঃ এই জন্মই এখানে বৃড়া থা কর্তৃক কোনও পুষ্করিণী খনিত হয় না। ইন্দ্রনারায়ণের সময় নির্দ্দেশ করা যায় নাই। তিনি যদি বৃড়া থার পরবর্তী যুগের লোক হন, তাহা হইলে হয়ত পাঠান আমলের দীঘিকে নিজের বলিয়া প্রচারও করিতে পারেন। কিন্তু ইন্দ্রনারায়ণ তত আধুনিক বলিয়া বোধ হয় না:

বুড়া খাঁ ফতে খাঁ শুধু আমাদিতে থাকিতেন এবং অন্তত্ৰ যাইতেন না, তাহা
নহে। বাগেরহাটে বুড়া খাঁর দীঘি আছে। প্রতাপাদিত্যের রাজধানী যশোদ
ক্রম্বরীপুরে ও তাহার পশ্চিম দক্ষিণ কোণে এই হুইস্থানে বুড়া খাঁর আন্তানা হিশ
বিলয়। প্রদর্শিত হয়। বেদকাশী আবাদে যে অতি প্রকাণ্ড "কালী-থালাস খাঁ"

^{* 3.8 %}



বুড়াথা ফতেথার সমাধি।

শ্রীন তালাচন্দ্র মিত্রের যলোহর-ধুলনা ইতিহাসের জন্ত

Engraved & Printed by K. V. Seyne & Bros.

দীবির কথা পূর্বের আলোচিত হইয়াছে *, দে থালাদ খাঁ এই বুড়া খাঁর অফুচর চিলেন বলিয়া বোধ হয়। কেবল খালাস থাঁ নহেন, দক্ষিণ বিভাগের ভারপ্রাপ্ত বড়া খাঁর আরও কয়েকজন অন্তর বিভানন্দকাটি হইতে পশ্চিমমুখে আসিয়া কপোতাক্ষের কল দিয়া দক্ষিণদিকে অগ্রসর হইয়াছিলেন। তন্মধ্যে ত্রিমোহিনীর স্বিকটে গোপালপুরে একজন ছিলেন; তাঁহার নাম জানা যায় না। গোপাল-পরে নদীর ধারে একটি স্থন্দর থাঞ্জালী মদজিদ এথনও বর্তমান রহিয়াছে। এখানে নদীর পাহাড়ের উপর মাটী ফেলিয়া উচ্চ করিয়া তাঁহার উপর মদজিদ নির্ম্মিত ছইয়াছিল। গোপালপুর হইতে দক্ষিণদিকে কপোতাক্ষের কুলদিয়া অগ্রসর *হুইলে মে*হেরপুরে পীর মেদ্দীন বা মেহের উদ্দীনের সমাধিমন্দির দৃষ্টিপথে পতিত हम्र। এ মদ্জিদটি থুব ছোট, বাহিবে ১৬´-৩´x১৬´-৩´, চারিকোণে চারিটি গাত্রলগ্ন মিনার, একটিমাত্র দরজা ($e' \times e' - e'$), উহার পার্শ্বে উপরি-ভাগে কারুকার্য্য করা ইষ্টক আছে। মদ্জিদের দম্মুথে একটি বেদী, পরে চারিপাশে প্রাচীর বেষ্টিত। প্রাচীরের দ্বারে একটি স্থন্দর বকুলগাছ ছায়াদানে স্তানটির গাস্তীর্যা বুদ্ধি করিতেছে। বাহিরে পীর সাহেবের দর্প ও হাতীর গোর-স্থান আছে ; উহাও ইষ্টকের বেদী দারা চিহ্নিত। উত্তরের দিকে একটি পাক। ইন্দিরা ও কুয়া আছে। মেহেরপুর হইতে আরও দক্ষিণদিকে অগ্রসর হইলে মাগুর। নামক গ্রামে পীর জন্মন্তী নামক ফকিরের দরগা দেখিতে পাওয়া যায়। ইনিও খাঁ জাহান আলীর অন্তুচর হইতে পারেন। এই ফকিরের **যথেষ্ঠ পীরোত্ত**র আছে। অম্বুবাচীর সময়ে এথানে মেলা হইয়াথাকে। কপোতাক বাহিয়া আর একটু অগ্রসর হইলে, স্কল্সাহা বা দতিন্দা গ্রামে এক স্কল্সাহ ফকিরের আস্তানা দেখিতে প্রয়া যায়। ইহারা সকলেই খাঁ জাহানের **অ**স্তুচর।

ষষ্ঠ পরিচেছদ-প্রঃগ্রাম কদ্বা।

মুড়লী কদ্বা হইতে থাঁ জাহান আলী স্বরং দৈন্ত ও অমুচর সহু ভৈরবক্র দিয়া ক্রমে পূর্বমুথে অগ্রসর হইতে থাকেন। রাস্তা নির্মাণ, দীদি খনন ও মদ্জিদ গঠন তাঁহার কার্যা ছিল। এই স্কল কীতিয়ারা তাঁহার যাত্রাপথ

^{*} १३ शृः (पश्ना।

স্থচিহ্নিত হইয়াছে। খাঁ জাহান আলীর এই সকল কীর্ত্তিকে সংক্ষেপত: "থাঞ্জালী" কীর্ত্তি বলে। থাঞ্জালী হইতেও আরও সংক্ষেপ হইয়া "থাঞ্জাই" বা "থাঞ্জে" কথা হইয়াছে। যেমন খাঞ্জেপুর, খাঞ্জেদীঘি, খাঞ্জাই ইট প্রভৃতি। আমরা এই বিবরণীতে এই সকল সর্বজনবিদিত কথাই বাবহার করিব। यामाहत-थुलनाम अमन लाक नाहे. या थाञ्चाली कथा ज्ञान ना : किन्छ छेहा या খাঁ জাহান আলী নামের অপভংশ তাহা অতি অল্ল লোকেই জানে। বারবাঞ্চার হইতে মুড়লী দিয়া বাগেরহাট পর্যান্ত প্রায় ৭০ মাইল দীর্ঘ একটি রান্তা এখনও সর্বলোকের নিকট খাঞ্জালী রাস্তা নামে পরিচিত আছে। এই রাস্তা ভাহার গতিপথ নির্দেশ করিতেছে। এই রাস্তার পার্শ্বে তাঁহার চারিটি সহর ছিল। ্ম, বারবাজার,—ইহা বছ প্রাচীন স্থান বলিয়া খাঁ জাহান আলী কর্ত্তক কসবা বা সহর নামে অভিহিত হয় নাই; ২য়, মুড়লী কদ্বা,—ইহা প্রাচীন মুড়লীর পশ্চিমপার্শে থাঁ জাহান আলীর নব প্রতিষ্ঠিত সহর; এই সহরে গরিব সাহ ও বেহরাম সাহ অধিষ্ঠান করেন। ৩য়, পয়ঃগ্রাম কসবা,—মুড্লী হইতে ২১/২২ মাইল পূৰ্বভাগে অবস্থিত। ১র্থ, হাবেলী কদ্বা বা থালিফাতাবাদ,—বর্তমান বাগেরহাট, ইহা যশোহর হইতে অন্যন ৫৬ মাইল পূর্ব্বে ভৈরবকূলে অবস্থিত। আমরা প্রথম হুইটীর কথা পূর্বের বলিয়াছি; এক্ষণে অপর হুইটী অর্থাৎ পরঃগ্রাম ও বাগেরহাটের কথা বলিব।

খাঁ জাহান আলী একজন অন্ত্তকর্মা পুরুষ ছিলেন। লোকমুথে অনেক অন্তুত কার্যা তাঁহার উপর আরোপিত হইয়াছে। প্রবাদের গালভরা ভাষায় অনেক কথা বলা হয়, তাহাতে গল্পও জমে বেশ; কিন্তু তাহার যোলআনা বিশ্বাস করিয়া লওয়া যায় না। তবে যোলআনা না ধরিলেও তাহাতে কতক সভ্য থাকে, তাহার উপর অবস্থা স্থাপন করাও হুর্ম্ম ছিলা নহে। লোকে বলে খাঁ জাহানের যাটহাজার সৈন্ত ছিল, উহাদের অন্তান্ত যুদ্ধান্তের মত একথানি বাজে অন্ত ছিল কোদাল। যুদ্ধবিগ্রহ সব সময়ে চলিত না, আবশুকও হইত না, লোকে পাঠানসৈন্ত দেখিলে বশুভা স্থীকার করিত। বিশেষতঃ লোকে খাঁ জাহানের জন-হিতিষণায় মোহিত হইয়া তাঁহাকে ভক্তি করিত। স্বভরাং সৈন্ত-দিগকে অনেক সময় নিক্মা থাকিতে হইত; খাঁ জাহান তাহাদিগের হক্তে কোনাল দিয়া কর্ম্ম দিয়াছিলেন। আজকাল ইংরাজ গ্রথমেণ্ট শান্তিময় রাজ্যে

নিক্ষা সৈক্তদিগকে ফুটবল কিনিয়া দিয়া ক্ষঠি রাখিতেছেন, খাঁ জাহানের আমলে তাহা ছিল না। যুদ্ধ বাধিলে দৈন্তেরা যুদ্ধ করিত, নতুবা কোদাল কেহ কাডিয়া লইত না. অবাধে রাক্তা নির্মাণ ও পুষ্করিণী খনন করিতে করিতে দেশময় পুণাকীর্ত্তি রাথিয়া দৈত্যদল অগ্রসর হইত। এই প্রণালী একটি শিক্ষার বিষয় : এমন ভাবে দেশের ও দশের স্থায়ী উপকারের উপায় আর নাই। উত্তরকালে রাজা সীতারাম রায়ও এই প্রণালী অবলম্বন করিয়াছিলেন। এই উভয়ের জলদান-পুণো যশোহর-থলনার অনেক স্থানে জলচুর্ভিক্ষ নাই। কোড়াদার, বেলদার বা খননকারী সৈত্ত হস্তগত থাকায়, অনেক স্থানে অতি অল সময়ের মধ্যে রাস্তা বা পুন্ধরিণী হইত। রাস্তা প্রস্তুত করিতে করিতে থাঁ জাহান আলী অগ্রসর হইতেন, আবার কোনস্থানে থাঞাদি সংগ্রহ বা অন্ত কোন কারণে কিছুকাল বিশ্রাম করিতে হইলে, তাহার বেলদার সৈক্তগণ অল সময়ের মধ্যে প্রকাণ্ড দীর্ঘিকা থনন করিয়া ফেলিত। ইহাই লোকে সামান্ত অতিরঞ্জিত করিয়া বলে, খাঁ জাহান আলী একরাত্রিতেই প্রকাণ্ড পুরুরিণী ধনন করিয়া ফেলিলেন, এবং তিনি নাকি রাত্রিতেই এই সকল অদ্ভূত কর্ম্ম করিতেন। এমন কি রাত্রি ভরিয়া পুন্ধরিণী ধনন করিতে করিতে তাহা শেষ হইবার পূর্ব্বে স্র্যোদ্য হইলে, তৎক্ষণাৎ কার্য্য বন্ধ হইত এবং সে কার্য্য সেই অবস্থাতেই সেখানে অসম্পূর্ণ রহিয়া যাইত। শুধু পুক্রিণী খনন নহে, রাত্রির মধ্যেই মদ্জিদ গঠনও হইত। কিন্তু ইমারাত গঠনের জন্ম ইট ও মালমসল্যা চাই, তাহা তিনি সঙ্গে শইয়া বুরিতেন না, ইহাও লোকে ভূলিয়া যায়, ইহাই আশ্চর্য্যের বিষয়। যাহা হউক, তিনি বছলোকের অধিনায়ক বলিয়া এই সকল কার্য্য যে স্বরায়াসে, অতি সামান্ত সময়ে সম্পন্ন করিতেন, সে বিষয়ে কোন সন্দেহ নাই।

মুড়লী হইতে ৪ মাইল পূর্ব্বদক্ষিণকোণে রামনগর গ্রামে খাঁ জাহান একটি বড় দীঘি থনন করেন। উহাকে একলে সাহাবাটীর দীঘি বলে। এথনও উহাতে বারমাস জল থাকে। ইহা উত্তর দক্ষিণে দীর্ঘ। কেহ কেহ এইজ্ঞাই ইহাকে হিল্দীঘি বলিতে চান। কিন্তু তাহা সত্য নহে। হিল্মে দীঘি উত্তর দক্ষিণে এবং মুসলমানের দীঘি পূর্ব্বপশ্চিমে দীর্ঘ করিয়া খনন করিবার নিয়ম আছে। খাঁ জাহান সে রীতি মানেন নাই। তাহার কারণ ছিল; হিল্মা পূর্ব্বপশ্চিমে দীর্ঘ পুর্ব্বরিয় জল কোন বৈধকার্য্যে ব্যবহার করেন না, মুসলমানদিগের উত্তর-

দক্ষিণে দীর্ঘ পুছরিণীর জল ব্যবহার করিলে ধর্মহানি হয় না। স্থতরাং উত্তর-দক্ষিণে দীর্ঘ হইলে উহার জল সর্বজাতিতে সমভাবে লয়। জলদাতার ইহাই প্রধান লক্ষ্য বিষয়। খাঁ জাহান আলী এ বিষয়ে কোন নিয়ম না মানিয়া, উভয়-প্রকারের অসংখ্য দীবি খনন করিয়া গিয়াছেন। অনেক স্থানে তিনি হিন্দুর খনিত প্রাচীন জলাশরের সংস্কার করিয়াছিলেন, সে সকল স্থলে তাহার দীঘি উত্তর-দক্ষিণে দীর্ঘ না হইয়া পারে নাই।

দিশ্বিয়া, দেখহাটি প্রভৃতি স্থান ছাড়িয়া আদিয়া যেখানে ভৈরব ক্রমে ক্রমে অর্দ্ধচন্দ্রাকারে দক্ষিণবাহী হইতেছিল, সেইস্থানে পয়ংগ্রামে খাঁ জাহান আর একট ক্ষরা বা নগরী স্থাপন করিলেন। তাঁহার রাস্তা সোজাভাবে গ্রামের মধ্য দিয়া চণিয়া গেল এবং উহা তাঁহার নৃতন নগরীকে ছইভাগে বিভক্ত করিল। যে ভাগ রাস্তার দক্ষিণে থাকিল, তাহার নাম দক্ষিণডিহি এবং যে ভাগ রাস্তার উত্তরে থাকিল, তাহার নাম উত্তর্ভিহি। এই উত্তর্ভিহি নদীর তীরে; সেইভাগে থা জাহানের আবাদস্থান ও মদজিদ প্রভৃতি নির্দ্মিত হইল। উত্তর্জিহির যে অংশে তাঁহার আবাদবাটিকা ছিল, তাহার নাম থাঞ্জেপুর। থাঞ্জালীর পুর্ব্বোক্ত প্রধান রাস্তা হইতে অক্স একটা ৫০ ফুট বিস্তত রাস্তা উত্তরমুখে উত্তরভিহির মধ্য দিয়া নদীর দিকে গিয়াছে। ইহাই থাঞালীর সহরের প্রধান রাস্তা। উহা হইতে বামে দক্ষিণে অপেক্ষাকৃত স্বল্পবিসর বহুরাস্তা নির্গত হইয়া সহরটীকে চককাটা মত করিয়াছে। এই দকল রাস্তার ছইপার্শ্বে লোকের বসতি হইয়াছিল। এখনও অনেক বসতি আছে, কিন্তু জঙ্গলই অধিক। এই জঙ্গলের মধ্য দিয়া ঘুরিয়া দেখিলে সরলরেথার মত সোজা রাস্তাগুলিকে আধুনিক পাড়াগেয়ে রাস্তা বলিয়া বোধ হয় না ; পরস্ক ইহারা যে কোন কৃতী পুরুষের উদ্দেশ্য ও কল্পনামুযায়ী নির্মিত হইয়াছিল, তাহাতে সন্দেহ নাই। উক্ত উত্তরবাহিনী বড় রাস্তার ছই পার্ষে একস্থানে হুইটি পৃষ্করিণী আছে, উহার একটিতে অাঁধার পুকুর ও অক্সটিকে সানের পুকুর বলে। সানের পুকুরের দক্ষিণ পাহাড়ে মৃত্তিকা নিম্নে ইট পাওয়া গিয়াছে। সেখানে যে বান্ধা ঘাট ছিল তাহাতে সন্দেহ নাই। খাঁ জাহানের পর কোন বিপ্লবৰ্শতঃ এই সকল স্থানে কিছুকালের জন্ত লোকের বাস ছিল না, তাহাতেই এই দকল পুকুর ও কীর্ত্তি-চিচ্ন সম্বন্ধে বছপ্রবাদের সূত্র হারাইয়া গিয়াছে। অমুমানের উপর নির্ভর করা ভিন্ন উপায় নাই। উক্ত বিপ্লব সমরের একটি বিরাট তেঁতুলগাছ এথনও বর্ত্তমান রহিয়াছে। এরপ দীর্ঘকালস্থায়ী তেঁতুলগাছ আর দেথি নাই। গাছটির বেড় ঠিক ২৫ ফুট, উহা এত উচ্চ ফে প্রায় এক মাইল দ্বে নদী হইতে দেখা যায়।

উক্ত বড় রাস্তা নদীর নিকটবর্ত্তী হইয়া ধেখানে ঘুরিয়া পূর্ব্বমূথে পয়ংগ্রামের দিকে চলিয়া গিয়াছে, দেখানেই উহার বামভাগে নদীর খব সন্নিকটে একটা প্রকাণ্ড উচ্চ টিপি কোন পুর্বাকীর সাক্ষীর মত দাঁডাইয়া আছে। টিপিটি ১০০ × ১০০ ফুট, উহা পার্শ্ববর্তী জমি হইতে ৮ ফুট উচ্চ। এখানে বাগের হাটের ঘাটগুম্বজের মত কোন বৃহৎ নমাজের স্থান বা দরবার গৃহ ছিল। গুনিয়াছি নিকটবর্ত্তী মধ্যপুর গ্রামে কোন এক ইংরাজ কোম্পানি নীলের কুঠি করিবার জন্ম এই বিরাট্ ভগ্নগৃহ ভাঙ্গিয়া চুরিয়া বিলুপ্ত করিয়াছিল। এই চিপির উপর ৩২´× ১৭´ ফুট স্থানে ১´ ফুট উচ্চ করিয়া একটা পাকা বেদী করিয়া উহার পশ্চিম দিকে একটি আধুনিক ইদ্গা স্থানীয় লোকে নির্মাণ করিয়া লইয়াছে। নিকটবর্ত্তী বহুসংখ্যক লোকেরা প্রধান প্রধান নমাজের উৎসবে এইস্থানে উপাসনা করিয়া থাকেন। এই ইদগার নিকটে একথানি অতি স্থন্দর কষ্টিপাথর (Slate) আছে: উহার পরিমাণ ৩'×১'-৮"। চিপির নিম্নে আর একথানি রাজ্মহল বা চটগ্রামের পাথর আছে। এই পাথর ঠিক ঘাটগুম্বজের স্তম্ভের পাথরের মত। এ পাথরথানি ১'-৮"×১'-৮"×৯" ইঞ্চি। আরও কত পাথর ছিল এবং তাহা কোথা হইতে কি ভাবে সংগৃহীত হইমাছিল, তাহা কে জানে ? নীলকরেরা অনেকস্থানে ভ্যাগুলদিগের মত ভীষণ অত্যাচার করিয়া দেশের অনেক পুরা-কীর্ত্তি নষ্ট করিয়াছে। সেরূপ অত্যাচার যে করা যার, বর্ত্তমান গবর্ণমেণ্ট তাহা অমুভবও করিতে পারিবেন না।

পরঃগ্রাম কদ্বা একসময়ে সমৃদ্ধিশালী নগরী ছিল। এথানে অনেক সম্বাস্থ্য মুগলমান এখনও বাস করিতেছেন। বোধ হয় এতগুলি ধাঁটি উচ্চবংশীয় উন্ধৃতিশীল মুগলমান পরিবার একত্র হইয়া যশোহর-খুল্নার অস্ত্র কোন স্থানে নাই। ইহাদের অনেকে পশ্চিমদেশ হইতে আগত সম্রান্ত মুগলমান অধিবাসীর বংশধর এবং কতক, যে সকল উচ্চশ্রেণীর হিন্দুরা মুগলমান ধর্ম পরিগ্রহ করেন, তাঁহাদেরই অধন্তন পুরুষ। কথিত আছে, ধাঁ জাহানের প্রঃগ্রাম নিবাসকালে পীরালী সম্প্রদায়ের প্রথম উৎপত্তি হয়।

দক্ষিণডিহি প্রাচীন স্থান। ইহার দক্ষিণ ডিহি নামকরণ থাঁজাহানের সমর হইতে হর। পূর্বে ইহা পরঃগ্রামই ছিল। বিপ্লবের অব্যবহিত পরে এখানে রায়চৌধুরী বংশীয়েরা বাদ করেন। যথন থাঁ জাহান পরঃগ্রামে আদ্দেন, তখন রায়চৌধুরিগণ তথাকার প্রধান ব্যক্তি ছিলেন। ইহারা ব্রাহ্মণ, কনোজাগত দক্ষের বংশধর। দক্ষের জ্যেষ্ঠ পুত্র ধীর মুশিদাবাদের ৬ ক্রোশ পশ্চিমে গুড়গ্রাম প্রাপ্ত হইয়া তথায় বাদ করেন।* তজ্জ্ঞা এই বংশীয়গণ গুড়ী বা গুড়গ্রামী ব্রাহ্মণ বলিয়া পরিচিত। এই বংশীয় শরণ বল্লালদেনের চতুর্দ্দিগ্রামী গৌণ কুলীনের অগ্রতম। পরে দনোজামাধবের সমীকরণে ও দত্তথাদের ব্যবস্থায় গুড়গ্রামিগণ সাধাশ্রোত্রিয় মধ্যে পরিগণিত হন। শরণের প্রপোত্র ভবদন্ত পশ্চিম বঙ্কের পাঠান শাদন কালে গুণগরিমায় থাঁ উপাধি পান। ব্রাহ্মণের ব্যবস্থায় গুড়গোমিগণ সাধানের তাঁহাকে 'বামন থাঁ' বলিত। ভবদন্তের পোত্র রত্মপতি আচার্য্য শেষ বয়দে বান প্রস্থ অবলম্বন করিয়া কাশীবাদ কালে পাণ্ডিত্যের জন্ত দণ্ডীদিগের নিকট হইতে একটি স্বর্ণদণ্ড উপহার প্রাপ্ত হন, এজনা তাঁহার উপাধি হয় কনকদণ্ডী। ভদরধি তাঁহার বংশীয়গণ কনকদণ্ডী গুড় বলিয়া থাাত।

বলালদেনের সময় হর্ষামাঝি নামক একজন ধীবর অছুত কার্য্যের প্রস্থার স্থান প্রদান কর্মা প্র্যাদীপের রাজত্ব পাইয়া ছিলেন, তাহা পূর্ব্বে বর্ণিত হইয়াছে। এই হ্র্যামাঝির এক অধন্তন পরুষ মুদলমান ধর্ম গ্রহণ করিয়া হ্রলতান মাঝি বলিয়া পরিচিত হন। প্রবাদ এই পূর্ব্বোক্ত কনকদণ্ডীর পূল্র রমাণতি এই স্থালতান মাঝিকে বিনষ্ট করিয়া হর্ষাদ্বীপ অধিকার করিয়া লন। রমাণতির চারিপুশ্র সর্ব্বানন্দ, জ্ঞানানন্দ, প্রেমানন্দ ও অমৃতানন্দ। তন্মধ্যে অমৃতানন্দ সরস্বতী সন্ধাসধর্ম গ্রহণপূর্ব্বক সিদ্ধিলাভ করেন। জ্ঞানানন্দের পূল্র জয়ক্ষণ; তৎপুশ্র নাগরনাথ ও দক্ষিণানাথ। মুদলমান ধর্মাশ্রিত হ্বলতান মাঝির উপর অত্যাচারের সময় হইতে পশ্চিম বঙ্গের মুদলমান শাদন কর্ত্বণ রমাণতি ও তত্বংশীয়ন্দিরের উপর অত্যান্ত বিরূপ ছিলেন; কিন্তু গৌড়াঞ্চলে সিংহাদন লইয়া এরূপ গঙ্গোন চলিতেছিল যে এদিকে তাঁহারা বিশেষ মনোযোগ দিতে পারেন নাই। সম্ভব্তঃ রাজা গণেশের সময় নাগর ও দাক্ষিণানাথ উভয় শ্রাতা হিন্দু নরপতির সাহাব্যাদি

বঙ্গের জাতীয় ইতিহাস, ব্রাহ্মণ থগু, ১ম থগু, ১২১ পৃ:।

ইংগরা গৃই প্রতিষ কালে চেক্স্টিয়া পরগণা দখল করিয়া লন, এবং অপেক্ষাক্ষর্ত নিরাপদ্ প্রদেশে সদর্শে শাসনদশু পরিচালন জনা দক্ষিণভিহি অঞ্চলে আসিয়া বাদস্থান নির্দ্দেশ করেন। কেহ কেহ বলেন এই তুই প্রতির মধ্যে বিভাগস্ত্রে উত্তরভিহিও দক্ষিণভিহি নামকরণ হয়। জ্যেষ্ঠ প্রতিত করের কূলে উত্তরদিকে থাকেন উহাই উত্তরভিহি, এবং কনিষ্ঠ প্রতিত দক্ষিণানাথ দক্ষিণভিহি পাইয়া ছিলেন। কেহ কেহ দক্ষিণভিহি নামের সহিত দক্ষিণানাথের নামেরও সম্বন্ধ স্থাপন করেন। নাগর রায় সাধারণের স্থবিধার জন্য এই প্রদেশে এক হাট স্থাপন করেন। নাগর রায় সাধারণের স্থবিধার জন্য এই প্রদেশে এক হাট স্থাপন করেন, সেই ''নাগরের হাট" বর্তমান বেজের ডাঙ্গা প্রেশনের সন্নিকটে ছিল। এখনও লোকে সেম্বান প্রদর্শন করিয়া থাকে। যাহা হউক রায়চৌধুরিগণই দক্ষিণভিহি ও উত্তরভিহি নামে স্থান ভাগ করেন বা খাঁ জাহান আসিয়া তাহার নব প্রতিষ্ঠিত সহরের ঐক্সপ ভাগ করেন, তাহার নিশ্চয়তা নাই। তবে এইটুকু নিশ্চয়তা আছে যে খাঁ জাহানের আগমনের পর ও দক্ষিণভিহিতে রায়চৌধুরিগণ বিশেষ গৌরবান্বিত ছিলেন।

নাগরনাথ নিঃসস্তান। দক্ষিণানাথের চারি পুত্র ছিল—কামদেব, জয়দেব, রতিদেব ও শুকদেব। দক্ষিণানাথের মত তাঁহার পুত্রগণ প্রতাপায়িত ছিলেন না, কারণ থাঁ জাহানের আগমন কালে তাঁহাকে কেহ বাধা দিয়া ছিলেন বলিয়া জানা বায় নাই। বাধা দিলেও তাহা বে বিফল হইয়াছিল, দে বিষয়ে সন্দেহ নাই। পরস্ক খাঁ জাহানের শাসন প্রতিষ্ঠার পর কামদেব ও জয়দেব এই উভয় ভ্রাতায় নবাগত পাঠানবীরের প্রধান কর্মাধাক হইয়া বিয়য়া ছিলেন। খাঁ জাহানও এই ভাবে তাহাদিগকে ক্রয়বীর্ঘা সর্পের মত করায়ত্ত করিয়াছিলেন। শুধু করায়ত্ত রাধা নহে, কোশলে তাহাদিগকে মুসলমান ধর্ম পরিগ্রাহ করিতে বাধ্য করিয়াছিলেন। সেই ঘটনাই এদেশীয় পীরালি বংশের উৎপত্তির মূল।

প্রবাদ আছে বারবাজার ত্যাগ করিয়া, যেমন গাঁ জাহান ভৈরবের কুল দিয়া
ক্রমশঃ অগ্রসর হইতেছিলেন, জনৈক স্থচতুর ব্রাহ্মণ তাঁহার পথপ্রবর্তক ছিলেন।
এমন কি, এরপণ্ড কথিত হয় যে এই ব্রাহ্মণই গাঁ জাহানকে বঙ্গদেশে আনিবার
মৃণ। গ্রাম্যবিবাদ ঘটত প্রতিহিংসাই ব্রাহ্মণকে এই কার্য্যে প্রবৃত্তি করাইয়াছিল।
সম্ভবতঃ চেকুটিয়া পরগণার অধিকারী দক্ষিণ ডিহির রায়চৌধুরী মহাশ্রগণের
সহিতই উক্ত বিবাদ হয় এবং তাহাতেই বোধ হয় ব্রাহ্মণকে স্বীয় হতে স্পাহ্

অনল প্রদান করিতে প্রশুদ্ধ করে; কারণ প্রতিহিংসার অসাধ্য কিছু নাই।
ব্রাহ্মণ পরহিংসা করিতে গিরা আত্মহিংসাই করিরাছিলেন; কারণ তিনি ধর্ম বা
রাক্ষালোভে অথবা সংস্পর্শ দোষে নিজের জাতি ধর্ম বিসর্জন দিরা মুসলমান ধর্মে
দীক্ষিত হইরাছিলেন। তাঁহার পূর্ব্ধে কি নাম ছিল, জানি না, জানিয়াও বিশেষ
কাজ নাই; এখন তাঁহার নাম হইল মহম্মদ তাহের। তীক্ষুবৃদ্ধি ব্রাহ্মণ ধর্ম্মত্যাগ
করিয়া পাশবিক উন্নতির পথ পরিকার করিয়া লইলেন। পয়ঃগ্রাম কস্বার
নবাব হইলেন খা জাহান আলি এবং তাঁহার উজীর হইলেন মহম্মদ তাহের।
আর রায়চৌধুরীদিগের মত বছ ভূপতি ভয়ে তাঁহাদের হারস্থ হইলেন। শীঘই
খাঁ জাহান পয়ঃগ্রাম পরিত্যাগ করিয়া রাজা বিস্তার ও কৃষি পত্তনের উদ্দেশ্যে
বাগেরহাট মভিমুবে যাত্রা করিলেন। পয়ঃগ্রামে তৎপ্রদেশীয় শাসন কর্তৃত্ব মহম্মদ
তাহেরের উপরই রাখিয়া গেলেন।

যে জাতান্তর বা ধর্মান্তর গ্রহণ করে,তাহারই গোঁড়ামি অধিক বাড়িয়া থাকে।
মহম্মদ তাহেরের তাহাই হইমাছিল। তাহার গোঁড়ামির মাত্রা এত চড়িয়া গেল
যে তাহার ধর্মরঙ্গ দেখিয়া স্থানীয় হিন্দু মুসলমানে তাহাকে "পীর আলি" করিয়া
লইল। পীর আলি নব ধর্মায়ুশাসনে নানাভাবে হিন্দু বৌদ্ধ নানা জাতিকে
মুসলমান ধর্মে দীক্ষিত করিতে লাগিলেন। এই ভাবে যাহারা প্রকৃত ভাবে
মুসলমান ধর্ম গ্রহণ করিল, তাহারা "পীর আলি মুসলমান" বলিয়া চিহ্নিত হইল,
এবং যাহারা প্রক্রপ মুসলমানের সহিত সংশ্রব দোষে মুসলমান না হইয়াও সমাজচ্যুত হইল, তাহারা কেহ পীর আলি রাহ্মণ, পীর আলি কামস্থ, পীর আলি
নাপিত ইত্যাদি থাকিয়া গেল। এইরূপ পীর আলি বা পীরালি হিন্দু ও মুসলমান যশোহর খুল্নার বছস্থানে বাস করিতেছেন। পীরালিগণের সহিত বৈবাহিক
ক্ষের বছ রাহ্মণ কায়স্থ সমাজে অপদস্থ হইয়া পীরালি শ্রেণীর অন্তর্ভুক্ত হইয়া
রহিয়াছেন।

দক্ষিণভিহি নিবাগী পূর্ব্বোক্ত দক্ষিণানাথ রায়চৌধুরীর চারি পুত্রের মধ্যে কামদেব ও জরদেব মহম্মদ তাহেরের অধীনে উচ্চ কার্যো নিযুক্ত হন। মুসলমানের
অধীন হইয়া চাকরী করিলেও রায়চৌধুরিগণ অত্যন্ত সম্মানিত এবং পরাক্রার্য
ছিলেন। 'তাঁহারা নিষ্ঠাবান্ হিন্দু, এজন্ত ইসলামধর্ম্মে দীক্ষিত প্রাক্ষণতনর মহম্মদ
তাহেরকে মনে মনে অত্যন্ত মুণা করিতেন, মুণ ফুটিয়া বিশেষ কিছু ব্রিটিত

পারিতেন না। ধর্মান্তরিত মহম্মদ তাহেরও তাঁহাদের গোঁড়ামি সহ্ করিতে পারিতেন না; এবং তাঁহার প্রতি সেই নিমন্থ কর্মচারীদিগের অস্পষ্ট ঘুণার ভাব যে তিনি ব্রিতে পারিতেন না, এমন নহে। ফলতঃ ছইদিকেই অন্তরাকাশে মেঘ সঞ্চয় হইতেছিল। নবদীক্ষিত পীর-আলি গোঁড়া হিন্দুকে স্বীয় মতে আনিয়া প্রতিশোধ লইবার কল্পনা পোষণ করিতেছিলেন। একদিন রোজা বা উপবাসের দিনে মহম্মদ তাহের ও কামদেব, জয়দেব প্রভৃতি কর্মচারিগণ বিদিয়া আছেন, এমন সময়ে এক-ব্যক্তি তাহার নিজের বাটী হইতে একটি স্থগন্ধি কলম্বা লেবু আনিয়া উপহার দিল। পীর আলি উহার আণ লইতেছিলেন এমন সময় কামদেব বলিলেন, 'হেজুর, আণ লইলে যে অর্ক্ষেক ভোজন হয়, আপনি যে গদ্ধ গ্রহণ করিয়া রোজা ভাঙ্গিয়া ফেলিলেন ?" এবং সঙ্গে সঙ্গে "ঘাণেন চার্দ্ধভোজনং" বলিয়া সংস্কৃত প্রোক্তেরও উল্লেখ করিলেন। পীর আলি বাহিরে একটু অপ্রতিভ হইলেন বটে, কিন্তু হাড়ে চটিয়া গেলেন এবং কামদেবের বিদ্ধপের বিকট প্রতিশোধ লইবার ক্ষন্ত সক্ষয় করিলেন।

গোপনে পরামর্শ স্থির ইইল। একদিন তিনি প্রধান প্রধান হিন্দু মৃদলমান প্রজাবর্গকে দরবারে আহ্বান করিলেন। দরবার-গৃহের পার্শ্ববর্তী ঘরে পলাপ্ত্ প্রভৃতি সংযোগে গো-মাংস রন্ধন করা ইইতেছিল। প্রজারা সকলে আদিলেন, কামদেব জ্বপ্রদেবও যথা সময়ে দরবারে উপস্থিত ইইলেন। কিন্তু দরবার-গৃহ পলাপ্ত্ প্রভৃতি মসন্ত্রার গন্ধে ভরপূর ইইয়াছিল। কামদেব প্রভৃতি নাকে কাপড় দিয়া বসিয়াছিলেন। তথন কঠোর বিজ্ঞপাত্মক স্থরে পীর আলি জ্বিজ্ঞানা করিলেন, "কি সংবাদ চৌধুরী, নাকে কাপড় কেন ?" কামদেব মাংস গন্ধের কথা উল্লেথ করিলেন। অমনি পীর আলি বলিলেন, "সেথানে গো-মাংস রন্ধন ইইতেছে, তাহা ইইলে তোমাদেরও অর্জেক ভোজন করা ইইয়াছে; স্বতরাং জাতি গিয়াছে।" হিন্দুগণ শিহরিয়া উঠিলেন। কামদেব ও জ্বন্ধদেবকে ধরিয়া জার করিয়া তাহাদের মুথে সেই মাংস দেওয়া ইইল, অনেকে সে হুর্গতি দেখিয়া ভরে পলায়ন করিল। হুই প্রাতা জাতিচ্যুত ইইয়া মুসলমান ধর্ম পরিগ্রহ করিতে বাধ্য ইইলেন। মহম্মদ তাহের তাহাদিগকে কামাল উন্ধীন ও জ্বামাল উন্ধীন খা চৌধুরী উপাধি দিয়া স্বশ্রেণীভুক্ত করিয়া লইলেন। সংপ্রব জ্ব্রু

অন্ত ছই ত্রাতা রতিদেব ও শুকদেব পীর আলি ব্রাহ্মণ হইলেন। ইহাই ব্রাহ্মণ-দিগের মধ্যে পীরালি থাকের উৎপত্তি।

খাঁজাহানের আগমন ও পীরালিদিগের উৎপত্তি সম্বন্ধে ঘটকদিগের পুঁথিতে এইরূপ আছে:—

থান্ জাহান মহামান পাদশা নফর

যশোরে সনন্দ ল'য়ে করিল সফর ॥

তার মুথ্য মহাপাত্র মামুদ তাহির

মারিতে বামুন বেটা হইল হাজির।

পূর্বেতে আছিল দেও কুলীনের নাতি;

মুদলমানী-রূপে মজে হারাইল জাতি।

পীর আলি নাম ধরে পিরাল্যা গ্রামে বাস; *

যে গাঁরেতে নবদীপের হ'ল সর্ধনাশ।

* পাঠান বিজয়ের প্রারম্ভ হইতেই নবছীপ অঞ্জে হিল্পুদমানের উপর মুসলমানদিগের অত্যাচার আরম্ভ হয়। ক্রমে ক্রমে অনেক ব্রাফাণ জাতিচ্যুত হন এবং তাঁহারা নবছীপের সন্নিকটে পারোলিয়া বা পীরলিয়া গ্রামে বাস করেন। সেগ্রাম এখনও আছে। মহম্মদ প্রাহের পুরের ব্রাফাণ ছিলেন, ঘটকেরা বলেন তিনি কোন মুসলমান স্ক্রীর প্রতি আসত হইয়া বর্ধর্ম ত্যাগ করেন। মেছার বা বলপ্রয়োগে যে কারণেই হউক তিনি মুসলমান হইয়া পীর আলি নামে অভিহিত হন এবং পীরলিয়া গ্রামে বাস করেন। পীরোলায়া গ্রামের নামে তিনি পীর আলি হন বা তিনি "পীরালি" বলিয়া গ্রামের নাম পীরালিয়া বা পীরালায়া হয়, তাহা নির্ণয় করিবার উপার নাই। এই পীরালায় গ্রামের নবদীক্ষিত মুসলমানদিগের অত্যাচারবশতঃ এক সময় নবরীপ উৎসল্ল হইবার উপক্রম হইয়াছিল। চৈতক্সদেবের সম-সাময়িক ভক্ত জ্বয়ানদের চৈতক্সমন্সলের দেখিতে পাই,—

"পীরাল্যা প্রামেতে বৈদে যতেক যবন।
উচ্ছন্ন করিল নববীপের ব্রাহ্মণ ঃ
ব্রাহ্মণে যবনে বাদ যুগে যুগে আছে;
বিষম পীরাল্যা গ্রাম নবদ্বীপের কাছে।"
এরূপ ক্ষিত হইরাছে যে এই উৎপাতের জন্ত--"বিশারদ স্তত সার্বভৌম ভট্টাচার্য্য
স্ববংশে উৎকল গেলা ছাড়ি গৌড্রাল্য ॥"

স্থবিধা পাইয়া তাহির হইল উদ্ধীর। চেক্সটিয়া পরগণায় ছাড়িল জিগীর॥ গুড়-বংশ-অবতংস রায় রাঁয়ে ভাতি, + অর্থলোভে কর্মদোয়ে মিলিল সংহতি। ধনবলে কৈল ভ্রম হৈল উচ্চ মাথা। নানা জনে রটাইল নানা কুৎসা কথা। আঞ্চিনায় ব'সে আছে উজীৱ তাহিব কত প্রজা ল'য়ে ভেট করিছে হাজির। বোক্লাব সে দিন পীব উপবাসী চিল। হেনকালে একজন নেবু এনে দিল।। গন্ধামোদে চারিদিকে ভরপুর হইল: বাহবা বাহবা বলি নাকেতে ধরিল। কামদেব জয়দেব পাত্র ছইজন, ব'সে ছিল সেইখানে বদ্ধে বিচক্ষণ। কি করেন কি করেন বলিলা তাহিরে. ঘাণেতে অর্দ্ধেক ভোজন শান্তের বিচারে॥ কথায় বিদ্রূপ ভাবি তাহির অস্থির, গোঁডামি ভান্ধিতে দোঁতের মনে কৈল স্থির॥ দিন পরে মজ্ঞলিস করিল তাহির: জয়দেব, কামদেব হইল হাজির।

ভিগীর — উচ্চ চীৎকার ক্রোলাস।

। আদি পীরালিদিগের সহিত 'রায় র'াইগ' উপাধির একটি ঘনিষ্ঠ সম্মন দেখিতে পাওয়া যায়। ঘটকরাজ ফুলোপঞ্চানন যেখানে পীরালির উল্লেখ সেখানেই 'রায় র'ারে' উপাধি সংযুক্ত করিয়া দিরাছেন। যেমন,

"রায় রাঁরে স্কুপণে,

পীরালী **হিল নন্দনে**'' রার রেঁরে পীর **আলী**.

অস্তুত্ৰ,

"ভাল খেল্লে ঠাকুরালি.

क्ष्मत मूर्थ वरम ठाकूत ।"

विश्वदकार, ३३ थख, बहुद पृ:

अफ़्दः नीम त्राम क्रीभूमीगाल अत्राम मार्थिक क्रिया क्रिया क्रिया क्रिया वाम मा

দরবারের চারিদিকে ভোজের আয়োজন. শত শত বকরি আর গো-মাংস রন্ধন ॥ পলাও লন্তন গন্ধে সভা ভর পর দেই সভায় ছিল আরো ব্রাহ্মণ প্রচুর। নাকে বস্তু দিয়া সবে প্রমাদ গণিল, ফাঁকি দিয়া চলে কলে কত পলাইল। কামদেবে জয়দেবে করি সম্বোধন হাসিয়া কহিল ধর্ত্ত তাহির তথন। জারি জুরি চৌধুরী আর নাহি খাটে দ্রাণে অর্দ্ধেক ভোজন শাস্ত্রে আছে বটে। নাকে হাত দিলে আর ফাঁকি ত চলে না। এখন ছেডে চং আমার সাথে কর খানাপিনা। উপায় না ভাবিয়া দোঁতে প্রমাদ গণিল. হিতে বিপরীত দেখি মরমে মরিল। পাকডাও পাকডাও হাঁক দিল পীর, থতমত হ'রে দোঁহে হইল অস্তির। চুইজনে ধরি পীর থাওয়াইল গোস্ত পীডালি হইল তারা হইল জাতিভ্রষ্ট। কামাল জামাল নাম হটল দোঁচাব ব্রাহ্মণ সমাজে প'ডে গেল হাহাকার॥ তথন ডাকিয়া দোঁহে আলি থাঁজাহান। সিন্ধির জায়গীর দিল করিতে বাথান ॥ * সেই গোলে **শু**ডবাসে বিধি বিডম্বনা। শক্তগণে জাতিনাশে করিল কল্পনা। পীরালি অথ্যাতি দিল ভ্রাণ মাত্র দোষ. দর্বদেশে রাষ্ট্র হ'ল কুগ্রাছের রোষ।

এই সিঙ্গি বর্ত্তমান শিক্তিয়া রেলওয়ে ষ্টেশন:ও তাহার সন্তিকটবর্ত্তী স্থান ।

সংসর্গে পড়িল যারা তাহারাও মজিল,
শুড় পীরালি দোষ বলি ঘটকে বুঝিল ॥
কিছুকাল পরে তারা মাজ্জিত হইল;
ঘটকের করুণায় স্থখর মিলিল।
ধনে মানে হ'য়ে হীন কুটুম্ব স্ব্যর,
সমাজে রহিল ঠেলা সেই বরাবর।
পীরালি রহিল পড়ি কুলাচার্য্য ঘোষে।
রচিল পীরালি কথা নীলকান্ত শেষে"॥

कामाल উन्दीन ও জामाल উन्दीन जावशीत পाइब्रा निकंठेवर्की जिल्लिश গামে বাস করিতে লাগিলেন: তাঁহারা হঠাৎ মুদলমান হইলেও হিন্দ আচার-ব্যবহার পরিত্যাগ করিতে দে বংশে বছপুরুষ লাগিয়াছিল। প্রথমতঃ তাঁহারা অন্ত মসলমানের সহিত বিবাহাদি কার্যা করিতেননা, উভয়ের বংশে পরস্পর বিবাহপ্রথা চলিয়াছিল; ক্রমে বথন এইরূপ পীরুষ্মালি মুদলমানের সংখ্যা বুদ্ধি হইতে লাগিল, তথন ক্রমে তাঁহারা ঐ সকল মুসলমানের সহিত মিশিয়া গিয়াছিলেন। ইহারা বছপুরুষ পর্যান্ত হিন্দুর মত নাম রাখিয়াছেন, শিবপূজা, শিবরাত্রিত্রত, ষষ্টীপূজা প্রভৃতির অমুষ্ঠান করিয়াছেন, গো-মাংস ভোজন করিতেন না, বাড়ীতে কুরুট পুষিতেন না, তুলদীদেবা, গাড় ব্যবহার, আলিম্পন (আলপনা) দেওয়া, বিবাহাদি উপলক্ষে পীড়ি চিত্রিত করা, প্রভৃতি রীতি প্রচলিত ছিল। এমন কি পূর্ব্বসম্পর্কিত হিন্দু আত্মীয়ের বাটীতে অন্নপ্রাশনাদি উপলক্ষে নিমন্ত্রিত হইয়া ক্ষমি বা অর্থ যৌতৃক দান করিতেন। এখনও অনেক হিন্দ এইভাবে প্রাপ্ত জমি ভোগ করিতেছেন। সিঙ্গিয়া জগন্নাথপুর প্রভৃতি স্থানে এখনও এমন লোক জীবিত আছেন শুনিয়াছি যে তাঁহাদের পিতামহী পর্যান্ত:শিবপূজা করিতেন। দিদিয়া অঞ্চলে যেমন অনেকগুলি গ্রামে পীরালি মুসলমানের বাস আছে, সাতক্ষীরা অঞ্চলে কুলিয়া প্রভৃতি গ্রামে, যশোহরের অন্তর্গত মহেশপুর থানায় ঐক্সপ অনেক প্রতিপত্তিশালী মুদলমান পীরালি সংজ্ঞা-প্রেসিডেন্সীবিভাগের স্থলসমূহের ভূতপূর্ব্ব অতিরিক্ত ইন্ম্পেক্টর

क्नामङ, ३७२५, खादन, ३७५-७ पृ:।

শ্রীযুক্ত মকলুব আহম্মদ গাঁ চৌধুরী এম, এ ও তাঁহার কনিষ্ঠ ল্রাতা লুৎফ আহম্মদ বি, এ মাতঙ্গীরার অন্তর্গত পীরালিবংশ উজ্জ্বল করিয়াছেন।

খাঁজাহানের আমলে পীর আলি মহন্দ তাহেরের প্ররোচনার যাঁহার। মুসলমান হন, তাঁহার। পীরালি আথা। পান বটে, কিন্তু পরবর্তী সময়ে এইভাবে যে সকল প্রসিদ্ধবংশ মুসলমান ধর্মে দীক্ষিত হইরাছেন, তাঁহারাই পীরালি। মোগল রাজ্বের প্রারম্ভে জনৈক হিন্দু, মুসলমান হইরা চাঁদ খাঁ নামধারণ করেন এবং নবাবের অধীন হাবিলদার ও পরে মীরমুন্সী হন। প্রবাদ আছে প্রতাপাদিত্যের পতনের অব্যবহিত পরে যথন চাঁদ খাঁ পীরালি হন, তথন ১৪০০ ব্রাহ্মণ মুসলমানধর্ম গ্রহণ করিতে বাধা হইরাছিলেন। চাঁদ খাঁ সাতক্ষীরার অন্তর্গত চাঁদপুরে বাস করেন। ক্রমে ক্রমে ঐ স্থানে শ্রীরামপুর, কুলিয়া, কোমরপুর, পলাশপোল, হেলাতলা, নগরতলা, গণপতিপুর, পাথরঘাটা, হাকিমপুর, রস্কলপুর প্রভৃতি স্থানে ২।০ শত ঘর পীরালি মুসলমানের বাস হইয়াছে। উক্ত চাঁদ খাঁ হইতে ১ম ও ১০ম পুরুষ জীবিত আছেন।

পরঃপ্রামের সন্নিকটে থাঞ্চেপুর প্রভৃতি স্থানে পাঠান আমল হইতে বহুসংখ্যক উচ্চবংশীয় মুসলমানের বাস হইরাছিল। উহারা পীরালি নহেন। উহাদের বংশধরগণ এতৎপ্রদেশে মুসলমান সমাজে বিশেষ সম্মানিত রহিয়াছেন। ইঁহাদের জাতিগৌরব বিছা-গৌরবে প্রমাণিত ও সমুজ্জল হইয়াছে। ইঁহাদের মধ্যে অনেকে ডেপুটীমাজিস্ট্রেট, ডেপুটীম্পারিন্টেণ্ডেন্ট, পুলিশ ইন্ম্পেক্টর, সবরেজিন্টার, উকীল, হেড্মান্টার প্রভৃতি উচ্চ পদে প্রতিষ্ঠিত আছেন। এত অধিক সংখ্যক উচ্চ-চাক্রিয়া মুসলমান একত্র বোধ হয় বশোহর-খুল্নার অন্ত কোন গ্রামে পাওয়া যায় না।

রায় চৌধুরীবংশীয় গুকদেবের বংশধরগণ সংশ্রব-দোষে সমাজে নিন্দিত ও আত্মীয়ম্বজন কর্তৃক পরিত্যক্ত হইয়া একটি পৃথক্ সম্প্রদায়ভূক্ত হইয়া পড়িলেন। ইহাকেই ব্রাহ্মণদিগের পীরালি ধাক বলে। গুকদেবের পুত্র গৌরীদাস ও কালাটাদ বিথাত ছিলেন। কালাটাদই দক্ষিণডিহিতে কালাটাদ অর্থাৎ ক্লম্বন্তি প্রতিষ্ঠিত করিয়া, উহার জন্ম এক মন্দর মন্দির নির্মাণ করিয়া দেন। খাজাহানের সঙ্গে যে সকল পাঠানস্থপতি এদেশে আসিয়াছিল, সম্ভবতঃ উহাদেরই সাহায়ে এই মন্দির নির্মিত হয়। মন্দিটি একণে এক প্রকার ভাঙ্গিয়া গিয়াছে,



কালাচাঁদের মন্দির, দক্ষিণ ডিহি।

শীগতীশচক্র মিতের যশোহর-খুলনা ইতিহাসের জন্ত

কিন্তু তব্ও উহার স্থাপতো, গুম্বজে ও বিলানে, মুসলমানী ধরণের সজীব আভাস পাওয়া যায়। কালাচাঁদ বিগ্রহ এখনও আছেন; কিন্তু তাঁহার মন্দির অব্যবহার্যা হওয়ায়, এক্ষণে নিকটবর্ত্তী একটি ইপ্টকগৃহে তাঁহার ঘথাবিধি পূজা চলিতেছে। নিকটবর্ত্তী সিকিরহাটে যে ৮কালীবাড়ী আছে, তাহাও এই রাম চৌধুরী বংশীয়দিগের মারা প্রতিষ্ঠিত।

গৌরীদাসের প্রপৌত্ত হরিবল্পভ যশোহরের অন্তর্গত হল্দা মহেশপুরে গিয়া বাস করেন এবং অপর প্রপৌত্ত রমাবল্লভ ও ক্লফবল্লভ দক্ষিণ ডিহি থাকিয়া বান। রমাবল্লভের পৌত্র মনোহর প্রসিদ্ধ যোদ্ধা ও সেনানায়ক ছিলেন, সম্ভবতঃ তিনি বক্লেশ্বর দায়ুদ খার রাজত্বকালে কার্যগৌরবে ''লঙ্কর খাঁ চৌধুরী" উপাধিলাভ করেন। মনোহরের আর একটা বিশেষত্ব ছিল, তিনি অপরিমিত আহার করিতে পারিতেন। এমন কি প্রবাদ আছে তিনি একমণ ভোজ্য এবা উদরসাৎ করিতে পারিতেন; তজ্জন্তই তাঁহার নাম হইয়াছিল - ''মূন্কে মনোহরে"। মনোহরের ছই পুত্র; উপানন্দ ও শুভেন্দ্র। তল্মধ্যে উপানন্দের বংশধরেরা দক্ষিণ ডিহি এবং শুভেন্দ্রের পুত্রগণ জগন্নাথপুর, মহাকাল, সেথহাটি, ব্ঞীকারা, নরেক্রপুর, চেঙ্গুটিয়া, ঘোপেরঘাট প্রভৃতি গ্রামে বাস করেন। এই সকল স্থানে ইহাদের অধিকাংশ বংশধরেগ বিশেষ প্রতিপত্তির সহিত বাস করিতেছেন। *

রায় চৌধুবীগণ সমাজে নিন্দিত হইবার পর পুত্রকস্থার বিবাহ জন্ত মহাবিভৃত্বিত হইয়া পড়েন। তথন তাঁহারা অর্থবলে ও কার্য্যকোশলে সমাজকে বাধ্য করিয়া স্বকীয় উদ্দেশ্য-সিদ্ধি করিতে লাগিলেন। এইভাবে আরও অনেক বংশ তাঁহাদের সহিত সংশ্রবদোষে পতিত হইতে থাকেন। ইহার মধ্যে কলিকাতার স্থপ্রসিদ্ধ ঠাকুর-বংশ † বিশেষ উল্লেখযোগ্য। ঠাকুর বাবুরা

^{*} রার চৌধুরীগণের বংশাবলী পরিশিষ্টে প্রদত্ত হইবে। এখনও শুড় চৌধুরীবংশীর বহুবাজি মংহেশপুরে বাদ করিতেছেন। তাঁহাদের অনেকের জমিদারী আছে। ইংহারা পুর্কেব বেনাপোল, বন্ত্রাম প্রভৃতি স্থানে বাদ করেন: কিন্তু দে দ্ব স্থানে বংশলোপ হইরাছে।

[†] কথিত আছে, ঠাকুর-বংশের এক পূর্বপূক্ষ পঞ্চানন কুণারি খুল্না জেলা পরিত্যাপ করিয়া, কালীঘাটের সন্নিকটে গোবিন্দপূরে আদিয়া বাস করেন। সে সমত্রে গৌবিন্দপূরে জেলে, মালো, কৈবর্ত্ত প্রভৃতি নিম্নজাতির বাস ছিল; তাহারা নবাগত আদ্ধণকে 'ঠাকুর'' বিদ্যাই ডাকিত। তদ্বধি পঞ্চানন ও তাহার বংশীয়গণের ঠাকুর উপাধি সর্ব্বজন বিধিত

ভট্টনারায়ণের সস্তান, শাণ্ডিলা গোত্রীয় সিদ্ধশ্রোত্রিয়। তাঁহারা কুশারি গাঞি ভুক্ত। খুল্নাজেলায় ভৈরবকূলবর্ত্তী পিঠাভোগ ও ঘাটভোগ গ্রামে কুশারিদিগের বাস ছিল। পিঠাভোগের কুশারিগণ গোট্ঠাপতির বংশ বলিয়া সম্মানিত। ঢাকা ও বাকুড়ায়ও কুশারিদিগের বাস আছে। পিঠাভোগের কুশারিবংশীয় পুরুষোত্তম বিআবাগীশ উক্ত রায় চৌধুরীবংশে বিবাহ করিয়া পীরালি হন। * সম্ভবতঃ ইনি আদি পীরালি শুক্দেবের কন্তা বা পৌত্রী বিবাহ করেন। পুরুষোত্তম হইতে ঠাকুরবংশে ১৫।১৬ পুরুষ হইয়াছে। ইহার মধ্যে উভয়বংশে বহু বিবাহ সম্বদ্ধ হইয়ছে।† সমৃদ্ধ ঠাকুর বংশের সহিত এইরূপ ঘনিষ্ট সম্বদ্ধহেতু রায় চৌধুরীদিগের অনেকে কলিকাতায় বাস করিয়াছেন। তজ্জন্ত তাঁহাদের আদি নিবাস দক্ষিণ্ডিহি প্রভৃতি স্থান জঙ্গলাকীণ হইয়া পড়িতেছে। সেই জঙ্গলের মধ্যে কালাচাঁদ বিগ্রহের প্রাচীন মন্দির থেনও প্রাচীন কথা শ্বরণ করাইয়া দেয়।

ঠাকুর-বংশ ব্যতীত অন্ত যে সকল বংশ এইভাবে পীরালি হন, তন্মধে।
চেঙ্গুটিয়ার মুস্টোফি বংশ বিধাাত। ইঁহারা ফুলিয়ার মুস্টাবংশ। ফুলিয়া
গ্রামবাসী ১৬ পর্যায়ভুক্ত প্রসিদ্ধ নুসিংহ মুখোপাধাায়ের কনিও প্রভা রামের
অবস্তন সন্তান মঙ্গলানন্দ মুখোপাধাায় দক্ষিণভিহির রায়চৌধুরী বংশে বিবাহ
করিয়া পীরালি হন। নাট্-রঙ্গমঞ্চে হাস্তরসের অপূর্ব্ব অভিনয় করিয়া যিনি
অমর হইয়াছেন, সেই অর্দ্ধেল্থের মুস্তোফি এই মঙ্গলানন্দের অধস্তন পুরুষ।
তৎপুত্র প্রীয়ুক্ত ব্যোমকেশ মুস্তোফি বঙ্গীয় গাহিত্য-পরিষদের সহকারী সম্পাদক
ও অন্তাতম বিশিষ্ট কার্যাকারকরূপে সাহিত্যক্ষেত্রে স্থারিচিত হইয়াছেন। ‡
ঠাকুর ও মুস্তোফিবংশ ব্যতীত আর যে সকল ব্যাহ্মণ, অথবা কায়ন্থ প্রভৃতি জ্বাতি
পীরালি হইয়াছেন, তাঁহাদের সংক্ষিপ্ত বিবরণ স্থানাস্তরে প্রদন্ত হইবে।

হইয়া যায়। উধু এবংশের নহে, আরও অনেক বংশে এক্লপ ঠাকুণ উপাধি ছিল। ব্রাহ্মণকে অক্ত জাতিতে সাধারণতঃ ঠাকুর বলিয়া সংবাধন করে। তবে কীর্ত্তিগৌরবে কলিকাতার ঠাকুর-বংশের মত আর কেহ অনভোপাধিক হন নাই।

^{*} विश्वकाष, भीतानि-श्रवस, ১১ थन, ४৮६ भूछे।।

^{† ৺}জয়রাম আমীন ঠাক্র, মহর্ষি দেবেজনাথ ঠাক্র, ৺কালীকৃঞ্চ ঠাক্র, কবিচ্ড়ামণি রবীজ্ঞ-নাথ ঠাকুর, রাজা শৌরীজ্ঞমোহন ঠাকুর, গুণেজ্ঞমোহন ঠাকুর, সতীজ্ঞমোহন ঠাকুর, প্রফ্রনাথ ঠাকুর প্রভৃতি ঠাকুরবংশীয় বহুখাতনাম। ব্যক্তি উক্ত রাম চৌধুরী বংশে বিবাহ করেন।

^{্ &}quot;বঙ্কের জাতীয় ইতিহাসের" যে পীরালিকাও শীঘ্রই প্রকাশিত হইবে, তাহা প্রধানতঃ এই অ্লান্ত সাহিত্যসেবী ব্যোমকেশের লেখনীপ্রস্ত।



কালাচাঁদের বর্ত্তমান মন্দির, দক্ষিণ ডিহি।

৩১০ পুঃ

শ্রীসতীশচন্দ্র মিত্রের যশোহর-খুলনা ইতিহাসের জন্ম

Engraved & Printed by K. V. Seyne & Bros.

यर्छ পরিচ্ছেদ—খালিফাতাবাদ।

খাঁ জাহান আলি পয়:গ্রামে মহম্মদ তাহেরকে রাখিয়া, স্বয়ং সদৈত্তে পূর্ব্বমুখে অগ্রসর হন। তাঁহার অভ্যন্ত প্রণালী মত তিনি গতিপথে রাস্তা নির্মাণ এবং পার্শ্বে স্থানে স্থানে প্রকরিণী থনন করিতে করিতে যাইতেছিলেন। পয়:গ্রাম হইতে বাহির হইয়া তিনি কোন্ দিকে যাইবেন, তাহা সম্ভবতঃ স্থির ছিল না; তিনি প্রথমতঃ ভৈরব নদ পার হইয়া পূর্ব্বোত্তর দিকে যাইতে থাকেন। লোকে এখনও তাহার পারঘাট দেখাইয়া থাকে। এই ঘাট পার হইয়াই কদ্বায় আদিতে হইত। ক্রমে এ ঘাট স্থপরিচিত হইয়া পড়ে। পরবর্ত্তী সময় এক ব্যক্তি এখানে পাকা ঘাট নির্মাণ করেন, উহার ভয়্য়চিছ আছে।

গাঁ জাহান প্রথমতঃ বাস্কৃজী গ্রামে আন্তানা করেন। তথার একটি প্রকাশু দীর্ঘিকা তাঁহার কীর্ত্তি চিরন্থারিনী করিরাছে। এই জলাশরের পরিমাণ ৫৫০×৪৫০ হাত হইবে। তাঁরভূমি লইরা এই দীবি ৭০ বিঘা জমি অধিকার করিরাছিল। বর্ত্তমানকালে দীবির অবস্থা থারাপ হইরাছে; উহা ক্রমশঃ ভরাট হইরা উঠিতেছে; গ্রীম্মকালে উহাতে ৫।৬ হাতের অধিক জল থাকে না। দীবির পাহাড়ে যথেষ্ট ফলর্ক্ষ আছে; দক্ষিণ পাহাড়ে টৈত্রে পূর্ণিমায় মেলা বিদ্যা দীর্ঘকাল থাকে। থাঞ্জালী পীরের নামে বহু লোক মানসা করে এবং দিল্লী দের। পূর্বের্বি মেলার বিশেষ জাঁকজমক ছিল, এখন তাহা নাই। কিই বা আছে ?

বোধ হয় থাঞ্জালী সাহেব নড়াইল অঞ্চলে যাইবার মনস্থ করিয়াছিলেন; কিন্তু
সল্ম্থবর্তী বিলের অবস্থা দেখিয়া বা অক্ত কোন কারণে সে সংক্রম পরিত্যাগ
করিয়া ভৈরবকূল বাহিয়া অগ্রসর হওয়াই শ্রেয়: মনে করেন। তদমুসারে তিনি
ফিরিয়া পুনরায় গুভরাঢ়া প্রভৃতি গ্রামের মধ্যে আসিয়া পড়েন। যে বিলে খা
জাহানের গতি ক্রম করিয়াছিল, তাহার নাম চাঁদের বিল। এ প্রদেশে চাঁদ সওদাগর
নামে এক ব্যবসায়ী বাস করিতেন। ইনি পশ্চিম বঙ্গের বিথাত চাঁদ বা চক্রধর
সওদাগর নহেন; প্রবাদ আছে, এখানকার চাঁদ সওদাগর মুসলমান। তাঁহার
সময়ে এ প্রদেশে অসংখ্য মুসলমান বাওয়ালীর বাস ছিল। তাহারা স্থানরবন
হইতে কাঠি কাটিয়া এবং অক্তবিধ নানা ব্যবসায় করিয়া জীবনধাতা। নির্বাহ

করিত। তথন শুভরাঢ়ার পূর্বভাগে যে লেবুথালির থাল ছিল, উহা নাকি ভৈরব অপেক্ষাও বড় ও প্রবল ছিল। চাঁদ সওদাগরের বাণিজ্যতরীসমূহ প্রধানতঃ এই লেবুথালির শোভা বর্জন করিত। শুভরাঢ়া প্রামের একাংশে "সদার বাড়ীর পুকুর," "পুঁড়ার পুকুর" প্রভৃতি এবং তাহাদের পাশ্ববর্ত্তী ইষ্টকরাশিপূর্ণ জঙ্গলসমূহ চাঁদের সহিত যে ঐতিহাসিক সংশ্রব ছিল, তাহা প্রবাদমূথে কীর্ত্তন করিতেছে। চাঁদ সওদাগর খাঁজাহানের পূর্ববর্ত্তী বা পরবর্ত্তী লোক তাহা নির্ণর করিবার উপায় নাই। সন্তবতঃ পরঃগ্রাম প্রদেশে পাঠান রাজ্বধানী স্থাপিত হওয়ার পর, এই সকল স্থানে নানা ব্যবসায়ীর বসতি হয়; চাঁদ সওদাগর উহাদের অন্ততম।

শুভরাঢ়া গ্রামে ভৈরবকূলে একটি থাঞ্জালী মদ্জিদ আছে। ইহাতে একটি মাত্র শুস্বজ, চারিকোণে চারিটি মিনার ছিল। মদ্জিদের ভিতরের মাপ, ১৬´—১০″ ২৬´—১০″ ইঞ্চি, উচ্চতা ২৫´ ফুট। বাহিরের মাপ এক মিনারের মধ্যবিন্দু হইতে অক্স মিনারের মধ্যবিন্দু পর্যান্ত ২৮´—৬৺ ইঞ্চি। উত্তর, পূর্ব্ব ও দক্ষিণে তিনটি দরজা আছে। পূর্ব্বদিকে সদর দরজা, উহার খিলান ১১´ ফুট উচ্চ এবং ৪´—১০´ প্রস্থ। এই মদ্জিদে অতি প্রকাণ্ড ও অতিকুদ্র সব রকমের ইট ব্যবহৃত হইয়াছিল। ইটের পরিমাণ ১২˝×১০˝ হইতে ৪˝×০˝ ইঞ্চিপ্রান্ত দেখা বার। মন্দিরের অনেক অংশ ভাঙ্গিয়া পড়িয়াছে, তব্ও বিশেষ বিশেষ পর্ব্বে এখানে নমাজ হইয়া থাকে।

থাঞ্জালী শুভরাড়া হইতে রাণাগাতি, গোপীনাথপুর, নাউলী দিয়া ধূলগ্রামে উপনীত হন। তথন রাণাগাতির থাল ছিল কিনা দলেহ। নাউলী হইতে ধূলগ্রামের মধ্যে প্রকাণ্ড থাঞ্জালী রান্তা এখনও বিজ্ঞমান রহিয়াছে; উহার পার্শ্বে একটি থাঞ্জালী দীঘিও আছে। ধূলগ্রাম হইতে সোজা নদীর কূল দিয়া দিদ্ধিপাশার মধ্য দিয়া রান্তা করিতে করিতে, গাঁজাহান বারাকপুর উপনীত হন। তথন মুজদথালির থাল ছিল না। বারাকপুর নাম থাজাহানেরই প্রান্ত বলিয়া বোধ হয়। পাঠান আমলে বেখানে যেথানে সৈন্তাবাদ স্থাপিত হইত, সেথানেই বারাকপুর বা বারিকপুর নাম দেওয়া হইত। এই নামের উৎপত্তি সম্বদ্ধে পরে আরও আলোচনা করা যাইবে। বারাকপুর হইতে থাঁজাহান ঘোষগাতি, দীঘলিয়া প্রভৃতি গ্রামের মধ্য দিয়া স্বনির্মিত পথে সেনহাটির পশিচমাংশে উপস্থিত

হন। এই স্থানে তিনি পূর্ব্ব হইতে আহারের ব্যবস্থা রাখিতে অমুমতি করিন্ধাছিলেন। সে জক্ত পরে ঐ স্থানের নাম ফরমাইজ্ঞথানা হইন্নাছিল। তথা হইতে
সেনহাটি, চন্দনীমহল দিয়া আতাই নদী পার হইন্না শোলপুরের পথে দেনের বাজারে
উপনীত হন। বারাকপুর হইতে দেনের বাজার পর্যান্ত ৮।৯ মাইল রাস্তা
এক্ষণে খুল্না-মুজদ্থালি ডিট্রীক্ট বোর্ড রাস্তা নামে পরিচিত। ইহা এক্ষণেও এ
প্রদেশের একটি বিখ্যাত রাজ্পথ।

সেনের বাজার তথন একটি প্রধান বন্দর ছিল। ধাঞ্জালীর রাস্তাদারা ইহার পদার আরও বাড়িরাছিল। বর্তুমান দেনের বাজার যেথানে আছে, পূর্বতন দেনের বাজার তাহা অপেকা প্রায় এক মাইল দক্ষিণ-পূর্বকোণে ছিল; উহারই অপর পারে ছিল প্রাচীন খূল্না বা বর্ত্তমান রেণীগঞ্জ। এখন যেখানে খূল্না দহর, দেস্থান জঙ্গলাকীর্ণ ছিল এবং ঐ স্থান হইতেই ফুল্বরবনের আরম্ভ ছিল। খাঞ্জালী সেনের বাজার হইতে নদীপার হইয়া তালিমপুর, শ্রীরামপুর, নৈহাটি প্রভৃতি স্থানের মধ্য দিয়া ক্রমে রাঙ্গদিয়া, মধুদিয়া ভেদ করিয়া বাগেরহাটের দক্ষিকটে উপস্থিত হন। তথন বাগেরহাট নাম হয় নাই। তিনি যে স্থানে প্রথম উপনীত হইয়া দৈয়্যাবাদ সংস্থাপন করেন, উহারই নাম রাথেন বারাকপুর। দেই স্থানেই ভাঁহার প্রথম দীবি থনিত হয়।


এই দীঘির নাম ঘোড়া দীঘি। প্রবাদ এই —একটি ঘোড়া যতদূর দৌড়াইয়া গিয়াছিল, তত দীর্ঘ করিয়া এই প্রকাশু দীঘিকা থনিত হয়। ইহার জলাশরের পরিমাণ ১০০০ × ৩০০ হাত হইবে। ইহার জল খুব ভাল; সীতারামের দীদি বাতীত এমন স্থন্দর জল নিমবঙ্গের কোন জলাশয়ে আছে কিনা সন্দেহ। এ দীঘি অত্যস্ত গজীর, ইহার জল কখনও শুকার না; ইহাতে বারোমাস গভীর জল থাকে। এই সকল প্রকাশু জলাশয় এক অপূর্ব্ধ জলদান-পূণ্যের মহিমা বিঘোষিত করে। ইহাদের বিশাল বিস্তারে জলদাতার হলরের বিশালম্ব প্রকাত হইতেছে। কোন কোন বিষয়ে পাঠানের আগমনে আদিম অধিবাসী হিন্দুর উপর অত্যাচার হইয়াছিল সত্য; কিন্তু এই বীর সয়্যাসী খাঁ জাহান আলির অবিশ্রাম্ভ জন-হিত্তৈবণায় সে সব ঢাজিয়া ফেলিয়াছে। বর্জমান সময়ে ইংয়াজ গবর্ণমেন্ট জল ব্যবস্থার জয় প্রতি বৎসর অপরিমিত অর্থ ধূলিমুট্টির মত দেশমর ছড়াইয়া দিতেছেন বটে, কিন্তু জলগ্রুভিক ঘুচিতেছে না এবং এয়প চিরস্থামিনী কীর্ভিঙ

সংস্থাপিত হইতেছে কিনা সন্দেহ। কারণ এই যে, এখন সব কাজ অর্থে করিতে হয় এবং সব কাজ অর্থে হয় না এবং গবর্ণমেণ্ট শত কাজের মধ্যে এই কাজের জয় সময় দৃষ্টি দিতে পারেন না। তখন অবস্থা শতয় ছিল; নবাগত সেনাপতি শকীর্ত্ত কার্যার জয় একাগ্র চেষ্টায় সমস্ত সৈয়ের সাহায্যে বিনা ব্যয়ে শয়ায়াসে হয়হ কার্যা সম্পাদন করিতেন এবং তাহার কার্যাক্ষেত্রও সংকীর্ণ গঙীর মধ্যে আবদ্ধ ছিল। যাহা হউক, জলদানের মত পুণা নাই এবং এ পুণোর উপযুক্ত ক্ষেত্রই ভারতবর্ষ। * খাঁ জাহান আলি এই পুণো সমস্ত জাতীয় অধিবাসীর হৃদয়ে এক অপূর্ব্ব আধিপত্য সংস্থাপন করিয়াছিলেন; এবং তাহারই বলে তিনি আজ হিন্দু মুসলমান উভয়জাতি ছারা পীর বা দেবতাজ্ঞানে পৃজিত হইতেছেন।

ঘোড়া দীঘি পূর্ব্বপশ্চিমে দীর্ঘ এবং ইহারই পূর্ব্ব পার্ম্বে থাঞ্জানীর স্থাবিথাত ঘাট্গুম্বজ্ব বা সাত গুম্বজ্ঞ নামক বিরাট্ কীর্ত্তিমন্দির। এই ইপ্টকনির্মিত জট্টালিকা উত্তর-দক্ষিণে দীর্ঘ ও সাধারণ মস্জিদের নিয়মান্মসারে পূর্ব্বাদিকে
ইহার সদর। ইহার বাহিরের মাপ ১৫৯'—৮" × ১০৪'—৬" এবং ভিতরের মাপ
১৪৩'—৩" × ৮৮'—৬" ইঞ্চি †; ভিত্তি—৮ ফুট; গুহের ভিতর গুম্বজ্বের ছাদের
উচ্চতা প্রায় ২১ ফুট। সমস্ত গৃহে পূর্ব্বপশ্চিমে গটি করিয়া মোট ১১ সারিতে

^{*} বিশ্ববিধ্যাত ইংরাজবাথী মহামতি বার্ক কর্ণাট্রেশীয় জলাশয় প্রমন্তে যাহা বলিয়া গিরাছেন, পঞ্জোলী ও সীতারামের জলপুণ্য সম্বন্ধে তাহা অবিকল উক্ত হইতে পারে:—"These are the manuments of real kings, who were the fathers of their people; tastators to a posterity which they embraced as their own. These are the grand sepulchres built by ambition, but by the ambition of an insatiable benevolence which; not contented with reigning in the dispensation of happiness during the contracted tenure of human life, had strained with all the reachings and graspings of a vivacious mind to extend the dominion of that bounty beyond the limits of nature and to perpetuate themselves through generations of generations as the guardians, the protectors and the nourishers of mankind.

[া] বাবু পৌরদান বসাক বাগেরহাটে ডেপ্ট মাজিট্রেট থাকিবার সময় এই সকল খাৰ পরিদর্শন করেন এবং খাঞ্চানীর কীর্ত্তি সবকে ১৮৬৭ খুটাব্দে এসিয়াটক সোসাইটিতে একটি প্রবৃদ্ধ পাঠ করেন। উহাতে বে সকল পরিমাণ দেওরা ইইয়াছিল, তাহার করেকটি ঠিক নহে। গৌরদাস বাবু ভিতরের মাণ ১৪৪ × ৯৬ দিয়াছিলেন।



বাট্ গ্ৰহৰ

৭৭টি গুম্বজ আছে: উহারা বেষ্টনপ্রাচীর ও মধ্যবর্ত্তী (১০×৬) অর্থাৎ ৬০টি স্তম্ভের উপর প্রতিষ্ঠিত। পূর্ব্বদিকে সদর দরজার সোজাস্থলি একসারি অর্থাৎ পটি গুম্বজ কিছু বড়; ভিতর ইইতে ঐ পটি চৌচালা ঘরের মত দেখা যায়। উহার উত্তরে ৫ দারি ও দক্ষিণে ৫ সারিতে ৭০টি গুম্বজ সম্পূর্ণ গোলাক্সতি। স্তম্ভ হইতে স্তম্ভ পর্যান্ত মাপ লইলে গুম্বজগুলি ১৩' × ১৩' ফুট হইবে। উত্তর এবং দক্ষিণ প্রাচীরে ৭ সারি গুম্বজের মুখে ৭টি করিয়া ১৪টি দরজা এবং পর্ব্বদিকে ১১ সারির মুখে ১১টি দরজা--মোট দরজার সংখ্যা ২৫টি: ইহার সবগুলিই খোলা : ইহা বাতীত পশ্চিম প্রাচীরে একটি মাত্র দরজা আছে : সেটি সম্ভবতঃ বন্ধ থাকিত। কোন মসজিদে পশ্চিম দিকে দরজা থাকে না: এখানে বোধ হয় প্রকাণ্ড অট্রালিকা বলিয়া এবং উহার পশ্চিমদিকে দীঘি আছে বলিয়া দে নিয়মের একট ব্যতিক্রম ছইয়াছে। উত্তর ও দক্ষিণ দিকের দরজাগুলি বাহির হইতে ছোট দেখায়, উহার প্রস্থ ৩' – ৪" ইঞ্চি এবং ভিতরে প্রস্থ ৬' -- ২" ইঞ্চি। পূর্ব্যদিকের ১১টি দরজার মধ্যে সদর দরজার প্রস্ত ১'- ৭" ইঞ্চি এবং অপরগুলি ৫' - ১০" ইঞ্চি; উহার কোন কোনটি ৬' – ২" ইঞ্চিও আছে। গৃহটির চারি কোণে চারিটি মিনার আছে : উহারা ছাদ হইতে ১৩' ফুট উচ্চ। ইহার মধ্যে পূর্বাদিকের তুইটি মিনারের মধ্যে ঘুরাণ সিঁড়ি আছে এবং ঐ হুইটি পশ্চান্তাগের হুইটি মিনার অপেক্ষা উচ্চ: উহার একটির নাম রোসন কোঠা বা আলোক ঘর, অস্তটির নাম আঁধার কোঠা। মুমাজিম এই সিঁড়ি দিয়া উপরে উঠিয়া প্রত্যেক নমাজের পুর্বে 'আজান' দিতেন অর্থাৎ মুদলমানদিগকে নমাজের জন্ম এই বিরাট্ মদ্জিদ বা ভক্তনালয়ে আহ্বান করিতেন।

বাট্-গুম্বজ তুইটি উদ্দেশ্য সিদ্ধ করিত; ইহা একটি বিরাট্ মস্জিদ ছিল, প্রত্যেক নিদিষ্ট সময়ে এথানে নমাজ পাঠ হইত এবং ইহা শাসনকর্ত্তা থাঁজাহানের প্রধান দরবার-গৃহ ছিল। এথানে প্রাতঃকাল হইতে রীতিমত দরবার বসিত, সমবেত প্রজাবর্গের নিকট হইতে রাজস্ব সংগ্রহ, তাহাদের নানা প্রার্থনার উত্তর এবং অভিযোগের বিচার চলিত; সেই সকল কার্য্য চলিবার সময়ে নমাজের কাল উপস্থিত হইলে, মুসলমান প্রজাগণ ঐ গৃহেই শ্রেণীবদ্ধ হইয়া নমাজ পড়িডেন। সদর দরজা দিয়া প্রবেশ করিলে উহার সোজাস্থলি পশ্চমদিকের বদ্ধপ্রাচীরের গাত্তে একটি প্রস্তর-বেদী ছিল; উহার উত্তরদিকে বধ্বস্থানে আরও ছুইটি

ইপ্টক-বেদী ছিল। নমাজের সমন্ন উহার একটি বেদীতে থাঁজাহান, এবং অন্ত জুইটিতে প্রধানমোলবীগণ দগুরিমান হইতেন এবং অন্ত সমদের থাঁজাহান ও তাঁহার উন্তার উত্তরদিকের জুইটি ইপ্টক-বেদীতে সমাদীন হইনা রাজকার্যা নির্বাহ করিতেন।

এই বিরাট অট্টালিকাকে ষাট্গুম্বজ বলে কেন, ইহা একটি বিবেচনার বিষয়। এ বিষয়ে নানা মত আছে। গুম্বজ হিসাবে নাম হইলে. ইহাতে ৭৭টি গুম্বজ আছে বলিয়া সাতাত্তর গুম্বজ এইরূপ নাম হইত। এই সাতাত্তর কথায় সংক্ষিপ্ত অপত্রংশে সাত গুম্বজ হওয়া বিচিত্র নহে; আবার পূর্ব্ব পশ্চিমে গুম্বজের সারি গণনা করিলে, সাতটি সারি আনছে বণিয়া সাত গুম্বজ হইতেও পারে। দূরে রাস্তা হইতে দেখিলে মস্জিদের উপরিভাগে গুম্বজ গুলি সাতটি বলিয়া বোধ হয়, তাহা হইতেও সাত গুমজ হইতে পারে। মদ্জিদটিকে সাধারণ লোকের ভাষায় ''ষাট্ গুম্টে" এবং ষাট্ গুমট্ বা ষাট্ ঘোমট বলে ; মদ্জিদের গুম্লগুলি ষাট্টি স্তন্তের উপর সংস্থাপিত। কিন্তু গুমট্ বা ঘোমট শব্দে স্তন্ত বুঝায় বলিয়া জানি না। স্কুরাং স্তম্ভের হিদাবে যে নামকরণ হইয়াছে, এরূপ বোধ হয় না। কেহ বলেন বোমট শব্দে দরজা বুঝার; মদ্জিনটতে ৬০টি দরজ। আছে, এজন্ত ইহাকে ষাট্রোমট বলে। * ইনি চক্ষ্দিয়া দেখিয়া বিবরণ লিথেন নাই, ইহা স্থনিশ্চিত, কারণ গৃহটির ষাট্টি দরজা নাই। মস্জিদ হইতে বাহিরে বাইবার পথগুলিকে দর্জা ধরিলে ২৬টির অধিক দর্জা নাই, আর ধোলা থিলানের স্ব-গুলিকেই যদি দরজা ধরা যায়, তাহা হইলে দরজার সংখ্যা ১৬২টি হয়। স্কুতরাং দরজার হিদাবে নাম হয় নাই। বাহা হউক, নামের উৎপত্তির প্রকৃত কারণ এখনও নিৰ্ণীত হয় নাই। আমরা ইহাকে ষাট্ওেম্বল বা সাতও্ম্বল এই উভয় নামে অনির্বিশেষে উল্লেখ করিয়াছি।

বাট্ গুমজের পূর্বভাগে প্রকাও সদর তোরণ ছিল, উহার তুই পার্শ্বে গৃহ ছিল। সম্ভবত: এথানেও বিষয়াদি কার্যা হইত। এ সমস্ত গৃহগুলি ভালিরা পড়িরাছে। যাট্ গুমজেরও দে দিন আর নাই। এক সময়ে ইহার অবস্থা অতীব শোচনীর হইরাছিল; বিস্তৃত হর্ম্যা জলাল আবৃত হইয়াছিল, মিনারগুলি ও গুমজের অনেকগুলি ভালিয়া পড়িয়াছিল; ধাঁজাহানের অস্তান্ত অনেক

^{*} এতিহাসিক চিত্ৰ, পৌৰ (১৯১৭), ৬৯৭ পৃঃ।

মদ্জিদের দশা যাহা হইরাছিল, ইহার তাহা বাকী ছিল না , ইপ্রকাদি থসাইরা লাকৈ অন্ত কাজে ব্যবহার করিত। কিন্তু সদাশর গবর্গমেণ্টের রুপার ইহার সামান্ত সংস্কার ব্যবহার করিত। কিন্তু সদাশর গবর্গমেণ্টের রুপার ইহার সামান্ত সংস্কার ব্যবহা হইরাছে; জঙ্গল পরিষ্কৃত হইরাছে; সমস্ত কম্পাউণ্ডের চতুঃপার্শ্বে তারের বেড়া দিয়া ঘিরিয়া রাখা হইরাছে এবং একজন বেতনভোগী চৌকদার নির্কু আছে। বাট্গুম্বজের চারিটি মিনারের শীর্ষ গুম্বজ্ব সম্পূর্ণ সংস্কৃত হইরাছে; ২৮টি গুম্বজের উপর অল্ল মেরামত করা হইরাছে, ১৫টি গুম্বজ এখনও ভগ্গ বা শীর্ষশৃত্ত অবহায় আছে, অপর ও৪টি গুম্বজের উপর হস্তম্পর্শ হয় নাই; উহাদের উপরিভাগের জমাট খিসিয়া পড়িয়াছে বটে, কিন্তু অপূর্ব্ব হাপত্য-কৌশলে গুম্বজ্ব এখনও স্থান্ত রহিয়াছে। গুম্বজ্ব গঠন কিরপে কঠিন ব্যাপার ছিল, তাহা সংস্কারের সমন্ন গবর্ণমেণ্টের কার্যাকার্যির রক্ষার নিয়মিত চেন্তা কার্যা পরিণত হইতেছে, সেই কার্ত্তিমন্দির রক্ষাবিষয়ক আইন এখানে প্রযুক্ত হইলে নিম্নবঙ্গের একটি প্রধান কীর্ত্তি রক্ষিত হইবে। প্রস্কারিকান খুল্না জেলার ঘাট্গুম্বজের মত বিরাট্ অট্টালিকা যে মর্ম্মর-স্বপ্নের স্থান অধিকার করিতেছে, তাহা সত্য কর্যা।

খাঁ জাহানের খালিফাতাবাদ সহর পশ্চিমে ঘোড়াদীবি হইতে পূর্বাদিকে চারি মাইল দ্রবর্ত্তী ভৈরবনদের ক্ল পর্যান্ত এবং উত্তরে ভৈরবের প্রাচীন থাত বা মগরার থাল হইতে দক্ষিণে ২০ মাইল দ্রবর্ত্তী কাড়াপাড়ার বিল পর্যান্ত বিল্পত হইয়াছিল। সহরের বাহিরে ও উত্তর এবং পশ্চিমদিকে অনেকদ্র পর্যান্ত তাঁহার নিজের ও সহচরবর্কের নানা কীর্ত্তি দেখা যায়। প্রবাদ এই— ৩৬০ জন আউলিয়া বা ধর্মপ্রাণ ককির তাঁহার সঙ্গী হইয়া আদিয়াছিলেন। এই সংখ্যার সত্যতার সংখ্যা বিধাদ না করিলেও, তাঁহার সহচরের সংখ্যা যে শতাধিক ছিল, দে বিবরে কোন সন্দেহ নাই। কথিত আছে, প্রত্যেক সঙ্গীর জন্ম তিনি একটি মদ্জিদ নির্মাণ ও একটি পুন্ধরিণী খনন করিয়া দিয়াছিলেন; এখনও শতাধিক এবম্বিধ মদ্জিদের ভয়্মাবশেষ দেখিতে পাওয়া যাইতেছে।

গাঁ জাহানের সহচরগণের মধ্যে নিমলিথিত ক্ষেকজনের নাম পাওয়া গিয়াছে; গরিবদাহ, বেরাম সা; বুড়া গাঁ, ফতে থাঁ; পীর থাঁ, মীর থাঁ;

यों अध्यक्त वांटशंत्रहा ।।

চাদ খাঁ, এক্তিরার খাঁ, বক্তার খাঁ; আলম খাঁ, আনর খাঁ; সাহাদাদ খাঁ, সন্দেশ খাঁ (সাতোষ খাঁ), সের খাঁ, বাহাছর খাঁ, দরিয়া খাঁ, দিদার খাঁ, গঙ্গা খাঁ, মহম্মদতাহের খাঁ (পীর আলী) ও আহম্মদ খাঁ (জিন্দা পীর)। এতবাতীত মেহেরউদ্দীন, পীর জয়ন্তী প্রভৃতি যে আরও কয়েকজ্বন খাঁজাহানের অমুচর বলিয়া কল্লিত হইয়া থাকেন, তাঁহাদের কথা পূর্কের বলিয়াছি। পূর্কোক্ত কয়েকজনের মধ্যে গরিবসাহ ও বেরামসাহের সমাধি যশোহরে আছে এবং বুড়া খাঁ ফতেখার সমাধি আমাদি গ্রামে দেখা গিয়াছে। কিন্তু ইহারা বাগেরহাটেও আসিতেন, তাহার পরিচয় আছে। বাট্ওম্বজ হইতে ২।০ মাইল পশ্চিমদিকে সায়েড়া গ্রামে ভূটিয়ামারির হাটের দক্ষিণে গরিবসাহের দীবি ও চেল্লাখানা বা সাধনস্থান ছিল। একটি প্রকাণ্ড মৃত্তিকার চিপির মধ্যে একটি গুহাতে এই চেল্লা ছিল। এখন সাধারণ লোকে ঐ স্থানকে ছিলেখানা বলিয়া থাকে। থালিফাতাবাদে বুড়া খাঁর দীঘি এখনও আছে।

ষাট্শুম্বন্ধ ইইতে ক্রমে পূর্ব্বমুথে অগ্রসর ইইলে আমরা থাঁ জাহান ও তাঁহার সহচরগণের নামীর নানা কীভিচিক্ন দেখিতে পাইব। যাট্শুম্বন্ধ ইইতে একটি রান্তা উত্তরমুথে ভৈরবের কুল পর্যান্ত গিয়াছিল। ঐ রান্তারই পূর্ব্বপার্ষে গাঁজাহানের গড়বেষ্টিত আবাসবাটা ও তাহার সংলগ্ন মস্জিদ ছিল। নদীর তীরে গড়বেষ্টিত বাড়ীর সদর ঘার ছিল। বেষ্টনপ্রাচীর ও গড়ের চিক্ত এখনও আছে। ১৫০ × ১২০ কুট পরিমিত স্থানে ইষ্টকন্তু পসমূহ পূর্ব্বকীর্ত্তির আভাস দেয়। সেই স্তুপের ভিতর একটি প্রকাণ্ড প্রস্তুরম্ভ পড়িরা আছে। এখনও সাধারণ লোকের মুথে গল্লকথার শুনিতে পাওয়া যায়, খাঁ জাহানের সোণাবিবি ও রূপাবিবি নামক ছই স্ত্রী ছিলেন, তাঁহারা ঐ বাড়ীতেই বাস করিতেন। এজ্ঞ সাধারণ লোকে ইহাকে সোণাবিবির বাড়ী বলে। ছই স্ত্রী থাজিলেই ঝগড়া হয়; সোণাবিবি ও রূপাবিবির মধ্যেও ঝগড়া বিবাদ হইত। তাহার ফলে এক্জন বিষ খাইয়া বাটীর পার্যবর্ত্তী পূক্রের ঝাঁগ দিয়া মরেন; ঐ পূক্রকে এখনও বিষপুক্রিয়া বলে; অভ্য জন মৃত্যুমুথে পতিত হইলে, ঘোড়া-দীবির পশ্চিম দক্ষিণ কোণে সমাহিত হন, ঐ সমাধিস্থানকে বিবিজ্ঞানের মৃশ্জিদ বলে। খাঁ জাহানের পূর্ব্বপরিচয় সম্বন্ধে আমরা পূর্ব্ব যে আলোচনা

করিয়াছি * তাহাতে তিনি নপুংসক ছিলেন বলিয়া জানা যায়। তাঁহার যে কোন পুত্রসম্ভান ছিল না. তাহা সতা। বাগেরহাট অঞ্চলে কোন স্থানে কোন কীর্নিচিক্তে বা গল্পজ্জবে প্রসঙ্গক্তমেও খাঁ জাহনের সম্মানাদির কথার উল্লেখ নাই। তিনি আজীবন অতি পবিত্রভাবে জীবনলীলা দম্পন্ন করিয়া-ছিলেন। তাঁহার যেরূপ প্রবল পরাক্রম এবং রাজকীয় প্রতিপত্তি ছিল, তাহাতে তিনি সাধারণ পাঠান রাজার মত ইচ্ছা করিলে বহু স্ত্রী গ্রহণ করিতে পারিতেন: কিন্ত দেরপ কোন প্রমাণ পাওয়া যায় না। পাঠান আমলের বহু অভ্যাচারের কথা ন্তনা গিয়াছে, কিন্তু গাঁ। জাহান আলি বা তাঁহার অনুচর-সম্প্রদায় কথনও কোন স্ত্রীলোকের উপর অত্যাচার করিয়াছেন বলিয়া কোন প্রমাণ পাওয়া যায় না। ইক্সিয়বিজয় যদি দেবতার চিহ্ন হয়, তবে খাঁ জাহান ও তাঁহার আউলিয়াদিগকে পীর বলিতে কোন সম্প্রদায়ের আপত্তি হইতে পারে না। এই দকল প্রদন্ধ হইতে অমুমান হয়, সোণাবিবি, রূপাবিবি জাঁছার বিবাহিতা বা রক্ষিতা স্ত্রী ছিলেন না। হয়ত তাঁহার তুইটি পরিচারিকার এইরূপ নাম ছিল। তাঁহার বিবাহিতা কোন স্ত্রী থাকিলে, তাহার সমাধি খা জাহানের সমাধির পার্ষে দেখা যাইত, সহরে এক কোণে অতি হীনাবস্থায় একটি একগমুক্ত মদ্জিদে দেখা যাইত না।

বেখানে নদীর উপর খাঁ জাহানের বাটার ভোরণ ছিল, ঐ স্থান হইতে একটি রান্তা পূর্ব্ব-দক্ষিণমুখে আসিয়া বাট্গুম্বজের রান্তায় মিশিয়াছে, অন্ত একটি রান্তা পশ্চিম-দক্ষিণমুখে মগরাগ্রামের মধ্য দিয়া চলিয়া গিয়াছে, এবং তৃতীয় রান্তা মগরার থালের কৃল দিয়া সোজা পূর্ব্বমুখে গিয়াছিল। উক্ত ভোরণহারের অপর পারে গ্রামারান্তা ও মগরার রান্তার মধাস্থলে একটি প্রকাণ্ড অট্টালিকার জ্যাবশেষ আছে, উহাই কোত্রালী চৌতারা, অর্থাৎ এইস্থানে সহরের অধাক্ষ বা কোতোয়াল সসৈতে অধিষ্ঠান করিতেন। ভৈরবের যে প্রাচীন থাতকে এক্ষণে মগরার থাল বলে, তাহাই ছিল মগরানদী। মগরানদী এথানে একটি বাঁক ঘুরিয়া অপর পারে বাগমারা গ্রাম গঠন করিয়াছিল। তাহার সেই বাঁকের মাথায় নগরপালের অবস্থান যে যুদ্ধনীতির সম্পূর্ণ অম্বুগত ছিল, তাহাতে সন্দেহ নাই। নগর নির্মাণের নিমিত্ত দুরদেশ হইতে যে প্রস্তরাদি নানা ক্রাজাত্ত

^{*} २४७ % ।

আনীত হইত, তাহা এই কোতোয়ালী চৌতারার সন্নিকটে অবতরণ করাইয়া লওয়া হইত। সেই অবতরণস্থানের নাম ছিল জাহাজঘাটা। এখনও একটি ভূপ্রোধিত প্রস্তরস্তম্ভ সেই জাহাজঘাটার স্থান নির্দেশ করিতেছে।

আমরা পূর্ব্বে দেখাইয়াছি যে একটি প্রাচীন বৌদ্ধ নগরীর ধ্বংসাবশেষের সাহায়ে গাঁজাহান স্বকীয় সহরের গঠন সম্পন্ন করিয়াছিলেন। যাট্গুজ্বজ্ব হইতে জাহাজ্বাটা পর্যান্ত যে রান্ত। গিয়াছে, উহারই উভন্ন পার্যে নানা বৌদ্ধ-কীত্তি ছিল, এইজ্বন্ত এইছানেই প্রথম সহর প্রতিষ্ঠার করনা করা হয়। জাহাজ্বাটার প্রস্তরন্তম্ভ যে কোন পুরাতন হিলুমন্দিরের অংশবিশেষ তাহা পূর্বের দেখাইয়াছি। * উহার গাত্রে একটি অইভুলা মহিষমদিনী দেবী-মৃত্তি ছিল বলিয়াই খাঁ জাহান এই স্তম্ভটিকে কোন অট্টালিকা নির্মাণে প্রয়োগ করেন নাই; যে গুলির গাত্রে এমন পরিস্ফুট মৃত্তি অঙ্কিত ছিল না বা যাহার মৃত্তিচিন্ন সহজে বিলুপ্ত করা গিয়াছিল, তাহাই দিয়া তিনি নিজের বাড়ী বা যাট্গুম্বজ্ব নামক দরবারগৃহ নির্মাণ করিয়াছিলেন। তাহা হইলেও তিনি যে সমস্তই পরের পাথর লইয়া কার্য্য করিয়াছিলেন, তাহা নহে। তাঁহার আরক্তর্মত সমস্ত পাথরেরও তিনি যথেই ব্যবহার করিয়াছেন। তাঁহার সমাধিগুহের ভিত্তিমূল হইতে মাটীর উপর তিন ফুট পর্য্যন্ত সমস্তই পাথরে গঠিত। এ দকল পাথর কোথা হইতে আদিল ?

শুনা যার, তিনি আবশুকীয় প্রস্তর চট্টগ্রাম হইতে আনিয়াছিলেন। পাঠান আমলে স্থানবনের এ অংশ চট্টগ্রাম বিভাগের অন্তর্ভুক্ত ছিল। এই সময়ে চট্টগ্রাম সহরে বারাজিৎ বোস্তান নামক একজন প্রসিদ্ধ বুজরুগ বা অন্তৃতকর্মা সাধু বাস করিতেন। † খাঁ জাহান যথন জনৈক পরিচিত ব্যক্তির নিকট প্রে

^{*} ২**০**০ পৃঃ ।

[†] রায়াজিং পুর্বে পারসোর অন্তর্গত বোডান নগরের হলতান হিলেন। একটি দৈব ঘটনার উহার নিব্বেদ উপস্থিত হইনে, তিনি হঠাং সংসার ত্যাগ করেন এবং চট্টরাম সহরের উন্ধাংশে এক দর্বা ছাপন করিয়া অবস্থান করেন। (বিজ্ঞা, ১৩১৯, কার্ত্তিক ৭০ পু:) প্রবাদ এই, তিনি বৈব্বলে বলোপসাগরের উপর দিল ইটিল বাইতে পারিতেন। 'তাল-কেরাক-উল-আউলিলা' নামক মুসুলমানা এছে এই সাধুর জীবনচারিত লিখিত জাছে গ

লিথিয়া চট্টগ্রাম হইতে প্রস্তর আনিবার ব্যবস্থা করিয়াছিলেন, তথন তাহা শুনিয়া এই ফকির বলিয়াছিলেন যে "দেডবডির ভারাণী, তা'র চাটিগাঁয় বরাত" অর্থাৎ সামান্ত একজন লোক, সে দ্রব্যাদির জন্ম চাটিগাঁর পত্র লিথিরা পাঠার। * যাহা হউক, অবশেষে বায়াজিৎ থাঁ জাহানের ধন প্রতিপত্তি ও ধর্মনিষ্ঠার পরিচয় পাইয়া তাঁহার প্রতি সদম হন। খাঁ জাহানও তাঁহার শিয়তুল্য হন এবং সাধুর সহিত দেখা করিবার জন্ম অনেক সময় চট্টগ্রাম যাইতেন। 🕂 চট্টগ্রামের সহিত ক্রমে এক্লপ ঘনিষ্ঠ সম্বন্ধ স্থাপিত হইয়াছিল যে খাঁ জাহান থালিফাতাবাদ হইতে চট্টগ্রাম পর্যান্ত এক রাস্তা নির্মাণ করেন। যাটগুম্বজ হইতে যে রাস্তা পূর্ব্বমুখে বর্ত্তমান বাগেরহাট সহরের দিকে গিয়াছে, ঐ রাস্তাই কাড়াপাড়া রাস্তা ছাড়িয়া একট অগ্রবর্তী হইয়া বাসাবাটী গ্রামের মধ্য দিয়া প্রবাতন তৈরব ও বলেমরের व्यक्टबंडी अल्ल भाव रहेमा हिलमा शिमारह। वार्शवहारि श्रव्यक्तिरक ध्यन যেমন দডাটানা প্রবল নদী, তথন দে নদী ছিল না। রাস্তাটি ভৈরবের বাঁকের মাথা দিয়া বৈটপুর, কচুয়া, চিংড়াথালি প্রভৃতি গ্রামের মধ্য দিয়া অংগ্রসর হইয়া হোগুলাবুনিয়ার নিকট বলেশ্বর পার হইয়া বরিশাল জেলায় প্রবেশ করিয়াছে। তথা হইতে চাঁদপুর পর্যান্ত ঐ রান্তার বিশেষ নিদর্শন পাওয়া যার না। কারণ ঐ প্রদেশের অনেকাংশ নানা বিপ্লবে সমুদ্রগর্ভন্ত ও বিপর্যান্ত হইরাছে। মেঘনার মোহনার সন্নিকটে যে বাঙ্গালা নামক সহর ছিল,

সাধু ক্কির হইবার জনেক কাল পরে ব্ঝিতে পারিয়েছিলেন যে সংসার ত্যাগ না করিয়াও সাধু ছওরা বার। তাহার সেই বাহরিয় বর্মের পরিপোষ্ জন্য একটি কথা প্রচলিত আছে, "বাজীৎ বোল্লান, আংগ ম্বান (উদাসীন), পেবে প্রভান" (ক্যুত্ত হন)।

বাহারা ধান্য হইকে চাউল প্রস্তুত করিয়া দেই ব্যবসায় হারা জীবিকানির্বাহ করে, তাহাদিগকে "তারাণী" বলে। "বৃড়ি" অর্থে পরসা। দেও পরসায়: তারাণী অর্থাৎ অতি সামানা নোক। একবে সামানা বাজির উচ্চ আলা দেখিলেই বুলুনা জেলায় এই প্রবাদের উল্লেখ করিয়া থাকে। কিন্তু এ প্রবাদের সহিত বঁগ আহানের জীবনের কি হানিষ্ঠ সম্বন্ধ আহে, তাহা অনেকে জানেন না।

^{† &}quot;At chittagong Khan Jahan wax want to visit a great Mahamedan saint Bayazid Bortan. The needly discovered Mss. History of Chittagong gives a good deal of information concerning this holy man."—Hunter's Statistical Accounts vol. II, P. 230. আমুৱা চেষ্টা ক্রিয়াও এই ব্যক্তিবিশ্ব পুত্তক্য স্কান পাই নাই।

যাহার সমৃদ্ধি-গৌরবের কথা মার্কোপলোও বছ পটুর্গীজ প্রভৃতি ভ্রমণকারী জ্বলস্ক ভাষার বর্ণনা করিয়া গিয়াছেন, তাহার কোন নিদর্শন নাই; উহা সম্পূর্ণরূপে ভীষণ সমৃদ্রের কুক্ষিগত হইয়াছে। উক্ত রাস্তা দ্বারা "বাঙ্গালা" নগরীর সহিত থালিফাতাবাদের সম্বন্ধ স্থাপিত হইতেও পারে। যাহা হউক, সে বিবরে কোন নিশ্চয়তা নাই। তবে চাঁদপুর হইতে চট্টগ্রাম পর্যান্ত একটি জ্বশাব্ত রাস্তা থাঞ্জালীর রাস্তা বলিয়া প্রসিদ্ধ আছে, তাহা আময়া জানি।

চট্টপ্রাম হইতে থাঁ জাহান অনেক প্রস্তর আনিতেন। সে সকল প্রস্তর-বোঝাই নৌকা বলেশার ও ভৈরবের পথে মগরার থালে প্রবেশ করিত এবং পূর্ব্বোক্ত জাহাজঘাটায় অবতরণের পর গোশকটে করিয়া নানাহানে নীত হইত। কোতোয়ালী চৌতারা হইতে একটি রাস্তা পশ্চিমমুথে গিয়াছিল, ঐ রাস্তার বামে দক্ষিণে অনেকগুলি মসজিদের ভগ্নাবশেষ দৃষ্ট হয়, উহার একটিকে লোকে "ছিলেখানা" বলে; এখানে নিশ্চয়ই কোন ফকিরের সাধনক্ষেত্র ছিল। চৌতারা হইতে বে রাস্তা পূর্ব্বমুখে গিয়াছে, তাহার দক্ষিণে বিষপুক্রের পূর্ব্ব ও দক্ষিণে অনেকগুলি মস্জিদ ছিল। ইহার মধ্যে দিনার বার নামীয় নবগুম্বজ্ব মস্জিদটি স্থানর। ইহার ভিতরের মাপ ৪০ × ৪০ ছিট; ভিত্তি ৭ ছুট; গশ্চিমদিকে দরজা নাই, অন্থ ওদিকে ৩টি করিয়া নয়টি দরজা, প্রত্যেকটির প্রস্থ ও — ০ ইঞ্চি। গুম্বজ্বের মধ্যে মধ্যবর্ত্তীটি কিছু বড়, উহার ভূমিগরিমাণ ১৪ × ১৪ করের ৮টি প্রত্যেকে ১২ — ৬ ইঞ্চি। চারিটি প্রস্তর স্তম্বের উপর গুম্বজ্বলি প্রতিষ্ঠিত।

এই মস্জিদ ছাড়িয়া আর একটু অগ্রসর হইলে বাট্গুম্বজের প্রধান রাস্তার সহিত মিলন হয়; ঐ স্থান হইতে সোজা পূর্ব্যমূপে ও মাইল পথ অতিক্রম করিলে বাগেরহাট সহত পাওয়া যায়। মিলনস্থানের দক্ষিণ্টিকে কাঁঠালতলা ও বাদামতলা নামক ক্ষুত্র পল্লী এবং উত্তর্গিকে বাগমারা প্রাম। বাগমারার আনরখা মস্জিদ ও দীঘি আছে এবং কাঁঠালতলার মধ্যে গঙ্গাণা ও অক্তান্ত নামীর আরও কয়েকটি মস্জিদের ভগ্নাবশেষ আছে। ক্রমে পূর্ব্যমূপে অগ্রসর হইলে দক্ষিণে রণবিজ্য়পুর গ্রামের মধ্যে খাঁজাহানের দরগা, দরিয়া খাঁ ও আহম্মদ খাঁর মস্জিদ ও দীঘি, এবং কাঁঠালগ্রামের মধ্যে কাটানি মস্জিদ দেখা বাষ। বামভাগে ক্ষ্ণনগর গ্রামের মধ্যে হোসেন সাহের নামীর মস্জিদ ও

দীঘি, হাবসীথানা, এক্তিয়ার থাঁর প্রকাশু দীঘি ও মদ্জিদ এবং অবশেষে দশানিগ্রামের মধ্যে বুড়াথাঁর দীঘি দেখা যায়। হোসেন সাহের প্রসঙ্গ পরে তুলিব, বুড়াথাঁর কথা পূর্বের বলিয়াছি। এক্তিয়ার খাঁর দীঘি ছাড়িয়া আসিলে দক্ষিণদিকে কাড়াপাড়ার রাস্তা। ইহারই পশ্চিম গায়ে প্রায় আধমাইল দীর্ঘ পচা দীঘি। দৈর্ঘ্যের তুলনায় ইহার বিস্তার কিছু কম। এরূপ দীর্ঘ দীঘি এতদক্ষলে আর নাই। তবে ইহার জল ভাল নহে; সম্ভবতঃ তজ্জন্তই ইহার নাম হইয়াছে পচা দীঘি।

সামান্ত কয়েকটিমাত্র কীর্ত্তির কথা বলা হইল। প্রদত্ত মানচিত্রে অন্ত কতকগুলি কীর্ত্তির স্থান নির্দেশ করা হইয়াছে। আরও কতগুলি যে বিনষ্ট হইয়াছে, তাহার ইঞ্জা নাই। সমস্ত প্রাচীন সহরের জঙ্গলের মধ্যে অফুসন্ধান করিলে যেথানে সেথানে মসজিদের ধ্বংসচিহ্ন দেথা যায়। সমস্ত প্রদেশ ভরিয়া অনুসন্ধান করিলে ৩৬০টি মসজিদ ও দীঘির কথা। অপ্রত্যয় করিবার কারণ श्रांक मा। कठक छलि विलुश-कौढित कथा अथान উল্লেখ कता गाँहेर छह। ঠাকুর দীঘির দক্ষিণে ঘুঘুখালির ডহরের মধ্যে দাতোয থার দীঘির পশ্চিম পারে যে মসজিদ দণ্ডায়মান ছিল, তাহা কেহ কেহ ভাঙ্গিয়া লইয়া গিয়াছে; মগরা গ্রামে একটি প্রকাণ্ড মসজিদ জনৈক মুসলমান অন্ত কাহারও নিকট বিক্রম করিয়া ফেলিয়াছে: ঐ ব্যক্তি খাঁজাহানের বাডীর দক্ষিণভাগে অবস্থিত মুসজিদটিও ভাঙ্গিয়া বিক্রম করিয়াছে; কোতোয়ালী চৌতারার স্থন্দর অট্টালিকা ভাঙ্গিয়া লইয়া গিয়াছে : কাঁঠালগ্রামে বস্থবাটীর ভিতর যে গুইটি মদজিদ ছিল. তাহার কতকদারা তাহাদের নিজের বাটী নির্মিত ও কতক অন্তের নিকট বিক্রীত হইয়াছে। উক্ত বাটীতে ২।৩টি হাবদিধানা ছিল, তাহা আর নাই। উহার প্রত্যেকটির ভিতর স্থগভীর কৃষা ছিল; কৃষাগুলি ইপ্টকপ্রাচীরে বেষ্টিভ এবং উপরিভাগে গমুদ্ধ মারা আচ্ছাদিত ছিল। রণবিষ্ণয়পুর গ্রামে একটি বাঙীতে মসজিদ ও পুকুর প্রাচীর দারা বেষ্টিত ছিল, জনৈক মুসলমান উহা ভালিয়া লইয়া নিজের গৃহ নির্মাণ করিয়াছেন; যে পল্লীতে ঘাটগুম্ব অবস্থিত, উহাকে স্থানরের ঘোষণা বলে, এ গ্রামেও বাদামতলার কয়েকটি মসজিদ ছিল, তাছা লোকে আত্মসাৎ করিয়াছে। বে যে প্রকারে পাইয়াছে, ইট লইয়া নিজের काटक नागारेबाट्य। गृहनिर्माण कतियात कमका वा श्रायां गारात रव नार्यः সে বাভীর সদর দরজা, ঘরের সিঁড়ি প্রভৃতি নানা কাজে ইট গাগাইরাছে।
পার্যবর্তী কতকগুলি প্রামেও ঘাঞ্জালী কীন্টিচিক্ত আছে। আফরা প্রামে
উত্তর-দক্ষিণে দীর্ঘ ল'র দীঘি, থলসীগ্রামে উত্তর-দক্ষিণে দীর্ঘ বুড়ার্থা দীঘি, পাঁচালী
প্রামে উত্তর-দক্ষিণে দীর্ঘ সরাফকাঁদি দীঘি, বাদখালিগ্রামে তালপুক্রিরা ও
দৌলতের পুক্র, রাজাপুরে হাজিব্নিয়া নামক পূর্ব্ব-পশ্চিমেদীর্থ পুক্র ধাঞ্জালীরই
জলদান-পূণোর মহিমা কীর্ত্তন করিতেছে।

দপ্তম পরিচেছদ—খাঁ জাহানের শেষ জীবন।

রাজশক্তির আমুগতাই রাজভক্তি নহে! শুধু বলের ছারা দেশ শাসিত হয় না। প্রজার ভক্তি আকর্ষণ করাই রাজার প্রধান কর্ত্তরা। পূর্ব্বে দেখান হইয়াছে যে, পাঠানেরা দেশ জয় করিতে পারিতেন, অধিকার বা শাসন বিস্তার করিতে জানিতেন না। অসির সাহাযো দেশ জয় করা যায়, মনের উপর আধিপতা লাভ করা যায় না। দৈবক্রমে অসিজীবীর সাহাযা করিতে বহসংখাক মুসলমান সাধু এই সময়ে ভারতবর্ষে আসিয়াছিলেন; তাঁহারাই অর্থান্ত হইয়া দেশমধ্যে নানা স্থানে প্রবেশ করিয়া তাহাদের দৈবীশক্তি ও ধর্মজীবনের আদর্শ দেখাইয়া লোক বশীভূত করিয়াছিলেন। খাঁ জাহান ইহাদের অগ্রতম। হর্মর অন্ধর্মে লাভ করিতে পারিত না। খাঁ জাহানের জীবনে চরিত্রশক্তি ও রাজকীয় শক্তি উভয়ের অপুর্ব্ধ সমাবেশ দেখিতে পাওয়া যায়। এক কথায় খাঁজাহাল একজন রাজনৈতিক সয়াসী।

তাহার জীবনের তিনটি প্রকৃতি; তিনি চরিত্রে সাধু, জনহিতৈষণা তাঁহার ধর্ম এবং শাসন ও ধর্ম বিস্তার তাহার উদ্দেশ্য। তাঁহার সাধুতা, হিতৈষণা ও শাসন বিস্তার এক সঙ্গে চলিত। থাঁ জাহানের সৈপ্ত ছিল, তাহারা আবশুক হইলে যুদ্ধ করিতে পারিত; কোন কোন স্থলে যুদ্ধ করিয়ছিল। কিছু অধিক বার যুদ্ধ করিতে হয় নাই। বাগেরহাটের কাছে রণবিজয়পুর, রণজিৎপুর, রণভূমি, ফতেপুর প্রভৃতি কতকগুলি স্থান আছে। ইহাদের সহিত কাহার কোনু যুদ্ধের সহদ্ধ চিরস্থারী হইয়াছে, তাহা নির্ণয় করা মুংসাধা। মোট কথা,

শাসন-প্রতিষ্ঠিত করিতে তাহাকে বিশেব আরাস স্বীকার করিতে হইয়াছিল বিদয়া বোধ হয় না, কারণ এ অঞ্চলের অধিবাসিগণ তাঁহার জনহিতকর কার্য্যের জন্ত মৃধ্ব হইয়াছিল, এবং সর্ব্বশেষে তাঁহার ধর্মজীবন ও সাধুচরিত্র দেখিয়া ভক্তিমান্ না হইয়া পারে নাই। সাধারণ লোকের এই ভক্তি ও প্রীতি শুয়ু তাঁহার ও তাঁহার অফ্চরদিগের মুখ্য সাধনা যে সহজ্বসাধ্য করিয়া দিয়াছিল, তাহা নহে; ইহা ঘারা সমস্ত পাঠান ও এমন কি, মুসলমান জাতিকে কতকটা আত্মীয় ও আপনজনের মত দেখিতে হিন্দুদিগকে প্রবর্তিত করিয়াছিল। ইহায়ই ফলে ক্রমশঃ পাঠানগণ কোষবদ্ধ অসি লইয়া দেশবাসীর নিকট হইতে রাজস্ব সংগ্রহের স্বযোগ পাইয়াছিলেন। পরের দেশে আত্মপ্রাধান্ত স্থাপনের এমন ভিক্তি আর কিছুতেই হইতে পারে না।

হিন্দুর দেশে ধর্মতত্ত্বের বিচার দ্বারা নব-মত সংস্থাপন করা অতীব হুঃসাধ্য। কিন্তু জাতিধর্মনির্বিশেষে সর্বজনহিতকর কার্যোর অমুষ্ঠান করিলে, তাহার দৃষ্টান্ত অতীব জনত হয়। খা জাহান দেশমধ্যে অসংখ্য জলাশয় খনন করিয়া জলকন্ত দুরীভূত করিলেন; স্থপ্রশস্ত এবং ছায়াবছল রাস্তা নির্মাণ করিয়া যাতায়াতের প্রণালী স্থগম করিলেন: নানা উপায় অবলম্বন করিয়া ক্রযিকার্য্যের উন্নতি সাধন করিলেন ৷ তিনি প্রজার নিকট হইতে রাজস্ব বলিয়া যে অর্থ সংগ্রহ করিতেন, তাহার কতক দান প্রভৃতি সংকার্য্যে প্রজ্ঞার মধ্যে বিতরণ করিতেন, কতক মদজিদাদি ইরামত নির্মাণ করিতে গিয়া দেশীয় প্রমঞ্জীবী-দিগের হস্তে পৌছাইয়া দিতেন, অবশিষ্ট শঞ্চিত অর্থ প্রজার জন্ম মৃত্তিকাগর্ভে গচ্চিত রাখিতেন। তাঁহার সময় হইতে প্রচার হইয়াছিল যে, তিনি ৩৬০ বিঘা জমিতে অপরিমিত ধনরাশি লুকায়িত রাথিয়াছেন। একথা সত্য। তাঁহার মৃত্যুর পর হইতে বছলোকে তাঁহার হর্ম্মাদির ভিতর বা অন্তত মৃত্তিকা-নিম্নে যথেষ্ট অর্থ পাইরা সমৃদ্ধিশালী হইরাছে। লোকে বলিয়া থাকে, বাগের-হাটের নিকটবর্ত্তী প্রধান প্রধান সমৃদ্ধিসম্পন্ন জমিদারবংশের উন্নতিলাভের ইহাই মুখ্য কারণ। এমন কি. এখন ছইজন লোকে একতা কোন জমিতে হলকর্ষণ করে না, পাছে হঠাৎ ধন পাইলে উহার বণ্টন লইয়া গোলযোগ উপস্থিত হয়। কেহ কেহ বলেন, খাঁ জাহান আলির এইরূপ ধন পুঁতিরা রাধিবার একটি উদ্দেশ্র ছিল। জমি গভীর করিয়া ধনন করিলে, তাহার

উর্ব্যবাশক্তি বছগুণ বর্দ্ধিত হয়; এদেশীয় ক্ষমকেরা স্বল্প পরিশ্রমে ধায় জ্মাইতে পারে বলিয়া তাহাদের জমি রীতিমত চাম করে না; কিন্তু অনেকে অর্থের লোভে যথেষ্ট গভীর করিয়া গর্জ করিয়া থাকে। ইহা নারা জমি উন্টাপান্টা হইলে উহার শক্তিবৃদ্ধি হইয়া থাকে। বাত্তবিকই এইরপ কোন উদ্দেশ্রে তিনি সঞ্চিত অর্থ লুকায়িত রাথিতেন কি না, তাহা জানিবার উপায় নাই। তবে এইভাবে যথেষ্ট অর্থ রাথিয়া গিয়াছিলেন তাহা নিঃসন্দেহ। ইহা নারা তাঁহার কীর্তিমন্দিরগুলির অনেক অনিষ্টপ্ত হইয়াছে; লোকে ধনের লোভে বাট্গুম্বজ প্রভৃতি মস্জিদের নানাস্থানে ভিত্তিগাত্র ভাঙ্গিতে গিয়া মূলকীর্ত্তির বিশেষ ক্ষতিসাধন করিয়াছে। অন্ত উদ্দেশ্র না থাকিলেও এই আশায় অনেক মস্জিদ থুড়িয়া ভাঙ্গিয়া ফেলিয়াছে। যাট্গুম্বজ বেস্থানে তিনি একটি উচ্চ বেদীর উপর বিসয়া দরবারের কার্য্য নির্বাহ করিতেন, তাহার পশ্চান্তাগে প্রস্তরের আড়ালে যথেষ্ট অর্থ ছিল, এবং তাহা প্রাচীরগাত্র ভাঙ্গিয়া কোন ব্যক্তি আত্মাণ্ড করিয়াছে, তাহার নিদর্শন এথনও আছে। এরপে নির্দান বছ মস্জিদে পাণ্ডয়া বায়।

খাঁ জাহান আলি রাস্তা নির্মাণে বিশেষ হৃদক্ষ ছিলেন। ইহার জন্ত তাঁহার কোন কার্পণ্য ছিল না। পার্যবর্ত্তী জমি হইতে যথেষ্ট উচ্চ করিয়া মাটা ফেলিয়া দীর্ঘপথ সর্ব্বতি সমানভাবে প্রশস্ত করিয়া নির্মাণ করা সহজ ব্যাপার নহে। বপ্রতিষ্ঠিত নগরীর শোভাবর্জন এবং তাঁহার নাগরিক প্রজাগণের হ্ববিধার জন্ত তিনি থালিফাতাবাদে রাস্তাগুলি পাকা করিয়া প্রস্তুত করিয়াছিলেন: তবে ৫০০ বংসর পূর্ব্বে এমন পাকা রাস্তা নিম্নবঙ্গে কোথায়ও ছিল না। এই রাস্তা পাক। করিবারও তাঁহার একটা হ্রন্দর প্রণালী ছিল। তিনি আধুনিক প্রণালীর মত এক পরদা ইষ্টক পাতিয়া তাহার উপর ধোয়া ফেলিয়া রাস্তা করিতেন না; হয়ত তিনি বৃথিতেন যে সেরূপ রাস্তা গুই চারি বংসর মেরামত না করিলে অব্যবহার্য হইয়া পড়ে। থাঞ্জালী ইটের আকার কিছু ছোট ছিল; উহা দৈর্ঘ্য প্রস্তু পাঁচ ছয় ইঞ্চি করিয়া এবং ছই ইঞ্চিরও কম পুরু ছিল। ইটগুলি এখনকার মত কর্মায় হোলয়া প্রস্তুত্ত করা হইত না। থাঞ্জালী এই ইট অভয় অবস্থায় লইয়া তাঁহার রাস্তা প্রস্তুত্ত করাইয়াছিলেন। রাস্তাতে লম্বালি পাঁচ সারি ইট থাকিত, প্রত্যেক সারিতে ২ থানি করিয়া ইট এবং সারিগুলি সমস্কুর-

বর্তী ছিল। ছই ছইটি সারি মধ্যে চারি পাঁচথানি ইট এড়োএড়িভাবে বসান হইত। কোন ইটই "পট"গাথা, অর্থাৎ চিৎ করিয়া লাগান হইত না; লম্বান্ধি এড়োএড়ি সব ইটগুলিই "থাদরী" করিয়া অর্থাৎ পাশাপাশি কা'ত করিয়া বসান হইত। ছইটি লম্বা সারির মধ্যে প্রায় ২ ফুট বিস্তৃতি থাকিত। সাধারণতঃ খাঞ্জালীর পাকা রাস্তার বিস্তৃতি প্রায় ২০ ফুট। সহরের মধ্যে প্রধান প্রধান রাস্তা এবং এমন কি চট্টগ্রামের দিকে যে রাস্তা গিয়াছে, তাহারও কতকদ্র পর্যান্ত এই ভাবে পাকা করিয়া নির্মাণ করা হইয়াছিল। প্রায় ৫০০ শত বৎসর এই সকল পাকা রাস্তার কোন প্রকার সংস্কার হয় নাই, তব্ও ইহা ঠিক আছে। অবশ্য স্বার্থপর লোকের খনিত্র সর্বান্ধেরেই পুরাকীন্তি নপ্ত করিয়া দশজনের অপকার করে, এক্ষেত্রেও তাহা হইয়াছে। রাস্তার ইট লইয়া লোকে সামান্ত গৃহকার্য্যে লাগাইয়াছে; অনেকস্থলে উচুনীচু হইয়া পড়িয়াছে। তব্ও খাঞ্জালীর রাস্তা অন্ত কোন গ্রাম্য রাজ্পথ অপেক্ষা কোন প্রকারে নিকৃষ্ট নহে।

শক্তিসম্পন্ন মুসলমানদিগের মধ্যে একটি সাধারণ নিয়ম আছে, তাঁহারা মৃত্যুর পূর্বে স্বীয় সমাধিস্থান প্রস্তুত্ত করিয়া যান। এই সকল সমাধিস্থান তাঁহাদের জীবদ্দশায় মস্জিদরপে ব্যবহৃত হয়, এবং মৃত্যুর পর উহার মধ্যে শবদেহ সমাহিত করিয়া তাহার উপর সমাধিবেদী নির্দ্মিত হয়। এমন কি, সমাধির উপর কোন্ পাথরখানি কি ভাবে বসাইয়া বেদী গঠিত হইবে, কোন্ পাথরে কি কি লিপি উৎকীর্ণ থাকিবে, তাহাও সমস্ত ঠিক হইয়া থাকে। মৃত্যুর জন্ম প্রস্তুত হইয়া কর্মী পুরুষ কোরাণ হইতে নিজের পছন্দ মত স্থান উদ্ভূত করিয়া এবং অনেক সময়ে স্বয়ং বা মৌলবী হায়া নিজের পছন্দমত লিপিকথা রচনা করিয়া রাথিয়া যান। মৃতব্যক্তির অস্ক্রেরর্গ সমাধি গঠন করিয়া নির্দিষ্টস্থলে মৃত্যুর তারিখাট মাত্র লিথিয়া রাথে। এই প্রণালীতে ইতিহাসের পক্ষে একটা অস্ক্রবিধা হয়; নিজের শুণের পরিচয় স্বয়ং কেহ স্পষ্ট করিয়া লিবে না এবং পরবর্জী লোকের জন্মও সে সব লিথিবার স্থান পর্যান্ত থাকে না। এজন্ম সমাধিলিপি পাঠ করিলে ধর্মগ্রন্থের উদাস নীতিকথা যথেষ্ট পাওয়া যার, কিন্তু মৃতব্যক্তির পরিচয় বিষয়ে কেবল মাত্র তাঁহার নাম ও মৃত্যু তারিখের উপর নির্কর্ম

করিতে হয়। খাঁ জাহান আলির বেলায়ও একথা বিশেষ ভাবে প্রযুক্ত চইতে পারে।

यां छिष्ठक रहेरछ > मार्टेल पूर्व्सिनिय्क धवः वारंगतहार रहेरछ ७ मार्टेन পশ্চিমদিকে গেলে, একটা রাস্তা দক্ষিণমূথে গিয়াছে, দেখা যায়। এই রাস্তায় প্রায় অর্দ্ধ মাইল অতিক্রম করিয়া খাঁ জাহান আলির একটি প্রধান জলাশয়ের কুলে উপনীত হইতে হয়। এই দীঘির নাম "ঠাকুর দীঘি"। আমরা প্রদঙ্গতঃ পূর্বের এই দীঘির কথা উল্লেখ করিয়াছি।* শিববাড়ীতে এখনও যে বৃদ্ধ প্রতিমার পূজা হইতেছে, উহা এই দীঘির মধ্যে পাওয়া গিয়াছিল: বুদ্ধ ঠাকুর পাওয়া গিয়াছিল বলিয়াই এ দীঘির নাম "ঠাকুর দীঘি" হয়। সম্ভবতঃ এম্বলে পুরাতন বৌদ্ধ আমলে একটি উত্তর-দক্ষিণে দীর্ঘ পুষ্করিণী ছিল। কোন বিপ্লব বা পরজাতীয় আক্রমণের সময়ে বুদ্ধমূর্ত্তি সেই পুষ্করিণীর মধ্যে নিক্ষিপ্ত হইয়াছিল। বৌদ্ধদিগের প্রতি হিন্দুর অত্যাচার-বশতঃ এরূপ তুর্ঘটনা হওয়া বিচিত্র নহে। থাঁ জাহান আলি সেই প্রাচীন প্রচরিণীর থাতে প্রকাণ্ড দীর্ঘিকা থনন করেন, তৎসম্বন্ধে যে সকল কিম্বদুম্ভী আছে, আমরা পূর্বের তাহার আলোচনা করিয়াছি। এ দীর্ঘিকার দৈর্ঘ্য প্রস্তু প্রায় সমান, এক একদিকে প্রায় ১৬০০ ফুট হইবে। ইহার পাহাড়ের উপর এমন ভীষণ নিবিড় জঙ্গল হইয়াছে যে, তন্মধ্য দিয়া যাতায়াত করা বা জলাশয় পরিমাপ করা সম্পূর্ণ অসম্ভব। শুধু উত্তর পাহাড়টির কতকাংশ একট পরিক্ষত আছে, কারণ দেখানে ৬০ ফুট প্রশস্ত এক প্রকাণ্ড বাঁধা ঘাট রহিয়াছে। ঐ ঘাটের উপর খাঁ জাহানের সমাধি-মন্দির।

জলাশয়ের উপরিভাগের অধিকাংশ দামদলে সমাকীর্ণ হইয়া পড়িয়াছে বটে, কিন্তু তবুও জল অতি নির্ম্মল এবং স্থবাত্ত্ব; সেই ফুটিকবং নির্মান সলিলের কুলে দণ্ডায়মান হইলে, কিছুন্র পর্যান্ত বিচরণশীল কুদ্দ মংস্কৃটি এবং এমন কি, তলভূমিস্থ শুল্ল বালুকাকণাগুলি স্থস্পষ্ট দেখা যায়; আর মুথ উন্নত করিয়া দ্রদৃষ্টি নিক্ষেপ করিলে, দেই বহুদ্র বিস্তৃত বিশাল জলাশয় যে এক মহান্ দৃশ্ম প্রাকৃতিত করে, এবং তাহার অমেয় গভীরতার যে সন্দিশ্ম আভাদ দেয় তাহা বান্তবিকই উপভোগের বিষয়। খাঁ জাহান

^{*} २०६-१ श्रृष्ठी।

সাধ করিয়া এই জলাশয়ে কালাপাড় ও ধলাপাড় নামক ছুই কুমীর ছাডিয়া দিয়াছিলেন: হয়ত এই ক্লত্ৰিম জলাশয়কে স্বাভাবিক জলাশয়ের মত সর্ব্বপ্রকার জীব-জন্ততে পূর্ণ করিতে তাঁহার ইচ্ছা হইয়াছিল এবং মানুষের চিরশক্রকে অভ্যাদ দারা অনপকারী করিয়া তুলিবার খেয়ালঙ এই ইচ্ছার অন্তর্ভুক্ত ছিল কিনাবলা যায় না। নদীর সহিত সংযোগবিশিষ্ঠ নিকটবর্ত্তী বিল হইতে কুমীর আসিয়া এই বিরাট দীঘিতে পড়াও আশ্চর্য্যের বিষয় নহে। হয়ত শেষে তাহাদিগকে থান্ত দিয়া বশীভূত করিয়া থাঁ জাহান তাহাদের নামকরণ করিয়াছিলেন। যাহা হউক, খাঁ জাহানের দে কালাপাড়. ধলাপাড় এথন আর নাই, তাহাদের পরে বছপুরুষ পার হইয়াছে। কিন্তু সেই বীরপ্রক্ষেরা নরমাংস-লোভ পরিহার করিয়াছিল, বলিয়া তাহাদের বংশধরগণও দেগুণ পাইয়াছে। এখনও ঠাকুর দীঘিতে এবং ঘোড়া দীঘিতে কতকগুলি কুমীর আছে; তাহারা মানুষকে আক্রমণ করে না. তবে তাহাদের নিকট থাতের দাবি করিবার জন্ত স্নানের সময় নিকটবর্ত্তী স্থানে ভাসিয়া থাকে। খাঞ্জালী এখন একজন পীর। সে পীরের নিকট হিন্দু-মুদলমানে দিলী মানদা করে: এবং কুমীরদিগকে খাওয়াইলে থাঞ্জালী পীরকে ভুষ্ট করা হয়, এই বিশ্বাস পোষণ করে। কত লোক যথন তথন সিণী দিতে আসে, থই চিড়া, চিনি বাতাদা; মোরগ পায়রা—এমন কি, তুই এক হিন্দুতে পাঁচা পর্যান্ত দিশী দেয়। এই দকল নৈবেদ্য দ্রব্য উৎসর্গ করিবার জন্ম তাহার। দীঘির কূলে দাঁড়াইয়া কালাপাড় ধলাপাড়কে ''আয় আয়" বলিয়া ডাকে. তথন কালাপাড় ধলাপাড়ের বংশধরেরা ঘাটের পার্থে চারিদিক হইতে মাথা উচু করিয়া ভাসিতে থাকে এবং থাগু দ্রব্য নিক্ষেপ করিলে অনেক সময় সিঁডির উপর আসিয়াও উহা লইয়া যায়। মৎস্তে খায়, কুমীরে খায়, তাহাতেই জীবভক্ত কীর্ত্তিমানু খাঁ জাহানের পারলোকিক তুষ্টি-সাধন হয়। প্রতি বংসর চৈত্রমাসে ঠাকুর দীঘির কূলে একটি প্রকাণ্ড থাঞ্জালী মেলা হইয়া থাকে, বহু দূরবর্ত্তী স্থানের হিন্দু-মুদলমান এ মেলায় আদিয়া থাকে। সকল জাতিকে ভালবাসেন, তিনি সর্ব্বজনপ্রিয় হইয়া থাকেন।

প্রবাদ আছে, মৃত্যুর কয়েক বৎসর পূর্ব্বে খাঁ জাহান ভগবানের নিকট কোথায় তিনি দেহত্যাগ করিবেন, সে স্থান নির্দেশ করিয়া দিবার জন্ম প্রার্থনা করিয়া-





ছিলেন। তাঁহার প্রার্থনা অনুসারে ভগবান স্থান নির্দেশ করিয়াছিলেন। সেই স্থানেই তিনি উক্ত দীঘি থনন ও তাহার উত্তর তীরে স্বীয় সমাধি-মন্দির স্থাপন করেন। হিন্দুর মত মুসলমানেরাও শবদেহ উত্তরশিয়রে রাথে, এবং কবরের মধ্যেও সেই ভাবে সমাহিত করে। এজ্যু হিন্দু-মন্দিরের মত মুসলমানের সমাধি-মন্দির দক্ষিণদারী হইয়া থাকে। ঠাকুর দীঘির ঘাট হইতে উপরে উঠিলে একটি বেষ্টনপ্রাচীরের ভিতর স্থানর একটি একগম্বুজ এমারত দেখা যায়; উহারই মধ্যে গাঁ জাহান চিরনিদায় অভিভূত। উক্ত বেষ্টনপ্রাচীরের বাহিরেও আর একটি প্রাচীর ছিল, এবং নগর হইতে সমাধিস্থানে আসিতে হইলে সেই বহিঃপ্রাচীরের তোরণদার দিয়া প্রবেশ করিতে হইত। এখন দে দার ও প্রাচীর ভাস্বিয়া পড়িয়াছে।

সমাধি-মন্দির সমচতুজোণ; উহার বাহিরের মাপ ৪৬ × ৪৬ কুট। উহার চারিকোণে চারিটি স্তম্ভ দে ওয়ালের সঙ্গে গ্রাথিত রহিয়ছ। উহারা মিনারের মত উচ্চ হইয়া উঠে নাই। বাঁ জাহান নিশ্চিতই জানিতেন, লবণাক্ত দেশে কোন অট্টালিকার মৃত্তিকা হইতে এ৪ কুট পর্যান্ত লোণ। ধরে; ঐ অংশে ভাল ইট দিলেও তাহা মন্ত্র বিশুর ক্ষরপ্রাপ্ত হইতে থাকে। এইজন্ত বাঁ জাহান তাঁহার সমাধি-মন্দিরকে চিরস্থায়ী করিবার নিমিত, উহাতে মৃত্তিকা হইতে তিন কুট উপর পর্যান্ত সমস্ত অংশ প্রস্তরদারা গাঁথাইয়া ছিলেন। এই সকল পাথর তিনি চট্টগ্রাম হইতে আনাইতেন। প্রস্তরগুলি সাধারণতঃ প্রায় ২ কুট নীর্ষ, ১ কুট প্রস্ত, এবং ১ ইফি পুরু দেখা যায়। গৃহটির ভিত্তি ৮—০০০ ইফি। ইহার বাহিরের দেওয়াল চতুজোণ বটে, কিন্তু ভিতরের দেওয়াল অন্তকোণ। এই অন্তকোণ দেওয়াল ২৪ কুট উচ্চ হইয়া দেখান হইতে একটি গোলাকার গুম্বজ নির্মিত হইরাছিল। গুম্বজের উপরিতাগে নানাবিধ কার্মকার্য্য করা ছিল। এখন কার্মকার্য্য নাই। তবে গুম্বজের উপর জমাট এত শক্ত ও স্কল্ব যে এ পর্যান্ত এক প্রকার বিনা মেরামতে এই সমাধি-গৃহ এখনও স্কল্ব অবস্থার আছে।

সমাধি-মন্দিরের দক্ষিণে, পূর্ব্বে ও পশ্চিমে তিনটি দরজা। উত্তর দিকে কোন দরজা নাই। দরজা গুলি ৬—১০ বিস্তৃত। উহাদের উপর পাথর ছিল, পাথরের গারে সম্ভবতঃ এক একথানি করিয়া লোহাও ছিল। তাহা নষ্ট

সমাধিবেদীর শীর্ষপ্রস্তরের উত্তরগাত্তে মুসলমান-ধর্ম্মের সেই চিরপ্রপিদ্ধি দার মত উৎকীর্ণ আছে:—"ঈশ্বর এক এবং অদ্বিতীয়; মহম্মদ তাঁহার রম্বল (ধর্মোপদেশক) বা প্রতিনিধি।" ঐ অর্দ্ধগোলাক্তি প্রস্তরের উপরিভাগে প্রথম তুই লাইনে আছে:—"হে ভগবান্! আমাকে সরতানের প্রলোভন হইতে রক্ষা কর; আমি তোমার দয়ার্জ, করণাময় নামে আরম্ভ করিতেছি।" ইহারই নিমে উপরিভাগের অধিকাংশ স্থান ১০৪ টি চতুক্ষোপক্ষেত্র হারা পূর্ণ। উহার প্রথম ৫টি চতুক্ষোপের মধ্যে আছে:—"ঈশ্বর, একমাত্র অদ্বিতীয় ঈশ্বর, যিনি"—ইহারই পর অবশিষ্ঠ ৯৯টি চতুক্ষোপের মধ্যে ভগবানের গুণাফ্কীর্ত্তন করিবার উদ্দেশ্যে এক একটি বিশেষণ শব্দ লিখিত রহিয়ছে। উহার সবগুলি এখানে অন্দিত করিবার প্রয়োজন নাই; কতকগুলি দৃষ্টাস্ত দিতেছি:—"রাজা রাজ-রাজেশ্বর, সত্য, নিতা, অনন্ত, অমূল্য, অতুল্য, আদি, অন্ত, প্রকাশিত, জাগ্রত,

^{*} মহামতি ওয়েষ্টল্যাও সাহেবের রিপোট কডকগুলি লিপির মূল ও ইরোজী অমুবাদ দিরাছেন। Westland's Report p. 22, Antiquities of Bagerhat by Babu G. D. Basak J. A. S. B. Vol 36, (1867-8) Mr, D. H. E. Snnder's Antiquities of Bagerhat.

গুপ্ত, রক্ষক, শাসক, পালক, প্রষ্টা, নির্মাতা, শ্রোতা, দর্শক, সর্ববাপক, জ্ঞানী, ফ্যায়বান, বিচারক, বিবেচক, দয়ালু, ক্ষমানীল, পথের আলো, পথিকের সঙ্গী প্রভৃতি। এই ৯৯টি বিশেষণের নিমে লেখা আছে:—''ঈয়রের তুলনা নাই; তিনি দ্রষ্টা ও শ্রোতা; তিনি (সকলের) তুটিসম্পাদন করেন; তিনি সর্বপ্রধান প্রভু, শ্রেষ্ঠ সহায়ক।" অর্দ্ধগোলাক্কৃতি পাথরের দক্ষিণের দিকে আরবীয় ভাষায় আছে:—'প্রধান প্রক্ষ, খাঁ জাহান আলির এই সমাধি স্বর্গীয় কাননের অংশবিশেষ। ভগবান্ তাঁহার প্রতি ক্রপালু হউন। ৮৬৩ হিজরীর ২৬শে জ্লেহজ্জ তারিথ।"

শীর্বপ্রস্তরের নিম্নবর্ত্তী প্রস্তরের তাকের উপরিভাগে চারিধার ঘুরাইয়া লেখা আছে:—

> "লুক্ক লিপ্সা মমভান্ন ভূলি' ভগবান্, সংসারচিস্তান্ন ভূমি রয়েছ মগন ; সমন্ন আসিবে যবে একথা ভাবিবে মৃত্যু সন্নিহিত হ'লে এ চিস্তা জাগিবে ; আছন্নে নরক, তাহা থরান্ন জানিবে, নরক দর্শনে শেষে কণ্ট উপজিবে ; ভোমার কাজেতে হ'বে ভোমার বিচার ভাহাতে সন্দেহ নাই কিছু মাত্র আর।"

এই প্রস্তরপীঠের পূর্বাপার্যে নিম্নলিথিত উপাসনা লিপিগত আছে :—

''হে জাগ্রত ভগবান্! তুমি অনস্ত, তুমি পাপীর আর্দ্তনাদে কর্ণপাত করির। থাক; তুমি গৌরবমর, পবিত্র; তুমি রাজ্বরাজেখর, তুমি ক্ষমানীল, তুমি চৈতন্ত্র-স্বরূপ; তুমি স্রন্থা, তুমি স্বর্গমর্ত্তোর গঠনকর্ত্তা; আমাকে নরক হইতে নিস্তার কর।"

এই প্রস্তরপীঠের পশ্চিমপার্মে আছে :—

"হে অবিশ্বাসিগণ! তোমরা বাঁহাকে পূজা করিবে, আমি তাঁহাকে পূজা করিব না; আমি বাঁহাকে পূজা করিব, তোমরা তাঁহাকে পূজা করিবে না; তোমরা বাঁহাকে পূজা কর, আমি তাঁহার পূজা করি না; আমি বাঁহার পূজা করি, তোমরা তাহার পূজা কর না; তোমাদের ধর্ম তোমাদের আছে এবং আমার ধর্ম আমার আছে।" এই প্রস্তরপীঠের দক্ষিণপার্ষের মধ্যস্থলে একটা চতুক্ষোণ এবং তন্মধ্যে একটি বৃত্ত অঙ্কিত আছে। চতুকোণের চারিকোণে আরবীয় ভাষায় আছে:—

কে মরিল———জনৈক প্রবাসী;
তিনি মরিলেন – —(ধর্মের জন্ত) আফ্নোৎসর্গ করিয়া।
বস্তুটির মধ্যেও আরবীয় ভাষায় লিখিত আছে:—

"যিনি ঈশ্বরের দাসামূদাস, যিনি বৃদ্ধ, ছর্জন ও কুপাভিথারী, যিনি ঈশ্বরের প্রতিনিধির (মহম্মদের) বংশধরগণের আত্মীয়, যিনি স্থাবিগের প্রকৃত বন্ধ্ এবং অবিশ্বাসীর শক্র, যিনি মুসলমানের সহায় এবং ইস্লান ধর্ম্মের পৃষ্ঠপোষক, তিনি দেহত্যাগ করিয়াছেন। তাঁহার নাম আলঘ থাঁ জাহান। (ভগবান্ তাহার প্রতি কুপাযুক্ত হউন)। তিনি উর্জ্জতন (স্বর্গ) লোকের আশায় ৮৬৩ হিজরীর ২৬শে জেলহজ্জ ব্ধবারে এ জগৎ ত্যাগ করিয়াছেন এবং ২৭শে জেলহজ্জ তাঁহাকে সমাহিত করা হয়।"

ইংরাজীগণনাত্মদারে খাঁ জাহানের মৃত্যুতারিথ ১৪৫৯ খুষ্টাব্দের ২৩ শে অক্টোবর হইবে। খাঁ জাহান যে অত্যন্ত অধিক বর্মস জরাজীর্ণ তুর্বল দেহে প্রাণত্যাগ করিয়াছিলেন, তাহা তাহার এই প্রাণত্পশী স্বরচিত মর্ম্মগাথা হইতে বেশ বুঝিতে পারা যায়। তিনি নিজের লিপি নিজেই লিখিয়া গিয়াছিলেন, তারিধটি মাত্র অন্তলোকে পরে বসাইয়া দিয়াছিল। সমস্ত প্রস্তুত না থাকিলে একদিনের মধ্যে প্রস্তুরনির্মাত সমাধিমঞ্চ নির্মাণ করা যায় না।

ভূইটি পাথরের তরের উপর একথানি শীর্ষপ্রস্তর দিয়া খাঁ জাহানের সমাধি নির্মিত হয়। উহার উপরিস্থ পাথরের তরের উপরিভাগে বা পার্মদেশে বে সমস্ত লিপি আছে, আমরা তাহার কথা বলিয়াছি। নিয়বর্ত্তা প্রস্তরপীঠেও এরূপ অনেক লিপি আছে। উহার অনেকগুলি একরূপ অস্পষ্ট বলিয়া এথনও পঙ্কোরার হয় নাই। সাপ্তার্ম সাহেব সেগুলিকে কোরাণ হইতে উন্কৃত পবিত্র ধর্ম্মগাথা বলিয়া অমুমান করিয়াছেন। কিন্তু এই নিয়স্থ পাদপীঠেই দক্ষিণ-দিকে কয়েকটি স্থন্দর তত্ত্বাণী আছে। উহার কতক আরবীয়, কতক পারনীক ভাষায় লিখিত। আমরা কবিতায় উহার যথাযথ অমুবাদ প্রদান করিয়াম:—

''জগতে ক্রন্দন ল'য়ে খলি' এজীবন. কত বা যাতনা কণ্ট করে আক্রমণ। প্রীক্ষার নাজি পার জীবন ভবিষা (কিন্তু) সব শেষ করে শেষে মবণ আসি**য়া**। মৃত্যুই নিশ্চিত, ভাই, মৃত্যুই নিশ্চয়.— জীবন-উত্থানে তীক্ষ কণ্টকের স্থায়, মরণ নিশ্চয়, ভাই, মরণ নিশ্চয়। জীবনের হেন অরি নাহি কেহ আর অন্ত শত্রু হ'তে এর প্রভেদ বিস্তর, **গ্রন্থ সামতান আছে অরাতি** তোমার ট'লাতে বিশ্বাস তব চেষ্টা সদা তার: সকল সমাজে দেখি এই রীতি আছে— তুর্বল লভয়ে ক্ষমা সবলের কাছে: ক্ষা নাই-দ্যা নাই- মৃত্যু ছুনিবার, মরণ নিশ্চিত, ভাই, আছয়ে সবার।"

জীবন্দুক্ত পুরুষের মত দীর্ঘ জীবন যাপন করিয়া ভক্ত সাধু যে উদাসপ্রাণে দেহ তাগা করিয়াছিলেন, তাঁহার সমাধি-বেদীর নানা লিপিতে দেই উদাস ভাবের অভিবাক্তি রহিয়াছে। তাঁহার কীর্ত্তির সহিত তাহার এই মৃত্যুনীতির মিলন করিয়া বছদশক তাহার সমাধি গাত্র হইতে উপদেশ সংগ্রহ করিতে পারেন।

গাঁ জাহানের সমাধিনন্দির হইতে পশ্চিমের দরজা দিয়া বাহির হইলেই পীর আলি মহম্মদ তাহেরের সমাধি। ইনি গাঁ জাহানের উজীর বা প্রধান মন্ত্রী ছিলেন। পীরালি ব্রাহ্মণের ইতিবৃত্তে ইংহার বিবরণ দেওয়া হইয়াছে। মহম্মদ তাহের এথানে মারা যান নাই; এথানে মাত্র তাহার একটি শৃন্তগর্ভ সমাধিবেদী গাণা রহিয়াছে। খাঁ জাহানের সমাধির মত উহার উপরে কয়েকটি লিপি আছে; আর আছে:—"এই স্থান স্বর্গীর কাননের অংশবিশেষ এবং ইহা এক বিশেষ বৃদ্ধর সমাধি, তাহার নাম মহম্মদ তাহের, তারিথ ৮৬৩ জ্লেলহজ্জ।" বৃদ্ধর সভিতিহ্ন রাথা কর্ত্তবা, এই বৃদ্ধিতে খাঁ জাহান মৃত্যুর অব্যবহিত পূর্বের সেই একই জ্লেহজ্জ মানে মহম্মদ তাহেরের জ্বন্ত এই স্বৃতিতন্ত গঠিত করিয়া রাথিয়া যান।

সমাধির উপরিভাগটি প্রায় খাঁ জাহানের সমাধির ক্যায়, তবে ইহার ভিতরে কিছু নাই, একটি সিঁড়ি দিয়া তন্মধ্যে অবতরণ করা যায়।

পীর আলির সমাধি পার হইলেই মধাবর্ত্তী বেষ্টনপ্রাচীর শেষ হইল। তাহার বাহিরে একটি প্রকাণ্ড এক গুমজ ইষ্টকগৃহ আছে; উহাকে বাবৃতিধানা বা রন্ধনশালা বলা হয়। খাঁ জাহান শেষ জীবনে যখন সমাধিমন্দিরে বাদ করিতেন, তথন তিনি প্রতাহ অসংখা দান হংগী বন্ধুবান্ধবকে ভোজন করাইতেন। উহাদের জন্ম অন্ধনাদি বহুসংখাক বাবৃতি এই গৃহের মধাে প্রস্তুত করিত। ইহা এখনও ভাল অবস্থান্ন দেখান্থানা রহিয়াছে। ইহার বাহিরের মাপ ৪০ × ৪০ ; ভিত্তরের মাপ ২৬ × ২৬ কুট, ভিত্তি ৭ কুট। গৃহটির পশ্চিমে কোন দরজা নাই; উত্তরে দক্ষিণে এক তির্মা দরজা আছে এবং প্রাধিকে আছে তিনটি, উহার মধাে পার্শ্ববর্ত্তী হইটির প্রত্যোকের বিস্তার ৩ – ৬ ইঞ্চি এবং মধাবর্ত্তী বড় দরজাটির বিস্তার ৬ কুট; উত্তর দক্ষিণের দরজার প্রত্যেকের বিস্তার ৪ – ১০ ইঞ্চি। গুম্বজের উচ্চতা প্রায় ৩৬ কুট।

বার্চিথানা হইতে দক্ষিণ পশ্চিম-দিকে ঠাকুরদীঘির উত্তর পশ্চিম কোণে একটি মদ্জিদ আছে, উহাকে জেলাপীরের মদ্জিদ বলে। এই জেলাপীর খাঁ জাহানের একজন প্রিয় অমুচর এবং বিথাত বুজরুক ছিলেন। গাঁ জাহান নিজে যেমন অছুত ক্ষমতাসম্পন্ন ছিলেন, তেমনি অন্ত কোন ফকিরকে সেইরূপ বুজরুকীতে পারদর্শী দেখিলে, তাহাকে আনিয়াও নিজের দলভুক্ত করিয়া লইতেন। প্রবাদ আছে, তিনি চাঁদ খা, বাঘ খা নামক অলোকিক শক্তিসম্পন্ন ছই আতাকে ফরিদপুর হইতে আনাইয়া খালিফাতাবাদের নিকটবর্ত্তী ধোপাথালি গ্রামে বসতি করাইয়া ছিলেন। জেলাপীরও এইরূপ একজন প্রিয় সদস্ত। জেলাপীর তাঁহার নাম নহে, ইহা একটি উপাধি মাত্র। এই ফকিরের প্রকৃত নাম কি ছিল, জানিবার উপায় নাই। প্রীহট্টে সাহ জালালের সঙ্গী শিষাগণের মধ্যেও এক জেলাপীর ছিলেন, দেখিতে পাই; প্রীহট্টে জিলা বাজার ইহারই নামে স্থাপিত। খাঁ জাহানের জেলাপীর সম্বন্ধে অনেক অলোকিক গল্প আছে; তন্মধ্যে একটি এথানে দেওয়া যাইতেছে। কথিত হয়, জেলাপীর এমনই ধর্মনিষ্ঠ ছিলেন যে প্রতিরাত্তিতে নমাজের পর তিনি ক্রম্বামুগ্রহে সহন্ত স্থবর্ণমুলা পাইতেন এবং প্রভাহ

প্রাতে গারোখান করিয়া তিনি এই সমস্ত অর্থ পুণাকর্ম্মে বায়িত করিতেন; সঞ্চয়র্থ কিছুই রাথিতেন না। একদিন তাঁহার স্ত্রী ঐ অর্থ হইতে কিছু সঞ্চয় করিয়ছিলেন; তাহার পর হইতে সেরূপ ঈশ্বরদন্ত অর্থপ্রাপ্তি বন্ধ হইয়া গেল। তাহার কয়েকদিন পরেই পীর সাহেব একথানি কোরাণ হাতে লইয়া, উহা পাঠ করিতে করিতে, কবরে প্রবেশ করেন, আর উঠেন নাই। জনশ্রুতি এইরূপ যে অত্যাবধিও তিনি সেই কবরমধ্যে কোরাণ পাঠে নিরত আছেন; নিঠবান্ মুসলমানগণ সে পাঠধনি শুনিতে পান।

যে সকল কীন্তিচিন্তের সংক্ষিপ্ত পরিচয় এখানে দেওয়া গেল, তাহা বাতীত আর শত শত চিন্তু সমস্ত থালিফাতাবাদে যেথানে দেখানে পড়িয় আছে। সে সকলের প্রকৃত ঐতিহাসিক অমুসন্ধান হয় নাই। যেথানে এক্ষণে বাগের হাট সহর, এথানে থাঞ্জালীর বাগান ছিল; উত্তরকালে সেই বাগানে যে হাট বিসমাছিল, তাহাই বাগেরহাট নামে অভিহিত হয়। বাগেরহাট নামের উৎপত্তি সম্বন্ধে আরও অনেক অমুমান আছে। যথাস্থানে তাহা বিবৃত হইবে। পূর্ব্ব পান্দিনে ৫ মাইল এর উত্তর দক্ষিণে প্রায় ৪ মাইল, এই বিস্তৃত স্থান লইয়া প্রাচীন থালিফাতাবাদ সহর হইয়াছিল; সহরকে হাবেলী কদ্বাও বলিত। থালিফাতাবাদ সহর বহু বিস্তৃত প্রগণা ছিল। থালিফাতাবাদ সহর এক্ষণে বাগেরহাট, দশানি, কৃষ্ণনগর, বাদাবাটী, কাড়াপাড়া, রণবিজয়পুর, কাটাল, কাটালতলা, বাদামতলা, স্ক্রেরের ঘোনা বারাকপুর, মগরা প্রভৃতি বহুসংথ্যক গ্রামে বিস্তুক্ত হইয়াছে।

গা জাহান প্রথম জীবনে যেরপে এক প্রকার স্বাধীনভাবেই রাজত্ব করিয়াছিলেন, শেষভাগে বোধ হয় তাহা ছিল না। তথন সম্ভবতঃ বঙ্গেশ্বর মামুদ
সাহের সহিত তিনি সন্ধিস্তত্তে আবদ্ধ হইয়াছিলেন, বঙ্গীয় স্মলতানের প্রতিনিধিস্বরূপ তিনি রাজ্যস্থাপন করিয়া তাহার নাম রাধিয়াছিলেন, থালিফাতাবাদ
অর্গাৎ থালিফা বা প্রতিনিধির সংস্থাপিত নবোথিত রাজ্য। থা জাহান প্রকাশ্যভাবে স্বাধীন হইয়া যে রাজ্যশাসন করেন নাই, তাহার করেকটি প্রমাণ আছে।
প্রথমতঃ তিনি নিজ নামে কোন মুদ্রা অন্ধিত করেন নাই। দ্বিতীয়তঃ ঢাকায়
একট মস্জিদের দ্বারদেশে যে থাজা জাহানের নামাজিত নিপি পাওয়া গিয়াছিল,
তিনি এবং থালিফাতাবাদের থা জাহান অভিন্ন ব্যক্তি বনিয়া নির্দিষ্ট হইয়াছেন।

দে লিপির মন্মার্থ এই যে উক্ত মস্জিদ মামুদ সাহের রাজ্যকালে খাজা জাহান নামধেয় এক গাঁ কর্ত্তক নিশ্মিত হইয়াছিল। * উহাতে যে তারিথ আছে. তাহা ১৪৫৯ খুষ্টাব্দের ১৩ই জুন বলিয়া স্থিরীকৃত হইয়াছে। এথানে দেখা যাইতেছে খাঁ জাহান বঙ্গেশ্বর মামুদ সাহের নামোল্লেথ করিয়াছেন, স্নুতরাং তিনি তাঁহার বিরুদ্ধাচারী ছিলেন বলিয়া মনে হয় না। ততীয়তঃ নাসির উদ্দীন মহম্মদ সাহের ৪৫৮ হিজরী বা ১৪৫৪ খুষ্টাম্পে অন্ধিত একটি মূদ্রায় প্রথম আমরা মধুমতীর কুলবত্তী মামুদাবাদের উল্লেখ পাই। স্থতরাং মামুদ্সাহই উক্ত মামদাবাদ প্রতিষ্ঠিত করেন, ইহা অন্তমিত হইতে পারে! † স্থতরাং এতদঞ্চলে মামুদ্দাহের রাজা ছিল। চতুর্থতঃ মামুদ্দাহের পর তৎপুত্র বার্ধাক সাহ বঙ্গেশ্বর হন। স্থন্দর বনের মধ্যে, বরিশালের অন্তর্গত পট্যাথালি সব ডিভিসনে মসজিদবাড়ী নামক স্থানে এক ট প্রাচীন ইষ্টকনির্শ্বিত মসজিদ আছে। উহাতে যে একথানি পারস্থলিপি ছিল, তাহা এক্ষণে এসিয়াটিক সোদাইটিতে রক্ষিত হইয়াছে। ঐ লিপির মর্ম এই ''ঈশ্বরের প্রতিনিধি বলিয়াছেন, যিনি একটি মদজিদ নির্মাণ করিবেন ঈশ্বর তাঁহার জন্ম ৭০টি রাজ্প্রাসাদ নিঃগণ করিয়া দিবেন। এই মদজিদ স্থলতান মামুদদাহের পুলু, ধর্ম ও রাজ্যের স্তম্ভস্বরূপ আবুল মুজঃদর বার্কাক সাহের রাজত্বকালে, ৪৭০ হিজরীতে (১৪৬৫ খুষ্টাব্দ), মুয়াজ্জম উজিল গা ঘারা নির্মিত হয়।" ‡ স্বতরাং থালিফাতা-वारमञ्ज প्रकाक्षण । य वाक्षाकमारहज्ञ भामनाधीन हिन, जाहारज मन्मरु नाहे। খাঁ জাহানের মৃত্যুর পর, থালিফাতাবাদ রাজ্য খাঁ জাহানের কোন স্কুযোগ্য অত্ব-চরের হত্তে শাসনার্থ প্রদত্ত হইয়াছিল। তাঁহার অমুচরবর্গের মধ্যে মনেকে বছদিন পর্যান্ত জীবিত থাকিয়া তাঁহার প্রতিপত্তি অক্ষুধ্র রাথিয়াছিলেন। এখন পর্য্যস্ত ফ্রকিরের৷ বংশাফুক্রমে খাঁ জাহানের দমাধি-গৃহের তত্ত্বাবধান করিতেছেন এবং তজ্জন্ত যথেষ্ট পরিমাণ ভূমিবৃত্তি ভোগদথল করিতেছেন।

[•] H. Blochmann. Notes on Arabic and Persian Inscriptions, J. A. S. B. Part I pp. 107-8.

[†] Indian Museum catalogue Vol. II p. 164; Jessore Gazetteer p. 25. ‡ J. A. S. B. (1860) Vol. IV. p. 406.

Beveridge's History of Bakarganj p. 39.

অষ্টম পরিচেছদ—হুদেন দাহ।

বঙ্গেশ্বর মামুদ্ সাহের মৃত্যুর পর (১৪৬০) তৎপুত্র বার্র্বাক সাহ করেক বংসর রাজত্ব করেন। তিনিই প্রথম আবিসিনীয় বা হাবদী দাস ও থোজা-দিগকে রাজকার্য্যে নিযুক্ত করেন। হাবদী দিগের দ্বারা একদল উৎকৃষ্টি অখারোহাঁ ও পদাতিক দৈস্ত গঠিত হইমাছিল। ইহারা নগররক্ষী ও শরীরক্ষী রূপে প্রবল পরাক্রান্ত হইমাছিল। স্থযোগ পাইয়া দলে দলে হাবদীগণ গৌড়ে প্রবেশ করিতে লাগিল এবং নগরে বিষম অশান্তির স্থাই হইল। * বার্ব্বাকের বংশধরেরা ১৪৮৭ খুষ্টাব্দ পর্যান্ত কোন প্রকারে শাসনকার্য্য সম্পন্ন করিয়াছিলেন বটে, কিন্তু আর পারিলেন না। হাবসী থোজাগণ অব্দরে প্রবেশ লাভ করিয়া থেছামত প্রভূহতা। করত যাহাকে ইছো রাজতক্তে বৃদাইতে লাগিল। ইহাদের অত্যাচারে অনবরত গুপ্তহতা। চলিল। অবশেষে তাহারা রাজবংশ নিপাত করিয়া আপনাদের একজনকে রাজ্বিংহাসনে বৃদাইল; তথন দেশময় এক ভীষণ অরাজকতা উপস্থিত হইল। ১৪৯০ গ্রীষ্টাব্দে হুদেন সাহ এই অরাজকতা হইতে দেশের উদ্ধার সাধন করেন।

ছদেন সাহের তিংশবর্ষব্যাপী রাজস্বকাল বঙ্গেতিহাসের একটি শ্বরণীয় যুগ। দেশে শান্তি, প্রজার সমৃদ্ধির্দ্ধি এবং সাহিত্য ও ধর্মের উন্নতি— ইহাই এ যুগের প্রকাত। ত্বংথ কপ্তের মধ্যে কোন প্রথশান্তিময় যুগের প্রসঙ্গ উত্থাপিত হইলে, যশোহর-খুল্নার লোকে সাধারণতঃ বলিয়া থাকে, "সে হুসেন সাহের আমল আর নাই।" মক্তুমির মধ্যে ওয়েসিসের মত পাঠানযুগে হুসেন সাহের রাজস্ব। জ্রীটেতন্তের জন্ম ও ধর্মপ্রচারে এই যুগে বঙ্গ পবিত্র ইইয়ছিল। আর সেপবিত্র ধর্মের উৎসাহদাতা হইয় ছুসেন সাহ বিথাত হইয়া রহিয়াছেন। তাই জনক বৈষ্ণব কবি গাহিয়াছেনঃ —

''শ্ৰীষুক্ত হসন, জগতভূষণ, সেহ এ রস জান। পঞ্চ গৌডেশ্বর, ভোগপুরন্দর, ভণে যশোরাজ থান॥''

^{*} Through caprice of fortune these low foot soldiers for a considerable time played an important part in the state "Ain-i-Akbari, Jarret, Vol. II p. 149. "ফেরিয়া ডি সোনা"র ইতিহাসে এ যুগের অলস্ত বিষরণ প্রদন্ত হইয়াছে। গৌড়ের ইতিহাস ১০০ পৃঃ।

এই হুদেন সাহ কে ? তিনি পূর্ব্বোক্ত মামুদ সাহের বংশধর নহেন, তাহা জানি। হাবসীবংশীর মুজ্জের সাহ যথন গৌড়ের রাজা, তথন হুদেন রাজ্ঞানরের উজীর ছিলেন। মুজ্জেরের ঘোর সত্যাচারের বিক্লম্বে যে যড়্যস্ত হয়, হুদেন ছিলেন তাহার নেতা। কিন্তু সহজে মুজ্জের দমিত হন নাই। চারিনাসকাল অজ্ঞ রণরঙ্গ ও নরহত্যা চলিয়াছিল, তৎপরে তিনি পরাজিত ও নিহত হুইলে সকলে মিলিয়া হুদেনকে রাজা করিল; * তথন তাঁহার নাম হুইল, স্ফলতান আলাউদ্দীন হুদেন সাহ। এই সর্ব্বজনপ্রিয় তীক্ষবৃদ্ধি রণকুশল উজীর কে ? তাঁহার প্রথম জীবনের ইতিহাস অককারে সমাজ্র। মানরা সেই অক্কারের মধ্যে ছুই একটা আলোকপাত করিতে পারি; এবং তাহারই ফলে দেখা যাইবে, গৌড়েশ্বর হুদেনের সহিত যাশোহন খুল্নার ইতিহাসের কিছু সম্বন্ধ আছে।

রিয়াজ-উদ্নালাতিন হইতে আমরা জানিতে পারি হুসেন সাই তুর্কিস্তানের অন্তর্গত এরমুজ সহরে জন্মগ্রহণ করেন। তাঁহার পিতার নাম সৈয়দ আসরাফল হুদেনী। তিনি মুসলমান ধর্মপ্রবর্ত্তক মহম্মদের বংশীয় এবং হুদেনী শাধার অন্তর্গত। আসরাফল বা তাঁহার কোন পূর্বপুকর মক্তানগরের সরিফ বা নগর-পাল ছিলেন, এজন্ম হুদেন সাহকে সরিফ-ই-মেফি (মক্তী) বলিত। ঘটনাক্রমে আলাউদ্দীন ও তাঁহার লাতা ইউসফ পিতার সহিত বঙ্গদেশে আসেন। প্রবাদ আছে, যথন তাঁহারণ বঙ্গে আসেন, তথন তাঁহাদের অবস্থা বড় শোচনীয় ছিল এবং হুদেনের বয়সও খুব কম। কেহ বড়লোক হইলে, তাহার শৈশব-জীবনের অনেক অন্তুত কাহিনী শুনা যায়। হুসেন অতি সামান্ত অবস্থা হইতে এত বড়ুলোক হইয়াছিলেন, যে তাঁহার শৈশবের কথা শেষে একপ্রকার লুপ্ত হইয়া পড়িয়াছিল। সম্ভবতঃ বঙ্গে আসিবার পর কোন আক্মিক বিপদে হুদেনের

^{* &#}x27;During the period of his vizarat he used to treat the people with affability. The nobles looked upon him as their friend, patron and sympathiser; when Mujaffar was slain, people selected syed Sheriff Maki to be their king". Riaz-us-Salatin.

[†] গৌড়ের কদম রহল মস্জিদে ৯৩৭ হিজ্ঞী বা ১৫৩- বৃষ্টাব্দের যে লিপি পাওরা গিরাছে, তাহাতে হোসেনের পিতার নাম আছে। J. A. S. B. (1892) p. 338.

পিতার মৃত্যু হয় এবং বালকেরা নিঃসহায় অবস্থায় বিভিন্ন স্থানে আশ্রম্ম লম্ম । জনশ্রতি আছে, হুসেন এক ব্রাহ্মণের বাড়ীতে রাখালী করিতেন। * এই ব্রাহ্মণ শেষে হুসেনের ক্রপায় বলশালী হইয়া বশোহর জেলার অন্তর্গত বেনাপোলের সন্মিকটে কাগজপুক্রিয়ায় রাজার মত বাটী নির্মাণ করিয়া প্রবল জ্যিদারের মত বাস করিতেন। এই ব্রাহ্মণের নাম রামচক্র থান। বেনাপোল রেল ওয়ের ষ্টেশনের অনতিদ্বে রামচক্রের বাটীর বিস্তর্গি ভ্যাবশেষ বর্ত্তমান রহিয়াছে। আমরা পরে তাঁহার কথা বলিব।

এদেশে কতক গুলি মামুলী গল আছে। হঠাৎ যদি কেহ নীচ অবস্থা হইতে বড়লোক হন, তবে তাঁহার শৈশবকালে দেখা যায়, তিনি কোথায়ও নিদ্ৰিত হইলে সপে আসিয়া তাঁহার মন্তকের উপর ফণা বিস্তার করিয়া ছায়া দান করে। বাহমনী রাজ্যের প্রতিষ্ঠাতা হোসেন গল্প হইতে আরম্ভ করিয়া কত শত শত ক্ষুদ্র ও বৃহৎ নূপতিদিগের বালোতিহাসে এই চিরাগত গল্প একই ভাবে আরোপিত হইয়াছে। ব্রাহ্মণ রামচন্দ্র একদা দেখিলেন, তাঁহার গো-রাথাল হুসেন প্রান্তরে এক বৃক্ষতলে নিদ্রিত রহিয়াছে, তাহার মন্তকের উপরে ছুইটি সপে ফণা বিস্তার করিয়া ছায়া করিয়া রহিয়াছে; তদবধি তিনি বৃন্ধিলেন বালকের ভবিয়ুৎ সমুজ্জ্ল, এজন্তু তিনি নিরাশ্রম বালককে সেহের চক্ষে দেখিতেন। হুসেন সেমেহের মূলা কড়া-গণ্ডায় শোধ করিয়াছিলেন। হুসেন রামচন্দ্রের আশ্রমে থাকিতে থাকিতেই সম্ভবতঃ থা জাহান আলি তাঁহার উচ্চবংশের পরিচয় অবগত হন এবং তাঁহাকে থালিফাতাবাদ লইয়া যান।

পূর্বেই বলিয়াছি থাঁ জাহানের সময়ে অনেক উচ্চবংশীয় সৈয়দ প্রভৃতি মুসলমানগণ তাঁহার সহিত বঙ্গে আসেন। উহাদের কতক প্রথমতঃ পরঃগ্রামে বাদ
করেন; থাঁ জাহান থালিফাতাবাদে গেলে কেহ কেহ তাঁহার সঙ্গে তথায় গিয়াছিলেন। উহাদের মধ্যে কয়েক ঘর খুল্না জেলার আলাইপুরের সিরিকটে
চাঁদপুরে বাদ করেন। তাঁহারা থাঁ জাহানের শাসনাধীনে বিচারকের কার্য্য
করিতেন। এজন্ম তাঁহাদিগের "কাজি" উপাধি হইয়াছিল। এক্দণে এই
বংশীয়েরা "আলাইপুরে কাজি" বলিয়া থাাত। গাঁ জাহানের শেষ জীবনে বা

কেহ কেহ এহ একিশের নাম চাল ঠাকুল ও তাহার বাড়ী মুশিলাব দের অন্তর্গত চাল
 পাড়াঃ ছিল বলির। সল্ল গুনিয়াছেন। গোড়ের ইতিহাস, বিতীয় থপ্ত, ১২২ পুঃ।

তাঁহার মৃত্যুর পর ইহারা গোঁড়ে গিয়া প্রতিপত্তির সহিত কাজির কাজ করিতেন।
চাঁদপুরের কাজিগণ বিজ্ঞাচচির জন্ত সমধিক বিখ্যাত ছিলেন। অধ্যাপকের
টোলের মত তাঁহাদের বাড়ীতে বছ ছাত্র থাকিয়া শিক্ষালাভ করিত। খাঁ জাহান
ছদেনের শিক্ষাবিধানের জন্ত তাঁহাকে চাঁদপুরে কাজিদিগের বাড়ীতে রাথিয়া দেন।
অল্লদিন মধ্যেই হদেন বিজ্ঞাশিক্ষায় বিশেষ উন্নতি লাভ করেন। তাঁহার স্থানর
মৃত্তি, তীক্ষবৃদ্ধি এবং অবশেষে তাঁহার উচ্চবংশীয়তার পরিচয়্ন পাইয়া কাজিদিগের
মধ্যে একজন তাঁহার সহিত কলাব বিবাহ দেন।
*

চাঁদপুরের অবস্থান লইয়া অনেক তক আছে। রক্মান সাহেব অনেক অস্পন্ধানের পর স্থির করিয়াছেন যে খুল্নার পূর্বাদিকে ভৈরবতীরে আলাই-পূরের সন্ধিকটেই চাঁদপুর অবস্থিত। আলাইজীন ছদেনের নামায়সারে আলাইপুরের নাম হইয়াছে। † প্রাচীন মাথে আলাইপুরের নাম থাকুক বা না থাকুক, তৎসন্ধিকটে চাঁদপুর বা চাঁদের বাজারের নাম আছে। আলাইপুর হইতে এক-মাইল পূর্বাদিকে গেলেই চাঁদের বাজারে, উহার অপর পারে অর্থাৎ ভৈরবের উত্তরপারে চাঁদপুর নামক গ্রাম। উহার একাংশে এখনও "কাজিডাঙ্গা" নামক স্থান আছে। সেখানে ২ ১টি পুকুর এবং ভগ্ন মস্জিদাদির ইপ্তকত্ত্বপ আছে, কিন্তু একণে তথায় কোন মুসলমানের বাস নাই। ঐস্থানে একণে কয়েক হার মুচি বাস করিতেছে। কাজিডাঙ্গা একণে ঘাটভোগের চট্টো গাধ্যায় মহাশয়ণণের সম্পাতির অস্তর্ভুক্ত। কাজিডাঙ্গার প্রাচীনত্ব সম্বন্ধে চাঁদপুরের মুসলমানগণের মধ্যে অনেক প্রবাদ প্রচলিত আছে। কাজিডাঙ্গায় কয়েক হার মাত্র লোকের বাস ছিল; উহার উত্তর ও পশ্চিমদিকে বিল এবং অন্ত হুইদিকে গড়থাই ছিল।

^{• &}quot;The cazy of Chandpore, having been informed of his illustrious descent, gave him his daughter."

Stewart's History of Bengal p. 126.

[†] J. A. S. B. (1873) p. 228 note.

[&]quot;Professor Blochmann is inclined to identify the Chandpore in question near Alaipur or Alauddins town on the Bhairab, east of Khulna in the Jessore District as the place where the Hossain Dynasty of Bengal independent kings, had its adopted home."

Riuz-us-Salatin edited by A. Salam p. 48 note.

এখনও তাহার স্থাপন্ট পরিচম পাওয়া যায়। গড়ের বাহির হইতে একটি প্রাণন্ড রাস্তা প্রান্তর ও গ্রাম পার হইরা, ভৈরবের কুল পর্যান্ত বিস্তৃত ছিল। যদিও ঐ রাস্তার অনেক স্থান নিকটবর্তী লোকে আয়্মাৎ করিয়াছে, তব্ও একটু যত্ন করিয়া দেখিলে সোজা প্রশন্ত রাস্তাটি বাহির করা যায়। এত প্রাণন্ত পথ সাধারণ কোন গ্রামে নাই। প্রবাদ আছে, হুদেন সাহ গৌড়েখর হইবার পরেও অনেকবার চাঁদপুর আসিয়াছিলেন, তথন তাঁহার রাজতরণী আসিয়া উক্ত রাস্তার মাথায় ভৈরবের ঘাটে লাগিত; তামকূট-সেবননিরত গল্পরসিক বৃদ্ধ অম্পুলি-সঙ্কেতে সেস্থান প্রদর্শন করিয়া থাকে। কিন্তু গল্প বলিয়াই ইহা উড়াইয়া দেওয়া চলে না। সাধারণ লোকের মধ্যে বহু পুরুষ ধরিয়া বে গল্প চলিয়া আসিতেছে, তাহার অতিরঞ্জনের অন্তর্গালে কিছু সত্য কথা নিহিত থাকে। এই গল্পের সহিত অন্তান্থ ঘটনার সামঞ্জন্ত সাধিত হইলে, একটা সজাব তথা স্বছ্ছন্দে ঐতিহাসিক উপাদান-রূপে গৃহীত হইতে পারে।

কাঞ্চিভাঙ্গায় এক্ষণে কাঞ্জিদিগের বস্তি নাই বটে, কিন্তু তথাকার কাজিগণ খুলনা সহর বা তল্লিকটবত্তী স্থানে বাস করিতেছেন এবং এখনও তাঁহারা এতদঞ্চলে সর্বাপেক্ষা সম্মানিত বংশ বলিয়া বিশেষিত হইয়া থাকেন। ত্রেন সাহের সহিত সম্বন্ধস্ত্র তাঁহাদের গৌরব বর্দ্ধিত করিয়াছিল। ত্রেন সাহ. তাঁহার ভাতা ইয়ুস্ফ, পুত্রম্ম নসরৎসাহ ও মামুদ্সাহ এই চারিজনের নামে যশোহর-খুল্নার প্রধান চারিটি প্রগণার নাম হইয়াছে। থালিফাতাবাদ অঞ্লে যে ছদেন সাহের সম্বন্ধ ছিল, তাহার আরও প্রমাণ আছে। খাঁ জাহানের সহরে হুদেন সাহের প্রকাণ্ড মস্জিদ ও দীঘি আছে। বর্ত্তমান বাগেরহাট সহর হইতে পশ্চিমমূথে তুই মাইল গেলে, ডানদিকে যে স্থন্দর দশগুষজ মসজিদ আছে. উহাই হুসেন সাহের মসজিদ। উহার ভিতরের মাপ ৬০ × ২৪ ফুট; প্রতি গুম্বজ্বের তলদেশের মাপ ১২´× ১২´ ফুট; এক এক সারিতে ৫টি করিয়া গুষজ। প্রাচীরের ভিত্তি ৬—৩" ইঞ্চি। মসজিদের সন্নিকটে প্রকাণ্ড দীঘি। হাপত্য বিষয়ে এই মস্জিদ খাঁ জাহানের অস্ত কোন মস্জিদ অপেকা ভিন্ন नहर : এक हे जेशानात्न अक हे अकात अशिवत हात्व गड़ा। मखनवः देश গাঁ জাহানের মৃত্যুর প্রাক্কালে বা অব্যবহিত পরে নির্ম্মিত হইয়াছিল। ছসেন দাহ গৌড়েশ্বর হইলে তাঁহার প্রভুত্ব প্রথমে তাঁহার এই পূর্ব্ব পরিচিত প্রদেশেই

প্রতিষ্ঠিত হইয়াছিল, কারণ দেখা গিয়াছে, তাঁহার প্রথম মূদা ফতেহাবাদ বা ফরিদপুরের ট^{*}াকশালেই মুদ্রিত হয়। * ছসেনের রাজত্বকালে তাঁহার জীবদ্দশাতেই তাঁহার জ্যেষ্ঠ পুত্র নদরৎসাহ থালিফাতাবাদের টাঁকশাল হইতে স্বীয় নামে মুদ্রাঙ্কিত করিয়াছিলেন। কেছ বলেন নসর্ৎসাছ পিতার জীবদ্ধশায় বিদ্রোহী হইয়া কিছুকাল থালিফাতাবাদে বাস করেন, তথনই স্থনামে মুদ্রাঞ্চিত করিয়া লইয়াছিলেন। কিন্তু তাহা বিশ্বাস হয় না ; সম্ভবতঃ বৃদ্ধ বয়সে হুসেন সাহ পুত্রকে পূর্ব্বাঞ্চল শাসন করিবার এবং নিজ নামে মুদ্রাঙ্কনের ভার দিয়াছিলেন। বঙ্গীয় স্বাধীন স্মলতানগণের রাজ্জকালে বন্ধদেশে যে একুশটি স্থানে টাকিশাল ছিল বলিয়া জানা যায়, + থালিফাতাবাদ তাহার অন্ততম থালিফাতা-বাদের তিন প্রকার রৌপামুদ্রা পাওয়া গিয়াছে। উহার ছুইটি নদরৎ সাহের নামান্ধিত এবং তৃতীয়টি তাঁহার কনিষ্ঠ ল্রাতা ও পরবর্তী স্মতলান, আবুল মুজ্ঞাফর মামুদ্দাহের (তৃতীয় মামুদ্দাহ) নামাত্রিত। প্রথম চুইটির তারিথ ৯২২ হিজরী বা ১৫১৬-৭ খুষ্টাব্দ এবং তৃতীয়টির তারিথ ৯৪২ হিজরী বা ১৫৩৫-৬ খুষ্টাব্দ। প্রথমটির ওজন ১৫৪ গ্রেণ এবং আকার এক ইঞ্চি অপেক্ষা কিছু কম অর্থাৎ 🖧 ইঞ্চি ব্যাস বিশিষ্ট; দ্বিতীয়টির ওজন ১৬৩} গ্রেণ ও ব্যাদ ১ ইঞ্চির কিছু অধিক; তৃতীয়টির ওজন ১৬৮ গ্রেণ এবং ব্যাদ ০৯৮ অর্থাৎ ১ ইঞ্চির কিছু কম। এই তিন প্রকার মুদ্রাই কলিকাতার বাহুখরে রক্ষিত হইয়াছে। ।

Stalics Catalogue of the coins in the Indian Museum, Calcutta" by H. Nelson wright, Vol II. pp 135-40-

^{• &}quot;Hussein first obtained power in the adjacent district of Faridpur or Fathahabad, where his first coin was struck in in 899 A. H." Riaz us-Salalin p. 129 (note'.

[†] খাখীন ফুলতানগ্ৰের রাজত্বলালে বঙ্গে নিম্নলিখিত ২১টি ছানে ট'কেশাল ছিল:—
লঙ্গেতি (গৌড়), ফিরোজাবার (গাঙ্রা , নাতগাঁও (সপ্তথাম), দোণার গাঁও, মুরাজ্জানারার (সন্তথাম), ফোনার্ন গাঁও, মুরাজ্জানারার (সন্তথাম), ফোরার্ন (গোড়ের সন্ত্রিকটে),
ফুলাহারার (ফরিরপুর), হুসেনারার, খালিফাতাবার (বাগের হাট), মুরঃফুরারার (পাঙ্রার সন্ত্রিকটে), চট্টগ্রাম, মহম্মরারার (হট), আরকার, তাওা, রোটারস্ব, জিলতাবার (গোড়),
নমরতাবার, বার্কাকারার, চালিতান (কামরপের সন্ত্রিকটে)। ইহার মধ্যে ফ্লাতান হুসের
সাইই ৬।গটি টাকশালে মুলা প্রত্ত করিয়াছিলেন। যশোহর খুল্নার নানাছানে এখনও
যথেষ্ট সংখ্যক হুসেনসাহী মুলা পাওয়া বার।





নসরৎ সাহের মুদ্রা



মামুদ সাহের মুদ্রা



থালিফাতা বাদের মুদ্রা



[৩৪৭ পৃঃ

শ্রীসতীশচন্দ্র মিত্তের যশোহর-থুলনা ইতিহাসের জ্ঞ

Engraved & Printed by K. V. Seyne & Bros.

প্রথম ও দ্বিতীয় প্রকার মুদ্রায় পার্ম্ভভাষায় যাহা লিখিত আছে, তাহার বঙ্গালুবাদ এই :---

প্রথম পৃষ্ঠ—"রাজা, রাজতনয়, পৃথিবীর মধ্যে বিশ্বাসবান্ এবং ধর্মভীক আব্ল, মুজঃফর,"—

অপর পৃষ্ঠ—"নদরৎ সাহ, রাজা, হোদেনীবংশীয় রাজা ছদেন সাহের পুত্র। জ্বাদীয়র তাঁহাকে এবং তাঁহার রাজা রক্ষা করুন। থালিফাতাবাদ, ৯২২।"

তৃতীয় প্রকার মূলায়ও প্রক্রপ আছে। প্রথম পৃষ্ঠ—"রাজা, রাজতনয়, পৃথিবীর মধো বিশ্বাসবান্ ও ধর্মজ্জ আব্ল মূজঃফর মাম্দ, থালিফাতাবাদ, ৯৪২"—

অপর পৃষ্ঠ—"সাহ, রাজা, স্মলতান হুদেন সাহের পুত্র, জগদীখর তাঁহাকে, তাঁহার রাজ্য ও রাজত্ব রক্ষা করুন।"

এই মুদা হইতে জানা যায় যে থালিফাতাবাদ অঞ্চলের সহিত হুসেন ও তবংশীয়দিগের কিছু ঘনিষ্ঠ সম্বন্ধ ছিল। আবার মাতৃলালয়ের মত বনিষ্ঠ সম্পর্ক কাহারও সহিত হয় না। নসরৎ সাহ পিতার মৃত্যুর পূর্ব্বে কেন সমন্ত দেশ ছাড়িয়া এ প্রদেশে আসিয়া থাকিতেন, তাহাও ইহা হইতে অফুমান করা যায়। স্থানীয় লোকে চাঁদপুরের সন্নিকটবর্ত্তী আলাইপুর, খোজাডাঙ্গা, সামস্ত্রসোণা, কাজিদিয়া, হোদেনপুর, ইউসফপুর প্রভৃতি গ্রামের সহিত হুসেনের সম্বন্ধ স্থাপন করিয়া থাকে। * তাহার সৈজেরা বেখানে শিবিরবন্ধ ছিল, তাহাই কাজিদিয়া; কাজিদিয়া শব্দের প্রক্রপ অর্থপ্ত আছে। । হুসেনের কোন আগ্রীয়ের বাড়ী ছিল বলিয়া একটি গ্রামের হোদেনপুর নাম হয়।

পূর্ব্বোক্ত সমস্ত কথাগুলি একজ পর্যালোচনা করিলে হসেন সাহের সহিত
টাদপুরের ইতিহাস বিজড়িত রহিয়াছে, তাহাতে সন্দেহ থাকে না। চাঁদপুর

ইইতে হসেন পরে গৌড়ের রাজসরকারে প্রবেশ করিয়াছিলেন। কিন্তু তিনি

ইঠাৎ যে উজীর হইয়া বিদিয়াছিলেন তাহা নহে। তাঁহার সম্বন্ধে আর একটি

রল্প প্রচলিত আছে। মুর্শিদাবাদ জেলায় জঙ্গী সব্ ডিভিসনের মধে। এক আনা

সামন্তনোণার ৪০ বিঘা জনিতে ছদেনের এক গড় ছিল। বর্ত্তনান মুক্তী থয়রাতৃল্যা

দর্শারের প্রশিক্ষণ সমন্ সর্জার ঐ গড়ে বাস করিতেন, গুনা বার।

^{† &#}x27;'नश्नि-है-कात्रद्यांगां'' भूखक खड़ेया।

চাঁদপাড়া' নামে একটি গ্রাম আছে। এইস্থানে স্থবন্ধিরায় নামক একজন সমদ্ধ জমিদার বাস করিতেন। কথিত আছে নবাব সরকারে প্রবেশ লাভের পূর্বে হুদেন এই স্থবন্ধিরায়ের বাড়ীতে কর্ম্মচারী ছিলেন। একদা স্থবন্ধি একটি দীঘি খনন করিতেছিলেন, উহার তত্তাবধানকর্মে তিনি যবক ছসেনকে নিযুক্ত করেন এবং পরে কোন দোষ পাইয়া তাহাকে চাবক মারিয়াছিলেন। * তুসেন গৌড়েশ্বর হওয়ার পরে, পূর্ব্ব প্রভু অবুদ্ধিরামকে চাঁদপাড়া গ্রাম দান করিয়াছিলেন; যবনের দান লইতে স্থবৃদ্ধি রায় অস্বীকৃত হইলে, ছদেনই উহার এক আনা মাত্র কর ধার্য্য করিয়া দেন। তদবধি ঐ গ্রামের নাম হইয়াছে, এক আনা চাঁদপাড়া। হুদেন তাঁহার প্রচদেশে চাবুকের কথা গুপু রাথিয়াছিলেন। তিনি রাজা হইলে কোন সময়ে তাঁহার স্ত্রী তাহা দেখিতে পান। তথন স্ত্রীর প্ররোচনায় হুসেন স্থব্দিরায়কে জাতিচাত করিয়া-ছিলেন। ভূসেন চাঁদপুরে কাজির কন্তা বিবাহ করেন এবং পরে চাঁদপাড়ায় স্তবিদ্ধিরায়ের চাকরী করেন। কেহ কেহ ইহা হইতে চাঁদপুর ও চাঁদপাড়া অভিন্ন গ্রাম বলিয়া স্থির করিয়াছেন: এজন্ম কান্সির কন্সার নিকট চাবুকের ব্যাপারটা আনুক্রদিন পরে জানিতে পারা একটা অস্থাভাবিক ঘটনা হইয়াছে। * বাম্ববিক চাঁদপুর ও চাঁদপাড়া এক গ্রাম নহে। চাঁদপুর খুল্না জেলায় এবং চাঁদপাড়া মুর্শিদাবাদ জেলায় অবস্থিত। হয়ত চাঁদপাড়া প্রামে চাঁদপুরের কাজিদিগের কোন পরিচয়স্থতে, হুসেন তথায় যাইতে পারেন। তথা হইতে তিনি গৌড়ে উপন্তিত হন। দৈয়দ বংশীয়দিগের রাজস্বকালেই তিনি রাজসরকারে প্রবেশ করেন। ভাগ্য ও প্রতিভার পথ সর্ববৈই উন্মুক্ত থাকে। তাই গোপালন-নিবত নগণ্য বালক স্বীয় প্রতিভাবলে একদিন গৌডের রাজতক্তে উপবিষ্ট হইয়া বিশালবিস্তীর্ণ রাজ্য রামরাজ্যের মত শাসন করিয়াছিলেন। সে রাজ্য শুধু বঙ্গে

[&]quot;পূৰ্ফো যবে সুবৃদ্ধি রায় ছিলা গোড় অধিকারী দৈয়দ তদেন থা করে ভাষার চাকরী। দীঘি থোদাইতে ভারে মনসীব কৈল, ছিত্র পাঞা রায় ভাগে চাবুক মারিল।" চৈতত চরিতামূত, মধ্যলীলা।

হবুদ্ধিরার গৌড়াধিশ ছিলেন না; "গৌড় অধিকার" গঠে বোধ হয় ঠিক নহে। রায়সাংহ্র দীনেশচল্র দেন মহাশরের নিকট যে ২০০ বংস্তের অধিক প্রাচীন পু'থি আছে, তাহাতে গৌড় শব্দ নাই। "বঙ্গভাষা ও সাহিত্য" ৩৮৬ পু:।

দীমাবদ্ধ ছিল না, উহা বেহার, টড়িয়া, আসাম ও আরাকাণ পর্যান্ত বিস্তৃত হইরাছিল—সর্ব্বেই প্রজার তাঁহার ছর্দ্ধর্ম পরাক্রম, উদার শাসনপ্রণালী এবং উচ্চ হৃদরের পরিচয় পাইত। এই বিখ্যাত নরপতির বাল্যলীলা-ভূমিরপে খুল্নার কিছু গৌরব করিবার আছে। উহাই আমরা এখানে আলোচনা করিয়াছি, নতুবা তাহার রাজত্বের বিস্তৃতবিবরণী প্রদান করা এখানে সম্পূর্ণ অপ্রাসন্দিক।

অন্টম পরিচ্ছেদ--রূপস্মাতন।

ভারতবর্ধের অন্তান্থ প্রদেশের মত বঙ্গেরও একটা বিশেষত্ব আছে। মহারাষ্ট্রের বিশেষত্ব শিবাজী, রাজপুতনার বিশেষত্ব বীরত্ব, পঞ্জাবের শিথনীতি অবোধ্যাদি প্রদেশের রামকথা, বিহারের জৈনবৌদ্ধ-বিহার আর বঙ্গের বিশেষত্ব চৈতন্তথর্ম। জগতে বাহা কেহ কথনও শুনার নাই, বঙ্গদেশ চৈতন্তের মুখে ভগবানের সেই নামের মহিমা শুনাইরা, বহুদেশের চৈতন্ত্য-সম্পাদন করিরাছে। অস্ত্রেশন্ত্রে নহে, বঙ্গ শুধু অশ্রুণাতে নামান্থকীর্ত্তনে আত্মপ্রতিষ্ঠা করিরাছে। প্রেম বঙ্গে রূপ পরিগ্রহ করিরা চৈতন্ত্য-মূর্ত্তিতে আবির্ভূত হইয়াছিল। আর সে রূপের মহিমার শিক্ষা দীক্ষা, শাস্ত্র ইতিহাস, তান্ত্রিক বামাচার, মারাবাদীর শুদ্ধতক্ত ভাসাইরা লইরা গিরাছিল। তাহার ফলে দীনা বঙ্গভাষা স্বরতরঙ্গিণীর তরঙ্গভঙ্গের মত প্রবলতা ও পবিত্রতা পাইরা ধন্ত হইয়াছিল; আর বাঙ্গালীর জাতীয়তা এক নবপ্রকৃতি পরিগ্রহ করিয়া ভারত প্রাঙ্গণে নৃত্য করিতেছিল।

কোন নদীর স্থানবিশেষে জলোচ্ছ্বাদ হইলে, তাহার নাম বাণ; আর পার্কতা জলোচ্ছ্বাদ যথন নদীর ছ'কুল ছাপাইয়া দেশ ভাষাইয়া চলিয়া যায়, তথন তাহার নাম বক্সা। স্থানবিশেষে প্রচলিত অবস্থার বিপক্ষে মৃষ্টিমেয় লোকের বে উথান তাহার নাম বিদ্রোহ; আর সমস্ত দেশ ভরিয়া প্রতিষ্ঠিত অবস্থার বিক্রছে অগণিত জনসংঘের যে আন্দোলন, তাহার নাম বিশ্লব। বাণের মত বিশ্লোহ স্থানিক ও সাময়িক; বস্থার মত বিশ্লব দেশবাণী ও দীর্মকারী হয় । বিশ্লোহের

মূল বাহ্নিক কিন্তু বিপ্লবের কারণ স্বাভাবিক হইয়া থাকে। পার্চান্যুগে বজের নানাস্থানে হিন্দু-মূসলমানে যে বিবাদ, তাহা বিদ্রোহের সংজ্ঞাভুক্ত; আর হুসেন সাহের আমলের স্থবণ্যুগে প্রীতৈতন্ত কর্ভৃক যে দেশময় ধর্মান্দোলন হইয়াছিল, তাহা বিপ্লব। ফরাদী বিপ্লবে সমস্ত ইয়ুরোপের গতিমতি ফিরাইয়া দিয়াছিল, চৈতন্ত বিপ্লবে এক নৃতন ছাঁচে গড়িয়াছে। কিন্তু চৈতন্ত যে বিপ্লবের প্রবর্ত্তক, তাহার পথ বহুদিন হইতে প্রস্তুত হইতেছিল। চৈতন্তের জ্বেয় নবহীপ পবিত্র ইইয়াছে বটে, কিন্তু শত শত চৈতন্তের আবির্ভাবে বঙ্গের প্রতিবিভাগ তথন সে আন্দোলনের পোষকতা করিবার জন্ম উদ্গ্রীব হইয়াছিল। নগণা যশোহর-পুল্নাও তথন সে যজ্ঞের আহতি দিতে পরায়ুথ হয় নাই। চৈতন্ত কেন্দ্রমূত্তি হইলেও, রূপসনাতন বা হরিদাসের মত তাঁহার ভক্ত পার্বদগণ যে তাঁহার পার্যদেশ সমূজ্ঞ্জল করিয়াছিলেন, তাহাতে সন্দেহ নাই। যশোহর-খুল্নার রূপসনাতন ও হরিদাস স্বীয় স্বীয় জন্মপল্লার গণ্ডী ছাড়াইয়া বৈষ্ণবধর্মের স্থান্ত কন্তরূপে দেশের সম্পত্তি হইয়া রহিয়াছেন। আমরা রূপসনাতনের পুণ্ণকথা এখানে বলিয়া পরে হরিদাসের পবিত্র প্রসঙ্গ তুলিব।

পাঠান-রাজত্বের শেষাংশে চৈতস্তই প্রধান চরিত্র। তাঁহাকে বাদ দিরা বঙ্গের ইতিহাসের কথাও চলে না, জেলার ইতিহাসও হয় না। জেলায় জেলায় যে ক্ষুদ্র ক্ষুদ্র চৈতত্যের আবির্ভাব হইয়াছিল, তাহা বাদ দিলে চৈতত্যের প্রভাব নিস্তাভ হইয়া পড়ে। রূপসনাতনের অক্টিত শাস্ত্রজ্ঞান ও হরিদাসের অলৌকিক প্রেমোন্মাদ একত্র করিলে চৈতস্তের আভাস পাওয়া যায়। তাই যশোহর-খুল্না চৈতস্ত ছাড়া নহে।

স্থলতান হুদেন সাহ 'হিন্দু-প্রতিভার বিশেষ সমাদর করিতেন। তিনি বাছিয়া বাছিয়া হিন্দুর মধ্য হইতে তাঁহার উচ্চ কর্মচারী নির্মাচন করিতেন। রাজত্বের প্রথম হইতে তাঁহার প্রধান অমাত্য ছিলেন, দক্ষিণরাটীয় কায়য়্বকুলতিলক গোপীনাথ বস্থ। এই গোপীনাথকে তিনি উপাধি দিয়াছিলেন পুরন্দর খাঁ। পুরন্দর খাঁর পর তাঁহার প্রধান অমাত্য বা উজীর হইয়াছিলেন রূপ ও সনাতন। সনাতন শেষজীবনে বৈষ্ণবতোষিণী নামক এক প্রস্থ রচনা করেন; তাঁহার ভাতুপুত্র জীবগোস্বামী তাঁহার অমুমতিক্রমে উহার সংক্ষেপ করিয়াছিলেন। ইহারই নাম "ল্যুতোষিণী"। ল্যুতোষিণী হইতে রূপসনাতনের

বংশপরিচম পাই। ইহা অপেক্ষা প্রামাণিক বিবরণ আর কিছু হইতে পারে না ; উহাই এথানে প্রদন্ত হইতেছে।

কর্ণাট দেশে জগদ্গুরু নামক এক রাজা ছিলেন। তাঁহার পুত্র অনিরুদ্ধদেব। অনিরুদ্ধের ছই পুত্র; জ্যেন্ঠ রূপেথর, কনিন্ঠ হরিহর। উদ্ধৃত হরিহর জ্যেন্ঠকে তাড়াইয়া দিয়া নিজে রাজা হন। রূপেথর সপত্নীক গৌলত্তাদেশে পলায়ন করেন। * তথায় তাঁহার পদ্মনাভ নামে এক সর্বরণাহিত পুত্র হয় (১০০৮ শক)

'ফুরৎ স্থরতরঙ্গিণী-ভটনিবাদপর্যুৎস্থকঃ, ততো দম্জমর্দনিশিতিপ-পূজ্যপাদঃ ক্রম তবাদ নবহটুকে দ কিল পদানাভঃ ক্রতী।'' †

অর্থাৎ পদ্মনাভ গঙ্গাতটে বাদ করিতে সম্ৎস্ক হইয়া, রাজা দল্জমর্দন কর্ত্বক পূজিত হইয়া গঙ্গাতীরে নৈহাটি গ্রামে বসতি করেন। পদ্মনাভের পাচ পুল্ল জন্মে। তাঁহাদের নাম পুরুষোত্তম, জগন্নাথ, নারায়ণ, মুরারি, মুকুন্দ। দর্মাকনিষ্ঠ মুকুন্দের পুল্লের নাম কুমার। তিনি—

"কিঞ্চিদ্ দ্রোহমবাপ্য সংকুলজনি বঁকালয়ং সঙ্গতঃ।"

অর্থাৎ বিশেষ কোন বিবাদের জন্ম তিনি জন্মস্থান ত্যাগ করিয়া বঙ্গদেশে উঠিয়া যান। তথায় তাঁহার তিন পুত্র জন্মে; দর্বজ্যেষ্ঠ সনাতন, মধ্যম রূপ ও কনিঠ বল্লভ বা অনুপম। বল্লভের পুত্রই স্ক্রিথ্যাত জীব গোস্বামী।

এই বর্ণনা হইতে আমরা দেখিতে পাইলাম যে পল্ননাভ যথন নৈহাটিতে বাসস্থান নির্দেশ করেন, তথন তিনি দহজ্মর্দন নামক এক রাজার ছারা পৃত্তিত হইয়াছিলেন। আমরা পূর্বে দেখিয়াছি, মহেল্রদেব যবনকুল নাশ করিয়া ১৪১৪ খৃষ্টাব্দে পাঞ্নগরে এক রাজ্য স্থাপন করেন। ১৪১৭ খৃষ্টাব্দে তাঁহার মৃত্যুর পর তৎপুত্ত দহজ্মর্দনদেব চন্দ্রীপে গিয়া এক রাজ্যস্থাপন

পৌলতা দেশ নামক কোন বিশেষ দেশ আছে বলিয়া জানি না। পৌলতা কুবেরের
থ ন্য নাম। উত্তর দিক্ই কুবেরের রাজ্য। স্তরাং রূপেরর উত্তর দিকে আসিরা ছিলেন,
ইহাই বোধ হয়। কর্ণাট হইতে বল উত্তর দিকে অবস্থিত। সভবতঃ রূপেরর এই সময়ে
বলেই আসিয়াছিলেন। সেনয়লগণও পুর্কে কর্ণাট হইতে এলেশে আসেন।

^{+ (}दद्दिव्य, २)म वक्ष, ३०१ मुद्री ।

করেন। দমুজমর্দন দেবদিজে ভব্তিপরায়ণ ছিলেন। রূপেশ্বর কর্ণটি ত্যাপ করিয়া বঙ্গে আদিলে সম্ভবতঃ রাজধানীর সিয়কটে গৌড় বা পাগুনগরে বাসস্থান নির্দেশ করিয়াছিলেন। তৎসত্ত্রে দেববংশীয় রাজগণের সহিত তাঁহার পরিচয় হওয়া অসম্ভব নহে। যে বিজ্ঞাটে দমুজমর্দন পাগুনগর ত্যাগ করিয়া চক্রদ্রীপে গিয়াছিলেন, তাহারই ফলে পদ্মনাভেরও পাগুনগর ত্যাগ করিছে হয়। দমুজমর্দনের রাজ্যস্থাপনের পরে তিনি চক্রদ্রীপে গিয়া তৎকর্ভৃক সৎকৃত হইয়াছিলেন; এবং তাঁহারই নিশ্বট হইতে ভূমিবৃত্তি পাইয়া গঙ্গাতীরে নৈহাটিতে বাস করেন। ১৪২০ খৃষ্টাব্দের নিকটবর্ত্তী কোন সময়ে এই ঘটনা হইতে পারে। গঙ্গাতীরে তাঁহারা ছই পুরুষ বাস করিয়াছিলেন; তাহাতে ৫০ বৎসর কাটিয়া যাইতে পারে। স্কতরাং পদ্মনাভের পোত্র দিলিবর কুমারের গঙ্গাবাস ত্যাগের কাল ১৪৭০ খৃষ্টাব্দ আফুমানিক ধরিতে পারি।

"ভক্তি রক্লাকর" নামক বৈষ্ণবগ্রহে দেখিতে পাই, কুমার নৈহাটি পরিত্যাগ করিয়। ফতেহাবাদ সরকারে গিয়। বাস করেম। বর্তমান ফরিদপুরের পুরাতন নাম ফতেহাবাদ। কিন্তু ফতেহাবাদ সরকার বহু বিস্তৃত ছিল। আইন আকবরি হইতে জানিতে পারি, এই বিস্তৃত ফতেহাবাদ সরকার পূর্ককোণে সন্দীপ হইতে আরম্ভ করিয়া থালিফাতাবাদ, ইউনফপুর, রম্বলপুর অর্থাৎ খুল্না-যশোহরের অধিকাংশ অধিকার করিয়াছিল। কুমার এই বিস্তৃতরাজ্যের কোথায় বাস করিয়াছিলেন ?

আমরা স্থানীয় অন্প্রস্থানে জানিতে পারিয়াছি যে বান্ধণকুলতিলক কুমার প্রাচীন সেথহাটি, জগরাথপুর, তপনভাগ, দেয়পাড়া প্রভৃতি ব্রাহ্মণপ্রধান পর্মীর সির্নিকটে বিস্তীণ ভৈরবনদতীরে চেঙ্গুটিয়া পরগণার অন্তর্গত প্রেমভাগ নামক প্রামে বসতি নির্দ্দেশ করিয়াছিলেন। * তথন চেঙ্গুটিয়া পরগণার নামকরণ হয় নাই। ঐ স্থান ইউসফপুর পরগণার এবং ফতেহাবাদ সরকারের অন্তর্গত ছিল। এই প্রেমভাগে কুমারের লোকবিশ্রত পরম ভক্ত পুত্রব্র জন্মগ্রহণ করেন। যে ভগবৎপ্রেমের লীলারঙ্গে এক সময়ে সমগ্র ভারতভূমি বিপ্লাবিত হইয়াছিল, সে প্রেমের আদি প্রস্তব্যুমি আদ্ধ শাশানে পরিণত হইয়া রহিয়াছে! য়াহারা

বিশকোষে ও চেলুটিরার সরিকটে রপানাতনের মঠের কথা উলিখিত ছইরাছে
১২ল বঙ, ১৩৬ গৃঃ।

মধুরা বৃন্দাবনের অসংখ্য লুগুতীর্থের পুনক্ষার করিয়া ক্ষণীলা পুনর্জীবিত করিয়াছিলেন, আজ তাঁহাদের জন্মভূমির গুগুতত্ব উদ্বাটিত করিবার কেহ নাই!

যশোহর জেলার চেচ্সুটিয়া নামক রেগওয়ে ষ্টেশনের এক মাইল পশ্চিমদিকে প্রেমভাগ গ্রাম অবস্থিত। সাধারণ লোকের মৌথিক ভাষার উহা এক্ষণে পমভাগ হইরাছে। প্রেমভাগ এক্ষণে নদী হইতে সামান্ত দ্বে পড়িয়ছে বটে, কিন্তু পূর্বের থমন ভৈরব জগরাথপুরের দক্ষিণ সীমা দিয়া প্রবাহিত হইত, তথন প্রেমভাগ নদীর সন্নিকটে ছিল। এক সমরে তপনভাগ বা তপোবন ভাগ এবং প্রেমভাগ পরম্পর সংলগ্ন গ্রাম ছিল এবং উহা সেথহাটি বা জগরাথপুরেরই অংশ-বিশেব ছিল। পূর্বের আমরা এ সম্বন্ধে বিশেষ আলোচনা করিয়াছি। * এই প্রেমভাগে কুমারের প্রথম পুত্র সনাতন ১৪৮০ খুষ্টাব্দে জন্মগ্রহণ করেয়। চৈতত্যদেব ১৪৮৫ খ্রীষ্টাব্দে জন্মগ্রহণ করিয়া ১৫০৯ খ্রীব্দে সন্নাাস অবলম্বন ও ১৫০০ খ্রীব্দে এবং সনাতন তাহারও হা বংসর পরে সংসার ত্যাগ করেন। সনাতন ১৫৫৮ খ্রীব্দে ও রূপ ১৫৫৯ অব্দে লোকান্তরিত হন। ইহা হইতে দেখা বাইতেছে চৈতত্যদেব বর্ষের স্থলাতন অপেক্ষা গাঁচ বংসর ছোট এবং রূপ অপেক্ষা চারি বংসর বড়। রূপ সনাতন অপেক্ষা আগ্রে সংসার ত্যাগ করেন বলিয়া তাঁহারই নাম অগ্রে কথিত হয়।

সনাতন অতি অন্নবন্ধনে হুসেন সাহের রাজসরকারে প্রবেশ করেন, এবং তীক্ষুবৃদ্ধিবলে অসাধারণ উন্নতি লাভ করেন। করেক বংসর পরে দ্বপুপ তাঁহার সহান্দক হন। অন্নদিনে উভয়ন্ত্রাতা হুসেনী রাজ্যের হুর্ত্তাকর্ত্তা বিধাতা হুইরা উঠেন। হুসেন সাহ সনাতন ও ক্লপকে যথাক্রমে "সাকর মলিক" ও "দবীর থাস" উপাধি দিয়াছিলেন। গোড়ে রামকেলিতে তাঁহাদের বাসাবাটী ছিল; তথার উভর ন্রাভার থনিত দীবি ও অন্তান্ত কীর্ত্তিহিল আছে। তৈতন্ত্রব

२२६- • भूठा ।

[&]quot;চৌৰণত সাত শৰে কৰের অমাণ চৌৰণত পঞ্চারে হইলা অন্ধর্মিন।" চৈঃ চঃ।

দর্শনলাভ করিয়া উভরে এমন আত্মহারা হন যে রাজপ্রতিম শক্তি-সমৃদ্ধি পরিত্যাগ করিয়া পলায়ন করেন। অপ্রে রূপ রাজকার্য্য পরিত্যাগ করেন, পরে সনাতন ব্যপ্র হইলে হুসেন তাঁহাকে কিছুতেই নিরস্ত করিতে না পারিয়া কলী করেন; তথন সনাতন কারারক্ষীকে উৎকোচ দিয়া ছুটিয়া গিয়া চৈতস্তের কুপালাভ করেন। উভয় প্রাতায় ৪০ বৎসরেরও অধিককাল মথুরা রূলাবনে ধর্মদাধনায়, শান্ত-চর্চায় এবং ভক্তিগ্রস্থরচনায় অতিবাহিত করেন। তাঁহারা বেমন অসাধারণ পণ্ডিত, তেমনি সর্বত্যাগী ভক্ত সয়্মাদী। জ্ঞান-ভক্তির অপূর্ব্ব দিয়ালনে তাঁহাদের মধুর চরিত্রকথা অসংখ্য বৈষ্ণবগ্রস্থকে মধুময় করিয়া রাথিয়াছে। এখানে অপ্রাসঙ্গিক হইবে আশস্কায় আমরা সে মধুর কথা বলিবার লোভ অত্যক্ত অনিজ্যায় সম্বরণ করিলাম। * আলু যে মথুরা বূলাবনের বেথানে সেখানে কৃষ্ণলীলার ঐতিহাদিকতা প্রতিপাদন করিতেছে, আজ যে ব্রজ্মণ্ডলে বৃল্পাবনধাম বাঙ্গালীর প্রতিপত্তি, বাঙ্গালীর কীর্ত্তিক্থায় পূর্ণ হইয়া রহিয়াছে, রূপসনাতন তাহার মূল। এ বিষয়ে যশোহরবাসীয় যথেষ্ট গৌরব করিবার আছে।

সংসার ত্যাগ করিবার পর গোস্বামী ভ্রাত্বয় বোধ হয় কথনও জন্মস্থান প্রেমভাগে আসেন নাই। তবে তাঁহারা যথন গোড়ে উচ্চপদে সমাসীন ছিলেন, তথনই তাঁহাদের সহিত আদি নিবাসের কিছু সম্পর্ক ছিল। তাহার কিছু কিছু পরিচয় এখনও পাওয়া যাইতেছে। † রূপসনাতনের কীর্ত্তিহুগুলিকে চারি-শ্রেণীতে বিভক্ত করিতে পারি। প্রথমতঃ তাঁহাদের জলাশয়সমূহ। সরকারী রাস্তা হইতে প্রেমভাগ গ্রামের মধ্যে প্রবেশ করিলে কতকগুলি প্রকাশু প্রকাশু পুকুর সর্কপ্রথমে দর্শকের দৃষ্টি আরুষ্ট করে। সর্কপ্রথমে (১) সদরপুকুর। ইহার দক্ষিণের ঘাটটে প্রস্তর্বারা বাধা ছিল। বহুদিন পূর্বে ইংরাজ আমলে একবার সরকারী রাস্তার পুল নির্মাণের ইট প্রস্তুত করিবার জন্ত পুছরিবীর থাতের দক্ষিণদিকে গর্ভ খনন করা হয়, তথন সেই পুরাতন বাধাঘাটের প্রস্তর্কু

 [ৈ]চতন্য দে বর সমস্ত চরিত-প্রছে এবং ভক্তমালে ভক্ত পঠিক রূপ ও সনাতন গোস্বামীয় অপরূপ চরিত্র পাঠ করিবেন। বিশ্বকোধে "সনাতন" প্রবন্ধ ক্রষ্টব্য।

[†] বিশ্বকোষেও চেকুটিয়ার সল্লিকটে রূপসনাতনের মঠের কথা উদ্যিত্ত হুহুসাক্ত্র ২১শ বঙ্ক, ১৩৬ পূঃা

ভিত্তি দেখা গিয়াছিল। এই দক্ষিণ পাহাড়ের সন্নিকটে রূপসনাতনের বসতি বাড়ী ছিল। এখনও সেথানে স্থানে স্থানে প্রাতন ইট পাওয়া যায়। (২) চা'ল ধােয়ানীর পুক্র—বর্তমান হাটের দক্ষিণ পশ্চিম কােণে অবস্থিত। (৩) মধ্যপুক্রিণী বা বামনের পুক্র; ইহা সদর পুক্রের পূর্বধারে অবস্থিত; এ পুক্রে বিদিয়া বান্ধণেরা সন্ধ্যান্থিক করিতেন। (৪) মধ্যপুক্রের পূর্বদিকে কাণাপুক্র। (৫) সরকারী রাস্তার পশ্চিমে এক্ষণে ধােপার পুক্র নামে অভিহিত। (৬) ছােটপুক্রিয়ার, ইহা বর্তমান বাহির্ঘাট গ্রামের মধ্যে পড়িয়াছে। (৭) হটপুক্রিয়া—বেলের রাস্তার পশ্চিম গায়ে অবস্থিত। এই ৭টি পুক্রিণী রূপসনাতনের সম্মের থনিত বলিয়া কথিত। সাংরাজ নামে আর একটি পুরাতন থাত ছিল, কিন্তু উহা এই সাতপুক্রের অন্তর্ভুক্ত নহে।

বিতীয়তঃ রূপদনাতনের মঠবাড়ী। পমভাগের দীমার মধ্যে দিলিয়াবাওড়ের পশ্চিমধারে একটি আমবাগান আছে; উহা মঠবাড়ী নামে থাতে। এথানে রূপদনাতনের একটি বিথাত দেবমন্দির ছিল; সে মন্দির একণে মৃত্তিকাপ্রোথিত হইরাছে। তৃতীয়তঃ পাটবাড়ী। প্রেমভাগের গায়ে গাদগাছি গ্রামে ২৫ বিঘা জমিতে বিস্তৃত বাগান ছিল। এ বাগে ফলের বৃক্ষই অধিক ছিল। বাগানের মধ্যে পুরুর ছিল। এথানে পাটপুজা, দেউলপুজা, দোলপুজা প্রভৃতি উৎসব হইত। এইজয় ইহার নাম ছিল পাটবাড়ী। চতুর্থতঃ ফুলবাড়ী—উক্ত বাগানের সন্নিকটে কয়েক বিঘা জমিতে স্কল্ব ফ্লবাগান ও পুকুর ছিল। পার্যবন্তা উত্তমনগর গ্রামেও কিছু কিছু কীত্তিচিক ছিল। পুক্ষাম্বলমে এই সকল স্থানের অধিকার রূপসনাতনের বংশীয়গণের ছিল।

রূপসনাতনের অন্ত কোন জ্যেষ্ঠ প্রতা থাকিবার সম্ভব। তাঁহার থ্যাতি-লাভের কোন কারণ ছিল না। তাই তাঁহার নামও কোন গ্রন্থে উনিধিত হয় নাই। রূপের সংসার ত্যাগের পর যখন সনাতন রাজকার্যো শিথিলপ্রবন্ধ ইইয়া পড়িয়াছিলেন, তথন একদা ছসেন সাহ তাঁহাকে ভিরক্ষার করিয়া বলিয়াছিলেন—

> "তোমার বড় তাই করে কয়া ব্যবহার জীব বহু মারি কৈল চাকলা ছারখার হেখা ভূমি কৈলা মোর সর্ক্ত কার্য নাল

সম্ভবতঃ রাজকার্য্য উপলক্ষে রূপসনাতন রামকেলিতে বাস করিবার পর উক্ত জ্যেষ্ঠন্রাতা কোন চাকলার কর্মাধ্যক্ষরপে প্রেমভাগে বাস করিতেছিলেন। তাঁহার কথা উল্লেখ করিয়া হুসেন সাহ সনাতনকে তিরয়ার করিয়ছিলেন। পামানাভের সময় হইতে চন্দ্রনীপেও একটি বাড়ী ছিল। ঐস্থানে কনিষ্ঠ প্রাতা বল্লভ বাস করিতেন। এই বল্লভের পূত্র মুপ্রসিদ্ধ প্রীজীব গোস্বামী। জীব আতি শিশুকালে রামকেলিতে লোঠতাতত্বরের সহিত বাস করিবার সময় চৈতন্ত্র-দেব তথায় গিয়াছিলেন। জীব গোপনে মহাপ্রভুকে দেখিয়াছিলেন। রূপসনাতনের গৃহত্যাগের পর জীবও নবধর্ষ্মে আত্মমর্শণ করিতে ব্যাকুল হইয়া পড়েন। তথন তিনি চন্দ্রনীপে বাস করিতেছিলেন। "ভক্তিরয়্মাকরে" আছে:—প্রীজীব

"প্ৰধ্যয়ন ছলে নবদ্বীপ ধাত্ৰা কৈল। *
চক্ৰদ্বীপবাসী লোক বিচারিল মনে।
অবশ্য প্রীক্ষীব বাইবেন বৃন্দাবনে।
শ্রীক্ষীব সঙ্গের লোক বিদায় করিয়া।
ফতেয়া হইতে চলে এক ভৃত্য লইয়া॥"

এই ফতেয়া হইতে ফতেহাবাদের অন্তর্গত প্রেমভাগই ব্ঝাইডেছে। এখান হইতে জীব প্রথমতঃ নবহীপ, পরে কানীতে বিথ্যাত গুরুর নিকট বেদান্তাদি দর্শনশান্ত্রে অসাধারণ পাণ্ডিতালাভ করিয়া বৃন্দাবনে গিয়া জ্যেষ্ঠতাত প্রীক্ষপের নিকট দীক্ষা গ্রহণ করেন। "বৈশুব দিগ্দর্শনী" হইতে জানা যায় জীব ১৫১৩ গ্রীষ্ঠাব্দে জন্মগ্রহণ করিয়া ১৫৩০ গ্রীষ্ঠাব্দে নবহীপ যান। † রূপসনাতনের দেহত্যাগের পর জীবই বৃন্দাবনে প্রধান গোস্বামী হন। বৃন্দাবনের আচার্যাপদে মহাপ্রভু রূপসনাতনকে বরণ করিয়াছিলেন। তথাকার আচার্যাদিগের মধ্যে হে ছরজন গোস্বামী বৈশ্ববজ্ঞগতে সর্বজ্জনপরিচিত হইয়াছেন, তন্মধ্যে রূপসনাতন এবং শ্রীবই প্রধান।

তথন ভাষার বয়স ২০ বৎসর মাত্র, স্বতরাং ১৯৫৫ শব্দ। সেই বৎসরই চৈতন্য রেছ
ভাগে করেন।

⁺ विश्वकाव, मक्षम थ्य, ३०३ शृष्टी।

"শ্রীরূপ, সনাতন, ভট্টরঘুনাথ, শ্রীজীব, গোপাল ভট্ট, দাস রঘুনাথ।"

প্রেমভাগ প্রভৃতি স্থানে প্রবাদ আছে, সনাতনের জ্যেষ্ঠভ্রাতা প্রকৃতই অভ্যাচারী ছিলেন। তিনি এক ব্রাহ্মণের স্থমি আত্মসাং করিয়া লন। এই ব্রাহ্মণ এই ঘটনা বৃন্দাবনে গিয়া প্রীক্রপকে জানান। প্রীক্রপ তাহাতে নিম্নলিখিত শ্লোকের আত্মকর করেকটি একথানি পাথরের উপর লিখিয়া ব্রাহ্মণের হত্তে প্রদান করেন; ব্রাহ্মণ উহা উক্ত ব্রাতাকে দেখাইয়া নিম্নতি লাভ করেন। উক্ত ব্রাতাও সেই উপদেশে প্রেমভাগের বাস ভ্যাগ করিয়া গঙ্গাতীরে যান। সে শ্লোকটি এই ঃ—

"ষত্পতেঃ কগতা মথুরাপুরী রঘুপতেঃ কগতোত্তরকোশলা। ইতি বিচিন্তা কুরুদ্ব মনঃ স্থিরং নসদিদং অগদিতাবধারর ॥"

ইহার আগুক্ষরসম্বালিত "যরইন" অন্ধিত একথানি প্রস্তর্যুক্তলক বছকাল প্রেমভাগে ছিল। * এমন কি ছই একজন বৃদ্ধলাকে তাহা দেখিয়াছেন বলিরাও শুনা গিরাছে। এই গ্রাট আবার সনাতনের উপরও আরোপিত হইরা থাকে। অর্থাৎ প্রীরূপের নিকট হইতে উক্ত প্রস্তর্যানি পাইরা সনাতন সংসার ত্যাগ করেন। † কিন্তু সনাতন ব্যতীত শ্রীরূপের অন্ত কোন জ্যেষ্ঠ প্রাতা না থাকিলে, উক্ত পাথরথানির প্রেমভাগে থাকা অসম্ভব হয় এবং ছসেন সাহের চাকলা ছারথার করার তিরস্থারের সামঞ্জ্য করা যায় না। এসম্বন্ধে আরও একটা কথা আছে; প্রেমভাগের প্রকৃরগুলি, মঠবাড়ী, ক্লবাড়ী, পাটবাড়ী, উন্ধনগর প্রভৃতি স্থানগুলি কাটোয়ার নিকটবর্ত্তী দক্ষিণথণ্ডের গোমামিবংশীয়নিগের অধিকারভুক্ত ছিল। এখনও কভকাংশ তাঁহাদের আছে; অবশিষ্ট কোন প্রকারের নাড়াইলের জ্যমিনারগন আত্মাধিকারভুক্ত করিয়া লইয়াছেন। এই

কেছ কেছ বলেন উক্ত লিপিতে লোকটির আবাদকর ও শেবাকর লাইয়া "বর্মীয়লাইয়া
নর" এই জ্বাকর লেখা ছিল। বল্পীর সমাজ ১২১ পুঃ।

[†] চৈতনা চরিতামূতে আছে যে রূপের পত্র পাইরা স্বাতন কার্য জ্ঞাগ করেন, কির্
এরপ কোন মোকের কথা নাই।

গোস্বামিগণ নিশ্চিতই রপসনাতন বা তাঁহাদের কোন প্রতার বংশধর। রূপসনাতন রাজকার্য্যের জন্ম প্রভূত ভূসম্পত্তি জারগীরস্বরূপ পাইয়াছিলেন, এবং
কর দিয়া উহা ভোগদথল করিতেন। ভক্তিরত্বাকারে তাহার উল্লেখ আছে।
প্রেমভাগ প্রভৃতি স্থান উক্ত সম্পত্তির অন্তর্গত ছিল। এখনও প্রেমভাগের কোন
কোন স্থান তদ্বংশীয়গণের অধিকারভুক্ত আছে। ইহাও যশোহরের একটা
বিশেষ গৌরবের বিষয়। প্রেমভাগে সদর পুকুরের দক্ষিণতীরে একটি বোধনবিবমূলে শ্রীরূপের হস্তাঙ্কিত পাথরখানি নাকি অনেকদিন পর্যন্ত ছিল।
সেই স্থানে ২।১ বৎসর রূপসনাতনের জন্ম উৎসব হইয়াছিল। সে উৎসব
প্রতি বৎসর অন্তৃত্তিত হইলে নিজ্ঞীব রাজ্যের একটা প্রাণের পরিচয় পাওয়া
যাইবে।

নবম পরিচেছদ-হরিদাস।

ফ্র্মোদ্রের প্রাক্তালে যেমন প্রাচীদেশ রক্তিমবর্ণে রঞ্জিত হয়, হৈতস্তাদেবের আবির্ভাবের পূর্ব্বেও তেমনই সমগ্র বঙ্গদেশ তাঁহারই মতে তাঁহারই প্রাণে অফ্প্রাণিত হইতেছিল। প্রভাত-পক্ষীর প্রথম কাকলীর মত কোন কোন দিক্ হইতে তাহার নবমত ঝক্কারিত হইতেছিল। নামের মাহাত্ম্য কীর্ত্তনই হৈতস্তের সার নীতি। কিন্তু অনহাসাধনায় এ নীতি প্রথম প্রচার করিয়াছিলেন, হরিদাস। কীর্ত্তনপ্রথা তিনিই প্রবর্তন করেন। স্তর্বক্রনীর নির্জনতা ভেদ করিয়া তিনি ভগবানের নামান্থকীর্ত্তন বারা পরলোকের বার্ত্তা বিজ্ঞাপিত করিয়াছিলেন। যে দেশে তান্ত্রিকমতে অতি সঙ্গোপনে মনে মনে দংক্রিপ্ত বীক্তমন্ত্র জ্ঞাক করিবার প্রথা ছিল, সেই দেশে সর্ব্বজনশ্রতিযোগ্য উচ্চকণ্ঠে ইষ্টদেবের পূর্ণ নাম উচ্চারিত করিবার পঞ্চতি তিনিই লেথাইয়াছিলেন। হিন্দুশান্ত্রে অনেক যজ্ঞের কথা আছে, তন্মধ্যে জ্বপ-যক্ত একটি। প্রাচীন মন্থ-সংহিতায়প্ত এই যজ্ঞের কথা আছে। কিন্তু দে যক্তে কিরপে পূর্ণাছতি দিতে হয়, আধুনিক বুগে হরিদ্দাসের সাধন-ক্রীবনই তাহার সঞ্জীব দৃষ্টাপ্ত রাধিরাছে।

বৈষ্ণবৰ্ণে কত হরিদাস আবিভূতি হইরাছিলেন! তল্পধ্যে ত্ইজন ছিলেন "কীউনিয়া" হরিদাস; আমরা বাহার কথা বলিব, তিনি সাধারণতঃ ধৰন হরিদাস নামে পরিচিত। ইহাকে ব্রহ্ম হরিদাসও বলে। * ইনি পঞ্চদশ শতাব্দীর মধ্যভাগে বুঢ়নে অবতীর্ণ হন।

> "বুঢ়নে হইলা অবতীর্ণ হরিদাস সে ভাগ্যে সে সব দেশে কীর্ত্তন প্রকাশ।"

(শ্রীবৃন্দাবন দাস ক্বত চৈতমভাগবত)

এই বৃঢ়ন কোথার ? বৃঢ়নের অবস্থান বিষয়ে অনেকেই ভ্রমে পতিত হইরা-ছেন। † অতি প্রাচীনকালে বৃড়ন একটি দ্বীপ ছিল; আমরা এই বৃদ্ধীপ বা বৃঢ়ানের কথা পূর্ব্বে বিশেষভাবে আলোচনা করিয়াছি। ‡ পূর্ব্বে বৃঢ়ন যত বড় দ্বীপ ছিল, এখন ইহার আকার তত বড় নহে। বর্ত্তমান খূল্না জেলার অন্তর্গত সাতকীরা মহকুমার বৃঢ়ন নামে অপেকাক্তত কুজ পরগণা এখনও বর্ত্তমান আছে। জয়ানন্দের "চৈতক্ত মক্লে" আছে:—

''স্বৰ্ণ নদীতীরে ভাটকলাগাছি গ্রামে হীনকুলে জ্বন্ম হন্ন উপরি পূর্ব্ব নামে।''

ভক্ত জয়ানন্দ চৈতভাদেবের সমসাময়িক; তাঁহার কথা বড়ই প্রামাণিক। জিনি কেবলমাত্র পরগণার নাম বলিয়া ক্ষান্ত হন নাই। তিনি হরিদাসের জয়পলীর নাম দিয়াছেন। ভাটকলাগাছি একটি গ্রামের নাম নহে, উহা জোড়া গ্রাম। বুঢ়ন পরগণায় এথনও স্বর্ণনদী বা সোনাই নদী আছে; এবং উহার কুলে ভাটলা বা ভাটপাড়া এবং কলাগাছি বা কেরাগাছি নামে ছইটি পাশাপাশি গ্রাম এখনও

[★] হরিদাদের পূর্বজীবন সহক্ষে অনেক প্রবাদ আছে। কেই বলেন ইনি প্রজ্ঞাদের স্ববতার, কেই বলেন তিনি স্বয়ং ব্রকার অবতার, কেই বা তাঁহাকে ব্রক্ষা ও প্রজ্ঞাদের মিলিত অবতার বলিরাছেন। ঈশান নাগর কৃত আবৈত প্রকাশে এইরাণ বণিত হইয়ছে। ৺ কালী-প্রসন্ন বোবপ্রস্কৃত "ভক্তির জর" ৭৯পুঃ, বিশ্বকোব, ২২৭ও ৪৮৯ পুঃ।

[†] বিশ্বকোৰসন্পাৰক কোন অনুস্থান না কৰিছাই বৃঢ়ন আমৰে বনপ্ৰাম বেলগুৱে টেশনের নিকটবর্তী বলিছা বৰ্ণনা করিয়াছেন। বুগীয় কালীপ্ৰসন্ধ যোগ এই মডেরই অনুবর্তন করিয়াছেন। কিন্তু বন্ধাম হুইডে কলাগাছির দূরত অন্তঃ ২০ বাইল ছুইবে। কেহ কেহ বর্ণ নহাকৈ ক্রমনী করিয়ালইয়াছেন, এবং ক্রমনী কলিতে ব্যুনার শাধা প্রান্নীকে বুঝিয়াছেন। কিন্তু সোনাই এগস্তু আছে।

^{1 100} gb 1

আছে। যশোহর-খূল্নার অস্ততঃ ৭।৮টি কলাগাছি আছে। এইরূপ থাকিলে একটি গ্রামকে বিশেষ করিবার জন্ম অন্ত পার্শ্ববর্তী গ্রামের সহিত উহার যোগ করিয়া দিয়া জ্বোড়ানামে গ্রামের পরিচয় হয়; এ রীতি এদেশে চিরকাল চলিয়া আদিতেছে। ভাটলার পার্শ্ববর্তী কলাগাছি গ্রামে হরিদাদের জন্ম হইয়াছিল। * এখনও সে প্রদেশে এ প্রবাদ আছে; তবে এই দেবরূপী সাধুর জন্মপল্লীতে তাঁহার নামে কোন উৎসব নাই, ইহাই বিচিত্র কথা। হরিদাদের জন্মপুণ্যে খুল্না জ্বেলা ধন্ম হইয়াছে।

হরিদাস যবনকুলে জন্মগ্রহণ করিয়াছিলেন, ইহাই প্রচলিত কথা। বছবৈষ্ণৰ গ্রন্থে দেখিতে পাই, তিনি "হীনকুলে জাত"; আবার মুসলমান নরপতি
হসেন সাহ তাঁহাকে "মহাবংশজাত" বলিয়া নির্দেশ করিয়াছেন। ইহা হইতে
বুঝা যায়, তিনি মুসলমান বংশে জন্মলাভ করেন। দেবত্ব কোন কুলগত নহে,
ইহাই দেখাইতে গিয়া বৃন্দাবন দাস এমতের সমর্থন করিয়াছেন। কেহ বা
ভাটকলাগাছিতে জন্ম দেখিয়াই তিনি ভাট-বংশীয় ছিলেন—এইয়প অভ্ত অমুমান
প্রকাশ করিতে কুঞ্জিত হন নাই। কলাগাছি ভাটপ্রধান স্থান বলিয়া
ভাট-কলাগাছি নাম হইতে পারে, কিন্তু তাহা হইতে হরিদাসের ভাট-জাতিত্ব
প্রতিপন্ন হয় না। যাহা হউক, আমরা দেশীয় প্রবাদাদি হইতে অমুসন্ধান
ছারা যতদ্র জানিতে পারিয়াছি, তাহাতে হরিদাস যে হিন্দুসন্তান ছিলেন,
তিহিবরে সন্দেহ নাই। জয়ানন্দই তাঁহার পিতামাতার নাম দিয়াছেন:—

"উজ্জ্বলা মায়ের নাম, পিতা মনোহর।"

কেহ কেহ কতিপন্ন সংস্কৃত গ্রন্থ ইইতে দেখাইয়াছেন, যে হরিদাসের মাতার নাম গৌরীদেবী এবং পিতার নাম স্থমতি শর্মা।† কিন্তু আমরা জন্ত্রানন্দের প্রামাণিক বর্ণনা উপেক্ষা করিবার কোন কারণ দেখিতে পাইনা।

এক্ষণে প্ৰশ্ন এই হিন্দস্তান কেন ধবন বলিয়া কীৰ্ত্তিত হইলেন। বৈঞৰ

বনগাম ফুলের ফ্লোগ্য হেডমান্তার স্পত্তিত বাব্ চারুচল্র মুখেশবার মহাশয় এবিছয়ে
প্রথম তুল সংশোধন করিয়াছেন। সাহিত্যপরিবৎ-প্রিকা, ২৮ল ভাগ ২র সংখ্যা ১৩০ পুঃ।

[†] জীবুক্ত অচ্যতচরণ চৌধুরী- প্রদীত ''ছ রিদাস ঠাকুরের জীবন চরিছ।'

গ্রন্থেই আমরা পাই, হরিদাস ১৩৭২শকে বা ১৪৫০ গৃষ্টাব্দে জন্মগ্রহণ করেন। * আমরা দেখিয়াছি এ সময়ে খাঁ জাহানআলি পূর্ণ প্রতাপে থালিফাতাবাদে বা বাগেরহাটে শাসনদণ্ড পরিচালনা করিতেছেন। তাঁহার প্রধান কর্ম্মচারী মহম্মদ তাহের বা পীরআলি বহুদংখ্যক হিন্দুকে মুদলমান ধর্ম্মে প্রবর্ত্তিক বিতেছিলেন। দেই ধর্ম পরিবর্ত্তনের তরঙ্গ পূর্ণ ভাবে **সাতক্ষীরা অঞ্চলে আদিরাছিল**, তাহারও বিশেষ আভাস দিয়াছি। † সম্ভবতঃ হরিদাসের জন্মের ২।৩ বৎসর পর তাঁহার পিতা মুনলমান ধর্ম গ্রহণ করিতে বাধ্য হন ৷ হরিদাস নিজে মুখোপাধ্যায় বংশের দৌহিত্র ছিলেন, এরূপ প্রবাদ্ত প্রচলিত আছে। পিতার মুদলমান ধর্ম গ্রন্থবের পর করেক বৎদর মধ্যেই হরিদাস পিতামাত। হারাইয়া নিরাশ্রয় হইয়াছিলেন। এসময়ে কলাগাছি প্রভৃতি স্থানের যাবতীয় হিন্দুই মুসলমান হইয়া গিয়াছেন। এই নিরাশ্রম অবস্থায় হরিদাস কলাগাছির অপর পারে অবস্থিত হাকিমপুরে গিয়া তথাকার কাজিদিগের আশ্রম লন। এই কাজিরাও পীরালি মুসলমান। স্থতরাং দেখা বাইতেছে, হরিদাস হিন্দু পিতামাতার ঘরে জন্মগ্রহণ করিয়াছিলেন ; পিতামাতা মুসলমান ধর্ম পরিগ্রহ করিতে বাধ্য হইলে, তাঁহাকেও মুসলমান হইতে হয় এবং পিতামাতার আকস্মিক মৃত্যুর পর মুসলমান-গৃহে আশ্রম্ম লন। তজ্জন্ত সাধারণ লোকে তাঁহাকে মুসলমান বলিয়াই জানিত। প্রচলিত সর্ব্বজাতীয় প্রবাদই হরিদাসের উৎপত্তি সম্বন্ধীয় এই মতেরই পোষকতা করে: অন্ত প্রমাণ অভাবে আমরা ইহাই গ্রহণ করিলাম।

এখন ছই একটি প্রশ্ন উত্থাপিত হইতে পারে। হরিদাস বছস্থলে হীনকুলজাত বলিয়া বর্ণিত হইয়াছেন। এসম্বন্ধ বলা যায় যে তিনি নোণাই নদীর তীরে যে সকল নিমশ্রেণীস্থ হিন্দু পূর্ব্বে বাস করিত, তাহাদের কাহারও ঘরে জন্মগ্রহণ করিয়াছিলেন; হয়ত তাঁহার. উচ্চপ্রকৃতি দেখিয়া ব্রাহ্মণ বংশের সহিত তাঁহার স্বন্ধ ছিল এক্ষপ মত প্রচলিত হইয়াছে, তিনি শিশুকালে এক জোলার শ্রী কর্তৃক প্রতিপালিত হইয়াছিলেন, এক্সপ গয়ও আছে। ‡ স্বতরাং প্রবর্তিকালে

 [&]quot;অয়োদশ শত বিস্থাতি শক্ষিতে, অকট হইলা এলা বুচ্ব গায়েতে ।"

व्यदेवछ श्रकाम ।

^{+ 4.3-3. 9811}

[‡] वरन क्रेज़ा किसरण क्रिकक हत, धरे खरमात भीमारमाने कक क्रिज़ाम गनारक भरनक

হরিদাস মুসলমান বলিরা সর্ক্ত পরিচিত হন। এইজন্ত বঙ্গাধিপ হসেন সাহ তাঁহার বিচার করিবার সময়ে তাঁহাকে "মহাবংশজাত" বলিয়া উল্লেধ করিয়া থাকিবেন।*

হরিদাস শিশুকাল হইতে ভাগবতাদি ধর্মগ্রন্থ পাঠ করিতেন। সম্ভবতঃ হাকিমপুরের কাজিরা এজস্ত তাঁহার উপর বিরক্ত হইতেন। সে বিরক্তি হইতে অবত্ব
ও অত্যাচার হওয়াও অসম্ভব নহে। এইয়প নির্যাতনে ব্যতিবাস্ত হইয়া হরিদাস
২০ বংসর বয়সে মুসলমানের গৃহ ত্যাগ করেন এবং বেনাপোল গ্রামের এক
জঙ্গলে আসিয়া বাস করিতে থাকেন। তিনি নিজের জন্ত সামান্ত একথানি
কুটীর রচনা করেন এবং কুটীরের সন্নিকটে একটি বেনীতে ভূলসীর্ক্ষ রোপণ
করিয়া তাহার সেবা করিতে থাকেন। এই সময়ে তাঁহার জীবনের প্রধান
কার্য্য জপ-যক্ত আরম্ভ হয়। তিনি প্রতি মাসে কোটাবার নাম জপ করিবেন,

রচিত ক্লিত গল্প প্রচলিত আছে। তাহার একটি এই ; হরিণান ব্রাহ্মণবংশে লল্পগ্রহণ করেন। তাহার মাতা বালবিধবা ছিলেন এবং পিতালেরে বান করিতেন। একণা এক সন্নাসী আসিরা ঐ গৃহে করেছদিন অবহান করেন, সে সমরে উক্ত বালবিধবা ভাজভাবে সন্নাসীর দেবা করেন। বালবিধবা বালিকা বলিরা পাড়বুক্ত বত্ত পরিধান করিতেন; সন্নাসী অমক্রে তাহাকে স্থবা বলিয়াই হিন করেন এবং বাইবার সমরে তাহাকে পুত্রতী হইতে আলিকাল করেন। সন্নাসীর আলিকালৈ অবার্ধ ভালিরা বালিকার পিতামাতার মন্তকে আকাশ ভালিরা পড়িল; তাহাকের কোন অসুনরে সন্নাসীর কথা বর্ধ হইল না। কিছুদিন পরে উক্ত বিধ্বা এক পুত্র প্রসার কোন। প্রসার স্বাহ্ম প্রসার কোন অসুনরে সন্নাসীর কথা বর্ধ হইল না। কিছুদিন পরে উক্ত বিধ্বা এক পুত্র প্রসার কেরন। প্রসার স্বাহ্ম সোণাই ন্যীতে ভানাইরা বেওনা হয়। হাঁড়ি ভাগিতে ভাগিতে কলালাহি প্রাব্দে এবং এক লোলার প্রী উহা পাইরা বাড়া লইরা গিরা প্রতিপালন করেন। লোলার এ সমরে সকলে মুসলমান হইলাছিল। স্করাং হরিদাস সাধারণতঃ মুসলমান-কুললাত বলিরা পরিচিত ছিলেন। বোমের ইতিহাসে রম্লাসের লল্মবৃত্তান্তে এইল্লপ সল আছে। এ গলগুলি কড্দুর সভা বলা বার না।

* হৰেৰ সাহ বলিতেছেৰ :--

"কত ভাগ্যে দেখ তুমি হ'রেছ ববন
তবে কেন হিন্দুর আচারে নেহ মন ?
আমরা হিন্দুরে দেখি নাহি থাই ভাত,
তাহা ছোড়, হই তুমি মহাবংশআত !" বৃন্ধাবন দাসকৃত চৈতক্সমঙ্গল
"হরিদাস ববে পৃহত্যাগ কৈলা,
বেনাপোলের বন মধ্যে কতহিন রৈলা।
নির্দ্ধননে ফুটার করি তুলসী সেবন।
মানিহিনে তিনলক নাম সংকীপ্রন।" চৈতক্সচরিভায়ত, অস্তালীলা, তর শরিক্ষেদ।



হরিদাদের তুলসী মঞ্চ। বেণাপোল

শ্রীসতীশচল নিজের ঘশোহর-খুলনা ইতিহাসের জন্ম

Engraved & Printed by K. V. Seyne & Bros.

এইরূপ সন্ধর করিয়া কার্যারন্ত করেন এবং প্রতাহ অন্ততঃ তিনলকরার জ্বপ না করিয়া জলগ্রহণ করিতেন না। হরিদাস সাধারণ তান্ত্রিকের মত মনে মনে অক্সচারিতস্বরে অস্পটভাবে নাম জপ করিতেন না; তাঁহার জপ অন্তে শুনিতে পাইত; সে জপই একপ্রকার সঙ্গীত ছিল; তানপুরার ক্রত কল্পারের মত সে জপ-ঝল্লারে প্রোতা মাত্রেই বিমোহিত হইত। দেবর্ষি নারদের হরিনামঝল্লারে কিরূপে আকাশমার্গ মুথরিত হইত, তাহা পুরাণে দেখিতে পাই; ভূতলে হরিদাসের জপের মাধুর্যো বঙ্গদেশ আকুলিত হইমাছিল। কলিতে হরিনাম জপের মত ধর্ম নাই, এতদঞ্চলে হরিদাস তাহার প্রথম প্রবর্ত্তক; পরে চৈতন্ত সে ধর্ম্মদারা দেশ মাতাইয়া জপের মাহাম্মা স্থপ্রতিষ্ঠিত করিয়াছিলেন। যে অগ্নিক্তেও বঙ্গ জালাইয়াছিল, হরিদাস তাহার শিথামাত্র। হরিদাসের জীবনে দেখিতে পারি, সে শিথা সেই অগ্নিকৃতেও মিশিয়া অন্তিত্ব হারাইয়া বসিয়াছিল। *

হরিদাস যে তুলসী মঞ্চ রচনা করিয়াছিলেন, উহাই কালে অসংখ্য ভক্ত-সমাগনে মহাতীর্থে পরিণত হইয়াছিল। এক সমরে ইহার ইপ্টকবেদী প্রস্তুত্ব হয়, আবার কথন তাহা ভাঙ্গিয়া পড়িয়া ইপ্টকগুলি বিক্ষিপ্ত হয়য় পড়িয়ছিল। ভক্তের রুপায় তুলসামঞ্চি এখনও আছে। সাধুভক্তের অবস্থানের জন্ম উহার সির্কিটে একথানি গৃহও আছে। হরিদাসের উপলক্ষো এখানে বার্ষিক উৎসবও হইয়া থাকে। বর্ত্তমান বেনাপোল রেলগুরে প্রেশন হইতে অর্ক মাইলমাত্র দ্রে এই তুলসী-মঞ্চ যে পুণাস্থতি বহন করিয়া এখনও বর্ত্তমান রহিয়াছে,তাহা মশোহর জেলার একটি গৌরবের স্থান। স্কটের নভেলে বর্ণিত দম্মার কার্যক্ষেত্র দেখিবার উদ্দেশ্যে স্বভাবস্থানর স্বউল্যাণ্ডের হুর্গম গিরিপথসমূহ জনকোলাহলময় হইয়া গিয়াছে; হরিদাসের যক্ত-ক্ষেত্র কি যশোহর ও খুল্নার অধিবাসী-দিগকে আকর্ষণ করিতে পারিবে না ?

হরিদাসের কুটীরের প্রায় এক মাইল দূরে কাগজপুকুরিয়া প্রায়। প্রাচীন কোন মানচিতে বেনাপোলের নাম নাই, কাগজপুকুরিয়ার নামই আছে। এই

ৰাজানার সাহিত্যগ্রন্থ কনিবী কালীপ্রস্কু বেব উহার "জ্ঞান কর" প্রছে বেছাবে
হরিবাসের সহিত চৈতভেত্ব নিলন হইলা সেই ছানেই ব্রিবাসের জীবনদীলা পের করিবাছেন।
তিনি লিক্টিলাছেন "প্রবৃহবাধা এই বার্ত্তসভ্রের অনির্বাচনীর কর্মে বিদর পাইল।"
'তিকির লক্ষ্য-ক্ষ্ম পুঃ

স্থানে রামচক্র খাঁ নামক জনৈক প্রতাপাধিত জমিদার বাস করিতেন। ইনি রাহ্মণ; ইহার পূর্ব্ধনাম ছিল শান্তিধর; "রাম গাঁ" তাঁহার উপাধি। আমি পূর্ব্বে বিলয়ছি যে রাহ্মণের আশ্রয়ে স্থলতান হসেন সাহের বাল্যজীবন অতিবাহিত হইয়াছিল; তিনি এই শান্তিধর বা রাম থাঁ হইতে পারেন। সম্ভবতঃ হসেন সাহই তাঁহাকে রাম থাঁ উপাধি দিয়াছিলেন। মুসলমান-নরপতির অম্প্রহপূষ্ট রাম থাঁ সদাচারী ছিলেন না; তিনি মুসলমানের ধর্ম্ম গ্রহণ না করিলেও মুসলমানের পক্ষপাতী ছিলেন এবং নিজে তান্ত্রিক শাক্ত বলিয়া নবপ্রচলিত বৈষ্ণৱ মতের বিরোধী ছিলেন। চৈতন্তচরিতামৃতকার ভক্ত ক্ষদাস কবিরাজের মত সংযনী লেখক আর নাই; তিনি কাহারও নিন্দা করিতেন না; কিন্তু তিনিও রামচক্র থাঁ সম্বন্ধে সংযমের মাত্রা রক্ষা করিতে পারেন নাই।

ভক্ত হরিদাসকে সকল লোকে পূজা করে, সকল লোক তাঁহার নিকট ধায়, তাঁহার গুণে মোহিত হয়, রামচক্ত থাঁ তাহা সহ্য করিতে পারিলেন না।

> "সেই দেশাধ্যক্ষ নাম রামচক্র খান বৈঞ্চবদ্বেদী সেই পাষও প্রধান। হরিদাসে লোকে পূজে সহিতে না পারে। তার অপমান করিতে নানা উপায় করে॥" (চৈতন্তচরিতামৃত,)

কিন্তু সাধারণ চেন্টায় হরিদাসের জপ ভঙ্গ হয় না। তিনি ব্রাহ্মণের বাড়ীতে ভিক্ষা করিয়া দিনাস্তে একবার কিছু আহার গ্রহণ করেন; আর দিবারাত্রির অধিকাংশ সময় জপকার্যো নিযুক্ত থাকেন। সাধারণ লোকের সহিত তাঁহার সম্বন্ধও বিশেষ কিছু ছিল না। যে জগৎ ছাড়িয়া উর্জ্ঞামী হয়, জগৎ তাঁহার কি করিতে পারে? নিন্দা, বিজ্ঞপ বা অত্যাচারে হরিদাসের কিছুই হইল না। তথন রামচন্দ্র থাঁ এক ভীষণ পরীক্ষা করিতে অগ্রসর হইলেন।

হঠাৎ অর্থ-সামর্থ্য বৃদ্ধিতে সাধারণ লোকের বাহা হয়, রামচন্দ্রের তাহা হয়াছিল। তিনি বেশ্রাসক্ত হীনচরিত্র ছিলেন। তাঁহার একটি বেশ্রার নাম হীরা। ছর্বুভ জমিদারের বিপুল অর্থ আকর্ষণ করিয়া হীরা লক্ষমুদ্রা সঞ্চয় করিয়াছিল; তাই লোকে বলে তার জন্ম তাহার নাম হইয়াছিল লক্ষহীরা। ছরিদাসের সর্বনাশ সাধনজন্ম রামচন্দ্র এই লক্ষহীরাকে নিযুক্ত করেন। হীরা পরমাক্ষন্দরী এবং তীক্ষবৃদ্ধিশালিনী ছিল। সে তিন দিনে হরিদাসের মতি হর্ম

করিবে বলিয়া রামচন্দ্রের নিকট গর্মিত প্রতিজ্ঞা করিল। কাগজপুকুরিয়ার সিন্নকটে গর্মা-রাজাপুরে হীরার জন্ম বাটী প্রস্তুত হইয়াছিল; রামচন্দ্র ময়্ব-পদ্মী তরণীতে চড়িয়া যে পথে হীরার বাটী যাতায়াত করিতেন, সে পথে থালের চিহ্ন এখনও আছে; রাজাপুর এক্ষণে লোকশৃন্ম প্রান্তর হইয়া গিয়াছে। সেথানে হীরার ভিটার ইইকাদি ভগ্নাবশেষ এবং "হীরার পুকুরের" থাত এখনও সেই প্রাচীন কালের সাক্ষ্য দিতেছে।

হাবভাবময়ী হীরা রক্লালফারে বিভূষিতা হইয়া হরিদাদের সল্লিকটবর্ত্তী হইল। কি দেখিল ? দেখিল নির্জন কুটীরে ভক্তসাধু বীণাবিনিন্দিত দিব্য মধুর ঝলারে হরিনাম জপ করিতেছেন। বেশু। বারংবার বিরক্ত করিতে লাগিল। হরিদাস বলিলেন "আপনি একটু অপেক্ষা করুন, আমি জপ শেষ করিয়াই আপনার কথা ভূনিব।" হীরা বসিয়া থাকিল, বসিয়া বসিয়া দিন গেল, রাত্রি গেল, ঝঙ্কার আর থামে না, জ্বপ আর শেষ হয় না। তেমনই নিম্পন্দ তকু, নিশীথ-নিস্তব্বতা ভেদ করিয়া তেমনি মধুর ঝঙ্কার। হীরারও চাঞ্চল্যের সমাধি হইতে চলিল। রাত্রির শেষ্যামে হরিদাস শৌচাদির জন্ম গাত্রোখান করিয়া বলিলেন ''আজ আমার নির্দিষ্ট জপ শেষ করিতে বড় বিলম্ব হইয়াছে, আপনি অমুগ্রহপূর্ব্বক কল্য আদিবেন, আমি আপনার সহিত বাক্যালাপ করিয়া তপ্রিলাভ করিব।" দিবাশেষে হীরা পুনরায় আদিল; রাম গাঁ তাহাকে উদ্রিক করিতে ছাডেন নাই। সে দিনও হীরা আসিয়া দেখিল—সেই জপনিরত সাধুর তেমনই মধুর মূর্ত্তি—সে মূর্ত্তি হইতে যেন কি দিব্য জ্যোতিঃ ক্ষরিয়া পড়িতেছে। হীরা বসিদ্ধা রহিল, আজ সকাল সকাল জপ শেষ করিশ্বা সাধু হীরার ফাঁদে ধরা পড়িবেন। কিন্তু তাহা হইল না। রাত্রি আসিল, হীরা বসিয়া আছে। দুরাগত গ্রামা কোলাহল বিলুগু হইল, কিন্তু জ্পের ঝন্ধার চলিতেছে। কি মধুর নাম! নামের স্বভাব-শক্তিতে কেমন যে হৃদয়ে আঘাত করে, মানুষকে কেমন উদাস করিয়া দেয় ! হীরা ভাবিতে লাগিল "অপার আননদ না হইলে লোকে কি এমন করিয়া নিষ্পন্দভাবে বদিয়া থাকিতে পারে ? সাধুর কি जानम, आमात्रहे वा कि जानम, जामात कीवत्न कि कतिनाम ? "পत्रमूहर्ल কে যেন রশ্মি টানিরা ধরিল, হীরা আবার দস্ত কটমট করিয়া সাধুর ভণ্ডামি ভাঙ্গিবার জন্ত প্রতিজ্ঞাবদ্ধ হইয়া রহিল। কিন্তু রাত্রি শেষে আবার সেই মধুর 'শ্বর, আবার সেই দীনতা হীরাকে পরদিন আসিতে বলিল। হীরা সে সাল্লনয় ভাষাঃ দ্বিক্ষক্তিনা করিয়া পুনরায় চলিয়া গেল।

তৃতীয় দিনে আবার হীরা আসিল। কিন্তু সে হীরা আর নাই; বিবেক তাহাকে সংশোধিত করিয়াছে; পূর্বজন্মের কোন্ অজানিত পূণাফলে এক অপূর্ব্ব নির্বেদ আসিয়া অলক্ষিতে তাহার হৃদয় অধিকার করিয়াছে। সেই হৃদয় লইয়া হীরা সামগায়ীর ঝঙ্কারধ্বনিবৎ আবার হরিনামের মধুর ঝঙ্কার শুনিল। সে একেবারে বিমুগ্ধ হইয়া গেল। আজ্ হরিদাস একটু সকালে জপ শেষ করিয়া উত্থান করিবামাত্র হীরা গিয়া তাঁহার পদপ্রান্তে বিলুট্টিত হইয়া পড়িল। ভক্তসংস্পর্শে এক সঞ্জীবনী শক্তি সঞ্চারিত হইল। হীরা বারংবার আয়য়য়ত পাপজীবনের কাহিনী বিবৃত্ত করিয়া ক্ষমা ভিক্ষা করিতে লাগিল। রাগাছেমনিক্স্কি সাধু তাহাকে অয়ানবদনে ক্ষমা করিলেন। তাহাকে ধর্ম্বোপদেশ দিলেন, নামমহিমা কীর্তান করিয়া নাম জপ শিথাইলেন। অবশেষে হীরাকে নিজের কুটীরে রাধিয়া স্বয়ং সে দেশ পরিত্যাগ করিলেন।

হীরা আর সে হীরা নাই; রামচক্র ভাবিয়াছিলেন এক, হইল অন্ত। পরকে ভূলাইতে হীরাকে পাঠাইলেন, হীরা নিজেই ভূলিয়া গেল। হীরা গুরু হরিদাসের আদেশে বিলাদ-বিভ্রাট ত্যাগ করিল, সৌগীন বন্ধালদার পরিত্যাগ করিয়া মোটা কাপড় পরিল, মন্তক মৃগুন করিয়া স্বত্বর্দ্ধিত স্থল র কেশরাশি জ্বরাগের চরণে সমর্পণ করিবার জন্ম ভূলিয়া রাখিল।

তবে সেই বেশ্রা গুরুর আজ্ঞা লইণ। গৃহবিত্ত যেবা ছিল ব্রাহ্মণেরে দিল॥ মাধামুড়ি এক বস্ত্রে রহিলা সে ঘরে। রাত্রি দিনে তিন লক্ষ নাম গ্রহণ করে॥

(চৈতগুচরিতামৃত)

হীরা গৃহবিত্ত শুধু ব্রাহ্মণকে দিয়াছিল না; সে তাহার পাপার্জ্জিত অর্পু লোকদেবার নিয়োজিত করিরা পরমার্থ লাভের পহা প্রস্তুত করিয়াছিল। হীয়ার উপর আদেশ ছিল, সে সমস্ত কার্য্য শেষ করিরা অচিরে জগরাথ যাইবে। তাহার একটা কারণ, রামচন্দ্র তাহার উপর রাগ করিয়া অত্যাচার করিতে পারেন। কিন্তু সে বেশে রামচন্দ্রকে ভন্ন করিত না একজন মাত্র, সে হীরা নিজে। সে নির্ভীকতা হীরার পূর্বেও যেমন ছিল, এখনও সেইরপে রহিল। হীরা নির্ভীকভাবে গুরুর আদেশ প্রতিপালন করিয়া কয়েক বৎসর পরে জগরাথ যাত্রা
করিরাছিল। জগরাথ তখনও বিখ্যাত তীর্থক্ষেত্র; আনেক লোক সে তীর্থে
যাইত; কিন্তু তথার যাইবার পথ এত ছর্গন ছিল মে, লোকে বাড়ী হইতে বিদার
লইয়া যাইত। বিশেষতঃ বর্ষার প্রারম্ভে পুরীতীর্থের প্রকৃত সময় বলিয়া যাত্রীদিগের কঠের অন্ত ছিল না। এই কন্ত নিবারণের জন্ম হীরা বছ অর্থ বায়
করিয়া এক দীর্ঘ রাস্তা নির্মাণ করিয়াছিল। উহা এখনও "হীরার জালাল"
নামে থ্যাত আছে। যশোহরের উত্তরাংশে থাজুরা প্রভৃতি প্রাম হইতে এই
রাস্তার স্টনা দেখা যায়। দেখানে কোথারও হীরার পূর্ববাস থাকিতে পারে।
যশোহর হইতে যে বিখাতে "কালী পোদারের রাস্তা" বেনাপোল হইয়া
বনগ্রাম দিয়া চলিয়া গিয়াছে, উহারও কতকাংশ এই রাস্তার অন্তর্ভুক্ত ছিল!
এখনও থাজুরা প্রভৃতি স্থানের লোকে জলময় প্রান্তরের মধ্য দিয়া "হীরানটীর
জালাল" দেখাইয়া থাকে। এখনও বর্ষাগমে যথন বিস্তীর্ণ প্রান্তর একমাত্র
পর্ব হয়। *

হরিদাস বেনাপোল ত্যাগ করিয়া ২।০ মাইল দ্বে নাওভাঙ্গা নদীর তীরে একস্থানে করেকদিন অবস্থান করিয়াছিলেন। অন্নদিনে তাঁহার ভক্তির কথা দেশময় রাষ্ট্র হইয়াছিল, হরিদাস এইস্থানে আসিলে, নানাস্থান হইতে বহুলোক আসিলা তাঁহার পাদবন্দনা করিয়া রামচক্রকে অভিসম্পাত করিতেছিল। ভক্তের অন্থরোধে তিনি যেস্থানে কয়েকদিন অবস্থিতি করিয়াছিলেন, উহার নাম হইয়াছিল, হরিদাসপুর। এখনও হরিদাসপুর আছে। যশোহর রোডের পাশে



শৈবালময়ী নদীর বাঁকের মুথে একটি স্থন্দর পুলের সন্নিকটে, হরিদাস ঠাকুরের আন্তানাটি দেখিতে অতি স্থন্দর। হিন্দুর মধ্যে যে সেস্থানের সন্ধান রাথে, সে কথনও প্রণাম না করিয়া সেস্থান অতিক্রম করে না। স্থানীয় লোকেরা চিহ্নিত করিবার জন্ম সে স্থানটি ঘিরিয়া রাথিয়াছে। এই স্থান হইতে হরিদাস গঙ্গাতীর উদ্দেশ্যে পশ্চিমদিকে চলিয়া যান। এই সময়েই যশোহর খুল্নার সহিত তাঁহার সম্বন্ধ শেষ হয়। খুল্নায় তাঁহার জন্মভূমি এবং যশোহরে তাঁহার বিকাশ-ক্ষেত্র, তিনি ইহার কোন স্থানই দর্শন করিবার জন্ম আর প্রত্যাগমন করেন নাই। কিন্ধু তাঁহার জন্মলাভে এবং চরিত্রখ্যাতিতে যশোহর-খুল্না পবিত্র হইয়ারহিয়াছে। এক ভীষণ বিপ্লবের যুগে তিনি যে ন্তন মত ও নৃতন পথ দেখাইয়াছিলেন, চৈতন্মদেবর আবিভাবের প্রাক্ষালে তিনি যে নামের মাহান্ম্য কীর্ত্তন করিয়া যুগ্-ধর্ম্ম প্রচার করিয়াছিলেন, তাহার জন্ম বশোহর-খুল্নার যথেষ্ট গৌরব করিবার বিষয় আছে।

হরিদাদের পরবর্ত্তী জীবনের সহিত বর্তমান ইতিহাদের বিশেষ সম্পর্ক নাই. তবুও দে জীবনকথা সম্পূর্ণ করিবার জন্ম অতি সংক্ষেপে উহার প্রধান ঘটনা-গুলির উল্লেখ করিতেছি। যশোহর ত্যাগ করিয়া হরিদাস কয়েক বৎসর নানাস্থান পরিভ্রমণ করতঃ অবশেষে সপ্তগ্রামের সন্নিকটে চাঁদপুরে আসিয়া উপনীত হন। তথায় এক ঋষিকল্প ব্রাহ্মণের পরিচর্যাায় শান্তিলাভ করিয়া নির্জ্জন কুটীরে জপ-যজ্ঞ সম্পন্ন করিতে থাকেন। যে রঘুনাথ দাস পরিণত বয়সে বুন্দাবনে গোস্বামী পদে ব্রিত হইয়াছিলেন, তিনি এসময়ে বালক। বালক রত্বনাথের সহিত প্রোঢ় হরিদাসের এই দময়ে সাক্ষাৎ হয়। এ দময়ে শান্তিপুরে অবৈত আচার্যা পণ্ডিত ও ভক্ত বলিয়া দেশপ্রসিদ্ধ হইয়াছিলেন; হরিদাস তাঁহার সহিত সাক্ষাৎ করিবার জন্ম শান্তিপুরে যান। কিন্তু সেথানেও তাঁহার বেশী দিন থাকা হইল না! কারণ আচার্য্য তাঁহাকে অত্যধিক আদর করিতেন. সন্ন্যাদী কি তত আদর সহিত পারেন ? শান্তিপুর ছাড়িয়া হরিদাস ফুলিয়াগ্রামে আসিলেন। শান্তিপুরে অহৈত ও ফুলিয়ায় হরিদাস: উভয়ের সন্মিলনে প্রেম-তরঙ্গে সে দেশ ভাসিয়া গেল। নামামুকীর্ন্তনে দেশ প্রতিধ্বনিত হইতে লাগিল। দেশাধ্যক্ষ মুস্ত্মান কাজীর তাহা সহিত্ত না। তথন দেশ শাসনজ্ঞ দেশমধ্যে নানাবিভাগে মুসলমান কাজী বা বিচারক নিযুক্ত হইতেন। শান্তিপুর প্রভৃতি স্থানে অধ্যক্ষ ছিলেন গোরাই কাজী। হরিদাদের নামান্থকীর্ত্তন তাহার সহিল না। তাহার জানা ছিল, হরিদাস যবনকূলে জাত; মুসলমান হইরা হরিনাম,— এমন পাপ কি আছে? হরিদাসকে শাসন করিবার জন্ম কাজী ব্যক্ত হইরা পড়িল। শুধু হরিদাসকে শাসন নহে, তেমন শাসন কাজীও করিতে পারিত; কিন্তু হরিদাস যে হরিনাম শুনাইরা দেশ মাতাইরা তুলিয়াছে, মুসলমানে হরিনাম করিলে পাঠান শাসন যে অচিরে অন্তমিত হইবে। স্থতরাং রোগের মূলোছেদ করিতে হইবে; হরিদাসের সর্ব্বনাশ সাধন সংকরে তাঁহার বিপক্ষে রাজদারে নালিশ ক্ষল্প হইল। গৌড়াধিপ হুসেন সাহ তথন দেশের রাজা, বিচার তাঁহার নিকট হইবে। হরিদাস কারাক্ষ হইরা গৌড়ে আনীত হইলেন।

তথায় হরিদাসের বিচার হইল। সে বিচারের সঙ্গে ধর্মবিচারও চলিয়াছিল। ছদেন সাহ প্রক্রতভাবে হিন্দ্বিদেষী ছিলেন; কিন্তু বেথানে হিন্দ্ ধর্মের সহিত ইন্লাম ধর্মের বিরোধ, সেথানে হুদেন সাহ মুসলমানের পক্ষে, হিন্দুর কেহ নহেন। উচ্চ যবনকুলে জন্মগ্রহণ করিয়া হরিদাস যেন হরিনাম না করেন, তাহাই হুসেনের প্রথম অফুরোধ হইল; তিনি হরিনাম ত্যাগ করিলে রাজকোপ হুইতে নিফুতি পাইতে পারেন, তাহারও আভাস দেওয়া হইল। কিন্তু এখানে হরিদাস প্রহলাদের অবতার, বীর সয়্যাসী, তিনি সদর্পে বারংবার বলিলেন;—

"থণ্ড থণ্ড যদি হই, যায় দেহ প্রাণ। তবুও আমি বদনে না ছাড়ি হরিনাম।"

কত বুঝান হইল, কিন্তু সেই একই উত্তর। তথন ক্রোধভরে কাজীর ব্যবস্থার হিনিদাসের শান্তির আদেশ হইল। গৌড় তথন প্রকাণ্ড সহর; উহাতে ২২টি বাজার ছিল। আদেশ হইল হরিদাসকে লইয়া এই ২২ বাজারে বেত মারা হইবে। তাহাই হইল। হরস্ত যবনের নিদারুল প্রহারে হরিদাস ভীষণ কট পাইলেন, কিন্তু সে কট্টের বোধ ছিল না। তিনি সমাধিগত সাধুর মত নির্বাক্ হইয়া রহিলেন, আর মধ্যে মধ্যে শ্রীভগবানের অবতারের মত শক্রর জন্ম আশীর্বাদ ভিক্লা করিতেছিলেন :—

"এ সব জীবেরে প্রভূ করহ প্রদান। মোর দ্রোহে নহে এ সবার অপরাধ।"

এমন উক্তি আর কি ভারতে হইবে ? দারুণ প্রহারে হরিদাস অজ্ঞান হইরা

পড়িলে, মৃতবোধে তাহার দেহ গঙ্গায় নিক্ষিপ্ত হইল। অচিরে তিনি পুনজ্জীবন লাভ করিরা তীরে উঠিয় হরিনাম করিতে লাগিলেন। এই সময়ে চৈতভাদেব প্রেমতরক্ষে নবদ্বীপ অঞ্চল মাতাইয়া তুলিয়াছিলেন। হরিনাস আদিয়া তাঁহার দহিত যোগ দিলেন। পরে চৈতভাদেব পুরীতে অবস্থিতি করিবার সময়ে হরিদাসও তথায় বাস করিয়াছিলেন। এই স্থানেই তিনি চৈতভা-চরণে মন্তক রাথিয়া হরিনাম করিতে করিতে, জীবন-যজ্ঞের পরিসমাপ্তি করিয়াছিলেন। পুরীতে এখনও হরিদাসের মঠ আছে। সে মঠ দর্শন না করিলে হিন্দু যাত্রীর পক্ষে পুরীপর্যাটন বিফল হয়।

षान् भारतिहरू न- तामहत्त था।

হরিদাসের বেনাপোলত্যাগের পর রামচন্দ্র খাঁ বছদিন পর্যান্ত জীবিত ছিলেন। রামচন্দ্র ছদেন সাহের নিকট হইতে যে যথেষ্ট অন্থর্যহ লাভ করিয়াছিলেন, তাহাতে সন্দেহ নাই। তাঁহার রাজ্য সম্দ্রপর্যান্ত বিভূত ছিল শুনা যার, তিনি কঠোরভাবে শাসনদণ্ড চালনা করিতেন। এজন্ম তাঁহার আয়ও যথেষ্ট ছিল। তিনি বঙ্গের্যরকে কর দিতেন না। এই সকল কারণ হইতে বোধ হয় ছদেন সাহ শৈশবকালে যে তাঁহার আশ্রের কিছুকাল প্রতিপালিত হইয়াছিলেন, তাহা অসত্য নহে। তিনি সাধারণতঃ রামচন্দ্র নামে পরিচিত, হইলেও তাঁহার প্রক্ত নাম ইহা ছিল না। শান্তিধর নামক এক ব্রাহ্মণ ছসেন সাহের নিকট "রাম খাঁ" উপাধি পান। এই রাম খা উপাধি, শেষে রামচন্দ্র খা হইয়া দ্বাড়াছে। রামচন্দ্র বহু অর্থ বিলাসবাসনা-ভৃপ্তির জন্ম বায় করিতেন বটে, কিন্তু তাঁহার পুণা কার্যাের বায় ও যথেষ্ট ছিল।

বেনাপোলের দল্লিকটে কাগজপুক্রিয়া গ্রামে তাঁহার বিস্তীর্ণ রাজবাটার ভগ্নাবশেষ রহিয়াছে। প্রথমতঃ একটি বাহিরের পরিথা; উহা বৃত্তাকারে চারি-দিক্ বেষ্টন করিয়াছিল। উহার মধ্যে একটি চতুকোণ গভীর পরিথা ছিল, উহা এখনও বর্ত্তমান। কোন কোন স্থানে বেশ জল আছে; প্রীযুক্ত কুজেশ-চক্র চট্টোপাধ্যায় মহাশয় এই রাজবাটীর অসংথা ভগ্নন্ত পোরে পার্স্থে উত্তর-



রামচন্দ্র থানের রাজপুরীর ভগ্নাবশেষ

শ্রীস তীশচন্দ্র মিত্রের যশোহর-খুলনা ইতিহাসের জন্ম

Printed by K. V. Seyne & Bros.

পূর্বকোণে সপরিবারে বাস করিতেছেন। তাঁহার বাড়ীর পূর্ব্বদিকের প্রাচীন পরিবাটি একটু খনন করার একণে বারমাস জল থাকে। নির্জ্জনতা যদি গৃহ্বাসের পক্ষে স্থাবের কারণ হয়, তবে চট্টোপাধ্যার মহাশ্মদিপের মত স্থাবিক নাই। নিকটে অন্ত কোন লোকজনের বাড়ীঘর নাই। চারিদিকে রাজবাটীর ইপ্তকত্পসমূহ নিবিড জন্মলে সমাকীর্ণ হইয়া বন্তশ্করাদির আপ্রয়ভান হইয়া রহিয়াছে। তথাকার ঘনান্ধকার দিবালোকেও অভ্যাগতের রোমাঞ্চ সঞ্চার করিয়া থাকে। গড়ের বাহিরে পশ্চিমদিকে একস্থানে হইটি মন্দিরের ভয়ত্বপ আছে এবং প্রান্তরের মধ্যেও সে স্থানে চিপি দেখিতে পাওয়া যায়। লোকে বলে, এ সকল স্থানে রামচন্দ্রের হাতীশালা, অখশালা প্রভৃতি ছিল।

কিন্তু রামচন্দ্রের প্রধানকীর্ত্তি তাঁহার জলদানপুণ্যে। প্রবাদ এই, নিকটবর্ত্তী স্থানে তাঁহার খনিত ১০০ পুন্ধরিণী আছে। আমরা তাহার করেকটি মাত্র দেখিয়াছি এবং নাম পাইয়াছি। (১) চা'লগোয়ানী পুকুর; (২) হাঁদপুকুর: (৩) দব্দবে পুকুর, ইহাতে ২০ বিঘা জলাশয়; (৪) মিঠাপুকুর; (৫) "দীবির-পাড়" – হয়ত পূর্ব্বে দীঘির অন্ত নাম ছিল এবং উহার পাহাড় অত্যন্ত উচ্চ বলিয়া কিছু বিশেষত্ব ছিল: এখন দীঘিরই নাম "দীঘির পাড়" হইরা গিরাছে---ইহাতে ৩০ বিঘা জ্বলাশয়। (৬) কালুর পুকুর, (৭) রামচন্দ্রের সর্ব্বাপেকা প্রকাণ্ড দীঘি এখন "ভবার বেড়ের দীঘি" নামে পরিচিত। ইহা এক্ষণে রেলের রাস্তার দক্ষিণে পড়িয়াছে, ইহার জলাশমের পরিমাণ ৫০ বিঘা ৷ খাঁ জাহান বা সীতারামের দীঘির সহিত রামচন্দ্রের দীঘিগুলির তুলনা না হইতে পারে কিন্তু থাঁ জাহান বা সীতারাম ত সব স্থানে যান নাই। জলকণ্ঠত স্থান বিশেষ দীমাবদ্ধ হয় না। যশোহর খুল্নার উত্তর দিকে দীতারাম, পুর্বভাগে থাঁ জাহান, দক্ষিণে প্রতাপাদিত্য যেমন অসংখ্য জলাশয় দ্বারা দেশের জলকণ্ঠ নিবারণ করিয়াছিলেন, পশ্চিমভাগের একাংশেও তেমনি রামচন্দ্র জলাশয় প্রতিষ্ঠা বারা ফারের পরিচর দিরাছিলেন 🕪 হরিদাসের প্রতি রামচন্দ্রের অত্যাচার সাম্প্রদায়িক বৃদ্ধিতে হইতে পারে, নবমতের প্রবর্ত্তকদিগকে এমন

সভবতঃ বছ পুকুরের অভিজের জভই রামধানের জাবাস ছানের নাম কাগলপুকুরিয়।
 ইইয়াছিল।

কত শত্রুতাই সহ্থ করিতে হয়। তথাপি রামচন্দ্রের বৈষণ্ডব-বিদ্বেষ যে লোক-সমাজে তাঁহাকে একান্ত নিন্দিত করিয়া রাথিয়াছে, সে বিষয়ে সন্দেহ নাই। কিন্তু সে নিন্দাভেদ করিয়াও তাঁহার জল-দানপুণ্যের কথা লোকসমাজে আযুগ্রুপ্রতিষ্ঠা করে।

পাঠান রাজগণ লোকহিতকর কার্য্যের উৎসাহদাতা ছিলেন। হুসেন সাহ যে এবিষয়ের সর্ব্বাগ্রাণী, তাহা ঐতিহাসিক সত্য। ইতিহাস কথনও প্রবাদের ঋণ পরিশোধ করিতে পারিবে না। পাঠান শাসনের অত্যাচার কলম্বের মধ্যে ও প্রবাদ একটি কথা প্রকাশ করে যে, তাহাদের মধ্যে অনেকে অমুগত জমিদারগণ কোন লোক-হিতকর কার্য্য করিলে তাহাদের নিকট হইতে রাজস্ব দাবি করিতেন না। রাজনীতির এমন উচ্চ আদর্শ অতীব হুর্লভ। যাহা হউক, অন্থ নৃপতি কি করিয়াছেন, তাহা জানিতে না পারিলেও হুসেন সাহ যে রাম খার রাজস্ব বছদিন মাপ করিয়াছিলেন তাহা মানিয়া লইবার কারণ আছে।

সত্যনিষ্ঠ বৈষ্ণৰ কৰি বলিয়াছিলেন হরিদাসের প্রতি অত্যাচারের নিমিত্ত রামচক্র যে মহদপরাধের বীজ রোপণ করিয়াছিলেন, তাহা হইতে .বিষরক্ষের স্বষ্ট
হইয়াছিল।* বৈষ্ণব-বিদ্বেষে এই পাপ ক্রমেই বৃদ্ধি পাইতেছিল। তৈতন্তদেবের
সহিত বিনি অচ্ছেদ্য বন্ধনে সংবদ্ধ ছিলেন, সেই নিত্যানন্দদেব এক সময়ে গৌড়ে
আসিয়াছিলেন এবং দেশে দেশে ভ্রমণ করিতেছিলেন। এই ভ্রমণের ছুইটি
উদ্দেশ্ত ছিল;—নবধর্ম্মত প্রচার এবং বৈষ্ণব-বিদ্বেশীদিগের শাস্তি বিধান।

"প্রেম প্রচারণ আর পাষ্ওদলন হুই কার্য্যে অবধৃত করেন ভ্রমণ॥" (চরিতামৃত)

তিনি রামচন্দ্রের কথা জানেন এজন্য একদিন শিষ্যদণ সহ কাগজপুকুরিয়ার আসিরা উপস্থিত হইলেন। রামচন্দ্র নিজে ভক্ত অতিথির সহিত সাক্ষাৎ না করিয়া, ভৃত্য দ্বারা বলিয়া পাঠাইলেন যে হুর্গামগুপ তাঁহার থাকিবার উপযুক্ত স্থান নহে। নিকটবর্জী গোয়ালার বাড়ীতে বিস্তীর্ণ গোশালায় তাঁহাকে স্থান

দেওয়া যাইবে। শুনিয়া নিত্যানন্দ অভিসম্পাত করিয়া গেলেন যে মপ্তপগৃহ গোবধকারী দ্রেচ্ছের যোগ্য বাসভূমি হইবে। তাঁহার সে অভিসম্পাত জচিরে কার্য্যে পরিণত হইয়াছিল। রামচন্দ্র রাজস্ব না দিলেও হুসেন সাহ তাঁহার উপর অভ্যাচার করেন নাই। কিন্তু হুসেনের মৃত্যুর পর তৎপুত্র নসরৎ সাহের আমলে বঙ্গেশ্বরের সৈন্ত সামস্ত কর আদায় করিবার জন্ত উপস্থিত হইল; এবং নিত্যানন্দ্র উঠিয়া গেলে রামচন্দ্র যে মপ্তপ-ঘরে মাটি খুড়িয়া গোময়লেপন হারা পরিশুদ্ধ করিয়া লইয়া ছিলেন. সেই ঘরেই মুসলমান-সৈন্ত আদিয়া বাসা করিল, অবধ্য বধ করিয়া ঘরে মাংসাদি রন্ধন করিল এবং

''স্ত্রী পুত্র সহিত রামচক্রেরে বাঁধিয়া তার ঘর গ্রাম লুটে তিন দিন রহিয়া।'' (চরিতামৃত) এইভাবে রামচক্রের পাপের প্রায়শ্চিত্ত হইল। সৈন্ত সামন্তের অমাত্ম্বিক অত্যাচারে সে গ্রাম লোকশৃত্ত শ্মশানভূমি হইয়া গেল।

স্থানীয় প্রবাদে কিন্তু রামচন্দ্রের শোচনীয় পরিণাম সম্বন্ধে আর একটু উপন্যাসিকতা আছে। রামচন্দ্রের রাজবাটীতে রাজপরিবারের আত্মরক্ষার্থ ভূগর্ভে একটি কুদ্র হুর্গ ছিল; উহার মধ্যে প্রবেশের জন্ম বাহির দিক্ হইতে একটিমাত্র দরজা ছিল। সে দরজাটিও এমন স্থানে ছিল যে কেহ সহজে তাহার সন্ধান পাইত না। নবাব-দৈত্তের আগমনে রামচক্র সমস্ত ধনরত্ব ও পরিবারবর্গ সহ এই গুপ্ততুর্নে প্রবেশ করিয়াছিলেন। উহার গুপ্ত দ্বারে তালা লাগাইয়া বিশ্বস্ত ভূত্য কালু উহার চাবি লইয়া এক বুক্ষোপরি লুকাইয়া রহিল। কালুর উপর আদেশ ছিল নবাব-সৈত্ত দেশ ত্যাগ করিলে সে গুপ্তমার উন্মোচন করিয়া দিবে। নবাব-দৈল্য আসিয়া রামচন্দ্রকে না পাইয়া তাহার বাটী ও পার্যবন্ধী গ্রামের উ<mark>প</mark>র ভীষণ অত্যাচার করিল এবং অবশেষে চলিয়া বাইবার উপক্রম করিতেছিল, এমন সময় একজনে দেখিল একটি পুষ্ঠবিণীর উপর বিলম্বিত ডালে পত্রশুচ্ছের আড়ালে কালু পলাইয়া আছে; তংকণাং দর্শকের হস্তত্থিত ধনুক হইতে ুতীর নিক্ষিপ্ত হইল এবং সে অবার্থ সন্ধানে আহত হইয়৷ কালু নিমন্থিত পুকুরে পড়িয়া পঞ্চত্ব পাইল। তদবধি পুকুরের নাম কাল্র পুকুর। এখনও কাল্র পুকুর আছে। এখনও প্রাচীন রাজবাটীর প্রধান ভগ্নস্তু পসমূহের উদ্ভরদিকে একটা খোলী স্থান দেখাইয়া স্থানীয় লোকে বলিয়া থাকেঁ উহা "পটিনাচের জমি" এবং উহারই

নিম্নে রামচন্দ্র সপরিবারে প্রবেশ করিয়া আর উঠেন নাই। লোকে মনে করে, সে স্থান থনন করিলে অপরিমিত ধনরত্ন পাওয়া যায়; আমরা মনে করি ধনরত্ন পাওয়া যাউক বা না যাউক কিছু ঐতিহাসিক তথ্যের উদ্ধার হয়, তাহাতে সন্দেহ নাই। এই গল্পটী কোন উপস্থাস-লেখকের সরস উপাদান হইতে পারে বটে, কিন্তু আমরা উহাতে বিশ্বাস স্থাপন করিতে পারি না। তাহার কারণ আছে।

চৈত্ত চরিতামৃতকারের বর্ণনায় অবিখাদ করিবার কিছু নাই। রামচন্দ্র সপরিবারে বন্দী হইয়া গোড়ে নীত হইয়াছিলেন। হয়ত তিনি দেখানে হুদেনের সহিত দম্বন্ধস্ত্রের পরিচয় দিয়া নিয়্কৃতিলাভ করেন। তাঁহার মৃত্যুর পর তাঁহার পুত্রগণ রাজসরকারে দমানিত হইয়াছিলেন।

নবাবিষ্কৃত হইখানি হস্তলিখিত পুঁথি হইতে এ বিষয়ে কিছু নৃতন তথ্য পাওয়া গিয়াছে। রামচল্রের হুইটি পুত্র ছিলেন; জ্যেষ্ঠ ক্লফানন্দ এবং কনিষ্ঠ ভ্বনানন্দ। ভ্বনানন্দের উপাধি ছিল কবিকণ্ঠাভরণ। তিনি অসাধারণ পণ্ডিত ছিলেন এবং "বিশ্বপ্রদীপ" নামে এক বিরাট্ আভিধানিক গ্রন্থ রচনা করেন। উহাতে অস্তাদশ বিভার যাবতীয় তত্ত্ব সংগৃহীত হইয়াছিল। বহু রিশ্মি বা আলোকের সমবায়ে বেমন প্রদীপ হয়, বিশ্বপ্রদীপেরও বিভিন্ন ভাগে তেমনি আলোক, অংশু প্রভৃতি বিভিন্ন অধ্যায় ছিল। অধ্যায়ের শেষে যে সব ভণিতা ছিল, তাহার একটি এই:—

যং কণ্ঠাভরণং কবীন্দ্রসদসাং শ্রীরাম-থানাপর থ্যাতেঃ শান্তিধরাদস্থত ভূবনানন্দং স্বতং জীবনী। বিভাষ্টদশকেন তদ্বিরচিতে বিশ্বপ্রদীপে কুটং সংপ্রাপাঙ্গশিধান্তরে পরিণতিং শিক্ষাধ্যমালোকনম্॥

অর্থাৎ বে শান্তিধরের উপাধি ছিল শ্রীরামথান, তাঁহার ঔরদে ও জীবনী দেবীর গর্ভে ক্রীক্রসমাজে বরণীয় ভূবনানন্দ ক্রিকণ্ঠাভরণ জন্মগ্রহণ করেন এবং

^{*} India Office Catalogue of Sanskrit manuscripts No. 1781, pp 1082-3 দেখানে বিষপ্তাদীণ সম্বাক এইরাণ বিবয়ণী আছে; "Vishyapradipa", a cyclopædia, of (chiefly astronomical) knowledge by Bhubanananda son of Santidhar Rambala (or Ram khan) and Jibani and younger brother of Krishnananda."

তিনি অষ্টাদশ বিভার বিশিষ্ট আলোচনা দ্বারা বিশ্বপ্রদীপ নামক গ্রন্থ রচনা করেন।

উক্ত বিরাট্ গ্রন্থের সামান্ত ছইখণ্ড মাত্র পাওয়া বাইতেছে। একখণ্ড জ্যোতিব-শাস্ত্রবিষদক; উহা লণ্ডনে ইণ্ডিয়া আপিসের লাইত্রেরীতে সংরক্ষিত হইয়াছে। অপর থণ্ড সঙ্গীতলাস্ত্রবিষ্ণক, উহা মহামহোপাধ্যায় প্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহোদয় কর্তৃক নেপাল হইতে সংগৃহীত হইয়াছিল। তিনি উহার সংক্ষিপ্ত বিবরণী তৎসম্পাদিত পুঁথির তালিকায় প্রকাশিত করিবেন। অন্ত ১৬ থণ্ড পুত্তকের এখনও কোন সন্ধান নাই। যদি উহাদের সন্ধান হয় এবং সমগ্র গ্রন্থানি একত্র প্রকাশিত হইবার স্থবোগ পাওয়া বায়, তাহা হইলে সেই বিরাট্ পুত্তক বিলাতী বিখ্যাত কোষগ্রন্থের (Encyclopædia) মত তারতবর্ষের এক অপুর্ব গৌরবস্তম্ভ প্রতিষ্ঠিত হইত। এই পুত্তকে ক্ষণানন্দ ও ভ্রনানন্দ সন্ধন্ধে যে ছই একটি শ্লোক পাওয়া বায়, তাহা দ্বারা উহারা রাজস্বকারে কিরপ প্রতিপত্তি স্থাপন করিয়াছিলেন, তাহা স্থানবন্ধণে বৃঝা বায়। ক্ষণানন্দ সম্পর্কীয় শ্লোকটি এই ঃ—

''ক্নঞ্চানন্দঃ সমজনি ততো মেধ্যবিতৈরবোধ্যা-কানীবাদিদ্বিজ্ঞপরিষদাং কল্লিতানল্লবৃত্তিঃ। গৌড়ক্ষৌণীপরিবৃচ্দৃতপ্রেমসন্দর্ভপাত্তঃ বিভানভামমুগুণনিকা স্থানপুতান্তরাত্মা॥"

ইহা হইতে দেখা যাইতেছে, গৌড়াধিপের প্রিয়পাত্র হইয়া স্থপপ্তিত ও পবিত্রায়া কৃষ্ণানন্দ অযোধ্যা-কাশীবাসী রাহ্মণদিগকে সেই সেই দেশে বৃত্তিদান করাইয়াছিলেন। কাশী অযোধ্যাদি দেশে বৃত্তিদান করিতে পারেন, সেরসাহ বাতীত এমন কোন গৌড়াধিপের কল্পনা করা যায় না। ছসেন সাহের মৃত্যুর ক্ষেকবংস পরে তৎপুদ্র মাহমুদ সাহের রাজ্যকালে সেরসাহ বীরবিক্রমে বঙ্গাধিকার করেন (১৫৩৮)। স্বত্রাং রামচক্র খা গৌড়াধিপ ছসেন সাহের সম্সাময়্পিক হইলে, তৎপুদ্র কৃষ্ণানন্দ সেরসাহের সম্কালীন হইতে পারেন। প্রত্যু একটি শ্লোকে ভ্রনানন্দের কথা আছে :—

"মন্ত্র-পৌড়বিড়োজনঃ কবিসস্তাবণে কঞ্চন, স্থেমানং দধক্ষজুব জুবনানন্দোহস্থলতন্তকঃ। গ্রন্থ: স্ক্রুবিচারমন্থমথিতাদিস্তীর্ণবিস্থার্ণবাৎ, সার: প্রীতিসমীভদ্নাস্থমনসাং তেনাদ্বমভূাদ্ধ তঃ॥

ভ্ৰনানন্দ গৌড়াধিপতির কবিসভা সম্ভাবণে মন্ত্রী ছিলেন। তিনি বিচ্ছার্ণব মন্থন করিরা স্ক্রেবিচারসম্পন্ন মহাগ্রন্থ সম্পাদন করেন। বাস্তবিকই ভ্রনানন্দের সর্ব্বতোমুখী পাণ্ডিতো দেশের মুখোজ্জল করিয়াছে। আমরা কিন্তু তরল গল্পে বিশ্বাস করিয়া দে পণ্ডিতপরিবারকে ভূপ্রোথিত করিয়া রাখিয়াছি। দেশে ইতিহাসচর্চার বে কত আবশ্রুক, তাহা ইহা হইতে বুঝা যায়।

--:--

ত্রয়োদশ পরিচ্ছেদ—গাজীর আবির্ভাব।

শিশুকাল হইতে আমরা গান্ধীর কথা শুনিয়া আসিতেছি। নিমুবক্ষে গান্ধীর কথা শুনে নাই, এমন লোক পাওয়া বায় না। রামলক্ষণের মত গাঞ্জীকালুর নামও এক সঙ্গে গ্রথিত। যশোহর-খুল্নার নিম্নশ্রেণীর মধ্যে "মনসার ভাসান" যেমন প্রচলিত, "গান্ধীর গীত"ও তেমনি। ইহাতে শুধু গীত নহে, "আলাপচারি"ও আছে অর্থাৎ গানের মাঝে মাঝে পাঁচালির মত গান্ধী কালুর জীবনকধা ক্রথিত হয়। এক সময়ে এদেশে গান্ধীর গীত এত প্রচলিত ছিল; এবং উহার একই কথা লোকে শুনিতে শুনিতে এমন বিরক্ত হইয়া গিয়াছিল, যে "গাঞ্জীর গীতের আলাপ" বলিলে, যে কথা লোকে গুনিয়া গুনিয়া আর গুনিতে চাহে না, এমন কথা বঝার। গাজীর নামে এই ছই জেলায় কত গ্রামের নাম আছে, গাজীবছাট গাঞ্জীর্ঘাট, গান্ধীপুরের অভাব নাই। লোকে কোনও কার্য্যে বলপ্রয়োগ করিবার সময় গান্ধীর নাম স্মরণ করে। তবে গান্ধীর নাম সর্বাপেক্ষা অধিক স্মরণ করে। নৌকার দাঁডিমাঝিরা। এই নদীমাতৃক দেশে গাজীসাহেব নাবিকদিথের আরাধা দেবতা হইরা রহিয়াছেন। এ গাজীদাহেব কে ? লোকে তাহার কথা যত শুনে, তেমন কি তাঁহাকে কেহ চিনে ? হস্তর নদীপথে নৌকা ছাডিবার সময় यथन मांजिमाबि यथाञ्चारन जेशविष्ठे हहेशा, मांजि ও हाहेरल हछार्शन कतिश ভক্তিবিনত ধীর গন্তীরভাবে "গান্ধী বদর বদর" বলিয়া প্রাণ খলিয়া ভাকে

তথন জানিতে ইচ্ছা হয়, এই ভাগ্যবান্ পুরুষেরা কে ? আবার নদীতরঙ্গে নৃত্যের তালে তালে দাঁড় বাহিতে বাহিতে যথন দাঁড়ীরা গায়—

> "আমরা আজি পোলাপান, গান্ধী আছে নিথাবান। * . শিরে গঙ্গা দরিয়া, পাঁচপীর বদর বদর ।"

তথন মনে হয়, শুধু গান্ধী এবং বদর নহে, নাবিকের আরাধ্য দেবতা আরও আছেন,—গঙ্গাদেবী, তিনি শুধু হিন্দুর সম্পত্তি নন, আর আছেন পাচপীর। এ পঞ্চদেবতা কে ?

পূর্ব্ধবঙ্গে যে গান্ধীর গীত প্রচলিত আছে, তাহার ভিতর পাচপীরের কথা পাই— পোড়া রাজা গয়েস্দি, তা'র বেটা সমস্দি,

পুত্র তা'র সাই সেকেন্দর।

তার বেটা বরথান্ গাজী, থোদাবন্দ মূলুকের রাজী কলিযুগে যা'র অবসর;

বাদসাই ছিঁড়িল বঙ্গে, কেবল ভাই কালুসঙ্গে নিজ নামে হইল ফফিব। +

স্থবর্ণপ্রামে এই পাঁচপীরের নামে একস্থানে পাঁচটি দরগা বা মন্দির আছে।

ত্রীহট্ট সহরে উহাদের কবরস্থান "পাঁচপীরের মোকাম," বলিয়া পরচিত।
ক্রমবার পাঁচপীর যে শুধু বঙ্গেই আছে, তাহা নহে। তারতবর্ষের অনেকস্থানে
পাঁচপীর আছে এবং স্বতন্ত্র লোক লইরা সে সব স্থানে পাঁচপীর হইরাছে। বঙ্গের
পাঁচ পাঁর—গাঁয়সউদ্দীন, সামস্থাদীন, সেকন্দর, গাজী ও কালু। কিন্তু গাজীর
গীতে ইহাদের সহিত যে সম্বন্ধ দেখা যাইতেছে, তাহার সহিত ইতিহাস মিলে না।
কেহ কেহ অন্থমান করেন, গাঁয়স্থাদীন বলিতে দিল্লীর বাদসাহ গিয়াস্থাদীন
তোগালককে ব্রাইতেছে, কিন্তু তাঁহার সহিত সামস্থাদীনের কোন সম্বন্ধ নাই।
বাঙ্গালার এক বিধ্যাত গিরাস্থাদীন ছিলেন; কিন্তু তিনি সেকন্দর সাহের প্র্ত্ত।
তাহা হইলে সেকন্দরের প্রত্ত গাঁজী কে ছিলেন, ব্যা বায় না। মোটকথা, পাঁচজনের মধ্যে সামস্থাদীন ও সেকেন্দরকে বিশেবরূপে চিনিতে গাঁর। যায়। সামস্থান

 ⁽পानाभान-- विश्वत्रः निथावान-- दक्कांकर्छ। ।

[†] श्रीयजीतारमार्न बाब धारीक छाकात देखिराम, अब चंक, ६२६ शृः

[:] শ্রীহটের ইতিবৃত, বিতীরভাগ, ২র খণ্ড, ৫৭%।

দীন বঙ্গের প্রথম স্বাধীন পাঠান শাসনকর্তা; তাঁহার সময়েই শ্রীহটে সাহজালালের আগমন হইরাছিল, তিনি তৎপুত্র সেকল্বকে শ্রীহটে মুসলমানপ্রতিপত্তি স্থপ্রতিষ্ঠিত করিবার জন্ত প্রেরণ করেন। এইরূপ ভাবে স্বধর্মগোরিব
প্রতিষ্ঠিত করার মাহান্ম্যে পিতাপুত্রে পীরশ্রোভুক্ত হন। পিতার মৃত্যুর পর
সেকল্বর সাহ সিংহাসন লাভ করেন; তিনিও স্থশাসক বলিরা থ্যাতিসম্পন্ন
ছিলেন। তাঁহারই সমন্ন বাঙ্গালাদেশের জরিপ হয়; তিনি যে মাপের গজ বাবহার করিয়া ছিলেন, উহাই সেকল্বরী গজ বলিয়া থ্যাত। এই সেকল্বরের ১৮
পুত্র; তত্মধ্যে গিরাস্থলীন অন্ত ১৭ জনকে নিহত করিয়া রাজা হন। স্থতরাং
সেকল্বরের পুত্র গাজী সাহেবের কোন বিবরণ পাওয়া হছর। বিশেষতঃ
সেকল্বের রাজত্ব কালে অর্থাৎ খৃষ্টীয় চতুর্দশ শতালীর শেষভাগে থাঁ জাহানের
পূর্বে কেহ মুসলমান ধর্ম্ম প্রচারজন্ত যশোহরে আসিয়াছিলেন বলিয়া মনে হয় না।

মুদলমানের ধর্মশান্তে বলে, যিনিই বিধর্মীর সহিত যুদ্ধে জয়লাভ করিয়া স্বধর্ম প্রতিষ্ঠা করেন, তিনিই গাজী। * সাহাজালালের সময় হইতে ইদ্লাম ধর্ম প্রচার করিতে বছজন এদেশে আসিয়াছেন, তাঁহাদের মধ্যে হাট প্রেণী আছে — আউলিয়া ও গাজী। আউলিয়া ও ফকিরগণ শান্তিপ্রিয়, তাঁহারা বুক্তিতর্কে বা কৌশলে হিন্দু বৌদ্ধকে নিজের ধর্মে টানিয়া লইয়াছেন; গাজাদিগেরও উদ্দেশ্য এক, কিন্তু তাঁহারা বলপ্রয়োগ বা অত্যাচার করিতে কুঞ্জিত নহেন। এই গাজীনামধারী রাজনৈতিক সয়াাসিগণ প্রয়োজন মত রাজার সাহায়ে সৈল্পসামস্ত লইয়া রীতিমত যুদ্ধ এমন কি লুটপাট করিতেন। আউলিয়াগণ প্রয়োচনায় সাধুজীবনের আদর্শে এবং জনহিতিষতার পরিচয়ে কার্যাসিদ্ধি করিতেন; কিন্তু গাজীগণ ছলেবলে কৌশলে অবিচারে অত্যাচারে দেশ উৎসয় করিয়াছিলেন। গাজীদিগের মধে যে কেহ কেহ সাধু ছিলেন না তাহা নহে, তবে তাঁহাদের সংখা অয়। ত্রয়োদশ শতান্দীর শেষভাগে জাফর গা গাজী ত্রবেণীতে আসিয়াছিলেন। তিনি হিন্দুর মন্দির ভাঙ্গিয়া তাহার প্রস্তর হারা এক প্রকাণ্ড মৃস্জিদ নির্মাণ করেন; সেধানে তিনি ও তাঁহার বংশীয়গণ সমাধিস্থ আছেন। জাফরগাজীর এক পুজ্রের নাম বর্থানগাজী; তিনি স্থানীয় হিন্দু রাজাকে পরাস্ত করিয়া

 [&]quot;Ghazi signifies a conqueror, one who makes war upon infidels".
 Tabakat-i-Nasiri (Raverty) P. 70 note 2.

তাঁহার কতাকে বিবাহ করেন। সেই বর্থান্ গাজীও আমাদের প্রস্তাবিত "গাজীর গীতের" বর্থান্ গাজী এক ব্যক্তি বিলয় মনে হয় না। কারণ জাজর গাঁর মস্জিদের পারশীক লিপিতে যে তারিথ আছে, তাহাতে ১২৯৪ খুঠাক হয়; কিন্তু সে সময়ে যশোহর জেলায় মুকুট রাজা প্রাত্ত্ত্ত হন নাই। সে যুগে যশোহর খুল্নার অনেকস্থান বসতির অর্পযুক্ত হয়া পড়িয়াছিল। তবে উভয় বর্গান্ গাজী যে জোর করিয়া রাজার কল্পা কাড়িয়া লইয়া বিবাহ করিয়াছিলেন, তাহা সত্য কথা। উক্ত জাফর গাঁর নিজেরই নাম বা তাঁহার কোন সহচরের নাম দরাফ গাঁছিল, তাহা জানা যায় না। দরাফ গাঁ যে শেষ জীবনে গঙ্গা-তক্ত হইয়া অপূর্ব্ব গঙ্গান্তোত্ত রচনা করিয়াছিলেন, তাহা অনেকেই জানেন। সময়ে সময়ে গাজীদিগের মধ্যেও জাতিনির্ব্বিশেষে অতিরিক্ত দয়াল্ লোক দেখা যাইত, এজন্ত আমাদের দেশে কোন অতিরিক্ত দয়াল্ বাক্তিকে "দয়ার গাজী" বলিয়া থাকে।

পূর্ব্বোক্ত গাঁচ পীরের অগ্রতম গাজীর বিশেষ কোন নাম পাওয়া যায় না।
তিনি সাধারণতঃ বরথান্ বা বড়গাজী এবং গাজী সাহেব বলিয়া পরিচিত।
তাঁচার সম্বন্ধে একটি প্রচলিত গল্প আছে। তিনি রাজা মুকুটরায়কে পরাজিত করিয়া তাঁহার রাজা রাজধানী ছারথার করেন এবং তাঁহার কন্তা চম্পাবতীকে বিবাহ করেন। এই গল্পের ভিত্তি অবলম্বন করিয়া কয়েকজ্বন মুসলমানী বাঙ্গালায় "গাজীকালু ও চম্পাবতী" পুঁথি রচনা করিয়াছেন, এবং ঢাকা ও কলিকাতা হইতে উহার করেকটি সংকরণ বাহির হইয়ছে। বলিও এই সকল স্বলভ অগুদ্ধ "বটতলার" পুঁথি শিক্ষিত ব্যক্তির ঘণা উৎপাদন করে, তব্ও ইহা একশ্রেণীর লোকের যথেষ্ট চিত্ত-বিনোদন করিয়া থাকে। কর্ম্মবিরত নাবিকেরা রাত্রিকালে উন্মৃক্তহত্তে প্রদীপে তৈল ঢালিয়া দিয়া, স্থরসংযোগে এই পুঁথি পাঠ করে, তথন সে পার্যবর্তী তরণীমালা হইতে সাগ্রহ শ্রোতা পাইয়া থাকে। এই সকল পৃত্তকের গ্রাম্য ভাষায় লিখিত আবর্জ্জনারাশির মধ্যে অস্কুসন্ধিৎস্থ পাঠকের জন্ত কিছু কিছু ঐতিহাসিক তথা লুক্কায়িত আছে। আমরা প্রথমতঃ এই পূঁথির স্থলমর্ম্ম দিয়া পরে ইহার ঐতিহাসিকতার বিচার করিব।

বিরাটনগরে সেকেন্দর সাহ রাজা ছিলেন, তাঁহার রাণী অজুপাফুন্দরী; তিনি বলিরাজার ক্ঞা, স্কতরাং গঙ্গাদেবীর ভগিনীপুলী। ইহাদের প্রথম

পুত্র জুলহাস, তিনি শিকারে গিয়া নিরুদেশ হন। দিতীয় পুত্র গাজী: ইহা বাতীত এক পালিত পুত্র ছিলেন, তাঁহার নাম কালু। রাজারাণী প্রাপ্ত-বয়ন্ধ গান্ধীকে রান্ধা দিতে চাহিলেন, কিন্তু তিনি কিছুতেই তাহা লইলেন না: রাজা হিরণাকশিপুর মত তাঁহার উপর কত অত্যাচার করিলেন, কিছুতেই ফল হইল না। গান্ধী গোপনে কালুকে সঙ্গে লইয়া পলায়ন করিলেন, এবং বাঙ্গালাদেশে স্থন্দরবনে আসিয়া উপস্থিত হইলেন। সেথানে বাঘ, কুমীর, সবই তাঁহার বণীভূত। কিন্তু নানাস্থান ভ্রমণ করাই ফকিরের রীতি বলিয়া গাজী কালু ছাপাইনগরে শ্রীরামরাজার দেশে পৌছিলেন; রাজবাটীতে অগ্নি লাগিল, রাণী অপহাত হইলেন, অবশেষে যে দেশে একজনও সুদলমান ছিল না. সে দেশে সৰ মুসলমান হইয়া নিস্তার পাইল। ছাপাই নগরে একটি স্থবর্ণমণ্ডিত মদজিদ প্রস্তুত হইল। অবশেষে তাঁহারা দোণারপুরে ও পরে ব্রাহ্মণনগরে রাজা মুকুটরায়ের দেশে গেলেন। মুকুটরায়ের দাত পুত্র ও এক কলা, তাহার নাম চম্পাবতী। চম্পাবতীর মত স্থন্দরী আর নাই, গান্ধী তাহাকে পাইবার জন্ম পাগল হইলেন। মুকুটরায় যবনদ্বেষী ব্রাহ্মণ, তাঁহার দেশে সব ব্রাহ্মণ: তিনি যবনের মুখ দেখিলে ত্রিরাত্র (অশৌচ প্রতিপালন) করেন। মুকুটরায়ের কন্সার সহিত গাজীর বিবাহের প্রস্তাব করিতে কালু রাজদরবারে উপনীত হইলেন: রাজা যবনের আম্পদ্ধা দেখিয়া কালুকে বন্দী করিলেন। তথন গাজীর সহিত প্রকাশ্ত যদ্ধ বাধিল। গাজী অসংখ্য ব্যাঘ দৈন্ত লইয়া গোপনে নদী পার হইয়া মুকুটের রাজপুরী আক্রমণ করিলেন। মুকুটরাম্বের এক দিখিজ্মী বলশালী দেনাপতি ছিলেন, তাঁহার নাম দক্ষিণরায়। তিনি কুমীর লইয়া গাজীর সহিত যুদ্ধ করিতে আসিলেন, কিন্তু ডাঙ্গায় কুমীরে কি বাবের দঙ্গে পারে ? দক্ষিণরায় গদাহন্তে গর্জিয়া আসিয়া গাজীর "আসা" ভাঙ্গিয়া দিলেন। কিন্তু দৈবশক্তিতে অবশেষে তাঁহাকে পরাজিত হইতে হইল। গাজী দক্ষিণরায়ের কাণকাটিয়া, "বার হাত লম্বা" টিকি কাটিয়া ভাহাকে বাধিয়া রাখিলেন। এবার "বারকোটা নয় শত সেনা" ও "লক্ষ লক্ষ তোপতীর" প্রভৃতি লইয়া মুকুটরায় স্বয়ং যুদ্ধে অবতীর্ণ হইলেন : দিনে দিনে যুদ্ধ চলিতে লাগিল, প্রতাহ রাত্রিতে মুকুটরায় তাঁহার মৃত্যুজীব কৃপ" হইতে জল ছিটাইয়া হাতী, ঘোড়া, লোকজন সব বাঁচাইরা দিতেন। তথন গাঞ্জী গরু মারিয়া রক্ত দিয়া কৃপের সে শক্তি নষ্ঠ করিয়া দিলেন। আর মুক্টরায়ের উদ্ধার নাই। গান্ধীর লোকেরা রাজবাটীতে যেথানে সেবানে প্রবেশ করিয়া অমার্ছিক অত্যাচার করিতে লাগিল; অবশেষে সকলে গান্ধী কালুর পদানত হইল। রাজায়রাণী পাত্রমিত্র সকলে পৈতা ছিঁড়িয়া কলমা পড়িলেন এবং "ঝুটি কাটিয়া" মুসলমান হইলেন। গান্ধীর সহিত চম্পারতীর বিবাহ হইল, এবং চম্পাকে গান্ধী লইয়া গেলেন। পথে একদিন গান্ধী দেখিলেন, এক নদীর কৃলে তিনশত যোগী তপে নিযুক্ত আছেন; গান্ধী গঙ্গাকে ভাকিয়া য়োগীদিগের অভীষ্ট কমলে-কামিনী দর্শন করাইলেন; যোগীরা মুসলমান ধর্ম্মের মত ধর্ম নাই দেখিয়া "ঝুটি কাটিয়া" মুসলমান হইল। পরে পাতালপুরী হইতে জুলহাসকে লইয়া গান্ধী কালু ও চম্পা সাগর পার হইয়া বিরাটনগরে গেলেন। ইহাই পুঁথির স্থুল কথা।

এখানে সর্ব্ধপ্রথম বিরাট নগর, পরে ছাপাই নগর, সোণারপুর ও ব্রাহ্মণ নগর এই চারিটি স্থানের নাম পাইতেছি। বিরাটনগর কোথায় ? গাজী সেকন্দ্রসাহের পুত্র হইলে এই অজানিত বিরাটনগরের রাজধানীর কথা উঠিবে কেন ? সেকন্দর সাহ গৌড়াধিপ ছিলেন। আরও দেখা যাইতেছে সমুদ্র পার হইয়া গাজী **স্থন্দ**রবনে আসিলেন। তাহা হইলে পূর্ববঙ্গ বা **উ**ডিষ্যা হইতে আনাই সম্ভব। যথন পূর্ধবঙ্গে গান্ধী কালুর সমাধি স্থান দেখিতে পাইতেছি, তথন পূর্ব্বঙ্গই তাঁহাদের পূর্ব্ব নিবাস ছিল বলিয়া অমুমান করিতে পারি। বঙ্গেশ্বর স্থলতানের সহিত তাঁহাদের কোন সম্বন্ধ না থাকাই সম্ভব: চয়ত তিনি সেকন্দরনামধারী অন্ত কোন প্রাদেশিক রাজার পুত্র ছিলেন। তিনি সংগার ত্যাগ করিয়া কোন বণিকের জাহাজে বর্ত্তমান খুলুনা জেলার দক্ষিণাংশে কোণায়ও অবতরণ করিয়াছিলেন বলিয়া মনে হয়। আমরা পূর্বে দেখাইয়াছি, যাঁহারা মুদলমান ধর্ম প্রচার করিতে আসিয়াছিলেন, বৌদ্ধ-প্রধান প্রাচীন স্থানের উপরই তাঁহাদের প্রথম লক্ষ্য হইত। বিশেষতঃ দে দমত্ত্বে গাঙ্গের উপদ্বীপের সবস্থানে বসতি হয় নাই, প্রাচীন বৌদ্ধসানগুলিই সকলের পরিজ্ঞাত ছিল। বারবাঞ্জার ও হাতিয়াগড় কিরুপে বৌদ্ধ আমলে প্রধান স্থান ছিল, তাহা আমরা দেবাইয়াছি। গান্ধীর প্রথম দৃষ্টি এই দিকে পড়াই সম্ভৰ, এবং তাহাই পড়িয়াছিল। গান্দীর ছাপাইনগর চাঁদসওদাগরের নামসংযুক্ত চাম্পাইনগরে নহে। অনেক অনুসন্ধানের ফলে দেখিয়াছি, ইহা বারবাদ্ধারেরই একাংশ।

বর্তুমান বারবাজার রেলওয়ে প্রেশনের পূর্ব্বদিকে এক মাইল পথ অগ্রসর হইলে, একটি প্রকাণ্ড দীঘি দেখিতে পাওয়া যায়। উহাকে সাধারণ লোকে শ্রীরাম রাজার দীঘি বলে। ঐ দীঘির দক্ষিণ ও বাতুরগাছার পশ্চিমাংশকে পূর্বে ছাপাইনগর বলিত। স্থানীয় বৃদ্ধ মুদলমান অধিবাদীরা এখনও ছাপাই নগর জানে। এখন ছাপাইনগর উক্ত বাছরগাছা মৌজার অন্তর্ভুক্ত হইয়াছে; কিন্তু দেখান হইতে শ্রীরাম রাজার গড়বেষ্টত বাড়ী লুপ্ত হয় নাই। শ্রীরাম রাজার দীঘি অতি স্থন্দরজনাশর; উহা উত্তর-দক্ষিণে দীর্ঘ; জলে শৈবালাদি নাই, পাহাড় অতি উচ্চ, জল নির্মান। পূর্ম ও দক্ষিণ তীরে প্রকাণ্ড বাঁধা ষাটের ভগাবশেষ আছে। এই দীঘি হইতে একটু পূর্ব্বদিকে অগ্রসর হইলেই শ্রীরাম রাজার বাড়ী দেখা যায়। সে বাড়ীর চারি ধার নদীর মত বিস্তত গড়ের দারা বেষ্টিত। সে গড়ে এখনও জল আছে, এবং রাশি রাশি প্রফুটিত পলে সমাচ্ছন্ন হইয়া অপূর্ব্ব নয়নাভিরাম শোভা বিস্তার করে। এই গড়্থাই এত বিস্তৃত, গভীর এবং ছুর্গম যে উহা পার হইয়া ভগ্গবাটীতে যাওয়ার উপায় নাই। দে বাটী বাঁশের ঝোপ ও বহা বুক্ষে সমাচ্ছন্ন হইয়া খাপদসমূহের আশ্রয়নান হইন্নাছে। সেখানে বাঘ বোধ হয় দর্মনা আছে, এবং স্থানীয় লোকের বিশ্বাস ঐ পরিথাবেষ্টিত বাড়ীর দক্ষিণ তীরে এক বৃহস্পতিবারে গান্ধী সাহেব প্রথম জাহির বা প্রকাশ হন বলিয়া, প্রতি বুহস্পতিবারে রাত্রিতেসে স্থানে বাাছ নিশ্চয় আসিয়া থাকে, কারণ গাজা বাাঘের দেবতা। পথে আসিতে আসিতে গাজীর সহিত অনেক শিষ্য জুটিয়াছিল, তিনি দলবদ্ধ হইয়া গ্রীরান রাজার বাড়ীর দক্ষিণে পরিধাপারে যেধানে প্রথম আস্তানা করিয়াছিলেন, তথায় এক ট অতি প্রকাণ্ড বছবর্ষজীবী বটরক্ষ সাক্ষীর মৃত এথনও দণ্ডায়মান আছে। যাহা হউক গান্ধী কালু এথানে শ্রীরাম রাজার উপর অমামুষিক অত্যাচার করিয়া এমন কি তাঁহার স্ত্রী হরণ করিয়া, দেশশুদ্ধ হিন্দু বৌদ্ধকে মুদলমান করিয়া, মদ্বিদ প্রতিষ্ঠা করিয়া চলিয়া যান। শ্রীরাম রাজা ইদ্লাম ধর্ম গ্রহণ করিলে রাণী প্রত্যূর্পিত হইরাছিলেন। গাজীর এই অত্যাচারকাহিনী মুদলমানদিগের নিজের পুঁথিতেও প্রকাশিত হইয়া পড়িয়াছে।

বার বাজাবের একটু দক্ষিণে মাদ্লে-হাসিলবাগ নামক প্রামে এক হাট হইত,
ঐ হাটের নাম বদরের হাট। নৌকার মাঝিরা যে বদরের নাম না উচ্চারণ
করিয়া নৌকা ছাড়ে না, দেই বদরের নামেও এ হাট হইতে পারে। এই বদর
উদ্দীন এক জন প্রসিদ্ধ পীর, চটুগ্রাম সহরে পীর বদরের কবর আছে। হাসিলবাগে আসিয়া প্রীরাম তাঁতির উপর গাজী সাহেব অনুগ্রহ প্রকাশ করেন, এবং
তাহাকে ধনী করিয়া দেন। তিনি জামলাগোদা নামক এক ব্যক্তির গোদ
আরোগা করিয়া দেন। পুঁথিতেও তাহার বিশেষ উল্লেখ আছে। স্থানীয় লোকে
বলে যে তাহারা শুনিয়াছে গাজী এখান হইতে কুনিয়া নগরে গিয়া মটুক রাজার
কন্তাকে বিবাহ করেন। পুঁথিতে কিন্তু কুনিয়া নগরের স্থলে ব্রাহ্মণ নগর আছে।
আমরা সে কথা পরে বলিব।

বারবাজার হইতে গাজী কালু দোণারপুর গিয়াছিলেন। এই দোণারপুর হাতিয়াগড়ের অন্তর্গত। চবিবশ পরগণা জেলায় কলিকাতা হইতে দক্ষিণ মুথে যাইবার রেলওয়ে পথে এখনও দোণারপুর একটি প্রসিদ্ধ জংসন ষ্টেশন। সোণারপুর পরে গাজী কালু প্রভৃতি সকলে মদ্জিদে গিয়া পৌছিয়াছিলেন বলিয়া পুঁথিতে বিবৃত আছে। সন্তবতঃ গাজী কালুর পূর্বে ত্রিবেণী হইতে বরখান্ গাজী এই অঞ্চলে স্থানে স্থানে মদ্জিদ প্রতিষ্ঠা করিয়াছিলেন। সোণারপুর তথনও একটি স্থানর সহর ছিল। এই স্থানে কিছুকাল অধিষ্ঠান করিয়া গাজী মুকুট রায়ের বিক্রদ্ধে যুদ্ধ যাতা করেন। এই মুকুট রায় কে ?

চতুর্দ্দশ পরিচেছদ—মুকুট রায়।

প্রাদেশিক কাহিনী এবং প্রচলিত প্রবাদ হইতে আমরা করেকজন মৃক্ট রায়ের পরিচয় পাই। (১) রায় মৃক্ট নামে নবদ্বীপ অঞ্চলে একজন পণ্ডিত ছিলেন, ইনি অমরকোষের এক টীকা প্রণয়ন করেন। রায় মৃক্টপদ্ধতি নামে একথানি স্মৃতিগ্রন্থও তাঁহার নাম রক্ষা করিয়াছে। তীক্ষ বৃদ্ধির জভা ইঁহার এক উপাধি ছিল, 'বৃহস্পতি।' ইনি ব্রাহ্মণ এবং গৌণ কুলীন। (২) জমিদার মৃক্ট রায়, তাঁহার কনিষ্ঠ ভ্রাতার নাম বিনোদ রায়। ইঁহারা কার্ছাপ গোত্ত, চাটুতি গাঞি। স্থনামধ্যাত ঐতিহাদিক ৮ রাজক্ষ মুখোপাধ্যায় মহাশয় তাঁহার 'রাজবালা' নামক উপভাবে লিথিয়াছেন বে, মুক্ট রায়ের কল্পা

তুর্গাবতীর সহিত নদীয়া জেলার অন্তর্গত গোঁসাঞি-তুর্গাপরনিবাদী কুলীনাগ্রগণ্য কমলাকান্ত বন্দ্যোপাধ্যায়ের বিবাহ হয়; এবং তজ্জন্ত জয়দিয়ার রায় চৌধরী বংশের সহিত সম্বন্ধের কথা উল্লেখ করিয়াছেন। যশোহরের অন্তর্গত জন্মদিরার রায়চৌধুরীগণ যে উক্ত বিনোদ রায়ের বংশসম্ভত, তাহাতে সন্দেহ নাই। কিন্তু সে বংশের সহিত ছুর্গাপুরের বন্দাবংশের সম্বন্ধ ছিল কিনা সন্দেহ। বর্ত্তমান সময়ে উক্ত বন্দ্যোপাধ্যায় বংশীয়গণ "অধিকারী" উপাধিয়ক্ত। অধিকারীরা প্রধান কুলীন এবং স্বভাবে আছেন। কাশ্রপ-গোতীয় বিনোদ রায় বংশজ ছিলেন, তদ্বংশীয়ের সহিত বিবাহ হইলে কুল থাকে না। স্তত্তাং জয়দিয়ার সহিত তুর্গাপুরের বিবাহ সম্বন্ধ ছিল বলিখা বোধ হয় না। জয়দিয়ার সম্পর্কিত মুকুট একজন সাধারণ জমিদার ছিলেন; নলডাঙ্গার রাজবংশ প্রবল হইলে দে বংশের জমিদারীর লোপ হয়। (৩) ঝিনাইদহ অঞ্চলে একজন প্রবল প্রতাপাধিত জমিদার ছিলেন, তাঁহার নাম রাজা মুকট রায়। ইনি শ্রোতিয় ব্রাহ্মণ, শাণ্ডিলা গোত্র, পারিহাল গাঞি। ইহার এক ভাতা ছিলেন, তাঁহার নাম গন্ধর্ব রায়, মুকুট রায়ের পতনের পর তিনি বঙ্গেশ্বর কর্ত্তক খাঁ উপাধি ভূষিত হন। এই গন্ধর্ম গাঁ জোর করিয়া থড়দহমেলের অবদ্ধী বংশীয় রাঘ্র চটোপাধ্যায়ের দহিত স্বীয় ক্সার বিবাহ দেন: তদবধি ঐ বংশে পারিহালভাবাপন্ন দোষ স্পর্শিরাছিল। এখনও রাঘবের বংশীয়গণের পারি-মেল রহিয়াছে। শ্রোত্রিয়ের কন্তা বিবাহ করিলে কুলীনের কুল ভঙ্গ হয় না, শুধু দোষম্পর্শ হয়। সম্ভবতঃ তুর্গাবতী এই প্রতাপশালী রাজা মকট রায়ের কন্তা: রাজকন্তার নামামুদারে চুর্গাপুরের নাম হইয়াছিল এবং ত্র্গাবতীর পুত্রবংশেও পারিহাল দোষ প্রবেশ করিয়াছিল। এখনও অধিকারী মহাশয়দিগের সে দোষ আছে। এই রাজা রায় মুকুটের অনেক দৈগু দামস্ত ছিল, কথিত আছে তিনি ১৬ হল কা হাতী, ২০ হল কা অধ ও ২২০০ কোড়া-দার না লইয়া বাহির হইতেন না। * খাঁ জাহান প্রভৃতির মত তিনিও জলাশস্থ প্রতিষ্ঠান্ন পুণ্যবান্ ছিলেন; রাস্তা নির্মাণ ও জলাশন্ন থনন করিতে করিতে তিনি অগ্রসর হইতেন। এখনও ঝিনাইদহের সন্নিকটে এরপ অনেক রাস্তার ভন্ন-

^{*} Report on the Agricultural Statistics of Jessore (Jhenidah and Magurah) by Babu Ram Sanker Sen (1872-3), Appendix. xlii.

বশেষ ও জলাশয় রহিয়াছে! জলাশয়ের মধ্যে ঢোলসমূত সর্বপ্রধান, উহা ৫২ বিঘা জমি অধিকার করিয়া রহিয়াছে। ইহা ব্যতীত মিঠাপুকুর, নাটপুকুর নামে আরও কতকগুলি পুকুর এখনও বর্তমান আছে। ঝিনাইদহের পূর্ব্ব ধারে 'বিজয়পরে' এই রাজার রাজধানী ছিল: * উহার দক্ষিণে পশ্চিমে 'বাডীবাধান' নামক স্থানে তাহার প্রকাণ্ড গো-শালা ছিল। তাহার থব অধিকসংখ্যক গাভী ছিল বলিয়া লোকে তাহাকে 'বুন্দাবনের'নন্দ মহারাজ বলিত। "বেডবাডী" নামক স্থানে তাহার উত্থান ছিল। যেখানে তাহার কোডাদার সৈত্যের। বাদ করিত. তাহার নাম কোড়াপাড়া। এ সবগুলি স্থান এখনও বর্ত্তমান আছে। মুকুট রায়ের রাজবাটীর কিছু নাই, তবে ঢোলসমূদ্রের দক্ষিণে ছই চারিট কুদ্র-কুদ্র ইষ্টকন্তপ প্রবাদের সাহায্যে কিছু নিদর্শন রক্ষা করিয়াছে। রায় মুকুট নিজে নিষ্ঠাবান ব্রাহ্মণ, এবং গো-ব্রাহ্মণে ভক্তিমান ছিলেন। কথিত আছে গয়েশকাজি নামক এক ব্যক্তি তাঁহার একটি গোহত্যা করে বলিয়া, তিনি উক্ত কাজিকে নিহত করেন। সেই কথা বঙ্গেশ্বরের নিকট পৌছিলে, তাঁহাকে বাঁধিয়া লইবার জন্ম অসংখ্য সৈক্ত প্রেরিত হয়। শৈলকুপার সন্নিকটবর্ত্তী বাঘটিয়া-নিবাদী কারস্থবংশীয় রঘুপতি ঘোষ রায় মুকুটের প্রধান দেনাপতি ছিলেন, তাঁহার অধীনে আর হইজন অসীম বলশালী বীর ছিলেন, তাঁহাদের নাম চণ্ডী ও কেশব। ইঁহার। চণ্ডী সন্ধার ও কেশব সন্ধার নামে পরিচিত ছিলেন বলিয়া লোকে মনে কবিত ইহারা চণ্ডালবংশীয়। কিন্তু চণ্ডীসম্বন্ধে এরপও শুনা যায় যে, তাঁহার সহিত রঘুপতির অত্যস্ত প্রণয় ছিল, রঘুপতি চণ্ডীকে বৈবাহিক সম্বো-ধন করিতেন: সম্ভবতঃ চণ্ডীও কায়স্থ ছিলেন। প্রবাদ আছে রায় মুকুটের আর এক দল পাঠান সৈত্ত ছিল, তাহার অধ্যক্ষ ছিলেন গয়েশ উদ্দীন। বাড়ী-বাথানের সন্নিকটে গন্ধেশপুর নামক একটি স্থান আছে ; উহার উৎপত্তি গন্ধেশ-কাজি হইতে হইয়াছিল, কিংবা লোকের মুখে বেমন শুনিতে পাওয়া যায়, ঐ স্থানে শেনাপতি গরেশউদ্দীনের শিবির ছিল, তাহা নিঃসন্দেহরূপে বলিবার উপায় নাই। যাহা হউক, নবাৰ-সৈঞ্জের আগমন সংবাদে রায় মুকুট স্বীর পরিবারবর্গ

কেহ কেহ বলেন বিজয়পুরে রাজার আত্মীণ বছন থা কতেন, বাড়ীবাধানেই তাহার

চর্গানি ছিল। বাত বিক্ এই বাড়ীবাধানের সমিকটেই তাহার অভাত কীর্তিচিক্তলি বেখিতে
পাওরা ছায়।

একটি গুপ্ত হর্পে লুকায়িত রাথিয়া স্বয়ং যুদ্ধার্থ প্রস্তুত হইলেন। পর পর ছই দিন যুদ্ধে নবাব-দৈন্ত পরাজিত হইল। চণ্ডী ও কেশব জয়োলাসে মত হইয়া রাজার জনৈক পাঠান-দৈন্তকে নবাব-দৈন্ত ভাবিয়া কালী-মন্দিরে বলি দেয়; তাহার ফলে সমস্ত পাঠান-দৈন্ত বিদ্রোহী হইয়া উঠে। নবাবপক্ষ হইতে রাজার পাঠান-দৈন্তগণকে হস্তগত করিবার কোন ব্যবস্থা হইয়াছিল কিনা জানি না। মোট কথা, বাড়ীবাথানের সল্লিকটে উভয় পক্ষে যে তৃতীয় যুদ্ধ হয়, তাহাতে মীরজাক্ষরের মত গয়েশউদীন যুদ্ধে বিরত ছিলেন বলিয়া মুকুট রায় সম্পূর্ণ পরাজিত ও বন্দী হন। বন্দীকে শৃত্ধলাবদ্ধ করিয়া রাজধানীতে লইয়া ষাওয়া হয়। সেথানে তাহার বীরত্বের থ্যাতি পূর্বেই পৌছিয়াছিল। বঙ্গেশ্বর তাঁহাকে বাধ্যতা স্বীকার করাইয়া তাঁহার রাজ্য প্রতাপনি করেন।

কোন রাজবংশের পতন বিবৃত করিতে হইলে, এ দেশের একটা চির প্রচ-লিত প্রথা আছে। যেথানে প্রকৃত ইতিহাদ নির্মাক, দেখানে একটা মামুলী গল্পের অবতারণা করিয়া পাদপুরণ করা হয়। পাঠান ও মোগল আমলে হিন্দু-বাজগণ একটু বিদ্রোহী হইলেই তাহার বিরুদ্ধে নবাব-দৈন্ত আদিত; ফলে হিন্দরাজা পরাজিত ও বন্দী হইতেন। বন্দীকে লইয়া বাইবার সময়ে, তাহার সঙ্গে প্রায়ই ছুইটি কপোত কপোতী ঘাইত। ইহা হইতে বুঝা যায়, তথন এই সংবাদবাহী কপোতের বিশেষ ব্যবহার ছিল। বিংশ শতাব্দীর সভ্য ইয়োরোপে সংবাদবাহী কপোত যেমন হঃসাধ্য সাধন করিতেছে, ৫١৭ শত বৎসর পূর্ব্বে বঙ্গেও কপোতের দে গুণের সদ্বাবহার করা হইত। কিন্তু প্রভেদ এই,—বঙ্গীয় কপোতেরা পরিণামে উপকার না করিয়া সর্বনাশই সাধন করিত। হিন্দুর নিকট যুদ্ধে পরাজয় অপেক্ষা যবনহত্তে জাতিকুল নাশই অধিকতর অসহনীয় ছিল। কারণ সে যুগে যবনের সহিত যদে পরাজ্যের অর্থই জাতিধর্ম নাশ। এ জন্ম বন্দী রাজা সচ্চে ছুইটি পারাবত লইয়া রাজধানীতে যাইতেন, যদি তিনি নিম্নতি লাভ করিতেন, পারাবাত সঙ্গেই থাকিত। স্থার যদি নিতান্তই <mark>তাঁহার দেহান্ত হইত. তাহা</mark> হইলে তিনি পারাবত হুইটি ছাড়িয়া দিয়া মৃত্যুকে আলিঙ্গন করিতেন। পারাবত উড়িয়া বাড়ী ফিরিয়া আসামাত্র জানা যাইত যে রাজার দেহাস্ত ঘটিয়াছে; স্থতরাং তাঁহার পরিবারবর্গ সকলে আত্মহত্যা করিয়া ইতিহাসের পূষ্ঠা হইছে বংশচিহ্ন মুছিয়া ফেলিতেন। কিন্তু বঙ্গের পারাবত গুলি উড়িয়া আসা ছাড়া অক্স

কোন বিশেষ শিক্ষা পাইত না, এবং তাহারা উড়িয়া আসিবার জন্ম পাগদ হইত।
ইহার ফল হইত যে অনেক সময়ে রাজার নিষ্কৃতির আজ্ঞা হইলেও দৈবক্রমে
পারাবত উড়িয়া আসিয়া বংশ নির্ণোপ করিত; তর্থন রাজা ফিরিয়া আসিয়া
নিজেও আয়হত্যা করিতেন। এমন যে কত ঘটনা হতভাগিনী বঙ্গজননীর
ভাগ্যে ঘটিয়াছে, তাহা কে বলিবে ? মহারাজা বল্লাল সেন হইতে আরম্ভ করিয়া
কত জনের সম্বন্ধে যে এই কপোতকাহিনীর সংযোজনা হইয়াছে, তাহার অবধি
নাই। এ অঞ্চলেও কপোতের ভুল হারা বছ রাজবংশ নির্কাশে হইয়াছে;
তন্মধ্যে দেবগ্রামের দেবপাল রাজা, দেউলিয়ার চক্রকেতু, মহম্মদপুরের সীতারাম,
হরিণাকুণ্ডুর শালিবাহন, ও বাড়ীবাধানের এই মুকুট রায়ের কথা উল্লেখযোগা।
মুক্ট রায়ের কণোত ফিরিয়া আসিবামাত্র তাহার পরিবারবর্গ গুপ্তর্জের পার্শবন্ত্রী পরিথাতে নিমজ্জিত হইয়া আয়হত্যা করেন; যেথানে তাহার কন্সারা
মরেন তাহা "কন্সাদহ," যেথানে তাহার ছই স্ত্রী নিমজ্জিত হন, তাহা "ছইসতীনে" এবং যেথানে রাজনৈবক্স নিমজ্জিত হন, তাহা "দৈবজ্ঞদহ" বলিয়া খ্যাত
হইয়াছিল। এখনও ঐ সকল স্থান আছে, কিন্তু তাহা আর সে পরিথা নাই;
পরিথা বিলে পরিণত হইয়া ত্রগিচিছও বিলুপ্ত করিয়াছে।

(৪) চতুর্থ মুক্ট রায়ের বাড়ী ছিল, ব্রাহ্মণনগর। * যশোহর জেলার যেথানে বর্ত্তমান ঝিঁকারগাছা রেল এয়ে-প্রেশন অবস্থিত, তাহার কিঞ্চিৎ পূর্ব্বোত্তর কোণে লাউজানি বলিয়া গ্রাম আছে। ঐ লাউজানিই ছিল এক সময় ব্রাহ্মণনগর । উহা কাপোতাক্ষের কুলে অবস্থিত। কিন্তু পূর্ব্বে যেরপ উহার অবস্থান ছিল, এখন আর তেমন নাই। তখন ব্রাহ্মণনগরের পশ্চিম ভাগে স্থবিস্তীর্ণ কপোতাক্ষ এবং দক্ষিণসীমা দিয়া হরিহর নদ প্রবাহিত হইত; উত্তর পূর্ব্ব দিকে বিল ছিল। ইহার মধ্যে পরিখাবেষ্টিত হুর্গে রাজা মুকুট রায় বাস করিতেন। তিনি শুড়গাঞিভুক্ত শ্রোত্রির ব্রাহ্মণ ছিলেন। পাঠান আক্রমণের পূর্ব্ব হইতে শুড়গাঞিভুক্ত শ্রোত্রির ব্রাহ্মণ ছিলেন। পাঠান আক্রমণের পূর্ব্ব হইতে শুড়গাঞিভুক্ত গ্রাহ্মণেরা যুশোহর-খুল্নার নানা স্থানে নদীতীরে বাস করিতেন।

^{*} আমরা পূর্ণে ব্রিয়াছি যে বারবাজারের মুসলমানদিগের মূথে কুনিরা নুগরের কথা ভানিয়াছি। গাজী কুনিরা দগরে বৃক্টরায়কে পরাজিত করেন। রারমলল পুতকে আছে:—
"বড় খা পাজীর সাংখ, মহামুদ্ধ ধনিয়তে।" বাবু রামলত্ব সেন লিখিয়া দিয়াছেন বে মুক্ট রায়ের রাজধানী থড়িয়া নগরে ছিল। Ramsunkers's Report p. xliii.

তাঁহারাই এক সময়ে চেকুটিয়া পরগণার রাজা ছিলেন। আমরা পুর্বে দেখাইয়াছি দক্ষিণডিহি প্রভৃতি স্থানের রাম চোধুরী উপাধিভূষিত গুড়বান্ধণেরা কিরপে খাঁ, জাহানের অভিযানের সম্মুথে দণ্ডায়মান হইয়াছিলেন, এবং পরে কিরূপে এই বংশীয় কামদেব ও জয়দেব মহম্মদ তাহেরের কৌশলে পীরালি-মুসল-মান হইয়া যান। স্বধর্মনিষ্ঠ মুকুট রায় প্রবল প্রতাপে শাসনকার্য্য করিতেন। তাঁহার রাজ্য উত্তরে মহেশপুর হইতে দক্ষিণে সমুদ্র পর্যান্ত বিস্তৃত ছিল। পশ্চিম দিকে এ রাজ্য গঙ্গা পর্যাস্ত বিস্তার লাভ করিয়াচিল। * এই শাসনকার্যো তাঁহার দক্ষিণহস্তম্বরূপ ছিলেন তাঁহার আত্মীয় ও সেনাপতি দক্ষিণ রায়। ± দক্ষিণ রায়ও ব্রাহ্মণ এবং দেবভক্তিপরায়ণ। রাজধানী ব্রাহ্মণনগরে মুকুটেশ্বর শিবমন্দির ছিল, দক্ষিণরায় মন্দিরে গিয়া শিবপূজা না করিয়া জলগ্রহণ করি-তেন না। অধিবাদীর সংখ্যা অধিকাংশ ব্রাহ্মণ ছিল বলিয়া নগরের নাম ব্রাহ্মণ-নগর হইয়াছিল ৷ মুকুট রায় অতিরিক্ত ধ্বনদ্বেধী ছিলেন: তথ্ন সমাক শাসন বিস্তৃত না হইলেও দেশ যবনাধিকারভুক্ত ছিল। কিন্তু তবুও মুকুট রায় যবনের আধিপতা স্বীকার করিতেন না, যবনের মুখ দর্শন করিতেন না, কোনও কারণে যবন দর্শন করিলে তজ্জন্ত প্রায়শ্চিত করিতেন। শাসনের স্থবাবস্থার জন্ত মুকুট রায়ের রাজ্য হুইভাগে বিভক্ত ছিল: তন্মধ্যে উত্তর ভাগ তিনি নিজে শাসন করি-তেন; তজ্জন্ত তাঁহার অধীনে যথেষ্ট পদাতিক ও অখারোহি দৈন্ত ছিল: দক্ষিণ দেশ বা ভাটি মুন্নুকের শাসনভার দক্ষিণ রায়ের হস্তে সমর্পণ করিয়াছিলেন। এ জন্ম জাঁহাকে লোকে ভাটীশ্বর এমন কি আঠাঁর ভাটির রাজ্যেশ্বর বলিত। *

কেহ কেহ বলেন মৃকুট রায়ের জয়িদারি পাবনা ইইতে সমৃত্র এবং ফরিদপুর হইতে বর্জমান পর্যান্ত বিত্তত ছিল। তিনি তৎকালীন দিল্লীর পাঠান বাদশাহের নিকট ইইতে পাঞ্জালাত করিয়াছিলেন। "প্রদীপ", ১০১১ আখিন; গৌডের ইতিহান, ২য় থও, ৬১ পুঃ।

[†] মুসলমানী কেতাবেও আছে:—''দক্ষিণা নামেতে রায় রাজার গোণাঞি তার সমতুকা বীর অিভুবনে নাই।''

যতক্ষণ একবার ভাটা থাকে, অর্থাৎ ৬ গতার বতদুর নৌকাপথে পাওয় বার,
তাহাকে এক ভাটি পথ বলে। ফুলর বনে এইভাবে দূরত পরিমিত হইরা থাকে। নৌকাপণে ঘটার ৩।৪ মাইল গেলেও এক ভাটার অন্ততঃ ২০ মাইল পথ অতিক্রম করা যায়। তাহা

ইংলে আঠার ভাটার অন্ততঃ ০০০ মাইল যাওয়া যায়, তাহাতে সন্দেহ নাই। কিন্ত ফুলয়
বন রায়া পূর্ককানে উত্তর বিকে যতদুরই বিত্ত বাকুক, তাহা ৮০ য়াইলের অধিক আদভ

ছিল না। ফুতরাং মহায়হোপাধার বীয়ুক্ত হয়প্রমাণ শালী মহালয় বলীয় সাহিত্যসন্দিলনের
অভিচারণে বাহা বলিয়াহেন তাহার সহিত আসরা একমত হইতে পারি না। তিনি বলিয়াহেন

অভিচারণে বাহা বলিয়াহেন তাহার সহিত আসরা একমত হইতে পারি না। তিনি বলিয়াহেন

এই ব্যাদ্রের দেবতার পূজাপদ্ধতি প্রচার জন্ম আনেকেই লেখনী ধারণ করিয়াছেন, তন্মধ্যে মাধবাচার্যা এবং নিম্তা গ্রামনিবাসী "রায়মঙ্গল"-প্রণেতা কৃষ্ণরাম দাসই প্রধান। রায় মঙ্গল হইতে জানা যায় প্রভাকর নামে এক রাজা ছিলেন, তিনি চবিবশ প্রগণার দক্ষিণাংশে বন কাটাইয়া রাজ্য স্থাপন করেন। তিনি শিবের বরে দক্ষিণারায় নামক পুত্র লাভ করেন। দক্ষিণ রায়ের আর এক ভ্রাতা বা বন্ধু ছিলেন কালু রায়। এই কালু রায়ের সহিত গাজীর সহচর কালুর কোন প্রকার সম্পর্ক নাই। *

সম্ভবতঃ প্রভাকরের পূত্র দক্ষিণ রার হাতিয়াগড় প্রদেশে আজন্ম ব্যাঘ্র শিকার প্রভৃতি কার্য্যে রত থাকিয়া, স্থন্দর বনে শাসন বিস্তারকার্য্যে পিতার

^{&#}x27;দক্ষিণ রার আঠার ভাঁটির অধিকার পাইলেন অর্থাৎ ক্লাঠারটি ভাঁটার বতদ্র বাওরা বার ততদ্র অধিকার পাইলেন।'' এবং ''রায়মঙ্গলে'ও আছে, দক্ষিণ রারের আমল আঠার ভাঁটি।" দক্ষিণরায় দেবতা কবি কৃষ্ণরামকে স্বপ্ন দেখাইরা বলিতেছেনঃ—

^{&#}x27;পোঁচালী প্রবন্ধে কর মঙ্গল আমার,—

আঠার ভ°টির মধ্যে ইইবে প্রচার।" সাহিত্যপরিবৎ পত্রিকা ওয় ভাগ, বঙ্গভাষা ও[†] সাহিত্য, ৯৭ প্র: ।

আমাদের মনে হর বেমন সুন্দর বনে নদীবিশেষের নাম আঠার বাঁকী অথচ তাহাতে ঠিক আঠারটি বাঁক আছে কি না সন্দেহ, সেইরুপ আঠারটি নদীর গতিপথ ছারা সমস্ত্র ফুন্দর বন বুঝাইরা দেওরা হইডেছে।

কেই বলিয়াছেন দকিবরার ও কাল্রার অভিয় ব্যক্তি। (Dacca Review vol. 3 No. 3 p. 148, Wise's Notes on Races & pp 13-14). "রায়মঙ্গলে" কিন্তু অঞ্চরণ আছে। দকিব রায় নিজেই বলিতেছেন বে তিনি কাল্ রায় কর্তৃক হিজলী প্রেরিত ইইয়ছিলেন। বিশ্বকোর, ৮য়, ২৮৯ শুঃ।

সহায়তা করিয়া বিশেষ অভিজ্ঞতা লাভ করেন। তাঁহার বীরত্বের থাতি মুকুট রায়ের নিকট পৌছিয়াছিল; তিনি সেই বীর যুবককে স্বীয় কার্য্যের সহায়ক রূপে গ্রহণ করেন। রাজার ধনবল ও জনবল দারা পৃষ্ঠপোষিত হইয়া, বিস্তীণ নদীবক্ষে বা জঙ্গলাকীর্ণ স্থানর বনে শক্র শাসন করিতে করিতে এমন রণপাণ্ডি হা লাভ করেন, যে তাঁহার ভয়ে কেহ স্থানর বনে প্রবেশ করিতে সাহসী হইত না। দক্ষিণ রায়ও মুকুট রায়ের মত যবনদ্বেণী ছিলেন। এই যবনদ্বেষই তাঁহাদের কালস্কর্মণ হইয়াছিল। এই জন্তই গাজী তাঁহাদের উপর অত্যাচার করিতে অপ্রসর হন।

এই স্থানে আমরা ধীর ভাবে কয়েকটি কথা বিচার করিব। আমরা চারি জন মুকুট রায়ের উল্লেখ করিয়াছি। তন্মধ্যে প্রথম ছুই জনের সহিত প্রস্তাবিত ইতিহাসের বিশেষ কিছু সম্বন্ধ নাই। তৃতীয় জনকে আমরা রায় মুকুট বলি-য়াছি; ৮তুর্থ জনকে বলিয়াছি মুকুট রায়। এই ছই জনকে এক ব্যক্তি বলিয়া অনেকে সন্দেহ করিয়াছেন। যিনি ঝিনাইদহের মুকুটের কথা বলিতে গিয়াছেন, তিনি জনশ্রতির উপর নির্ভর করিয়া বলিয়াছেন যে তাঁছার একটি রাজধানী দক্ষিণ দিকে ছিল: কিন্তু সে মুকুটের সহিত গাঞ্জীর যদ্ধ বা চম্পাবতী নামক তাঁহার কোন কন্তার কথা উল্লিখিত হয় নাই। * অপর পক্ষে যিনি ব্রাহ্মণ নগরের মুকুটের কথা বলিয়াছেন, তিনি অনুমান করিয়াছেন যে, তাঁহার রাজ্ঞা উত্তর দিকে অনেক দর বিস্তৃত ছিল: কিন্তু তিনি নবাব সৈন্তের সহিত্ যুদ্ধের কথা বিশেষ কিছু বলেন নাই। আমরা মনে করি, এই ছই জন স্বতন্ত্র ব্যক্তি। তাহার কয়েকটি কাঁরণ দংক্ষেপতঃ এই—(১) রায়মুকুট পারি-শ্রোত্তিয় এবং মকুট রায় গুড-শ্রোত্রিয়, যদিও শেষোক্ত জনের সামাজিক নিদর্শন সম্বন্ধে জনশ্রতি ভিন্ন বিশেষ প্রমাণ নাই। (২) রায় মুকুটের চম্পাবতী নামে কোন কন্তার কথা পাওয়া যায় না। (৩) রায় মুকুটের সহিত গান্ধীর যুদ্ধ হয় নাই বা দক্ষিণ রামের সহিত তাঁহার সম্বন্ধের উল্লেখ নাই। (৪) রায় মুকুট যুদ্ধে वनी इहेश ताल्यानीए नौठ इहेशाहितन; मुकूछ तार वनी इहेरात शृद्धह

বাবু রামশকর সেন রয় মুকুটের কথা লি'বয়াছেন। শ্রীয়ুক্ত চারুচন্দ্র মুবেশপাধ্যকি

মহাশয় এয়েবনগরের মুকুটয়ায়ের কতক বিবরণ দিয়াছেন। কুশদহ ৩য় বয়, ৬৬, ১৯১,
১৩৮ পঃ।

কুপে পড়িয়। আয়াঘাতী হইয়াছিলেন। (৫) রায় মুকুট নবাব-সৈত্যের সহিত যুদ্ধ কালে পরিবারবর্গ শৈলকুপার সন্নিকটে কোন হুর্গে রাথিয়ছিলেন, সেখানে তাঁহার স্ত্রী-ক্সার মৃত্যু হয়। অথচ প্রবাদ অমুসারে অস্ত মুকুট রায়ের পরিবার-বর্গ রাহ্মণনগরের কুপে পড়িয়া আয়হত্যা করেন। স্বতরাং রায়মুকুট ও মুকুট রায় এক ব্যক্তি নহেন, এবং তাঁহারা এক সময়ে প্রাহ্মভূতি হন নাই। সম্ভবতঃ রাহ্মণনগরের মুকুট রায় হোসেন সাহ ও তৎপুত্র নসরৎ সাহের রাজত্ব কালে অর্থাৎ বোড়শ শতাব্দীর প্রথম ভাগে আবিভূতি হন এবং নিনাইদহের রায় মুকুট তাঁহার অনেক পরে অর্থাৎ মোগল-আমলের প্রথম ভাগে আয়্র-প্রতিষ্ঠা লাভ করেন। এইরূপ অমুমান করিবার কি কারণ আছে, তাহা পরে বলিব। আমরা এথানে রাজা মুকুট রায়ের কথাই বলিভেছি।

মুকুট রায়ের স্ত্রীর নাম লীলাবতী * ও তাঁহার সাত পুত্র এবং একটি মাত্র কস্তা। সাত ভ্রাতার ভর্গিনী বলিয়া ভর্গিনীটি সকলেরই বিশেষ আদরের ছিল; এরপ আদরের ভর্গিনীর প্রসঙ্গ উঠিলে আমাদের এখনও "সাত ভাই চন্পার" কথা অনেকে বলিয়া থাকে। চন্পারতী অপূর্ব্ব রূপ-লাবণাবতী ছিল; এমন কি তাহার রূপের কথা নানা স্থানে ব্যাপ্ত হইয়াছিল। গাজী সেই রূপের খ্যাতি তনিয়াই মুগ্র হইয়াছিলেন। তিনি মুকুট রায়ের মুসলমান-বিদ্বেরের কথা জানিতেন। সেই ধর্মবিদ্বেরের জন্ত প্রতিহিংসা লইবার করনাই হউক বা প্রকৃত রূপমোহেই হউক, গাজী চন্পারতীর সহিত বিবাহের প্রস্তাব করিবার জন্ত কালুকে পাঠাইলেন। মুকুট রায় যবনের ছংসাহসিক প্রস্তাবে ক্রোধে অয়িশ্রমা হইয়া কালুকে কারাবদ্ধ করিলেন। স্থলতান হোসেনসাহ মুকুট রায়ের যবনবিদ্বেরের কথা পূর্ব্ব হইতে জানিতেন এবং পরে গাজীর বর্ণনা হইতে তাহা ব্রিয়া লইয়া উহার প্রতিশোধ দেওয়া জাতিগত কর্ত্ববা বলিয়া ধরিয়া ছিলেন। গাজী সোণারপুর প্রভৃতি স্থান হইতে নৌকাপথে অনেক সৈন্ত লইয়া আসিয়াছিলেন, ছসেন সাহের সৈন্তদন্ত আসিতেছিল। যেন সকল আয়োজন ও অভিযান কালুর কারামোচনের জন্মই ইতেছিল।

দক্ষিণ রায় এ যুদ্ধের জন্ম অপ্রস্তুত ছিলেন না ৷ দক্ষিণ দিক্ হইতে যথন গালীর সৈম্ম আদিবার উপক্রম হইতেছিল, তথন তিনি ছরিত গতিতে নৌ•

[&]quot;बाइमकरण" किछ पश्चिम बारवज खोत्र नाम जोगांवछी विजया छेबिथिछ इट्रेबार्छ।

বাহিনী সাজাইয়া লইয়া অতর্কিত ভাবে গাজীর সৈন্তের উপর পড়িলেন, এবার গাজীকে পরাজিত হইয়া পলায়ন করিতে হইয়াছিল। শুনা গিয়াছে, ইছামতীতীরে তারাগুণিয়া প্রামে দৈয়দ সাদাউলার বাটীতে গাজী সাহেব আশ্রম্ম লইয়াছিলেন। * পরে গাজী সমস্ত সংবাদ স্থলতান হুসেন সাহের নিকট গিয়া অতিরজিত ভাষায় বর্ণনা করিলেন। গাজীর পরাজয়, কালুর কারাবাস, মুনলমানের অপমান, হিন্দুরাজন্তের অবাধ্যতা—সকল একত্র করিয়া এক ধর্ময়্ছের কারণ উপস্থিত করিল। গৌড়েবরের সৈন্তসম্হ জাতীয় মর্যাদার জন্ত মুক্ট রায়ের বিরুদ্ধে প্রেরিত হইল। হিজলী ও হাতিয়াগড় প্রদেশ হইতেও গাজী সাহেব অনেক সৈন্ত সংগ্রহ করিয়া লইয়া আসিলেন। দক্ষিণ রায় ও নদীতীরসমূহ উৎসল্ল ও বাসস্ত্র করিয়া, থাছদ্রবা দ্রীভূত বা ভূপ্রোথিত করিয়া, যেথানে সেথানে গুপ্ত সৈন্ত সংস্থাপন করিয়া শক্রর আগমন-পথ কণ্টকময় করিয়া ভূলিয়াছিলেন। কিন্তু কিছুতেই কিছু হইল না।

গাজী কালুর পুঁথিতে আছে, গাজী কতকগুলি বাাঘ লইয়া বান্ধননগরের নিকট উপনীত হইলেন এবং বাাঘদিগকে মেষ করিয়া লইয়া গুপ্তভাবে নগরে প্রবেশ করিলেন। এ বাাঘ স্থলর বনের চতুপদ বাাঘ বলিয়া বিশ্বাস করি না, তবে ইহারা স্থলর বনের অসভা মল্লজাতীয় বলশালী দৈন্ত হইতে পারে। মোট কথা, গাজী গুপ্ত ভাবে নগরীতে প্রবেশ করিলেন। অন্ত দিক্ হইতে গৌড়েশরের সেনা আসিল। কয়েক দিন ধরিয়' ভীষণ বৃদ্ধ চলিল। মুসলমানেরা পুরীর মধাবর্তী কূপের জলে গো-রক্ত প্রভৃতি নিক্ষেপ করিয়া বিবাক্ত করিয়া দিল। † অবশেষে মুক্ট রায় পরাজিত হইলেন। তথন দক্ষিণ রায় অন্ত সৈত্ত লইয়া

[🛊] কুশদহ, ৩য় বর্ষ, ১১৩ পৃঃ।

[†] প্রবাদ এই মুক্ট রাদের পুটা মণো একটি কুপ ছিল, ভাহার নাম মৃত্যুজীব কুপ। ঐ কুপের জল ডিটাইরা দিলে মৃত ব্যক্তি বাঁচিয়া উঠিত। শক্ত কর্ত্ক গোমাংস নিক্ষিপ্ত হওয়াতে কুপের সে শক্তি নই হত্য় এবনও লাউজানিতে যশেহের রাভার সন্নিকটে এই মৃত্যুজীব কুপ বা জীমং কুঁড়ির হাল প্রদৰ্শিত হইয়া থাকে। পরমশ্রমের প্রীযুক্ত নিখিলনাথ রায় স্বপ্রশীক্ষ মূর্শিদাবাদের ইতিহাদে অঙ্গীপুরের মধ্যে এক হালে জীবং কুও আছে, উল্লেখ করিয়াছের। সেও হসেন সাহের আমলের ঘটনা। এক তিওর রাজার সহিত মুক্কালে হসেন সাহের সিক্তাপ গোমাংস ছারা সেবানেও উক্ত কুণ্ডের শক্তি নই ক্রিয়া দিয়াছিল। মূর্শিদাবাদের ইতিহাস, ১ম খণ্ড, ১৮০ পূঃ।

দক্ষিণ দিকে ছিলেন। মুকুটের পরিবারবর্গ অধিকাংশই কূপে পড়িয়া আত্ম-হত্যা করিলেন। কেবলমাত্র মুকুটের শর্কাকনিষ্ঠ পুত্র কামদেব ও কন্তা স্বভন্তা বা চম্পাবতী বন্দী হইলেন। শক্তরা ইহাদের উভয়কেই অথাগ্র থাওয়াইয়া মসলমান করিয়া দিয়াছিল। কেহ বলেন গাজী সাহেব চম্পাবতীকে বিবাহ ক্রিয়াছিলেন, মুসলমানী পুঁথিতে আছে গান্ধী সাহেব চম্পাবতীকে বিবাহ করি-বার কিছ দিন পরে পরিত্যাগ করিয়াছিলেন: আবার কেহ বলেন, গান্ধী সাহেব চম্পাবতীকে বিবাহ করেন নাই, বিবাহ করিবার প্রস্তাবনা ছল মাত্র : যবনদ্বেষী মুকুট রায়কে শাসন করাই উদ্দেশ্ম ছিল। গাজীরা হিন্দুর সৃহিত বিবাদ করিতেন, বা হিন্দু জাতির উপর অত্যাচার করিতেন, দে শুধু ধর্ম্মের জন্ম। অক্সান্স গান্ধীদিগের চরিত্র আলোচনা করিলে বিশ্বাস হয় না যে গান্ধীসাহের নর-পিশাচদিগের মত ইন্দ্রিয়দেবী ছিলেন। এ বিষয়ে মুদলমানী পুঁথিতে গান্ধী সাহেবের কামুকতার যে বিস্তৃত কাহিনী আছে. তাহা সম্পূর্ণ অলীক বলিয়া বোধ হয়। উক্ত পুঁথিতেই আছে যে কালু গান্ধী সাহেবের চরিত্র-পতন দেখিয়া বারং-বার ভর্পনা করিতেছেন। * যাহা হউক, গান্ধীর সহিত চম্পাবতীর বিবাহান্তে বা বিবাহের পূর্বে, সেই রাজকুমারী কোন আত্মীয়ের সাহায্যে প্লায়ন করিয়া দাতক্ষীরার গণরাব্ধার আশ্রয় লন এবং অবশিষ্ট জীবন মনস্তাপে, স্বজ্বন শোকে. আত্মচিস্তান্ন ও ধর্মসাধনান্ন অতিবাহিত করেন। তাঁহার যাহা কিছু ধনরত্ব ছিল, তাহা সংকার্য্যে ব্যয়িত করিয়া প্রসেবায় এমন ভাবে তাঁহার वानमं कीयन उरमर्भ कतियाष्ट्रितान, य खानिशर्य-निर्विताय मर्वितार जैशिक "মা" বলিয়া ডাকিত, মারের মত ভক্তি করিত,—তাঁহার নাম হইয়াছিল "মাই চম্পা বিবি।" তাঁহার মৃত্যুর পর এই মাতৃদেবীর ভক্তবৃন্দ তাঁহার স্থৃতিরক্ষার জন্ম তাঁহার সমাধির উপর একটি স্থান্দর ও বৃহৎ এক-গুম্বজ মন্দির নির্মাণ করিয়া দের। সাতক্ষীরার সন্ধিকটে লাপ্<u>সা গ্রামে এই বিখ্যাত "মাইচাম্পার দরগা"</u>

কাল্ব লিতেছেন ঃ—"কতে তুনি কও ভাই আলার ফ্রিল ; হিলু মোছললান তুবে সবে মানে পীর। হেন কথা বল তুমি বড়ই তকছির। লগত মাঝারে কত হৈল পীর আলি, বিধির লোলাতে বৃদ্ধি নাহি হিল কালী। তালের আকৃটে নাহি লিখিল এমন। তালা না কালিল কেছ নালীর কাল। ইতাদি।"

এখনও আছে। * মাইচাম্পার পূর্বজীবন নানা অত্ত কাহিনীর অন্তরালে অন্ধকারাফল হইয়া রহিয়াছে। †

মুকুট রায়ের শিশুপুত্র কামদেব নানাস্থান ঘুরিয়া অবশেষে বর্তমান গোবর-ডাঙ্গার দক্ষিণে চারঘাটে আশ্রম লন। তাঁহার নাম পরিবর্তিত হইয়া ঠাকুর-বর হইয়াছিল। তিনি মুসলমান ফকিত্রের মত চারখাটে বাস করিতেন। তিনি মুসলমান হইয়াছিলেন বলিয়া ক্রমে সে ধর্মের প্রতি আসক্তি বৃদ্ধি পায় এবং পরবর্ত্তী কালে তিনি হিন্দুদিগকে মুসলমান করিতে চেষ্টা করিতেন। ঠাকুরবর প্রায় ১০০ বংসর কাল জীবিত ছিলেন। প্রতাপাদিত্যের উত্থানপতন এবং এমন কি প্রতাপের মৃত্যুর পরে ঠাকুরবর দেহত্যাগ করেন। হরি শৌশুক বা হ'বে ভ'ডি নামক একজন প্রসিদ্ধ সমন্ধিসম্পন্ন বণিক চার্ঘাটে বাস করিত। তাঁহাকে মুসলমান ধর্ম গ্রহণ করাইবার জন্ম ঠাকুরবর অনেক চেষ্টা করিয়াছিলেন। কিন্তু হরি তাহাতে দশ্মত হয় নাই। তাহার ফলে ঠাকুরবর অত্যন্ত ক্রদ্ধ হন। প্রতাপাদিত্যের সহিত হরি শৌণ্ডিকের বিবাদ ও পতনের মলে যে ঠাকুরবরের প্ররোচনা ছিল, এরূপ ভুনিতে পাওয়া যায়। আমরা ছিতীর খণ্ডে তাহার আলোচনা করিব। হ'রে ওঁড়ি মৃত্যুও শ্রের: বোধ করিত, কিন্তু ঠাকুরবরের কথায় ধর্মান্তর গ্রহণ করিতে স্বীকৃত হয় নাই: তজ্জ্য সে অঞ্চলে একটা কথা আছে:—"ম'রলো, তবুও হ'রে ভ'ড়ি ঠাকুরবর বলল না" অর্থাৎ ঠাকুরবরের বগুতা স্বীকার করিল না।

পঞ্চদশ পরিচ্ছেদ--দক্ষিণরায় ও গাজীর কথার শেষ।

ব্রাহ্মণ নগরের পতনের সঙ্গে সঙ্গেই দক্ষিণরায়ের পতন হইয়াছিল কিনা সন্দেহ। সম্ভবতঃ দক্ষিণরারের সন্মিলিত সৈত্তের সহিত সমস্ত মুসলমান সৈক্তের সহিত আর একটি মহা যুদ্ধ হইয়াছিল। ঐ যুদ্ধের প্রকৃত ফল কি হয়, তাহা

বারাসতের সয়িকটে বোলা আমে কাছারীর দক্ষিণ দিকে বাইচাম্পার একটি আবোলা
 আছে।

[†] त्कह बत्तन ठाल्या विवि वायवात्मत थानिका वरत्यत्र अनुष्ठा कञ्चा। छिनि वर्ष काह्यत्र अरहत्य काल्यन । Khuina Gazetteer p. 182.

জানা যায় না। তবে এই যুদ্ধে যে দক্ষিণরায় দমিত হইয়াছিলেন, তাহাতে সন্দেহ নাই। কেহ বলেন তিনি শেষ যুদ্ধে পরাজিত হইয়া ইষ্টদেবতা প্র্যাের মন্দিরের সন্মুথে সন্মুথযুদ্ধে প্রাণ বিসর্জন করিয়া, দিবাধামে গমন করেন। * কিন্তু "রায়মঙ্গল" প্রভৃতিতে দেখিতে পাই, তিনি এই যুদ্ধের পর গাজীর সহিত সন্ধিস্ত্রে আবদ্ধ হন।

"বড় খাঁ গাজির সাথে, মহাযুদ্ধ খনিয়াতে দোস্তানি হইল তা'র পর।"

এই দোতানি বা বন্ধুছের ফলে উভয়ে স্থন্দরবন অঞ্চলে প্রভূ হইরা বসেন। কিন্তু তাঁহাদের উপর প্রভূ ছিল, তাহারা যতই প্রভূত্ব করেন, বনদেবতার স্থান তাহাদের অপেক্ষা উচ্চ। এ সম্বন্ধে রচিত গল্প আছে: "বনবিবির জহুরা নাম।"---নামক মুসলমানী কেতাবে বনবিবির কেচ্ছা আছে। ঐ পুস্তকের মূল তাৎপর্য্য এই ।---মক্কাবাসী বেরাহিমের স্ত্রী গুলাল বিবি, সতীনের কৌশলে গর্ভাবস্থায় স্থন্দরবনে পরিত্যক্ত হন। তথার বনবিবি ও সা জঙ্গলী নামে তাঁহার কলা ও পুত্র ভমিষ্ঠ হয়। ভাটীশ্বর দক্ষিণরায়ের কবল হইতে চর্বলকে রক্ষা কবিবাব জ্বন্স ভগবানের আদেশে বনবিবি ভাতাকে লইয়া ভাটদেশে থাকিয়া যান। শিবাদহ, চাঁদখালি, রায়মঙ্গল হইতে আন্ধারমাণিক প্রভৃতিস্থান তাঁহাদের অধিকারভক্ত হয়। দক্ষিণরায় তাহাতে ক্রন্ধ হইয়া যুদ্ধোদেখাগ করিলে, শ্রীলোকের সহিত পুরুষের যুদ্ধ অকর্ত্তব্য এই কথা বুঝাইয়া দিয়া দক্ষিণরারের মাতা নারায়ণী আসিরা বনবিবির সহিত যুদ্ধ করেন। যুদ্ধে নারা**রণী পরাজিত** इट्टाल উভর পক্ষে मुक्ति इटेल, किंग्लाथालि मिक्किनजांत्रक म्बद्धा इटेल, रमिविव পরে হাসনাবাদ প্রভৃতি কতকগুলি স্থল নিজে লইয়া আবাদ করিলেন। এই সময় ব্য়িক্সহাটিতে ধোনাই মোনাই নামে হুই ভাই ছিল। তাহারা সপ্ত ভিকা সাজাইয়া মোমমধু আনিবার জন্ম বাদার গোল। তাহাদের সঙ্গে গোল জনৈক হৃঃধিনী বিধবার একমাত্র পুত্র হু'থে। উহারা গড়থালি পৌছিলে দক্ষিণরার নরবলি চাহিলেন---বাছিন্না চাহিলেন হতভাগ্য হ'থেকে। তাহাই হইল, হু'থেকে কেঁদোখালিতে নিক্ষেপ করা হইল। তথন বনবিবি আসিরা ছর্মল ছ'থের পক

क्रूनशब्द् आ वर्द, ३३३ शृः।

লইলেন। আবার যুদ্ধ বাধিল। এবারও দক্ষিণরায় পরাজিত হইলেন।
তথন তিনি গিয়া বনবিবির আহুগত্য স্বীকার করিলেন, তাহার সঙ্গে আর
একজন গিয়াছিলেন, তাঁহার নাম বরখান্ গাজী, তিনি সেকেন্দর সাহের পুত্র।
উভয়ে বনবিবিকে সেলাম করিয়া দেশে ফিরিলেন—আর দেশে ফিরিল হ'থে।
বনবিবির ক্রপায় তাহার মাতার অদ্ধত্ব ও বধিরত্ব ঘুচিল, হ'থের অতুল সম্পদ্
ও চৌধুরী খেতাব হইল। হ'থে ধনাইএর কন্তা চাম্পাকে বিবাহ করিল।
বনবিবির পূজা প্রচার হইল।

বনবিবি মনুষা হইয়াই যথন দেবতা হইয়া গেলেন, তাঁহার অনুস্থত বীর
দক্ষিণরায় কেন দেবতা হইবেন না ? চিরজীবন ব্যাঘাদি হিংস্র জন্ত শিকার
করিয়া যিনি বনবিভাগে বসতির পছা খুলিয়া দিয়াছিলেন, সমস্ত স্থানরবন রাজ্য
বাহার শাসনপ্রতাপে ধরহরি কম্পবান ছিল, মৃত্যুর কিছুকাল পর হইতে তিনি
বাাদ্রের দেবভারপে পুজিত হইলেন। কোথায়ও তাঁহার মন্তকটি পূজা হয়,
কোথায়ও বাবের উপর আসীন শুক্ষ শোভিত ভয়য়র মৃর্তির পূজা হয়।

"কাটা মুগু "বারা" পূজা সেই হ'তে ক'রে কোন থানে দিব্য মূর্ত্তি বাঘের উপরে।" *

তিনি বাাদ্বভীতি নিবারক দেবতা। এই জন্ম স্থান্দর্বনের পার্শ্ববর্তী জেলাসমূহে, বিশেষতঃ ২৪ পরগণার বারুইপুর অঞ্চলে ও আবাদী মহলে এই দেবতার পূজা হয়। ধবধ'বে গ্রামে এই দেবতার এক মন্দির ও তল্পধাে তাঁহার মুকুট ও যােদ্ব্রেধারী এক প্রতিমা আছে। গণেশ মন্ত্রেও গণেশের ধাানােলের পরস্বা এই দেবতার পূজা হয়।

পূর্বে দেখিরাছি গাজী সাহেব বনবিবির বশুতা স্বীকার করিলেন। তদনন্তর তিনি পূর্ববঙ্গে ফিরিরা যান। শ্রীহট্টে তাঁহার মৃত্যু হয়। শ্রীহট্টের অন্তর্গত হবিগঞ্জ উপবিভাগের দক্ষিণ-পূর্বেদীমান্তে বিষগাও নামক স্থানে গাজী সাহেবের সমাধি আছে। ঐ স্থানের নাম পরে গাজীপুর হইয়াছিল। † যশোহর খুল্না অঞ্চলে গাজীর পূজা হয়, হিন্দু মুস্লমানে গাজীর সিণী দেয়,

সাহিত্য-পরিবৎ পত্রিকা, ৩র ভাগ, ২৪৪ পৃ:।

[†] Eastern Bengal Notes and Queries by H. E. Stapleton, Dacca Review, vol III. p. 151.

এবং এক সময়ে "গাজীর গীতের" অত্যন্ত প্রচলন ছিল। আমরা যে গাজীর কথা এতক্ষণ বলিলাম, তিনি গাঁচ পীরের অন্ততম বরগান গাজী। কিন্তু তদ্বিয়েও মতভেদ আছে।

আমর। পূর্বে দেথাইয়াছি, সেকেন্দর সাহার সহিত বরখান গাজীর পিতাপুত্র সম্বন্ধ সংস্থাপন করা যায় না। তবে তিনি সেকন্দর সাহের রাজ্মকালে
প্রায়ভূতি হইতে পারেন। কিন্তু তাহা হইলে ঠাকুরবরের ইতিহাসের সজে
মিলে না। ঠাকুরবর প্রায় ১০০ বৎসর জীবিত ছিলেন। আমরা দেখিব
প্রতাপাদিতোর রাজ্মধানীতে কার্জালোর হত্যাকালে অর্থাৎ ১৬০৩ খৃষ্টান্দে বৃদ্ধ
ফকির জীবিত আছেন। মুকুটরায়ের মৃত্যুকালে ঠাকুরবরের বয়স যদি ১০
বৎসর হয়, তাহা হইলে উক্ত মৃত্যুর তারিথ আমুমানিক ১৫২০ খৃষ্টান্দে ধরিতে
হয়। তাহার আমুমানিক ২০ বৎসর পূর্বের্বি অর্থাৎ ১৫০০ অনে বরখান গাজী
মুন্দরবন প্রদেশে আগমন করিয়াছিলেন। স্বতরাং তিনি যে সেকন্দর সাহের
রাজ্মকালে প্রচারিত হন, তাহা আমরা ধরিতে পারি না। কারণ সেকন্দর
সাহের রাজ্মকাল—১৩৫১ হইতে ১৩৯২ পর্যান্ত, অর্থাৎ একশত বৎসর
পূর্ব্ববর্ত্ত্বী। অতএব আমরা ধরিতে চাই যে পঞ্চদশ শতান্ধীর শেষভাগে
আর এক দল গাজী বাঙ্গালাদেশে আসিয়া হুসেন সাহের সাহায়ে হিজ্লী হইতে
পূর্ব্ববন্ধ পর্যান্ত ধর্মপ্রচার করিতে থাকেন, বরখান্ বা বড়খা গাজী তাঁহান্দের
অক্সতম।

পাঠান আমলে নানা সময়ে গাজীগণ বঙ্গে আসিয়া ধর্ম প্রচার করিতে চেষ্টা করিয়াছেন, তাঁহাদের সহিত নানাসত্তে হিন্দু বৌদ্ধের বিবাদ হইয়াছে, তত্বপলক্ষে নানা গল উপকথা জমিয়াছে; নানাস্থানে এই গাজীদিগের আন্তানা ও দরগা আছে; তাঁহাদের অত্যাচার-অবিচার ভাল মন্দ চরিত্রের কথা না জানিয়া সকল জাতীয় লোকে সমভাবে তাঁহাদের প্রতি পীর জ্ঞানে প্রদ্ধা করে। শৃত্ত হইতে দেখিলে ধেমন বহু দ্রবর্তী হানের উচ্চতা নীচতা বা দ্রঘ সব সমান হইয়া যায়, আময়া এই দ্রবর্তী কালে জানিয়া, গাজীদিগের মধ্যে কে অত্যে কে পরে আসিয়াছিলেন, প্রভৃতি কিছুই নির্ণয় করিছে পারি না।

কেহ কেহ পূর্বোক্ত বর্ণান্ গান্ধী ও পীর গোরাটাদ বা গোরাইগান্ধীকে

অভিন্ন ব্যক্তি বলিয়াছেন। স্কুতরাং মুকুটরান্ত্রের সহিত যুদ্ধ বিগ্রহও গোরাইগান্ধী করিয়াছিলেন, ইহাই স্থির হইয়াছে। আমরা ইহার সহিত একমত হইতে পারি ना। भीत्र शांत्राठां म मक्तीत्र এक खज्ज मुननमानी भूषि चाह्न, जाशांज । মুকুট রায়ের গল্প নাই। তবে পীর গোরাচাঁদ দেউলিয়ার চক্রকেত রাজার ধ্বংসের কারণ তাহা শুনিতে পাওয়া যায়। হিন্দু রাজত্বকালে বালাণ্ডা বাগড়ী বিভাগের একটি প্রধান শাসনকেন্দ্র ছিল। পাঠানেরাণ্ড এই স্থানে একজন শাসনকর্তা পাঠাইয়া দক্ষিণ দেশ শাসন করিতেন। প্রাচীন দিগঙ্গার সন্নিকটে দেউলিয়া বলিয়া স্থান ছিল; দেউলিয়া এখনও আছে। এই স্থানে চক্রকেতৃ নামে রাজা ছিলেন, গোরাই গাঞ্জী তাঁহাকে মুসলমান করি-বার জন্ম যথেষ্ট চেষ্টা করেন, কিন্তু প্রতাপান্বিত যবনদ্বেষী চন্ত্রকেতৃকে বশীভত করিতে পারেন নাই। তথন গোরাইগাজী রাজসরকারে তাঁহার নামে নালিস ক্রেন। এই সময়ে বালাণ্ডায় পীর সাহ নামক একব্যক্তি পাঠান শাসনকন্তা ছিলেন। চন্দ্রকেতৃর সর্বানাশ সাধনের ভার পীর সাহের উপর পড়ে। পীর <u>শাহ চন্দ্রকেত্কে আহ্বান করিয়া লইয়া গিয়া তাঁহার উপর নানা অত্যাচার</u> করেন। এথানেও দেই পারাবতের গল্প আছে।* পীরসাহ বালাগুান্ধ বন্দী হইলে পারাবত উড়িয়া গিয়া সংবাদ দেয়, তাহাতে পরিবারবর্গ সকলে জলমগ্ন হইয়া প্রাণত্যাগ করেন। চন্ত্রকেতৃ শেষে উদ্ধার পাইলেও স্বজনহীন জীবন ধারণ করিতে স্বীকৃত না হইয়া আত্মহত্যা করেন। দেউলিয়া শ্মশান হইয়া যার। এখনও সেখানে কিছু ভগ্নাবশেষ আছে।

এদিকে গোরাই গাজী হাতিয়াগড়ে যান। তথার রাজা মহিদানন্দের পুত্র অক্ষরানন্দ ও বকানন্দ শাসন করিতেন। ইহাদের সহিত গোরাটাদের বিবাদ ও যুদ্ধ হয়। তাহাতে বকানন্দ নিহত হন এবং গোরাই গাজী ভীষণভাবে আহত হইয়া বালাগুার সন্নিকটবর্ত্তী হাড়োয়ায় আসিয়া মৃত্যুমূথে পতিত হয়। কালু ঘোষ নামক একজন গোয়ালা ভাহার সমাধি কার্য্য সম্পন্ন করে। অবশেষে সেই কথা তদানীস্তন বঙ্গের আলাউদ্দীনের (১২৩০—১২৩৭) কর্ণগোচর হইলে, তিনি গোরাই গাজীর সমাধির উপর মস্জিদেনির্মাণ করিয়া দেন এবং মস্জিদের

নিবিল বাবুর প্রভাগাদিত্য ৬৭-৮ পৃঃ Hunter's Statistical Accounts Vol. ∮
 pp. 111-3.

সেবা নির্ম্মাই জন্ম ১৫০০ বিঘা জমি নিজর দিরাছিলেন। ১২ই ফাস্কন তারিধে গোরাই গাঙ্কীর মৃত্যু হয়। তদবধি প্রতি বৎসর ঐ তারিথে হাড়োরার এক প্রকাণ্ড মেলা বসে এবং মাসের শেষ পর্যান্ত থাকে। মেলায় ২৫। ০ হাজার লোক সমবেত হয়। উহাতে চাউলের ক্রম বিক্রমই খ্ব বেশী হয়। গোরাচাঁদ এক্ষণে হিন্দু মুসলমান উভয়ের আরাধ্য দেবতা। ফকিরেরা এখনও কলিকাতার রান্তায় বা অভ্য স্থানে সন্ধ্যাকালে প্রদীপ আলাইয়া "পীর গোরাচাঁদ মুক্ষিল আসান" বলিয়া গান করিয়া ভিক্ষা করিয়া থাকে।

পীর গোরাচাঁদ ব্যতীত আরও কয়েকজন গাজী ফকিরের নাম বিথ্যাত হইয়াছে। বারাসতের একদিল সাহ, বাঁসড়ার মোবারক গাজী, এবং সোণার পুরের সন্নিকটে ঘুটিয়ারি সরিফ। মোবারক বা মোবরা গাজী স্থন্দর বনের একাংশের ব্যাত্ত তীতি নিবারণ করিয়া, সে প্রদেশের সকলের পূজনীয় হইয়াছেন। মোবরা গাজীর দরগা নাই এমন গ্রাম পাওয়া ফ্ছর। + সোণারপুর হইতে ক্যানিং যাইতে ঘুটয়ারী সরিফ বলিয়া একটি প্রেশন আছে। ঐ স্থানে প্রেশনের সন্নিকটে সরিফ সাহেবের প্রকাপ্ত দরগাপ্ত মস্জিদ রহিয়ছে। প্রতিবংসর অম্বাচীয় দিন সেধানে অসংখ্য লোকের সমাগম হয়। রেলপ্তয়ে কোম্পানীকে স্পেশাল টেণের বন্দোবস্ত করিতে হয়।

মোটের উপর আমরা দেখিলাম, এই গাজীসম্প্রদার সকলেই হাতিরাগড় অঞ্চল হইতে আরম্ভ করিয়া ক্রমে যশোহরখূল্নার ভিতর প্রবেশ করিয়া ধর্ম প্রচার করিয়াছেন। ইস্লাম ধর্মজ্যোতের গতি দক্ষিণপশ্চিম কোণ হইতে ক্রমে উত্তরপূর্ব্ব দিকে প্রবাহিত হইয়াছে।

এই সুসলমান নুপতি আলাউদীন হলেন সাহ কি না তবিবরে মতভেদ আছে । আবৃত্ত
চারতক্র মুখোলাধ্যার মহাশয় উহাকে হলেন সাহ ধরিয়া লইয়া, বোড়ব পতাবীর মব্যভাবে

মৃত্য ভারিথ বির্বির করিয়াছেন ।

[†] Statistical Accounts Vol. I. p. 120.

ষোড়শ পরিচেছদ—পাঠান আমলে দেশের অবস্থা।

ছদেন সাহের পুত্র নদ্রত সাহের রাজত্ব কালে ইব্রাহিম লোদীকে পরাজিত করিয়া মোগল-কেশরী বাবর দিল্লীশ্বর হন। নদ্রতের পর তাঁহার প্রাতা মামূদ সাহের সময়ে বিহারাধিপতি সের গাঁ গৌড়ের সিংহাসন কাড়িয়া লন (১৫০৮)। কিন্তু তাঁহাকে বাবরের পুত্র হুমায়ুনের আক্রমণজন্ত ব্যতিবাস্ত হুইতে হয়। তবে তিনি এত স্থাদক, এত পরাক্রমশালী শাসনকর্তা ছিলেন, যে হুমায়ুনকে তাঁহার প্রতাপে প্রথম বন্ধ হুইতে ও পরে, এমন কি, দিল্লী হুইতেও বিতাড়িত হুইতে হয়। তথন বঙ্গেশ্বর সের খাঁ দিল্লীশ্বর সের সাহ হুইয়া, প্রাচীন ইক্ত-প্রস্থ হুর্গে মদ্নদ পাতিয়া কিছুকাল স্বলহস্তে পঞ্জাব হুইতে আসাম প্র্যান্ত সমগ্র আর্যাবর্ত্ত শাসন করেন। যশোহর-খুল্না সে শাসন বহির্ভ্ ত হয় নাই।

আইনই-আকবরীতে স্পষ্টই লেখা আছে, দের সাহ মহম্মদাবাদ জয় করেন। হুসেনী বংশীয় কে তথন যশোহরের উত্তরাংশে তাহার গতিরোধ করিয়াছিলেন, তাহা জানা যায় না। তবে তিনি যে যুদ্ধে পরাজিত হইয়া কতকণ্ডলি হস্তা ছাড়িয়া দিয়া পলায়ন করিতে বাধ্য হন, তাহার উল্লেখ আছে। ঐ সকল হস্তী থালিফাতাবাদের জঙ্গলে বস্তু হইয়া গিয়াছিল। আকবরের শাসনকালে যশোহর-পুলনায় যথেষ্ট বস্তু হস্তী পাওয়া যাইত। * ইহা হইতেই প্রতাণাদিত্য তাঁহার হস্তি সৈম্ভ গঠন করিয়াছিলেন। দের সাহ শস্তের পরিবর্ত্তে অর্থ ছারা রাজকর দিবার প্রথা প্রবর্ত্তি করেন। তাঁহার সময়ে রাজত্বের হারও অতি কম ছিল। মোগল আমলে উক্ত হারের পরিবর্ত্তন হয় নাই। দের সাহ স্থাসক হইলেও, তাহাকে নিবাজ্জিত বাদসাহী রক্ষা করিবার জন্ত এত বিড়ম্বিত

^{*} The ruler of this district (Mahammadabad), at the time of its conquest by Sher khan, let some of his elephants loose in its forests from which time they have abounded," "The Sarkar Khalifatabad is well wooded and holds wild elephants."

থাকিতে হইরাছিল যে তাহার সে শাসনের অন্তরালে সমগ্র বঙ্গে, এমন কি, মহম্মদাবাদ, থালিফাতাবাদ, ফতেরাবাদ সরকারে অর্থাৎ যশোহর-থূল্নার যথেষ্ট প্রাদেশিক শাসন বিভ্রাট ঘটিয়াছিল। উহারাই ফলে ভূঞা রাজগণের আবির্ভাব হইতেছিল। আমরা দেখিব পরবর্ত্তী ত্রিশ বৎসর কালের মধ্যে যশোহর-খূল্নার উত্তরাংশে ফতেরাবাদে মুকুন্দরাম রায় এবং দক্ষিণাংশে যশোর-রাজ্যে বিক্রমাদিতা ও তৎপূত্র প্রভাগাদিতা মন্তকোতোলন করেন। এই ভূঞা রাজ গণকে পরাভূত করিবার জন্ম যথেষ্ট বল ক্ষয়্ম করিয়া মোগল-কূলতিলক আকবরকে বঙ্গদেশে জয়পতাকা উজ্জীন করিতে হইয়াছিল। বর্তমান প্তকের পরবর্ত্তী থণ্ডে সে বিষয়ের অবতারণা করা মাইবে। আমরা এক্ষণে পাঠান-আমলের সাধারণ অবস্থার কতক স্থল মর্ম্ম দিয়া এ খণ্ডের উপসংহার করিব।

পাঠান ও মোগল— নবাগত পাঠান বঙ্গে প্রবেশ করিবার সময়ে হিন্দুর দেশে পদে পদে পদে বাধা পাইয়া, ধর্ম প্রচারে, রণরক্ষে বা অত্যাচারে আত্মপ্রতিষ্ঠা করিয়াছিল। আবর্ত্তের প্রথম ত্তর পার হইলে, তাহারা স্থির হইল ; তথন দেখা গেল, তাহারা ধনলুষ্ঠন বা দূরে বিসয়া রাজ্যশাসন করিবার জন্ম আদে নাই। তাহারা আসিয়াছিল, ধর্মপ্রচার করিতে এবং স্থায়ভাবে বঙ্গদেশে বাস করিতে। স্কৃতরাং তাহারা ক্রমে ক্রমে পরকে আপন করিয়া, হিন্দুকে মুসলমান করিয়া, হিন্দুক্লমান উভয়ের হিতকর কার্যাদির প্রতিষ্ঠান করিয়া, মিলিয়া মিশিয়া বসতি স্থাপন করিল। কিন্তু মোগল তাহা করে নাই; মোগল আসিয়াছে, গিয়াছে, রাজ্য শাসন করিয়াছে, কিন্তু বঙ্গদেশে বিশেষ কিছু চিন্তু রাধিয়া যায় নাই। অথচ প্রাচীন বুগের পাঠান কীর্ত্তিসমূহ এখনও বর্ত্তমান। এই কীন্তি-মন্দিরগুলিয় স্থাপত্যেরও একটা বিশেষত্ব আছে।

স্থাপত্য — কুটারই ভারতবর্ষের আদর্শ আবাসস্থলী — বিশেষতঃ গালের উপদীপে এবং তদস্তর্গত যশোহর-পুল্নার। এ দেশে পাহাড় পর্বাত নাই; লোণামাটীতে ইট ভাল হয় না; বাহা হয়, তাহা বহুকাল টিকে না। অথচ এই গরিব দেশে কাঠ, ওড়, বাঁশ, নল, গোলপাতা প্রচুর জম্মে; স্থতরাং কাঠ বা বাঁশের সাহাযো পর্ণশালা নিশ্বাণ করিয়া বাস করাই এ দেশের চিরম্ভন প্রথা। এই পর্ণশালাগুলি চৌচালা বা দোচালা হইয়া থাকে; চৌচালা বরের আন্দর্শ রাভ্ হতৈে আদিরাছিল, উহাকে সাধারণতঃ চৌরি বয় বলে; দোচালা বরের প্রভি

পূর্ববন্ধ হইতে আসিয়াছিল, এজস্ত উহাকে বাঙ্গালা ঘর বলে। এই চৌরি বা বাঙ্গালা ঘর নির্মাণ করিতেই এদেশের লোক অভ্যন্ত। মন্দিরাদির জন্ত তাহারা যথন ইটের ধারা স্থায়ী গৃহ নির্মাণ করিতে লাগিল, তথনও এই চৌচালা বা বাঙ্গালা ঘরের আদর্শ ভূলে নাই। এইজস্ত এ দেশীর মন্দিরের ছাদ প্রায়ই চৌচালা ঘরের মত। গোলগুম্বজ মুসলমান আমলে আমদানী হইয়াছিল। কোন কোন স্থানে ইট ধারাই দোচালা বাঙ্গালা ঘর হইত; কথনও বা ঐরপ ছইখানি বাঙ্গালা একত্র জুড়িয়া জোড় বাঙ্গালা নির্মাণ করা হইত। চৌরি ঘরে চারিধারে চারিধানে বারান্দার চাল দিয়া যেমন আটচালা ঘর হয়, মন্দিরেও ঠিক ও ভাবে চারিধারে ঘুরাইয়া বারান্দা দেওয়া হইত। বড় চৌচালা মন্দিরের উপরে চারি কোণে চারিটি এক মধান্তলে একটি চূড়া দেওয়া হইত, এজন্ত ঐরপ মন্দিরের নাম পঞ্চরক্ত। আটচালা মন্দিরে উক্ত পাচটি চূড়া ব্যতীত বারান্দার চারি কোণে চারিটি চূড়া থাকিত, এজন্ত সেরপ মন্দিরের নাম নবরত্ব। এই নবরত্ব মন্দিরের থোলা বারান্দায় হই ছইটি স্তম্ভে তিনটি করিয়া থিলান থাকিত, সেই স্তম্ভে, থিলানে, ছাদের সীমান্তে চারিধারে নানা কার্ককার্য্য থাকিত। এইরূপ কার্ককার্য্য হিন্দু-স্থাপত্যের বিশেষত্ব ছিল।

হিন্দু-স্থাপত্যের কোন নিদর্শন দিবার উপান্ন নাই, কারণ যশোহর-থূল্নার প্রাচীন হিন্দু-যুগের কোন মন্দির নাই। সে সব লবণাক্ত দেশের দোবে এবং অবশেষে পাঠানের অত্যাচারে বিলুপ্ত হইয়াছে। পাঠান-আমলের প্রথম-ভাগেরও কোন হিন্দুমন্দিরাদি পাওয়া যায় না; মাত্র পাঠান-আমলের শেষ-ভাগের ছই একটি মন্দিরের পরিচয় পাওয়া যায়। উহারা মোগল-বিজয়ের অব্যবহিত পূর্বকালে নির্মিত বলিয়া তাহাদিগকে মোগল-স্থাপত্যের অন্তর্ভূক্ত করা যায়। ভামরেলীর নবরত্ব ও ইচ্ছাপুরের নবরত্ব এই প্রসক্ষে উল্লেখযোগ্য। ইহাদের বিষয় আমরা মোগলয়ুগে বিচার করিব।

পাঠানেরা বে সকল মসজিলাদি নির্মাণ করিরাছিলেন, তাহাতে যোটামূটি একটা নৃতন পদ্ধতির পরিচর পাওয়া বায়। ঐ পদ্ধতি মুসলমানের নিজস্ব হইতে পারে; কিন্তু উহার অধিকাংশই ভারতবর্ষে অজ্ঞিত। সমষ্টিতে পদ্ধতিটি মুসলমানীর হইলেও, ব্যষ্টিতে উহা হিন্দুর নিকটই ঋণী। হিন্দুয়ন্দিরের মত এক ভবন, সেইরূপ ভব্ত, কার্ণিশ ও কারুকার্য্য। পাঠানদিগকে বাধা হইরাও একশ

অনুকরণ করিতে হইম্নাছিল। অনেক সময়ে তাহাদিগকে হিন্দু-মিন্ত্রী **হারা কাজ** করাইতে হইত; হিন্দু-মন্দিরের উপাদান মস্ঞ্জিদে লাগাইতে হইত, স্থতরাং হিন্দুর ছাঁচ থাকিয়া যাইত। * পাঠানেরা শুধু গোল শুম্বজে এবং **গুম্বজের** সংখ্যাধিক্যে বিশিষ্ঠতা দেখাইতেন। এই সংখ্যা বৃদ্ধি করিবারও একটা নৃতন রীতি ছিল। সংখাার মধ্যে উাঁহারা ১,৩,৫, প্রভৃতি বিজ্ঞোড় সংখ্যা গুলির সম্মাননা করিতেন। কোথায়ও ২, ৪, প্রভৃতি জ্বোড় সংখ্যার গুম্বজ্বপ্রালা মসজিদ নাই। খাঁজাহানের সমাধি মন্দির হইতে আরম্ভ করিয়া এক গুম্ব মসজিদের অভাব নাই উহা যেথানে দেখানে দেখিতে পাওয়া যায়। সমাধি গৃহগুলি প্রায় একগুম্বন্ধই হইত। তিনগুম্বন্ধ মসজিনও সাধারণ প্রকৃতি: গৃহস্থ মুসলমান মস্জিদ নির্মাণ করিয়া কীর্ত্তি রাখিলে প্রায় ত্রিগুম্বজ মস্প্রিদাই করিয়া থাকে। পঞ্চত্তমজ মদজিদ সচরাচর দেখা যায় না : বাগেরহাটে ভ্রেন সাহের যে মদজিদ আছে, তাহা পঞ্চগুৰজের হুই সারিতে অর্থাৎ দশগুৰজে সম্পূর্ণ। আমরা পরে দেখিতে পাইব প্রতাপাদিতা তাঁহার পাঠান সেনার জন্ম যে বিধাতে "টেঙ্গা মসজিদ" নির্মাণ করিয়া দিয়াছিলেন, তাহা পঞ্চন্তমজবিশিষ্ট। আবার বিজ্ঞোড সংখ্যাগুলিকে পরস্পর গুণ করিয়াও গুম্বজের সংখ্যা নির্ণীত হুইত, বৈমন ৩x৩=৯:৩x৫=১৫:৩x১১=৩৩. ৭x১১=৭৭ প্রভৃতি। এতর্মধ্য हिन्मरामत नवतक मन्मिरत्रत मङ পाঠारनत नव धश्रक मन्मिरामत थूव जामत हिन. আমরা দেথিয়াছি, বাগেরহাটে দিদার খাঁ মসজিদ ও মসজিদকুড়ে বুড়া খাঁর বিখ্যাত মসজিদ উভয়ই নবগুমজবিশিষ্ট। আমরা পূর্বে দেখাইতে চেষ্টা করিয়াচি যে, খাঁজাহান দিল্লীখর মামদ তোগলকের উজীর ছিলেন: ঐ মামদের পিতামহ বিথাত নূপতি ফিরোজ সাহের এক উজীর ছিলেন, তাঁহারও নাম খাঁজাহান। সেই খাঁজাহান ১৩৬১ খুষ্টান্দে দিল্লীতে বিখ্যাত "কালান মদজিদ" নিৰ্মাণ করেন। দিল্লীতে ইহা একটি অতি প্ৰাচীন কীৰ্ত্তি। ঐ মসন্ধিদে

^{*} Though general plan is Saracenic, the details are broadly Hinduistic. This Hindu influence was quite natural. The Governors had to depend entirely on Hindu artisans for construction and for materials they utilised the fragments of Hindu temples they had demolished.—J. A. S. B. Vol. VI. No I. See also Hayell's Indian Architecture. pp. 3-3, 13, 21.

পশ্চিমদিকে ৩ সারিতে ১৫টি গুম্বন্ধ ও অপর তিনদিক্ ঘুরাইয়া ১৫টি গুম্বন্ধ আছে। থাঁজাহান উহা দেথিয়ছিলেন, এবং উহারই আদর্শে প্রকাণ্ড মস্জিদ নির্মাণ করিবার কল্পনা করিয়ছিলেন; বঙ্গে ছোটপাণ্ডুয়ায় ফিরোজ সাহের ভাগিনেয় সাহ সফি কর্তৃক যে ৩×৭×৩=৬৩ গুম্বন্ধওয়ালা মস্জিদ নির্মাণ হুইয়াছিল তিনি ভাহাও দেথিয়াছিলেন। এ সকলগুলি অপেক্ষা অধিক সংথাক গুম্বন্ধের মস্জিদ নির্মাণ জপ্ত থাঁজাহান ৭×১১=৭৭ গুম্বন্ধে বিধ্যাত মস্জিদ নির্মাণ করেন। এই সকল মস্জিদাদির জন্ত ইট সে সময়ে ছাঁচে বা ফর্মায় প্রস্তুত হইত না। উৎক্রন্ত কর্দম প্রস্তুত করিয়া তাহা সমতল স্থানে ঢালিয়া দেওয়া হইত, পরে রৌজে গুকাইলে কোন অন্ধ্র বারা কাটিয়া আবশ্রুক মত নানা আকারের ইট প্রস্তুত হইত । উহাই গাঁজায় পোড়াইলে ইঠ হইত। মসল্যার জন্ত স্থ্রকীর ব্যবহার কম ছিল; সাধারণতঃ বালি চুণ বারাই মসল্যাহইত। আমরা সর্ব্বত্রই সেই একই উপাদানে মসল্যা প্রস্তুত হইত বলিয়া প্রমাণ পাইয়াছি।

ধর্ম—হিন্দু-ধর্মই প্রধান ধর্ম ছিল। এ সময়ে হিন্দুরা সকলেই দেবতাপূজক। তন্মধো শাক্ত ও বৈঞ্জবের সংখাই অধিক। শৈব বলিয়া কোন
বিশেষ সম্প্রদার ছিল না। কারণ শাক্ত বৈঞ্চব সকলেই শিবপূজা করিতেন,
কেহই শিবের বিরোধী ছিলেন না। দেবী-মন্দির বা বিফু-মণ্ডপের পার্ম্মে ই শিবমন্দির শোভা পাইত। এ দেশীর হিন্দু-স্থাপতোর বিশেষ নিদর্শন শিবমন্দিরেই
প্রকাশ গাইত। পূজার মধ্যে শিবপূজা সহজ্ঞ, সকল জাতীয় লোকে শিবপূজা
করিতে পারে, ইহার জন্ম পৃথক্ দীক্ষার প্রয়োজন নাই, এই সকল কারণে
শিবপূজা সর্ব্বপ্রিয় হইরাছিল। বিফু-মণ্ডপে বা দেবী-মণ্ডপে রাহ্মণ ভিন্ন অস্তের
প্রবেশাধিকার নাই, কিন্তু শিব-মন্দিরে এরূপ কোন বাধা দিবার উপায় হয় নাই।
উহার মধ্যে সর্ব্বজাতীয় লোকে যাইত, ইচ্ছামত পূজা করিত। বৌদ্ধর্ম্ম বিল্প্ত
হয়াছিল। শিবই বৌদ্ধদিরের আরাধ্য দেবতা হইয়াছিলেন।

পূর্ব্ধে এদেশের অধিকাংশ লোক বৌদ্ধ ছিল। তথন বৌদ্ধধর্ম একটা বিশেষ মত না হইরা সর্ব্বজাতীর লোকের সাধারণ মত ছিল। ব্রাহ্মণেরা শৃস্তবাদী বৌদ্ধ শ্রমণের উপর এমন ভীষণ অভ্যাচার করিয়াছিলেন যে, বৌদ্ধের নাম পর্যান্ত উচ্চারণ করিতে দিতেন না। বেটুকু বাকী ছিল, পাঠানদিশের

অত্যাচারে তাহা শেষ করিয়া দিয়াছিল। পূর্ব্বে দেথাইয়াছি, পাঠানেরা কিরুপে বৌদ্ধ দংঘারাম ধ্বংস করিত এবং সহজ উপায়ে অধিক সংখ্যক বৌদ্ধকে মদলমানধর্ম পরিগ্রান্থ করিতে বাধ্য করিত। এইরূপে এত বড় একটা বৌদ্ধ জাতির যাহা কিছু প্রতিপত্তি ছিল, তাহার লোপ হইয়াছিল। **আ**ানুলফজন এত অফুসন্ধান দ্বারা যে প্রকাণ্ড "আকবর-নামা" গ্রন্থ প্রণয়ন করেন, তাহার মধ্যে প্রসঙ্গক্তমেও বৌদ্ধ কথাটি নাই। ব্রাহ্মণ ও পাঠান উভয়ে বড দক্ষহস্তে কার্যাসিদ্ধি করিয়াছিলেন। জাতিচাত ও সমাজচাত হইবার ভয়ে কেহ বৌদ্ধ-বিশ্বাদে ভর করিয়া ব্রাহ্মণের বিপক্ষে দণ্ডায়মান হইতে সাহস করিত না। ্যাহারা ক্রমে বাক্ষণের বশুতা স্বীকার করিল, তাহারা "নবশাধ'' বা নৃতন গঠিত এক শাথা-সম্প্রদায়ে স্থান পাইল। আর যাহারা তথনও বদীভূত হইল না, ব্রাহ্মণের চেষ্টায় ও রাজাদেশে তাহাদের জল অনাচরণীয় হইয়া রছিল। পশ্চিমবঙ্গে লোকে ভয়ে ভয়ে বৃদ্ধ নাম ত্যাগ করিয়া ধর্ম্মনামে তাঁহার পূজা করিতে লাগিল। ক্রমে দেই ধর্মপুঞ্জাপদ্ধতি যশোহর-খুলুনার পশ্চিমাংশে কুশদ্বীপে প্রবেশ করিয়াছিল। এখনও পশ্চিমবঙ্গে গ্রামে গ্রামে ধর্ম্মঠাকুরের পুজা হয়: কৃশ্দীপ অঞ্চলেও নিমশ্রেণীর লোকের মধ্যে দে পূজা দেখা যায়। মতান্তর গ্রহণ করা বড় কটন কার্যা: নিয়শ্রেণীর লোকে তাহা সহজে পারে না। তাহারা সব ত্যাগ করিতে পারে, ধর্মত্যাগ করিতে চায় না। এইজ্বন্ত ডোম. হাডি প্রভৃতি জাতিরা ধর্মত্যাগ করিতে না পারিয়া প্রচ্ছন্নভাবে বৌদ্ধধর্মের আচার অমুন্তান অক্ষুধ্ন রাথিয়াছিল।

আমাদের দেশে এখন এইরূপ যে সকল প্রছের বৌদ্ধ জাতি আছে, তন্মধ্যে যোগী জাতি প্রধান। * ইহাদের আচার ব্যবহার ও প্রকৃতি দেখিলে সাধারণ হিন্দু অপেক্ষা কিছু পথক্ বলিয়া বোধ হয়। যোগী জাতির কোন ব্রাহ্মণ গুরু-পুরোহিত নাই; তাহারা আবশ্রকীর গৃহপূজা ও দীক্ষাদান প্রভৃতি কার্য্য নিজেরা সম্পন্ন করে। যোগীরা সংস্কৃত চর্চার কিছু অধিক পক্ষপাতী; ব্রাহ্মণ

থোগীদিশকে বৃদ্ধী বা জুগী নির্দেশ করিয়া উহাবের নম্বক্ষে বে বিকল্প মত কাছে, তক্ষত্ব
"সম্বক্ষনির্দ্ধ" এত্বর ৬৫৯—৬৬২পুঃ প্রট্বা। এই জাতি সম্বক্ষে অনেক জাতব্য বিবল্প,
"The Yogis of Bengal, a monograph" (by Radhagovinda Nath M. A.)
নামক পুত্তকে প্রকাশিত হইরাছে।

বৈশ্ব কারস্থ ছাড়া এত অধিক সংস্কৃতানুরাগী জাতি নাই। যোগীদিগের সাধারণতঃ গায়ের রঙ্বেশ ফরসা; ইহাতে তাহাদিগকে যেন এদেশের লোক বলিরা বোধ হয় না। যোগীরা কিছু নিরীহ, ধর্মপ্রাণ, তাহারা মোকদমানামলার বিশেষ পক্ষপাতী নহে। যোগীরা অনেকে নিরামিষ আহার ভালবাদে, পূজাদিতে পশুবলি দেয় না। তাহাদের মৃতদেহ পূর্বের অয়িদয়্ম করিত না; যোগাসনে উপবিষ্ট অবস্থায় পুতিয়া রাখিত। * এই সকল দেখিলে বোধ হয়, ইহারা যেন এ দেশের জাতি নহে. ইহারা যেন কোন উচ্চ সম্প্রদায়ভূক্ত এবং পৃথক্ ধর্ম্মাবলম্বী। ঐতিহাসিক অনুসন্ধান দ্বারাও তাহাই দ্বিরীকৃত হইয়াছে।

বৌদ্ধর্গের শেষাবস্থায় একদল যোগাচারী বৌদ্ধ এক নৃতন সম্প্রদায় গঠন করেন। তাঁহারা 'নাথ' উপাধিধারী বলিয়া ঐ সম্প্রদায়কে নাথসম্প্রদায় বলা হয়। ইহাদের মধ্যে আদিনাথ, মীননাথ, গোরক্ষনাথ মংস্তেক্ষনাথ, মীননাথ, চৌরঙ্গীনাথ প্রভৃতি প্রধান। এক সময়ে ইহারা ভারতবর্ধের নানাস্থানে ভারতীয় রাজস্তবর্গের গুরুপদে বরিত হইয়াছিলেন। নেপালে ও তিব্বতে এখনও ইহাদ্বের অনেকের পূজা হয়। নেপালে পশুপতিনাথদেবের মন্দিরের সম্মুথে গোরক্ষনাথের মন্দির বর্ত্তমান আছে। ইহাদের ধর্ম্মমত ক্রমে পরিবর্তিত হইলেও হিন্দু অপেক্ষা তাঁহাুরা বৌদ্ধমতেরই অধিকতর পক্ষপাতী ছিলেন। † নাথ-যোগিগণ সেনরাজত্বে বঙ্গের অনেকস্থানে প্রতিপত্তিশালী ছিলেন। ''দেশাবলীবিবৃতি' নামক পুস্তকে কথিত হইরাছে, জনৈক বৌদ্ধ নরপতি বঙ্গদেশীর যোগিপণ্ডিতের রাজধানী ধর্মপুর অধিকার করিয়া লইয়াছিলেন। ‡ নাথগণ বঙ্গদেশে নানাজাতি হইতে

^{*} আমাদের দেশে এগনও কাহারও গায়ের রঙ্ অভিরিক্ত ফরসা দেখিলে, তাহাকে
"মুসেন ফুলর বলা হয়; অর্থাৎ বেন তেমন বেতবর্ণ এদেনীয় লোকের প্রকৃত রঙ নহে।
বোদীয়া এগন হিলুব মত শবদেহ পুড়াইয়। থাকে; পুকো তাহা পুতিয়া রাপিত। উপবিষ্ট
আবহার পুতিয়া রাথা হিলুব চকে বিসদৃশ লাগিত, তাহারা মনে করিত উহাতে বেন শবদেহ
কট্ট পায়। এগনও লোকে "য়ুগেন পোত। পুতিবার" তয় দিয়া থাকে।

[†] Modern Budhism by N. N. Bosu P. 16, J. A. S. B. (1895) "Budhism in Bengal"

[‡] A. S. B Ms no. 3582. Discovery of Living Buddhism in Bengal by M. M, Haraprasad Sastri M. A. p. 5.

বছশিষ্য গ্রহণ করিয়া শিক্ষা-দীক্ষা দ্বারা তাহাদিগকে উন্নত করিবার চেষ্টা করিতেন। * ইংহারাই বর্ত্তমান যোগী জাতির পূর্ব্বপূক্ষ। যথন বৌদ্ধর্ম্মের নাম পর্যান্ত এদেশ হইতে মৃছিয়া ফেলিবার চেষ্টা হইতেছিল, তথন নিরীহ যোগিগণ শৈব্যত পরিগ্রহ করিল। + ক্রমে যোগী ও অস্তান্ত প্রচন্তর মধ্যে দেউল বা চরকপূজাপদ্ধতি প্রচলিত হইল।

এই দেউল পূজাটিই প্রচ্ছন্ন বৌদ্ধোৎসব বলিয়া বোধ হয়। ইহাতে পূর্ব্বেরাহ্মণ লাগিত না, এখনও নিম্প্রেণীর মধ্যে লাগে না। রাহ্মণ কারস্থাদি উচ্চজাতির বাড়ীতে রাত্রিতে যে ছাগবলি দিয়া নীলপূজা বা শিবপূজা করা হয়, দে পদ্ধতি রাহ্মণদিগের দ্বারা পরে সংযোজিত হইয়াছে। নতুবা এই উৎসবের অধিকাংশ ক্রিয়াদি বৌদ্ধনতমূলক। গর্জন শব্দের অপক্রংশ 'গাজনে' ধর্ম্মণ্রচারের জয়োলাস বা ভ্রমার বুঝার, † ঘূর্ণামান চড়ক বৌদ্ধর্মাচক্র-প্রবর্ত্তনের আভাস দেয়. হবিয়াণী সয়াাসীরা বৌদ্ধশ্রমণের প্রতিকৃতি। এখনও যশোহর-ধূলনায় দেউল পূজার প্রকৃত পূরোহিত যোগী জাতি। উহারা শিবপূজায় পাচালি গান না করিলে অঙ্গহানি হয়। এই শিবগায়কদিগের নাম "বালা" এবং তাহারা ন্পূর পায়ে দিয়া নাচিয়া নাচিয়া যে গান করে তাহাকে "বালাকি" বলে। হস্তলিখিত পূর্ণি অনুসারে বালাকি গান করা হয়। ঐ বালাকি পূণির সর্ব্বপ্রথমে অতীব অন্তন্ধ গ্রামাভাষায় স্ষষ্টি বিবরণের সম্বন্ধে এই কথাগুলি পাইয়াছিঃ—

"অনাহেতু নাছিল, নাছিল ঝ্যিমেদিনী। রূপ রেক নাছি প্রভুর অবর্ণ পরিমাণি॥

এই নবদীক্ষিত যোগীয়া গুরুর কথা মত গুদ্ধ ভাষায় কথা কহিত। উহা হইতে এবেংশে
একটা প্রবাদ হইয়াছে—'কা'লকের (কল্যকার) জুগী, ভাতকে বলে অয় ।"

^{ी &}quot;तक्रामाण कोकि निम ब्रांका यक हत्र।

জুখী পাইলে প্রাণ বধা না করিছ ডর।" গোবিন্দ চল্রগীত, ১২০পু। আমরা পূর্বে বিষয়ের কিছু আলোচনা করিয়াছি। ২৫২ পৃঃ

[়] গাজন ধর্ম প্রচারের এক আক ছিল। গোবিলচন্দ্রনীতে তাহার বিশেষ উল্লেখ আছে। 'ভ্রার ছাড়িল জুগী জোগ করি সার'' (১২৫ পু:), ''গুলু কৈলা গোবিলচন্দ্র ছবার ছাড়িলা?'' (১২৫ পু:) এই ছবারের একটা আর্থ আছে। একটা সাধারণ প্রবাদ আছে বে "জনেক সন্নাসীতে গাজন নই'' অর্থাৎ বছলোকের একতা সমাগমে কাব্য স্থমপদ্ম হব না।

না ছিল রবি শশী, শৃশুসতি পার্শ্বধ্যি না ছিল এ মেউর মন্দার। এ সব দেবগণ, সবে ছিল একজন, শৃশুে ভ্রমিলে নৈরাকার॥ হ'য়ে শৃশু নহে শূনা, নহে শৃশুাকার। এই শৃশু স্থল যে প্রভু আপনি নৈরাকার॥"

পাঠক এই বালাকি পাচালির সহিত শূনাপুরাণের প্রারম্ভেই স্টিপত্তনের প্রথম ক্ষেক পংক্তি তুলনা করিতে পারেন ঃ—

> "নহি রেক নহি রূপ নহি ছিল বন্ন চিন্। রবি সদী নহি ছিল নহি রাতি দিন॥ নহি ছিল জল থল নহি ছিল আকাস। মেকু মন্দার নছিল নছিল কৈলাস॥" "দেবতা দেহারা নছিল পুজিবাক দেহ মহাস্থ্য মধ্যে পরভুর আর আছে কেহ।" ইতাাদি *

যে সংস্কৃত ধানি দ্বারা কোন কোন স্থানে ধন্ম ঠাকুরের পূজা হইয়া থাকে, তাহা এই:—

> "বস্তান্তে। নাদিমধ্যো নচ কর-চরণং নান্তিকার নিদানং নাকারং নাদিরপং নান্তি জন্ম চ যস্ত। যোগীন্তে। জ্ঞানগম্যো সকলজনগতং সর্বলোকৈকনাথং তবং তঞ্চ নিরঞ্জনং মরবরদ পাতৃ নং শৃত্যমূর্তিঃ " †

ইহাতে স্পষ্ট ব্ঝা বাইতেছে যে শূনাপুরাণে যে বৌদ্ধ শূনামূর্ত্তির পূজা আছে, দেউল পূজারও আরাধ্য মূর্ত্তি তিনি। এই বৌদ্ধ মহোৎসব ক্রমে শিবের নামে শিবের গল্প সমেত হিন্দুর ঘরে প্রবেশ করিয়াছে। যোগীরা "বালা" রূপে তাহাদের পূর্বতন মতেরই পরিচয় দিতেছে। ‡ তাহাদের অবস্থা পাঠান আমলে যেরূপ ছিল, এথনও প্রায়্ম সেইরূপ আছে।

রমাইণ্ডিত প্রণীত "শৃক্তপুরাণ" (শ্রীনগোল্রনাণ বহু সম্পাদিত) ১ম পুঃ :

^{+ &}quot;Discovery of Living Buddhism" p. 12.

[়] যোগিগণ পৌৰ সংক্রান্তিতে হিন্দ্দিগের বাজপুঞার মত "ধলাই পূজা' করিয়া থাকে। এই ধলাই পূজা অফ্ল কোন জাতি করে না। এই উপলকে তাহার। কতকগুলি গান গাহিয়া থাকে, তাহার নাম "(হ'চো"। ধলার গুণ গাহিয়া যাওয়াই উহার উদ্দেশ্য। এই ধলার গুণ গাওয়া একটা অবাদে প্রিণ্ড ২ইয়াছে।

এই বৃগে পাঠানের। ইন্লাম ধর্ম প্রচারের জন্ত কিন্ধপ চেষ্টা করিয়াছিলেন, আমরা পূর্ব্বে তাহার আভাস দিয়াছি। পাঠানবিজ্ঞরে প্রারম্ভে মুসলমানের প্রতি হিন্দুদের যেমন বিজাতীয় বিদেষ ছিল, শেষতাগে তাহা ছিল না। তথন উভয় জাতি অনেকটা মিলিয়া মিলিয়া বাস করিতেছিলেন। যাহারা নৃতন মুসলমান ধর্ম পরিগ্রহ করিতেছিল, তাহারা প্রাচীন হিন্দুরীতিনীতি পরিত্যাগ করিতে পারে নাই। এমন কি হিন্দুর মত পূজা ও ব্রতপালনাদি করিত। * রাজা গণেশের সময় হিন্দুদেবতা সত্যনায়ায়ণ, সত্যপীর হইয়া মুসলমানেরও আরাধ্য হন। তথন মুসলমানীপ্রথায় হিন্দু মুসলমানে সিরণি দিতে আরম্ভ করেন, সম্ভবতঃ হুসেন সাহ প্রভৃতি ইহার উৎসাহ দিতেন। † কিছুদিন পরে ফরিদপুর হুইতে "ব্রিনাথের মেলা" প্রবৃত্তিত হয়; ইহাতে য়াত্রিতে গাঁজা ও মিষ্ট দ্বা বিনাময়ের শিবের পূজা করা হইত। হরিদাসই "হরির লুঠ" দিবার প্রথা আরম্ভ করেন। এইরূপে গাজীর সিরণি "মুদ্ধিল আসান" বা গোরাচাদের পূজা, বনবিবি ও দক্ষিণ রায়ের পূজা আরম্ভ হয়। বৌদ্ধ হারিতী দেবী হিন্দুদের শীতলাদেবী হইয়া পূজা পাইতেছিলেন।

সম। জ। — সামাজ্ঞিক রীতিনীতি ধর্ম্মেরই অন্তর্মণ হয়। ইহাতেও মুসলমানী প্রতাব বিস্তৃত হইয়া পড়ে। বল্লালের কোলীগুপ্রথার পর তদ্ধণীয় দহজমাধবের সময়ে জাতিসমূহের সমীকরণ হইয়া কিছু কিছু নৃত্ন সংশ্বার হইয়াছিল। কিন্তু তদবিধি ২০০ শত বৎসরের মধ্যে উহার উপর আর কেহই হস্তক্ষেপ করেন নাই। এই দীর্ঘকাল মধ্যে সহজে নানা গোলবোগ এবং কুলীনদিগের প্রকৃতিতে নানা প্রবেশ করিয়াছিল। তাহাই দেখিয়া প্রসিদ্ধ দেবীবর ঘটক ব্রাহ্মণের মধ্যে মেল বন্ধন করেন। তিনি দোষের হিসাবে ব্রাহ্মণ কুলীনগণকে ৩৬টী মেলে বা বিভাগে বিভক্ত করেন, এবং উহাদের কোন্ বরের সহিত কাহার আদান-প্রদান হইবে তাহাও ঠিক করিয়া দেন। দেবীবর চৈতন্তদেবের সমসাময়িক, অথচ বয়ুদে তাঁহা অপেক্ষা কিছু বড়। কিছুকাল পরে অর্থাৎ মোগল আমলে তাঁহার মেল বন্ধন হইতে ব্যহ্মণসমাজ্ঞ অনেক কুফল ফলিয়াছিল। স্থলতান হুসেন সাহ হিন্দুবিগের শুণের মর্য্যাদায়ুসারে পুরস্কৃত করিতেন এবং তাঁহাদিগকে নানা

আমরা পূর্বের ইহার আলোচনা করিয়াছি।

⁺ श्रीराज्य देखिदान, २व थछ. ३०० पृः।

সন্মানিত উপাধি দিতেন। তাঁহার অমাত্য বস্তবংশীয় পুরন্দর খাঁ কায়স্থ-সমাজের নানা সংস্কার করেন। সে সংস্কারের ফল এতদঞ্চলে এথনও বিভয়ান রহিয়াছে।

এ যুগে ছই দিক হইতে ছইটি বিভিন্ন সমাজের শক্তি-স্রোত যশোহর-খলনাকে প্লাবিত করিয়াছিল। পশ্চিমদিক হইতে নবদ্বীপ সমাজ ও পূর্ব্বদিক হইতে চক্রবীপ সমাজ যশোহর-খলনার উপর আধিপত্য বিস্তার করিয়াছিল। কপোতাক্ষ নদ উভয় প্রতিপত্তির মধ্যসীমা হইয়া দাডাইয়াছিল। চৈতক্তদেবের সমসাময়িক রঘুনন্দন সমগ্র স্থৃতিশাস্ত্র মন্থন করিয়া অষ্টাবিংশতি-তত্ত্ব প্রকাশ করেন এবং উহা দারা লৌকিক ক্রিয়ামুষ্ঠানের ব্যবস্থা প্রচলিত হয়। তাঁহার দে ব্যবস্থা সমস্ত বঙ্গদেশের উপর কার্যাকরী হইলেও নদীয়ার ক্ষুদ্র ক্রু রীতিনীতিগুলি কুশ্দ্বীপ পার হইয়া কপোতাক্ষের পূর্ব্দিকে গিয়াছিল কিনা সন্দেহ। সে অঞ্চলে পূর্ববঙ্গের ব্যবস্থাই প্রধান ছিল। একাদশা তিথিতে পশ্চিমবঙ্গে ব্রাহ্মণ ও উচ্চবর্ণের বিধবাগণ "নির্জ্জলা" উপবাস করেন; কিন্তু কপোতাক্ষের পূর্ব্বদিকে একটা ধারণা আছে যে বিধবাদিগের বিশেষতঃ পুত্রবতী বিধবাগণের নির্জ্ঞলা একাদশীর উপবাদ করা পাপজনক। প্রক্লত যশোর রাজ্য নদীয়ার সীমা-বহিভুতি ছিল। বনগ্রাম মহকুমা তথন নদীয়ার অংশ এবং বাগের হাট মহকুমা তথন বরিশালের অংশ ছিল। স্থতরাং এথনকার মশোহর-খুলনার সীমানুসারে সমাজের অবস্থা স্থির করিতে হইলে, তিনটি সমাজের অবস্থা বৃঝিতে হয়। চक्कचीপ, यर्गात ও ननीमा—आठात-राजशात ও आशात-পরিচ্ছদে পৃথক্ পথক ছিল।

সমাজের মধ্যে ব্রাহ্মণগণ সর্বশ্রেষ্ঠ ছিলেন; কিন্তু বৈষয়িক প্রতিপত্তি কায়ত্তেরই অধিক ছিল। আইন আকবরিতে বঙ্গদৈশে অসংখ্য কায়ত্ত রাজস্তের নাম আছে; ভূঞা রাজগণের মধ্যেও অনেকে কায়ত্ত ছিলেন। তবুও পাঠান আমলে রামচক্র থাঁ, মুকুটরায় প্রভৃতি প্রসিদ্ধ গ্রাহ্মণ ভূমাধিকায়ীর পরিচয় পাই; এবং এ র্গের শেষভাগে কুশরীপের অন্তর্গত ইচ্ছাপুরে হোড় চৌধুরীগণ ও ঝিনাইদহ অঞ্চলে নলডাঙ্গার প্রসিদ্ধ রাজবংশ প্রধান হইয়া উঠিয়াছিলেন। বৈভগণ তথনও কোন জ্মিদারী সংস্থাপন করেন নাই; তাঁহারা শাস্ত্রচর্চা ও চিকিৎসা ব্যবসায় বারা সর্ব্বশাতীয় লোকের শ্রহার পাত্র ছিলেন। কায়ত্ব

জমিদারগণ ভূমিবৃত্তি দিয়া রাজ্মণদিগকে প্রতিপালন করিতেন। রাজ্মণেরা সর্ব্বব্র এখনও যে নিজর ভোগ করিতেছেন, তাহা কায়স্থদিগের দ্বারা প্রদত্ত। দিগঙ্গার সেন, বনপ্রামের দত্ত, বোধখানার চৌধুরী, দাঁতিয়ার মিত্র, নলতার ভঞ্জ, হরিচালী ও মহেশ্বরপাশার গুহমজুমদার, পাঁজিয়ার সিংহ ও বিষ্ণু, বাসড়ীর মিত্র সেখহাটির চৌধুরী প্রভৃতি বিখ্যাত কায়স্থ-বংশ পাঠান বৃগে প্রতিপত্তি লাভ করেন। তিওর, কৈবর্ত্ত ও সাহা বংশীয় ভূমাধিকারীও কোন কোন স্থানে ছিল। মাণিকপুরের তিওর রাজা, মহেশপুর ও চেঙ্গুটিয়ার মাঝিগণ এবং সিজিয়ার পাতালভেদী রাজার কথা উল্লেখ-যোগ্য।

সমাজে কাঠোর শাসন ছিল: সে শাসন-দণ্ড ব্রাহ্মণের হাতেই ছিল। তবে প্রত্যেক জাতির মধ্যে দলপতি বা সমাজপতিরা আভ্যন্তরিক বাবস্থা করিতেন। ব্রাহ্মণ-বৈশ্ব কারত্বের মধ্যে কুলীনদিগের বিশেষ প্রতিপত্তি ছিল। কায়ত্ত কুলীনের। মৌলিকদিগের উপর যথেষ্ঠ আবদার চালাইতেন। ব্রাহ্মণ-দিগের মধ্যে সেনহাটি প্রভৃতি স্থানের সর্কবিভা-সন্তানগণ, সারল ও সেনহাটীর কাঞাৰী বংশ এবং নলডাঙ্গার আথগুল রাজবংশ বিশেষ সম্মানিত ছিলেন। সেনহাটি বৈভ কুলীনের একটি প্রধান স্থান ছিল। স্থবর্ণবর্ণিকের। সমাজে অত্যস্ত নিন্দিত হইতেন। বৈশ্রদিগের মধ্যে গন্ধবণিকেরাই বাণিজ্ঞা ব্যবসায়ে দেশে বিদেশে সমৃদ্ধিসম্পন্ন হইয়াছিলেন। ইংগারা পূর্ব্বে বৌদ্ধ ছিলেন বলিয়া বোধ হয় : পরে সে ধর্মের বিলোপ সাধন ও শৈবধর্ম প্রচারিত হইলে. ইঁহারা শিবভক্ত এবং দেশ, শঘ, আবট ও সন্ত্রীশ (ছত্ত্রিশ) এই চারি আশ্রম ভুক্ত হইয়া পড়েন। * এই বণিকৃগণ একসময়ে সমুদ্রপথে দূরবর্তী দ্বীপোপদ্বীপে গিয়া সামাভ পণ্যবিনিময়ে বিদেশীয় ধন আনিয়া দেশকে সমৃদ্ধ করিতেন; † বালাণীর ঔপনিয়েশিকতার অনেক ইতিহাস ইহাদের বাণিজ্যকাহিনীর সহিত জড়ীভূত রহিয়াছে। চাঁদ সওদাগথের "সপ্ত ডিঙ্গা", বেহুলার কলার মান্দাসের বিচিত্র অভিযান বাঙ্গালীর নিকট এমন ভাবে চিরপরিচিত হইয়া রহিয়াছে যে

গলব্ৰিক্তল ২০৭ পৃ:। বৌশ্ব সংঘে বাঁহার। জন্মানি বিজয় করিভেন, তাঁহারাই
সক্ষাশ্ম বা সংবাশ্রমকুল চ্ইরাছিলেন কিনা বিবেচা।

[†] ক্ৰিক্ষণ চঙীতে ও বিল বংশীদানের মন্দাদললে বিনিম্ন জ্বোর বিত্ত বিৰয়ণ আছে।

গ্রামে গ্রামে চাঁদ স্বদাগরের ভিট্টা বাহির হয়, বেহুলা আদুর্শ স্তীরূপে সীতা সাবিজীর পার্মে স্থান পাইয়াছেন, "রামায়ণ" ও কৃষ্ণলীলার মত "বেহুলার ভাসান"ও গৃহে গৃহে গীত হইয়া গৃহস্থের মঙ্গল বৃদ্ধি করে। ইহা হইতেই যশোহর-পুল্নার পূর্জালাও বরিশাল জ্বেলায় মনসাদেবীর পূজার এত প্রচলন হইয়াচে। *

শিক্ষা—দেনরাজত্বের মত পাঠান আমলেও শাস্ত্রচর্চা ছিল। যদিও পাঠান-বিজয়ের জন্ম রাষ্ট্রীয় উৎপাতে অনেক স্থানে রান্ধনেরা শক্রর ভয়ে পাঠ বন্ধ ও পুঁথি লেখা বন্ধ করিয়াছিলেন, কিন্তু দে ভাব চিরকাল ছিল না। থাঁজাহানের আমলে ও হুদেন সাহের রাজত্বালে পুনরায় রান্ধণপ্রধান গ্রামমাত্রেই টোল খুলিয়া ছিল, এবং শাস্ত্রচর্চা হইত। হুদেন সাহ সর্ব্বত্র শিক্ষার উৎসাহদাতা ছিলেন। বৈছ পণ্ডিতের টোলেও কাব্য ব্যাকরণ এবং বৈছক শাস্ত্রের অধ্যাপনা হইত। ব্যাড়শ শতাব্দীর প্রথমভাগ হইতে ন্তায় স্থৃতি পড়িবার জন্ম দলে দলে ছাত্র নবদ্বীপে যাইত। ইহা বাতীত সামান্থ বাঙ্গালা পড়িবার জন্ম পাঠশালা বা "চৌপাড়ি" ছিল; এবং মুসলমানদিগের মধ্যে কাজী ও মৌলবীগণ স্বীয় স্বীয় বাড়ীতে পারসী ও আরবী পড়াইতেন। তাঁহারাও ভট্টার্চার্য্য অধ্যাপকদিগের মত ছাত্রদিগের আহার ও বাসস্থান দিতেন। পাঠশালায় প'ড়োগণ "সিদ্ধিরস্ত" বলিয়া পাঠ আরম্ভ করিত, এবং নাম্তা, শত্কিয়া, কড়াকিয়া, গঙাবুড়ির হিসাব, কাঠাকালি, বিঘাকালি, মণক্ষা, প্রভৃতি মুধে মুথে অভ্যাস করিত। পাঠান-আমলের শেষভাগ হইতে মুসলমানেরা গুরুগিরিতে বিশেষ দক্ষ হইয়াছিলেন। তথন হিন্দুর বাড়ীতেও মুসলমান গুরু রাথিবার প্রথা আরম্ভ হইয়াছিলেন।

<sup>ক্পালুপুণালাক্ত মনসামসল লইবা বেহলার কথা ২২ জন কবি বর্ণনা করিয়াছেন। তল্পথা
কেতকাদাস ক্ষেমানন্দ বংশীদাস ও বিজয়গুরের পুত্তক বিশেষ বিখ্যাত। "বাইস কবি মনসা"
নামক পুতকে সকলের কবিতা একত প্রকাশিত হইছাছে। এই সকল পুতক হইতে জানিতে
পালা বার চল্রখর বা চাঁদসভদাগরের ভিকা কিরণে সাগরহীপের পথে বন্দরবনের মধ্য দিয়া
দিগুলার নিকট চল্রকেতু রাজার দেশে বাবিজা করিতে আসিত; এবং বেহলার মান্দাসভ
সম্বতঃ এই পথে পুর্বমূবে বিয়ছিল। নেতি খোপানীর ঘাটে মনসা পূজাব প্রথম প্রচার
হয় বলিয়া উল্লেখ আছে। সাগর হীপ হইতে পুর্বমূবে ঘাইছে আমরা নোত খোপানীর না
দেখিতে পাই। (রেনেলের মাণে দেখ) কেহ কেহ বলেন ধুবড়ীতেই নেতি খোপানীর ঘাট
ছিল।</sup>

হিন্দু অধ্যাপকেরা কথনও নিম্ন বা অপর জাতিকে সংস্কৃত শিথাইতেন না। পড়িবার পুঁথিপত্র সমস্তই তালপত্রে লিখিত হইত। ত্রগোদশ শতাব্দীতে কাগজের প্রথম প্রচলন হয়। তথন এ দেশীয় লোকে অনেকে কাগজ প্রস্তুত করিতে শিথিয়াছিল। খূল্না জেলায় এখনও অনেক কাগজীদিগের বাড়ী আছে।

শিল্প—যশোহর-থূল্নায় যথেষ্ঠ কার্পাদ জন্মিত। তুলদী ও বিলের মত প্রত্যেক ব্রাহ্মণ-বাড়ীতে কার্পাদের নিশ্চিত ব্যবস্থা থাকিত। গৃহে গৃহে চরকা ছিল: ব্রাহ্মণীগণ কার্পাস্ত্রলা হইতে স্থতা প্রস্তুত করিতে পারিতেন, এবং অতি সন্দ্র সত্তে নবগুণ উপবীত প্রস্তুত করিয়া যথেষ্ট শিক্তনৈপুণ্যের পরিচয় দিতেন। ভাল পৈতা তৈয়ার করা একটা বিশেষ প্রশংসার জিনিস ছিল। দরিদ্র গৃহস্থেরা মূতা প্রস্তুত করিত এবং তাঁতিবাড়ী লইয়া গিয়া সামান্ত "বাণী" বা পারিশ্রমিক দিয়া উহা দারা **আবশুকীয় কাপড় প্রস্তুত করিয়া আনিত।** এ প্রদেশে কোন কোন স্থানে উৎকৃষ্ট স্ক্ষবন্ত্ৰ প্ৰস্তুত হইত। কিন্তু বিদেশে যাওয়ার মত অধিক পরিমাণ বস্ত্র প্রস্তুত হইত কি না বলা যায় না। বাঁশের থণ্ড হইতে গ্রহনির্মাণের সরঞ্জাম প্রস্তুত করিতে লোকে যথেষ্ট সৌন্দর্যাজ্ঞান ও শিল্পনৈপুণ্যের পরিচয় দিত। বাশের ছিঁচে বা কাচনীর বেডায় বেতের বান্ধনে বড কারুকার্যা প্রকাশ করিত। নানাবিধ জলজ গাছের ছাল বা "বেতী" হইতে মাছুর ও শীতলগাটী প্রস্তুত হইত: নলের দড়মা, মলুয়াপাটী ও হোগলা চাঁচ ঘরের বেড়ায় লাগিত এবং অক্সান্ত প্রয়োজন সিদ্ধিও করিত। বেতের ধামা, বাঁশের "বেতী" হইতে ডালা. কুলা, ঝাঁকা সংসারীর একান্ত স্মাবশুকীয় ছিল। জগন্নাথের রথে, ঠাকুরের দোলায়, কাঠের দিল্পকে, কাঁঠালের কাঠের কার্য্যে কার্চশিল্পীর ক্ষমতা প্রকাশ পাইত। এ দেশীয় কামারেরা উৎক্লষ্ট থাওা, দাঁ, কোদালী, কুড়ালি, থস্তা, জুঁতি, বঁটা প্রভৃতি নিত্য ব্যবহার্যা অস্ত্র প্রস্তুত করিতে অতুলনীয় ছিল। উৎক্লষ্ট ''আঁটালি'' বা মাঁচালি প্রস্তুত করিয়া ঘরের মধ্যে টাঙ্গাইয়া, উহাতে গৃহসজ্জা রাধিত ; স্ত্রীলোকেরা কাঁথা সেলাই ও "সিকা" প্রস্তুত করিয়া অন্ত দেশকে পরাজয় করত যশোলাভ করিত। বিবাহাদি গুভকর্ম উপলক্ষে "আই" গড়ান. পীড়ি, কুলা ও সরা চিত্রিত করা প্রভৃতি কার্যো গ্রামে গ্রামে ছই এক স্ত্রীলোক প্রভৃত সন্মান ও পুরস্কার পাইতেন। নৈবেগ রচনা, শিবগড়ান ও আলিপনা দেওরা গৃহশিল্প ছিল। উৎস্বাদিতে স্ত্রীলোকেরা বছজনে মিলিয়া উলুধ্বনি বা

জোকার (জয়কার) দিতনে এবং কথনও সমস্বরে গান করিতেন বটে কিন্ত গানে বিশেষ দক্ষতা ছিল বলিয়া মনে হয় না। পুরুষেরা দেহতত্ব ও "ভবানী বিষয়" প্রভৃতি সম্বন্ধে গান করিতেন: যাঁহারা দক্ষ তাঁহারা তানপুরারও সাহায্য वहेर्जन। तामकथा, क्रक्षकीर्जन ও कालीकीर्जन वहेग्रा शांठानि शांन हहेज. ইহাতে চামর ও মন্দিরার ব্যবহার ছিল। শেষভাগে হিন্দুর মধ্যে মনসার ভাসান ও মুসলমানের মধ্যে গাজীর গান প্রচলিত হইয়াছিল। চৈত্রসুর্গে মুদক্ষ ও করতাল সহযোগে হরিনাম সংকীর্ত্তনে দেশ মাতাইয়া তুলিত। রাজা মুকুট রাম্বের সময়ে তিনি পশ্চিমবঙ্গ হইতে কিল্লরজাতি আনিয়া তাহার রাজধানীর সন্নিকটে বসতি করান: ইহারা নৃত্য-গীতে অতীব স্থদক্ষ ছিল। মুকুট রায়ের পতনের পর ইহার। উল্দী প্রভৃতি স্থানে পিয়া বাদ করিয়াছিলেন। নদীমাতক দেশে অনেক লোক নৌকায় বাস করে: তাহারা আত্মতপ্তির জন্ত যে গান গাহিত, সেই "সারী" গান আবার পরের চিত্ত-বিনোদন করিত। যশোহর-থলনার ''সারী'' গানের মত আরু মিষ্ট জিনিস কিছু আছে কি না সন্দেহ। এ যুগে লোকে মুত্তিকার দ্রবোর উপর স্থন্দর রছ ফলাইয়া "মীনা" (enamel) বা এনামেল করিতে পারিত। হাঁডি কল্সীর উপর এইরপ মীনার কাজ হইত. তাহার প্রতাক প্রমাণ আমাদের কাছে আছে। পাঁজাহানের সমাধি মন্দিরেব মেজের উপর মীনাকরা ইট দিয়া ঢাকাছিল। উহাতে ঘরের ভিতর অতি স্থন্দর দেখাইত।

সাংসারিক জীবন—মুসলমানের আক্রমণ বা অত্যাচার দ্বারা দেশের শাস্তি যতই নই হউক, অধিবাসীরা মোটের উপর স্থণী ছিল; কারণ খাদ্য জব্য তথন স্থলত ছিল। পাঠান ও মোগলে বিশেষ পার্থক্য এই ছিল, যে পাঠানেরা এদেশে বাস করিতেন, দেশের অর্থ দেশে রাখিতেন. তাহারা মোগলদিগের মত বাঙ্গালার অর্থ লইয়া দিল্লী আগ্রার সোষ্ঠব বাড়াইতেন না। দেশের অর্থ দেশে থাকার খাদ্য জব্য স্থলত ছিল, পরিছদে বিলাসিতা ছিল না, প্রাচীন হিল্লাব পরিবর্ত্তিত হয় নাই; হুই চারি জন লোকে নৃতন মুসলমানী ধরণ গ্রহণ করিলেও সাধারণতঃ দেশের অবস্থার আম্ল পরিবর্ত্তন হয় নাই। খাদা জব্যের মধ্যে "হুধ-মাছ" সন্তা ছিল, উহাই প্রধান খাদ্যোপকরণ। ধান চাউল অত্যক্ত স্থলত; "সকল ধান ২২ পাহারী" বিলয়া একটি কথা আছে,

অর্থাৎ ধান এত সন্তা যে ধানের ভালমন্দ বিচার করিয়া দামের তারতম্য ছিল না। রান্ধণেরা অনেকে নিরামিনভোজী এবং প্রায় সকলেই পর্বাদিনে, কান্তিক মাঘ ও বৈশাথ মাসে মংস্থ থাইতেন না বলিয়া মংস্থাশীর সংখ্যা কম ছিল। মংস্থা কিনিয়াও অতি কম লোকে থাইত; থাল বিল নদী পুছরিণীর সংখ্যাধিক্য বশতঃ মাছ ধরিবার বিশেষ স্থবিধা ছিল। প্রতি গৃহে গরু পোষা হইত; গোপালন গার্হস্থা ধর্মের প্রধান অঙ্গ; বিশেষতঃ গরু বিক্রেয় করা এক-প্রকার নিষিদ্ধ ছিল। কারণ, মুসলমানেরা কিনিয়া লইয়া গোবধ করিতে পারে, ইহার আশক্ষা ছিল। গোবধের জন্ম হিলুরা মুসলমানের সহিত দাঙ্গা হাঙ্গামা করিতেন। স্বতই প্রধান খাদা ছিল; স্বত সংস্পর্শ বাতীত চাউল বা অয় গুদ্ধ হইত না, স্বতবিহীন আহার অতীব নিন্ধনীয় ছিল। লোকে হয়া হইতে প্রস্তুত করিয়া দ্বি, ক্ষীর, নবনীত থাইত। দ্বি মাঙ্গালিক দ্বা ছিল, উহা বাতীত কোনও উৎসব বা নিমন্ধণ পূর্ণাঙ্গ হইত না। লোকে ছানা খাইত, চিনি খাইত, কিন্তু তথন সন্দেশ রসগল্যা প্রভৃতির আলাদ জানিত না। মুসলমানেরা নিজ্ঞেদের মত কোরমা, কোপ্তা, কাবাব প্রভৃতি খাইতেন; তাঁহাদের খাদ্যের মধ্যে মাংসই অধিক থাকিত।

অধিবাসিগণ একখানি ছোট ধৃতি পরিত, উহা এখনকার ধৃতি অপেক্ষা দৈর্ঘাপ্ত হে অনেক কম। গামছা চিরসহচর ছিল। কোনহানে যাইতে হইলে ধৃতির সহিত একথানি চাদর বা উড়ানি বাবহার করা হইত এবং অল্লাকে চটা জুতা লইতেন। কিন্তু দূরপথে বাইবার সময় চটা জুতা হাতেই চলিত, গন্তব্য স্থানের নিকট গিয়া চটি পামে দেওয়া হইত। মোজাজুতার প্রচলন ছিল না; মুসলমানেরা নাগরী জুতার আমদানী করিয়াছিলেন। রোজ-রুষ্টির জন্ত তালপত্রের ছত্র বাবহৃত হইত। একটি টাকার মধ্যে একজন সাধারণ ভদ্রলাকের পরিচ্ছদ হইত। চাদরটি কোচাইয়া কথনও কাঁথে ফেলা হইত এবং কথনও মাজায় বাধা হইত; শীতকালে ঐ চাদরের উপর শাল জামিয়ার গামে দেওয়া হইত। শাল, জামিয়ার ও বনাত ধনীদগের শীতবন্ধ ছিল; উহার একথানি কিনিলে ৩৪ পুরুষ চলিত। গায়ে লাগিয়া ময়লা হইবার ভয়ে উহার নিম্নে একটি চাদর বাবহৃত হইত। সাধারণ লোকে দোপাট্টা গায়ে দিত, কিন্তু কোচার কাপড়ের মত কিছুতেই শীতবারণ হইত না। লোকে দেব-পিতৃকার্ম্বে

বা উৎসবে তসর, চেলি প্রভৃতি পট্রবন্ধ ব্যবহার করিত। গুরুঠাকুরেরা শিষাবাড়ী বাইবার সময় পট্রবন্ধই পরিতেন; কেহ কেহ রক্তবন্ধই অধিক পছন্দ করিতেন। বালক-বালিকারা শীতকালে অঙ্গরাথা বা আঙ্গা এবং ছিটের দোপরদা দোলাই গায়ে দিত, গরিব সন্তানেরা পরিধানের ধৃতিথানি ভাঁজ করিয়া গায়ে দিত; কাঁথাও শীতনিবারণের প্রধান উপায় ছিল। সধবা দ্বীলোকেরা লালপেড়ে শাড়ী পরিতেন, পাঠান-আমলে ডুরে কাপড় আসিয়ছিল কিন্তু পাছাপা'ড় হয় নাই। যশোহর খূল্নার প্র্রার্জের স্ক্রীলোকে দোবেড়া কাপড় পরিত, কুশরীপে দে পদ্ধতি ছিল না। কাপড়ের আঁচল বা অন্ত ভাঁজ করা কাপড় ব্যতীত স্ত্রীলোকের বিশেষ শীতবন্ধ ছিল না। উফীম না বাধিয়া কোন ধর্মাকার্য্য করা হইত না, ব্রাহ্মণেরা দূরবর্ত্তী স্থানে বাইবার সময়ও উফীম বাধিতেন। অন্ত জাতিও তাহার অন্তক্রণ করিত। মুসলমানেরা পাগড়ী বাধিতেন; তাঁহারা অনেক সময়ে পাগড়ী বদল ভরিয়া হিন্দুর সহিত বদ্ধুত্ব স্থাপন করিতেন; এইরূপে "পাগড়ী বদল ভাই" হইত।

পাঠান-রাজ্অকালে মুসলমানী কায়দা অনেক হিন্দু-সমাজে প্রবেশ করিয়াছিল। ব্রাহ্মণেরাও দাড়ি রাখিতে এবং কেহ কেহ বা ইজার পরিতেও আরম্ভ করিয়াছিলেন। ছই একটি পারদী বরেদ না জানিলে ভদ্ত-মজলিদে পদার হইত না। কাহাকেও গালাগালি দিবার কালে পারদী ভাষায় গালি দিয়া বলদর্প দেখান হইত। দাঁতে মিশি ও চক্ত্তে স্বরমা দেওয়া ক্রমে সংক্রামক হইতেছিল। দাড়ি রাখার পদ্ধতি ক্রমে এত বিস্তৃত হইতেছিল যে, মুসলমান হইতে পৃথক্ বলিয়া পরিচয় দিবার জন্ত শাল্ধারীয়া ব্রাহ্মণ হইলে টাকি, পৈতা ও তিলক, অন্ত জ্ঞাতিরা তুলদী বা কর্দাক্ষ নালা বা টাকি সাধারণের দৃষ্টেপথবর্তী করিয়া রাখিতেন। বৈদ্যাপ কপালে তিলক, মন্তকে উন্ধীয় ও স্বরে বৈদ্যকগ্রন্থ লইয়া রোগার বাড়ীতে যাইতেন। মোলাগেণ এবং অন্ত মুসলমানেরা নমাজ পড়িবার সময় কাছা দিতেন না; কিন্তু হিন্দুরা ইহা ভালবাসিতেন না। তাঁহারা মুসলমান-দিগকে "কাছাখোলা" বলিয়া ঠাটা করিতেন। অধ্যাপকগণ মুক্তকচ্ছ হইলে বিষয়-জ্ঞানবিহীন বলিয়া উপহসিত হইতেন।

এযুগে হক্কায় তামাক ধাওয়ার রীতি ছিল না। কিন্তু ব্রাহ্মণের মধ্যে নম্ভ জনবরত চলিত। নম্ভহীন বা পৈতাহীন একই প্রকার জসস্তব কথা হইয়া দাঁড়াইয়াছিল; বৈদ্যেরাও নস্যাসেবী ছিলেন। এদেশীয় বৈদ্য কায়হ বা অন্ত কোন প্রাহ্মণেতর জাতির পৈতা ছিল না। মদ্যপায়ীর সংখ্যা কম ছিল, তবে হাটেবাজারে মদ্য বিক্রম হইত। তথায় বেশুারা বাস করিত। গৃহস্থের ববে সতীলক্ষী দেবতার মত পূজিত হইতেন। অনেক স্ত্রীলোক ''সহমরণ' বাইতেন; বিধবারা হিন্দু-গৃহে বিশেষ শ্রদ্ধার পাত্র ছিলেন; দেব-সেবা ও অতিথিসেবার ভার এবং সংসারের কর্তৃত্ব দিয়া তাঁহাদিগকে সন্তুই ও কার্যানিরত রাখা হইত। ইহারা চুল কাটিয়া বিলাস ভূষা পরিত্যাগ করিয়া কঠোর প্রক্ষচর্য্য পালন করিতেন; তাঁহাদের অনেকেই রোগ হইলে ঔষধ থাইতেন না। সধ্বারা চুলে বেণী, লোটন প্রভৃতি নানাবিধ খোঁপা বাঁধিত; কন্ধণ, বলয়, হার ও নথ পরিত; পাঠান-আমলে চুড়ী, পৈছা, ঝুমকা, গোট প্রভৃতি গহনারও প্রবর্ত্তন হইতেছিল। পুরুষেরাও অনেকে লম্বা চুল রাখিত ও স্ত্রীগোকের মত বাঁধিয়া রাখিত। পাঠান-আমলে লাঠিয়ালেরা ''বাবরী'' (ক্রম পর্যান্ত দোচলামান) চুল রাখিত।

হাটে বাজারে রাজা বা জমিদারের লোক থাকিত; তাহারা রাজস্ব আদায় করিত; ওজনের বাটকারা পরীক্ষা করিত ও বিবাদ মিটাইত। চৌকিদারেরা পাহারা বা চৌকী দিত, সংবাদ লইয়া মণ্ডল বা পঞায়তের নিকট যাইত, এবং তাহাদের আজ্ঞা প্রজাদিগকে জানাইত। গ্রামের মধ্যে নাপিত ক্ষুর, ভাড় ও দর্পণাদি লইয়া কেরয়া বেড়াইত, আবশুক মত অন্ত্র-চিকিৎসাও করিত, বরের সহিত দর্পণাদি লইয়া বিবাহবাড়ী যাইত। নাপিতই ছিল গ্রামের গরুজ্বর ও গুপ্ত সংবাদের ভাণ্ডার, দে রামের কথা শ্রামকে বলিয়া বেশ আদর জমাইত এবং সময়ে সময়ে বিবাদ বাধাইয়া দিত। তহনীলের কার্যা প্রায় কায়স্থ দিগেরই একচেটিয়া ছিল; তাহারা হিসাব নিকাশে যেমন দক্ষ, শাসন দমনে তেমনি সমর্থ, পরের নিকট হইতে ছলে-বলে বা সম্ভাবে পয়সা আদায় করিতেও তেমনি মজবুত। পুরোহিতেরা যেমন যজমানের সাতপুরুষের মৃত্যুতিথি ঠিক রাথিয়া সময় মত পিতৃকার্য্য কায়মনোবাক্যে যজমানের বিপদ্ উদ্ধার করিয়া দিতেন। স্ত্রীলোকেরা চিড়া কুটিত, ধই ভাজিত এবং ধান ভানিত। মৃড়ি দে সময় ছিল না।


মধ্যবিত্ত গৃহস্থের ব্যবে কাঠের সিন্ধুকই প্রধান গৃহসজ্জা ছিল। উহার ভিতরে

জিনিসপত্র থাকিত, রাত্রিতে উহার উপর শুইবার বিছানা পড়িত। ইহা হড়কা ও প্রকাণ্ড কুলুপ দিয়া বন্ধ থাকিত। গরিব লোকে ঘরের মধ্যস্থলে গর্ত্ত কাটিয়া তাহার ভিতর জিনিষপত্র রাথিয়া উপরে বিছানা পাতিয়া গুইত। চোরের ভয় কম ছিল না। দাধারণ লোকে ভাত খাইবার জন্ত থালা অপেক্ষাও পাথরের পাত্র অধিক ব্যবহার করিত ; পিত্তলের ঘটা ও গাড়ু, কাঁদার বাটা ও ফেরুয়া ব্যবহৃত হইত: মুসলমানেরা বদনা ও আবথোরা প্রভৃতি চালাইয়াছিলেন। হিন্দুরা তাম্রনিন্মিত পূজার সাজ ব্যবহার করিতেন, কিন্তু তামার কোন পাত্র সাধারণ সাংসারিক কাজে লাগাইতেন না। মুদলমানেরা তামার বদনা তাঁহাদের জাতীয় চিচ্ছের মত করিয়া লইয়াছিলেন। যাহারা নৃতন মুদলমান ধর্মা লইতেন, তাঁহাদের বাড়ীর সম্মুথে একটি বদনা টাঙ্গান থাকিলে লোকে প্রকৃত ব্যাপার বুঝিত। মুদলমানেরা বড় বড় তামার ডেক কালাই করিয়া ব্যবহার করিতেন; হিন্দুদের ছিল পিত্তলের হাঁড়ি এবং বহু কার্য্যে বহুভাবে ব্যবহৃত বহুগুণা বা বগুণা। হুসেন সাহের গৌড়ে ধনীরা স্বর্ণপাত্তে পান ভোদ্ধন করিবার প্রবাদ থাকিলেও তেমন ভাগ্য দীন। যশোহর-খুলনার লোকের হইয়াছিল কি না সন্দেহ। কারণ, গ্রাম্য লোকের দিন স্বভাবজাত স্থলভ দ্রব্যে স্থার্থ চলিয়া বাইত বটে, কিন্তু তাঁহারা বাহিরের অর্থ আনিয়া অনর্থক বিলাদ-বিভ্রাটে সমৃদ্ধি-বৃদ্ধি করিবার অবসর পাইতেন না। পরবন্তী যুগে যথন বঙ্গের চক্ষু যশোরে নিপতিত হইয়াছিল, তথন যশোর গোড়ের যশঃ হরণ করিয়াছিল বলিয়া প্রমাণ আছে। ভগবানের আশার্কাদে, আমরা দ্বিতীয় খণ্ডে সে যুগের কথা বলিব।

পরিশিষ্ট।

(ক) স্থন্দরবনের বিনফীনগরী নলদী (৮৫ পুঃ)

স্থলরবনের পাঁচটী বিনষ্ট সহরের মধ্যে নলদী (Noldy) একটা। বর্তুমান চিবিবশ পরগণার দক্ষিণাংশে নল্যা নদীর তীরে যে নল্যা নামক স্থান আছে, উহাকেই আমরা নলদী বলিয়া অন্থমান করিয়াছি। ঠিক সেই স্থানটাই নলদী না হইতে পারে। কিন্তু উহার সন্নিকটে স্থলর বনের সেই অংশে যে প্রাচীন সহর নলদী ছিল তাহার সম্বদ্ধে কিছু প্রমাণ আছে। ১৮৭০ খৃষ্টাব্দে খ্ল্নার স্থপশুত রেণী সাহেব ফরাসী পণ্ডিত কার্টামবার্ডের নিকট হইতে তিনথানি প্রাচীন মানচিত্রের প্রতিলিপি পাইয়াছিলেন। উহার মধ্যে সদন (N. Sauson) কর্তৃক ১৬৫২ গ্রীষ্টাব্দে অন্ধিত মানচিত্রথানি তিনি বিনষ্ট নগরী বাঙ্গালার প্রাচীন বিবরণ দিবার জন্তু ১৮৭০ খৃষ্টাব্দের "মুখার্জ্জির ম্যাগাজিন" নামক বিখ্যাত পত্রিকায় প্রকাশিত করেন। উক্ত ম্যাপে নলদীর অবস্থান রহিয়াছে। নলদীর উত্তরে বিস্তীর্ণ বুড়ন প্রগণাও আছে। স্থতরাং আমরা বলিতে পারি ভাগীরথী ও মধুমতীর মোহনার মধ্যবর্ত্তী স্থল্ববনের কোনস্থানে বিস্তার্ণ দ্বীপে নলদী নামক প্রাচীন সহর ছিল। প্রসিদ্ধ বাঙ্গলা সহরও যেমন অকন্ধাৎ জলমধ্যে প্রোণিত হইয়াছিল,হয় ত নলদীর ভাগোও তক্ষপ হইয়াছে। এখানে স্পনের ম্যাপের প্রতিলিপি প্রদত্ত হইল।




Taken from the chart of the EMPIRE of the GRAND MOGULS, by N. SAUSON, 1652. Mookerjee's Magazine, New series, Vol. I P. 345.

পরিশিষ্ট।


(थ) वः भावली ।


```
শাণ্ডিলা গোত্রীয় কর্ণসেনী দেববংশ।
               স্থরদেব (কণ্টকদ্বীপ)
              দহুজারি
              হরিদেব ( পাও নগর )
          ৪। নারায়ণ
পুরন্দর
                     পুরুজিৎ
                     আদিত্য
      দেবেন্দ্র
      মহেন্দ্র (১৪১৪--১৭)
      मञ्जंभर्मन (मव किन्धियी), त्राज्यांनी कहुशा
১০। রমাবল্লভ দেব
      কুষ্ণবল্লভ দেব
      হরিবল্লভ দেব
     জয়দেব
      ক্যা ক্মলা = বলভদ বন্ধ
             পর্যানন্দ রায়।
```

```
১৫। প্রমানন্দ্রায়
                ১৬। জগদান<del>ন</del> রায়
                     কন্দর্পনারায়ণ রায় 🏻 বারভুঞার অস্তত্তম,
                196
                                             রাজধানী, মাধবপাশ।।
                    রামচন্দ্রায় [প্রতাপাদিত্যের জামাতা]
১৯। কীর্ত্তিনারায়ণ
                                  বাস্থদেব
                            ২০। প্রতাপনারায়ণ
                            ২১। প্রেমনারায়ণ
                            ২২। বিমলা = গৌরীচরণ মিত্র মজুম দার
                   ২৩। উদয়নারায়ণ
                                           রাজনারায়ণ (প্রতাপপুর)
                   ২৪। শিবনারায়ণ = তুর্গারাণী
                      লক্ষীনারায়ণ
                                    ২৫ ৷ জয়নারায়ণ
                      मुका ১१৮०
                                    ২৬। নৃসিংহনারায়ণ
                   २१। वीत्रनिःरु नातात्रण २१। (मटन्यनातात्रण
                   ২৮। যোগেক্তনারায়ণ
                          (জীবিত ৫০)
                               २৮। উপেন্দ্রনারায়ণ २৮। ভূপেন্দ্রনারায়ণ
                                     (জীবিত ৪৪)
                                                       (জীবিত ৪০)
```



গুড় বংশ। > 1 75 ২। ধীর গুড ৩। বিকর্ত্তন ৪। শারণ ে কুশধ্বজ ७। डीन्ख ৭। ভবদত্ত (বামন খা) ৮। কার্ত্তিক পণ্ডিত ৯। রঘুপতি আচার্য্য (কনকর্ণভী) কাশীপতি ১০। রুমাপতি **>> । मर्कानक** জানানন্দ প্রেমানন্দ অমৃতানন্দ সরস্বতী (मझामी) ১২। জন্মকৃষ্ণ ব্রহ্মচারী দক্ষিণানাথ রায় চৌধুরী ১৩। নাগ্রনাথ রায় (দক্ষিণ ডিহি) (দক্ষিণ ডিহি) রতিদেব > । ७करम्ब কামদেব জয়দেব (কামলউদ্দীন থা চৌধুরী) (জামালউদ্দীন থাঁ চৌধুরী) (প্রথম পীরআলি)





বর্ণান্তক্রমিক সূচী।

অ

অগ্রদ্বীপ—১০৪ ঈশ্বনীপুর—৪, ২৪, ৯৬

অতলম্পর্শ—৫২-৫৪, ৬২, ৬৩ অন্ধন্ত্রীপ—১৩৫,

অভয়ানগর---১২

অস্টাদশভুজা--১৬৪, ১৭৯

আ

আগরহাটী –২০০

আগ্রহাটী বিল---২৯

আগরার স্ত্প--১৭৯

আঠার বাঁকী—১৯,

আড়পাকাসিয়:-- ১৮, ২১

সাড়াই বাকী – ৭২

আতাই নদী-১৭, ১৯

আফরার থাল - ১৯

व्यामामि - ১৮, १०, ४५, ১७०-১७२, २৯५

আর্দনগর – ২৯৩

আলাইপুর-১৮

আলিনগর---১৮

আশাশুনি-৩

3

इंडेब्रान् क्रांब्रार->१९, ১१४, ১৮১, ১৮২, ३४५

ইছাপুর---২৩, ৪٠২

ইছামতী-->, ২২, ২৯

ইদিলপুরের তামশাসন—৬৬, ২০৮

উ

न्द्रे

উ**পদ্বীপ—১৩১**, ১৩২,

উপবন-১৪৬, ১৫०

উমেশচল বিদ্যারত্ব-- २८४

উलসी--२১

9

এলেনগালি-১৫

এড়্দীপ--১৩৫

ক

কঙ্কণ দীঘি - ৬৯

Φδ | **−** > 0

কচুরায় ৫

কচুয়া—১৮

কদমতলী — ২৩

কপালি জাতি-২০০

किंशिस मूनि-৮, ১৮, ১৫৪, ১৫৫, ১৯৮

কপোতাক্ষ—৯, ২১, ৩১

ক**মলপুর—**৭২

করমজলি - ৮০

কলারোয়া--ত

কৃষ্ব - ৬

কাঁকশিয়ালি -- ২৪

কাগজপুক্রিয়া-- ১৬৩, ৩৭০

কাচিপাতা – ২০ 황 থাজাহান আলি :---কাটীপাডা--৮, ১৮ কামার বাড়ী- ৭৫ উজির- ২৮৫, খাজাহানের জীবনের তিনটি काम्रङ (कोली ग्र-- २ ४७-२४३ প্রকৃতি - ৩২৭, খাঞ্জালি পীর-৩৩২ কালান মদজিদ-৪০৩ থালিফাডাবাৰ,--৩২১ খাঁলাহাৰ--২৮৭ कालाम थी---२৯७, २৯९ চট্টগ্রাম--- ০২৩, পর্গ্রাম --৩০০, ৩০১ পরিবার-৩২২, বারবাজার-২৯٠ कालिबा-७, ১२ বারাকপুর--৩১৪, বাস্থডী---৩১৩ कालिम्ही- ३८, २८ মালিক-উদ-শর্ক-- २৮৫, মুড্লী-- २৯১ কালীগঞ্জ-- ১৩ কালীগঙ্গা---১৬ মৃত্যু—৩৪০, যশেহির—২৯১ রামনগর—২৯৯, শুভরাড়া—৩১৩ কালীর খাল-- ৭৭ কালু-৩৭৬-৭, ৩৮০-১, ৩৮০, ৩৯২ সমাধি মন্দির--৩৩৩, ৩৩৪ সমাধি লিপি---৩৩৪-৩৩৭ কালুরায়— ৩৮৯ সমাধিস্থান--৩৩৽, সহচরগণ--৩২৽, ৩২১ কাশীয়াড়াঙ্গা—৭২ কিলকিলা-১৩১ থল্লনা--- ৭ গল্ল**নেখ**রী—৮ কুইপিটাভাজ-৮৩, ৮৪ কমার-১৬ খলনা: --আয় - ২, উপবিভাগ--৩ ক্মারগালি – ৮১ গৃহ--৩২, চাউল--৩৯ কমিরা--১৮ জনসাধারণ সভা---৩০, জল--৩৪ ক্সীর--১০১ জীবজন্ত-৩০, তরকারি-৩৮, ৩১ कलीन डांगान--२३२, २४०, ४०৯ নামের উৎপত্তি - ৬-৮, ১৮, পক্ষী--৩৭ কশদ্বীপ-১৩৫, ৪০৫, ৪১০ পরিমাণ---২, বায়--তত, কঞ্চদাস কবিরাজ - ৩১৪ বিল-২৮, বৃক্ষলতা-৩৭ কুফানন্দ-৩৭৪-৬ মংশ্য-৩৬, মৃত্তিকা-৩২ লোকসংখ্যা-২ 1:4951-20 খল্নায় পুকুর--৫০ কেশবপুর-৩, ২১ থোল পেটুয়া---২১ रेकवर्ड-- २०२, ४३३ কৈবৰ্ত্তরাজ---১৯৩ গ**季!--**>, ১২৫-১২> কোট চাঁদপুর--৩, ১৮ গঙ্গানন্দপুর—১৮

গঙ্গামূর্ত্তি — ২২৩

গঙ্গারিভি--১৬৯, ১৭১ টাদের অ'ড়ি—৮০ গৰ্জন-১১, ৪০৭ গণেশ---২২২ চান্দুডিয়া—১ গন্ধবৰিক--৪১১ চারঘাট--২৩ গরাণ--৩১, ৯১ গাইঘাটা -- ৩ চিত্রা--৩ ১৭ গাইবি আওয়াল-৫৪ চৌগাছা-১৮ গাঙ্গৰাই-১৪৯ চৌৰেডিয়া—২৩ ২৯ গাজী--৩৭৬-৩৮৩ গিলালতা -- ১৩ গুড় ল্যাড --- ২৪ জয়দ্বীপ---১৩৭ **会替用班**1-300 :03 জয়দিয়া— ৩৮৪ গুয়াতলি—১৮ জয়স্ত্রীপীর---২৯৭ র্ণোয়ো—৯১ জলেখন—२७, ১৭৯ (5) ts - > % গোলগাচ---১৩ গোৰরডাকা--২৩ জেন্দাপির—৩৩৮ গৌরী-৯, ১৫ জেম্বইট মিদনারি---৬৬ शोदी शाना-->, ১৯৯ গৌড---৫ ঝাপা---২৯ ঘ ঝিকরগাছা---৩ যোডাদীঘি--৩১৬ विनारेंगह---२, ० Б বিজ—২৬ চকগ্ৰী—৬৭ চক্ৰদীপ—১৩ঃ চণ্ডবৈজন্ব—২২৩ চতুৰ্জ ৰাহ্নদেব—২২২ होकि---२७ **চ**ल्ल**बी**श-->७१, ১७৯, ১৪०, २७१ होर्छ।-- १० চল্পাবতী-- ৩৭৯-০৮১, ৩৯০ টিপনার মাদিয়া--- ৭২ টাচডা--€ টপারিয়া--৮৩, ৮৬ **ठौमश्रील**⇒ऽ⊳

ठीनमन्त्रित-१. ४०, 833 চাকচন্দ্র মুখোপাধ্যার—৩৬০, ৩৯০

ক্র

জঙ্গলাভাষা---১১১-১১৯ জ্ঞানেন্দ্রনাথ রায়---২৭৩ জীব গোসামী--তেও, ৩৫৬, ৩৫৭

ह

টাইগার পয়েণ্ট-ee b. টিপির মোহনা-২৩

দাউদসাহ--- ৫

তুৰ্গাবতী-৩৮৪

টেকামসজিদ-৪০৩ দেউলপূজা---৪০৭-৮ টোডরমল--৬১, ৬২ দেবছট---২৩ দেবীবর ঘটক-৪০৯ দেশাবলী বিবৃত্তি-৪০৬ ठीक्त्रमोधि--७०३, ००२, ००० ঠাকুরবাব--৩১১, ৩১২ দোহা— ২৬ দৌলতপুর---১৮. ৩৮ ধ ডহর—২৭ ডাকরা—৮১ ধনপতি সদাগর--- ৭ ডাকাভিয়াবিল-- ২৯ ধক্ত পীতাম্বর—২৭১ ध्रमणांके--२०, ७३, ७१, १১ ভাপারা-৮০ ৮৫ ভাষারলী-৭১, ৪০২ ধোনলে—১০ ডিবাারোশ--৮৩ ন ডজারিক--৬৪ ড়মুরিয়া—৩, ২১ নগেশ্রনাপ বস্ত-১২৪, ১৩২, ১৮৯, ২১৭, ২৩৭, 285, 288, 299-298 5 নদীমাতৃক দেশ-১৪৫ চালীয়ান--৩৬ নবগঙ্গা-- ৩, ১৬ ত নবদ্বীপ---১৩৩-১৩৫ তালা--১৮ নবশাথ---২৪৯ ২৫০ তাহিরপুর-১৯ নয়াবাদ---৬ ভিওররাজ্-১৯৩, ৪১১ নরনিয়াবিল-২৯ जित्याहिनी->, >৮, २> নকডাক্সা—৪১০ তেবকাচী--৭১ নলদী---১৬ Ħ निनीकांख आंत्र क्षिती-->७, ১०७, ১०१, 330, 3331 R90 मक्तिनत्रोत्र-०৮৮, ७३२ **प्रशुक्तमस्मर्भव—२१७, २४**৯ নহাটা--১৬ দরাফ খাঁ--৩৭৯ राष्ट्रांह्रम--- २. ७. ১२ দাঁতভাঙ্গা---২৯ নাওভালা---২৯

> নাভারণ—২১ নারায়ণথালি—২০

निथिमनाथ द्राप्य-२७०, २१४, २१०, ७৯১	ব
(निल्मी-४०, ४०	বৰুদ্বীপ—১৪৬
নোবাট—১৯৩	বটীয়াঘাট।—৩
9	খড়দল—১৮
পক্ষী—১০৪-১০৫	বদর৩৭৬-৭, ৩৮৩
পয়প্রাম—৩০১	'বে" দ্বীপ—১২৩, ১৩১
পর্ঞাম কদ্বা—১২, ১৮	वनश्राम२, ७, ১२
পরেশনাথ বন্দ্যোপাধ্যায়—২১৮	ব্যুরার বিল—২৯
পশর১৯	ब्रिमान शान— ८८
পৃশুর্—৯.	वल्लामान२४६-२२४, २२७, २२८
পাগড়ী—৪১৬	वरमध्र—> व
প্যাকাকুলি—৮৩, ৮৪	दम ळপूब२७, २४, ७১
প্রতাপাদিত্য—৪, ২৪, ৬১, ৪০১	বস্স্তর্(য়—৬১, ৭৪
প্রতাপনগর—৭২	रञ् निया—১৮, ১৯
अक्लाम्स द्राय-२१३	বস্থর হাট—১০
প্ৰবালদ্বীপ-১৩৫	ব্ৰক্ষ্যাৰ–৬৩, ৮৩
পাইকগাছা—৩	.বা ওড় —২৬, ২৯
পাকাসিয়া—১ ¢	বাঁকড়া—৭•
পাতালভেদী রাজা—১৯৪, ৪১১	বায়াজিদ বোন্তান –৩২০-৪,
পানগুছি—১৫	বাঁশতলি—২৪
পাণিঘট—১৬৩, ১৬৭	বাইন্ ৯০
পাবলা विल२२	বাকলা—৬৫
পীরালি—৩০১, ৩০৩-৩১২, ৩২১, ৩৬১	ৰাগ আঁচড়া—২:
পীর গোরাচাঁদ—৭০	বাগনাথ মোহস্ত—১৯৭
পুণ্ড — ১৬৯	বাগেরহাট—৩, ১٠, ১২, ২০১, ২০৫
क	বাঘের পাড়া—৩
ফট্ কি— ১৭	বাছাড়—১৬৯
क ्र वी—२»२, २»४-२»७	वानकामा>७
ফিরিকি-৫১, ৬০	वानब-२४, २२
14.1414 _ 2.,	বারবাজার১৮, ১৮৩-১৮৭, ১৯৬

বারাসিয়া---১৫ বালাভা-- ৭০ বাবচিচথানা--৩৬৮ ্বাস্থালি বিল--২৯ বিক্রমাদিতা-- ৫, ৬২ বিছট—৭৩ विमानम कार्ड-२३२, २३० বিনোদরায়-৩৮৪ বিভারিজ-৫৫, ৬৩, ৬৫ वितिक्षित्र मन्दिन-७৯ বিষ্থালি-১৫ वृद्धार्थ।---२०२, २०४-२०१ বধহাটার গাঙ্গ-- ২১ বৃদ্ধদ্বীপ (বুঢ়ান)--১৩৬ বেঙনদী—২৯ বেডগোবিন্দপুর -- ২৯ বেদকাশী-৬৭, ৭৩, ৭৪, ২৯৬ বেতনা (বেত্রবতী)--২১ বেনাপোল-১২, ৩৬৯, ৩৬৭ ১ ৫-৫ 8 -- । কি তুচ देवक्रिक यश->8৮ दिका (कोनीश-२84, २85 বোধখানা--১৮, ৪১১ (वीक-२००-२७)

ভ

वोद्ध भुं थि -- २७२

ভূবনানন্দ—৩৭৪-৬, ভূবনেশরী—২২৯, ২৩০ ভৈরব—৩, ১৭, ৩১ ভোলা—১৫

য় মগ--৫৯ মগের মৃলুক—৬১ মটবাডী— ২০০ ম**ং**শ্র---১০২, ১০৩ মংস্তের নামে গ্রামের নাম-১৪৩, ১৪৪ मश्मखी-- २, ३८, ३८, २१ মধাদ্বীপ-১৩৫ मन**मा-- 8**३२, **8**38 মণিরামপুর--৩, ২১ মনোহর রার--- ৫ মরেলগঞ্জ--৩, ১২ মৰ্জ্জাল — ২২ মৃশুজিদকুড়—২০১-২০৪, ২৯৪-২৯৬ মহ**ন্মদপুর**—৩, ১২ মহাভারতীয় যুগ-->৫১-১৫০ মহেন্দ্ৰ-২৭৫ ম্রেশপুর---৩, ১৩৬, ১৩৭, ৪১১ মান্তরা— ২, ৩, ১৬ মতিলা--- ৫২, ৭০ মাথাভাকা--- ১৬ মাণিকদহ---১, ১৫ মাণিক দিয়া-- ৭৯ भागक--- ३४. ६२ মাল্যার খাল-১৭ মির্জানগর-২১

মৃক্টরাছ-৩৭৯-৮১, ৩৮৩-৮৮, ৩৯০-২ यशिक्षेत्र--->२१ মুকুন্দপুর--- ৭০ মুকুল্বাম রায়---৪০১ মুচিথালি -->৬ মুজদ্থালি-১১ मुख्ली--७, ३४, ३৯७ तप्रकलन-83· মুগ—১৬ মেহেরউদ্দীন পীর--২৯৭ মৈয়ার গাঙ্গ--- ১৯ द्रारमियां---२৯ মোরাদিয়া-- ৭৯ वासचारे--- ১ ্মোৱাহাট--৩ রাড় লি—১৮ মৌলিক কায়স্থ---২৬৬.২৭৩ য যুদ্রখালি---১৭ যমদৃত্তিকা--৩৮ রামপাল-ত ৮২ यम्मा-- २, २२, २८ यश्रद्धा देक -- ७७ রারগ্রাম - ১৬ রায় দীঘি-৬৯ যশোরেশ্বরী---৭১, ১৫৬-১৬৽, ২২৩ ब्रांच यज्ञण - ६२ যশেহর:-আয়--- ইপবিভাগ--- ২, ৩ গৃহ-৩২, চাউল-৩৯, জল-৩৪ হ্রীব জন্ত -- ৩০, তরকারী-- ৩৮,০৯

রেণ্ট্রনাহেক-৮, ৮৩

दिद्विक---≻8

যোগিনী বিল-২৯ যোগী (জনী)-১৫১, ২৫২, ৪০৫-৮ বোগেল দ্বীপ-১৩৬ ব त्रांशांत्रमान वत्मांशांशांत्र---२১०, २२०, २७०, २७७-१, २१४, २१৯, २४० ৺রাধেশ<u>চল্র শেঠ</u>—২৭৪ রামচন্র খাঁ—৩৬৪, ৩৯৬, ৩৭০-৪ রামনারায়ণ ঘোষ---২০ রামশন্বর দেন---১৪৬, ৩৮৪, ৩৮৭, ৩৯০ द्रोद्रमुक्छे - ७৮৪-६, ७৯०-১, রূপস্নাত্তন ঃ---২২১ हाक्वी-७६७, ७६६ পূর্বপরিচর-৩৫০, ৩৫১ প্রেমভাগ—৩৩৩, ৩৫৩ ফতেহাবাদে আগমন-৩৫২ সংসার ত্যাগ-৩৫৪ 新門, 川ード, २。 রূপ সাহা -- ২ •

নামের উৎপত্তি—৪-৬ পক্ষী—৩৭, পরিমাণ—২,

ৰাৰ -৩৩, বিল-২৮

লোক সংখ্যা হাস-৩০

याभिनीकांच बाह्यांपूरी->->

वाजानुत-२०

বৃক্ষনত -- ৩৮, মংস--৩৬ मृष्डिकां-७२, लाकगःशा--२

সত্ৰাজিৎপুর—>৬ সন্ধীপ—৬৪

সমতট-১৭৩, ১৭৬, ১৭৭, ১৭৯-১৮৩, ১৮৯, রেভারেও লং—৮৩ 522, 232, 23¢ র্যালুপ ফিচ —৬৫ मर्थ-->>-> ল সাহহাটী—৮২ लज्ज्व (ज्ञल---२२०, २२४, २२७, २८८, २८८ দাগর দাড়ী-- ১, ১৮ লক্ষীপাশা--১৬ দাতক্ষীরা-৩, ৩৬১ লহনা -- ৭ দাৰটা—২১ नांडेबानि-->৮, २১, ७४१, সারসা—৩ লাউডোব--৮১ সাৱীগান- 8১৪ লোহাগড়া--৩, ১৬ দালিখা—৩ সাহেব ধালি---২৪ * সাহেবগঞ্জ— ৬ भिकात--->०६, ১०७, ३३२ সিদ্ধিপাশা--> भिद्रानमञ्जू शुक्र व -- ६३, ६२ সীজর ফ্রেডরিক---৬০ **制製~830-8** ফুন্দরবন :--निःमा---२२ खवज्ञान-85, खावाप, वापा-8**७** শিবনাথ--৮ উত্থান ও পতন-৪৯-৬১, জঙ্গল--৪৭, ৪৮ শিবপুর (শিববাড়া)---২০৫, ২০৭-২১১ खनभावन-१७, विकावर्ख-१७०० শূকর— ১৮ নামের উৎপত্তি—৪১, ৪২ শ্লো--৮৭ পরিমাণ--85, সৌন্দর্যা--88, 8¢ रेमलकुषा--७, ३२७, २७२ সুন্দরী গাছ--৩১, ৮৮-৯০ শ্বশান ঘাটের থাল-->> ञूदर्गविनिक--२€०, २६० ঞ্জীপুর--২৩ হরেন্দ্রনাথ দে--১০৮-১০৯ ষ পূৰ্বাদ্বীপ-১৩৬ বাটগত্মজ-৩১৬-৩২• र्या दोडा->७७, ३७१, ३३३, ३६० म দেকদপিয়ার-->> সেখের টেক— १৬, १৮ मगद्रष्टील---७२, ७१, ७०, ३००, ३०० সেখহাটী--->২. ১৮, 45 সত্যপীর—৪০৯

७२, २७४, २१२;

সেৰহাটী—১২

(मत्नद्र रोक्नोत», ১৮, ७১e	र्वस्र - ३४१
সোনাই নদী – ৩৬১	হাকিমপুর—৩৬১
স্থাপত্য৪•১-৪	रोकद>०२
	হাড়োর ৭ •
ह	হাতিরা গড়— ৬ >
	शंत्रमण-७०
হরপ্রসাদ শাস্ত্রী—২০১, ২৭৯, ৩৮৮	राम्नावान-२६
হরিচালী—৪১১	হীরা—৩৬৪-৭
र्दियोणि १२	হীরার জাঙ্গাল—৩৬৭
হরিণ—৯৬-৯৮	<u>≨</u> @क —⊬ऽ
হরিণ ঘাটা—৩১	इत्तन मार् :—ड∙२, ८১२
र्श्विमांगः —	একঝানা हीवशीड़ा७८१, ७৪৮,
পিতামাতা—৩৬৽, বুড়নেজন্ম—৩৫٠	ধালিফাতাবাদের মুদ্রা—৩৪৬, ৩৪৭,
বেনাপোলে বাস – ৩৬২.	টামপুরে বাস—৩৪৩, পরিচয়—৩৪ ২
জপ-যজ্ঞ—৩৬২-৩,	राज चा शमन७४२, मन्खिन७४०,
হীরার পরীক্ষা 🗕 ৩৬৫.৬,	রামচল্রথায়ের আশ্রয়—৩৪৩
হরিদাসপুর—৩৬৭-৮,	কুবৃদ্ধিরা র—৩ ৪৮,
সপ্তথাম, শান্তিপুর, ফুলিয়া—৩৬৮	<u> হৈছেল গঞ্জ—৭</u> ০

হেস্তাল—১১ হোড়চৌধুরী—৪১০

কাজির অত্যাচার—৩১১

চৈতক্ত মিলন—৩৭০, ৪০৯

যশোহর-খুল্নার ইতিহাস

দ্বিতীয় খণ্ড—মোগল ও ইংরাজ রাজ্ব।

(দঙ্গে দঙ্গে যন্ত্রন্থ হইতেছে)

গ্রন্থকারের অন্যান্য পুস্তক।

উচ্ছ্বাস—ধর্মতত্ত্ববিষয়ক প্রবন্ধাবলী। ভাবের গান্তীর্য্য, ভাষার লালিতা এবং রচনার ওল্পতিতায় অতুলনীয়। পড়িতে পড়িতে পাঠককে ভাবে অকুপ্রাণিত, চমকে রোমাঞ্চিত ও আবেগে আত্মহার। ইইতে ইইবে। কলেজের ছাত্রগণের বাঙ্গালাভাষা শিথিবার উপযুক্ত পুস্তক। আত্মীয় স্বজনকে উপহার দিবার স্থন্দর গ্রন্থ। উৎকৃষ্ট কাগজে ছাপা এবং স্বর্ণাক্ষরে স্থন্দর বাঁধাই। মৃশ্য ৮০ আনা মাত্র।

ধন্মপদ — পালিভাষার লিখিত "ধন্মপদ" নামক প্রাসিদ্ধ বৌদ্ধগ্রন্থের আক্ষরিক পদ্যান্থবাদ। ধন্মপদকে বৌদ্ধগীতা বলা যাইতে পারে। বৌদ্ধশান্ত্রের স্ত্রেপিটকের যাবতীয় ধর্মনীতি এই প্রন্থে সংগৃহীত হয়। এরপ অসংখ্য উদারনীতিমালার একত্র সমাবেশ কুরাপি দৃষ্ট হয় না। এই নীতিসমূহ সার্ব্ধজনীন; উহা সকল ধর্মের সকল লোকের পাঠ্য। বঙ্গদেশীয় সর্ব্ধশ্রেণীর পাঠকবর্গের স্থবিধার জন্ম এই অপূর্ব্ধগ্রন্থ সহজ ও সরল কবিতাকারে ভাষান্তরিত হইয়াছে। প্রারম্ভে গ্রন্থকার একটি স্থনীর্য ভূমিকায় ধন্মপদের সঙ্কলন, প্রচার ও দেশ দেশান্তরে প্রতিপত্তিসাভের স্থন্দর ইতিহাস প্রদান করিয়াছেন।

পালি ও তিববতীয় প্রভৃতি ভাষার ও বৌদ্ধধর্মশাস্ত্রের অন্বিতীয় পণ্ডিত মহামহোপাধ্যায় শ্রীযুক্ত দতীশচন্দ্র বিদ্যাভূষণ এম, এ মহোদয় স্বয়ং একটি জ্ঞানগর্ভ উপক্রমণিকা লিখিয়া এই পুস্তকের গৌরব বৃদ্ধি করিয়াছেন। পালি বা সংস্কৃত না জানিলেও দকলেই এই পুস্তকে বৃদ্ধিতে ও নীতিমালা কণ্ঠস্থ করিতে পারিবেন। ছাপা ও কাগজ উৎকৃষ্ট। কাপড়ে বাধা ও সোণার জলে লেখা, মৃশ্য । ৮০ ছয় আনা মাত্র।

প্রতাপিসিংহ—মিবারাধিপতি । মহারাণা প্রতাপিসিংহের জীবনরত। স্থলের ছাত্রগণের পাঠের উপযুক্ত। ভাষার গুণে ইতিহাসও কিরূপে সরস স্থলাঠ্য হয়, ইহাতে তাহা দেখান হইয়াছে। মহারাণার চিত্র-সংবলিত। মূল্য ৮/• মাত্র।

"প্রতাপসিংহের" হিন্দী সংস্করণ প্রকাশিত হইয়াছে। মূল্য।√০ আনা মাত্র। "প্রতাপসিংহ" সম্বন্ধে কয়েকটি অভিমত।

BENGALEE—The author has narrated the incidents in language which is dignified as his theme. The book contains a neatly executed portrait and ought to find an extensive sale.

A. B. PATRIKA—Though the life of Pratap Singha itself is an attractive subject, it has however received additional beauties at the master hands of Satish Babu. We hope the life of Pratap Singha will he extensively read in this country to form an object lesson for the already fallen race.

রায় কালীপ্রসন্ধ ঘোষ বাহাতুর—প্রতাপদিংহের জীবনচরিত ভারতবাদী হিন্দুর প্রাণপ্রির বস্তু। মিত্রমহাশর আজ দেই বস্তুকে স্থচারু চরিতাখ্যানরূপে সর্ব্বজনপাঠ্য করিয়া দেশের ক্বতঞ্জতাভাজন হইয়াছেন।

কবিচূড়ামণি রবীন্দ্রনাথ—"ইতিহাস-বিশ্রুত এক একটি প্রতিভাশালী ব্যক্তির জীবনী অবলম্বন করিয়া তাঁহাদের মহবের আলোকে উদ্ভাসিত
ইতিহাসকে ছেলেদের মনে মুদ্রিত করিয়া দিলে, তবেই ইতিহাস পাঠ ছাত্রদের
পক্ষে আনন্দজনক ও সার্থক হয়। আপনার প্রকাশিত "ভারত প্রতিভা" গ্রাহাবলী সেই উদ্দেশ্ত সাধন করিয়া আপনার সাধু চেষ্টাকে সফল করিবে, এই আমি
আশা করিতেছি।"

শ্রীযুক্ত রামেন্দ্রসন্দর ত্রিবেদী—"এই ক্ষুত্র পুত্তকথানি প্রত্যেক্ষ বাদকের হস্তে থাকা উচিত।"

শ্রীযুক্ত নিথিলনাথ রায়—''এই গ্রন্থ আমরা বঙ্গের প্রত্যেক ছাত্রের হল্তে দেখিতে ইচ্ছা করি।"

পণ্ডিত স্থারাম গণেশদেউস্কর—"প্রকথানি সময়োপযোগী হইয়াছে। বলসাহিত্যে এ প্রতকের অভাব ছিল। মহাশয় তাহা পূর্ব করিয়া আমাদের ক্রতঞ্জতাভান্দন হইয়াছেন।"

বঙ্গবাসী—"গরচ্ছলে লিখিত প্রতাপের জীবনী গড়িতে বেশ মিষ্ট ক্রমন্ত্র।"

বস্তমতী—"ছেলেদের পড়াইতে হইলে এই প্রকার পৃত্তকই পড়াইতে হর।"

হিতবাদী — "সংক্ষেপে সরল ভাবে বিবৃত ঈদৃশ চরিতাবলী শিশুদিগের চরিত্রগঠনে ও ভাষার পৃষ্টিসাধনে যথেষ্ট সহায়তা করিবে।"

চক্রবর্ত্তী চাটার্জি এণ্ড কোং । ই ডেপ্টেস্ লাইব্রেরী, ১৫ নং কলেজ স্বোমার, কলিকাতা।